র বি - র শ্মি

দ্বিতীয় খণ্ড

কয়েকখানি সমালোচনা গ্রন্থ

শরৎচন্দ্র ৪৲

ডাঃ সুবোধ সেনগুপ্ত

রবীন্দ্র সাহিত্যের পরিচয় ৩।০

ডাঃ শচীন সেন

সীতা ও সরমা ২৲

মধুসূদন-কাব্য-পরিচয় ২৲

দীননাথ সান্যাল

কাব্যসাহিত্য মাইকেল মধুসূদন ৩৲

বাঙ্গালা কাব্যসাহিত্যের কথা (যন্ত্রস্থ)

শ্রীকনক বন্দ্যোপাধ্যায়

প্রকাশক

এ. মুখার্জ্জি এ্যাণ্ড কোং

২, কলেজ স্কোয়ার : কলিকাতা

রবি-রশ্মি

পশ্চিম ভাগে

[ক্ষণিকা হইতে তাসের দেশ পর্যন্ত]

কলিকাতা ও ঢাকা ইউনিভার্সিটির উপাধ্যায়,
বিবিধ-গ্রন্থ-প্রণেতা
চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, এম্ এ
কর্তৃক বিশ্লেষিত

এ, মুখার্জী এণ্ড কোং :: কলিকাতা

প্রকাশক
শ্রীঅমিয়রঞ্জন মুখোপাধ্যায়
১, কলেজ স্কোয়ার :: কলিকাতা

প্রচ্ছদ পট
ও. সি. গাঙ্গুলী

দ্বিতীয় খণ্ড

তৃতীয় সংস্করণ

মূল্য সাত টাকা

মুদ্রাকর—শ্রীনগেন্দ্রনাথ হাজরা
বোস প্রেস
৩০, ব্রজনাথ মিত্র লেন, কলিকাতা

দ্বিতীয় খণ্ডের ভূমিকা

রবি-রশ্মির দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইল। কিন্তু আক্ষেপের বিষয় এই যে গ্রন্থকার ইহা দেখিয়া যাইতে পারেন নাই। বিগত ১লা পৌষ তিনি সাহিত্য-সেবার মধ্যেই নশ্বর জগৎ হইতে বিদায় লইয়াছেন। প্রথম খণ্ডের ভূমিকায় তিনি বলিয়াছিলেন, "সকলের চেষ্টা ও সাহায্য সত্ত্বেও পাঁচ বৎসরে মাত্র অর্ধেক বই ছাপা হইল। বাকী অর্ধেক আমার জীবদ্দশায় ছাপা হইবে কি না বিধাতাই জানেন।" কে জানিত যে তাঁহার সেই কথা এমন নির্মম ভাবে সত্য হইবে?

চারুচন্দ্রের ও আমার সাহিত্য-জীবন প্রায় সমকালেই আরব্ধ হইয়াছিল। আজ তাঁহার পুত্রের অনুরোধে এই দ্বিতীয় খণ্ডের ভূমিকা লিখিবার ভার গ্রহণ করিয়াছি অত্যন্ত দুঃখের সহিত। আমার বলিবার বিশেষ কিছুই নাই। বন্ধুবরের অক্লান্ত সাধনার ফল তাঁহার অবর্তমানে শ্রদ্ধার সহিত সাহিত্যামোদীর করে তুলিয়া দিবার উপলক্ষ্যে দুই-একটি কথা মাত্র বলিব।

রবি-রশ্মি Browning Encyclopaedia শ্রেণীর গ্রন্থ। রবীন্দ্রনাথের প্রায় ৬০ খানি কাব্য ও গীতিনাট্য এবং ৬৬০টি কবিতার ব্যাখ্যা ইহাতে আছে। কবির প্রায় সকল বিখ্যাত কাব্য ও কবিতার ব্যাখ্যা ও বিশ্লেষণ রবি-রশ্মিতে হইয়াছে। রবীন্দ্রনাথের কাব্য বঙ্গসাহিত্যের এক মূল্যবান্ সম্পদ্। এত বিভিন্ন ক্ষেত্রে কবি তাঁহার প্রতিভা নিয়োগ করিয়াছেন যে রবীন্দ্রনাথকে ভালরূপে জানিতে হইলে তাঁহার কাব্য ও ভাবধারার উৎস অনুসন্ধান করা আবশ্যক। তাঁহার কাব্য ও কবিতার পারম্পর্য—তাঁহার চিত্ত-বিকাশের স্তরগুলি বুঝিবার পক্ষে রবি-রশ্মি অনেক সহায়তা করিবে বলিয়া আমি বিশ্বাস করি। চারুচন্দ্র যে ভাবে রবীন্দ্র-সাহিত্যের বিশ্লেষণ, রবীন্দ্র-কাব্যের আস্বাদন করিয়াছেন, তাহা তাঁহার অনন্যসাধারণ কাব্যানুরাগের ফল। তিনি একাধারে কবি, রসজ্ঞ ও সমালোচক ছিলেন। কাজেই রবীন্দ্র-কাব্য-প্রতিভা বুঝিবার এবং বুঝাইবার যোগ্যতা তাঁহার যেমন ছিল তেমন আর অধিক লোকের নাই। তিনি যে প্রণালীতে এই দুরূহ কার্য সম্পন্ন করিয়াছেন, তাহা অন্য অনেকের পক্ষে পথপ্রদর্শক হইবে। রবীন্দ্রনাথের জীবনের সহিত

ঘনিষ্ঠ পরিচয় থাকায় তাঁহার আরও সুযোগ হইয়াছিল কবির নিকট হইতে অনেক বিষয় যাচাই করিয়া লইবার। কাজেই রবি-রশ্মিকে নানা দিক্ হইতে প্রামাণিক মনে করা বোধ হয় অন্যায় হইবে না; কারণ আমরা জানি যে গ্রন্থকার যে সুযোগ লাভ করিয়াছিলেন, অপরের পক্ষে তাহা সুলভ নহে। চারুচন্দ্র বিশ্বস্ত বন্ধু, সহযোগী সাহিত্য-সেবী এবং অনুরাগী ভক্ত-হিসাবে রবীন্দ্রনাথের সাহচর্য লাভ করিতে পারিয়াছিলেন।।

রবীন্দ্রনাথের সাহচর্য ব্যতীতও তিনি বহু সাহিত্যিকের রচনা হইতে তাঁহার গ্রন্থের মাল-মশলা সংগ্রহ করিয়াছিলেন। তিনি একস্থলে বলিয়াছেন :—

"রবীন্দ্রনাথের কবিতার ব্যাখ্যা বহু লোকে বহু বিভিন্ন ভাবে করিয়াছেন। আমি তাঁহাদেরই পদাঙ্ক অনুসরণ করিয়া সকলের উক্তির সার-সংগ্রহ করিয়াছি এবং অনেক স্থলে কবির নিজের অভিমতের দ্বারা যাচাই করিয়া বিশেষ শ্রদ্ধা ও বিনয়ের সহিত আমার বক্তব্য বলিতে চেষ্টা করিয়াছি।"

কোনও কোনও কবিতার ব্যাখ্যায় তাঁহার সহিত মতভেদ হওয়া বিচিত্র নহে। এমন কি কবির সহিতও তাঁহার কবিতার ব্যাখ্যা লইয়া মতভেদ লক্ষ্য করিয়াছি। কিন্তু ইহা অসংকোচে বলিতে পারি যে রবীন্দ্র-কাব্য-প্রতিভার অনুশীলনে চারুচন্দ্র যে নিরলস সাধনার পরিচয় দিয়াছেন, তাহা সাহিত্যের ইতিহাস হইতে অচিরকালে মুছিয়া যাইবে না।

পরিশেষে বলা আবশ্যক যে গ্রন্থকার রবি-রশ্মির পাণ্ডুলিপি সম্পূর্ণ করিয়া গিয়াছিলেন। পরিশিষ্টের আলোচনাগুলি তাঁহার সুযোগ্য পুত্র শ্রীমান্ কনক বন্দ্যোপাধ্যায়, এম্. এ. কর্ত্তৃক সংগৃহীত হইয়া গ্রন্থশেষে মুদ্রিত হইয়াছে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়
১২ বৈশাখ ১৩৪৬

শ্রীখগেন্দ্রনাথ মিত্র

রবি-রশ্মি :: বর্ণচ্ছত্র

রবি-রশ্মি

ক্ষণিকা

রবীন্দ্রনাথের 'ক্ষণিকা' কাব্যের কবিতাগুলি শিলাইদহে রচিত। কাব্যখানি বাংলা ১৩০৭ সালে প্রকাশিত হইয়াছিল।

সন্ধ্যাসঙ্গীতে কবি নিজের প্রতিভার স্বরূপের সাক্ষাৎ পাইয়াছিলেন। ক্ষণিকার কবি তাঁহার নিজস্ব ভাষার সন্ধান পাইলেন, ইহার পূর্বে তিনি যেন অপরের নিকটে ধার-করা কৃত্রিম ভাষায় মনের ভাব প্রকাশ করিতেছিলেন। মানসী কাব্যে কবি প্রথম যুক্তাক্ষরকে দুই মাত্রা গণনা করিতে আরম্ভ করেন। ক্ষণিকাতে তিনি প্রথম হসন্তবহুল চল্‌তি কথার সৌন্দর্য ও ধ্বনিমাধুর্য ধরিতে পারিলেন। লিরিকের যাহা বাহ্য উপাদান—ছন্দ, সহজ ভাষা ও অলঙ্কার—তাহা এই কাব্যের কবিতাগুলির মধ্যে বিচিত্ররূপে ব্যবহৃত হইয়াছে। ইহার ছন্দে ভাবে প্রকাশভঙ্গীতে কবির স্বচ্ছন্দ স্বাধীন অবলীলাক্রম ঝলমল করিতেছে, সর্বত্র আনন্দের লঘু নৃত্য টলমল করিতেছে। নিছক গীতি-কবিতা-হিসাবে 'ক্ষণিকা' কবির এক অনবদ্য অপূর্ব সৃষ্টি, কবির অন্যতম শ্রেষ্ঠ সৃষ্টি।

রবীন্দ্রনাথ ক্রমাগত নূতন নূতন ধরণের, নূতন নূতন প্রকাশভঙ্গীতে কাব্য রচনা করিয়া আসিয়াছেন; এক একখানি কাব্য যেন তাঁহার কাব্যপ্রতিভার প্রকাশভঙ্গিমার এক একটি নূতন পর্যায়। তাঁহার কাব্যধারায় বিবর্তন অধিক। একথা কবি নিজেও স্বীকার করিয়াছেন—

"আজকাল যে-সকল কবিতা লিখ্‌ছি, তা 'ছবি ও গান' থেকে এত তফাৎ যে আমি ভাবি আমার লেখার আর কোথাও পরিণতি হচ্ছে কি না, ক্রমাগতই পরিবর্তন চলেছে। আমি বেশ অনুভব করতে পারছি, আমি যেন আর-একটা অপরিবর্তনের সন্ধিস্থলে আসন্ন অবস্থায় দাঁড়িয়ে আছি। এরকম আর কতকাল চল্‌বে তাই ভাবি।......অবিশ্রাম পরিবর্তন দেখ্‌লে ভয় হয়!......"

—সবুজপত্র ১৩২৪, ২৪৬-৪৭ পৃষ্ঠা। 'পূরবী' কাব্যের 'আহ্বান' কবিতার ব্যাখ্যায় এই পত্র দ্রষ্টব্য।

এই ক্ষণিকা কবির কাব্যরচনার ভঙ্গীর একটি শ্রেষ্ঠ ও মনোজ্ঞ পরিবর্তন।

ক্ষণিকায় কবি জীবনের প্রিয় বস্তু হারাইয়া যাওয়ার ও অভিলষিত বস্তু না পাওয়ার ক্ষতি ও ব্যর্থতাকে হাসি-তামাসা দ্বারা ঠাট্টা করিয়া উড়াইয়া দিতে চাহিয়াছেন। হৃদয়ের দারুণ বেদনাকেও তিনি হাসির আলোক দিয়া বরণ করিয়া লইতে প্রয়াস পাইয়াছেন এই ক্ষণিকার কবিতাগুলির মধ্যে। কবি নিজেই তাঁহার মানসী জীবনদেবতাকে সম্বোধন করিয়া বলিয়াছেন—

> ঠাট্টা ক'রে ওড়াই সখি
> নিজের কথাটাই।
> হাল্কা তুমি করো পাছে
> হাল্কা করি তাই
> আপন ব্যথাটাই।

চটুল ভঙ্গীতে বলা সরল কথাগুলিও একটি গভীর বেদনাময় অনুভূতি ও অনুভাব হইতে উৎসারিত। এখানে ওমর খৈয়ামের সহিত রবীন্দ্রনাথের তুলনা করা যাইতে পারে। সত্যকে সব বাহুল্যের আবর্জনা হইতে মুক্ত করিয়া সহজরূপে প্রকাশ করিবার যে ক্ষমতার আভাস কবি কণিকায় দিয়াছিলেন, সেই ক্ষমতারই কবিত্বময় সৃষ্টি এই ক্ষণিকা। কবি জীবনকে সহজভাবে সত্যরূপে গ্রহণ করিতে উৎসুক—

> মনেরে আজ কহ যে,
> ভালো মন্দ যাহাই আসুক
> সত্যেরে লও সহজে।—বোঝাপড়া।

তাঁহার "চিত্ত-দুয়ার মুক্ত দেখে সাধু-বুদ্ধি বহির্গতা"। এই কবিই পরে ফাল্গুনীতে বলিয়াছেন—"ভালোমানুষ নইরে মোরা ভালোমানুষ নই!" কবির বয়স তারুণ্য-ঘেঁসা হইলেও, "পাড়ার যত ছেলে এবং বুড়ো, সবার আমি এক-বয়সী জেনো।"

উদ্বোধন

(১৩০৬)

যে দিন হইতে মানুষ ভাবিতে শিখিয়াছে, সেই দিন হইতে আজ পর্যন্ত সে একটি কঠিন সমস্যার সমাধান করিতে চেষ্টা করিতেছে, কিন্তু পারিয়া উঠিতেছে না। সেই সমস্যাটি হইতেছে—এই বিশাল জগতে তাহার স্থান কোথায়, তাহার জীবনের উদ্দেশ্য কি, এবং তাহা কেই বা বলিয়া দিবে?

আর প্রতি মুহূর্তে যে বেদনার ভার চারিদিক হইতে আসিয়া তাহাকে ঘিরিয়া ধরিতেছে, তাহার তত্ত্বই বা সে কোথায় খুঁজিয়া পাইবে? এই পৃথিবীকে মানুষের মনে হয় বড় দুঃখময়, এখানে প্রতিক্ষণে বহুদিনের সযত্ন-পোষিত আশার সূত্র ছিঁড়িয়া যাওয়ার আশঙ্কা, প্রতিপদে মৃত্যু ও বিচ্ছেদের হাহাকার। ইহার মাঝখানে পড়িয়া মানুষ পথ খুঁজিয়া পায় না।

কিন্তু জীবনের এই বিমর্ষ মূর্তি রবীন্দ্রনাথের ভালো লাগে না। উপনিষদের ঋষিরা বলিয়া গিয়াছেন যে, জীবনের উৎপত্তি স্থিতি ও লয় আনন্দেই হইয়া থাকে। রবীন্দ্রনাথ সেই চিরন্তন আনন্দ-মন্ত্রের উপাসক। দুঃখ-বেদনাকে, নিরাশার আঘাতকে জগতের একমাত্র স্বরূপ বলিয়া মানিতে তাঁহার মন চায় না। তাঁহার মনে হয়, এ দুঃখ যেন সংসারের উপরের কঠিন শুষ্ক খোলা মাত্র; উহার দিকে বিন্দুমাত্র মনোযোগের অপব্যয় না করিয়া, তাহার অন্তস্তলে যে গোপন আনন্দের উৎস আছে তাহারই রসাস্বাদন করিবার জন্য তিনি ব্যগ্র হইয়া উঠিয়াছেন। ওয়ার্ড্‌সওয়ার্থ যেমন তাঁহার প্রিয়াকে a traveller between life and death দেখিয়াছিলেন, এবং সংসারের কোনো কিছু আবিলতা তাঁহাকে স্পর্শ করে নাই, ও করিতে পারে না বলিয়া তাঁহাকে অভিনন্দন করিয়াছিলেন; রবীন্দ্রনাথও তেমনই এমন একটি মুক্ত সুন্দর জীবন পাইতে চাহিতেছেন, যাহা পৃথিবীর দুঃখ দৈন্য নিরাশা নিষ্ফলতার দ্বারা একটুকুও অভিভূত না হইয়া পৃথিবীর সমস্ত আনন্দরস নিঃশেষে পান করিয়া যাইবে; অমল কমল যেমন জলের কোলে সহজ আনন্দে ফুটিয়া উঠে, পঙ্কজ হইয়াও সে যেমন পঙ্কিলতাকে পরিহার করিয়া শোভায় সুষমায় ঢলঢল করে, তেমনি করিয়া এই অপরূপ মানব-জীবন-সংসারের মধ্যে কবির জীবনও অনাসক্তভাবে কাটিয়া যাইবে। জীবনের কোথাও এতটুকু বাঁধন পড়িবে না যে, শেষের দিনে ডাক আসিলে সাড়া দিতে তাঁহার কোনরূপ কষ্ট ও দ্বিধা হইতে পারে। সেই জন্য নবীন-জীবনের উদ্বোধন সঙ্গীত কবির কণ্ঠে উদ্‌ঘোষিত হইতেছে। যাহা যাইবার তাহাকে কেহ কোনোদিন ধরিয়া রাখিতে পারে না। যাহা পাইবার নহে, তাহার জন্য সমস্ত জগৎ খুঁজিয়া ফিরিলেও কোনো লাভ নাই। কিন্তু মানুষ চিরদিন এই সহজ সরল সত্যকে উপেক্ষা করিয়া আসিতেছে। স্মৃতির সঞ্চয়ে ও নিরাশ হৃদয়ের দীর্ঘশ্বাসে তাহার চারিদিকে যে দুঃখের শৃঙ্খল জড়াইয়া ধরিতেছে, তাহা সে নিজেই সৃষ্টি করিতেছে। সেই শৃঙ্খল ছিন্ন

করিতে না পারিলে তাহার ভাগ্যে আনন্দ লাভ করা অসম্ভব। অর্থ যশ মান প্রভৃতি সব ভুলিয়া মানুষ যদি সৌন্দর্য-পিপাসু হইয়া মুগ্ধ-হৃদয়ে ভ্রমরের মতো বিশাল জগতের মর্মকোষে বাস করিতে পারে এবং কল্যাণময় সৌন্দর্য-শতদলের শোভা দেখিতে ও রস আস্বাদন করিতে শিখে, তবে তাহার জীবন আনন্দে ঝলমল অমল সুন্দর হইবে, সামান্য দুঃখ-কালিমা তাহাকে স্পর্শ করিতে পারিবে না।

তাই কবি বলিতেছেন যে, অতীতের প্রতি কোনো মমতা না করিয়া ও ভবিষ্যতের কোনো আশা না রাখিয়া কেবল বর্তমানকেই আমাদের কর্মে প্রয়োগ করিতে হইবে। মানুষের জীবন তো কতকগুলি বর্তমান মুহূর্তের সমষ্টি। অতএব বর্তমানকে সার্থক করিয়া তোলাই হইতেছে জীবনের সাধনা। বর্তমানই জীবনের একমাত্র লক্ষ্য। অতীত তো গত; তাহার কথা স্মরণ করিয়া আমাদের ক্ষণস্থায়ী বর্তমানকে বিনষ্ট করা উচিত নয়। আবার ভবিষ্যৎ তো অনাগত; তাহার সম্বন্ধে আমাদের কোন অভিজ্ঞতা নাই, তাহার সহিত আমাদের কোন সম্পর্ক নাও ঘটিতে পারে। অতএব বর্তমানই আমাদের একমাত্র উপাস্য। অতীত তো অতীত, মাথা কুটিলেও তাহাকে তো আর পাওয়া যাইবে না; গতস্য শোচনা নাস্তি। আবার পরকালের ভরসায় সকল সুখসম্ভোগ ত্যাগ করিয়া এ জীবনকে বিফল করিয়াও কোনো লাভ নাই। আনন্দের কোনো কারণ না থাকিলেও সর্বদা কেবল আনন্দেই মগ্ন থাকিতে হইবে। সামান্য কয়েক দিনের জন্য আমরা ইহজগতে আসিয়াছি। সুতরাং বিরস মুখে বসিয়া থাকিয়া জীবনকে পণ্ড না করিয়া এই জীবনের সকল প্রকার সুখ আস্বাদ করা বাঞ্ছনীয়।

কবি বলিতেছেন যে, অনন্ত মহাকাল যেমন চিরদিন অতীতকে বহন করিয়া বেড়ায় না, অতীতকে ক্রমাগত পিছনে ফেলিয়া কেবল বর্তমানকে বুকে করিয়া অনবরত ভবিষ্যতের দিকে অগ্রসর হয়, সেইরূপ আমাদেরও অতীতের অনুশোচনা পরিত্যাগ করিয়া, ভবিষ্যতের প্রত্যাশা না রাখিয়া, কেবল যে ক্ষণিক-বর্তমান আমাদের সম্মুখে সমুপস্থিত তাহারই প্রত্যেক ক্ষণটিকে আমাদের কর্মের দ্বারা সফল ও সার্থক করিয়া তুলিতে হইবে। অতীতকে টানিয়া আনিয়া বর্তমানের জায়গা জুড়িয়া কোনো লাভ নাই। যে ক্ষণিক-বর্তমান আমাদের সম্মুখে সমুপস্থিত তাহাকে বরণ করিয়া লও, তাহাকে লইয়াই আজিকার ক্ষণিক-জীবনের আনন্দগান গাও, ক্ষণিক-দিনের উৎসবে মগ্ন হও। গৃহকোণে

বসিয়া ক্ষণিক বর্তমানকে অতীতের চিন্তায় ভাবনায় ভারাক্রান্ত করিয়া জীবনকে মৃত্যুপুরী করিয়া তুলিয়ো না। জীবনের বর্তমানকে যদি আনন্দ-উৎসবে সার্থক করিয়া তুলিতে পারো, তাহা হইলে তোমার অতীত আনন্দময় হইবে এবং ভবিষ্যৎও আনন্দিত হইবে। তাহা হইলে এই বর্তমান ক্ষণগুলি সারা-জীবনের কণ্ঠে আনন্দের মালা হইয়া দুলিবে।

কবি উদ্দেশ্যমূলক কর্ম হইতে বিরত হইয়া প্রকৃতির সৌন্দর্যের সঙ্গে যোগে আনন্দের আবেগে পাগল হইয়া উঠিতে চাহিতেছেন। তিনি বলিতেছেন— বহ্নিমুখ পতঙ্গের মতো জগতে সকল আনন্দে ঝাঁপ দিয়া পড়িতে হইবে।

"সকল সংস্কার ও প্রথার বন্ধন হইতে প্রমুক্ত হইয়া স্বাধীনভাবে নিজেকে উপলব্ধি করিবার ব্যগ্রতা সুফী কবিদের ও হুইট্‌ম্যানের কবিতায় পাওয়া যায়। ইঁহারা বলেন— প্রকৃতি ও মানবকে লইয়াই এই জগৎ। সমস্ত মানব-পরিবার দেশে কালে অখণ্ড ও শাশ্বত। শাশ্বত সত্যের উপর আপনাকে প্রতিষ্ঠিত করিতে না পারিলে, আপনাকে অখণ্ড মানব-পরিবারের অন্তর্গত বলিয়া উপলব্ধি করিতে পারা যায় না। যিনি নিজেকে শাশ্বত সত্যে প্রতিষ্ঠিত করিতে পারেন তিনি সকলের পরমাত্মীয় হন।

"ব্যথা বিবেচনা সমস্যা সন্ধান— সব সরাইয়া ফেলিয়া ক্ষণ-প্রকাশের বুকে মুহূর্তে মুহূর্তে যে অমৃত রূপ ফুটিয়া উঠিতেছে, কবি তাহাই চোখ ভরিয়া দেখিতেছেন এবং প্রাণ ভরিয়া উপভোগ করিতেছেন। জীবনের সব জটিলতা দুর্ভাবনা সরাইয়া দিয়া হৃদয়াবেগের সহজ পথে চলার দুর্নিবার আকাঙ্ক্ষায় কবি বলিতে চাহেন—হৃদয়ের আবেগ তুচ্ছ নয়, সৌন্দর্যের উপলব্ধি কোনো মহৎ তত্ত্বের চেয়ে অসত্য নয়।" —অজিতকুমার চক্রবর্তী

"সরল চটুল ভঙ্গিতে কবি কথা বলিয়াছেন; অথচ তাহারই ফাঁকে ফাঁকে কবি-হৃদয়ের অন্তস্তরে চাহিয়া দেখিবার সুযোগ আমাদের যখনই ঘটিতেছে, তখনই দেখিতে পাওয়া যাইতেছে কী গভীরতা হইতে তাঁহার কথা উৎসারিত হইতেছে, আর অনেক সময়ে কেমন বেদনা-ভরা সেই গভীরতা।" —কাজী আবদুল ওদুদ।

তুলনীয়

ক্ষণ-সম্পদ্‌ ইয়ং সুদুর্লভা প্রতিলব্ধা পুরুষার্থসাধনী।
যদি নাত্র বিচিন্ত্যতে হিতং পুনর্‌ অপ্যেষ সমাগমঃ কুতঃ ॥

ক্ষণ-সুযোগের শুভাশীর্বাদ না করা সুদুর্লভ, প্রতিলব্ধ হইলে তাহা মানব জীবনের শ্রেষ্ঠ কাম্য দান করে। যদি এই বর্তমানে হিত-চিন্তা না করা যায়, তবে এই বর্তমানের পুনরাগমন তো আর কখনোই হইবে না। —শান্তিদেব, বোধিচর্যাতার।

তিস্‌সে যুগ্গস্‌স ধম্মেহি খনো তম্‌ মা উপচ্চগা।
খনাতীতা হি সোচন্তি নিরয়ং হি সমপ্পিতা ॥

হে তিস্‌সা, তুমি ধর্মে মনোনিবেশ করো, তুমি ক্ষণকে পরিত্যাগ করিয়ো না। যাহারা ক্ষণাতীত, অর্থাৎ ক্ষণকে অতীত হইতে দেয়, তাহারা শোকগ্রস্ত হয় এব নরকের দুঃখ ভোগ করে।

—বুদ্ধদেবের উপদেশ।

গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্মম্ আচরেৎ।

—চাণক্য।।

পাত্র ভরো, পাত্র ভরো,
 পুনঃ পুনঃ কী কাজ বলায় ?
কতই দ্রুত যাচ্ছে সময়
 গড়িয়ে মোদের পায়ের তলায়।
অনুৎপন্ন আগামী কাল,
 লব্ধ মরণ বিগত দিন,
কাজ কি তাদের ভাব্‌না ভাবায়,
 অদ্য যদি স্বর্ণ ফলায়।

—ওমর খৈয়াম, কান্তিচন্দ্র ঘোষের অনুবাদ।

এক লহমার খুশীর তুফান,
 এই তো জীবন। —ভাব্‌না কিসের ?

—হাফিজ, কাজী নজরুল ইস্‌লামের অনুবাদ।

Take therefore no thought for the morrow ; for the morrow shall take thought for the things of itself. Sufficient unto the day is the evil thereof.

—St. Matthew, 6. 34.

Trust no Future, howe'er pleasant,
 Let the dead Past bury its dead,
Act—act in the living Present,
 Heart within, and God o'erhead.

—Longfellow, *Psalm of Life*.

One hour of glorious life
Is worth an age without a name.

মাতাল

কবি বিবেচনা অপেক্ষা অবিবেচনাকে প্রশংসা করিয়াছেন অনেক স্থানে। কেবল বিচার-বিতর্কে কাজের অবসর পাওয়া যায় না, শুভক্ষণ উত্তীর্ণ হইয়া যায়। যাহারা কেবল পাঁজি দেখিয়া দিন-ক্ষণ খুঁজিয়া কর্ম করিতে চায়, তাহাদের আর কর্ম করাই হয় না। তাই কবি বলিতেছেন উদ্দাম আগ্রহে যাহারা

বিপদের ভয় না করিয়া সকল কুসংস্কার পরিহার করিতে পারে এবং কোনো কর্মে প্রবৃত্ত হইয়া তাহার শেষ দেখিয়া তবে ছাড়ে, কবি তাহাদের দলেই ভিড়িতে চাহিতেছেন। কর্মে মত্ততা এবং সেই কর্মের তলা পর্যন্ত ডুবিয়া দেখার মধ্যে যে যৌবনের বেগ আছে, কবি তাহাই কামনা করিতেছেন। বিবেচকদের দলে ভিড়িয়া পঙ্গু হইয়া থাকিতে তিনি চাহেন না। বাঁধা দস্তুরের রাস্তা ছাড়িয়া যে দিকে পথ নাই সে দিকে নূতন পথ খুলিবার ব্রত লইয়া বিপথে ধাবমান হইবার আনন্দে জীবন উৎসর্গ করিতে কবি ব্যগ্র। যে মানুষের বা যে জাতির দুঃখ স্বীকারে ভয়, নূতনের সন্ধানে রত হইতে জড়তা, যেখানে পদে পদে নিষেধ মানা, যেখানে কেবল সাবধানতা, সেখানে লক্ষ্মী দয়া করেন না। লক্ষ্মীছাড়া হইয়া ছুটিয়া বাহির হইতে পারিলেই লক্ষ্মীকে জয় করিয়া আনিতে পারা যায়।

দ্রষ্টব্য—তাসের দেশ। বলাকায় নবীন, যৌবন নামক কবিতা।

যথাস্থান

(১৩০৬)

এই কবিতাটি কবির বিরুদ্ধ-সমালোচকদের সমালোচনার জবাব এবং কবির যথার্থ ও উপযুক্ত সমঝ্দার নির্ণয়।

ভীরুতা

(১৩০৬)

"ভালোবাসা আপনাকে প্রকাশ করিবার ব্যাকুলতায় কেবল সত্যকে নহে অলীককে, সঙ্গতকে নহে অসঙ্গতকে আশ্রয় করিয়া থাকে। কেহ আদর করিয়া সুন্দর মুখকে পোড়ার-মুখী বলে, মা আদর করিয়া ছেলেকে দুষ্টু বলিয়া মারে, ছলনাপূর্বক ভৎর্সনা করে। সুন্দরকে সুন্দর বলিয়া যেন আকাঙ্ক্ষার তৃপ্তি হয় না, ভালোবাসার ধনকে ভালোবাসি বলিলে যেন ভাষায় কুলাইয়া উঠে না। সেইজন্য সত্যকে সত্য কথার দ্বারা প্রকাশ করা সম্বন্ধে একেবারে হাল ছাড়িয়া দিয়া ঠিক তাহার বিপরীত পথ অবলম্বন করিতে হয়; তখন বেদনার অশ্রুকে হাস্যচ্ছটায়, গভীর কথাকে কৌতুক-পরিহাসে এবং আদরকে কলহে পরিণত করিতে ইচ্ছা করে।" —রবীন্দ্রনাথ ঠাকুর, মোহিতচন্দ্র সেনের সম্পাদিত গ্রন্থাবলীর ভূমিকায় উদ্ধৃত।

সেকাল

(১৩০৬)

কবি রবীন্দ্রনাথ কালিদাসের সুদূর অতীত কালে কল্পনায় প্রবেশ করিয়া কালিদাসের কাব্যে বর্ণিত সেকালের আচার-ব্যবহার বেশভূষা ইত্যাদির বর্ণনার সমাবেশ করিয়া এই কবিতাটিতে কালিদাসের কালের একটি পরিবেশ ও আবহাওয়া আনিয়া দিয়াছেন। কালিদাসের কালের সৌন্দর্যমালা এই কবিতার মধ্যে গাঁথিয়া কবি তাঁহার কালের পাঠকদের উপহার দিয়াছেন। কাল ও দেশের ব্যবধান সে-দেশের ও সে-কালের কোনো সৌন্দর্যকে এ কালের কবি-চিত্ত হইতে দূরে রাখিতে পারে নাই। কালিদাসের বর্ণিত তাঁহার সময়ের চিত্রপরম্পরা আমাদের অতি নিপুণতার সহিত নিজের কবিতার মধ্যে গ্রথিত করিয়া তুলিয়াছেন। পদে পদে তাঁহার বর্ণনা কালিদাসের কাব্যের বিবিধ বর্ণনা স্মরণ করাইয়া দেয়। এই কবিতার সহিত মেঘদূত, স্বপ্ন প্রভৃতি কবিতা তুলনীয়।

১

কালিদাসের আশ্রয়দাতা রাজা বিক্রমাদিত্যের সভায় নয়জন বিদ্বান্ কবি ছিলেন, তাঁহারা নবরত্ন নামে বিখ্যাত হইয়াছিলেন। সেই সময়ে রবীন্দ্রনাথের মতন কবি জন্মগ্রহণ করিলে তিনি নিশ্চয় সেই নবরত্নের সঙ্গে দশম-রত্নরূপে যুক্ত হইতেন। বাস্তবিক তিনি কবি-কালিদাসের কবিত্ব-প্রতিভার শ্রেষ্ঠ উত্তরাধিকারী। এই কবিতায় কবির সেই আত্মপ্রত্যয় প্রকাশ পাইয়াছে।

বিক্রমাদিত্যের রাজধানী উজ্জয়িনী রেবা বা শিপ্রা নদীর তীরে অবস্থিত ছিল। সে-কালের উদ্যানে কৃত্রিম শৈল নির্মিত হইত, তাহাকে ক্রীড়াশৈল বলিত।

—ক্রীড়াশৈলঃ কনক-কদলী-বেষ্টন-প্রেক্ষণীয়ঃ।—মেঘদূত, উত্তর ১৬।

ক্রীড়াশৈলে যদি চ বিহরেৎ পাদচারেণ গৌরী।—মেঘদূত, পূর্ব ৬১

মেঘদূত কাব্য মন্দাক্রান্তা ছন্দে রচিত।

২

ঋতুসংহার কাব্য ছয় সর্গে ছয় ঋতুর প্রকৃতি-বর্ণনা। মেঘদূত কাব্য আষাঢ়স্য প্রথম দিবসের ঘটনা লইয়া লেখা।

৩

সংস্কৃত কবিদের মধ্যে একটা ধারণা প্রচলিত ছিল যে সুন্দরীর পদাঘাত না পাইলে অশোক প্রস্ফুটিত হয় না, আর সুন্দরীর মুখমদের কুলকুচা না পাইলে বকুলফুল ফুটে না। এই কবিপ্রসিদ্ধি কালিদাসের বহু কাব্যে দেখিতে পাওয়া যায়—

সেথায় কুরুবকে	ঘিরিছে মাধবীর
কুঞ্জ, তারি পাশে	দুইটি গাছ—
অশোক-তরু রয়	কাঁপায়ে কিশলয়,
বকুল মনোরম	করে বিরাজ।
আমার সাথে মোর	প্রিয়ার বাম পদ—
তাড়ন পেতে সেই	আশাক চায় ;
বকুল কুতূহলে	দোহদ ছলে চাহে
প্রিয়ার বদনের	মদ-ধারায়॥ —মেঘদূত, উত্তর ১৭।

মালবিকাগ্নিমিত্রম্ নাটকম্ ৩য় অঙ্ক, কুমারসম্ভবম্ ৩।২৬, কর্পূরমঞ্জরী নাটক প্রভৃতিও দ্রষ্টব্য।

৪

মেঘদূত উত্তর মেঘের দ্বিতীয় শ্লোকে সেকালের রমণীদের বেশ-বিন্যাসের সুন্দর বর্ণনা আছে—

হস্তে লীলাকমলম্ অলকে বালকুন্দানুবিদ্ধং
নীতা লোধ্রপ্রসব-রজসা পাণ্ডুতাম্ আননে শ্রীঃ।
চূড়াপাশে নবকুরবকং চারুকর্ণে শিরীষং
সীমন্তে চ তদ্-উপগমজং যত্র নীপং বধূনাম্॥

কুমারসম্ভব কাব্যের ৩।৫৫ শ্লোকে কেশরদামকাঞ্চীর উল্লেখ আছে—

স্রস্তাং নিতম্বাদ্ অবলম্বমানা পুনঃ পুনঃ কেশরদামকাঞ্চীম্।

যন্ত্রাধারা বা ধারাযন্ত্রের উল্লেখ পাওয়া যায় বহু কাব্যে—

তত্রাবশ্যং বলয়-কুলিশোদ্ঘট্টনোদ্গীর্ণ-তোয়ং
নেষ্যন্তি তাং সুরযুবতয়ো যন্ত্রধারাগৃহত্বম্। —মেঘদূত, পূর্ব ৬২।

মেঘদূত পূর্ব ৪৯, রঘুবংশম্ ১৬।৪৯, কুমারসম্ভবম্ ৬।৪১ ইত্যাদি দ্রষ্টব্য।

সে-কালের রমণীরা কেশে ধূপের ধোঁয়া দিয়া কেশ সংস্কার করিত—

অগুরু-সুরভি-ধূপামোদিতং কেশপাশম্।

—ঋতুসংহার, শিশির, ১২।

দ্রষ্টব্য—রঘুবংশম্ ১৬।৫০, ঋতুসংহার বর্ষা ২১, কুমারসম্ভবম্ ৭।১৪।

সে-কালের রমণীরা এ-কালের রমণীদের মতনই মুখে পাউডার মাখিত, কিন্তু সে পাউডার এ-কালের মতন কৃত্রিম সুগন্ধীকৃত খড়ির গুঁড়া বা চালের গুঁড়া নহে, তাহা হইত সহজ-সুরভি লোধ্র-ফুলের রেণু বা কেয়াফুলের রেণু।

—মেঘদূত, উত্তর ২, কুমারসম্ভবম্ ৭।৯ ;

এবং কালাগুরুর গন্ধে বসন সুরভিত করিত—

প্রকাম-কালাগুরু-ধূপ-বাসিতং বিশন্তি শয্যাগৃহম্ উৎসুকাঃ স্ত্রিয়ঃ।

—ঋতুসংহার, শিশির ৫।

দ্রষ্টব্য— ঋতুসংহার, হেমন্ত ৫, কুমারসম্ভবম্ ৭।১৫।

৫

সে-কালের রমণীরা কপোলে বক্ষে চন্দন কুঙ্কুম কস্তুরী দিয়া চিত্র-রচনা করিত—

প্রিয়ঙ্গু-কালীয়ক-কুঙ্কুমাক্তং স্তনেষু গৌরেষু বিলাসিনীভিঃ।
আলিপ্যতে চন্দনম্ অঙ্গনাভিঃ মদালসাভির্ মৃগনাভি-যুক্তম্॥

—ঋতুসংহার, বসন্ত ১২।

দ্রষ্টব্য—ঋতুসংহার, শিশির ৯, কুমারসম্ভবম্ ৯।২২ ইত্যাদি।

বিবাহের সময়ে বধূ যে বস্ত্র পরিধান করিত, তাহার আঁচলের কোণে একটি হংস-মিথুনের ছবি আঁকা থাকিত—

আমুক্তাভরণঃ স্রগ্বী হংস-চিহ্ন-দুকূলবান্।
আসীদ্ অতিশয়-প্রেক্ষ্যঃ স রাজ্যশ্রী-বধূ-বরঃ।—রঘুবংশম্ ১৭।২৫।

দ্রষ্টব্য—কুমারসম্ভবম্ ৭।৩২।

বিরহিণীর চিত্র মেঘদূতের পূর্ব ১০ ও উত্তরের ২৫, ২৬ শ্লোক হইতে এখানে অঙ্কিত হইয়াছে।

সে-কালের রমণীদের পায়ে নূপুর থাকিত—রঘুবংশম্ ১৬।১২, ঋতুসংহার—৫, শরৎ ২০ দ্রষ্টব্য।

৬

সে-কালের রমণীরা শুক, সারিকা, কপোত, ময়ূর প্রভৃতি পাখী পুষিত।—মেঘদূত উত্তর ১৮, ২৪, পর্ব ৩৮ ; বিক্রমোর্বশী নাটক, ৩য় অঙ্ক।

তপোবন-তরুণীরা সহকার-তরুর আলবালে জলসেচন করিত—

আলবাল-পরিপূরণে নিযুক্তা শকুন্তলা। অভিজ্ঞান-শকুন্তলম্, ১ম অঙ্ক।

৭

কালিদাসের মালবিকাগ্নিমিত্রম্ নাটক বসন্তোৎসবের সময়ে অভিনীত হয়—মালবিকাগ্নিমিত্রম্ ১ম অঙ্ক।—শ্রীকালিদাস-গ্রথিত-বস্তু মালবিকাগ্নিমিত্রং নাম নাটকম্ অস্মিন্ বসন্তোৎসবে প্রযোক্তব্যম্ ইতি।

রাজা অগ্নিমিত্র চিত্রশালায় রাণীর চিত্রপটের মধ্যে পরিচারিকারূপিণী মালবিকার ছবি দেখিয়া মুগ্ধ হন, এবং সেই চিত্রশালায় তাহার সহিত সাক্ষাৎ করেন।—মালবিকাগ্নিমিত্রম্ ১ম অঙ্ক।

মুগ্ধা তরুণীরা ছল করিয়া আঁচল বা মালা গাছের ডালে আট্‌কাইয়া প্রণয়ীদের দেখিয়া লইত।—অভিজ্ঞান-শকুন্তলম্, ১ম অঙ্ক; বিক্রমোর্বশী ১ম অঙ্ক।

তখনকার কালের তরুণ-তরুণীরা যৌবনের নবীন নেশায় প্রমত্ত হইত।—মেঘদূত, পূর্ব ২৫।

বুঝিবে, নাগরের সেথায় যৌবন
হয়েছে উদ্দাম দুর্নিবার।—প্যারীমোহন সেনগুপ্তের অনুবাদ।

৮

কালিদাসের আবির্ভাবকাল লইয়া পণ্ডিতদিগের মতভেদ ও বিবাদ এখনও মিটে নাই। তবে অনেকে এখন মনে করেন যে কালিদাস ৬ষ্ঠ শতাব্দীতে চন্দ্রগুপ্ত বিক্রমাদিত্যের সভার শ্রেষ্ঠ রত্ন ছিলেন।

নিপুণিকা মালবিকাগ্নিমিত্র নাটকের মহারাণী ঊশীনরীর দাসীর নাম।

৯

আধুনিক রমণীরা ইংরাজী শিখিয়া বিদেশীভাবাপন্না ও বিদেশীভাষিণী হইয়াছে, তাহারই প্রতি কবির ঈষৎ শ্লেষ। তথাপি তাহারা যে চিরন্তনী নারী তাহার সাক্ষ্য তাহাদের হাবভাবে প্রকাশিত হয়!

১০

কালিদাসের কাব্য, নাটক পাঠ করিয়া কবি রবীন্দ্রনাথ তো কালিদাসের সে-কালের আভাস পাইতেছেন, কিন্তু কবি কালিদাস তো কবি রবীন্দ্রনাথের এ-কালের কোনই আভাস পাইতে পারেন নাই। তাই কবি বলিতেছেন যে, কালিদাস আগে জন্মিয়া ঠকিয়া গিয়াছেন।

যাত্রী

(১৩০৬)

জীবনযাত্রার পথে অনেক সঙ্গীর সঙ্গে মিলন ঘটে ; তাহাদের কেহ বা বহুদূর পথের সহযাত্রী, কেহ বা কেবল খেয়া-পারাপারের সময়টুকুর সাথী। যে খেয়ার সাথী, সেও তাহার সম্পদ্ লইয়া চলিয়াছে সুন্দর ও চিরন্তনের উদ্দেশে—যাহার গোলাতে সে তাহার জীবনের ফসল জমা করিয়া দিয়া নিশ্চিন্ত হইবে। সে যদিও আমার পথেই বরাবর যাইবে না, তবু তাহারও আমার সহিত একই খেয়ানৌকায় চড়িতে ইতস্ততঃ করিবার কারণ নাই ; তাহার ও তাহার সম্পদের স্থান এই নৌকাতে হইবে, আমি তাহাদের কাহাকেও আত্মসাৎ করিব না, আমি কেবল তাহার খেয়ানৌকার সাথী হইয়া তাহাদের গন্তব্যের দিকেই উত্তীর্ণ করিয়া দিব। তাহার মনের কথা তাহারই থাকুক, সে তাহা গোপন রাখুক, আমি কেবল তাহার সহিত সাক্ষাতের সৌভাগ্যের কথাই ভাবিব—এই ক্ষণিক স্বল্প সম্বন্ধটুকুই আমার পক্ষে যথেষ্ট হইবে। এই রকম তো আগেও অনেক বার হইয়াছে—কত যাত্রী আমার জীবন-তরীতে কেবল খেয়া পার হইয়া গিয়াছে, তাহার ধানের আঁটি অল্পক্ষণের জন্য আমার তরীতে রাখিয়া তাহার স্থায়ী কাম্য-স্থানের দিকে উত্তীর্ণ করিয়া লইয়া গিয়াছে।

সৌন্দর্য্যের সঙ্গে কেবল সাক্ষাৎ ও সংস্পর্শ করিয়াই হৃদয় পূর্ণ করিয়া লইতে হইবে, সৌন্দর্য্যকে কেহ কখনো নিঃশেষে আপন করিয়া লইতে পারে না, তাহা দুরাপনা অ-ধরা চিরাপস্রিয়মানা শ্রী, তাহা স্বর্গেও চিরস্থায়ী নয়। তাই কবি যাত্রীকে কেবল খেয়া পার করিয়া দিয়াই সন্তুষ্ট। তাহাকে তিনি একান্ত নিজস্ব করিয়া পাইতে তো চাহেনই না, তাহার গন্তব্য স্থানের ঠিকানা জানিবার জন্যও তাঁহার কোনো ঔৎসুক্য নাই।

অতিথি

(১৩০৬)

সুন্দরকে অন্তরের মধ্যে উপলব্ধি করিবার বাসনা মানব-মনে বিরহিণী-রূপে নিরন্তর বিরাজ করিতেছে ; তাই মানুষ কিছুতেই তৃপ্তি পায় না ; অথচ যাহাকে সে চায় সে অনির্বচনীয় অব্যক্ত অনায়ত্ত অগম্য ও ধারণাতীত।

> "আমি কহিলাম—কারে তুমি চাও,
> ওগো বিরহিণী নারী!

সে কহিল—আমি যারে চাই তার
নাম না কহিতে পারি !" —উৎসর্গ।

সেই অজানা অতিথি কিন্তু প্রাণের কপাটে শিকল নাড়ে।

মানব-জীবন 'পাইনি' ও 'পেয়েছি' দিয়ে গঠিত। ঘর বলে—পেয়েছি ; পথ বলে পাইনি। মানুষের কাছে পেয়েছিরও একটা ডাক আছে, আর পাইনিরও ডাক প্রবল। ঘর আর পথ নিয়েই মানুষ। শুধু ঘর আছে, পথ নেই—সেও যেমন মানুষের বন্ধন, শুধু পথ আছে, ঘর নেই—সেও তেমনি মানুষের শাস্তি। শুধু 'পেয়েছি' বন্ধ গুহা, শুধু 'পাইনি' অসীম মরুভূমি !

—রবীন্দ্রনাথ।

বধূ একেবারে অন্তরের, এবং অতিথি একেবারে বাহিরের। বাহিরের অতিথি আসিয়া অন্দরের বধূর কাজ ভোলায়। আজ অতিথির সহিত গোপন অভিসারে মিলিত হইয়া ঘরের কাজ ভুলিবার পরম ক্ষণ উপস্থিত হইয়াছে। পূর্ণিমা রাত্রে প্রকাশ্যে যদি হে বধূ, তোমার অভিসারে বাহির হইতে ভয় বা সঙ্কোচ হয়, তবে না হয় ঘরের মধ্যে গোপন থাকার মতন ঘোমটার আবরণ টানিয়া মুখ ঢাকিয়া চলো, আর ঘরেরই প্রদীপ হাতে লও। প্রকাশ্যে যদি তাহাকে সম্পূর্ণ গ্রহণ করিতে না পারো, তবে না হয় লুকাইয়াই গোপনে অসম্পূর্ণভাবেই তাহাকে লইও, কিন্তু তাহাকে একেবারে প্রত্যাখ্যান করিয়ো না। তুমি অন্ততঃ এইটুকু জানো যে সে আসিয়াছে। তাহাকে পূর্ণভাবে অভ্যর্থনা করিবার আয়োজন কি এখনো তোমার সারা হয় নাই ? তাহাকে কি এখনো অপেক্ষা করাইয়া রাখিবে, না তাহাকে অভ্যর্থনা করিয়া গ্রহণ করিবে ?

মানব-মনে ও মানব-জীবনে অতর্কিতে মহৎ ভাবের ও মহৎ কর্মের প্রেরণার আবির্ভাব হয়। সেই অতিথির আগমনের প্রতীক্ষায় বাসকসজ্জা করিয়া প্রস্তুত থাকিতে হইবে, যেন সেই অতিথি গৃহদ্বারে আসিলেই তাঁহাকে বরণ করিয়া গ্রহণ করিতে পারি। এই আহ্বান যেন রাধার কাছে শ্যামের বাঁশীর আহ্বান ; ইহাকে ব্যর্থ হইতে দিলে সারা-জীবন হতাশ হইয়া হায় হায় করিয়া কাঁদিয়া কাটাইতে হইবে।

যে-কোনো দেশে যখনই কোনো মহৎ আদর্শের নব অভ্যুদয় হইয়াছে, তখনই কতক লোকে তাহাকে সমাদরে স্বীকার করিয়া লইয়াছে, কতক লোকে লুকাইয়া সেই আদর্শকে মনে মনে স্বীকার করিয়াছে। কিন্তু প্রকাশ্যে তাহাকে বরণ করিতে সাহস পায় নাই, এবং কেহ কেহ তাহাকে একেবারে

অস্বীকার করিয়া জীবনকে ব্যর্থ নিষ্ফল করিয়া ফেলিয়াছে। যেমন খ্রাইষ্টের বা মহম্মদের বা বুদ্ধদেবের ধর্মপ্রচার, অথবা আমাদের দেশে বা অন্যান্য অনেক দেশে স্বদেশের স্বাধীনতার জন্য আত্মত্যাগের ও স্বদেশীব্রত পালনের আহ্বান কতক লোকে স্বীকার করিয়াছে, কতক লোকে পারে নাই, আর কতক লোকে করে নাই।

তুলনীয়—খেয়া পুস্তকের 'আগমন' কবিতা, ও 'দুই পাখী'।

'আষাঢ়' ও 'নববর্ষা'

"বর্ত্তমান সভ্যতার যুগে মানব-জীবনে প্রকৃতির স্থান বড় অল্প। তাই ইহাকে জীবনে পাইবার আকাঙ্ক্ষা বড় বেশি। চিররুগ্ন যেমন স্বাস্থ্য কামনা করে, মুমূর্ষু যেমন জীবনের প্রতি লোলুপ দৃষ্টিতে ফিরিয়া তাকায়, তেমনি তৃষিত ব্যাকুলতায় আজ মানবের অন্তরাত্মা প্রকৃতিকে চাহিতেছে। এই ভাষাহীন প্রার্থনায় মানব-হৃদয় ব্যথিত হইয়া উঠিতেছে বলিয়াই আজ প্রকৃতির কবিতা এমন করিয়া হৃদয়কে দোলা দেয়। মানব জীবনের দুর্লভ ও ঈপ্সিত আকাঙ্ক্ষাগুলি যখন কবির হস্তে রূপ গ্রহণ করিয়া, ছন্দে নাচিয়া, সম্মুখে আসিয়া উপস্থিত হয়, তখন এমনই করিয়া ইহারা হৃদয়কে মুগ্ধ করে।"

—বিশ্বপ্রকৃতি ও রবীন্দ্রনাথ, উত্তরা, জ্যৈষ্ঠ ১৩৩৪ সাল।

আষাঢ় নববর্ষা প্রভৃতি বর্ষার যে-কোনো কবিতা কবির অসামান্য অনুভবের আনন্দ প্রকাশ করিয়াছে। ইহাদের শব্দ-সঙ্গীত, ভাবব্যঞ্জক শব্দবিন্যাস ও অনুপ্রাস এবং মধুর তান-লয়-মান ও চিত্র-পরম্পরা কবিতাগুলিকে পরম মনোরম করিয়াছে। এই দুইটি কবিতার সহিত কবির 'বর্ষামঙ্গল' কবিতা এবং 'আবার এসেছে আষাঢ় গগন ছেয়ে' প্রভৃতি গান তুলনীয়।

নববর্ষা

হৃদয় আমার নাচে রে আজিকে—তুলনীয়

My heart aches,......being too happy in thine happiness.

—**Keats,** ***Ode to a Nightingale.***

ময়ূরের মতো নাচে রে—কবি সামান্য কবির ন্যায় বলিলেন না বর্ষার মেঘদর্শনে ময়ূর কলাপ বিস্তার করিয়া নৃত্য করিতেছে—তিনি নিজের হৃদয়কেই

ময়ূরস্থানীয় করিয়া উপস্থিত করিয়া বাহ্যপ্রকৃতিকে ও অন্তঃপ্রকৃতিকে মিলাইয়া দিয়াছেন।

গুরু গুরু মেঘ ইত্যাদি—মেঘগর্জনধ্বনি ভাষায় ও অনুপ্রাসে প্রকাশ করিতেছে।

২

ধেয়ে চ'লে আসে বাদলের ধারা—তুলনীয়—উৎসা—অজগরা উত।—অথর্ববেদ, ৪।১৪। জলধারা না অজগর সর্প!

দাদুরি—উপ প্রবদ মণ্ডুকি বর্ষম্ আবদ তাদুরি। অথর্ববেদ, ৪।১৫।

হে ভেক, বর্ষাকে তোমরা আবাহন করো। ঋগ্‌বেদ, ৭।১০।

বিদ্যাপতির কাব্যেও বর্ষাকালে ভেকের রবের বর্ণনা আছে।

কবি নিজের মনের আনন্দ বাহিরে প্রক্ষেপ করিয়া সমস্ত কিছু সুন্দর দেখিতেছেন। ওয়ার্ড্‌সওয়ার্থ্ যেমন প্রিম্‌রোজ ফুলকে কেবল ফুলরূপে দেখেন নাই, তাহাতে আরও অতিরিক্ত কিছু দেখিয়াছিলেন, রবীন্দ্রনাথও তেমনি বাহ্য সৌন্দর্যকে নিজের মনের আনন্দে অভিষিক্ত দেখিতেছেন। প্রকৃতির মধ্যে যে আনন্দের নিত্যলীলা চলিতেছে, তাহার সঙ্গে মানব-মনের আনন্দের যোগের কথাই এখানে বলা হইয়াছে। নবতৃণদল শ্যামলতায় সরসতায় চারিদিক আচ্ছন্ন করিয়াছে, তাহা যেন কবিরই হৃদয়ের হর্ষবিস্তার; কদমফুল ফুটিয়া পুলকিত হইয়া উঠিয়াছে, তাহা কবিরই আনন্দ-জাগ্রত প্রাণের বিকাশ!

৪

ঊর্ধ্ব আকাশে বর্ষার নব মেঘভার দেখিয়া কবির মনে হইতেছে যেন কোনো নীলবসনা রূপসী তাহার দীর্ঘ কেশকলাপ আলুলায়িত করিয়া দিয়া উচ্চ প্রাসাদচূড়ায় দাঁড়াইয়া আছে। তড়িৎশিখার চকিত আলোক যেন সেই রূপসীর রূপপ্রভা, সেই রূপসীর নীলাম্বরীর রূপালী জরির কুটিল কুঞ্চিত পাড়। এখানেও শব্দে ও অনুপ্রাসে তড়িৎস্ফুরণ চমৎকারভাবে চিত্রিত হইয়াছে।

৫

বর্ষায় সমস্ত বিশ্বপ্রকৃতি ধৌত হইয়া নির্মল হইয়াছে, সেই জন্য কবি তাহার বসন অমল বলিয়াছেন; আবার বর্ষার আগমনে সমস্ত উদ্ভিদ

শ্যামল হইয়া উঠিয়াছে, সেই জন্য তাহার অমল বসন শ্যামল বলিয়াছেন। সুন্দরী বর্ষা যেন সদ্যোধৌত শ্যামল বসন পরিধান করিয়া সজ্জিতা হইয়াছে।

সে উন্মনা বিরহ-বিধুরা বধূর ন্যায় যেন কাহার প্রতীক্ষা করিতেছে।

ঘট-রূপ পানা তৃণ প্রভৃতি ঘাট ছাড়াইয়া ভাসিয়া যাইতেছে বলিয়া কবি জলস্রোতের গতির ইঙ্গিত করিয়াছেন। কবি এই কবিতাতেই শেষ কলিতে বলিয়াছেন—

তীর ছাপি' নদী কলকল্লোলে এলো পল্লীর কাছে রে।

নবমালতী ফুল বর্ষার আগমনে ফুটিতেছে, ও ঝরিতেছে, যেন কোনো সুন্দরী তরুণী আন্‌মনে ফুলগুলি তুলিয়া তুলিয়া দাঁতে কাটিয়া ফেলিয়া দিতেছে।

৬

বর্ষাকালে বকুলফুল ফোটে। তাই কবি বলিতেছেন, সেই বকুলগাছে বর্ষাসুন্দরী যেন দোলা বাঁধিয়া দোল খাইতেছে—বাদল-বায়ে বকুলশাখা দুলিতেছে ও বকুলফুল ঝরিয়া ঝরিয়া পড়িতেছে। এখানেও শব্দ ও অনুপ্রাস শাখার ঘন আন্দোলন ও বকুলফুলের ঝরিয়া-পড়া চমৎকারভাবে প্রকাশ করিয়াছে। বর্ষামঙ্গল কবিতায় কবি বলিয়াছেন—

নীপশাখে সখি ফুলডোরে বাঁধে ঝুলনা।

৭

বর্ষা যেন সৌন্দর্যের ভরা লইয়া তরণী সাজাইয়া আসিয়া কেতকীবনে তাহার তরুণ তরণী ভিড়াইয়াছে। কেয়ার ঝাড় ফুটিয়া উঠিয়াছে, এবং কেয়া-ফুলের পাপ্‌ড়িগুলি নৌকার ডোঙার মতন খুলিয়া খুলিয়া পড়িতেছে। চারিদিকে শৈবালদল পুঞ্জিত হইয়াছে, যেন বর্ষাসুন্দরী অঞ্চলে ভরিয়া সঞ্চয় করিতেছে।

আবির্ভাব

এই কবিতাটির তাৎপর্য সম্বন্ধে স্বয়ং কবি যে পত্র লিখিয়াছিলেন তাহা এই—

"কাব্যের একটা বিভাগ আছে যা গানের সহজাতীয়। সেখানে ভাষা কোনো নির্দিষ্ট অর্থ জ্ঞাপন করে না, একটা মায়া রচনা করে, যে-মায়া ফাল্গুন মাসের দক্ষিণ হাওয়ায়, যে-মায়া শরৎ-

ঋতুতে সূর্যাস্তকালের মেঘপুঞ্জে। মনকে রাঙিয়ে তোলে; এমন কোনো কথা বলে না যাকে বিশ্লেষণ করা সম্ভব।

"ক্ষণিকার 'আবির্ভাব' কবিতায় একটা কোনো অন্তর্গূঢ় মানে থাক্‌তে পারে; কিন্তু সেটা গৌণ; সমগ্র ভাবে কবিতাটার একটা স্বরূপ আছে; সেটা যদি মনোহর হ'য়ে থাকে তা হ'লে আর কিছু বল্‌বার নেই।

"তবু 'আবির্ভাব' কবিতায় কেবল সুর নয়, একটা কোনো কথা বলা হয়েছে; সেটা হচ্ছে এই যে—এক সময়ে মনপ্রাণ ছিল ফাল্গুন মাসের জগতে, তখন জীবনের কেন্দ্রস্থলে একটি রূপ দেখা দিয়েছে আপন বর্ণগন্ধগান নিয়ে; সে বসন্তের রূপ, যৌবনের আবির্ভাব—তার আশা-আকাঙ্ক্ষায় একটি বিশেষ বাণী ছিল। তার পরে জীবনের অভিজ্ঞতা প্রশস্ততর হ'য়ে এল; তখন সেই প্রথম-যৌবনের বাসন্তী রঙের আকাশে ঘনিয়ে এল বর্ষার সজল শ্যাম সমারোহ—জীবনে বাণীর বদল হলো, বীণায় আর-এক সুর বাঁধ্‌তে হবে; সেদিন যাকে দেখেছিলুম এক বেশে এক ভাবে, আজ তাকে দেখ্‌ছি আর-এক মূর্তিতে, খুঁজে বেড়াচ্ছি তারি অভ্যর্থনার নূতন আয়োজন। জীবনের ঋতুতে ঋতুতে যার নূতন প্রকাশ, সে এক হ'লেও তার জন্যে একই আসন মানায় না।"
—৪ঠা অক্টোবর, ১৯৩৩।

"সাহিত্যের উদ্দেশ্য কি" (ভারতী, ১২৯৪ বৈশাখ, ২২-২৩ পৃষ্ঠা) নামক এক প্রবন্ধে রবীন্দ্রনাথ বহুকাল পূর্ব্বে লিখিয়াছিলেন—

"লিখতে হইলে যে বিষয় চাইই এমন কোনো কথা নাই।......বিষয় বিশুদ্ধ সাহিত্যের প্রাণ নহে।......বিশুদ্ধ সাহিত্যের মধ্যে উদ্দেশ্য বলিয়া যাহা হাতে ঠেকে, তাহা আনুষঙ্গিক এবং তাহা ক্ষণস্থায়ী।"

বাস্তবিক এই কবিতাটিতে বিষয়বস্তু হইয়াছে গৌণ; উহার ভাষা ছন্দ সুর লালিত্য অনুপ্রাস মিলিয়া কবির মনের একটি বিশেষ মুহূর্তের যে উল্লাস ও অনুভাব প্রকাশ করিয়াছে, তাহাতেই ইহা একটি উৎকৃষ্ট লিরিক কবিতা হইয়া উঠিয়াছে। ইহা শব্দের ইন্দ্রজাল বুনিয়া পাঠকের বা শ্রোতার মনে যে মায়া রচনা করে, সেইটিতেই এই কবিতার বাহাদুরি এবং ইহার মহামূল্যতা।

এই কবিতার সপ্তম কলিতে আছে—বনবেতসের বাঁশিতে পড়ুক তব নয়নের পরসাদ!" বেতস মানে বেত, তাহা নিরেট, তাহাতে বাঁশি হইতে পারে না। 'বনের বেণুর বাঁশিতে পড়ুক তব নয়নের পরসাদ' বলিলে অনুপ্রাস ও অর্থ দুইই রক্ষিত হইতে পারিত। এই কথা কবির গোচর করিলে তিনি আমাকে এক পত্রে লিখিয়াছিলেন—

"কোনো ভালো অভিধান দেখো তো, বেতস বল্‌তে বাঁশও হয় এমন সাক্ষ্য পেয়েছি। কবিতা যখন লিখেছিলেম তখন খাগ্‌ড়ার কথা ভেবেছি—শরেতে যে ভদ্ররকম বাঁশি হয় তা নয়,

কিন্তু ওর মর্মস্থানের ফাঁকটুকুতে নিঃশ্বাস সঞ্চার ক'রে সুর বের করা যায় ব'লে বিশ্বাস করি। কিন্তু যখন দেখা গেল বেতস বল্‌তে শর বোঝায় না এবং অর্থমালার সর্বপ্রান্তে বেণু কথাটা পাওয়া গেল তখন বাগর্থের দ্বন্দ্ব মিট্‌ল দেখে নিশ্চিন্ত হয়েছি। তুমি কোন্ কৃপণ অভিধানের দোহাই দিয়ে আবার ঝগড়া তুলতে চাও!"

ইহার উত্তরে আমি তাঁহাকে লিখিয়াছিলাম যে—অভিধানে বেতস মানে বেণু বা বাঁশ নাই। না থাকুক। ইহার পরে যত অভিধান রচিত হইবে তাহাতে বেতস মানে বেণু বা বাঁশ লিখিতে হইবে। দাশু রায় কোদণ্ড শব্দ কোদাল অর্থে ব্যবহার করিয়াছিলেন, তাহাতে নবদ্বীপের পণ্ডিতেরা বলিয়াছিলেন যে আজ হইতে কোদণ্ড মানে কোদালও হইবে। সেক্সপীয়ার প্রভৃতি কবিরা কত কত শব্দ নিজেদের মনগড়া অর্থে ব্যবহার করিয়া গিয়াছেন। অভিধানকারগণ তাহা পরে অভিধানে সন্নিবেশিত করিয়াছেন। এমনি করিয়াই তো এক শব্দের বিভিন্ন নানা অর্থ হইয়া থাকে।

কল্যাণী

কবির বীণায় কত সুর কত রাগিণী সৌন্দর্যকে ঘিরিয়া বাজে। যাহা-কিছু সুন্দর তাহাকে সুরের জালে বন্দী করিয়া কবি আনন্দ লাভ করেন। কবি সৌন্দর্যের ও ঔদার্যের, শ্রীর ও কল্যাণের উপাসক।

নারীর রূপ কাব্যজগতে বড় আদরের সামগ্রী। সহস্র কবির বীণায় সহস্র রূপে রমণীর রূপের ও সৌন্দর্যের স্তুতি বাজিয়াছে। রবীন্দ্রনাথ কেবলমাত্র রমণীর রূপের পূজারী নহেন; তাঁহার ঋষিসুলভ অন্তর্দৃষ্টি তাঁহাকে ভোগ হইতে ত্যাগের পথে, বিলাস হইতে সংযমের পথে আকর্ষণ করিয়াছে। তরুণ কবি প্রথমে 'বিশ্বের কামনা-রাজ্যে রাণী' যে রমণী, যাহার অঞ্চলচ্যুত বসন্তরাগ-রক্ত কিংশুক গোলাপ পৃথিবীকে পাগল করিয়া দেয়, সেই দীপ্তশিখা-স্বরূপিণী রমণীমূর্তিকে নানা ভাবে নানা রূপে বন্দনা করিয়াছিলেন। কিন্তু তাঁহার কাব্য-সাধনা যত অগ্রসর হইতে লাগিল, ততই তাঁহার কামনা সংযমের কাছে পরাভূত হইল, এবং তাঁহার দিব্যদৃষ্টি খুলিয়া গেল। অবশেষে তিনি দেখিলেন এ বিশ্বের সমস্ত মঙ্গল, সমস্ত কল্যাণ যিনি আপনার পদতলে সঞ্চিত করিয়া রাখিয়া এ-জগৎকে প্রতি পদে নিয়ন্ত্রিত করিতেছেন, তিনি স্নিগ্ধ-শান্ত-মূর্তি দেবী অন্নপূর্ণা; শিব শঙ্কর তাঁহারই কাছে ভিক্ষাভাজন পাতিয়া আছেন। তিনি

ত্যাগের প্রতিমূর্তি, তাঁহার মধ্যে ভোগের চিহ্ন মাত্র নাই। অন্নপূর্ণার পূর্ণতা প্রকাশ করিবার জন্যই শিব নিজেকে ভিখারী বলিয়া স্বীকার করেন, এবং ইহাতে তাঁহার একটুও লজ্জা নাই।

কবি দেখিতেছেন রমণী সংসারের সমস্ত ভোগস্পৃহা বর্জন করিয়া শুচি-সুন্দর স্মিত মূর্তিতে গৃহকার্যে রত আছেন, চারিদিকের ঝড়-ঝঞ্ঝা বজ্রাঘাতের মধ্যেও তিনি তাঁহার কল্যাণমণ্ডিত গৃহখানি অটুট রাখেন। সেই নিবিড় শান্তির অন্তরে বিরাজমান তাঁহার গৃহখানি যৌবন-চাঞ্চল্যহীন। গৃহখানির চারিদিকে পুষ্পিতা লতা বেষ্টন করিয়া উহাকে সৌন্দর্যের মন্দিরে পরিণত করিয়াছে; তাহাকে ঘিরিয়া শিশুদের আনন্দধ্বনি উত্থিত হইতেছে। তপোবন-সুলভ পবিত্রতার মধ্যে কল্যাণী রমণীর এই ভবনখানি কবি কীট্‌সের বর্ণিত সাইকীর Bower-এর কথা মনে করাইয়া দেয়। কিন্তু কল্যাণী রমণীর মন্দিরে যে মাদকতাশূন্য শুভ্রশ্রী প্রতিষ্ঠিত তাহার সন্ধান কীট্‌স্ পান নাই। এই অচঞ্চল শান্তি ও ভোগবিরতির মধ্যে কল্যাণী আপনার কল্যাণব্রতে নিরতা। উষা ও সন্ধ্যা তাঁহার কাছে আসিয়া পূজারিণীরূপে তাঁহাকে পূজা করে। কর্মক্লান্ত ক্ষতবিক্ষত-হৃদয় হতভাগ্য মনুষ্যের জন্য তিনি নির্জনে অপরূপ শান্তিমণ্ডিত মন্দিরে হৃদয়ের সুধাপাত্র উজাড় করিয়া ঢালিয়া দিবার জন্য পরিপূর্ণ করিয়া রাখেন। তাঁহার স্নিগ্ধ স্পর্শে আশাহীন উদ্যমহীন জীবন 'হেমন্তের হেমকান্তি সফল শান্তির পূর্ণতায়' ভরিয়া উঠে।

অপূর্ব-স্নিগ্ধজ্যোতিঃশালিনী এই মহীয়সী নারীমূর্তি দেখিয়া কবি উচ্ছ্বসিত-হৃদয় হইয়া গাহিয়াছেন—ওগো লক্ষ্মী, ওগো কল্যাণী, তোমার এই মাতৃমূর্তিই নারীত্বের চরম পরিণতি। তুমি স্বর্গের অপ্সরী নও, তুমি স্বর্গের ঈশ্বরী। তুমি কেবল ভোগবাসনা-পরিতৃপ্তির উপকরণ মাত্র নও, তুমি অনন্তের পূজার মন্দিরে হৃদয়কে লইয়া গিয়া একটি অনাবিল শান্তির মাধুর্যে তাহাকে পূর্ণ করিয়া দাও। তোমার কল্যাণী-মূর্তির নিকটে রমণীর রূপ, রমণীর জ্ঞান, সকলই তুচ্ছ। অক্ষুব্ধ শান্তির মধ্যে তুমি যখন আপন গৃহকর্মে ব্যাপৃতা থাকো, তখন সমস্ত আকাশ জুড়িয়া শব্দহীন মাঙ্গল্য-শঙ্খ বাজিয়া বাজিয়া তোমার কার্যকে অভিনন্দিত করে ও শুভ-শ্রীতে মণ্ডিত করিয়া তুলে। পৃথিবীতে সকল কিছুই পরিবর্তনশীল কালের অধীন; কিন্তু তোমার সুধাস্নিগ্ধ হৃদয়খানি চিরকাল একই প্রকার থাকিয়া যায়। শীত যায়, বসন্ত আসে, আবার বসন্তও বিদায় লয়, কিন্তু তুমি যে কল্যাণী সেই কল্যাণীই থাকো। জরা-যৌবনের

পরিবর্তন সেই কল্যাণীমূর্তির কোনো পরিবর্তন ঘটাইতে পারে না। তরুণী ও বৃদ্ধার হৃদয়ে তুমি হে কল্যাণী একই ভাবে জাগরূক হইয়া থাকো। নদীর মতো তুমি তোমার পার্শ্বস্থিত সকল-কিছুকে কল্যাণ বিতরণ করিয়া জীবনের শেষ পরিপূর্ণতার দিকে অগ্রসর হইয়া চলিয়াছ। তুমি আছ বলিয়া সংসার আছে, নহিলে সংসার কবে ছিন্ন-ভিন্ন হইয়া যাইত। আমি কবি, আমি সহস্র বস্তুর বন্দনা গাহিয়া ফিরি। কিন্তু সকল-কিছুর বন্দনাগান শেষ করিয়া আমার কবিত্বের চরম পরিণতির যে গান, আমার প্রতিভার যাহা শ্রেষ্ঠ অর্ঘ্য, আমার শ্রদ্ধার শ্রেষ্ঠ অঞ্জলি আমি তোমারই জন্য রাখিয়াছি।

এই কবিতাটি সৌন্দর্যের কল্যাণীমূর্তির বন্দনা, ভোগবিরতির শান্তির আরতি।

তুলনীয়—'রাত্রে ও প্রভাতে' এবং 'দুই নারী' প্রভৃতি কবিতা।

নৈবেদ্য

(আষাঢ়, ১৩০৮)

কবীন্দ্র রবীন্দ্রনাথের কাব্যরচনার বিভিন্ন পর্যায়ের মধ্যে নৈবেদ্য একটি অপরূপ অনবদ্য অভিনব সৃষ্টি। এতদিন কবি বিশ্বপ্রকৃতি ও মানবপ্রকৃতি অবলম্বন করিয়া কবিতা লিখিতেছিলেন। তাহার পরে মধ্যে 'ব্রহ্মসঙ্গীত' রচনা করিয়া সার্বজনীন উপাসনার পথনির্দেশ করিতেছিলেন। মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর তাঁহার পরিবারের মধ্যে ও দেশের সম্মুখে যে ধর্মপ্রাণতা আধ্যাত্মিকতা ও সত্য-তপস্যার দৃষ্টান্ত স্থাপন করিয়াছিলেন, তাহারই প্রভাব রবীন্দ্রনাথের মনের উপরে বাল্যাবধি পড়িতেছিল। সেই সর্বসংস্কারমুক্ত সত্যধর্মের উপলব্ধির প্রকাশ এই নৈবেদ্য পুস্তকের কবিতাগুলি। কিন্তু এই উপলব্ধি তাঁহার বুদ্ধির উপলব্ধি, জ্ঞানের উপলব্ধি। ভগবানের সন্নিধি লাভ করিবার বাসনা ও সত্যপথে চলিবার প্রার্থনা এই কবিতাগুলির মধ্যে প্রকাশ পাইয়াছে। কিন্তু ঐ বাসনা ও প্রার্থনার মধ্যে এমন একটি বলিষ্ঠ তেজস্বিতা ও কঠোর সংযম আছে, যাহা মহর্ষির পুত্রকে ঋষিত্বের উত্তরাধিকারী করিয়াছে। স্বদেশের ধর্মসাধনার মধ্যে যাহা শ্রেষ্ঠ তাহার সহিত সর্বদেশের সর্বকালের যে সত্যধর্ম তাহারই বোধ এই কবিতাগুলির মধ্যে আত্মপ্রকাশ করিয়াছে।

সাধক রবীন্দ্রনাথ ভগবানের নিকটে প্রার্থনা ও আরাধনার নৈবেদ্য সাজাইয়া বর চাহিতেছেন পূর্ণ মনুষ্যত্ব—নিজের জন্য ও স্বদেশবাসীর জন্য। সত্যের পথে, ন্যায়ের পথে, ধর্মের পথে চলা কঠিন দুঃখজনক বলিয়া কবি জানেন, অথচ তাহারই প্রতি তাঁহার লোভ। তিনি দুঃখ বরণ করিবার জন্য ব্যাকুল হইয়া দুঃখ বহন করিবার শক্তি প্রার্থনা করিতেছেন। কবি এখানে যোগী—পরম মঙ্গলময়ের প্রতি তাঁহার চিত্ত সতত উন্মুক্ত, সত্যস্বরূপের সম্মুখীন এবং ব্রহ্মে যোগযুক্ত। এই পরমসমাহিত অবস্থায় এমন অনেক কথা তাঁহার কণ্ঠে উচ্চারিত হইয়াছে যাহা ঋষিদৃষ্ট সূক্তেরই মতন পূর্ণ ও অগ্নিগর্ভ। ভারত-সম্বন্ধে যে-সমস্ত কবিতা নৈবেদ্যে আছে, সে সমস্তও পূর্ণ, আর বীর্যবান্ মুক্ত দর্শনের আলোকে ভাস্বর। কাব্যের উৎকর্ষ সৃষ্টিতে। কবির বীর্যবান্ আত্মা সেই সৃষ্টিমহিমা লাভ করিয়াছে এই কাব্যে। এই কাব্যে কবি প্রকৃতিকে ও মানবকে সোপান করিয়া প্রকৃতির ও মানবের অধীশ্বরের সম্মুখে উপনীত হইয়াছেন।—(কাজী আবদুল ওদুদ বিরচিত রবীন্দ্র-কাব্যপাঠ দ্রষ্টব্য।)

রবীন্দ্রনাথ প্রাচীন ভারতের সত্য ও শ্রেষ্ঠ আদর্শের প্রতিষ্ঠাভূমিতে চিত্তকে স্থাপিত করিয়া সমগ্র পৃথিবী ও সমস্ত মানবকে ভালবাসিয়া ব্রহ্মসাক্ষাৎকার ও ব্রহ্মবিহার লাভ করিতে চাহিতেছেন। রবীন্দ্রনাথের পরিবারে ও তাঁহার জীবনে উপনিষদের শিক্ষার যে প্রভাব ছিল, তাহাই প্রকাশ পাইয়াছে 'নৈবেদ্যে'র কবিতায়। কবির আধ্যাত্মিক জীবন উন্মেষ লাভ করিবার আকূতি প্রকাশ করিয়া ব্রহ্মের সম্মুখে নৈবেদ্য নিবেদন করিয়াছে। সঙ্গে সঙ্গে স্বদেশের জন্যও কবি সত্যবোধ সত্যধর্ম সত্যনিষ্ঠা বল ও বীর্য প্রার্থনা করিতেছেন। কবি স্বদেশকে তাহার প্রাচীন আদর্শের উপরই পুনঃপ্রতিষ্ঠিত দেখিতে চাহিতেছেন।

মুক্তি

(১৩০৭)

সকল দেশের মধ্যযুগের কবি দার্শনিক ও ধর্ম্মপ্রবর্তকদের এই ধারণা ছিল যে, এই মর্ত্যে কেবল দুঃখ, এবং বৈরাগ্যের দ্বারা সংসারে অনাসক্ত হইতে পারিলেই আত্যন্তিকী দুঃখনিবৃত্তি হইয়া যাইবে, এবং সেই দুঃখনিবৃত্তির নামই মুক্তি। বৈষ্ণব দার্শনিকেরা আমাদের দেশে প্রথমে মুক্তির বিরুদ্ধে প্রতিবাদ-ঘোষণা করেন। চৈতন্যচরিতামৃতে দেখিতে পাই—

অজ্ঞান-তমের নাম কহিয়ে কৈতব।
ধর্ম-অর্থ-কাম বাঞ্ছা-আদি এই সব॥
তার মধ্যে মোক্ষ-বাঞ্ছা কৈতব প্রধান।
যাহা হৈতে কৃষ্ণভক্তি হয় অন্তর্ধান॥

বাসুদেব সার্বভৌম চৈতন্যদেবকে বলিয়াছিলেন—

মুক্তিশব্দ কহিতে মনে হয় ঘৃণা ত্রাস।
ভক্তিশব্দ কহিতে মনে হয়ত উল্লাস॥

রবীন্দ্রনাথ আধুনিক ধারণার অগ্রদূত হইয়া সংসারকেই ধর্মসাধনার পরম তীর্থ বলিয়া গ্রহণ করিয়াছেন। মানুষ সুখ-দুঃখ ও পাপ-পুণ্যের ভিতর দিয়া ক্রমশঃ পবিত্র ও উন্নত হইয়া উঠে। কবির দৃষ্টিতে এই জগৎ মায়া মাত্র নহে, ইহা ব্রহ্মেরই প্রকাশক্ষেত্র ও লীলা ক্ষেত্র—

সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর।
আমার মধ্যে তোমার প্রকাশ তাই এত মধুর॥

যে বিশ্ব আমাদের চেতনার ভিতরে, বাসনার ভিতরে, বেদনার ভিতরে, কর্মের ভিতরে, সর্ব অনুভবের ভিতরে স্পন্দিত হয়, তাহা তো মায়াময় মোহময় মিথ্যা অথবা ক্ষতিকারক হইতে পারে না।

এইজন্য কবি বলিয়াছেন—

"হৃদয়ের বৃত্তি, ইংরাজিতে যাহাকে emotion বলে, তাহা আমাদের হৃদয়ের আ-বেগ, অর্থাৎ গতি; তাহার সহিত বিশ্ব-কম্পনের একটা মহা ঐক্য আছে। আলোকের সহিত, বর্ণের ধ্বনির সহিত, তাপের সহিত তাহার একটা স্পন্দনের যোগ, একটা সুরের মিল আছে। বিশ্ব-প্রকৃতির সৌন্দর্য মাত্রই—একটা অনির্দেশ্য আবেগে আমাদের প্রাণকে পূর্ণ করিয়া দেয়। মন উদাস হইয়া যায়। অনেক কবি এই অপরূপ ভাবকে অনন্তের জন্য আকাঙ্ক্ষা বলিয়া নাম দিয়া থাকেন।...সঙ্গীত ও সন্ধ্যাকাশের সূর্যাস্তচ্ছটা কতবার আমার অন্তরের মধ্যে অনন্ত বিশ্ব-জগতের হৃদস্পন্দন সঞ্চারিত করিয়া দিয়াছে; যে একটি অনির্বচনীয় বৃহৎ সঙ্গীত ধ্বনিত করিয়াছে তাহার সহিত আমার প্রতিদিনের সুখ-দুঃখের কোনো যোগ নাই, তাহা বিশ্বেশ্বরের মন্দির প্রদক্ষিণ করিতে করিতে নিখিল চরাচরের সামগান। কেবল সঙ্গীত ও সূর্যাস্ত কেন, যখন কোনো প্রেম আমাদের সমস্ত অস্তিত্বকে বিচলিত করিয়া তোলে, তখন তাহাও আমাদিগকে সংসারের ক্ষুদ্র বন্ধন হইতে বিচ্ছিন্ন করিয়া অনন্তের সহিত যুক্ত করিয়া দেয়। তাহা একটা বৃহৎ উপাসনার আকার ধারণ করে, দেশ-কালের শিলামুখ বিদীর্ণ করিয়া উৎসের মতো অনন্তের দিকে উৎসারিত হইতে থাকে।

"এইরূপে প্রবল স্পন্দনে আমাদিগকে বিশ্ব-স্পন্দনের সহিত যুক্ত করিয়া দেয়। বৃহৎ সৈন্য যেমন পরস্পরের নিকট হইতে ভাবের উন্মত্ততা আকর্ষণ করিয়া লইয়া একপ্রাণ হইয়া উঠে, তেমনি বিশ্বের কম্পন সৌন্দর্য-যোগে যখন আমাদের হৃদয়ের মধ্যে সঞ্চারিত হয়, তখন আমরা সমস্ত জগতের সহিত একতালে পা ফেলিতে থাকি, নিখিলের প্রত্যেক কম্পমান পরমাণুর সহিত এক-দলে মিশিয়া অনিবার্য আবেশে অনন্তের দিকে ধাবিত হই।" —পঞ্চভূত, গদ্য ও পদ্য।

কবি 'প্রকৃতির প্রতিশোধ' নাটকেও এই কথাই বলিয়াছেন—রবিরশ্মি, পূর্বভাগ দ্রষ্টব্য।

মালিনী নাটকের মধ্যেও কবি বলিয়াছেন যে—দূর হইতে নিকটের মধ্যে, অনির্দিষ্ট হইতে নির্দিষ্টের মধ্যে, কল্পনা হইতে প্রত্যক্ষ্যের মধ্যেই ধর্মকে ভালো করিয়া উপলব্ধি করা যায়।

কবি অন্যত্র লিখিয়াছেন—

"প্রকৃতি তাহার রূপ-রস-বর্ণ-গন্ধ লইয়া, মানুষ তাহার বুদ্ধি-মন, তাহার স্নেহ-প্রেম লইয়া আমাকে মুগ্ধ করিয়াছে—সেই মোহকে আমি অবিশ্বাস করি না, সেই মোহকে আমি নিন্দা করি

না। তাহা আমাকে বদ্ধ করিতেছে না, তাহা আমাকে মুক্তই করিতেছে, তাহা আমাকে আমার বাহিরেই ব্যাপ্ত করিতেছে। নৌকার গুণ নৌকাকে বাঁধিয়া রাখে নাই, নৌকাকে টানিয়া টানিয়া লইয়া চলিয়াছে। জগতের সমস্ত আকর্ষণ-পাশ আমাদিগকে তেমনি অগ্রসর করিতেছে। প্রেম প্রেমের বিষয়কে অতিক্রম করিয়াও ব্যাপ্ত হয়; যে জিনিসটাকে সন্ধান করিতেছি, দীপালোক কেবলমাত্র সেই জিনিসটাকে প্রকাশ করে তাহা নহে, সমস্ত ঘরকে আলোকিত করে। জগতের সৌন্দর্যের মধ্য দিয়া, প্রিয়জনের মাধুর্যের মধ্য দিয়া ভগবানই আমাদিগকে টানিতেছেন—আর কাহারও টানিবার ক্ষমতা নাই। পৃথিবীর প্রেমের মধ্য দিয়াই সেই ভূমানন্দের পরিচয় পাওয়া, জগতের এই রূপের মধ্যে সেই অপরূপকে সাক্ষাৎ প্রত্যক্ষ করা, ইহাকেই তো আমি মুক্তির সাধনা বলি। জগতের মধ্যে আমি মুগ্ধ, সেই মোহেই আমার মুক্তি-রসের আস্বাদন।"

—বঙ্গভাষার লেখক, ৯৮০-৮২ পৃষ্ঠা।

অতএব দেখা যাইতেছে যে, এই কবিতার ভাবার্থ এই—এই সংসার ও এই মানবজীবন মিথ্যা মরীচিকা মাত্র অথবা ভগবৎ-প্রাপ্তির অন্তরায় নহে। প্রকৃত-পক্ষে ভগবান সংসারের এই বিচিত্রতা ও জীবনের এই নানা সম্বন্ধের মধ্য দিয়াই আপনাকে ব্যক্ত করিতেছেন। সুতরাং মুক্তি-লাভের জন্য ইহ-সংসারকে বর্জন করিয়া পরলোকাপেক্ষী সাধনা করিবার কোনো প্রয়োজন নাই। সংসারে থাকিয়াই, আপনার কর্তব্য করিয়াই ভগবানকে লাভ করা যায়।

আমাদের দেশের বৈরাগ্যবাদী উদাসীনতা ও সাংসারিক বিষয়ে অলস নিশ্চেষ্টতা এক দিকে, এবং পাশ্চাত্যদেশের বৈষয়িক সম্ভোগ-লোলুপ উদ্দামতা অন্য দিকে,—এই উভয়েরই প্রতিবাদ করিয়া কবি বারংবার বলিয়াছেন—মুক্তি ও বন্ধনের সমন্বয় করিতে হইবে, স্ব-অধীন হইয়া স্বাধীনতার সাধনা করিতে হইবে, আত্ম-উপলব্ধি করিয়া বিশ্বের সহিত সংযুক্ত হইতে হইবে। ইন্দ্রিয়ানুভূতিই উচ্চতর আধ্যাত্মিক উপলব্ধির সোপান।

এইরূপ কথা তিনি নৈবেদ্যের নানা কবিতার মধ্যে বলিয়াছেন—

সংসারে বঞ্চিত করি' তব পূজা নহে।

বিশ্ব যদি চ'লে যায় কাঁদিতে কাঁদিতে,
আমি একা ব'সে রব, মুক্তি আরাধিতে?
জন্মেছি যে মর্ত্যলোকে ঘৃণা করি' তারে
ছুটিব না স্বর্গে আর মুক্তি খুঁজিবারে।

এই কবিতায় কবি বলিয়াছেন যে আমি জগৎ-ছাড়া নই, আর জগৎ আমি-ছাড়া নয়। অতএব আমি ও জগতের মধ্যে কোনো বন্ধনই নাই।

যদি বা থাকে, তবে তাহা ছেদন করিবার কোনো উপায়ও নাই। মানুষ সমস্তকে লইয়াই সম্পূর্ণ। প্রেমেই মুক্তি, প্রেমে সকল স্বার্থপরতার গণ্ডী মুছিয়া যায়, প্রেমে সব আসক্তির মৃত্যু ঘটে। তিনিই প্রেম যিনি কোনো প্রয়োজন নাই তবু আমাদের জন্য নিরন্তর সমস্তই ত্যাগ করিতেছেন। যিনি প্রেমস্বরূপ, তিনি তো কাহাকেও পরিত্যাগ করেন না। এইজন্য কবি বলিয়াছেন—

আমি যে সব নিতে চাই, সব নিতে ধাই রে,
আমি আপনাকে ভাই মেল্‌ব যে বাইরে। —গীতবিতান।

যুক্ত করো হে সবার সঙ্গে, মুক্ত করো হে বন্ধ।

বারে বারে তুমি আপনার হাতে স্বাদে গন্ধে ও গানে
বাহির হইতে পরশ করেছ অন্তর-মাঝখানে।

প্রদীপের মতো ইত্যাদি—জগতের প্রত্যেকটি পদার্থ এক-একটি দীপ-বর্তিকার মতো বিশ্বেশ্বরের মহিমা প্রকাশ করিতেছে।

ইন্দ্রিয়ের দ্বার ইত্যাদি—ইন্দ্রিয়ের দ্বারা বিশ্বসৌন্দর্যের অনুভূতিই উচ্চতর আধ্যাত্মিক উন্নতির সোপান।

মোহ—বিশ্বজগৎকে সত্য বলিয়া অনুমান করিয়া তাহাকে ভালোবাসার নাম মোহ বা মায়া।

প্রেম মোর ভক্তিরূপে রহিবে ফলিয়া—তুলনীয়—

যারে বলে ভালোবাসা তারে বলে পূজা। —চৈতালি, পুণ্যের হিসাব।
আনন্দই উপাসনা আনন্দময়ের। —চৈতালি, অভয়।

কবি বলিতেছেন যে প্রকৃতি বিশ্বরাজের শক্তির ক্ষেত্র, আর জীবাত্মা তাঁহার প্রেমের ক্ষেত্র। প্রকৃতির আবেশ-বিহ্বলতা, জীবনের মোহ ও বন্ধন, অন্তরের আনন্দ ও মুক্তির তৃষ্ণা—সমস্তই বিশ্ববিমোহনের চরণতলে একত্র হইয়া আছে।

বৈষ্ণবদের যে আশা ও আকাঙ্ক্ষা বৈকুণ্ঠের জন্য সঞ্চিত থাকে, হেগেল তাহা সংসারেই মিটাইতে চাহেন। কবির মত অনেকটা হেগেলের মতের অনুগামী—ইহা Ideal Realism of Hegelian Philosophy।

তুলনীয়—

He prayeth best who loveth best.

—Coleridge, *Ancient Mariner*.

For Love is Heaven, and Heaven is Love.

—Scott, *Lays of the Last Ministrel*.

Leigh Hunt-এর *Abu Ben Adhem*; Browning-এর *Saul*, *Rabbi Ben Ezra*.

ভক্ত করিছে প্রভুর চরণে জীবন সমর্পণ

এই কবিতাটি কবি তাঁহার পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর মহাশয়কে উপাসনায় ভগবানের প্রেমে তন্ময় হইয়া যাইতে দেখিয়া মুগ্ধ অন্তরের আনন্দের সহিত লিখিয়াছিলেন বলিয়া অনুমান হয়। মহর্ষি বোলপুর শান্তিনিকেতনে ব্রহ্মজ্ঞানে কিরূপ নিমগ্ন হইয়া তপস্যা করিতেন তাহার পরিচয় রবীন্দ্রনাথ ইহার পরে দিয়াছেন—

"এই আকাশে এই আলোকে দেখেছি সকালে বিকালে পিতৃদেবের পূজার নিঃশব্দ নিবেদন, তাঁর গভীর গাম্ভীর্য।" আশ্রমবিদ্যালয়ের সূচনা, প্রবাসী ১৩৪০ আশ্বিন, ৭৪২ পৃষ্ঠা।

দীক্ষা

বিরোধ-বিপ্লবের ভিতর দিয়া মানুষ একটি ঐক্যকে খোঁজে—সেটি শিবম্। মঙ্গলের মধ্যেই দ্বন্দ্ব—অঙ্কুর এইখানে দুইভাগ হইয়া বাড়িতে চলিয়াছে; মঙ্গলের মধ্যেই সুখ-দুঃখ ভালো-মন্দ। মাটির মধ্যে যে বীজটি ছিল সেটি এক, সেটি শান্ত, সেখানে আলো-আঁধারের লড়াই ছিল না; লড়াই বাধিল শিবকে জানিতে গিয়া—শিবকে জানার বেদনা বড় তীব্র, এইখানে মহদ্ভয়ং বজ্রম্ উদ্যতম। কিন্তু এই বড় বেদনার মধ্যেই আমাদের ধর্মবোধের যথার্থ জন্ম ও পরীক্ষা। বিশ্বপ্রকৃতির বৃহৎ শান্তির মধ্যে তাহার গর্ভবাস। কবি ভগবানের নির্দ্দেশ অনুযায়ী সত্যের, ন্যায়ের, ধর্ম্মের সংগ্রামে প্রবৃত্ত হইতে চাহিতেছেন। বাঙালীর ভাববিহ্বলতা হইতে অব্যাহতি লাভের জন্য কবি বহু কবিতায় প্রার্থনা করিয়াছেন।

ন্যায়দণ্ড

কবি মঙ্গলময় পরমেশ্বরকে অন্তরে অন্তরে অনুভব করিয়াই ক্ষান্ত হইতেছেন না; তাঁহাকেই নিজের চিত্ত-মন্দিরে পূর্ণ গৌরবে প্রতিষ্ঠিত করিয়া তাঁহারই সৈনিকরূপে এই সংসার-বক্ষে দৃঢ়-পদক্ষেপে বিচরণ করিতে চাহিতেছেন।

শৃণ্বন্তু বিশ্বে

কবি ভারতের অতীত গৌরবের সহিত বর্তমানের অধঃপতন তুলনা করিয়া পুনরায় সেই অতীতের মহিমায় স্বদেশকে প্রতিষ্ঠিত দেখিতে চাহিতেছেন। শ্বেতাশ্বতর-উপনিষদের ২।৫ ও ৩।৮ বাণী দুইটিকে কবি এই কবিতার মধ্যে সন্নিবিষ্ট করিয়া প্রাচীন-ভারতের আদর্শ আমাদের সম্মুখে উপস্থাপিত করিয়াছেন।

শিক্ষা

কবি প্রাচীন ভারতের যে-সব পরিচয় কাব্যে ও শাস্ত্রে পাইয়াছেন, সেই আদর্শ অনুধাবন করিয়া এই সনেটটি লিখিয়াছেন।

নৃপতিরে শিখায়েছ তুমি ত্যজিতে মুকুট দণ্ড সিংহাসন ভূমি ইত্যাদি—ইহার পরিচয় আমরা পাই কালিদাসের রঘুবংশ কাব্যে—বার্ধক্যে মুনি-বৃত্তীনাম্।—রঘুবংশ, ১ম সর্গ।

ক্ষমিতে অরিরে—প্রাচীন ভারতের যুদ্ধও ধর্মযুদ্ধ ছিল, যুদ্ধের সময়েও ন্যায়-পথ হইতে ভ্রষ্ট হওয়া বীরের পক্ষে গ্লানি ও লজ্জার কারণ হইত। প্রাচীন ভারতের যুদ্ধের আদর্শ ছিল—

বিরথং বিগতং ব্যশ্বং বিবর্ণং বিমুখস্থিতম্।
যুদ্ধোৎসাহ-হতং হত্বা ব্রহ্মহা জায়তে নরঃ॥

—বহ্নিপুরাণ। মনুসংহিতা ৭ম অধ্যায় দ্রষ্টব্য।

সর্বফল-স্পৃহা ব্রহ্মে দিতে উপহার—

কর্মণ্যেবাধিকারস্তে, মা ফলেষু কদাচন।—শ্রীমদ্ভগবদ্গীতা ২।৪৭।
সর্বং কর্মফলং ব্রহ্মার্পণম্ অস্তু। —শ্রুতি।

গৃহীরে শিখালে গৃহ করিতে বিস্তার—প্রত্যেক গৃহস্থের নিত্য পঞ্চযজ্ঞ অনুষ্ঠান করিতে হইত—তাহার মধ্যে নৃযজ্ঞ এবং ভূতযজ্ঞ দুইটি; অর্থাৎ

প্রত্যহ অন্ততঃ একটি অতিথির ও কোনো না কোনো প্রাণীর সেবা করিতে হইবে, তাহাদিগকে অন্নপানীয় দিয়া পরিতৃপ্ত করিতে হইবে, তাহারাও গৃহস্থের পরিবারের অন্তর্ভুক্ত এই বোধ মনে রাখিতে হইবে।

নির্মল বৈরাগ্যে দৈন্য করেছ উজ্জ্বল—দৈন্য মানুষের অক্ষমতার পরিচায়ক, এ জন্য দৈন্য লজ্জাজনক; কিন্তু সক্ষমের স্বেচ্ছাকৃত যে দৈন্য ত্যাগের মহত্ত্বে মণ্ডিত হয়, তাহাতে সেই দৈন্য মাহাত্ম্যের প্রভায় উজ্জ্বল হইয়া উঠে।

সংসার রাখিতে নিত্য ব্রহ্মের সম্মুখে—

ব্রহ্মনিষ্ঠো গৃহস্থঃ স্যাদ্ ব্রহ্ম-জ্ঞান-পরায়ণঃ।
যদ্ যৎ কর্ম প্রকুর্বীত তদ্ ব্রহ্মণি সমর্পয়েৎ॥

—মহানির্বাণতন্ত্র, ৮ম উল্লাস।

ঈশা বাস্যম্ ইদং সর্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যস্বিদ্ ধনম্॥

—ঈশোপনিষৎ, ১ম শ্লোক।

যুগান্তর ও স্বার্থের সমাপ্তি

এ দুইটি সনেট বোয়ার-যুদ্ধের সময়ে লেখা। ১৯০০ সালে বোয়ার-যুদ্ধ হয়। সেই জন্য শতাব্দীর সূর্যাস্তের কথা বলা হইয়াছে। ইংরেজ ও ভারতীয়দের প্রতি ওলন্দাজ উপনিবেশী বোয়ারেরা অন্যায় অত্যাচার করিতেছে এই অজুহাতে ইংলণ্ড যুদ্ধ ঘোষণা করিয়া পরে পররাজ্য কাড়িয়া লইবার চেষ্টা করিয়াছিল। ইহাকে কবি নিন্দা করিতেছেন।

কবিদল চীৎকারিছে—এই সময়ে কিপ্‌লিং প্রভৃতি কবিরা বোয়ার-বিদ্বেষ জাগ্রত করিয়া তুলিবার জন্য কবিতা রচনা করিয়াছিলেন।

প্রার্থনা

কবি মানব-জীবনকে ভালবাসেন। তাই তিনি তাহার বিকাশের সম্পূর্ণ স্বাধীনতা চাহেন। আচার সংস্কার প্রথা রীতি যেখানে জীবনে স্বচ্ছন্দ মহিমাকে খর্ব করে সেখানে কবি তাহাকে নির্মম আঘাত করেন। এই কবিতায় কবি যে প্রার্থনা করিয়াছেন তাহা সর্বসংস্কারমুক্ত বলিষ্ঠ আত্মার প্রার্থনা, সম্পূর্ণ মনুষ্যত্বে প্রতিষ্ঠিত হইবার জন্য সত্যসন্ধ বিগতভীঃ সমদর্শী ভারতবর্ষের বাণীমূর্তির প্রার্থনা।

স্মরণ

১৩০৯ সালের ৭ই অগ্রহায়ণ কবিবরের পত্নীবিয়োগ হয়। সেই শোকে কবি যে কবিতাগুলি রচনা করিয়াছিলেন, সেগুলি স্মরণ নামে মোহিতচন্দ্র সেন কর্তৃক সম্পাদিত কাব্যগ্রন্থাবলীর মধ্যে প্রকাশিত হয় ১৩১০ সালে।

এই কবিতাগুলি কবিবর ব্যক্তিগত ক্ষতির ক্ষতমুখ হইতে নির্গলিত হৃদয়-শোণিতে অভিষিক্ত হইলেও ইহাদের মধ্যে একটি সার্বজনীন বিরহব্যথা রূপ গ্রহণ করিয়াছে। কবি রবীন্দ্রনাথ কি ব্যক্তিগত জীবনে, কি পারিবারিক জীবনে, কি কবিজীবনে, অথবা কি ধর্মজীবনে, কোথাও ভাবাবেগে বিহ্বল হওয়াকে প্রশ্রয় দেন নাই, উদ্বেলিত উচ্ছ্বাসকে তিনি সর্বক্ষেত্রে নিন্দা করিয়াছেন। এই জন্য এই বিষম ক্ষতির কবিতাগুলির মধ্যেও একটি অসামান্য সংযম ও আত্মদমন আছে। এখানে কবির শোক হইয়াছে মিতবাক্।

মৃত্যুমাধুরী

এই কবিতাটি ১৩০৯ সালের মাঘ মাসে বঙ্গদর্শনে ৫৬৭ পৃষ্ঠায় "সার্থকতা" নামে প্রথম প্রকাশিত হয়। স্মরণ সম্বন্ধীয় অনেক কবিতা ১৩০৯ সালের অগ্রহায়ণ মাস হইতে আরম্ভ করিয়া প্রতিমাসে নবপর্যায় বঙ্গদর্শনে প্রকাশিত হইয়াছিল।

কবি রবীন্দ্রনাথ মৃত্যুকে কখনও ভয়ঙ্কর বা শোকাবহ মনে করেন নাই। মৃত্যুসম্বন্ধে তাঁহার ধারণা কি তাহা তিনি নিজেই লিখিয়াছেন—

"জগৎ-রচনাকে যদি কাব্যহিসাবে দেখা যায় তবে মৃত্যুই তাহার সেই প্রধান রস, মৃত্যুই তাহাকে যথার্থ কবিত্ব অর্পণ করিয়াছে। যদি মৃত্যু না থাকিত, জগতের যেখানকার যাহা,—তাহা চিরকাল সেইখানেই অবিকৃতভাবে দাঁড়াইয়া থাকিত, তবে জগৎটা একটা চিরস্থায়ী সমাধি-মন্দিরের মতো অত্যন্ত সঙ্কীর্ণ, অত্যন্ত কঠিন, অত্যন্ত বদ্ধ হইয়া রহিত। এই অনন্ত নিশ্চলতার চিরস্থায়ী ভার বহন করা প্রাণীদের পক্ষে বড় দুরূহ হইত। মৃত্যু এই অস্তিত্বের ভীষণ ভারকে সর্বদা লঘু করিয়া রাখিয়াছে, এবং জগৎকে বিচরণ করিবার অসীম ক্ষেত্র দিয়াছে। যে দিকে মৃত্যু সেই দিকেই জগতের অসীমতা। সেই অনন্ত রহস্যভূমির দিকেই মানুষের সমস্ত কবিতা, সমস্ত সঙ্গীত, সমস্ত ধর্মতন্ত্র, সমস্ত তৃপ্তিহীন বাসনা সমুদ্রপারগামী পক্ষীর মতো নীড় অন্বেষণে উড়িয়া চলিয়াছে।—একে যাহা প্রত্যক্ষ, যাহা বর্তমান, তাহা আমাদের পক্ষে অত্যন্ত প্রবল,—

আবার তাহাই যদি চিরস্থায়ী হইত তবে তাহার একেশ্বর দৌরাত্ম্যের আর শেষ থাকিত না—তবে তাহার উপরে আর আপীল চলিত কোথায়? তবে কে নির্দেশ করিয়া দিত ইহার বাহিরেও অসীমতা আছে? অনন্তের ভার এ জগৎ কেমন করিয়া বহন করিত মৃত্যু যদি সেই অনন্তকে আপনার চিরপ্রবাহে নিত্যকাল ভাসমান করিয়া না রাখিত?

মরিতে না হইলে বাঁচিয়া থাকিবার কোন মর্যাদাই থাকিত না। এখন জগৎশুদ্ধ লোকে যাহাকে অবজ্ঞা করে সেও মৃত্যু আছে বলিয়াই জীবনের গৌরবে গৌরবান্বিত।

জগতের মধ্যে মৃত্যুই কেবল চিরস্থায়ী—সেই জন্য আমাদের সমস্ত চিরস্থায়ী আশা ও বাসনাকে সেই মৃত্যুর মধ্যে প্রতিষ্ঠিত করিয়াছি। আমাদের স্বর্গ, আমাদের পুণ্য, আমাদের অমরতা সব সেইখানে। যে-সব জিনিস আমাদের এত প্রিয় যে কখনও তাহাদের বিনাশ কল্পনাও করিতে পারি না, সেগুলিকে মৃত্যুর হস্তে সমর্পণ করিয়া দিয়া জীবনান্তকাল অপেক্ষা করিয়া থাকি। পৃথিবীতে বিচার নাই, সুবিচার মৃত্যুর পরে; পৃথিবীতে প্রাণপণ বাসনা নিষ্ফল হয়, সফলতা মৃত্যুর কল্পতরুতলে। জগতের আর সকল দিকেই কঠিন স্থূল বস্তুরাশি আমাদের মানস আদর্শকে প্রতিহত করে, আমাদের অমরতা-অসীমতাকে অপ্রমাণ করে—জগতের যে-সীমায় মৃত্যু, যেখানে সমস্ত বস্তুর অবসান, সেইখানেই আমাদের প্রিয়তম প্রবলতম বাসনার, আমাদের শুচিতম সুন্দরতম কল্পনার কোন প্রতিবন্ধক নাই। আমাদের শিব শ্মশানবাসী—আমাদের সর্বোচ্চ মঙ্গলের আদর্শ মৃত্যুনিকেতনে।

জগতের নশ্বরতাই জগৎকে সুন্দর করিয়াছে। এই জন্য মানুষের দেবলোকেও মৃত্যুর কল্পনা।"

—পঞ্চভূত, অপূর্ব রামায়ণ।

কবি এই কবিতায় বলিতেছেন যে বিচ্ছেদে মানুষের গুণের পরিচয় সুস্পষ্ট হয়। প্রিয়া-বিরহে প্রিয়ার মাধুর্য উপলব্ধি করিয়া কবি মনে করিতেছেন—মৃত্যু তাঁহার নিকটে অমৃতরস বহন করিয়া আনিয়াছে। কবির গৃহলক্ষ্মী এখন বিশ্ব-লক্ষ্মীতে পরিণত হইয়াছে।

কবি বলিতেছেন যে তাঁহার প্রিয়া মরণের সিংহদ্বার দিয়া বিজয়িনী-রূপে তাঁহার জীবনে পুনঃপ্রবেশ করিয়াছেন। এই মৃত্যু-ঘটনাকে সেই জন্য কবি দুঃখজনক বোধ করিতেছেন না। কবির প্রেয়সী জন্ম-মরণের মাঝে দাঁড়াইয়া রহিয়াছেন, যেমন কবি ওয়ার্ডস্‌ওয়ার্থ্ তাঁহার প্রিয়াকে দেখিয়াছিলেন—A traveller between life and death।

কবি স্মরণের মধ্যে প্রেমকে যেমন জীবনের অতিথি-রূপে দেখিয়াছেন, তেমনি মরণকেও অন্য অতিথি-রূপে দেখিয়াছিলেন। কবি তাঁহার প্রিয়াকে তাঁহার জীবনের মধ্যে জীবিত দেখিতেছেন। এই ভাবটি বলাকার 'ছবি' কবিতায় স্পষ্ট হইয়াছে।

এই কবিতাগুলির সঙ্গে কবি শেলীর Adonais তুলনীয়; এবং কবিরই নিজের লেখা অন্যান্য মৃত্যু-সম্বন্ধীয় কবিতা তুলনীয়—দ্রষ্টব্য উৎসর্গ।

চিঠি

১৩০৯ সালের মাঘ মাসের বঙ্গদর্শনে ৫৬৮ পৃষ্ঠায় "সঞ্চয়" নামে ইহা প্রথম প্রকাশিত হয়।

কবি বলিতেছেন যে একটি চিঠি দেখিয়া অতীত কালের কত কথাই মনে পড়ে; ঐ চিঠিটুকু অতীতকালের স্মৃতির ভাণ্ডার হইয়া দাঁড়ায়। ঐ চিঠির নিজস্ব কোনো মূল্য নাই, কেবল উহার মধ্যে আমার অতীত কাল প্রতিষ্ঠিত আছে বলিয়াই উহার এত সমাদর।

শিশু

কবিবরের পত্নীবিয়োগ হইলে তিনি তাঁহার কনিষ্ঠ পুত্র শমীন্দ্রকে ও পীড়িতা মধ্যমা কন্যা রাণীকে লইয়া আলমোড়া পাহাড়ে গিয়াছিলেন। সেখানে মাতৃহীন পুত্রকন্যাকে ও নিজেকেও প্রফুল্ল রাখিবার জন্য, নিজেকে শৈশবের অশোক আনন্দের মধ্যে লইয়া যাইবার জন্য, শিশুতোষণ কবিতা লিখিতে আরম্ভ করেন। এই শিশুতোষ কবিতাগুলি কবির নূতন সৃষ্টি নয়, তিনি কড়ি ও কোমল এবং সোনার তরী পুস্তকের মধ্যে যে-সব শিশু সম্বন্ধীয় কবিতা লিখিয়াছিলেন, এগুলি যেন তাহাদেরই অনুবৃত্তি ও প্রপূর্তি। কবি যখনই কোনো দুঃখ অনুভব করেন, তখনই তিনি সেই দুঃখ হইতে নিষ্কৃতি লাভের জন্য শৈশবের সর্বভোলা আনন্দের মধ্যে ফিরিয়া যাইতে চাহেন। ইহার অল্পদিন পরে কবির এই কন্যার ও পুত্রের মৃত্যু হয়।

শিশুর কবিতাগুলি কবি যেমন যেমন লিখিতেছিলেন অমনি সেগুলিকে মোহিতচন্দ্র সেন মহাশয়ের কাছে পাঠাইয়া দিতেছিলেন, মোহিতবাবু তখন কবিবর কাব্যগ্রন্থাবলী সম্পাদনে ব্যাপৃত ছিলেন। এই কবিতাগুলি সেই গ্রন্থাবলীর মধ্যেই ১৩১০ সালে প্রথম প্রকাশিত হয়।

শিশুর কবিতাগুলির মধ্যে কতকগুলি শিশুর মনের উপভোগ্য, নানা রঙ্গভরা কল্পনাপ্রবণ শিশু-হৃদয়ের সুখদুঃখের স্মৃতিতে পূর্ণ। এগুলি শিশু-জীবনের আনন্দ-লোককে উদ্‌ঘাটিত করিয়াছে। আর কতকগুলি কবির দার্শনিকতায় ভরা; সেগুলি শিশু কেন, শিশুর অনেক ঠাকুরদাদার মনের পক্ষেও গুরুপাক। কিন্তু সব কবিতাই যে সুস্বাদু ও সুরস তাহাতে আর কোনো সন্দেহ নাই। সেই-সব কবিতার অন্তর্নিহিত ভাব সম্পূর্ণ হৃদয়ঙ্গম করিতে না পারিলেও পাঠক ও শ্রোতা কবিতার ভাষা ও ছন্দের ঝঙ্কারে মুগ্ধ হইয়া যান। যেখানে কবি কথা দিয়া ছবির পর ছবি আঁকিয়া বা রঙ্গভঙ্গ করিয়া চলিয়াছেন সেখানে শিশুরা অত্যন্ত আনন্দ উপভোগ করে। কিন্তু যেখানে কবি নিগূঢ় দার্শনিক তত্ত্ব উপস্থিত করিয়াছেন সেখানে শিশুর মন কোনো সাড়া দেয় না, শিশুর পিতামাতার মনও যে সব সময়ে সাড়া দিতে পারে তাহা মনে হয় না। কবি যেমন এক দিকে শিশুচিত্তের তত্ত্ব উপলব্ধি করিয়াছেন, অপর দিকে তেমনি শিশুর পিতামাতার মনস্তত্ত্বও ধরিয়া দেখাইয়াছেন। এই ক্ষমতায় তিনি

বিশ্বসাহিত্যে অপ্রতিদ্বন্দ্বী। দেশবিদেশের কোনো কবি এমন নিপুণতার সহিত শিশুর মনস্তত্ত্ব চিত্রিত করিতে পারেন নাই। অন্য কবিরা বয়স্ক লোকে শিশুকে কেমন চোখে দেখে তাহাই প্রকাশ করিয়াছেন। আর রবীন্দ্রনাথ প্রকাশ করিয়াছেন শিশুর চোখে বিশ্ব-সংসার কেমন লাগে। যোগী কবির কাছে শিশু বিরাট্ অনন্ত রহস্যময় বিধাতারই যেন এক একটি রহস্য-কণা। বৈষ্ণব সাধকদের মতো আমাদের কবিও বাৎসল্য রসের ভিতর জগৎপিতার সহিত মানবের সম্বন্ধের মধুরত্বের সন্ধান পাইয়াছেন। এইসব কারণে শিশু-কাব্য রবীন্দ্রনাথের এক অপূর্ব্ব সৃষ্টি।

দ্রষ্টব্য—শিশু-সাহিত্য—শান্তা দেবী, উদয়ন, ভাদ্র ১৩৪০। শিশু ও রবীন্দ্রনাথ—সুধাময়ী দেবী, শান্তিনিকেতন-পত্রিকা। আর্নেষ্ট্ রীস্ প্রণীত রবীন্দ্রনাথ।

শিশুলীলা

মোহিতচন্দ্র সেনের সম্পাদিত কাব্যগ্রন্থাবলীতে 'শিশু' বিভাগের প্রবেশক কবিতা।

কবি রবীন্দ্রনাথ ছেলেভুলানো ছড়া-সম্বন্ধে যে কথা লিখিয়াছিলেন সে কথার দ্বারাই তাঁহার নিজের শিশু-সম্পর্কীয় কবিতাগুলিকে বুঝিবার সুবিধা হইতে পারে মনে করিয়া এখানে কিছু উদ্ধার করিতেছি।

"বালকের প্রকৃতিতে মনের প্রতাপ অনেকটা ক্ষীণ। জগৎ সংসার এবং তাহার নিজের কল্পনাগুলি তাহাকে বিচ্ছিন্নভাবে আঘাত করে, একটার পর আর একটা আসিয়া উপস্থিত হয়। মনের বন্ধন তাহার পক্ষে পীড়াজনক। সুসংলগ্ন কার্য-কারণ-সূত্র ধরিয়া জিনিসকে প্রথম হইতে শেষ পর্য্যন্ত অনুসরণ করা তাহার পক্ষে দুঃসাধ্য। বহির্জগতে সমুদ্রতীরে বসিয়া বালক বালির ঘর রচনা করে, মানস-জগতের সিন্ধুতীরেও সে আনন্দে বসিয়া বালির ঘর বাঁধিতে থাকে। বালিতে বালিতে জোড়া লাগে না, তাহা স্থায়ী হয় না—কিন্তু বালুকার মধ্যে এই যোজনশীলতার অভাব-বশতঃই বাল্য-স্থাপত্যের পক্ষে তাহা সর্বোৎকৃষ্ট উপকরণ। মুহূর্তের মধ্যেই মুঠা মুঠা করিয়া তাহাকে একটা উচ্চ আকারে পরিণত করা যায়—মনোনীত না হইলে অনায়াসে তাহাকে সংশোধন করা সহজ এবং শ্রান্তি বোধ হইলেই তৎক্ষণাৎ পদাঘাতে তাহাকে সমভূম করিয়া দিয়া লীলাময় সৃজনকর্তা লঘুহৃদয়ে বাড়ী ফিরিতে পারে। কিন্তু যেখানে গাঁথিয়া গাঁথিয়া কাজ করা আবশ্যক সেখানে কর্তাকেও অবিলম্বে কাজের নিয়ম মানিয়া চলিতে হয়। বালক নিয়ম মানিয়া চলিতে পারে না—সে সম্প্রতি মাত্র নিয়মহীন ইচ্ছাময় স্বর্গলোক হইতে আসিয়াছে। আমাদের মতো সুদীর্ঘকাল নিয়মের দাসত্বে অভ্যস্ত হয় নাই, এই জন্য সে ক্ষুদ্র শক্তি অনুসারে

সমুদ্রতীরে বালির ঘর এবং মনের মধ্যে ছড়ার ছবি স্বেচ্ছামতো রচনা করিয়া মর্ত্যলোকে দেবতার জগৎলীলার অনুকরণ করে।

"ভালো করিয়া দেখিতে গেলে শিশুর মতো পুরাতন আর কিছুই নাই। দেশ কাল শিক্ষা প্রথা অনুসারে বয়স্ক মানবের কত নূতন পরিবর্তন হইয়াছে; কিন্তু শিশু শত সহস্র বৎসর পূর্বে যেমন ছিল আজও তেমনি আছে; সেই অপরিবর্তনীয় পুরাতন বারম্বার মানবের ঘরে শিশুমূর্তি ধরিয়া জন্মগ্রহণ করিতেছে, অথচ সর্বপ্রথম দিন সে যেমন নবীন যেমন সুকুমার যেমন মূঢ় যেমন মধুর ছিল আজও ঠিক তেমনি আছে; এই নবীন চিরত্বের কারণ এই যে, শিশু প্রকৃতির সৃজন; কিন্তু বয়স্ক মানুষ বহুল পরিমাণে মানুষের নিজকৃত রচনা।"—ছেলেভুলানো ছড়া।

শিশু চিরপুরাতন অথচ চিরনূতন। এই জন্য সে পরিবর্তনকে অর্থাৎ মৃত্যুকে অগ্রাহ্য করিয়া চলে।

তুলনীয়—

John Earle তাঁহার Microcosmographie পুস্তকে "The Eternal Child" সম্বন্ধে লিখিয়াছেন—

" . . . . We laugh at his foolish sports, but his game is our earnest: and his drums, rattles, and hobby-horses are but the emblems and mockings of men's business."

"Hence in a season of calm weather,
Though inland far we be,
Our souls have sight of that immortal sea
which brought us hither,
Can in a moment travel thither,
And see the children sport upon the shore,
And hear the mighty waters rolling ever more."

—Wordsworth, *Ode on Immortality.*

ওয়ার্ড্‌স্‌ওয়ার্থ্‌ এই ভাবটি কবি ভঘ্যানের (Vaughan) প্রসিদ্ধ কবিতা "The Retreat" হইতে পাইয়াছিলেন এমন অনুমান অনেকে করেন।

মেটারলিঙ্কের ব্লু বার্ড্‌ নাটকে কবি দেখাইয়াছেন যে অনন্তের মধ্যে শিশুরা পৃথিবীতে জন্মগ্রহণ করিবার জন্য অপেক্ষা করিয়া থাকে।

ফ্র্যান্‌সিস টম্‌সন্‌ও তাঁহার Daisy and Poppy, Hound of Heaven কবিতাতে শিশুর মধ্যে দেবভাব স্বীকার করিয়াছেন।

জন্মকথা

কবি বলিতেছেন যে যে-শিশুটি জন্মে সে আকস্মিক নয়। বিশ্বের সমস্ত রহস্যের মধ্য হইতে শিশুর আবির্ভাব হয়। শিশু যে বংশে জন্মগ্রহণ করে সেই বংশের সকলের আজীবনের তপস্যার ধন সে! ভগবানই প্রত্যেক সন্তানকে তাহার পিতৃপিতামহের ও মাতৃমাতামহের সঙ্গে এক সূত্রে বাঁধিয়া সংসারে প্রেরণ করেন; তিনিই সন্তানের মধ্যে তাহার পিতৃপুরুষের সমস্ত সাধনাকে মুক্তি ও সিদ্ধি দানের পথ পরিষ্কার করিয়া দেন। মানব কেহই বিচ্ছিন্ন নয়, স্বতন্ত্র নয়; সকলেই তাহার পূর্বপুরুষ ও উত্তরপুরুষের সহিত সংযুক্ত। মানবের কোনো সম্পর্কই আকস্মিক বিচ্ছিন্ন স্বতন্ত্র নহে, তাহার সহিত সমস্ত বিশ্বের সম্পর্ক আছে। তাহার কোনো সম্পর্কই কেবল মাত্র প্রয়োজনের সম্বন্ধ বা সীমাবদ্ধ সম্বন্ধ নয়, সেই সম্বন্ধ অনাদি কালের ও জন্ম-জন্মান্তরের। তাই সমস্ত সম্বন্ধই পরমদেবতার রহস্যসম্বন্ধকেই প্রকাশ করে।

এই কবিতার মধ্যে কবি তিনটি সূত্র একত্র বুনিয়াছেন—কবিত্ব, বৈজ্ঞানিক বংশানুক্রমবাদ বা হেরেডিটি, এবং আত্মার অমরতা ও জন্মান্তরবাদ। কবি বলিতেছেন যে শিশু অনন্ত অসীম হইতে আবির্ভূত হয় এবং দেশ কাল এবং বংশের সমস্ত বাহ্য ও মানসিক প্রভাব তাহার স্বভাবকে গঠন করে।

এই কবিতাটির সহিত কবি টেনিসনের 'ডি প্রোফাণ্ডিস' কবিতাটি বিশেষ ভাবে তুলনীয়।

যাস্ক তাঁহার নিরুক্তের মধ্যে পুত্র-সম্বন্ধে খৃষ্টপূর্ব চতুর্থ শতাব্দীতেই বলিয়া গিয়াছিলেন—

> অঙ্গাৎ অঙ্গাৎ সম্ভবসি, হৃদয়াদ্ অধিজায়সে।
> আত্মা বৈ পুত্র-নামাসি, স জীব শরদঃ শতন্॥

ঐ কথাটিকেই কবি রবীন্দ্রনাথ আধুনিক বৈজ্ঞানিক তত্ত্বের সঙ্গে অসামান্য কবিত্ব মিলাইয়া প্রকাশ করিয়াছেন। এই কবিতাটি রবীন্দ্রনাথের একটি অত্যুত্তম রচনা।

কেন মধুর

বিশ্বের আনন্দ-উৎস বাৎসল্য-রসের ভিতর দিয়া মাতার নিকটে আপনাকে প্রকাশ করে। শিশুর হাতে রঙীন খেলনা দিলে শিশুর হৃদয়ে ও মুখে যে

আনন্দ-হাস্য ফুটিয়া উঠে তাহা দেখিয়া মনে হয় এই আনন্দের সুরের সঙ্গে বিশ্বের আনন্দধারার অখণ্ড সংযোগ আছে; ছেলের মুখের হাসি তখন মেঘের রং, জলের রং, ফুলের রং প্রভৃতির সঙ্গে এক পঙ্‌ক্তিতে বসিয়া যায়—ছেলের হাসি দেখিয়াই বুঝিতে পারি বিশ্বসৌন্দর্য কোথায় কোথায় কি কি রূপে আপনাকে প্রকাশ করিতেছে। শিশু-হৃদয়ের আনন্দধারার সহিত বিশ্বপ্রকৃতির মিল আছে বলিয়াই শিশুর আনন্দের সহিত বিশ্বপ্রকৃতির আনন্দের রূপলীলাও মাতার নয়নে মূর্ত হইয়া উঠে। শিশুর নৃত্য বিশ্বছন্দেরই অঙ্গ; তাহার নৃত্যের সঙ্গে বিশ্ব-সঙ্গীত সুর দেয় ও বিশ্বছন্দ তাল মিলায়। বিশ্বসঙ্গীত যেন শিশুর আনন্দের প্রতিধ্বনি, অথবা বিশ্বসঙ্গীতেরই প্রতিধ্বনি শিশুর আনন্দ-কাকলী।

শিশু যে ভোজনানন্দ উপভোগ করে তাহা দেখিয়াই উপলব্ধি হয় বিশ্বের উপভোগ্য পদার্থ কত মধুর। পুত্র-স্পর্শ-সুখ বিশ্বের আলোক-বাতাসের স্পর্শের আনন্দ হৃদয়ে সুস্পষ্ট করিয়া দেয়। মাতা সন্তান-বাৎসল্যের ভিতর দিয়া জগৎ-শোভার অর্থ উপলব্ধি করেন; আপনার অন্তরের আনন্দ-ভাতিতে জগতের শোভায় আনন্দময়ের ও সুন্দরের সত্তা সন্দর্শন করেন। মানুষের মনে প্রেম ও আনন্দ উদয় হইলে সে সমস্ত-কিছুকে সুন্দর দেখে।

শিশুই স্ত্রীলোককে মাতৃত্বের আনন্দ অনুভব করায়। স্ত্রীলোক মা হইলেই বিশ্বপ্রকৃতি তাহার কাছে নূতন রূপে প্রতিভাত হয়। শিশুর আনন্দে মাতৃহৃদয়ও আনন্দিত হয়। কাহারো অন্তরে আনন্দ না থাকিলে প্রাকৃতিক আনন্দ উপলব্ধি করিতে পারে না, এবং অন্তরে আনন্দ থাকিলে সেই আনন্দের দ্বারাই সুন্দর সুন্দরতর রূপে উপলব্ধ হয়।

মাতা অপত্যস্নেহ দ্বারা আনন্দময়ী বিশ্বমাতার স্নেহ উপলব্ধি করেন। এই জন্য কবি অন্যত্র বলিয়াছেন—

"যাহাকে আমরা ভালবাসি কেবল তাহারই মধ্যে আমরা অনন্তের পরিচয় পাই। এমন কি জীবের মধ্যে অনন্তকে অনুভব করারই অন্য নাম ভালবাসা। ......বৈষ্ণবধর্ম পৃথিবীর সমস্ত প্রেম-সম্পর্কের মধ্যে ঈশ্বরকে অনুভব করিতে চেষ্টা করিয়াছে। যখন দেখিয়াছে মা আপনার সন্তানের মধ্যে আনন্দের আর অবধি পায় না, সমস্ত হৃদয়খানি মুহূর্তে মুহূর্তে ভাঁজে ভাঁজে খুলিয়া ঐ ক্ষুদ্র মানবাঙ্কুরটিকে সম্পূর্ণ বেষ্টন করিয়া শেষ করিতে পারে না, তখন আপনার সন্তানের মধ্যে আপনার ঈশ্বরকে উপাসনা করিয়াছে।" —পঞ্চভূত, মনুষ্য

এই কথা গোরা উপন্যাসের মধ্যে হরিমোহিনীর মুখ দিয়া কবি বলাইয়াছেন—

"ও আমার গোপীবল্লভ, আমার জীবননাথ, আমার গোপাল, আমার নীলমণি। ...বাবা তোমার কাছে বলতে আমার লজ্জা নেই, এ দুটিকে—রাধারাণী আর সতীশকে পাওয়ার পর থেকে ঠাকুরের পুজো আমি মনের সঙ্গে করতে পেরেছি—এরা যদি যায় তবে আমার ঠাকুর তখনি কঠিন পাথর হ'য়ে যাবে।"

কবি বলিতেছেন যে ভালবাসাই স্বর্গ—স্বর্গ ভালবাসায় পূর্ণ। শিশুদের মুখে স্বর্গের ছবি, তাহাদের সকল আনন্দে ভগবানের আনন্দমূর্তি প্রতিফলিত হয়—শিশুর হাসিতে ভগবানের প্রশান্ত সৌন্দর্য বিকশিত হইয়া উঠে। মাতা সন্তানের স্নেহে তাহার সৌন্দর্য ও সারলতা দেখিতে পান এবং মুগ্ধ হইয়া সেই ভাবে বিশ্বকেও উপলব্ধি করিতে চেষ্টা করেন। যখন শিশু হাসে তখন মা মনে করেন প্রকৃতিও হাসিতেছে—এবং শিশুর হাসির ছটাতেই সূর্য কিরণশালী। শিশুর হাতের রঙীন খেলনাই বিশ্বে বর্ণ-বৈচিত্র্যের কারণ এবং শিশুর ভোজনানন্দই বিশ্বসামগ্রীকে জননীর কাছে স্বাদুতা দান করে। মায়ের ইন্দ্রিয়জ উপলব্ধি সমস্তই তাঁহার সন্তানের স্নেহমূলক।

যিনি দান করেন তিনি যেমন সুখ পাইয়া থাকেন, তেমনি সুখ পাইয়া থাকেন যিনি দান গ্রহণ করেন। মাতা যখন সন্তানকে রঙীন খেলনা দেন, তখন শিশু আনন্দিত হয়, আবার মাতা সন্তানের আনন্দে আনন্দ অনুভব করিয়া থাকেন। তখনই মাতা বুঝিতে পারেন যে আমরাও যখন প্রকৃতি-মাতার প্রতিপাল্য তখন প্রকৃতিও আমাদের সুখের জন্যই এবং নিজেরও সুখের জন্যই এত বর্ণবৈচিত্র্যের সৃষ্টি করিয়া থাকেন। আবার মাতা যখন আপন সন্তানকে মিষ্ট কিছু খাইতে দেন, তখন তিনিও আনন্দিত হন—এখানেও দাতা ও গ্রহীতা উভয়েই সুখী। প্রিয়কে কিছু দান করিয়া যেমন সুখ, প্রিয়কে স্পর্শ করিয়াও সেইরূপ সুখানুভব করা যায়—এই ব্যাপারেও স্পৃষ্ট ও স্পর্শক উভয়েই সুখী। সুতরাং ঈশ্বর বা প্রকৃতি আমাদের ভালবাসেন বলিয়াই আমাদের কাছে প্রকৃতি এত সুন্দর ও মধুর রূপে প্রতিভাত হন।

"নিজের শিশু কন্যাকে যখন ভাল লাগে তখন সে বিশ্বের মূল রহস্য মূল সৌন্দর্যের অন্তর্বর্তী হ'য়ে পড়ে—এবং স্নেহ উচ্ছ্বাস উপাসকের মতো হ'য়ে আসে। আমার বিশ্বাস আমাদের প্রীতি মাত্রই রহস্যময়ের পূজা; কেবল সেটা আমরা অচেতনভাবে করি। ভালবাসা মাত্রই আমাদের ভিতর দিয়ে বিশ্বের অন্তরতম একটি শক্তির সজাগ আবির্ভাব,—যে নিত্য আনন্দ নিখিল জগতের মূলে সেই আনন্দের ক্রমিক উপলব্ধি।"

— ছিন্নপত্র, শিলাইদা, ১৩ই আগষ্ট, ১৮৯৪।

অনন্ত মুহূর্তে মুহূর্তে আপনার অপরূপ প্রকাশ সমস্ত সৌন্দর্যকে ও মানব-সম্বন্ধকে রন্ধ্র করিয়া মানবের মানস-গোচর করেন। প্রেমের আবেগে মানুষ যে পরিমাণে নিজেকে ভুলিতে পারে সেই পরিমাণে তাহার কাছে অনন্ত প্রকাশিত হন। এই প্রেম-সাধনার কথাই বৈষ্ণব দার্শনিকেরা বলিয়াছেন।

বৈষ্ণব কবিতায় বালক কৃষ্ণের নবনীত ভক্ষণ করা ও রঙীন খেলনা লইয়া খেলা করা দেখিয়া মাতা যশোদার আনন্দ-প্রকাশের কথা আছে—

অরুণ অধর উরে নবনী লাগিয়াছে রে,
মরি মরি বাছনি কানাই।
হেরি যশোমতি প্রেমেতে পূরিত আঁখি,
আয় কোলে বলিহারী যাই ॥—অজ্ঞাত,

রাণী দিল পুরি' কর, খাইতে রঙ্গিমাধর,
অতি সুশোভিত ভেল রায়।
খাইতে খাইতে নাচে কটিতে কিঙ্কিণী বাজে,
হেরি' হরষিত ভেল মায় ॥—ঘনরাম দাস।

কৃষ্ণচন্দ্র ফল হাতে খাইতে খাইতে পথে
আসি' নিজ-গৃহে উপনীত।
ফল দেখি যশোমতি আনন্দে না জানে কতি
খাওয়াইয়া প্রেম-সুখে ভাসে ॥—ঘনরাম দাস।

রাঙা লাঠি দিব হাতে, খেলাইও শ্রীদামের সাথে
ঘরে গেলে দিব ক্ষীর ননী।—নরসিংহ দাস।

এই কবিতাটির মধ্যে চারিটি কলিতে মাতা দর্শনেন্দ্রিয় শ্রবণেন্দ্রিয় রসনেন্দ্রিয় এবং স্পর্শেন্দ্রিয় দ্বারা নিজের আনন্দানুভব প্রকাশ করিয়াছেন।

তুলনীয়—

Womanliness means only motherhood :
All love begins and ends there,......roams through.
But, having run the circle, rests at home.

—Robert Browning, *The Inn Album.*

He (Rabindranath) knows that the figurative delight of the child points the mode of representing the wonder of the earth that philosophy finds it so hard to reduce to order......

Herbert Spencer saw in the appetites of the child only the insatiable hunger of the beast-innate at a lower stage. Rabindranath has learnt to divine in them the first putting forth of the desires, which, being repeated

in the other plane of intelligence, seek out the path to heaven itself...... He has, in truth, known how to see the child with the mother's eyes and the mother with the child's;......

—Ernest Rhys.

The poet, a grown up man, looks at the child with the same wonder and sense of new discovery as a child experiences in its daily life. The child's ways are so innocent and mysterious, so foolish and wise, so preposterous and lovable. The poet shows in these poems a regard, at once joyous and tender, for the changing mood and wayward desires of a child. Every poem gives us a picture touched in with the fond life-like detail of a sympathetic child-lover.

—Ernest Rhys.

লুকোচুরি ও বিদায়

প্রপঞ্চ-রূপী খোকা পঞ্চভূতে বিলয় প্রাপ্ত হইলেও তাহার একেবারে বিনাশ ঘটে না, সে ভাব-রূপে পরিণত হয়। অতএব খোকার মৃত্যু একেবারে তাহার নির্ব্বাণ নহে, তাহা তাহার রূপান্তর-প্রাপ্তি ও সর্ব্বত্র-ব্যাপ্তি। খোকা হওয়া জল আলোক ফুল হইয়া মাকে স্পর্শ করিতে আসিবে, এবং ভাবরূপে স্বপ্ন হইয়া সে মাতার মনের মধ্যেও আসা-যাওয়া করিবে।

তুলনীয়—সাজাহান কবিতা। এবং—

He is made one with Nature. There is heard
His voice in all her music, from the moan
Of thunder to the song of night's sweet bird.
He is a presence to be felt and known
In darkness and in light, from herb and stone;
Spreading itself where'er that Power may move
Which has withdrawn his being to its own.
Which wields the world with never-wearied love,
Sustains it from beneath, and kindles it above.
He is a portion of the loveliness
Which once he made lovely.

—Shelley, *Adonais.*

Where art thou, my gentle child?
Let me think thy spirit feeds,
With its life intense and mild,
The love of living leaves and weeds

Among these tombs and ruins wild;......
Let me think that through low seeds
Of the sweet flowers and sunny grass
Into their hues and scents pass
A portion......

—Shelley, *To William Shelley.*

Three years she grew in sun and shower.
Then Nature said, "A lovely flower
On Earth was never sown;
This child I to myself will take;
She shall be mine, and I will make
A lady of my own.

She shall be sportive as the fawn,
That wild with glee across the lawn
On up the mountain springs:
And hers shall be the breathing balm,
And hers the silence and the calm
Of mute insensate things.

—Wordsworth, *A Memory.*

You will bury me my mother.
Just beneath the hawthorn shade,
And you'll come sometimes
And see me where I am lowly laid.
I shall not forget you mother,
I shall hear you when you pass,
With your feet above my head
In the long and pleasant grass.
If I can I'll come again, mother.
From out my resting place;
Tho' you'll not see me mother,
I shall look upon your face;
Tho' I cannot speak a word,
I shall harken what you say,
And be often, with you,
When you think I'm far away.

—Tennyson, *New Year's Eve.*

উৎসর্গ

মোহিতচন্দ্র সেন মহাশয় কবিবরের কবিতাগুলিকে বিষয়-অনুসারে বিভাগ করিয়া একটি সংস্করণ প্রকাশ করেন ১৩১০ সালে। সেই বিভাগগুলির নাম ছিল—যাত্রা, হৃদয়ারণ্য, নিষ্ক্রমণ, বিশ্ব, সোনার তরী, লোকালয়, নারী, কল্পনা, লীলা, কৌতুক, যৌবনস্বপ্ন, প্রেম, কবিকথা, প্রকৃতিগাথা, হতভাগ্য, সংকল্প, স্বদেশ, রূপক, কাহিনী, কথা, কণিকা, মরণ, নৈবেদ্য, জীবনদেবতা, স্মরণ, শিশু, গান, নাট্য। এই প্রত্যেক বিভাগের কবিতাগুলির মোট তাৎপর্য বুঝাইবার জন্য প্রত্যেক বিভাগের প্রথমে এক-একটি প্রবেশক কবিতা কবি রচনা করিয়া দিয়াছিলেন। পরে যখন এই কাব্য-সংস্করণের আর পুনর্মুদ্রন হইল না, তখন কবির কবিতাগুলি প্রথমে যে যে পুস্তকে যে ভাবে প্রথমে প্রকাশিত হইয়াছিল, সেই প্রকারে ভিন্ন ভিন্ন পুস্তকে সন্নিবেশিত হইয়া প্রকাশিত হইতে লাগিল। তখন এই প্রবেশক কবিতাগুলি নিরাশ্রয় হইয়া পড়িল, এবং এইগুলিকে একখানি নূতন পুস্তকের মধ্যে স্থান দেওয়া আবশ্যক হইল। যখন এই কবিতাগুলি ছাপার কল্পনা হইতেছিল তখন এক দিন কবি এই কবিতা-সংগ্রহের কি নাম রাখা যায় তাহার আলোচনা আমার সহিত করিয়াছিলেন। আমি ঐ পুস্তকের নাম রাখিতে বলিলাম—উঞ্ছিতা। ঐ নাম কবির মনঃপূত হইল না, তিনি বলিলেন—ঐ নামের সঙ্গেও উঞ্ছবৃত্তি এবং বাংলা ওঁছা শব্দের গন্ধ জড়াইয়া থাকিবে। তিনি বলিলেন—নামটা ঠিক হইত উচ্ছিষ্ট, কিন্তু তাহাও বাংলায় কদর্থ ধারণ করিয়াছে। আমি বলিলাম—তাহা হইলে সন্ধি বিচ্ছেদ করিয়া উৎশিষ্ট রাখিলে হয়। কবি অল্পক্ষণ ভাবিয়া বলিলেন—না, নাম থাক উৎসর্গ—ইহার মধ্যে অবশিষ্টতার ভাবও থাকিল এবং নিবেদনের ধ্বনিও রহিল।

উৎসর্গের কবিতাগুলি কবির বিশেষ বিশেষ ভাবপর্যায়ের কবিতার মুখবন্ধ বা উপক্রমণিকা, অথবা ব্যাখ্যা-স্বরূপ বলিয়া কবিতাগুলি গভীর ভাবে সমৃদ্ধ এবং সরস কবিতা হিসাবেও অত্যুত্তম। ইহার অনেকগুলির মধ্যে জীবনদেবতার ভাব আছে; এবং কবিতাগুলি কবির পরিণত প্রতিভার ছাপ ধারণ করিয়া মহামূল্যবান্ হইয়া উঠিয়াছে।

এই কাব্যের কবিতাগুলি ১৩০৮ হইতে ১৩১০ সালের মধ্যে রচিত।

অপরূপ

এই কবিতাটি 'সোনার তরী' বিভাগের প্রবেশক কবিতা। উৎসর্গ পুস্তকের ৬ নম্বর।

যিনি কবির জীবনদেবতা ও অন্তর্যামী, তিনিই আবার বিশ্বপ্রকৃতির সকল সৌন্দর্যের ভিতর দিয়া তাঁহার বুদ্ধি চিন্তা হৃদয় ধর্ম স্পর্শ করেন। যিনি ভূর্ভুবঃ স্বঃ প্রসব করেন, তিনিই আবার আমাদের ধীশক্তিকে প্রেরণ ও উদ্রেক করিয়া থাকেন। সেই যিনি অরূপ হইয়াও বহুরূপ, যিনি রূপং রূপং বহুরূপং বিভাতি, তিনিই অপরূপ। তিনিই অনির্বচনীয়, অবাঙ্ মনসোগোচরঃ। তাই তাঁহাকে চিনি বলাও যায় না, চিনি না বলাও যায় না। এই জন্য উপনিষদ্ বলিয়াছেন—

নাহং মন্যে সুবেদেতি নো ন বেদেতি বেদে চ।
যো নস্ তদ্ বেদ তদ্ বেদ, নো ন বেদেতি বেদ চ॥

আমি মনে করি না যে আমি ব্রহ্মকে সুন্দররূপে জানিয়াছি; আমি যে তাঁহাকে জানি না এমনও নহে। 'আমি যে তাঁহাকে জানি না এমন নহে, জানি যে এমনও নহে'—এই বাক্যের অর্থ আমাদিগের মধ্যে যিনি জানিয়াছেন, তিনিই তাঁহাকে জানেন।

যস্যামতং তস্য মতং, মতং যস্য ন বেদ সঃ।
অবিজ্ঞাতং বিজানতাং, বিজ্ঞাতম্ অবিজানতাম্।

যিনি মনে করেন আমি ব্রহ্মকে জানিতে পারি নাই, তিনি তাঁহাকে জানিয়াছেন, এবং যিনি মনে করেন আমি ব্রহ্মকে জানিয়াছি, তিনি ব্রহ্মকে জানেন না। উত্তম জ্ঞানবান্ ব্যক্তিদের নিকটে ব্রহ্ম অবিজ্ঞাত, অর্থাৎ তাঁহাদের এই চেতনা আছে যে তাঁহারা ব্রহ্মকে সম্পূর্ণ জানিতে পারেন নাই, কিন্তু অসম্যগ্‌দর্শী ব্যক্তিদিগের নিকটে তিনি বিজ্ঞাত, অর্থাৎ তাহারা ভ্রান্তিবশতঃ মনে করে যে তাহারা ব্রহ্মকে সম্পূর্ণরূপেই জানিতে পারিয়াছে।

পাগল

এই কবিতাটি "যৌবন-স্বপ্ন" পর্যায়ের কবিতার প্রবেশক। সঞ্চয়িতা পুস্তকে কবি ইহার নাম রাখিয়াছেন 'মরীচিকা'। উৎসর্গ পুস্তকের ৭ নম্বর কবিতা।

বিত্তহীন ও শক্তিহীন পরদুঃখকাতর কোনো মহাপ্রাণ ব্যক্তি কোনো দুর্ভিক্ষপীড়িত দেশে গেলে যেমন নিজের অক্ষমতায় ও অপরের ব্যথায় পাগল হইয়া উঠেন, তেমনি কবিও যখন স্বীয় অন্তরলোকের সৌন্দর্য প্রকাশ করার উপযোগী ভাষা ও সুর খুঁজিয়া না পান তখন তিনিও পাগল হইয়া উঠেন। কবির সব চেয়ে বড় ব্যথাই তাঁহার অন্তরলোকের ভাবসম্ভার প্রকাশ করার ব্যথা—সে যেন গর্ভিণীর প্রসব-বেদনা, যতক্ষণ পর্যন্ত না সন্তান গর্ভ ছাড়িয়া বাহিরে আসে ততক্ষণ প্রসূতির স্বস্তি নাই। অন্তরের ভাবসম্পদ্‌কে সকলের গোচর করার উপযোগী কথা খোঁজাই কবিজীবনের সাধনা।

কবি নিজের শক্তি ও মাধুর্যের আভাস মাত্র উপলব্ধি করিতেছেন, কিন্তু সম্পূর্ণ উপলব্ধি করিতে পারিতেছেন না, সেই জন্য নিজের নাভিগন্ধে পাগল কস্তুরীমৃগের সহিত কবি নিজের তুলনা করিয়াছেন।

মানুষ অনুক্ষণ মিথ্যা প্রলোভনে বিভ্রান্ত হয়, সুন্দর মনে করিয়া অসুন্দরকে ধরিয়া ভুল করে। তাই কবি বলিয়াছেন—

যাহা চাই তাহা ভুল ক'রে চাই,
যাহা পাই তাহা চাই না।

ঠিক এমনি কথাই কবি শেলী বলিয়াছেন—

We look before and after,
And pine for what is not:
Our sincerest laughter
With some pain is fraught;
Our sweetest songs are those that tell of saddest thought.
—Shelley, *Skylark*

সুদূর

এই কবিতাটি "বিশ্ব" নামক কবিতা-পর্যায়ের প্রবেশক। সঞ্চয়িতা পুস্তকে কবি ইহার শিরোনামা রাখিয়াছেন 'আমি চঞ্চল হে'। এটি উৎসর্গ পুস্তকের ৮ নম্বর কবিতা।

অনন্তের উপলব্ধির আকাঙ্ক্ষা, ক্রমাগত সীমাকে উত্তীর্ণ হইয়া অসীমের অভিমুখে যাত্রা করিবার উদগ্র বাসনা এই কবিতায় প্রকাশ পাইয়াছে।

"পরিদৃশ্যমান জগতের পশ্চাতে একটা অদৃশ্য শক্তি—যাহাকে জীবনী-শক্তি বলা যায়—ক্রিয়া করিতেছে। এই জীবনী-শক্তি—যাহাকে কবি 'সুদূর' আখ্যা দিয়াছেন, সর্বদাই জগৎটাকে ওলট-পালট করিয়া নূতন ভাবে গড়িতেছে। ইহাকে

unendlichkeitsdrang (endless urgency, impulse অথবা impetus)

বলা যাইতে পারে—অসীমের একটা আকর্ষণ। গেটে ইহাকে

das ewig Weibliche (the eternal feminine)

বলিয়াছেন। এইরূপ একটি শক্তি জগতের গতির মূল কারণ। বিজ্ঞান এই শক্তিকে দেখিতে পায় না। সেই জন্যই বিজ্ঞান কেবল নিয়মের রাজ্য ঘোষণা করে। কিন্তু বিজ্ঞান-কল্পিত নিয়মের জালকে ভাঙিয়া এই শক্তি নিজেকে প্রকাশ করে।"

—ডাক্তার শিশিরকুমার মৈত্র, রক্তকরবী, উত্তরা, অগ্রহায়ণ ১৩৩৫।

কবি অসীমে নিজেকে প্রসারিত করিতে চাহিতেছেন, কারণ তাঁহার মন কল্পনা অসীম-প্রসারী, এমন কি জীব মাত্রই অন্তরের অসীমের অংশ মাত্র। সেই জন্য কবি নিজেকে প্রবাসী বলিতেছেন। এই যে স্থানে কালে এবং বিশেষ দেহে আবদ্ধ আত্মা ও মন তাহাই মানুষের প্রকৃত অবস্থান নহে। মন উধাও হইয়া উড়িতে চায়, কিন্তু দেহ ও সংস্কার মানুষকে আবদ্ধ করিয়া রাখে। কবির মহাপ্রাণ ইহার জন্য ব্যথা অনুভব করিতেছে।

এই কবিতার সহিত কবির 'মানসভ্রমণ', বা 'বসুন্ধরা' এবং 'সুদূর' কবিতা তুলনীয়।

কবি নিজেকে যেমন প্রবাসী বলিয়াছেন, তেমনি কবি ওয়ার্ডস্‌ওয়ার্থও বলিয়াছেন—

The soul that rises with us, our life's star
Hath had elsewhere its setting,
And cometh from afar ;
Not in entire forgetfulness,
And not in utter nakedness,
But trailing clouds of glory do we come
From God, who is our home.
—Wordsworth, *Ode on Intimations of Immortality from Recollections of Early Childhood.*

তুলনীয়—

Ever let the Fancy roam,
Pleasure never is at home.—Keats, *Fancy*

I cannot rest from travel: I will drink
Life to the lees:........—Tennyson, *Ulysses.*
I am a part of all that I have met;
Yet all experience is an arch wherethro'
Gleams that untravell'd world, whose margin fades
For ever and for ever when I move.—Tennyson, *Ulysses.*

প্রবাসী

মোহিত সেনের কাব্য-সংস্করণের 'বিশ্ব' নামক বিভাগের প্রথম কবিতা। উৎসর্গ পুস্তকের ১৪ নম্বর কবিতা।

এই জন্য ইহার সহিত ঐ বিভাগের প্রবেশক কবিতা সুদূরের ভাগবত সাদৃশ্য রহিয়াছে; সোনার তরীর 'বসুন্ধরা' কবিতাটির সহিতও ইহার কিছু মিল আছে।

এই কবিতার মর্মকথা হইতেছে কবি জল-স্থল-আকাশের সহিত একাত্মভাব অনুভব করিতেছেন, সর্বানুভূতির জন্য তিনি নিজের সঙ্কীর্ণ পরিবেশকে প্রবাস-স্বরূপ মনে করিতেছেন। কবি দেশ-কালাতীত হইয়া সর্বদেশে ও সর্বমানবে—এমন কি সর্বজীবে সর্ব-পদার্থে নিজেকে পরিব্যাপ্ত দেখিতেছেন। ইহা বৈদান্তিক আইডিয়ার সহিত নিও প্লেটোনিক ডক্‌ট্রিনের সংমিশ্রণ বলা যাইতে পারে। কবি যে জড় উদ্ভিদ এবং নানা জীবের ভিতর দিয়া উদ্‌ভিন্ন ও অভিব্যক্ত হইতে হইতে এই বর্তমান শরীর লাভ করিয়া মহাকবির মননশক্তি লাভ করিয়াছেন, তাহা তিনি 'বসুন্ধরা' ও 'সমুদ্রের প্রতি' কবিতায় পূর্বেই বলিয়াছেন।

তৃণে পুলকিত মাটির ধরা দেখিয়া কবি যে পুলকিত, তাহা কবি অন্য কবিতাতেও প্রকাশ করিয়াছেন।—

তৃণ-রোমাঞ্চ ধরণীর পানে
আশ্বিনে নব আলোকে
চেয়ে দেখি যবে আপনার মনে
প্রাণ ভরি' উঠে পুলকে।—উৎসর্গ ১৩ নম্বর।

পৃথিবীকে মাতা-রূপে সম্বোধন অতি প্রাচীন—

মাতা ভূমিঃ, পুত্রো অহন্ পৃথিব্যাঃ। ত্বাভি নিবীদেম ভূমে।

—অথর্ববেদ, ১২।১।

কুঁড়ি

উৎসর্গ পুস্তকের ৯ নম্বর কবিতা। মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর "হৃদয়-অরণ্য" বিভাগের প্রবেশক।

ক্ষুদ্র জীবনের কারাগারে বন্দী হইয়া থাকার বেদনা এই কবিতায় প্রকাশ পাইয়াছে। কবির বিরাট্ আত্মা সংসারে পরিব্যাপ্ত হইবার জন্য ব্যাকুল হইয়া উঠিয়াছে। কবি যে একলা নিজের মনে রস-সম্ভোগ করিতেন সেই জীবনেরও একটা মোহ আছে, সেই মোহ কাটাইতেও তাঁহার মনে ব্যথা বাজিতেছে, অথচ কর্মজীবনে ঝাঁপাইয়া পড়িবার আকাঙ্ক্ষাও যথেষ্ট প্রবল। না-ফোটার কারাগারে রুদ্ধ থাকাতে কুসুমের যে আনন্দ-বিষাদ তাহার উভয়ই কবি-চিত্ত অনুভব করিতেছে।

জগতে কিছুই বৃথা ও নিষ্ফল নয়, প্রত্যেক পদার্থের একটা-না-একটা উদ্দেশ্য সাধন করিবার আদেশ আছে, এবং সেই উদ্দেশ্য তখনই সংসাধিত হয় যখন সে জগতের সমস্ত পদার্থের সহিত সামঞ্জস্য করিয়া নিজেকে পরিচালিত করিতে পারে।

যে অস্ফুট মন বিশ্বকর্মের জন্য প্রস্তুত হইয়া উঠিতে পারে নাই, যে আত্মা বিশ্বমৈত্রী ও বিশ্বমিলনের জন্য নিজেকে প্রস্তুত করিয়া তুলিতে পারে নাই, তাহারই বিলাপে কবি তাহাকে সান্ত্বনা দিতেছেন যে সকলকেই পূর্ণ পরিণতি লাভ করিতেই হইবে, এবং কাল ও দেশ অনন্ত অসীম বলিয়া কাহারও অসম্পূর্ণতার জন্য আক্ষেপ করিবার আবশ্যক নাই, একদিন না একদিন সে পূর্ণ পরিণতি লাভ করিয়া ধন্য হইবেই।

অনেক সময়ে মানুষ নিজের জীবনের উদ্দেশ্য নির্ণয় করিতে না পারিয়া ব্যাকুল হইয়া উঠে, এবং জগতের নশ্বরতা দেখিয়া নিজের স্বল্পকালস্থায়ী জীবনের অক্ষমতা ও বিফলতার জন্য বিলাপ করে। কিন্তু কবি-প্রতিভা যখন নিজের উদ্দেশ্য খুঁজিয়া না পাইয়া ব্যাকুল হইয়া উঠিতেছে, তখন তাঁহারই মন হইতে এই অভয়বাণী উচ্চারিত হইতেছে—জগতের সহিত মিলিত হইয়া জগৎ-স্রোতে ভাসিয়া চলিতে পারিলেই তাঁহার জীবন ও প্রতিভা সার্থক হইবে—অতএব—

জগৎ-স্রোতে ভেসে চলো যে যেথা আছো ভাই। —প্রভাতসঙ্গীত, স্রোত।

এখনও যাহা পূর্ণভাবে প্রস্ফুটিত হয় নাই, শুধু ফুটিবার আগ্রহে দিন কাটাইতেছে, তাহার নানা ধরণের অধীরতা ও দুশ্চিন্তা কবি এই কবিতার তিনটি স্তবকে ব্যক্ত করিয়াছেন।

প্রথম স্তবকে কুঁড়ি বলিতেছে যে ফাল্গুন অর্থাৎ সুসময় চলিয়া যাইতেছে, কিন্তু তাহার ফোটা হইল না। কবি বলিতেছেন যে—হে অস্ফুট কুঁড়ি, তুমি ব্যস্ত হইও না, ফাল্গুন অর্থাৎ সুসময় কখনো একেবারে চলিয়া যায় না, সকল সময়ই সুসময়।

দ্বিতীয় স্তবকে কুঁড়ি বলিতেছে,—তাহার গন্ধ তাহার অন্তরের কারাগারে বন্দী হইয়া আছে; সেই গন্ধ কেমন করিয়া বহির্জগতে আত্মপ্রকাশ করিবে ও তাহার পরিণতিই বা কী হইবে তাহা না জানিতে পারিয়া সে দুঃখিত বিচঞ্চল। কবি বলিতেছেন,—হে কুঁড়ি, ব্যস্ত হইও না, তোমার অভ্যন্তরে যে গন্ধ বন্দী হইয়া আছে তাহা একদিন না একদিন বহির্জগতে নিজেকে পরিব্যাপ্ত করিবে ও আপনাকে সার্থকতা দান করিবে। জগৎ-বিধান এমনই যে তাহার ফলে তুমি যখনই চাহিবে, তখনই দেখিবে তোমাকে সার্থক করিবার আয়োজন ও সুযোগ জগতে পূর্ব হইতেই পূর্ণমাত্রায় উপস্থিত রহিয়াছে।

তৃতীয় স্তবকে কুঁড়ি বলিতেছে,—তাহার সার্থকতার পথ যে কি তাহা সে জানে না, এবং সেইজন্য তাহার মন অত্যন্ত উদ্বিগ্ন ও চঞ্চল। কবি বলিতেছেন,—জগতে সকলের সার্থকতার যে পথ, কুঁড়িরও সেই পথ। এ জগতে যাহা একাকী, আপনাতে আপনি সম্পূর্ণতা লাভ করিতে ইচ্ছুক, তাহা অনর্থক, তাহা ব্যর্থ; এ জগতে তাহাই সার্থক যাহা জগতের অন্যান্য বস্তু বা ব্যক্তির সহিত সংযুক্ত, অর্থাৎ কুঁড়ি যদি আপনার সৌন্দর্য সৌরভ ও মাধুর্যের গর্ব দেখাইবার জন্যই কেবল প্রস্ফুটিত হইতে চায়, তাহা হইলে সে ব্যর্থ হইবে। কিন্তু সে যদি তাহার সৌন্দর্যে সৌরভে মাধুর্যে জগৎকে সুন্দর পরিতুষ্ট ও পরিতৃপ্ত করিতে চেষ্টা করে, তবেই সে দেখিবে তাহার জন্ম ও জীবন সার্থক হইয়া উঠিয়াছে।

রবীন্দ্রনাথ আশাবাদী কবি, জন্ম ও জীবন ক্রমাগত সার্থকতার পথে চলিতেছে, ইহাই তাঁহার বিশ্বাস। এখানে তাঁহার সেই মনোভাবই পরিব্যক্ত হইয়াছে। ওমর খৈয়াম প্রভৃতি নৈরাশ্যবাদী কবিদের উক্তিতে যুক্তি ও বুদ্ধির পরিচয় থাকিলেও তাহা জীবনের উন্নতির জন্য অবলম্বনের যোগ্য নহে।

বিশ্বদেব

এই কবিতাটি মোহিত-সংস্করণ গ্রন্থাবলীর 'স্বদেশ' বিভাগের প্রবেশক-রূপে লিখিত হইয়াছিল এবং ১৩০৯ সালের পৌষ মাসের বঙ্গদর্শন পত্রে ৪৫৭ পৃষ্ঠায় "স্বদেশ" নামে প্রথম প্রকাশিত হয়। ইহা উৎসর্গ পুস্তকের ১৬ নম্বর কবিতা।

এই কবিতায় কবি ভারতবর্ষের মধ্যে বিশ্ববাসীর মিলনস্থান এবং বিশ্বধর্মের বিশ্ববোধের বিকাশ দেখিয়া স্বয়ং বিশ্বদেবকেই নিজের স্বদেশের মধ্যে আবির্ভূত দেখিতেছেন। যে একের ও বিশ্বমৈত্রীর মন্ত্র ভারতের তপোবনে উদ্গীত হইয়াছিল, সেই গায়ত্রী-গাথাই বিশ্বত্রাণের মহামন্ত্র। কবি ধ্যান-নেত্রে দেখিতেছেন যে সুদূর ভবিষ্যতে এই ভারতের শিক্ষার ফলে দিগ্‌বিজয়ী পরদেশ-লোলুপ যোদ্ধার রণ-হুঙ্কার অথবা অর্থগৃধ্নু বণিকের পরদেশ-লুণ্ঠন বন্ধ হইয়া গিয়াছে, এবং বিশ্ববাসী সকলে ভারতের উপদেশ হৃদয়ঙ্গম করিয়াছে—

ঈশা বাস্যম্ ইদং সর্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্যসিদ্ ধনম্॥

ভারতের পবিত্র নির্মল হৃদি-শতদলে ভারতের ভারতী অধিষ্ঠিত হইয়া অপূর্ব্ব মহাবাণী ঘোষণা করিতেছেন। ইহাকেই ভূদেব মুখোপাধ্যায় মহাশয় তাঁহার কবিকণ্ঠহার পুস্তকে 'অধিভারতী' নাম দিয়া বন্দনা করিয়াছিলেন। কবির মনে স্বদেশপ্রীতি বিশ্বমৈত্রিতে পরিণত হইয়াছে।

আবর্তন

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'রূপক' বিভাগের প্রবেশক-রূপে এবং আমার সম্পাদিত প্রথম প্রকাশিত চয়নিকার মধ্যে কবীন্দ্রের সমগ্র কাব্যের প্রবেশক-রূপে ছাপা হইয়াছিল। ইহা ১৩০৯ সালের পৌষ মাসে প্রকাশিত হয়। ইহা উৎসর্গ পুস্তকের ১৭ নম্বর কবিতা।

বিশ্ব-কাব্যের যিনি অনাদি-কবি তাঁহার সৃষ্টি-লীলায় আমরা দেখিতে পাই তিনি অ-ধরাকে ধরার মধ্যে,ethereal-কে tangible-এর মধ্যে, প্রাণকে জড়ের মধ্যে, spirit-কে matter-এর মধ্যে, অসীমকে সীমার মধ্যে ধরিয়া প্রকাশ করিতেছেন। শ্রেষ্ঠ কবির কাব্যেও আমরা সেই বিশ্বকাব্যেরই প্রতিধ্বনি শুনিতে পাই ও প্রতিচ্ছবি দেখিতে পাই।

অসীম অনন্ত এবং সসীম সান্ত পরস্পরের বন্ধনের মাঝে মুক্তি খুঁজিয়া সৃষ্টির সার্থকতা সম্পাদন করিতেছে। অব্যক্ত অব্যয় নিজেকে পলে পলে ভাব হইতে রূপে এবং রূপ হইতে ভাবে ব্যক্ত করিতেছেন।

অসীম অনন্ত এবং সসীম সান্ত পরস্পরকে অবলম্বন করিয়া আত্মপ্রকাশ করিতে পারে, নতুবা তাহাদের প্রকাশই সম্ভব হয় না। তাই কবি পরে বলিয়াছেন—

সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর।
আমার মধ্যে তোমার প্রকাশ তাই এত মধুর।

ইহারও অনেক আগে কবির প্রথম যৌবনে কবি এই তত্ত্বটি প্রকাশ করিয়াছিলেন—

এ জগৎ মিথ্যা নয়, বুঝি সত্য হবে,
অসীম হতেছে ব্যক্ত—সীমা-রূপ ধরি'।
যাহা কিছু ক্ষুদ্র ক্ষুদ্র অনন্ত সকলি,
বালুকার কণা—সেও অসীম অপার—
তারি মধ্যে বাঁধা আছে অনন্ত আকাশ—
কে আছে কে পারে তারে আয়ত্ত করিতে।
বড় ছোট কিছু নাই, সকলি মহৎ।
আঁখি মুদে জগতেরে বাহিরে ফেলিয়া
অসীমের অন্বেষণে কোথা গিয়েছিনু।
সীমা তো কোথাও নাই—সীমা সে তো ভ্রম।

—প্রকৃতির প্রতিশোধ, সন্ন্যাসীর উক্তি।

রবীন্দ্রনাথের আবর্তন কবিতাটির হুবহু অনুরূপ একটি কবিতা আছে ভক্তকবি দাদুর—

বাস কহে হম্ ফুল-কো পাঁউ,
ফুল কহে হম্ বাস।
ভাব কহে হম্ সত্-কো পাঁউ,
সত্ কহে হম্ ভাব॥
রূপ কহে হম্ ভাব-কো পাঁউ,
ভাব কহে হম্ রূপ।
আপস্-মে দউ পূজন চাহে—
পূজা অগাধ অনূপ॥

সুগন্ধ বলে—আমি ফুলকে না পাইলে তো আমার প্রকাশের কোনো সম্ভাবনাই নাই ; আমি সূক্ষ্ম, স্থূল ফুলকে পাইলেই তবে আমি আপনাকে ব্যক্ত করিতে পারি। আবার ফুল বলিতেছে—আমি স্থূল, আমি যদি গন্ধকে না পাই তবে আমার জীবন নিরর্থক হয়। ভাষা বলে—আমি যদি সত্যকে না পাই তবে আমি মিথ্যা। আবার সত্য বলে—আমি যদি ভাষাকে না পাই তবে তো আমার প্রকাশই অসম্ভব। রূপ বলে—আমি ভাবকে যদি না পাই তবে তো আমি জড় মাত্র। আবার ভাব বলে যে—আমি রূপকে না পাইলে কেবল মাত্র ফাঁকা হাওয়া। অতএব সূক্ষ্ম ও স্থূল উভয়ে উভয়কে পূজা করিতে এবং পাইতে চাহিতেছে, এবং এই পূজার রহস্য অগাধ এবং অনুপম।

অতীত

"কথা কও কথা কও"

মোহিত-সংস্করণের কাব্যগ্রন্থাবলীর 'কথা' বিভাগের প্রবেশক কবিতা। ইহা উৎসর্গ পুস্তকের ৩৫ নম্বর কবিতা।

কবি অতীত ঐতিহ্য অবলম্বন করিয়া কবিতা রচনা করিবেন, তাই তিনি অতীতকে সম্বোধন করিয়া বলিতেছেন—অতীতকাল তো অনাদি অনন্ত, তাহা রাত্রির মতন রহস্যান্ধকারে অজানার দ্বারা আবৃত। যুগ-যুগান্ত ধরিয়া কত কত ঘটনা ঘটিয়া যাইতেছে, তাহার কতটুকু ভগ্নাংশ ইতিহাস জীবনচরিত কিংবদন্তী জনশ্রুতি ধরিয়া জীবিত রাখিতে পারে। অধিকাংশই অতীতের গর্ভে হারাইয়া গোপন হইয়া যায়, সে-সব সংবাদ আর পরিব্যক্ত হয় না। হে অতীত, তুমি আপনাকে কবির কাছে প্রকাশিত করো।

কিন্তু অতীত কালপ্রবাহে বিলীন হইলেও তাহার পলি পড়িয়া মন উর্বর হইয়া উঠে। জগতের সমস্ত কাহিনী ঘটনা অতীতের কুক্ষিতে লুক্কায়িত হইয়া গেলেও, তাহা লুক্কায়িত মাত্র হয়, বিনষ্ট হয় না। পূর্বর্তীদের কর্ম ও জীবনের প্রভাব বর্তমানের উপর পড়িয়া বর্তমানকে গঠন করে।

এই কবিতার সহিত তুলনীয়—কাহিনী বিভাগের প্রবেশক কবিতা–
"কত কি যে আসে কত কি যে যায় বাহিয়া চেতনা-বাহিনী।"

Thou hoary giant Time,
Render thou up the half-devoured babes,....
And from the cradles of eternity,
Where millions lie lulled to their portioned sleep
By the deep murmuring stream of passing things,
Tear thou up that gloomy shroud.
—Shelley, *The Daemon of the World.*

কত কি যে আসে, কত কি যে যায়

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'কাহিনী' বিভাগের প্রবেশক। ইহা উৎসর্গ পুস্তকের ৩৪ নম্বর কবিতা।

চেতনা-স্রোতে প্রবাহিত হইয়া বোধের বা জ্ঞানের ক্ষেত্রে কত কি যে আসে যায় তাহা নির্ণয় করা কঠিন। সেই-সব আগন্তুক ভাবাবলীর ভগ্নাংশ-খণ্ড মগ্নচৈতন্যের মধ্যে পড়িয়া থাকে; মন সেই-সব টুক্‌রা একত্র সংগ্রহ করিয়া কত কাহিনী রচনা করে। সেই মন একমনা অর্থাৎ একাগ্র, সে অদর্শন, সে কেবলমাত্র স্মৃতি-সমাশ্রিত। মন হৃদয়ের সঙ্গী, তাহার ভাণ্ডারে সব-কিছুই সঞ্চিত হইয়া থাকে; সেই সঞ্চিত নানা উপকরণ একত্র করিয়া মন ও হৃদয় মিলিয়া নানা অপূর্ব সৃষ্টি করে। সেই সৃষ্টি-কর্ম গোপনে অন্তরের অন্তরালে স্মৃতির সাহায্যে হয়, কেহ তাহাকে দেখিতে পায় না যতক্ষণ না সেই সৃষ্টি শেষ হইয়া বাহিরে প্রকাশ পায়। এই যে মন তাহা তো কেবল ইহ-জন্মের অভিজ্ঞতা লইয়াই কাজ করে না, মন কেবল তাহার নিজের অভিজ্ঞতার সঞ্চয়েই পূর্ণ থাকে না, পূর্বপুরুষদের পিতৃপিতামহদের সমস্ত মননশক্তি ও অভিজ্ঞতার এবং নিজেরও জন্ম-জন্মান্তরের অভিজ্ঞতার উত্তরাধিকারী সে। যে প্রাণ-বিন্দু মাতা-পিতার কাছ হইতে দীপ হইতে দীপান্তরে অগ্নিশিখা-সংক্রমণের মতন ভ্রূণ-রূপে পরিণত হয়, সে তো তাহার দেহকোষে, মনোময়কোষে ও প্রাণময়কোষে পৈতৃক ও মাতৃক সমস্ত অভিজ্ঞতা সঞ্চয় করিয়া লইয়াই শিশুরূপে ভূমিষ্ঠ হয় এবং আপনার পরিবেশের সমস্ত অভিজ্ঞতা সংগ্রহ করিতে করিতে সে মানুষ হইয়া উঠে। সেই-সমস্ত আপাত-বিস্মৃত কাহিনী তাহার স্মৃতির মধ্যে মগ্ন-চৈতন্যের মধ্যে সুপ্তচৈতন্যের মধ্যে subliminal self-এর মধ্যে সঞ্চিত থাকে; যখন দরকার পড়ে তখন মহাজন

মন তাহার ভাণ্ডারী ব্যাঙ্কারের কাছে চেক্ কাটে হুণ্ডী পাঠায় আর গচ্ছিত আমানত্ ধন স্মৃতির খাজনাখানা হইতে আদায় করিয়া আনে।

মরণ-দোলা

এই কবিতাটি ১৩০৯ সালের পৌষ মাসের বঙ্গদর্শনে ৪৭৭ পৃষ্ঠায় "বিশ্বদোল" নামে প্রকাশিত হয়।

ইহা মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'মরণ' বিভাগের প্রবেশক কবিতা। উৎসর্গ পুস্তকের ৪১ নম্বর কবিতা।

কবি জীবন ও মৃত্যুকে দোলার সহিত তুলনা করিয়াছেন। কোনো অন্ধকার ঘরের দরজার চৌকাঠে যদি দোলা টাঙাইয়া কেউ দোল খায়, তবে সে একবার বাহিরের আলোকে দুলিয়া আসে, এবং পরক্ষণেই অন্ধকার ঘরের মধ্যে চলিয়া দৃষ্টির অন্তরাল হইয়া যায়। অন্ধকারে তাহাকে দেখিতে পাওয়া যায় না বলিয়া এ কথা যেমন বলা সঙ্গত নয় যে সেই দোল-খাওয়া লোকটি আর নাই। তেমনি মৃত্যুর অন্ধকারে প্রাণী আবৃত হইলে বলা সঙ্গত নয় যে সেই প্রাণী আর নাই। মানুষ একই জীবনে একই চেতনার মধ্যে ও একই অভিজ্ঞতার মধ্যে জাগ্রত অবস্থা হইতে ঘুমাইয়া পড়ে এবং পুনরায় জাগরিত হয়, সেই জন্য কেহ নিদ্রাকে ভয়ঙ্কর মনে করে না। কিন্তু মৃত্যুর পরে জন্মান্তর লাভ করিলে মানুষের পূর্ব্বজন্মের কথা স্মরণ থাকে না, তাহার মৃত্যু ও নবজন্ম একই অভিজ্ঞতার ক্ষেত্রে থাকে না বলিয়াই মানুষ মৃত্যুকে ভয় করে, মনে করে এই বুঝি সব-শেষ। কিন্তু কবিরা মৃত্যুকে নিদ্রার সহোদর বলিয়াই জানিয়াছেন—

> How wonderful is Death. . .
> Death and his brother Sleep!
>
> —Shelley, *Queen Mab.*

অনেক কবি মৃত্যুকে নিদ্রার সহিত তুলনা করিয়াছেন—মৃত্যুর এক নাম মহানিদ্রা।

> To die,......to sleep;......
> To sleep: perchance to dream: .....ah, there's the rub.
>
> —Hamlet's Soliloquy.

মানুষ অজ্ঞাতকে ভয় করে, তাই চিরপরিচিত জীবনের অভিজ্ঞতা ছাড়িয়া অজ্ঞাত "মৃত্যু-মাধুরী" উপলব্ধি করিতে পারে না।

কিন্তু রবীন্দ্রনাথ বারংবার বলিয়াছেন—মৃত্যু নবজীবনের দ্বার—

> কেবলই এই দুয়ারটুকু পার হ'তে সংশয় !
> জয় অজানার জয়।

মৃত্যু জীবনেরই পরিণতি। মৃত্যু বিশ্বজননীর কোল, সেখানে কিছুই নষ্ট হয় না, কেহই দুঃখ পায় না।

> স্তন হ'তে তুলে নিলে শিশু কাঁদে ডরে।
> মুহূর্তে আশ্বাস পায় গিয়ে স্তনান্তরে॥
> …………সে যে মাতৃপাণি
> স্তন হ'তে স্তনান্তরে লইতেছে টানি'॥ —নৈবেদ্য।

কবি রবীন্দ্রনাথ জীবন ও মৃত্যুকে পাশাখেলার সহিত তুলনা করিয়াছেন। ইহাকে তিনি বল খেলার সঙ্গেও তুলনা করিয়াছেন। বল-লোফালুফি খেলার সঙ্গে সিন্ধুদেশের ভক্ত কবি বেকস জন্ম ও মৃত্যুকে তুলনা করিয়াছেন। বেকস অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগে সিন্ধুদেশে আবির্ভূত হইয়াছিলেন, এবং তিনি মাত্র ২২ বৎসর বয়সে মারা যান। তাঁহার মৃত্যু আসন্ন দেখিয়া তাঁহার মাতা খেদ করিতেছিলেন। তাহা দেখিয়া কবি বেকস মাকে সান্ত্বনা দিয়া বলিয়াছিলেন—জগজ্জননী ও পার্থিব জননী এই উভয়ের মধ্যে বল-লোফালুফির খেলা চলে—একজন ছুড়িয়া ফেলিয়া দেন এবং অপরে লুফিয়া ধরিয়া লন; সেইরূপেই তো আমার জন্ম আরম্ভ হইয়াছিল—জগজ্জননী আমার জীবনকে ছুড়িয়া তোমার কোলে ফেলিয়া দিয়াছিলেন, এখন আবার আমাকে ছুড়িয়া তাঁহার কোলে ফেলিয়া দিয়া তুমি খেলা শেষ করো।—

> উভয় মাতু বীচ খেল চলে—
> গেঁদ জ্যঁ মোকো দেঈ লেঈ॥
> তেই তো জনম মোকো শুরু হৈ,
> খেলু আজ মোকু দেঈ॥

কবীন্দ্র রবীন্দ্রনাথ যেমন জন্ম-মৃত্যুকে দোলার সঙ্গে তুলনা করিয়াছেন, ভক্ত কবি কবীরও তেমনি ঝুলনের সঙ্গে তুলনা করিয়াছেন, এবং তিনিও বলিয়াছেন যে জন্ম-মরণ যেন বিধাতার দক্ষিণ ও বাম হাতে অদল-বদলের খেলা—

জনম-মরণ-বীচ দেখো অন্তর নহী—
দচ্ছ ঔর বাম যুঁ এক আহী।
জনম-মরণ জঁহা তারী পড়ত হৈ
হোত আনন্দ তহঁ গগন গাজৈ।
উঠত ঝনকার তহঁ নাদ অনহদ ঘরৈ,
তিরলোক-মহলকে প্রেম বাজৈ।
চন্দ্র তপন কোটি দীপ বরত হৈ,
তূর বাজৈ তহাঁ সন্ত ঝূলৈ।
প্যার ঝনকার তহঁ, নূর বরষত রহৈ,
রস পীবৈ তহঁ ভক্ত ভূলৈ॥—কবীর।

গগন সেথা মগন সদা নবীন চির আনন্দে
জন্ম আর মরণ, তাঁর বাজিছে তালি দুই হাতে ;
রাগিণী উঠে ঝঙ্কারিয়া কী মূর্চ্ছনা কী ছন্দে !
ত্রিলোক হ'তে রসের ধারা মিলিছে আসি' দিন রাতে।
সূর্য শশী লক্ষ কোটি প্রদীপ সেথা সমুজ্জ্বল,
বাজিছে তূরী ভুবন ভরি', প্রেমিক দুলে হিন্দোলে ;
পিরীতি সেথা মর্মরিছে, ঝরিছে আলো অনর্গল,
আপনা ভুলি' ভকত হিয়া অমৃত পিয়ে বিহ্বলে
জন্ম আর মরণে কোনো তফাৎ নাই—নাই তফাৎ—
নাই তফাৎ যেমনতর দক্ষিণে ও বামে গো ;
কবীর কহে সেয়ানা যেবা হয় সে বোবা অকস্মাৎ—
কোরান-বেদ-অতীত বাণী—অতল যেথা নামে গো।

—সত্যেন্দ্রনাথ দত্ত, মণিমঞ্জুষা

তুলনীয়—

Our life is a succession of deaths and resurrection ; we die, Christopher, to be born again.—Romain Rolland.

. . . . .and still depart
From death to death thro' life and life, and find
Nearer and ever nearest Him, who wrought
Not matter, nor the finite-infinite,... ..

—Robert Browing.

Earth knows no desolation.
She smells regeneration
In the moist breath of decay. —Meredith.

মরণ

এই কবিতাটি ১৩০৯ সালের ভাদ্র মাসের বঙ্গদর্শনে ২৫৫ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছিল। সঞ্চয়িতা পুস্তকে কবি ইহার শিরোনামা রাখিয়াছেন 'মরণ-মিলন'। ইহা উৎসর্গ পুস্তকের ৪৮ নম্বর কবিতা।

জীবনকে সত্য বলিয়া জানিতে হইলে মৃত্যুর মধ্য দিয়াই তাহার পরিচয় পাওয়া চাই। যে মানুষ ভয় পাইয়া মৃত্যুকে এড়াইয়া জীবনকে আঁক্‌ড়াইয়া রহিয়াছে, জীবনের উপরে তাহার যথার্থ শ্রদ্ধা নাই বলিয়া সে জীবনকে পায় নাই। তাই সে জীবনের মধ্যে বাস করিয়াও মৃত্যুর বিভীষিকায় প্রতিদিন মরে। যে লোক নিজে আগাইয়া গিয়া মৃত্যুকে বন্দী করিতে ছুটিয়াছে সে দেখিতে পায়—যাহাকে সে ধরিয়াছে সে মৃত্যুই নয়,—সে জীবন। 'ফাল্গুনী' নাট্যকাব্যের অন্তরের কথা ইহাই।

যাহাদের অন্তরের মিল হইয়া যায় তাহারা আর বাহিরের রূপ দেখিয়া ভ্রান্ত হয় না। তাই রুদ্রবেশী প্রিয়তমকে দেখিয়াও প্রণয়িনীর আঁখি সুখে ছলছল করে। যাহারা অন্তরের পরিচয় পায় না, তাহারাই বাহ্য কদাকার মূর্তিকে সমাদর করিতে পারে না। তুলনীয়—কবির নূতন নাট্যকাব্য 'শাপ-মোচন', এবং পুনশ্চ 'পুস্তকে' শাপমোচন কবিতা।

তুলনীয়—

যতটুকু বর্তমান তারেই কি বলো প্রাণ,
সে তো শুধু পলক নিমেষ।
মৃত্যুরে হেরিয়া কেন কাঁদি।—
জীবন তো মৃত্যুর সমাধি।

—প্রভাত-সঙ্গীত, অনন্ত মরণ।

রবীন্দ্রনাথ মৃত্যুকে আরও অন্য স্থলে বর বলিয়াছেন, এবং জীবন তাহার বধূ।

মিলন হবে তোমার সাথে,
একটি শুভ দৃষ্টিপাতে,
জীবন-বধূ হবে তোমার
নিত্য অনুগতা।
মরণ, আমার মরণ, তুমি
কও আমারে কথা॥

বরণ-মালা গাঁথা আছে
আমার চিত্ত মাঝে।
কবে নীরব হাস্যমুখে
আস্‌বে বরের সাজে!
সে দিন আমার রবে না ঘর,
কেই বা আপন কেই বা অপর,
বিজন রাতে পতির সাথে
মিল্‌বে পতিব্রতা।
মরণ আমার মরণ, তুমি
কও আমারে কথা।

"আমাদের ওই ক্ষ্যাপা দেবতার আবির্ভাব যে ক্ষণে ক্ষণে, তাহা নহে—সৃষ্টির মধ্যে ইহার পাগ্‌লামী অহরহ লাগিয়াই আছে—আমরা ক্ষণে ক্ষণে তাহার পরিচয় পাই মাত্র। অহরহই জীবনকে মৃত্যু নবীন করিতেছে, ভালোকে মন্দ উজ্জ্বল করিতেছে, তুচ্ছকে অনির্বচনীয় মূল্যবান্ করিতেছে। যখন পরিচয় পাই, তখনই রূপের মধ্যে অপরূপ, বন্ধনের মধ্যে মুক্তির প্রকাশ আমাদের কাছে জাগিয়া উঠে।......জীবনে এই দুঃখ-বিপদ্-বিরোধ-মৃত্যুর বেশে অসীমের আবির্ভাব।"—রবীন্দ্রনাথ, আমার ধর্ম, প্রবাসী ১৩২৪ পৌষ, ২৯৬ পৃষ্ঠা।

ভক্ত কবি কবীর মৃত্যুকে জীবনের সহিত জীবন-স্বামীর বিবাহ-মিলন বলিয়া বর্ণনা করিয়াছেন—হে গায়িকারা, তোমরা বধূ এবং বিবাহের মঙ্গলাচার গান করো, আমার গৃহে আমার স্বামী রাজা আনন্দময় আসিয়াছেন। কবীর বলেন, আমি এক অবিনাশী পুরুষের সহিত বিবাহ-বন্ধনে আবদ্ধ হইতে চলিয়াছি।

গাউ গাউরী দুলহনী মঙ্গলচারা।
মেরে গৃহ আয়ে রাজা রাম ভতারা॥
কহৈ কবীর, হম্ ব্যাহ চলে হৈ
পুরুষ এক অবিনাশী।

তুলনীয়—

There is no Death! What seems so is transition;
The life of mortal breath
Is but a suburb of the life elysian,
Whose portal we call death.

—Longfellow.

We should be colonists, not home-dwellers in the world, perpetually dreaming of the voyage home.

—Emerson, Essay on Over-Soul

It is at the Life's door that Death knocks—Maeterlinck, *The Princess Maleine*, মেটরলিঙ্কের *Intruder* এবং *Less Aveugles*-ও ইহার সহিত তুলনীয়।

The fear of Death is universal among mankind, and depends not only on the pain that often accompanies dissolution, but also on the consequences affecting the survivors, *i.e.*, the cessation of all old familiar relations between them and the decomposition of the body.

The ordinary process of Death is the separation of the soul from the body as in dreams, the only difference being that in the latter case the separation is for the time being, but in the former it is permanent and final.

The belief in continued life has undergone various stages of evolution which glide imperceptibly one into another.

—*Immortal Man* by C. E. Vulliamy.

হিমাদ্রি

এই কবিতাটি 'হিমালয়' নামে ১৩১০ সালের শ্রাবণ মাসের বঙ্গদর্শনে প্রকাশিত হয়। উৎসর্গ পুস্তকে ২৪ নম্বর হইতে ২৯ নম্বর পর্যন্ত হিমালয়-সম্বন্ধীয় কবিতাগুলি একত্র পঠিতব্য। শিলালিপি, তপোমূর্ত্তি প্রভৃতি কবিতাও বঙ্গদর্শনে ঐ মাসে প্রকাশিত হয়।

"সঙ্গীতের প্রধানতঃ দুইটি অংশ আছে—একটি অংশ তাহার সুর বা তান, এবং দ্বিতীয় অংশ তাহার বাণী বা ভাষা। গায়ক যখন তান ধরেন, তখন তাহাতে কোনো ভাষা থাকে না, কিন্তু তাহা কখনও উদাত্ত কখনও অনুদাত্ত এবং কখনও বা স্বরিত হয়, এবং সমস্ত সুরটি উচ্চাবুচ্চতা-হেতু যেন তরঙ্গিত হইয়া চলিয়াছে মনে হয়। তরঙ্গায়িত-দেহ হিমালয়ও যেন এইরূপ একটি পবিত্র সাম-গীতের সুর পূর্বদিক্ হইতে পশ্চিমদিকে বাণীর সন্ধানে ছুটিয়াছে।

"আবার কোন গায়কের সুর খুব উচ্চ গ্রামে উঠিয়া আরও উঠিতে অক্ষম হইলে যেমন হটাৎ থামিয়া যায়, এবং তখন গায়ক কেবল হাঁ করিয়া নিশ্চলভাবে থাকে ও তাহার চোখ দিয়া জল পড়ে, সেইরূপ হিমালয়েরও সুর যেন অতি উচ্চে উঠিয়া শব্দহারা হইয়া গিয়াছে, এবং দুঃখে তাহার চোখ দিয়া প্রস্রবণ-রূপ অশ্রুধারা পড়িতেছে।

"প্রকৃত পক্ষে, এক শ্রেণীর পর্ব্বত আছে যাহাদের উৎপত্তি হইয়াছে পৃথিবীর অগ্ন্যুত্তাপের জন্য। যে অগ্ন্যুত্তাপের বেগে হিমালয়ের সৃষ্টি হইয়াছিল তাহার অবসান হওয়ায় হিমালয় আর ঊর্দ্ধ্বে বাড়িতে পারিতেছে না, এবং তাহার বৃদ্ধি বন্ধ হওয়াতে সে সসীম পাষাণ হইয়া সীমাবিহীন আকাশের তলে স্তব্ধ হইয়া আছে।

"কবি হিমালয়কে এমন এক গায়কের সঙ্গে তুলনা করিতেছেন যিনি সুর সংযুক্ত করিয়া আপনার কণ্ঠস্বর উচ্চ করিয়াছেন এবং তাহার সঙ্গে বীণা বাজাইতেছেন, অথচ কোন বিশিষ্ট গান এই সুরে তিনি গাহিবেন তাহার ভাষা এখনও স্থির করিতে পারিতেছেন না।

"কবি হিমালয়কে জিজ্ঞাসা করিতেছেন যে, সে বিস্ময়-স্তম্ভিত বিশ্ববাসীর নিকট কোন্ মহতী বাণী—মেসেজ—প্রচার করিতে চাহিতেছে? তাহার এই অভ্রভেদী বিরাট্ আকারের মধ্যে কোন্ সত্য ব্যক্ত হইতেছে?

"সঙ্গীতের গ্রাফ্ অঙ্কিত করিলে বাস্তবিক পর্ব্বত-শৃঙ্গের তরঙ্গের ন্যায়ই দেখায়।

"কবি হিমালয়কে এক প্রশান্ত আত্ম-সমাহিত ধ্যান-নিমগ্ন বৃদ্ধ তপস্বী বলিয়া কল্পনা করিয়াছেন, যিনি যৌবনের দুর্দমনীয় উৎসাহে ও আত্মশক্তিতে অসীম বিশ্বাসের বশে সমস্ত পৃথিবী জয় করিতে চাহিয়াছিলেন, কিন্তু কালক্রমে যৌবন-সুলভ মাদকতা অন্তর্ধানের সঙ্গে সঙ্গেই আপনার শক্তির পরিসর সীমাবদ্ধ উপলব্ধি করিয়া শান্ত সমাহিত হইয়া ভগবানের নিকট আত্ম-সমর্পণ করিয়াছেন। মানুষ যতদিন পর্যন্ত আপনার শক্তির এই নির্দিষ্ট গণ্ডী বুঝিতে না পারে ততদিন পর্যন্ত আপনার আকাঙ্ক্ষারও অন্ত পায় না, ততদিন পর্যন্ত তাহার আকুলি-বিকুলিরও শেষ হয় না। তাহার পরে যখন যৌবনের মত্ততা চলিয়া যায় তখন সে হানাহানি ছুটাছুটি করিয়া ক্লান্ত হইয়া পড়ে এবং স্বভাবতঃই সে সংসারের প্রতি অনাসক্ত হইয়া পড়ে। তখন মানব-জীবনের অপূর্ণত্ব ও সসীমত্ব উপলব্ধি করিয়া পূর্ণাৎপূর্ণ অসীমের প্রতি আকৃষ্ট হয়। কবি সেই জন্য বলিয়াছেন—

তাই আজি মোর মৌন শান্ত হিয়া
সীমাবিহীনের মাঝে আপনারে দিয়েছে সঁপিয়া।

"রবীন্দ্রনাথ প্রকৃতির বাহ্য দৃশ্যের বর্ণনা করেন না, তিনি প্রকৃতির রহস্য ও তন্মধ্যে যে বিশ্ব-চৈতন্য অন্তর্গূঢ় হইয়া আছে তাহারই বর্ণনা করেন। কোনো দৃশ্য কবির মনে যে ভাবের উদ্রেক করে, উহার মধ্যে তিনি যে সত্যের সন্ধান পান, তাহাকেই ভাষার ও ছন্দের ভিতর দিয়া তিনি আকার দান করিতে চেষ্টা করেন। সেই ভাষা ও ছন্দের মধ্যে সমুদ্র-পর্ব্বত-অরণ্যের আহ্বান আমাদের অন্তরে ধ্বনিত হইয়া উঠে, প্রকৃতির অন্তরাত্মা সজীব ও সজাগ হইয়া আমাদিগকে নিবিড় প্রেমপাশে আবদ্ধ করে। হিমালয়ের গাম্ভীর্য মহত্ত্ব ও বিরাটত্বের ছবি কবি তাঁহার ভাবানুরূপ ভাষার ও গম্ভীর ছন্দের সাহায্যে আমাদের সম্মুখে আনিয়া ধরিয়াছেন।"

এই কবিতার সহিত শিলালিপি, তপোমূর্ত্তি প্রভৃতি কবিতা মিলাইয়া একত্র পাঠ করিলে ইহাদের সকলেরই অর্থ সুস্পষ্ট হইবে।

এই কবিতায় প্রভাতের দ্বার বলিতে কবি পূর্ব্বদিক্ বুঝাইয়াছেন।

তুলনীয়—

ফুলকুল-সখী উষা যখন খুলিবে
পূর্ব্বাশার হৈমদ্বার পদ্মকর দিয়া।

—মাইকেল মধুসূদন, মেঘনাদবধ, দ্বিতীয় সর্গ।

যবে ফুলকুল-সখী হৈমবতী উষা
মুক্তাময় কুণ্ডল পরান ফুলকুলে,
জাগান অরুণে যবে উষা সাজাইতে
একচক্র রথ, খুলি' সুকমল-করে
পূর্ব্বাশার হৈমদ্বার। —তিলোত্তমাসম্ভব-কাব্য।

প্রচ্ছন্ন

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর "কল্পনা" বিভাগের প্রবেশক ছিল। উৎসর্গ পুস্তকের ৩ নম্বর কবিতা।

কবি বলিতেছেন যে—"মোর কিছু ধন আছে সংসারে, বাকি সব ধন স্বপনে।" অর্থাৎ কবির জীবন-মনের যত কিছু অভিজ্ঞতা তাহার কতক অংশ বাস্তব এবং কতক অংশ কাল্পনিক, কবি সামান্য অভিজ্ঞতাকেও নিজের কল্পনা ও মনন-শক্তির দ্বারা পূর্ণ করিয়া অতীন্দ্রিয় ব্যাপারও প্রকাশ করিতে পারেন। সেই ইন্দ্রিয়াতীত অনুভূতিকেই কবি আহ্বান করিতেছেন।

ছল

"তোমারে পাছে সহজে বুঝি তাই কি এত লীলার ছল?" এই কবিতাকে প্রেমিক-প্রেমিকার পরস্পরের কাছেও সংগোপন-প্রয়াসী প্রেমের লীলা বলা যাইতে পারে। অথবা কবির যে কবিত্ব-শক্তি, কবির জীবনদেবতা বা অন্তর্যামী, যিনি কবিকে দিয়া কথা বলাইতেছেন, তিনি কবিকে ধরা দিয়াও ধরা দেন না, কবির মনের মধ্যে যে ভাব উদ্রেক করিয়া দেন ঠিক সেই রকম তাহার প্রকাশ হয় না, তিনি ধরা দিতে আসিয়াও ধরা দেন না, এবং কবিকে দিয়া যাহা প্রকাশ করান তাহাতে বিশ্ববাসী পরিতৃপ্ত হইয়া বাহবা দিলেও কবির নিজের অন্তর পরিতৃপ্ত হয় না।

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর লীলা-নামক বিভাগের প্রবেশক। উৎসর্গ-পুস্তকের ৪ নম্বর কবিতা।

চেনা

"আপনারে তুমি করিবে গোপন কি করি' ?" এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর কৌতুক-নামক বিভাগের প্রবেশক ছিল। উৎসর্গ-পুস্তকের ৫ নম্বর কবিতা। ইহার সহিত ছল কবিতাটির বিশেষ ভাব-সমতা আছে। বিশ্বপ্রকৃতি কবির কাছে কতক রহস্য ও সৌন্দর্য প্রকাশ করেন; কখনো তিনি আনন্দ দেন, আবার কখনো দুঃখও দেন; কিন্তু সেই দুঃখ যে রঙ্গ-রহস্যেরই রূপান্তর তাহা কবি বুঝিয়া মনে সান্ত্বনা অনুভব করেন।

প্রসাদ

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর "কণিকা"-বিভাগের প্রবেশক, এবং উৎসর্গের ১২ নম্বর। সঞ্চয়িতায় কবি ইহার নাম রাখিয়াছেন "প্রসাদ"।

অসীম যিনি তিনি সীমার মধ্যেই প্রকাশ পান। তিনি যে বিরাট্ হইয়াও ক্ষুদ্রের মধ্যে নিজেকে ধরা দেন ইহা তাঁহার পরম প্রসাদ, বিশেষ অনুগ্রহ। কবির ভাব অসীম ব্যঞ্জনায় ভরা, কিন্তু ভাষা সীমাবদ্ধ; সেই সীমাবদ্ধ ভাষার মধ্যে ভাব যে ধরা দিয়া আত্মপ্রকাশ করে ইহা ভাবময়ের লীলা। কণিকার কবিতাগুলি অতি ক্ষুদ্র, কিন্তু তাহার অর্থ গভীর, যেন শিশিরকণার বুকে সূর্যবিম্বের প্রতিফলন। সূর্য অমিততেজ, তাহাকে ধারণক্ষম একমাত্র আকাশ; কিন্তু সেই সূর্য অতি ক্ষুদ্র শিশিরবিন্দুর মধ্যে নিজেকে ধরা দেয়।

নব বেশ

ইহা উৎসর্গ-পুস্তকের ৪২ নম্বর কবিতা। ইহা মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর সংকল্প নামক বিভাগের প্রবেশক ছিল।

কবি প্রথম জীবনে রসের চর্চা করিয়াছিলেন, তখন তাঁহার জীবনদেবতার হাতে ছিল বাঁশী, তার সুর ছিল মধুর ঘুম পাড়ানো, সেই সুরে হৃদয়ের রক্ত-কমলের ন্যায় দুলিয়া দুলিয়া উঠিত। তখন কবির জীবনের বসন্তকাল। কিন্তু শেষ জীবনে কবি দেখিতেন যে তাঁহার সেই রসের পালা শেষ করিয়া ভরা

ভাদ্রের ঘনবর্ষা নামিয়া আসিয়াছে, দুর্দিন বাদল ঘনাইয়া আসিয়াছে, এবং জীবনদেবতা এখন রুদ্রবেশে আসিয়া কবিকে দুষ্কর তপস্যায় প্রবৃত্ত হইতে আহ্বান করিতেছেন, তাঁহার বাঁশী এখন বিষাদে পরিণত হইয়াছে।

এই কবিতাটির সহিত "এবার ফিরাও মোরে" ও "আবির্ভাব" কবিতার ভাব-সাদৃশ্য আছে।

জন্ম ও মরণ

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'মরণ'-বিভাগে 'প্রবাসের প্রেম' নামে ছাপা হইয়াছিল। ইহা উৎসর্গ-পুস্তকের ৪৯ নম্বর ও শেষ কবিতা। ইহা দুইটি সনেটের একত্র গ্রথনে গঠিত।

কবি জন্ম-জন্মান্তরবাদী। তিনি যেমন অনেক কবিতায় আগে বলিয়া আসিয়াছেন যে তিনি কবি-রূপে মানব-রূপে প্রাণি-রূপে জন্ম হইতে জন্মান্তরে যাত্রা করিয়া বাহির হইয়াছেন—এই যাত্রা অনাদি ও অনন্ত। তিনি রূপ-রূপান্তর পরিগ্রহ করিতে করিতে লোক-লোকান্তরে বিচরণ করিয়া ফিরিতেছেন। তিনি এই জন্য নিজেকে প্রবাসী বলিতেছেন, এই যে মর্ত্য-বাস ইহা তো সামান্য কয়েক বৎসরের জন্য পান্থশালায় বাস, তাহার পরে মেয়াদ ফুরাইলে পরলোকে যাত্রা করিতে হইবে। যে লোকে যখনই তিনি থাকেন তখনই তিনি বিশ্বেশ্বরের প্রেমে বাঁধা পড়েন এবং যিনি পূর্ণাৎপূর্ণ তাঁহার প্রণয়ী হইয়া কবিও ক্রমশঃ পূর্ণ হইতে পূর্ণতর হইয়া উঠিবেন, এবং তাঁহার সঙ্গীতও পূর্ণতার সুরে সমৃদ্ধতর হইতে হইতে লোক-লোকান্তরে ধ্বনিত হইয়া চলিবে।

১৩ নম্বর

"আজ মনে হয় সকলেরি মাঝে
তোমারেই ভালোবেসেছি।"

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'জীবনদেবতা'-বিভাগের প্রবেশক। এই কবিতাটির সহিত অনন্ত প্রেম কবিতার বিশেষ ভাব-সাদৃশ্য

আছে, তাহা আমরা পূর্ব্বে দেখিয়া আসিয়াছি। এই কবিতা-সম্বন্ধে স্বয়ং কবি বলিয়াছেন—

"যিনি আমার সমস্ত ভালোমন্দ, আমার সমস্ত অনুকূল ও প্রতিকূল উপকরণ লইয়া আমার জীবনকে রচনা করিয়া চলিয়াছেন, তাঁহাকেই আমার কাব্যে আমি "জীবনদেবতা" নাম দিয়াছি। তিনি যে কেবল আমার এই ইহজীবনের সমস্ত খণ্ডতাকে ঐক্যদান করিয়া, বিশ্বের সহিত তাহাতে সামঞ্জস্য স্থাপন করিতেছেন, আমি তাহা মনে করি না—আমি জানি, অনাদি কাল হইতে বিচিত্র বিস্মৃত অবস্থার মধ্য দিয়া তিনি আমাকে আমার এই বর্ত্তমান প্রকাশের মধ্যে উপনীত করিয়াছেন ;—সেই বিশ্বের মধ্য দিয়া প্রবাহিত অস্তিত্বধারার বৃহৎস্মৃতি তাঁহাকে অবলম্বন করিয়া আমার অগোচরে আমার মধ্যে রহিয়াছে। সেই জন্য এই জগতের তরুলতা পশুপক্ষীর সঙ্গে এমন একটা পুরাতন ঐক্য অনুভব করিতে পারি—সেই জন্য এত-বড়-রহস্যময় প্রকাণ্ড জগৎকে অনাত্মীয় ও ভীষণ বলিয়া মনে হয় না।"—বঙ্গভাষার লেখক।

৪০ নম্বর

"আলোকে আসিয়া এরা লীলা করে যায়,
আঁধারেতে চ'লে যায় বাহিরে।"

মহাকবি শেক্‌স্‌পীয়ার বলিয়াছেন যে—

All the world's a stage.
And all the men and women merely players:
They have their exits and entrances;
And one man in his time plays many parts,
His acts being seven ages.

—*As You Like It,* Act II, Scene vii
Merchant of Venice, Act, I, Scene i.

আমাদের মহাকবি রবীন্দ্রনাথও বলিতেছেন যে এই বিশ্বসংসারে মানবেরা সব নট ও নটী মাত্র, বিশ্বসংসার তাহাদের রঙ্গমঞ্চ, তাহারা বিধাতার রচিত বিশ্বনাট্যের অভিনয় করিয়া চলিয়াছে। কবি নিজেও একজন অভিনেতা। যে তন্ময় হইয়া অভিনয় করে সে অনেক সময়ে ভুলিয়া যায় যে সে অভিনয় করিতেছে, অভিনীত বিষয় তাহার কাছে সত্য বলিয়া প্রতিভাত হয়। কিন্তু যাহারা দর্শক মাত্র, যাহারা নির্লিপ্তভাবে কেবল অভিনয় দেখিতেছে তাহারা সমস্ত অভিনয়কে অভিনয় বলিয়া বুঝিতে পারে, এবং অভিনয়ের বিষয়ের তাৎপর্য এবং উদ্দেশ্যও হৃদয়ঙ্গম করিতে পারে। তাই কবি নিজেকে সংসারে

নির্লিপ্ত হইয়া সংসার-লীলা দেখিয়া বিশ্ববিধানের তাৎপর্য ও উদ্দেশ্য উপলব্ধি করিতে বলিতেছেন।

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর নাট্য-বিভাগের প্রবেশক ছিল।

৪৬ নম্বর

"সাঙ্গ হয়েছে রণ।"

ইহা মোহিত-সংস্করণের কাব্যগ্রন্থাবলীতে নারী-বিভাগের প্রবেশক ছিল।

কবি বলিতেছেন যে পুরুষ কেবল জীবন-সংগ্রামে ব্যাপৃত থাকিয়া অনেক উপকরণ সংগ্রহ করে, কিন্তু সেই সব উপকরণকে যথাবিন্যস্ত করিয়া সুন্দর শোভন করিতে পারে নারী, এবং পুরুষের রণক্ষত নারীই নিজের করুণা-ধারায় ধৌত করিয়া পুরুষের রণক্লান্তি অপনোদন করিতে পারে। নারীই পুরুষের গৃহিণী, সেবিকা, কল্যাণদায়িনী, প্রণয়িনী। নারী পবিত্র নির্মল মঙ্গলময়ী। জীবন-নাট্যের শেষে পুরুষের যখন সংসার-রঙ্গমঞ্চ হইতে বিদায় লইবার সময় আসে তখন নারীই তাহাকে চোখের জলে অভিষিক্ত করিয়া বিদায় দেয়; এবং মরণান্তকালেও সেই নারীই পুরুষের স্মৃতি বক্ষে বহন করিয়া বিধবা-বেশে অশ্রুধারা সেচন করিয়া পুরুষের তর্পণ করে।

১৫ নম্বর

"আকাশ-সিন্ধু-মাঝে এক ঠাঁই
কিসের বাতাস লেগেছে,—
জগৎ-ঘূর্ণী জেগেছে!"

মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'প্রেম' নামক বিভাগের প্রবেশক কবিতা।

কবি বলিতেছেন যে জগৎ গতিশীল, সমস্ত সৃষ্টি চক্রাবর্তে কুণ্ডলী আকারে ঘূর্ণিত হইয়া চলিয়াছে, কিন্তু চক্রের নেমি ঘুরে, তাহার নাভি ও ধুরার মধ্যবিন্দু স্থির হইয়া থাকে, সেই মধ্য বিন্দু হইতেছে জগৎ-লক্ষ্মী আসন-শতদল—যিনি সকল সুন্দরের সৌন্দর্যরূপিণী, যিনি উর্বশী, তিনি অচপল

অপরিবর্তনীয়, তাঁহার প্রকাশ প্রেমে। জগতের সব কিছু অনিত্য, কেবল প্রেম নিত্য পদার্থ, তাহারই দ্বারা অসীমের আভাস মনে সঞ্চারিত হয়। প্রেমে প্রশান্তি, প্রেমে কল্যাণ।

প্রেম যে অবিনাশী তাহা কবি তাঁহার সাজাহান কবিতায় বলিয়াছেন, ইহা আমরা পরে দেখিতে পাইব।

২০ নম্বর

"দুয়ারে তোমার ভিড় ক'রে যারা আছে।"

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'কাব্যকথা' বিভাগের প্রবেশক।

এই কবিতায় কবি তাঁহার আরাধ্যা জীবনদেবতা বা সৌন্দর্যলক্ষ্মীকে সম্বোধন করিয়া তাঁহার প্রসাদ প্রার্থনা করিতেছেন। বিশ্বপ্রকৃতির কাছে কবি নিজেকে সমর্পণ করিয়া কেবল আনন্দের রসের সৌন্দর্যের সাধনা করিতে চাহেন। এই কবিতার সহিত চিত্রা-পুস্তকের 'আবেদন' কবিতার ভাব-সাদৃশ্য আছে। আবেদন কবিতার ব্যাখ্যা দ্রষ্টব্য।

১৮ নম্বর

"তোমার বীণায় কত তার আছে।"

এই কবিতাটি মোহিত-সংস্করণের গ্রন্থাবলীতে 'প্রকৃতগাথা'-বিভাগের প্রবেশক ছিল।

কবি প্রকৃতির সৌন্দর্য মাধুর্য বৈচিত্র্য হইতে নিজের কাব্যপ্রেরণা লাভ করেন, এবং প্রকৃতির সুরের সঙ্গে নিজের সুর মিলাইয়া তুলিতে চেষ্টা করেন। প্রকৃতি যেমন এক দিকে কবিকে অনুপ্রেরণা দান করেন, অপর দিকে কবি আবার প্রকৃতিকে নিজের বর্ণনার দ্বারা সুন্দরতর ও সুস্পষ্টতর করিয়া পরিব্যক্ত করেন। কবি প্রকৃতিকে বলিতেছেন যে, তোমার বীণার সঙ্গে আমার মনোবীণার সুর মিলাইয়া লইব, এবং আমার হৃদয়-দীপ জ্বালিয়া

আমি তোমার যে আরতি করিব সেই আলোকের দীপ্তি তোমার মুখে পড়িয়া তোমার মুখ উজ্জ্বল ও প্রসন্ন করিয়া তুলিবে।

৪৪ নম্বর

"পথের পথিক করেছ আমায়,
সেই ভালো, ওগো সেই ভালো।"

মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'হতভাগ্য'-বিভাগের প্রবেশক কবিতা।

জগতে মানুষ পদে পদে নিরাশ হয়, আঘাত পায়, অপমান সহ্য করিতে বাধ্য হয়, প্রিয়বিয়োগে ব্যথিত হয়, কত বিপদে পড়ে। কবি বলিতেছেন যে, যত বড়ই বিপদ ও লাঞ্ছনা হোক না কেন, তাহার কাছে নত হইয়া পরাজয় স্বীকার করা মনুষ্যত্বের অপমান। অতএব 'হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস।' মানুষকে বিধাতার বিধান মঙ্গলময় বলিয়া মানিয়া লইয়া স্ব-শক্তিতে সকল আঘাত সহ্য করিয়া অজেয় ভাবে জীবনযাত্রায় অগ্রসর হইতে হইবে।

২ নম্বর

"কেবল তব মুখের পানে চাহিয়া"

মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর প্রথম বিভাগ হইতেছে 'যাত্রা'। এই কবিতাটি সেই 'যাত্রা'-বিভাগের প্রবেশক ছিল।

কবি তাঁহার কাব্যজীবনে যাত্রা করিতেছেন। এই যাত্রার আরম্ভ অত্যন্ত শুভ-সূচনা করিতেছে, কিন্তু চিরকাল যদি ইহা শুভকর নাও হয় তথাপি তিনি সমস্ত নিরাশা ও অনাদর অগ্রাহ্য করিয়া কেবলমাত্র জীবনদেবতার নির্দেশ-অনুসারে চলিবেন, এবং নিজের জীবনের বিফলতার জন্য কাহারও কাছে কোনো অভিযোগ করিবেন না।

"আঁধার আসিতে রজনীর দীপ
জ্বেলেছিনু যতগুলি—"

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর নিষ্ক্রমণ-বিভাগের প্রবেশক, কিন্তু ইহা উৎসর্গে স্থান পায় নাই কেন জানি না।

কবি অন্ধকার রজনীতে কৃত্রিম আলোক জ্বালিয়া ক্ষুদ্র গৃহ উজ্জ্বল করিতে প্রয়াস করিয়াছিলেন, কিন্তু দিবসের আগমনে তিনি দেখিলেন যে বাহিরে আলোকের বন্যাপ্রবাহ বহিয়া চলিতেছে। তাই তিনি রজনীর দীপ নিভাইয়া বাহিরে বৃহৎ উন্মুক্ত ক্ষেত্রে আসিতে চাহিতেছেন, নিজের সঙ্কীর্ণ মনঃক্ষেত্রে তিনি যে ছিন্নতন্ত্রী বীণা বাজাইবার চেষ্টা করিতেছিলেন তাহা ফেলিয়া সমস্ত বিশ্বচরাচরের সুরে সুর মিলাইতে চাহিতেছেন।

---

৬ নম্বর

"তোমায় চিনি ব'লে আমি করেছি গরব
লোকের মাঝে।"

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'সোনার তরী'-বিভাগের প্রবেশক ছিল।

ভুবন-সুন্দর অখিল-রসামৃত-মূর্তি যিনি তাঁহাকে কবি সম্বোধন করিয়া বলিতেছেন—আমি আমার রচনার মধ্য দিয়া তোমাকে লোক-সমাজে প্রকাশ করিবার অনেক প্রয়াস করিয়াছি। সেই জন্য লোকে আসিয়া আমাকে জিজ্ঞাসা করে যে তুমি যাহাকে প্রকাশ করিবার চেষ্টা করিতেছ সে কে? কিন্তু তুমি তো অনির্বচনীয়, তোমার পরিচয় আমি কেমন করিয়া দিব? আমার অক্ষমতা দেখিয়া লোকে আমাকে দোষী করে, আর তুমি তাহা দেখিয়া হাস্য করো যে আমার দোষ কি, আমি কেমন করিয়া ভুবন-সুন্দরকে অখিল-রসামৃত-মূর্তিকে লোকের সঙ্গে পরিচয় করাইয়া দিতে পারিব।

আমি তোমাকে প্রকাশ করিবার জন্য যত ব্যর্থ প্রয়াস করিয়াছি, তাহার দ্বারা তোমার কতটুকু পরিচয় দিতে সমর্থ হইয়াছি, তোমার অসীম অনন্ত রহস্যের তত্ত্ব নির্ণয় করিতে আমি তো পারি নাই। কাজেই আমার রচনার মধ্যে একটি অস্পষ্ট আভাস মাত্র দিতে পারিয়াছি। লোকে তাহার স্পষ্ট অর্থ ধরিতে না পারিয়া আমাকে উপহাস করে। কিন্তু তুমি তো আমার প্রয়াসের মূল্য জানো, তাই তুমি লোকের দূষণ দেখিয়া হাস্য করো।

তোমাকে চিনি বলাও যেমন যায় না, তেমনি তোমাকে চিনি নাই বলাও যায় না। তোমাকে তো আমি ক্ষণে ক্ষণে বিশ্বশোভার মধ্যে দেখিয়াছি, এবং তোমার সেই অপরূপ আবির্ভাবকে কথার বন্ধনে ও গানের সুরে ধরিবার প্রয়াস পাইয়াছি, কত নব নব সুন্দর সুন্দর ছন্দ রচনা করিয়া তোমাকে অলঙ্কারের বন্ধনে ধরিতে চাহিয়াছি। কিন্তু সংশয় কিছুতে ঘুচে না যে তুমি আমাকে ধরা দিলে কি? কিন্তু যে দূরাপনা, যে অ-ধরা, তাহাকে ধরিব কেমন করিয়া, অতএব—

কাজ নাই, তুমি যা খুশী তা করো,
ধরা নাই দাও, মোর মন হরো,
চিনি বা না চিনি, প্রাণ উঠে যেন
পুলকি'!

১৯ নম্বর

"হে রাজন্, তুমি আমারে
বাঁশী বাজাবার দিয়েছ যে ভার
তোমার সিংহ-দুয়ারে—"

এই কবিতাটি মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর 'লোকালয়'-বিভাগের প্রবেশক।

বিশ্বেশ্বর কবিকে তাঁহার বিশ্বভবনের সিংহদুয়ারে বাঁশী বাজাইবার ভার দিয়া পাঠাইয়াছেন। কবি সমস্ত মানব-সমাজের মুখপাত্র হইয়া সকলের মনের কথা প্রকাশ করিবার ভার পাইয়াছেন—বিশ্বভুবনেশ্বর তাঁহাকে আদেশ করিয়াছেন—

এই-সব মূঢ় ম্লান মূক মুখে
দিতে হবে ভাষা।

কবিও সেই আদেশ স্বীকার করিয়া লইয়াছেন—

লাজুক হৃদয় যে কথাটি নাহি কবে,
সুরের ভিতরে লুকাইয়া কহি তাহারে।

যাহারা সাধারণ লোক, যাহারা সংসার-হাটে কেবল বোঝা বহিয়া চলে, যাহারা বিশ্বশোভার দিকে দৃক্‌পাত করিবার মতন মন ও অবসর পায় নাই, তাহারা কবির বাঁশীর সুর শুনিয়া বোঝা ফেলিয়া হাটের কথা ভুলিয়া সেই গান শুনিতে

বসে, এবং তাহাদের তখন চেতনা হয়—তাহারা ভাবে আমাদের জন্যই তো ফুল ফুটিতেছে, পাখী গাহিতেছে, জগতে আনন্দ-মেলা বসিয়াছে।

কবি এই আনন্দ-বার্তা বহন করিয়া লোকালয়ের দ্বারে দ্বারে বিরামবিহীন হইয়া ভ্রমণ করিতে চাহেন, যাহারা নিজেরা নিজেদের মনোভাব পরিব্যক্ত করিতে পারে না, তাহাদের সকলের হইয়া কবি সুখ দুঃখ আনন্দ সৌন্দর্যবোধ প্রণয়কথা প্রকাশ করিয়া চলিবেন। কবি হইতেছেন সত্য শিব সুন্দরের পয়গম্বর—আনন্দ-দূত।

চিঠি

"না জানি কারে দেখিয়াছি,
দেখেছি কার মুখ।
প্রভাতে আজ পেয়েছি তার চিঠি!"

এই কবিতাটি 'চিঠি'-নামে ১৩১০ সালের ভাদ্র মাসের বঙ্গদর্শনে ২১০ পৃষ্ঠায় প্রকাশিত হয়। এই কবিতাটি কবির অত্যুত্তম কবিতার অন্যতম। ইহা উৎসর্গ-পুস্তকের ১১ নম্বর কবিতা।

ইহা মোহিত-সংস্করণ কাব্যগ্রন্থাবলীর মধ্যে 'রূপক'-বিভাগে স্থান পাইয়াছিল। কিন্তু ইহাকে রূপক মনে না করিয়া সাধারণ নর-নারীর প্রণয়ের দিক্ হইতেও দেখা যাইতে পারে। 'আবেদন' কবিতার মতন ইহাতে যে মনুষ্য-হৃদয়ের রস-পরিচয় পাওয়া যায় তাহা মহামূল্য।

মনে করা যাক—একটি নিরক্ষরা মুগ্ধা রমণী বহু দিনের প্রতীক্ষার পরে একদিন সকালে উঠিয়া তাহার প্রিয়তমের পত্র পাইয়াছে। সে তো পড়িতে জানে না, কোন্ পণ্ডিতের কাছে সেই চিঠি পড়াইতে যাইবে? ইহাতে তো তাহার একান্ত আপনার হৃদয়পুরের গোপন প্রণয়-সম্ভাষণ অপরের কাছে প্রকাশ হইয়া পড়িবে। আর সে তাহার প্রিয়তমের কথা যে-রকম ভাবে বুঝিতে পারিবে, সামান্য কোনো কথার মধ্যে যে অনন্ত মাধুরী সে ধরিতে পারিবে, সেই পণ্ডিত তাহা কেমন করিয়া পারিবে, তাহার তো প্রেমের দৃষ্টি নাই। প্রিয়তমের পত্র পাইয়াছি, এই বোধের আনন্দে তো জগৎ মধুময় হইয়া গিয়াছে; এবং এই না-বোঝা লিপি সে মাথায় কোলে বুকে লইয়া যে

অনির্বচনীয় অননুভূতপূর্ব আনন্দ বোধ করিবে, তাহারই আভাস সে বিশ্বচরাচরে, প্রতিফলিত দেখিয়া ভরপূর হইয়া থাকিবে। সে নিজের মনের কল্পনা ও মাধুরী মিলাইয়া এই লিপিতে যে ভাবরস সঞ্চার করিয়াছে, তাহা যদি সেই লিপির মধ্যে বাস্তবিক না থাকে, তবে তো তাহার সুখস্বপ্ন নষ্ট হইয়া যাইবে। অতএব এই লিপি পড়িয়া বুঝিবার কাজ কি? আমার প্রিয়তম আমাকে পত্র লিখিয়াছেন, এই লাভটুকুই আমার পরম ও চরম লাভ।

এই কবিতাকে রূপক মনে করিয়া ব্যাখ্যা করা যাইতে পারে। বিশ্বেশ্বরের সৌন্দর্যলিপি আমাদের কাছে নিত্য-নিরন্তর আসিতেছে, আমাদের প্রত্যেকের রসানুভূতির মধ্যে তাহার তাৎপর্য নিহিত রহিয়াছে। সেই সহজ অনুভবকে আমরা যদি গুরু পুরোহিত মোল্লা পয়গম্বর ইত্যাদির ব্যাখ্যা দিয়া এবং শাস্ত্রের নির্দেশ-অনুসারে বুঝিতে চাই, তবে তো তাহা পরের মুখে রসাস্বাদ করা হইল, তাহাতে আমার নিজের পরিতৃপ্তি কোথায়? অতএব গুরু মোল্লা, কোরান পুরাণ সব মাথায় থাকুন, আমার হৃদয়েশ্বরের সহিত কেবল আমার প্রেমের যোগই যথেষ্ট।

এই রূপক ব্যাখ্যা ভালো করিয়া বুঝিতে হইলে 'পূরবী' কাব্যের "লিপি" নামক কবিতা এবং Robert Browning-এর Fears and Scruples নামক কবিতা দ্রষ্টব্য।

এবং—

কজরমেঁ জব্ আয়া য়লচী
পুশাক সুনহ্‌লী তেরী।
গমক-ভর জব্ শাঁস লগায়া,
চিত জগায়া মেরী॥
ধূপমে হম্‌কো কিয়া উদাসা,
ক্যা পীড় দূর সমায়া।
গায়া গেরুয়া সুর মগরবী,
মরণ-সা রৈন আয়া॥
কাগজ কালা হরফ উজালা
ক্যা ভারী খত পায়া।
ইত্তী রৌনক কোঁ রে য়লচী,
তুহি য়াদ ভুলায়া॥
খলক্ খলক্-মেঁ খত হৈ ফৈলী,
মগ্‌রুর হমঁ করমান্॥

—জ্ঞানদাস বধৈলী।

"সকালবেলা যখন আসিলে হে দূত, পোশাক সোনালি তোমার। একটুকু যখন গন্ধের নিঃশ্বাস লাগাইলে, চিত্ত জাগাইয়া তুলিলে আমার। রবি-রশ্মিতে আমাকে করিল উদাস, কী পীড়া দূর অন্তরে প্রবেশ করিল। গাহিল গেরুয়া সুর—বৈরাগ্যের সুর—পশ্চিম দিক্, মরণের ন্যায় রজনী আসিল। কাগজ কালো, হরফ উজ্জ্বল, কী সুন্দর লিপি পাইলাম। এত জাঁকজমক কেন হে দূত, তুমিই যে স্মৃতিবিভ্রম ঘটাইলে।" দূত উত্তর দিতেছেন—"ভারী উজ্জ্বল সভা, বিরাট্ উৎসব, তুমিই একমাত্র নিমন্ত্রিত অতিথি। বিশ্বচরাচরে এই লিপি প্রসারিত হইয়া রহিয়াছে, গর্বিত আমি এই বার্তাবহ বলিয়া!"

খেয়া

পুস্তক-প্রকাশের তারিখ পুস্তকের পরিচয়পত্রে নাই। কবি যে উৎসর্গ করিয়া কবিতা লিখিয়াছেন তাহাতে তারিখ আছে ১৮ই আষাঢ় ১৩১৩। ইহার অধিকাংশ কবিতাই শান্তিনিকেতনে কবির যে বাড়ী আমাদের কাছে 'টং' নামে পরিচিত ছিল ও এখন যাহার নাম হইয়াছে 'দেহলী' সেই ছোট বাড়ীতে বসিয়া লেখা। কবিতাগুলি অল্প সময়ের মধ্যে লিখিত।

এই কাব্যখানির একটি কবিতা 'কোকিল' ছাড়া আর সমস্ত কবিতাই ভগবৎ-অনুভূতি অথবা ভগবৎ-ভক্তির কথা। যে ভগবৎ-অনুভূতি নৈবেদ্যের কবিতার মধ্যে বুদ্ধির ক্ষেত্রে এবং জ্ঞানের ক্ষেত্রে ছিল, তাহা এই খেয়ার কবিতায় হৃদয়ের ক্ষেত্রে এবং ভক্তির ক্ষেত্রে আসিয়া উপনীত হইয়াছে। ইহার পরিণতি পরে দেখিতে পাওয়া যায় গীতাঞ্জলি, গীতিমাল্য ও গীতালির কবিতায় ও গানে।

এই পুস্তকের সমালোচনা ১৩১৩ সালের অগ্রহায়ণ মাসের প্রবাসী পত্রে প্রকাশিত হয়। তাহাতে সমালোচক এই বই-সম্বন্ধে লিখিয়াছিলেন—

"সমালোচ্য কবিতাগুলি যে সকলের কাছে তেমন স্পষ্ট হইবে না, কবি তাহা নিজেই বুঝিয়াছেন; এবং বুঝিয়াছেন বলিয়াই উৎসর্গপত্রে এই কাব্যকে লজ্জাবতী লতার সহিত তুলনা করিয়া বলিয়াছেন—

যত্ন ভরে খুঁজে খুঁজে তোমায় নিতে হবে বুঝে;
ভেঙে দিতে হবে যে তার নীরব ব্যাকুলতা।

......ঠিক 'পারের ঘাটের কিনারায়' না আসুন, কিন্তু 'ঘরেও নহে, পারেও নহে, যে জন আছে মাঝখানে' অথবা 'দিনের আলো যার ফুরালো, সাঁঝের আলো জ্বলল না', তাঁহারা এই কাব্যের রস বেশী অনুভব করিতে পারিবেন। যাহাদের তরী অনেকের তরীর সঙ্গে একত্র ছিল, এক বন্দরে অনেক কাল ছিল, তাহারা যখন দেখিবে যে এখন কত তরী অস্তাচলে তীরের তলে, ঘন গাছের কোল ঘেঁষে, ছায়ায় যেন ছায়ার মতো যায়, তাহাদের প্রাণে একটু বেশী রকম বাধিবে। যাহাদের 'শেষ হ'য়ে গেছে জলভরা আজ', তাহারাই 'ঘাটের পথ' তাকাইয়া কাঁদিবে।"

এই কাব্যের মধ্যে যে একটি বিশেষ রস আছে তাহা অতি মধুর, হৃদয়-গ্রাহী। কবির ভক্তির মধ্যে কোনো উচ্ছ্বাস বা আতিশয্য নাই, অথচ অনুভূতি আছে গভীর। সেই জন্য এই কবিতাগুলি মনকে মুগ্ধ করে।

আধ্যাত্মিক রসবোধের প্রকাশ কবির যে যে কাব্যে হইয়াছে তাহাদের সকলের মধ্যে কবিত্ব-হিসাবে 'খেয়া' কাব্য শ্রেষ্ঠ। ইহার লিরিক রূপটি অন্য সমস্ত কাব্য হইতে ইহাকে স্বাতন্ত্র্য দান করিয়াছে! 'গীতাঞ্জলি' 'গীতিমাল্য' 'গীতালি' 'গান' 'নৈবেদ্য' তত্ত্ব, কিন্তু 'খেয়া' কবিতা এবং উচ্চশ্রেণীর কবিতা। ইহার মধ্যেই কবির গূঢ়বাদ বা মিষ্টিসিজম্ প্রথম আত্মপ্রকাশ করিল। এই জন্য অনেকের মতে—

"খেয়া এক অপূর্ব কাব্য। নৈবেদ্যে যাহা তত্ত্ব ও ভাবরূপে অভিব্যক্ত হইয়াছিল, সেই ভগবৎপ্রেম ও ভগবানের সঙ্গে মিলনাকাঙ্ক্ষা খেয়ায় বিচিত্র রসমাধুর্যে পরিণত হইয়াছে। ক্ষণিকায় দেখেছি কবির চিত্তে পরমসুন্দরের প্রতি অনুরাগ জেগে উঠেছে। নৈবেদ্যে দেখেছি, তিনি যে তাঁরই এ প্রত্যয় কবির ভিতরে দৃঢ় হ'য়ে দেখা দিয়েছে। কিন্তু প্রকৃত ভক্ত ভাবে রবীন্দ্রনাথকে প্রথম দেখি খেয়াতে। বৈষ্ণব কবির রাধার প্রতীক্ষার চাইতে এক হিসাবে নিবিড়তর এই খেয়ার প্রতীক্ষা।" —রবীন্দ্রকাব্যপাঠ।

রবীন্দ্রনাথ কর্মকে অতিক্রম করিয়া জীবনকে অনন্তের আনন্দময় রসসমুদ্রে বিলীন করিয়া দিবার জন্য এই খেয়ার ঘাটে উপনীত হইয়াছেন। কবি 'সব পেয়েছির দেশে' তাঁহার কুটীর বাঁধিতে চলিয়াছেন। নৈবেদ্যে কবির নিকটে ভগবানের ঐশ্বর্যরূপ প্রকাশিত—সেখানে ভগবান কবির প্রভু দেবতা স্বামী। খেয়ায় ভগবান্ কবির কাছে বর, ভিখারী। এখন প্রকৃতি বিশ্বেশ্বরের লীলার ক্ষেত্র, আর জীবাত্মা-পরমাত্মার প্রেমের ক্ষেত্র।

রবীন্দ্রনাথ এই কাব্যখানি তাঁহার বন্ধু জগদীশচন্দ্র বসুকে উৎসর্গ করেন। জগদীশচন্দ্র লজ্জাবতী লতার গায়ে তড়িৎ স্পর্শ করাইয়া প্রমাণ করেন যে আপাতপ্রতীয়মান জড়ধর্মী উদ্‌ভিদের মধ্যে প্রাণচৈতন্য আছে। তাই কবি নিজের কবিতা-সম্বন্ধে লিখিয়াছিলেন—

বন্ধু, এ যে আমার লজ্জাবতী লতা!

বাস্তবিক প্রত্যেক কবির কাব্যই লজ্জাবতী লতার মতন, বিশ্বানুভবের ভিতর দিয়া কবি যাহা চিত্তে আহরণ করেন তাহাই সেই লতার পত্রে পুষ্পে রঙে গন্ধে রসে বৈচিত্র্যে পরিণত হয়। যিনি পাঠক তিনি যদি দরদ দিয়া উহার মর্মকথা বুঝিতে চেষ্টা করেন তবেই উহার প্রকৃত পরিচয় পাওয়া তাঁহার পক্ষে সম্ভব হয়। তাই কবি বন্ধু-পাঠককে বলিতেছেন—

বন্ধু, আনো তোমার তড়িৎ-পরশ,
হরষ দিয়ে দাও,—
করুণ চক্ষু মেলে ইহার
মর্ম পানে চাও।

তুমি জানো ক্ষুদ্র যাহা
ক্ষুদ্র তাহা নয়,—
সত্য সেথা কিছু আছে
বিশ্ব যেথা রয়।

খেয়ার কবিতাগুলিতে গূঢ়বাদ থাকাতে অনেকগুলি কবিতা রূপক হইয়া উঠিয়াছে।

শেষ খেয়া

এই কবিতাটি ১৩১২ সালের আষাঢ় মাসের বঙ্গদর্শনে ১৪২ পৃষ্ঠায় প্রথম প্রকাশিত হয়। ইহার অন্তর্নিহিত ভাব—

কবি ভগবানের চরণে তাঁহার আকুল প্রার্থনা জানাইতেছেন—আমি এতদিন সংসারে যে-সব কাজের নেশায় মত্ত ছিলাম, আমার সে নেশা কাটিয়া গিয়াছে। হে ভগবান্, আজ আমি তোমার চরণে মিলিত হইবার জন্য ব্যাকুল। কিন্তু তোমাকে পাইতে হইলে আমাকে এই বাসনাসঙ্কুল জীবনের পরপারে যাইতে হইবে। কিন্তু হায়, আমি তো সে পথ চিনি না। ইহার আগে যে-সব মনীষী পরলোকের—বাসনার পরপারের— পথে অগ্রসর হইয়াছেন, তাঁহাদের কেহ যদি দয়া করিয়া আমার হাত ধরিয়া লইয়া যান, তাহা হইলে হয়তো আমি যাইতে পারি। কিন্তু তোমার দয়া ভিন্ন সেই উপায়ও পাওয়া দুষ্কর। সংসারের আশা উদ্যম সব আমার ফুরাইয়া গিয়াছে; এখন সংসার আমার কাছে একটা বিরাট্ অন্ধকার কারাগার বলিয়া মনে হইতেছে; আমি আর এই অন্ধকারে থাকিতে চাই না। আমায় লইয়া চলো হে প্রভু, তোমার চির-আলোকের রাজ্যে,— প্রভু, লইয়া চলো আমার হাত ধরিয়া।

প্রথম কলি

ঘুমের দেশ পরলোক। মানুষ যখন ঘুমাইয়া পড়ে তখন তাহার মনে হিংসা দ্বেষ প্রীতি অনুরাগ বাসনা বৈরাগ্য প্রভৃতি কোনো চিন্তাই থাকে না; সাংসারিক কাজের ব্যস্ততা, সফলতার আনন্দ, বিফলতার দুঃখ প্রভৃতি কোনো উদ্বেগ থাকে না; একটা শান্ত স্থির নির্বিকার ভাবে হৃদয় পূর্ণ থাকে; কবির কল্পিত পরলোকও সেইরূপ—সেখানে কোনো চিন্তা নাই, শোক নাই, আনন্দ নাই, উদ্বেগ নাই; আছে কেবল অনাবিল শান্তি ও বিপুল বিরতি।

এখানে কবি তাঁহার হৃদয়ের পরলোক-বিষয়ক চিন্তাকে প্রাণ-মাতানো সঙ্গীতের সঙ্গে তুলনা করিয়াছেন। আমরা যখন মধুর কণ্ঠের মধুরভাবপূর্ণ গান শুনি, তখন আমরা আত্মহারা হইয়া নিজের নিজের কর্তব্যের কথা প্রায়ই ভুলিয়া যাই। কবির মনে পরলোকের চিন্তা জাগিয়াছে, সেই চিন্তায় তাঁহার সমস্ত মন পূর্ণ হইয়া গিয়াছে, ইহলোকের কাজ তাঁহার আর ভালো লাগিতেছে না। তাই তিনি বলিতেছেন—আজ পরলোকের চিন্তা আমাকে আমার আরব্ধ যাবতীয় সাংসারিক কাজ হইতে বিরত করিতেছে।

দিনের শেষে···কাজ-ভাঙানো গান—আমার জীবনের গণনা-করা দিন ফুরাইয়া আসিয়াছে। আজ কর্ম-ব্যস্ত জগতের কোলাহল ভেদ করিয়া শান্ত স্থির এক সঙ্গীতের ধারা পরলোক হইতে ভাসিয়া আসিতেছে এবং আমার শ্রবণ পরিতৃপ্ত করিতেছে। কী প্রাণস্পর্শী কী মধুর সেই সঙ্গীত! সেই সঙ্গীত শুনিয়া আমি সকল কাজ—যাহাতে এতদিন লিপ্ত ছিলাম সেই সব কাজ—ভুলিয়া গিয়াছি।

দ্বিতীয় কলি

আমি দেখিতেছি সংসারের কর্তব্য যথাযথ সমাপন করিয়া জীবন-সায়াহ্নে দুই-একজন করিয়া অনেক মহাপুরুষ পরলোকের পথে চলিয়াছেন। তাঁহাদের গতি কী দ্রুত, কেমন বাধাহীন। এই মহাপুরুষগণের মধ্যে হয়তো অনেকেই আমার স্বদেশবাসী, এমন কি আমার আত্মীয়, আমার স্বজন, এবং আমারই সমানধর্মা আছেন। কিন্তু আমি তো দূর হইতে তাঁহাদের চিনিতে পারিতেছি না। তাঁহারা কোন্ পদ্ধতি অবলম্বন করিয়া এরূপ সহজে স্বচ্ছন্দে অবাধ গতিতে অগ্রসর হইতেছেন তাহাও তো আমার চিন্তায় সুস্পষ্টভাবে প্রতিভাত হইতেছে না। এসো হে ভগবান্, আমার জীবনের শেষ ক্ষণে তুমি আমাকে তোমার করুণার রাজ্যে লইয়া চলো।

তৃতীয় কলি

যে যাহার গন্তব্য স্থানে চলিয়া গিয়াছে। আমি পথের মাঝে পড়িয়া আছি। আমাকে কে আশ্রয় দিবে? আমি আমার ক্ষমতা প্রতিপত্তি বৃথা নষ্ট করিয়াছি। এখন তাহার জন্য দুঃখ করিতেও লজ্জা বোধ হইতেছে—নিজের দোষেই যাহা হারাইয়াছি তাহার জন্য কাহার কাছে নালিশ করিব? আমার আশা উদ্যম সব ফুরাইয়া গিয়াছে, কিন্তু হায়, শান্তি তো পাইলাম না। আজ তাই নিরুপায় হইয়া পথে বসিয়া আছি। হে ভগবান্, আমাকে দয়া করিয়া তুমিই লইয়া চলো।

যাহাদের প্রাণে উদ্যম, দেহে শক্তি এবং হৃদয়ে আশা আছে, তাহারা আনন্দে উৎসাহে সংসারের কাজে আপনাদিগকে লিপ্ত রাখিয়াছে; আর যাহারা ভগবানের করুণার দান, তাহাদের শক্তি উদ্যম প্রতিভা প্রভৃতির সদ্ব্যবহার করিয়াছে, তাহাদের পরলোকগমনের পথ নিষ্কণ্টক; তাই তাহারা অবাধে জীবনের পরপারে চলিয়া গিয়াছে। কিন্তু সংসারের কর্তব্য সাধন করিবার মতন যাহার সাহস উদ্যম ভরসা কিছুই নাই—ভগবানের করুণার দান যে অপচয় করিয়াছে—তাহার সংসারে আর স্থান কোথায়? নির্বিঘ্নে পরলোকে যাইবার মতো সম্বলও তাহার কিছুই নাই। আমার অবস্থা আজ সেই রকম হইয়াছে—আমি না পারিতেছি কেবলমাত্র সাংসারিকতা বৈষয়িকতাকে আঁকড়াইয়া ধরিয়া নিশ্চিন্ত মোহে আবিষ্ট হইয়া থাকিতে, আর না পারিতেছি পরলোকের উপযোগী আধ্যাত্মিক উন্নতি-সাধন করিতে—সংসার ও পরলোক এই উভয় লোক হইতেই আমি বঞ্চিত। হে ভগবান্, "তুমি ছাড়া আর কে আছে আমার!"—আমার কেহ নাই বা কিছুই সম্বল এবং অবলম্বনও নাই।

গাছে যখন ফুল ফুটে তখন গাছের এক অপরূপ শোভা হয়। সেই শোভা দেখিয়া সকলের নয়ন পরিতৃপ্ত হয়। কিন্তু ফুলই গাছের চরম পরিণতি নয়, ফলই বৃক্ষ-জীবনের সার্থকতা। যে গাছের ফুলগুলি বৃথা ঝরিয়া পড়িয়া না গিয়া গাছকে ফলসম্ভারে পরিপূর্ণ ও গৌরবান্বিত করে, সেই বৃক্ষের জীবন সার্থক। কবি এখানে নিজেকে ঝরা-ফুল ও ফলহীন গাছের সঙ্গে তুলনা করিতেছেন—তিনি বলিতেছেন—আমাতে যে-সব ফুল ফুটিয়াছিল, অর্থাৎ ভগবান দয়া করিয়া আমাতে যে-সব সদ্গুণ সন্নিবেশিত করিয়াছিলেন, সেগুলি বৃথা ঝরিয়া গিয়াছে, অর্থাৎ যে ভাবে সেই গুণগুলির পরিচালনা ও অনুশীলন করিলে আমার জীবন সফল ও সার্থক হইত তাহা না করিয়া বৃথা কার্যে

সেগুলিকে নষ্ট করিয়াছি। কাজেই সাফল্যের গৌরব আমার নাই। তাই আজ নিজের দোষে নিষ্ফল জীবনের জন্য কাঁদিতেও আমার লজ্জা হইতেছে। আমি মূঢ়ের মতন নিজের পায়ে নিজেই কুঠারাঘাত করিয়াছি।

প্রভাতে যখন সূর্যালোকে জগৎ উদ্‌ভাসিত হইয়া উঠে তখন লোকের কর্মশক্তি বিকাশ পায়। আবার রাত্রে যখন জগৎ অন্ধকারে সমাচ্ছন্ন হয় তখন সেই শক্তি ম্রিয়মাণ হইয়া পড়ে। তৎসত্ত্বেও লোঁকে রাত্রিতে আলো জ্বালিয়া কৃত্রিম উপায়ে শক্তিকে উজ্জীবিত করিয়া তাহাদের কর্তব্য সমাধান করে। ইহাই হইল জগতের সাধারণ নিয়ম। কবিগণ মানবের বাল্য, যৌবন ও বার্ধক্যকে যথাক্রমে প্রভাত, মধ্যাহ্ন ও সন্ধ্যার সহিত তুলনা করিয়া থাকেন। বাল্যে ও যৌবনে মানবের চিত্ত নানা আশায় নানা সুখকর কল্পনায় পরিপূর্ণ হইয়া থাকে; সেই আশা ও কল্পনা হইতে মানবের উৎসাহ-শক্তির বিকাশ হয়। তাই আশামুগ্ধ মানব সোৎসাহে জীবন-সংগ্রামে প্রবৃত্ত হয়। কিন্তু সেই আশা-উৎসাহের অবসান হয় বার্ধক্যে উপনীত হইলে।

কিন্তু বার্ধক্যে উপনীত হইলেই যে সকলেই নিরাশ হইয়া পড়েন তাহা নহে। যাঁহারা ধর্মপ্রাণ, সাংসারিক জীবনে যাঁহারা ধর্মপথে থাকিয়া যথাযথ ভাবে কর্তব্য পালন করিয়াছেন, তাঁহাদের দৃষ্টিতে পরলোক সুন্দর-রূপে প্রতিভাত হয়। তখন তাঁহারা পরলোকের সুখের আশায়, ভগবানের চরণ-প্রান্তে উপনীত হইবার আনন্দে পূর্ণ হইয়া সংসারের অতীত সুখ-দুঃখ আশা-নৈরাশ্যের কথাকে তুচ্ছ মনে করেন। বোধ হয়, সাংসারিক নৈরাশ্য তাঁহাদের হৃদয়ে ছায়াপাত করিতে পারে না।

কবি বার্ধক্যে উপনীত হইয়া ভাবিতেছেন এখন আর তাঁহার যৌবনের আশা-উৎসাহ নাই; তাঁহার দিনের আলো—অর্থাৎ জীবনের আশা-উৎসাহ—ফুরাইল, সাঁঝের আলো—অর্থাৎ পরলোকের সৌন্দর্য—তাঁহার জন্য জ্বলিল না—অর্থাৎ তাঁহার দৃষ্টিগোচর হইতেছে না; ইহলোকের শক্তি আশা তিনি হারাইয়াছেন, পরলোক হইতেও কোনো আধ্যাত্মিক সমর্থন বা আশার আলোক আসিয়া তাঁহার মনে লাগিতেছে না; তাই নিরাশ হইয়া ঘাটে—জীবনের প্রান্তে—তিনি বসিয়া পড়িয়া আর্তস্বরে আহ্বান করিতেছেন—

ওরে আয়—
আমায় নিয়ে যাবি কে রে
দিনশেষের শেষ খেয়ায়।

শুভক্ষণ ও ত্যাগ

এই যুগ্ম কবিতা দুইটি ১৩১২ সালের অগ্রহায়ণ মাসে বঙ্গদর্শনের ৩৮৩, ৩৮৪ পৃষ্ঠায় প্রথম প্রকাশিত হয়।

যখন কোনো মহৎ কর্মের বা মহৎ ভাবের শুভ-আহ্বান আসিয়া উপস্থিত হয় তখন তাহাকে বরণ করিয়া লওয়া একান্ত কর্তব্য; আমার যথাসাধ্য সাহায্য ও সমর্থনের দ্বারা উহাকে সংবর্ধনা করিতে হইবে। আমার সাহায্য যদি সামান্য ও নগণ্য হয়, আমার নাম যদি কেহ নাও জানিতে পারে, এবং ইতিহাসে যদি আমার নাম নাই থাকে, তথাপি সেই শুভক্ষণকে সমাদর করিতে অবহেলা করা আমার পক্ষে উচিত হইবে না। আমার এই ফলাফল বিবেচনাহীন ত্যাগের জন্য সাংসারিক বুদ্ধিমান সাবধানী বিবেচক লোকে আশ্চর্য হইবে তো হউক, তথাপি কাহারও মুখাপেক্ষা না করিয়াই আমার কর্তব্য আমাকে করিয়া যাইতে হইবে।

রাজার দুলালের যাত্রাপথে আমার বক্ষের মণিহার খুলিয়া উপহার দিতে হইবে। সেই চুনীর হার আমার বুকের রক্তবিন্দুগুলির মতো ধূলায় পড়িয়া থাকিবে এবং রাজার দুলালের রথের চাকায় গুঁড়া হইয়া একটি রক্তরেখা আঁকিয়া দিবে, এবং কেহ হয়তো লক্ষ্যই করিবে না যে কে কী মহামূল্য নিধি ত্যাগ করিল এবং কাহার উদ্দেশ্যেই বা ত্যাগ করিল।

"আমাদের ক্ষণিক-জীবন এবং চির-জীবন দুটো একত্র সংলগ্ন হ'য়ে আছে। আমাদের ক্ষণিক-জীবনই সুখ-দুঃখ ভোগ করে, আমাদের চির-জীবন সেই সুখ-দুঃখ নেয় না, তার থেকে একটা তেজ সঞ্চয় করে। গাছের ক্ষণিক জীবন কেবল রৌদ্র ভোগ করছে, আর গাছের চির-জীবন তার ভিতর থেকে দাহহীন চির-অগ্নি সঞ্চয় করছে।

"আমরা যখন খুব বড় রকমের একটা আত্মবিসর্জন করি, তখন কেন করি? একটা মহৎ আবেগে আমাদের ক্ষণিক-জীবনটা আমাদের থেকে বিচ্ছিন্ন হ'য়ে যায়, তার সুখ-দুঃখ আমাদের আর স্পর্শ করতে পারে না। আমরা হঠাৎ দেখ্‌তে পাই আমরা আমাদের সুখ-দুঃখের চেয়ে বড়, আমরা প্রতিদিনের তুচ্ছ বন্ধন থেকে মুক্ত। সুখের চেষ্টা এবং দুঃখের এই পরিহার, এই আমাদের ক্ষণিক-জীবনের প্রধান নিয়ম; কিন্তু আমাদের জীবনে এমন একটা সময় আসে যখন আমরা আমাদের ক্ষণিক-জীবনটাকে পরাভূত ক'রেই আনন্দ পাই, দুঃখকে গলার হার ক'রে নিয়েই মনে উল্লাস জন্মায়।"—ছিন্নপত্র, বোয়ালিয়া ২৪।২৫

"যখন আমরা নিছক সুখ ভোগ করতে থাকি তখন আমাদের মনের একার্ধ অকৃতার্থ থাকে, তখন একটা কিছুর জন্যে দুঃখ ভোগ এবং ত্যাগ স্বীকার করতে ইচ্ছা করে, নইলে আপনাকে অযোগ্য ব'লে মনে হয়—এই কারণেই যে সুখের সঙ্গে দুঃখ মিশ্রিত সেই সুখই স্থায়ী সুগভীর, তাতেই যথার্থ আমাদের সমস্ত প্রকৃতির চরিতার্থতা সাধন হয়।"

—ছিন্নপত্র (পতিসর, ৩০-এ মার্চ্চ, ১৮৯৪), ২৫৬ পৃষ্ঠা।

যখন কবির চিত্ত দেশের দুর্দ্দশার দুর্দিনে রাজনৈতিক সামাজিক ধর্ম-সম্বন্ধীয় দুর্গতিতে পীড়িত হইতেছিল, তখন কর্মক্ষেত্রে ঝাঁপাইয়া পড়িবার ডাক তাঁহার জীবনকে দোটানায় ফেলিয়াছিল সেই সময়ের মনের ভাব প্রকাশ পাইয়াছে এই দুইটি কবিতায়।

তুলনীয়—পূরবী কাব্যে 'দান' কবিতা।

আগমন

প্রথম প্রকাশিত হয় ১৩১২ সালের আশ্বিন মাসে।

সত্য-শিব-সুন্দর-রূপী ভগবানকে যদি আমরা স্বীকার না করি তবে তিনি রুদ্র-রূপে আবির্ভূত হইয়া তাঁহাকে স্বীকার করিতে বাধ্য করান। সত্য-শিব-সুন্দরের প্রকাশ নিরন্তর হইতেছে, কিন্তু আমরা মোহ-বশত তাহা অস্বীকার করি, অথবা লক্ষ্য না করিয়া নিশ্চেতন থাকি।

দুঃখ-রাতের রাজা যখন আসিলেন, তখন তাঁহার অভ্যর্থনার জন্য কোনো আয়োজনই হয় নাই আমার; দরিদ্র-ঘরে যাহা সামান্য কিছু ছিল তাহা দিয়াই তাঁহাকে অভ্যর্থনা করিতে হইল। ইহা ভালোই হইল, ইহাতেই ত্যাগ সম্পূর্ণ হইয়া উঠিল,—ইহা তো ধনীর ভোগোদ্বৃত্ত সামান্য কিছু দান করা হইল না, ইহা দরিদ্রের সর্বস্ব-সমর্পণ হইল।

"খেয়াতে 'আগমন' ব'লে যে কবিতা আছে, সে কবিতায় যে মহারাজ এলেন, তিনি কে? তিনি যে অশান্তি। সবাই রাত্রে দুয়ার বন্ধ ক'রে শান্তিতে ঘুমিয়ে ছিল, কেউ মনে করেনি তিনি আস্‌বেন। যদিও থেকে থেকে দ্বারে আঘাত লেগেছিল, যদিও মেঘগর্জনের মতো ক্ষণে ক্ষণে তাঁর রথচক্রের ঘর্ঘরধ্বনি স্বপ্নের মধ্যেও শোনা গিয়েছিল, তবু কেউ বিশ্বাস করতে চাচ্ছিল না যে তিনি আস্‌ছেন, পাছে তাদের আরামের ব্যাঘাত ঘটে। কিন্তু দ্বার ভেঙে গেল—এলেন রাজা।"

—আমার ধর্ম, রবীন্দ্রনাথ ঠাকুর, প্রবাসী—পৌষ, ১৩২৪, ২৬ পৃষ্ঠা।

তুলনীয়—

যে রাতে মোর দুয়ারগুলি
ভাঙ্‌ল ঝড়ে,
জানি নাই তো তুমি এলে
আমার ঘরে।
* * * *
ঝড় যে তোমার জয়ধ্বজা
তাই কি জানি ?—গীতিমাল্য।

Watch ye therefore : for ye know not when the master of the house cometh, at even, or at midnight, or at the cock-crowing, or in the morning :

Lest coming suddenly he finds you sleeping.
And what I say unto you I say unto all, ...Watch !
—*The Bible*, St. Mark, 13. 35-37,

Be ye therefore ready also : for the Son of Man cometh at an hour when ye think not, —*Ibid*, St. Luke, 12. 40.

পূরবী কাব্যে 'অন্তর্হিতা' কবিতা।

দান

প্রথম প্রকাশিত হয় ১৩১২ সালের অগ্রহায়ণ মাসে।

যাহারা দীনাত্মা তাহারা ভগবানের কাছে কেবল সুখ ভিক্ষা করে ; কিন্তু ভগবান তো কেবল সুখদাতা নহেন, তিনি শিব বলিয়াই রুদ্র ; তিনি তো কেবল ভয়ত্রাতা নহেন, তিনি মহদ্‌ভয়ং বজ্রম্ উগ্যতম্। যাহারা সত্যকে ও কল্যাণকে চাহিয়াছেন, তাঁহারা রুদ্র-রূপকে ভয় করেন নাই—যেমন সক্রেটিস, গ্যালিলিও, ক্রাইষ্ট্, মহম্মদ, গান্ধী সত্যের জন্য প্রাণ দিয়াছেন অথবা দুঃসহ দুঃখ ভোগ করিয়াছেন, তবু সত্যস্বরূপ কল্যাণকে অস্বীকার করিতে পারেন নাই।

আমি চাহিয়াছিলাম প্রিয়ের গলার ফুলের মালা, অর্থাৎ শান্তি, কিন্তু সেই প্রিয়ের হাত হইতে পাইলাম ভীষণ তরবারি, অর্থাৎ দারুণ অশান্তি। শান্তি যে বন্ধন ও জড়তা,—যদি সেই শান্তি অশান্তির ভিতর দিয়া অর্জন করা না যায়, যদি দুঃখের মূল্য দিয়া তাহাকে অর্জন করা না যায়। কিন্তু এই অশান্তি

হইতেছে মাঝের কথা, ইহা চরম কথা নয়; চরম কথাটা হইতেছে—শান্তম্ শিবম্ অদ্বৈতম্। চরম ও পরম সত্য হইতেছে রুদ্রের প্রসন্ন মুখ। কিন্তু সেই প্রসন্নতা পাইতে হইলে রুদ্রের স্পর্শ পাইতে হইবে।

আরাম হ'তে ছিন্ন ক'রে
সেই গভীরে লও গো মোরে
অশান্তির অন্তরে যথা শান্তি সুমহান্।

অতএব সুকঠিন ত্যাগের সাধনাই জীবনে অবলম্বন করিতে হইবে।

ভগবান্ যে আমাদিগকে দুঃখ-বহনের অধিকার দান করেন তাহা আমাদের পক্ষে মহা সম্মান। সেই বেদনার মান বক্ষে বহন করিয়া তাঁহার দানের ও দয়ার মর্যাদা রক্ষা করিতে হইবে।

তুলনীয়—

My bridegroom's bed is cold and hard.
My bridegroom's kiss is ice and fire,
My bridegroom's clasp is iron-barred,
I am consumed in His desire :
My bridegroom's touch is as a sword
That pierces every nerve and limb ;
'Depart from me,' I moan, 'O Lord !'
All the night long I spend with Him.
—Harriet Eleanor Hamilton-King,
The Bride Reluctant

বালিকা বধূ

ইহা প্রথম প্রকাশিত হয় ১৩১২ সালের মাঘ মাসের বঙ্গদর্শনে।

অনেক দেশের অনেক সাধক ও কবি মনে করিয়াছেণ যে ভগবান তাঁহাদের স্বামী এবং তাঁহারা ভগবানের বধূ। ভগবানকে বর-রূপে এবং মানবকে বধূ-রূপে বোধ করা বৈষ্ণব ভাব। বৈষ্ণবেরা মনে করেন যে বিশ্ববৃন্দাবনে এক মাত্র পুরুষ আছেন শ্রীকৃষ্ণ, আর সমস্ত জীব হইতেছে গোপী। (তুলনীয় মীরাবাঈ এবং জীব গোস্বামীর সাক্ষাতের কাহিনী।) বাইবেলের মধ্যে সলোমনের গান, ডেভিডের স্তুতি, এবং অন্যান্য ক্রিশ্চান মিষ্টিক্‌দের রচনা এবং মুসলমান সুফী কবি হাফিজ প্রভৃতির রচনা এই ভাবে পরিপূর্ণ।

রবীন্দ্রনাথ অনুভব করিতেছেন যে বিরাট্ পুরুষের পার্শ্বে তাঁহার নিজের চিত্ত বালিকা-বধূরই মতো দাঁড়াইয়া আছে; সেই পুরুষ যে কত বড়, কী যে তাঁহার মহিমা, অবোধ বালিকার মতনই কবি-হৃদয় সেই তত্ত্বের সন্ধান পুরাপুরি পান নাই। তবু তাঁহার সঙ্গে কবির যে একটি সহজ অথচ নিবিড় যোগ স্থাপিত হইয়াছে, এই বোধটি একদিন না একদিন তাঁহার সমস্ত জীবনের চেতনা আচ্ছন্ন করিয়া ফেলিবে—এই আশাও কবি ত্যাগ করিতে পারিতেছেন না।

তুলনীয়—

> কৃতান্তঃ কান্তো বা সমজনি ন ভেদঃ প্রথমতঃ,
> ক্রমাদ্ দ্বি-ত্রির্-মাসৈর্ মনুজ ইতি জগ্রাহ হৃদয়ম্।
> ততোঽসৌ মৎপ্রেয়ান্ অহম্ অপিচ তস্য প্রিয়তমা,
> ক্রমাদ্ বর্ষে যাতে প্রিয়তমময়ং জাতম্ অখিলম্॥ —উদ্ভট।

প্রথমতঃ বালিকা বধূর মনে কৃতান্ত ও কান্তের মধ্যে কোনো ভেদ বোধ হইত না, ক্রমে দুই-তিন মাসে তাহার মনে হইতে লাগিল যে ঐ ব্যক্তি মানুষ বটে। তাহার পরে তাহার উপলব্ধি হইল যে উনি আমার প্রিয়, আর আমিও উঁহার প্রিয়তমা। ক্রমে বৎসর ঘুরিতে না ঘুরিতে সমস্ত অখিল ব্রহ্মাণ্ড প্রিয়তমময় হইয়া উঠিল।

> The bridegroom of my soul I seek,
> Oh, when will he appear?—Cowper.
>
> For me the Heavenly bridegroom waits.
> —Tennyson, *St. Augustine's Eve.*
>
> What if this happen to be—God?
> —Robert Browing, *Fears and Scruples.*

কৃপণ

ফলের আকাঙ্ক্ষা ত্যাগ করিয়া নিষ্কাম হইয়া অহং ভুলিয়া যাহা কিছু ভগবানকে সমর্পণ করা যায়, তাহার ফল শতগুণ হইয়া দাতার নিকটে ফিরিয়া আসে। সেই জন্য হিন্দুশাস্ত্রের উপদেশ—সর্বং কর্মফলং ব্রহ্মার্পণম্ অস্তু, কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন। কোরান ও হাদিসেও এই প্রকারের কথা আছে—ভগবান একমাত্র ধনী, আর সব ফকীর; কে আছে আমাকে

কণা মাত্র দান করিবে আমি তাহা শতগুণে বর্ধিত করিয়া পরিশোধ করিব; তিনি অভাব-রহিত ও প্রশংসিত; দানের ফলে একটি শস্যকণা হইতে যেন শতসহস্র শস্য উৎপন্ন হয়; জীবনে আরও পুণ্য অর্জন করি নাই কেন?

ত্যাগেই বস্তুর প্রাপ্তির পরিচয়। আবার ফলাফল-বিবেচনাহীন ত্যাগই শ্রেষ্ঠ ত্যাগ। আমার দিকে কিছুই রাখিলে চলিবে না—আমার কাজ, আমার দেশ, আমার কীর্তি, আমার সফলতা, আমার শক্তি—এইরূপ আমার আমার বন্ধনের মধ্যে বিশ্বভুবনের অধীশ্বরের প্রমুক্ত আনন্দ-রূপ পীড়িত হয়; সেই আমিত্বের বন্ধন ছিন্ন করিলেই জীবনের দেবতার আবির্ভাব সর্বত্র প্রত্যক্ষ হইয়া উঠে। আমার দিকে সঞ্চয়ে ভার, তাঁহার দিকে সঞ্চয়ে মুক্তি—এই বোধ যখন সুস্পষ্ট হইয়া উঠে তখন চিত্ত অধীর হইয়া বলে—

এ বোঝা আমার নামাও বন্ধু নামাও,
ভারের বেগেতে ঠেলিয়া চলেছি,
এ যাত্রা মোর থামাও।—খেয়া, ভার।

তুলনীয়—

ওগো কাঙাল, আমারে কাঙাল করেছ,
আরো কি তোমার চাই?
ওগো ভিখারী, আমার ভিখারী, চলেছ
কী কাতর গান গাই'॥

* * * *

হায়, আরো যদি চাও, মোরে কিছু দাও
ফিরে আমি দিব তাই॥—কল্পনা।

মোর ফকিরওা মাংগি যায়,
মৈঁ দেখহু ন পৈলৌ।
মংগন সে ক্যা মাংগিয়ে,
বিন মাংগে জো দেয়॥—কবীর

জো হম ছাড়হিঁ হাথ তেঁ
সো তুম লিয়া পসার।
জো হম লেবহিঁ প্রীতি সো
সো তুম্হ দীয়া ডার॥—দাদু।

কুয়ার ধারে

আমাদের যাহা কিছু সঞ্চয় তাহা পাইবার জন্য ভগবান্ তৃষ্ণার্ত হইয়া রহিয়াছেন। তাঁহার উদ্দেশে আমরা যাহা ত্যাগ করি, তাহা সামান্য হইলেও বড় হইয়া উঠে। মানবের ও অপর জীবের সেবাতে তাঁহারই সেবা করা হয়। ক্রিশ্চানদের ঠিক এই রকমের একটি কাহিনী আছে—একটি সুন্দর ছবিও আছে—কয়েকটি নারী কূপ হইতে জল তুলিতেছে, এমন সময়ে পথশ্রান্ত ক্রাইষ্ট আসিয়া সেখানে তৃষ্ণার্ত হইয়া মাটিতে বসিয়া পড়িলেন। কত কত মেয়ে তো তাঁহার পাশ দিয়া জলভরা কলস লইয়া চলিয়া গেল, কেহ তৃষ্ণার্তকে জল দিল না। অবশেষে একটি রমণী আসিয়া তাঁহাকে জল দিল, এবং সে পরম আত্মপ্রসাদ লাভ করিয়া ধন্য হইয়া গেল। তুঃ—"গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে।"—চৈতালি, দেবতার বিদায়।

For whosoever will save his life shall lose it, and whosoever will lose his life for my sake shall find it. St. Matthew, 16. 25.

For I was an hungered, and ye gave me meat; I was thirsty, and ye gave me drink; I was a stranger, and ye took me in.
—St. Matthew, 25. 35.

তুলনীয়—**Parable of The Good Samaritan.** —**St. Luke, 10. 30-35.**

অনাবশ্যক

জগতে দেখা যায় যেখানে অভাব সেইখানেই যে তাহা মোচন করিবার উপকরণ আসিয়া জুটে তাহা নহে—যাহার অনেক থাকে, তাহারই কাছে আরও অনেক গিয়া জুটে, আর যাহার নাই তাহার অভাব কিছুতেই মিটিতে চায় না। একজন পুরুষ হয়তো কোনো রমণীর একটু প্রীতি, একটু ভালোবাসা পাইলে ধন্য হইয়া যায়, অথচ সেই রমণী তাহার প্রাণপূর্ণ প্রেম লইয়া চলিয়াছে এমন একজন পুরুষের উদ্দেশে যে হয়তো তাহা গ্রাহ্যই করিতেছে না, সে হয়তো অপর কোনো রমণীর ভালোবাসা পাইবার জন্য উৎসুক হইয়া রহিয়াছে। বিশ্বপ্রকৃতির মধ্যেও দেখা যায় সরস ভূমিতে প্রচুর উদ্ভিদ্ জন্মে, কিন্তু বেচারী মরুভূমি একটি গাছ পাইলে বর্তিয়া যায়, কিন্তু তাহার ভাগ্যে তাহা জুটে না; আকাশে শতকোটি জ্যোতিষ্ক জ্বলে, কিন্তু যে দরিদ্র তাহার কুটীরে একটি মাটির প্রদীপও জ্বলে না। যেখানে আবশ্যক

নাই সেইখানেই যেন সব গিয়া জুটে। আকাশে কত জ্যোতিষ্ক, সেখানেই তুলিয়া দেওয়া হইল আকাশ-প্রদীপ; দীপালিতে কত দীপের সমারোহ, সেইখানেই দেওয়া হইল আর একটি দীপ, রহিয়া গেল আমার ঘর অন্ধকার।

এই কবিতাটি-সম্বন্ধে স্বয়ং কবি আমাকে যে পত্র লিখিয়াছেন তাহার দ্বারা ইহার তাৎপর্য সুস্পষ্ট হইবে।—

"খেয়ার 'অনাবশ্যক' কবিতার মধ্যে কোনো প্রচ্ছন্ন অর্থ আছে ব'লে মনে করিনে। আমাদের ক্ষুধার জন্যে যা অত্যাবশ্যক, তার কতই অপ্রয়োজনে ফেলাছড়া যায় জীবনের ভোজে, যে-ভোজ উদাসীনের উদ্দেশে। আমাদের অনেক দান উৎসর্গ করি তার কাছে যার তাতে দৃষ্টি নেই—সেই অনাবশ্যক নিবেদনে আনন্দও পেয়ে থাকি; অথচ বঞ্চিত হয় সে, যে একান্ত আগ্রহ নিয়ে হাত পেতে মুখ চেয়ে দাঁড়িয়ে আছে। চারদিকে প্রতিদিন দেখ্‌তে পাচ্চি সংসারে যেখানে অভাব সত্য সেখান থেকে নৈবেদ্য প্রচুর পরিমাণেই বিক্ষিপ্ত হয় সেই দিকে যেখানে তার জন্যে প্রত্যাশা নেই ক্ষুধা নেই।"

—শান্তিনিকেতন,—৪ঠা অক্টোবর, ১৯৩৩।

ফুল ফোটানো

আমাদের যাহা শ্রেষ্ঠ প্রকাশ তাহা আমরা কেবল নিজের ইচ্ছা-অনুসারে ঘটাইয়া তুলিতে পারি না। আমরা দৈবক্রমে প্রকাশিত হই। আমাদের প্রকাশ ভগবৎ-কৃপার উপর নির্ভর করে বলিয়াই মহম্মদ বলিয়াছেন—আমার নিজের কোনো কৃতিত্ব নাই, আমি আল্লার রসুল বা পয়গম্বর—মহম্মদ উর্ রসুল্ আল্লাহ। আর ক্রাইষ্ট নিজেকে বলিয়াছিলেন—আমি মানব-পুত্র, আমি ভগবানের পুত্র।

দ্রষ্টব্য—গীতিমাল্য পুস্তকের 'আত্মবিক্রয়'-কবিতার ব্যাখ্যা।

তুলনীয়—

নিঠুর গরজী,
তুই কি মানস-মুকুল ভাজ্‌বি আগুনে।
তুই ফুল ফুটাবি, বাস ছুটাবি, সবুর বিহনে।
দেখ না আমার পরম গুরু সাঁই,
যে যুগযুগান্তে ফুটায় মুকুল, তাড়াহুড়া নাই।
তোর লোভ প্রচণ্ড,
তাই ভরসা দণ্ড,

এর আছে কোন্ উপায় ?
কয় যে মদন, শোন নিবেদন, দিস্‌নে বেদন
সেই শ্রীগুরুর মনে,
সহজ ধারা আপন হারা তাঁর বাঁশী শুনে ॥

—মদন সেখ, বাউল।

দিন শেষ

এই কবিতাটির সহিত 'শেষ খেয়া' কবিতার ভাব-সাদৃশ্য আছে। আমার কাছে ভবসংসার অতিথিশালা মাত্র, এখানে হাটের লোক আসিয়া বিশ্রাম করে, তার পরে যে যার ঘরে ফিরিয়া যায়। এই অতিথিশালায় কত লোক জীবনের সমস্ত মালিন্য ধুইয়া শুদ্ধ পবিত্র হইয়া স্বগৃহে যাত্রা করিয়াছে, কত আশা কত আনন্দ তাহাদের। কিন্তু আমার পক্ষে এই সংসার নিরানন্দ অন্ধকার, এখানে আমাকে কে আশ্রয় দিবে ?

দীঘি

দীঘি যেমন স্নিগ্ধ শীতল জলে পরিপূর্ণ, ভগবান তেমনি দয়া ও প্রেমে পরিপূর্ণ। বেলাশেষে তাঁহার কোলে ফিরিবার জন্য মন ব্যাকুল হইয়া উঠিয়াছে, এখন আর সংসারের কাজ ভালো লাগে না। বধূ যেমন অনুরাগে ও আগ্রহে বাপের বাড়ীর দিকে চাহিয়া দেখে, তেমনি আগ্রহ জাগিতেছে আমার মনে। কিন্তু এই পথ বড় পিচ্ছিল, কিন্তু সেই শীতল অতলতায় অবগাহন করিবার আনন্দে আমার দেহ-মন পরিপূর্ণ। জীবনের অবসানে পরলোকে ভগবানের কোলে যাইবার পথ নীরব সুগম্ভীর মৃত্যু—তাঁহার যে আলিঙ্গন তাহা মরণ-ভরা, তাহা সকল বন্ধন মোচন করিয়া হরণ করিয়া লইয়া যায়। কিন্তু এই যে মহাযাত্রা ইহা একেবারে ভয়ঙ্কর নহে, পথ দেখাইতে সাঁঝের তারা জ্বলিয়া উঠিল, পথে জোনাকির আলোও আছে, এবং মঙ্গল ঘোষণা করিয়া শঙ্খও ধ্বনিত হইতেছে। যিনি রুদ্র, তিনিই শিব, যিনি মৃত্যু, তিনিই নবজীবন।

প্রতীক্ষা

আমি জীবন-সন্ধ্যায় আমার সাংসারিকতা ছাড়িয়া বিষয়বাসনা বিস্মৃত হইয়া তোমার জন্য অপেক্ষা করিতেছি, হে ভগবান, তুমি আমাকে করুণা করিয়া গ্রহণ করো। আমার জীবনের যাহা সুন্দর ও পবিত্র সঞ্চয় তাহা তোমাকে অর্ঘ্য দিবার জন্য প্রস্তুত রাখিয়াছি, এবং তোমার আগমনের প্রতীক্ষা করিতেছি। তুমি প্রেমের স্রোতে জোয়ার বহাইয়া আমার হৃদয়ের ঘাটে আসিয়া তোমার করুণা-তরুণী ভিড়াইবে, এবং আমাকে তোমার বাহুপাশে আলিঙ্গন করিয়া ধরিবে, এবং সেই মিলন-সুখাবেশে আমার দেহ মৃত্যুতে শিথিল শীতল হইয়া তোমার চরণমূলে লুটাইয়া পড়িবে, সেই আশাতেই আমি বাসকসজ্জা করিয়া প্রতীক্ষা করিতেছি।

প্রচ্ছন্ন

বিশ্বেশ্বর আপনাকে বিশ্বের সকল বস্তুর পশ্চাতে অন্তরাল করিয়া লুকাইয়া রাখিয়াছেন—তিনি সকল কিছুকে পথ ছাড়িয়া দিয়া নিজের সকলের পিছনে সরিয়া দাঁড়াইয়াছেন। তাই লোকে সব কিছুকেই পাইতে চায় কেবল তাঁহাকে ছাড়া। কবি তাঁহার প্রিয়তম জীবনদেবতার জন্য তাঁহার কাব্যকুসুম চয়ন করিয়া ডালি সাজান, সে ডালি হইতে কত লোকে ফুল তুলিয়া লইয়া যায় নিজেদের উপভোগের জন্য।

সমস্ত জীবন ব্যর্থ প্রতীক্ষায় কাটিল, কত কত সাধক পরলোকের সম্বল লইয়া ঘরে ফিরিল। আমি তোমার প্রতীক্ষায় যে বসিয়া আছি, কবে তুমি দয়া করিয়া আপনি আসিয়া আমাকে লইয়া যাইবে, ইহা অত্যন্ত স্পর্ধার মতন শুনাইবে বলিয়া আমি নীরবে থাকি। আমি যে দীনা ভিখারিণীর মতন, আর তুমি রাজরাজেশ্বর।

তুমি এসো, হে প্রভু, তুমি আমাকে তোমার রথে তুলিয়া লইয়া আমার জীবনকে সার্থক করো, আমাকে বিনষ্ট হইতে দিয়ো না—রুদ্র, যৎ তে দক্ষিণং মুখং তেন মাং পাহি নিত্যম্, মা মা হিংসীঃ।

সব-পেয়েছির দেশ

বিশ্বব্রহ্মাণ্ডে যাহা কিছু প্রকাশমান তাহাই পরিপূর্ণ আনন্দ-স্বরূপ—জগতের কোথাও কোনো অভাব নাই, কবির্মনীষী পরিভূঃ স্বয়ম্ভূর্ যাথাতথ্যতোর্থান্ ব্যদধাচ্ছাশ্বতীভ্যঃ সমাভ্যঃ। এই বসুধা অমৃত-পাত্র, সে স্বমহিমায় ঐশ্বর্যশালিনী। এই বোধ যদি মনে জাগে, তাহা হইলে আর কোনো অভাব বোধ হইতে পারে না। সেই সন্তোষপূর্ণ মনই সব-পেয়েছির দেশ। যেখানে সন্তোষ আছে, সেখানে কোনো লোভ দ্বেষ হিংসা থাকিতে পারে না, পরের সৌভাগ্যে ঈর্ষ্যা হইতে পারে না। এই সব-পেয়েছির দেশে কোথাও কোনো বাহুল্য নাই, আড়ম্বর নাই, কৃত্রিমতার লেশমাত্রও সেখানে স্থান পায় না; কোঠাবাড়ীর দম্ভ সেখানে নাই, সেখানে হাতীশালায় হাতী নাই, ঘোড়াশালায় ঘোড়া থাকার আড়ম্বর নাই। সব-পেয়েছির দেশে বাধাবন্ধনহীন প্রাণের সরল আনন্দের প্রাচুর্য বিরাজ করিতেছে; প্রাণের সহজ আবেগে যাহা ফুটিয়া উঠে কেবল তাহারই স্থান আছে সেখানে। সেখানে কচি ঘাস, কচি শ্যামলা লতা, মনোরম পুষ্প প্রাণের আনন্দে আত্মপ্রকাশ করে। সেখানকার কাজকর্ম সমস্ত কিছুই সকলে আনন্দের আবেগে করে, কর্তব্যের তাড়নায় নহে, লোভের বশে নহে—বিনা-বেতনের কর্ম শেষ করিয়া দিনের শেষে সকলে হাসিতে হাসিতে গৃহে ফিরে। সেখানে সকলের সঙ্গে সকলের অন্তরের নিবিড় মিলনের পক্ষে কোনো বাধাবন্ধ নাই। সেখানে সর্বদা অকৃত্রিম আনন্দ বিরাজ করে। সেখানে কিছুই আইন-কানুন দিয়া বাধ্য করিয়া করাইতে হয় না, কিছুই বাধ্যকর নিয়মের অধীন নয়,—সব কিছুই স্বধর্মে স্বাধীন। সে দেশে সদাগরের নৌকা কেনা-বেচার জন্য ঘাটে ভিড়ে না, কারণ কাহারও তো কোনো অভাব নাই; রাজার সৈন্যসামন্তও সেখানে নিতান্ত নিষ্প্রয়োজন। সব-পেয়েছির দেশকে বাহ্যভাবে বা লঘুভাবে দেখিলে তাহার কোনো তত্ত্বই জানিতে পারা যায় না। উহার প্রাণের স্পন্দন ও অন্তরের রহস্য জানিতে হইলে ঐ দেশের অভ্যন্তরে প্রবেশ করিয়া উহার অধিবাসী হইতে হইবে—নিজেকে উহার সঙ্গে যোগযুক্ত করিয়া উহারই অঙ্গ হইয়া যাইতে হইবে।

কবি এইরূপ সব-পেয়েছির দেশে নিজেকে স্থাপন করিতে চাহিতেছেন এইটিই তাঁহার কামনার স্বর্গ—এখানে তিনি নিজের সমস্ত খোঁজাখুঁজির পালা শেষ করিয়া দিয়া সব পাওয়ার পরম সন্তোষ ও শান্তি মনের মধ্যে লইয়া নিজেকে

প্রতিষ্ঠিত করিতে চাহিতেছেন এবং সেখানে বাস করিয়া তিনি নিজেকে পরিপূর্ণ পরিণতির দিকে—অসীমের পানে—পরিচালিত করিবেন। এখানে তাঁহার পুরস্কার বিনা-বেতনের কাজ—কর্মফলের আকাঙ্ক্ষা ত্যাগ করিয়া নিষ্কাম সাধনা। এখানে 'নাইকো পথে ঠেলাঠেলি, নাইকো হাটে গোল'—

Far from the madding crowd's ignoble strife.......

এখানে পরমা শান্তি ও বিপুলা বিরতি।

তুলনীয়—

My mind to me a kingdom is,
Such perfect joy therein I find
As far exceeds all earthly bliss
The world affords.
—Dyer, *Contentment.*

Tennyson-এর *Lotos-Eaters*—নামক কবিতাটিও ইহার সহিত তুলনীয় এবং Milton-এর Paradise Lost-এর—

There is nothing good or bad but thinking makes it so,
The mind is its own place, and in itself
Can make a heaven of hell, a hell of heaven.
—*Paradise Lost,* Bk. 1.

শারদোৎসব

এই অপরূপ সুন্দর নাট্যকাব্যখানির রচনা শেষ হয় ৭ই ভাদ্র ১৩১৫ সালে। আমার সঙ্গে যখন রবীন্দ্রনাথের পরিচয় ছিল না, যখন আমি ছাত্র, তখনই আমি স্পর্দ্ধার সহিত কবিকে এক পত্র লিখিয়া ফরমাস করিয়াছিলাম যে আমাদের দেশের ছাত্র অথবা ছাত্রীদের অভিনয়ের উপযোগী নাটক নাটিকা নাই, এর অভাব পূরণ করিতে পারেন একমাত্র তিনি; ছাত্রদের অভিনয়ের যোগ্য নাটকে কোনো স্ত্রী-চরিত্র থাকিবে না, এবং মেয়েদের অভিনয়ের যোগ্য নাটকে কোনো পুরুষ-চরিত্র থাকিবে না। আর একটি নাটিকা এমন করা কি যায় না যে কেবল মাত্র এক জন লোকের স্বগত উক্তির দ্বারাই একটি কাহিনী বিবৃত হয় অথচ তাহার মধ্যে নাটকীয় ভাব বজায় থাকে। আমার বিশ্বাস আমার সেই চিঠির ফলে কবি হাস্যকৌতুকে ও ব্যঙ্গকৌতুকে প্রকাশিত হেঁয়ালি-নাট্যগুলি রচনা করেন, অরসিকের স্বর্গপ্রাপ্তি এবং বিনিপয়সার ভোজ কেবলমাত্র স্বগতোক্তিতে গ্রথিত একক নাটিকা-রচনাও বোধ হয় আমারই পত্রের দাবীর ফলে হইয়া থাকিবে। 'লক্ষ্মীর পরীক্ষা' নাট্যে পুরুষ-চরিত্র নাই। কেবলমাত্র পুরুষ-চরিত্র লইয়া শারদোৎসব নাটক রচনা করিলেন কবি এই প্রথম। আমি তখন কলিকাতার ইণ্ডিয়ান পাব্‌লিশিং হাউসের চার্জে ছিলাম, আমি এই পুস্তক প্রকাশ করি। ইহাকে লোচন-রোচন করিবার জন্য ইহার আকার করি একটু নূতন ধরণের,—প্রাচীন পুঁথির আকারের, এবং আমি নিজে গিয়া অনুরোধ করিয়া প্রসিদ্ধ চিত্রকর যামিনীপ্রকাশ গঙ্গোপাধ্যায় মহাশয়কে দিয়া ইহার প্রচ্ছদের ও মুখপাতের জন্য দুইখানি চিত্র অঙ্কিত করাইয়া লই। কবির হস্তাক্ষরের যে লেখা হইতে বই ছাপা হয়, তাহা আমার কাছে এখনো সযত্নে সংরক্ষিত হইয়া আছে এবং যামিনীবাবুর অঙ্কিত ছবি দুখানিও আছে।

ইহা অভিনয় করা হয় আশ্বিন মাসে পূজার ছুটির পূর্বে। ইহার অভিনয়-উপলক্ষে কবি বিধুশেখর শাস্ত্রীকে একটি সংস্কৃত নান্দী পাঠ করিতে অনুরোধ করেন। তাহাতে আমি বলি যে—এই নাটক যে কবি রচনা করিয়াছেন, সেই কবির রচিত নান্দী পাঠ করা সঙ্গত। তাহাতে কবি বলিলেন—তোমরা

যদি আমাকে আধ ঘণ্টার ছুটি দাও, তাহা হইলে আমি নান্দী লিখিবার চেষ্টা করিয়া দেখিতে পারি। আমরা কবিকে ছুটি মঞ্জুর করিলাম। তিনি আধ ঘণ্টা পরে ফিরিয়া আসিলেন—ইহারই মধ্যে একটি কবিতা ও একটি গান রচনা করা ও সুর সংযোজনা হইয়া গিয়াছে। যে কাগজে সেই দুইটি কাটাকুটি করিয়া রচনা করা হইয়াছিল, এবং কবি পরে যে কাগজে পরিষ্কার করিয়া লিখিয়া আমাকে ছাপিতে দিয়াছিলেন তাহা এখনো আমার কাছে আছে। সেই কবিতা ও গান দুইটি নাটকের অভিনয়ের সূচনা-পত্রে ছাপা হইয়াছিল। গানটি এখন গীতাঞ্জলির মধ্যে স্থান পাইয়াছে—(৭ নম্বর গান),—'তুমি নব নব রূপে এস প্রাণে।' কিন্তু ঐ গানের নীচে যে তারিখ দেওয়া আছে (১৩১৪ অগ্রহায়ণ) তাহা ভুল মনে হয়, কারণ উহা শারদোৎসব রচনার পরে রচিত হয়। নান্দীর কবিতাটি অন্য কোথাও আছে কি না জানি না, বোধ হয় কোথাও নাই। সেই জন্য উহা আমি নিম্নে উদ্ধার করিয়া দিতেছি—

নান্দী

শরতে হেমন্তে শীতে বসন্তে নিদাঘে বরষায়
অনন্ত সৌন্দর্যধারে যাঁহার আনন্দ বহি' যায়
সেই অপরূপ, সেই অরূপ, রূপের নিকেতন
নব নব ঋতুরসে ভ'রে দিন সবাকার মন ॥
প্রফুল্ল শেফালিকুঞ্জে যাঁর পায়ে ঢালিছে অঞ্জলি,
কাশের মঞ্জরীরাশি যাঁর পানে উঠিছে চঞ্চলি',
স্বর্ণদীপ্তি আশ্বিনের স্নিগ্ধহাস্যে সেই রসময়
নির্মল শারদরূপে কেড়ে নিন সবার হৃদয় ॥

"তুমি নব নব রূপে এস প্রাণে"—এই গানটির শেষের লাইনের উপরের দুইটি লাইন কবি প্রথমে নিম্নলিখিতরূপে রচনা করিয়াছিলেন—

এস সব সুখে দুখে মর্মে,
এস প্রতিদিবসের কর্মে।

কিন্তু পরে কাটিয়া সংশোধন করিয়া লিখিয়াছিলেন—

এস দুঃখ সুখে এস মর্মে,
এস নিত্য নিত্য সব কর্মে।

এই গানটির আদিম রূপটি আছে ছিন্নপত্রে, পতিসর হইতে ১০ই সেপ্টেম্বর ১৮৯৪ সালে লেখা এক চিঠিতে (২৯৪ পৃষ্ঠায়)।

নান্দী ও গানটি একই কাগজের দুই পিঠে লেখা, নীল পেন্‌সিলে। নান্দীতে আশ্বিন মাসের উল্লেখ আছে। অতএব গানটিও আশ্বিন মাসে ১৩১৫ সালে লেখা।

ভারতবর্ষের এক কবির মনে "ঋতুসংহার" বিচিত্র রসমধুর ভাবের উদ্রেক করিয়াছিল; তাঁহারই কবিত্বের শ্রেষ্ঠ উত্তরাধিকারী এই কবির চিত্তকেও ষড় ঋতু নানা ভাবে স্পর্শ করিয়াছে। তাহারই প্রথম নাট্যরূপ এই শারদোৎসব।

শারদোৎসব নাট্যকাব্যের মূল কথাটি কবি স্বয়ং দুই স্থানে ব্যাখ্যা করিয়াছেন, তাহা হইতে সার মর্ম উদ্ধার করিয়া দিতেছি—

"শারদোৎসব থেকে আরম্ভ ক'রে ফাল্গুনী পর্যন্ত যতগুলি নাটক লিখেছি, যখন বিশেষ ক'রে মন দিয়ে দেখি তখন দেখ্‌তে পাই প্রত্যেকের ভিতরকার ধুয়োটা ঐ একই। রাজা বেরিয়েছেন সকলের সঙ্গে মিলে শারদোৎসব কর্‌বার জন্যে। তিনি খুঁজ্‌ছেন তাঁর সাথী। পথে দেখ্‌লেন ছেলেরা শরৎপ্রকৃতির আনন্দে যোগ দেবার জন্যে উৎসব করতে বেরিয়েছে। কিন্তু একটি ছেলে ছিল—উপনন্দ—সমস্ত খেলাধুলা ছেড়ে সে তার প্রভুর ঋণ শোধ কর্‌বার জন্যে নিভৃতে ব'সে এক মনে কাজ কর্‌ছিল। রাজা বল্লেন, তাঁর সত্যকার সাথী মিলেছে, কেন না ঐ ছেলেটির সঙ্গেই শরৎপ্রকৃতির সত্যকার আনন্দের যোগ—ঐ ছেলেটি দুঃখের সাধনা দিয়ে আনন্দের ঋণ শোধ কর্‌ছে—সেই দুঃখেরই রূপ মধুরতম। বিশ্বই যে এই দুঃখ-তপস্যায় রত;—অসীমের যে-দান সে নিজের মধ্যে পেয়েছে, অশ্রান্ত প্রয়াসের বেদনা দিয়ে সেই দানের ঋণ সে শোধ কর্‌ছে। প্রত্যেক ঘাসটি নিরলস চেষ্টার দ্বারা আপনাকে প্রকাশ কর্‌ছে, এই প্রকাশ কর্‌তে গিয়েই সে আপন অন্তর্নিহিত সত্যের ঋণ শোধ কর্‌ছে। এই নিরন্তর বেদনায় তার আত্মোৎসর্জন, এই দুঃখই তো তার শ্রী, এই তো তার উৎসব, এতেই তো শরৎপ্রকৃতিকে সুন্দর করেছে, আনন্দময় করেছে। বাইরে থেকে দেখ্‌লে এ'কে খেলা মনে হয়, কিন্তু এ তো খেলা নয়, এর মধ্যে লেশ মাত্র বিরাম নাই। যেখানে আপন সত্যের ঋণশোধে শৈথিল্য, সেইখানেই প্রকাশে বাধা, সেইখানেই কদর্যতা, সেইখানেই নিরানন্দ। আত্মার প্রকাশ আনন্দময়, এই জন্যেই সে দুঃখকে মৃত্যুকে স্বীকার করতে পারে—ভয়ে কিম্বা আলস্যে কিম্বা সংশয়ে এই দুঃখের পথকে যে লোক এড়িয়ে চলে, জগতে সেই-ই আনন্দ থেকে বঞ্চিত হয়। শারদোৎসবের ভিতরকার কথাটাই এই—ও তো গাছতলায় ব'সে ব'সে বাঁশীর সুর শোনাবার কথা নয়।"

—আমার ধর্ম, প্রবাসী ১৩২৪ পৌষ, ২৯৭ পৃঃ।

"মানুষের জন্ম তো কেবল লোকালয়ে নয়, এই বিশাল বিশ্বে তার জন্ম। বিশ্বব্রহ্মাণ্ডের সঙ্গে তার প্রাণের গভীর সম্বন্ধ আছে।......বিশ্বপ্রকৃতির কাজ আমাদের প্রাণের মহলে আপনিই চল্‌ছে। কিন্তু মানুষের প্রধান সৃজনের ক্ষেত্র তার চিত্তমহলে। এই মহলে

যদি দ্বার খুলে আমরা বিশ্বকে আহ্বান ক'রে না নিই, তবে বিরাটের সঙ্গে আমাদের পূর্ণমিলন ঘটে না।......হৃদয়ের মধ্যে প্রকৃতির প্রবেশের বাধা অপসারিত করলে তবেই প্রকৃতির সঙ্গে তার মিল সার্থক হয়'......

"মানুষের সঙ্গে মানুষের মিলনের উৎসব ঘরে ঘরে বারে বারে ঘটছে। কিন্তু প্রকৃতির সভার ঋতু-উৎসবের নিমন্ত্রণ যখন গ্রহণ করি তখন আমাদের মিলন আরো অনেক বড় হ'য়ে ওঠে।...তাই নব ঋতুর অভ্যুদয়ে যখন সমস্ত জগৎ নূতন রঙের উত্তরীয় প'রে চারিদিক হতে সাড়া দিতে থাকে তখন মানুষের হৃদয়কেও সে আহ্বান করে। সেই হৃদয়ে যদি কোনো রঙ্ না লাগে, কোনো গান না জেগে ওঠে তা হ'লে মানুষ সমস্ত জগৎ থেকে বিচ্ছিন্ন হ'য়ে থাকে।

"সেই বিচ্ছেদ দূর করবার জন্য আমাদের আশ্রমে আমরা প্রকৃতির ঋতু-উৎসবগুলিকে নিজেদের মধ্যে স্বীকার ক'রে নিয়েছি। শারদোৎসব সেই ঋতু-উৎসবেরই একটি নাটকের পালা। নাটকের পাত্রগণের মধ্যে এই উৎসবের বাধা কে? লক্ষেশ্বর,—সেই বণিক্ আপনার স্বার্থ নিয়ে টাকা উপার্জ্জন নিয়ে সকলকে সন্দেহ ক'রে ভয় ক'রে ঈর্ষা ক'রে সকলের কাছ থেকে আপনার সমস্ত সম্পদ গোপন ক'রে বেড়াচ্ছে। এই উৎসবের পুরোহিত কে? সেই রাজা যিনি আপনাকে ভুলে সকলের সঙ্গে মিল্‌তে বার হয়েছেন; লক্ষ্মীর সৌন্দর্যের শতদল পদ্মটিকে যিনি চান। সেই পদ্ম যে চায় সোনাকে সে তুচ্ছ করে। লোভকে সে বিসর্জন দেয় ব'লেই লাভ সহজ হ'য়ে সুন্দর হ'য়ে তার হাতে আপনি ধরা দেয়।

"কিন্তু এই যে সুন্দরকে খোঁজ্‌বার কথা বলা হলো, সে কি? সে কোথায়? সে কি একটা পেলব সামগ্রী, একটা সৌখীন পদার্থ? এই কথারই উত্তরটি এই নাটকের মাঝখানে রয়েছে।

"শারদোৎসবের ছুটির মাঝখানে ব'সে উপনন্দ তার প্রভুর ঋণশোধ করছে। রাজ সন্ন্যাসী এই প্রেম-ঋণ শোধের, এই অক্লান্ত আত্মোৎসর্গের সৌন্দর্যটি দেখ্‌তে পেলেন। তাঁর তখনি মনে হলো শারদোৎসবের মূল অর্থ টি এই ঋণশোধের সৌন্দর্য।......

"দেবতা আপনাকেই কি মানুষের মধ্যে দেন নি? সেই দানকে যখন অক্লান্ত তপস্যার অকৃপণ ত্যাগের দ্বারা মানুষ শোধ করতে থাকে, তখনি দেবতা তার মধ্য হ'তে আপনার দান অর্থাৎ আপনাকেই নূতন আকারে ফিরে পান, আর তখনি কি মনুষ্যত্ব সম্পূর্ণ হ'য়ে ওঠে না? সেই প্রকাশ যতই বাধা কাটিয়ে উঠ্‌তে থাকে, ততই কি তা সুন্দর উজ্জ্বল হয় না? বাধা কোথায় কাটে না? যেখানে আলস্য, যেখানে বীর্যহীনতা, যেখানে আত্মাবমাননা, যেখানে মানুষ জ্ঞানে প্রেমে কর্ম্মে দেবতা হ'য়ে উঠতে সর্বপ্রযত্নে প্রয়াস না পায়, সেখানে নিজের মধ্যে দেবত্বের ঋণ সে অস্বীকার করে। যেখানে ধনকে সে আঁক্‌ড়ে থাকে, স্বার্থকেই চরম আশ্রয় ব'লে মনে করে, সেখানে দেবতার ঋণকে সে নিজের ভোগে লাগিয়ে একেবারে ফুঁকে দিতে চায়—তাকে যে অমৃত দেওয়া হয়েছিল, সে যে অমৃতের উপলব্ধিতে মৃত্যুকে তুচ্ছ করতে পারে, ক্ষতিকে অবজ্ঞা করতে পারে, দুঃখকে গলার হার ক'রে নেয়, জীবনের প্রকাশের মধ্য দিয়ে সেই অমৃতকে তখন সে শোধ ক'রে দেয় না। বিশ্বপ্রকৃতিতে ও মানবপ্রকৃতিতে এই অমৃতের প্রকাশকেই বলে সৌন্দর্য, আনন্দরূপমমৃতম্।

"রাজসন্ন্যাসী উপনন্দকে বলেছিলেন, এই ঋণশোধেই যথার্থ ছুটি, যথার্থ মুক্তি। নিজের মধ্যে অমৃতের প্রকাশ যতই সম্পূর্ণ হ'তে থাকে ততই বন্ধন মোচন হয়.—কর্মকে এড়িয়ে তপস্যার ফাঁকি দিয়ে পরিত্রাণ লাভ হয় না। তাই তিনি উপনন্দকে বলেছেন,—তুমি পঙ্‌ক্তির পর পঙ্‌ক্তি লিখ্‌ছ আর ছুটির পর ছুটি পাচ্ছ।......

"উপনন্দ তার প্রভুর নিকট হ'তে প্রেম পেয়েছিল, ত্যাগস্বীকারের দ্বারা প্রতিদানের পথ বেয়ে সে যতই সেই প্রেমদানের সমান ক্ষেত্রে উঠ্‌ছে ততই সে মুক্তির আনন্দ উপলব্ধি করছে। দুঃখই তাকে এই আনন্দের অধিকারী করে। ঋণের সঙ্গে ঋণশোধের বৈষম্যই বন্ধন এবং তা-ই কুশ্রীতা।"—শারদোৎসব, বিচিত্রা—১৩৩৬ আশ্বিন, ৪৯১ পৃষ্ঠা।

উপনন্দের ঋণশোধের কথা নিয়ে সন্ন্যাসীতে ও ঠাকুরদাদাতে যে কথাবার্তা হয়েছিল তাহা পাঠ করিলে কবির ব্যাখ্যা সহজবোধ্য হইবে।

কবি-দার্শনিক রবীন্দ্রনাথ তাঁহার দুঃখ নামক প্রবন্ধে বলিয়াছেন—

"মানুষ সত্যপদার্থ যাহা কিছু পায় তাহা দুঃখের দ্বারাই পায় বলিয়াই তাহার মনুষ্যত্ব। তাহার ক্ষমতা অল্প বটে কিন্তু ঈশ্বর তাহাকে ভিক্ষুক করেন নাই। সে শুধু চাহিয়াই কিছু পায় না, দুঃখ করিয়া পায়। আর যত কিছু ধন সে তো তাহার নহে—সে সমস্তই বিশ্বেশ্বরের। কিন্তু দুঃখ যে তাহার নিতান্তই আপনার।"

এই জন্যই তো শারোদোৎসবে কবি বলিয়াছেন—

দুঃখ আমার ঘরের জিনিস, খাঁটি রতন তুই তো চিনিস,
তোর প্রসাদ দিয়ে তারে কিনিস
এ মোর অহঙ্কার।

কবি-দার্শনিক দুঃখ প্রবন্ধের মধ্যে আরও বলিয়াছেন—

"দুঃখই জগতে একমাত্র সকল পদার্থের মূল্য। মানুষ যাহা কিছু নির্মাণ করিয়াছে তাহা দুঃখ দিয়াই করিয়াছে। দুঃখ দিয়া যাহা না করিয়াছে তাহা তাহার সম্পূর্ণ আপন হয় না।"—সঙ্কলন অথবা ধর্ম।

এই শারদোৎসব নাটক পরে ১৩২৮ বা ইংরেজী ১৯২২ সালে ঋণশোধ নামে কিঞ্চিৎ পরিবর্তিত আকারে প্রকাশিত হইয়াছে।

এই বইয়ের সম্বন্ধে কবি অন্য এক স্থানে লিখিয়াছেন—

"মানুষ যদি কেবল মাত্র মানুষের মধ্যেই জন্মগ্রহণ করত; তবে লোকালয়ই মানুষের একমাত্র মিলনের ক্ষেত্র হতো। কিন্তু মানুষের জন্ম তো কেবল লোকালয়ে নয়, এই বিশাল বিশ্বে তার জন্ম। বিশ্বব্রহ্মাণ্ডের সঙ্গে তার প্রাণের গভীর সম্বন্ধ আছে। তার ইন্দ্রিয়বোধের তারে তারে প্রতি মুহূর্তে বিশ্বের স্পন্দন নানা রূপে রসে জেগে উঠ্‌ছে।

"বিশ্বপ্রকৃতির কাজ আমাদের প্রাণের মহলে আপনিই চল্‌ছে। কিন্তু মানুষের প্রধান সৃজনের ক্ষেত্র তার চিত্তমহলে। এই মহলেরই দ্বার খুলে যদি আমরা বিশ্বকে আহ্বান ক'রে না নিই, তবে বিরাটের সঙ্গে আমাদের পূর্ণ মিলন ঘটে না। বিশ্বপ্রকৃতির সঙ্গে আমাদের চিত্তের মিলনের অভাব আমাদের মানব-প্রকৃতির পক্ষে একটা প্রকাণ্ড অভাব।

"যে মানুষের মধ্যে সেই মিলন বাধা পায়নি সেই মানুষের জীবনের তারে তারে প্রকৃতির গান কেমন ক'রে বাজে, ইংরেজ কবি ওয়ার্ড্‌সওয়ার্থ থ্রি ইয়ার্স্ শী গ্রু নামক কবিতায় অপূর্ব সুন্দর ক'রে বলেছেন।"

প্রকৃতির সহিত অবাধ মিলনে লুসির দেহ-মন কি অপরূপ সৌন্দর্যে গ'ড়ে উঠ্‌বে, তারই বর্ণনা-উপলক্ষে কবি লিখ্‌ছেন—

"প্রকৃতির নির্বাক্ নিশ্চেতন পদার্থের যে নিরাময় শান্তি ও নিঃশব্দতা তাই এই বালিকার মধ্যে নিঃশ্বসিত হবে। ভাসমান মেঘ-সকলের মহিমা তারই জন্য, এবং তারই জন্য উইলো বৃক্ষের অবনম্রতা; ঝড়ের গতির মধ্যে যে একটি শ্রী তার কাছে প্রকাশিত, তারই নীরব আত্মীয়তা আপন অবাধ ভঙ্গীতে এই কুমারীর দেহখানি গ'ড়ে তুল্‌বে। নিশীথ রাত্রির তারাগুলি হবে তার ভালবাসার ধন; আর যে-সকল নিভৃত নিলয়ে নির্ঝরিণীগুলি বাঁকে বাঁকে উচ্ছলিত হ'য়ে নেচে চলে সেইখানে কান পেতে থাক্‌তে থাক্‌তে কলধ্বনির মাধুর্যটি তার মুখশ্রীর উপরে ধীরে সঞ্চারিত হ'তে থাক্‌বে।

"পূর্ব্বেই বলেছি—ফুল ফল ফসলের মধ্যে প্রকৃতির সৃষ্টিকার্য কেবলমাত্র একমহলা; মানুষ যদি তার দুই মহলেই আপন সঞ্চয়কে পূর্ণ না করে, তবে সেটা তার পক্ষে বড় লাভ নয়। হৃদয়ের মধ্যে প্রকৃতির প্রবেশের বাধা অপসারিত কর্‌লে তবেই প্রকৃতির সঙ্গে তার মিলন সার্থক হয়, সুতরাং সেই মিলনেই তার প্রাণমন বিশেষ শক্তি বিশেষ পূর্ণতা লাভ করে।

"এই নিয়ে সন্ন্যাসীতে আর ঠাকুরদাদাতে যে কথাবার্ত্তা হয়েছে নীচে তা উদ্ধৃত কর্‌লাম—

"সন্ন্যাসী। আমি অনেক দিন ভেবেছি জগৎ এমন সুন্দর কেন? আজ স্পষ্ট দেখ্‌তে পাচ্ছি জগৎ আনন্দের ঋণশোধ কর্‌ছে। বড় সহজে কর্‌ছে না, নিজের সমস্ত দিয়ে করছে। কোথাও সাধনার এতটুকু বিশ্রাম নেই সেই জন্যেই এত সৌন্দর্য।

"ঠাকুরদাদা। একদিকে অনন্ত ভাণ্ডার থেকে তিনি ঢেলে দিচ্ছেন, আর একদিকে কঠিন দুঃখে তার শোধ চল্‌ছে, এই দুঃখের জোরেই পাওয়ার সঙ্গে দেওয়ার ওজন সমান থেকে যাচ্ছে, মিলন সুন্দর হয়ে উঠ্‌ছে।

"যেখানে আলস্য, যেখানে কৃপণতা, যেখানেই ঋণশোধ ঢিলে পড়্‌ছে, সেইখানেই সমস্ত কুশ্রী।

"ঠাকুরদাদা। সেইখানেই এক পক্ষে কম প'ড়ে যায়, অন্য পক্ষের সঙ্গে মিলন পুরো হ'তে পারে না।

"সন্ন্যাসী। লক্ষ্মী মর্ত্যালোকে দুঃখিনী-বেশেই আসেন। তাঁর সেই তপস্বিনী-রূপেই ভগবান মুগ্ধ। শত দুঃখের দলে তাঁর পদ্ম সংসারে ফুটেছে।

"লক্ষ্মী সৌন্দর্য ও সম্পদের দেবী; গৌরী যেমন তপস্যা ক'রে শিবকে পেয়েছিলেন, মর্ত্যলোকে লক্ষ্মীও তেমনি দুঃখের সাধনার দ্বারাই ভগবানের সঙ্গে মিলন লাভ করেন। যে মানুষের বা যে জাতির মধ্যে এই ত্যাগ নেই, তপস্যা নেই, দুঃখস্বীকারে জড়তা, সেখানে লক্ষ্মী নেই, সুতরাং সেখানে ভগবানের প্রেম আকৃষ্ট হয় না।

"উপনন্দ তার প্রভুর নিকট হ'তে প্রেম পেয়েছিল, ত্যাগ-স্বীকারের দ্বারা প্রতিদানের পথ বেয়ে সে যতই প্রেম-দানের সমান ক্ষেত্রে উঠ্‌ছে ততই সে মুক্তির আনন্দ উপলব্ধি করছে। দুঃখই তাকে এই আনন্দের অধিকারী করে। ঋণের সঙ্গে ঋণশোধের বৈষম্যই বন্ধন এবং তা-ই কুশ্রীতা।"—শারদোৎসব, বিচিত্রা—১৩৩৬ আশ্বিন, ৪৯১ পৃষ্ঠা।

শারোদৎসব নাটিকায় এক অপূর্ব সৃষ্টি ঠাকুরদাদার চরিত্র। ইনি যেন রবীন্দ্রনাথেরই মনের রূপক। সৌন্দর্যের ভিতর দিয়া সত্যের সাধনা করা রবীন্দ্রনাথের সমগ্র কাব্য-জীবনের ইতিহাস। রবীন্দ্রনাথের অন্তর চিরনবীন। এই ঠাকুরদাদা লোকটিও ঠিক তেমনি সত্য-শিব-সুন্দরের সন্ধানী চিরনবীন রসিক। তিনি কখনও বেতসিনী নদীর তীরে তীরে ছেলের দল লইয়া গান গাহিয়া শারদোৎসব করিয়া ফিরেন, কখনো বা অচলায়তনের বাহিরে অন্ত্যজ অস্পৃশ্য শোণপাংশুর দলে ভিড়িয়া যান, কখনো বা রুগ্ন অবরুদ্ধ অমলের শয্যার পার্শ্বে রাজার ডাকঘরের চিঠির খবর লইয়া আসেন, আবার তিনিই ভোল ফিরাইয়া গুরু বাউল-সর্দার রূপে ফাল্গুনী বসন্তোৎসবে মাতেন, তিনিই আবার ধনঞ্জয় বৈরাগী নাম লইয়া অত্যাচারের অবিচারের বিরুদ্ধে অহিংস প্রতিরোধ করেন, তিনি রাজদ্বারে নির্ভীক, দরিদ্র মূক প্রজার মুখপাত্র বন্ধু হইয়া অপরের পাপের প্রায়শ্চিত্ত করেন নিজে দুঃখ ভোগ করিয়া। তিনি শিশুদের খেলার সাথী, বিপদে সাহস ও সহায়, সদানন্দ সত্যসন্ধ নির্ভীক বলিষ্ঠ সর্বংসহ। তাঁহার চরিত্র শরতের মেঘমুক্ত আকাশের ন্যায়ই নির্মল স্বচ্ছ সুন্দর। এই ঠাকুরদাদাই রাজার সহিত মিলনে পথে অনুতাপিনী সুদর্শনার সহযাত্রী, এবং ইনিই ছিলেন বৌ ঠাকুরাণীর হাটে এবং প্রায়শ্চিত্তে ও পরিত্রাণ নাটকে রাজা বসন্ত রায়ের অন্তরে এবং বিভা সুরমা ও উদয়াদিত্যের সঙ্গে রস-মধুর স্নেহ-সম্পর্কের মধ্যে। শোণপাংশুদের সঙ্গে আমরাও জানি—"এই একলা মোদের হাজার মানুষ দাদাঠাকুর।"

এই নাটক রচনা ও অভিনয় দেখিয়া মুগ্ধ হইয়া আমি কবিকে অনুরোধ করিয়াছিলাম এমনি করিয়া ছয় ঋতুর উৎসব লইয়া নাটক রচনা করিলে বেশ

হয়। কবি একটু ভাবিয়া স্মিতমুখে বলিলেন—হ্যাঁ তা করলে মন্দ হয় না কিন্তু আমাদের দেশের হেমন্তের কোনো বিশেষ রূপ নেই। অন্য ঋতুগুলির নিজস্ব রূপ বা তাৎপর্য আছে, অন্তরের অর্থ আছে, হেমন্তের তেমন কিছু নেই।

এই কথাবার্তার পরের দিন কবি আমাকে বললেন—দেখ, হেমন্তেরও একটা তাৎপর্য পেয়েছি—হেমন্তে সব শস্য কাটা হ'য়ে যায়, তখন মাঠ হয় রিক্ত, কিন্তু চাষী গৃহস্থের গৃহ হয় পূর্ণ; বাহিরের রিক্ততা অন্তরের পূর্ণতার সাক্ষ্য দেয়। এই ভাবটি নিয়ে একটা নাটক লেখা যেতে পারে।

আমি আশা করিয়াছিলাম কবি ছয় ঋতুর উপরেই নাটক লিখিবেন ফাল্গুনী ও রাজা বসন্তের উৎসবেরই নাটক। অচলায়তনের মধ্যেও 'উতল ধারা বাদল ঝরে'। গ্রীষ্মও দু-একটা কবিতা ভেট পাইয়াছে। কিন্তু হেমন্ত কাব্যের উপেক্ষিতই থাকিয়া গিয়াছে। বঙ্গের ঋতু-রঙ্গের মধ্যে কবি পরে যা একটু হেমন্ত-বর্ণনা করিয়া তাহার মান রক্ষা করিয়াছেন।

প্রায়শ্চিত্ত

ইহার ভূমিকার তারিখ হইতেছে ৩১এ বৈশাখ ১৩১৬ সাল। এই ভূমিকায় কবি লিখিয়াছেন—বৌ ঠাকুরাণীর হাট নামক উপন্যাস হইতে এই প্রায়শ্চিত্ত গ্রন্থখানি নাট্যীকৃত হইল। মূল উপন্যাসখানির অনেক পরিবর্তন হওয়াতে এই নাটকটি প্রায় নূতন গ্রন্থের মতোই হইয়াছে। এই নাটকের মধুর চরিত্র কবি বসন্ত রায়কে দেখিয়া মনে হয় যেন রবীন্দ্রনাথ তাঁহার জীবনস্মৃতি হইতে শ্রীকণ্ঠ সিংহকেই অঙ্কিত করিয়াছেন।

এই নাটকের মধ্যে একটি নূতন চরিত্র সৃষ্টি করা হইয়াছে—ধনঞ্জয় বৈরাগী। ইংরেজী ১৯০৮ সালের কাছাকাছি সময়ে মহাত্মা গান্ধী দক্ষিণ আফ্রিকায় নিষ্ক্রিয় প্রতিরোধ করিয়া অন্যায়ের বিরুদ্ধে অকুতোভয়ে সত্যকথায় অত্যাচারীদের সহিত সংগ্রাম করিতেছিলেন। এই সত্যাগ্রহ গান্ধীজীর জীবনে পরে আরও স্পষ্টতর হইয়া প্রকাশ পাইয়াছে। কবির সৃষ্টি এই ধনঞ্জয় বৈরাগী যেন মহাত্মা গান্ধীর ভবিষ্যৎ কর্মঠ পরিণত চরিত্রের সহিত ভাবপ্রবণ কবিবরের স্বকীয় চরিত্রের সংমিশ্রণে গঠিত। যে মহাত্মা গান্ধী পরে অসহযোগ আন্দোলন ও অন্যায় আইন অমান্য করিয়া জগন্মান্য হইয়াছেন, এবং যে কবি জালিয়ান্‌ওয়ালাবাগের অত্যাচারের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করিয়া নিজের সম্মানজনক খেতাব পরিত্যাগ করিয়াছিলেন, সেই দুই মহনীয় চরিত্রের সমাবেশে যেন এই ধনঞ্জয় বৈরাগীর চরিত্র সংগঠিত।

পরে ১৩৩৬ সালের জ্যৈষ্ঠ মাসে এই নাটককে আরও কিছু পরিবর্তন করিয়া 'পরিত্রাণ' নামে ইহা প্রকাশ করেন। উহাতেও ধনঞ্জয় চরিত্র আছে। এখানেও রাজশক্তির অন্যায়ের বিরুদ্ধে অসহায় প্রজাদের পক্ষ হইয়া ধনঞ্জয় বৈরাগী, উদয়াদিত্য রাজকুমার এবং সুরমা যুবরাজমহিষী বিপদকে অগ্রাহ্য করিয়া সত্য ও ন্যায়ের নির্দেশ পালন করিয়া চলিয়াছেন, এবং পুনঃ পুনঃ কারাবরণ ও মৃত্যু পর্যন্ত স্বীকার করিয়াছেন। এই নাটক দুইখানি প্রাচীন ঐতিহাসিক কাহিনী অবলম্বন করিয়া লেখা হইলেও ইহাদের মধ্যে আমাদের দেশের আধুনিক কালের রাজনৈতিক অবস্থার ছায়া পড়িয়াছে।

মুক্তধারা নাটকখানিও এই পর্যায়ের, তাহাতেও ধনঞ্জয় আছে। যে-সব ভীরু মূক প্রজারা অত্যাচারের প্রতিবাদ করিতে পারে না, তাহাদের মুখপাত্র ও বাণীমূর্তি এই ধনঞ্জয় বৈরাগী—তিনি বৈরাগী বলিয়া সকলেই তাঁহার আপন এবং ন্যায় ও সত্য তাঁহার ধর্ম।

গীতাঞ্জলি

গীতাঞ্জলিতে যে গানগুলি সংগৃহীত হইয়াছে তাহাদের রচনার তারিখ হইতেছে ১৩১৩ হইতে ৩০এ শ্রাবণ ১৩১৭ সাল পর্যন্ত। গানগুলি অধিকাংশই শান্তিনিকেতনে, কতক কলিকাতায়, এবং কতক শিলাইদহে রচিত। এই-সব গান কবি যেমন যেমন রচনা করিয়াছেন আর অমনি আমাদের ডাকিয়া গাহিয়া গাহিয়া শুনাইয়াছেন। এই জন্য এই গানগুলির সঙ্গে আমার অনেক মধুর স্মৃতি জড়িত হইয়া আছে। গীতাঞ্জলির ১৫৭টি গানের ১০০টি বৈশাখ হইতে শ্রাবণ মাসের মধ্যে রচিত; শেষ গান ৩০এ শ্রাবণ ১৩১৭ তারিখে রচিত। পুস্তক প্রকাশিত হয় ভাদ্র মাসে। খেয়ার চার বৎসর পরে গীতাঞ্জলি ভগবানের উদ্দেশ্যে কবি নিবেদন করিয়াছেন। কবির ভগবৎপ্রেম এখন খেয়ার যুগের চেয়েও প্রগাঢ় হইয়াছে, মিলনাকাঙ্ক্ষা প্রবল হইয়াছে, এবং ভগবান্ এখন কবির বন্ধু সখা প্রিয় দয়িত স্বামী হইয়াছেন। ভক্তপ্রেমে বশীভূত হইয়া ভগবান্ ভক্তের সহিত মিলনের জন্য অভিসার করেন, ভক্তও অভিসারিকার মতন আগ্রহান্বিত হইয়া অপেক্ষা করিয়া থাকেন। উভয়ের বিরহব্যথা বড় গভীর, ক্ষণমিলনের আনন্দও অতি নিবিড়। একবার কবি বিশ্বেশ্বরকে বিশ্বের মাঝেই পাইতে চাহিতেছেন, আবার একান্তে তাঁহার সঙ্গসুখ উপভোগ করিতে ব্যগ্র হইতেছেন। এই জন্যই কবি একবার ভারততীর্থে মহামানবের মিলন দেখিতেছেন, দুর্ভাগা দেশকে সকল বিচ্ছেদ দূর করিয়া অদ্বৈতের অদ্বয়ত্ব অনুভব করিতে বলিতেছেন, আবার কবি নিজেকে প্রেমের মূল্যে বিকাইয়া দিতে চাহিতেছেন।

সচ্চিদানন্দময় ভগবান আপনার প্রেমের আনন্দ অনুভব করিবার জন্য দ্বিধা বিভক্ত হইবার যে এষণা অনুভব করেন, তাহাই সৃষ্টির মূল। যুগল না হইলে প্রেম হয় না। একময় ব্রহ্মের রস-বিলাস-লালসাই সৃষ্টির কারণ। আনন্দ হইতেই বিশ্বের জন্ম। যিনি এক স্বতন্ত্র ছিলেন, তিনি বিশ্ব সৃষ্টি করিয়া তদ্ এবানুপ্রাবিশৎ তাহাতে প্রবেশ করিলেন এবং সর্বগত হইলেন, যিনি ছিলেন অরূপ তিনি হইলেন বহুরূপ ও অপরূপ—রূপং রূপং বহুরূপং বভূব।

রবীন্দ্রনাথ তাঁহার কাব্যের প্রেরণা পাইয়াছেন প্রেমের ও আনন্দের অনুভূতির মধ্যে। তাই তাঁহার সাধনা আনন্দকে প্রেমগীতের অঞ্জলি দিয়া। অবাঙ্‌মানসগোচর যিনি, তিনি আনন্দের লীলাবিলাসে বিশ্বের সমগ্র সত্তাকে বহু করিয়াছেন; রবীন্দ্রনাথ সেই বিশ্বাত্মাকে প্রেমের বহু বিচিত্র অভিব্যঞ্জনার মধ্যে বিকশিত দেখিয়াছেন। সুখে-দুঃখে মানে-অপমানে আপনার নিজস্ব অনুভূতির সমগ্র বৈচিত্র্যে বিশ্বের আনন্দ-শিহরণে শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধের লীলায়িত তরঙ্গহিল্লোলে কবি বিশ্বকবির সঙ্গে প্রেমানন্দের লিপি আদান-প্রদান করিয়াছেন।

গীতাঞ্জলিতে কবির অধ্যাত্মসাধনার মূল তত্ত্ব এই—১। অহঙ্কার মিলনের বাধা। তাহাকে ধ্বংস করার সাধনা প্রথমেই অবলম্বনীয়। অহঙ্কারে বিশ্ব প্রতিহত, আনন্দ সঙ্কীর্ণ, প্রেম সঙ্কুচিত হয়। ২। সংসারে দুঃখ আঘাত বেদনার একটি বিশেষ সার্থকতা আছে। ইহারা প্রেমময়ের দূতী। আমাদের অসাড় চিত্তকে তিনি আঘাতের স্পর্শ দিয়া জাগাইয়া তদভিমুখ করিয়া তুলেন। যেমন ধূপ দীপ দগ্ধ হইয়া গন্ধ ও আলোক বিতরণ করে, যেমন চন্দন ঘৃষ্ট হইয়া স্নিগ্ধতা ও সুগন্ধ বিতরণ করে, তেমনি মানব চিত্তও বেদনার আঘাতে পূজায় রত হয়। ৩। বিশ্বপ্রকৃতির ও নরসমাজের সর্বত্র ভগবানের সত্তা ও লীলা সাধক-কবি সন্দর্শন করিতেছেন। ভূমার সন্ধান পাইয়া তিনি বিশ্বচরাচরে ছোট-বড় সকলের মধ্যে পরমদেবতার সামগান শুনিতে পান। একই সত্তা বিশ্বচরাচরকে পরিবৃত করিয়া আছে—এই বিরাট্ সত্য সুখ-দুঃখের মধ্যে উত্থান-পতনের মধ্যে পাপ-পুণ্যের মধ্যে ক্ষুদ্র-বৃহতের মধ্যে সর্বত্র সর্বদা অনুস্যূত হইয়া রহিয়াছে। এই জগতের মধ্যে একটি শান্তিময় সামঞ্জস্য আছে, যাহার প্রভাবে সকল বিরোধ সকল অভাব মলিনতা অপূর্ণতা পূর্ণের স্পর্শে মহিমান্বিত হইয়া উঠে। ৪। অতএব সবার পিছে সবার নীচে সব-হারাদের মাঝে স্থান লইয়া মৃত্যু-মাঝে হ'তে হবে চিতাভস্মে সবার সমান!

এই কবিতাগুলির মধ্যে এক দিকে কবির নিজের আত্মনিবেদন আছে, অপর দিকে দেশের দুর্দশায় বেদনাবোধ আছে।

কবি রবীন্দ্রনাথ গীতাঞ্জলির ৫০টি গানের ইংরেজী অনুবাদ ও গীতিমাল্য প্রভৃতি অন্যান্য পুস্তকের গান ও কবিতার অনুবাদ করিয়া লইয়া ১৩১৯ সালের ১৪ই জ্যৈষ্ঠ ১৯১২ সালের ২৭এ মে ইংলণ্ডে যাত্রা করেন। সেখানে এই অনুবাদ কবিতাগুলি কবি ইয়েট্‌স্ প্রভৃতির প্রশংসা ও বিস্ময় আকর্ষণ করে।

গীতাঞ্জলি নাম দিয়া সেই অনূদিত কবিতাগুলি ইণ্ডিয়া সোসাইটি হইতে প্রকাশিত হয়। তাহা মাত্র ২৫০ কপি ছাপা হইয়া বন্ধুদের মধ্যে বিতরিত হইয়াছিল, তাহার একখানি আমি উপহার পাইয়া গর্ব অনুভব করিয়াছিলাম। এই পুস্তকের দ্বারা সমগ্র ইউরোপে কবির কবিত্বখ্যাতি বিস্তৃত হইয়া পড়ে। ১৩২০ সালের ২৭এ কার্ত্তিক ১৯১৩ সালের ১৩ই নভেম্বর এ দেশে সংবাদ আসে যে কবি নোবেল পুরস্কার পাইয়াছেন। সত্যেন্দ্র দত্ত এই সংবাদ পাইয়া একখানি এম্পায়ার কাগজ কিনিয়া লইয়া আমার কাছে আসেন, এবং সত্যেন্দ্র, মণিলাল গঙ্গোপাধ্যায় ও আমি তিনজনে মিলিয়া কবিকে সংবর্ধনা করিয়া আমাদের সানন্দ প্রণাম জানাইয়া টেলিগ্রাম করি; কবির নিকটে তাঁহার জামাতা নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়ের টেলিগ্রাম প্রথম পৌঁছিয়া সংবাদ দেয়, তাহার পরে আমাদের টেলিগ্রাম পৌঁছে। ইহাতে সত্যেন্দ্র অত্যন্ত ক্ষুণ্ণ হইয়াছিলেন—তিনি বলিয়াছিলেন, আমি টেলিগ্রাম করিতে জানিলে আমার টেলিগ্রামই সর্বাগ্রে পৌঁছিত।

এই নোবেল প্রাইজ পাওয়া উপলক্ষে বহু গণ্যমান্য ব্যক্তি ও রবীন্দ্র-সাহিত্যের ভক্ত স্পেশাল ট্রেনে শান্তিনিকেতনে যাইয়া ৭ই অগ্রহায়ণ ২৩এ নভেম্বর ১৯১৩ সালে কবিকে সংবর্ধনা করেন। আমিও সেই সঙ্গে ছিলাম।

রবীন্দ্রনাথের গীতাঞ্জলি পাঠ করিয়া ইউরোপে আমেরিকায় যে প্রশংসার প্লাবন বহিয়াছিল, তাহার মধ্য হইতে একজন মনস্বী কবির অভিমত আমি এখানে উদ্ধার করিয়া দিতেছি—

Je conside're certaines pages du Gitanjali......la seule de ses œuvres que je connaisse......comme less plus hautes, les plus profondes, les plus divinement humaines qu' on ait ecrites jusqu, a ce jour.

—Maeterlinck.

I consider certain pages of the Gitanjali—the only one of his works that I know—the highest, the most profound, the most divinely human that have been written to this day.

দ্রষ্টব্য—ফরাসী গীতাঞ্জলির ভূমিকা (অনুবাদ)—ইন্দিরা দেবী।

—সবুজপত্র, অগ্রহায়ণ ১৩২১, ৫৫৯ পৃষ্ঠা

১ নম্বর গান

কবি ভগবানের চরণে মাথা নত করিয়া পড়িতে চাহিতেছেন কিন্তু এ অবনতি-স্বীকার বড় কঠিন সাধনা—কবি ইহার তত্ত্ব স্পষ্ট করিয়া বলিয়াছেন নৈবেদ্যের এক কবিতায়—

হে রাজেন্দ্র, তব কাছে নত হ'তে গেলে
যে উর্দ্ধে উঠিতে হয়, সেথা বাহু মেলে'
লহ ডাকি' সুদুর্গম বন্ধুর কঠিন
শৈলপথে।

এই দুষ্কর সাধনার প্রথম সোপান আপনার অহংভাব পরিত্যাগ করা; কারণ, অহঙ্কার মিলনের বাধা, পরিপূর্ণ সত্য উপলব্ধির বাধা। কোনো মানুষ নিজের মধ্যে পূর্ণ নয়, সকলের সঙ্গে যোগের সত্যতাতেই সে সত্য। অহঙ্কার মানুষকে সেই সত্য হইতে বঞ্চিত করে।

মানুষ নিজের ছোট-আমিকে গৌরব দিতে গিয়া নিজের বড়-আমিকে অপমান করে, খর্ব ক্ষুণ্ণ করে। তাই কবি নৈবেদ্যে বলিয়াছেন—

যাক আর সব
আপন গৌরবে রাখি তোমার গৌরব

কর্মযোগ-সাধনের যোগ্যতা লাভের জন্য ভক্ত কবি প্রাণের আকূতি প্রকাশ করিয়া বলিতেছেন—ধর্মপথের একটা প্রধান অন্তরায় ভগবানের নামে কর্মে প্রবৃত্ত হইয়া আপনাকে জাহির করিয়া তুলিবার বাসনা; সেই পাপ যেন আমাকে পাইয়া না বসে, আমি যেন আত্মপ্রতিষ্ঠার জন্য ব্যগ্র না হই। প্রকৃতির প্রিয় অনুচর ষড় রিপু স্বকীয় স্বাভাবিক বেশ পরিবর্তন করিয়া ধার্মিকতার ছদ্মবেশে সাধককে প্রবঞ্চিত করিয়া পথভ্রষ্ট করিতে চাহে। তাই ধর্ম্ম-প্রচারের ছলে আত্ম-প্রতিষ্ঠার চেষ্টা করিয়া বঞ্চিত হওয়ার দৃষ্টান্ত প্রচারক-সমাজে বিরল নহে। অতএব আমাকে রিপুর হস্ত হইতে রক্ষা করো এবং আমি যেন বলিতে পারি—

তোমার ইচ্ছা হউক পূর্ণ করুণাময় স্বামী,
*　　*　　*
মোহ-বন্ধ ছিন্ন করো কঠিন-কঠিন আঘাতে,
অশ্রুসলিল-ধৌত হৃদয়ে থাকো দিবসযামী।

তুলনীয়—৪৭, ৫৪, ৮২, ৮৮, ১৪৪ নম্বর গান।

৩ নম্বর গান

কত অজানারে জানাইলে তুমি।

প্রেমের আনন্দ-স্ফুরণে জগৎ মধুময় হয়; প্রেমের ধর্ম্ম দূরকে নিকট করা, আপনাকে ভুলিয়া পরের হাতে আত্ম-সমর্পণ করা; প্রেমই আমিত্বের অহঙ্কারের ক্ষুদ্র গণ্ডি ঘুচাইয়া দেয়। প্রেমস্বরূপ এককে জানিলে আর কোনো বিভেদবুদ্ধি থাকিতে পারে না। প্রেমে সকলের সঙ্গে মিলিত হইতে হইবে, কিন্তু কোথাও যেন আসক্তি প্রবল হইয়া সেই প্রেমকে বন্ধনে পরিণত না করে। সেই জন্য কবি বন্ধন স্বীকার করিয়াও সেই বন্ধন মোচনের প্রার্থনা করিয়াছেন—

যুক্ত করো হে সবার সঙ্গে,
মুক্ত করো হে বন্ধ। —৫ নম্বর।

যে নূতনের সঙ্গে মিলন হইবে, প্রেম-বন্ধন হইবে, তাহারই মধ্যে দেখিতে হইবে যিনি পুরাতন শাশ্বত চিরন্তন তিনিই বিরাজমান। তাহা হইলে আর প্রেম-সম্পর্ক বন্ধন হইতে পারিবে না।

৪ নম্বর গান

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা।

ভক্ত কবির ভগবানের কাছে যাঞ্চা আছে কিন্তু বঞ্চনা নাই; দীনতা নম্রতা আছে, কিন্তু ভীরুতা নাই; কারণ, তিনি জানেন—নায়মাত্মা বলহীনেন লভ্যঃ।

তুলনীয়—৯০, ৯২ নম্বর গান।

৬ নম্বর গান

প্রেমে প্রাণে গানে গন্ধে আলোকে পুলকে।

রবীন্দ্রনাথ ভূমাকে প্রেমের অঞ্জলি দিয়া অভিনন্দন ও বরণ করিয়াছেন বলিয়া তাঁহার কাছে সবই সুন্দর, সবই মধুময়। তিনি সর্বসুন্দরে পরম-

সুন্দরকে অনুভব করিতেছেন। প্রাচীন ঋষিদের সহিত কণ্ঠ মিলাইয়া এই ঋষি কবি বলিতেছেন—

তেজো যৎ তে রূপং কল্যাণতমং তৎ তে পশ্যামি।
যোঽসাবসৌ পুরুষঃ সোঽহমস্মি॥ —ঈশোপনিষৎ, ১৬।

তোমার যে অতি শোভন কল্যাণতম রূপ, তাহা আমি তোমার প্রসাদে সর্বত্র দেখি। সেই পুরুষ যিনি, তিনি আমি।

এই বোধ যাহাতে মনের মধ্যে সর্বদা জাগ্রত থাকে এই জন্য কবি বলিতেছেন—'চেতন আমার কল্যাণরস-সরসে শতদল সম' প্রস্ফুটিত হইয়া থাকুক।

৭ নম্বর গান

তুমি নব নব রূপে এস প্রাণে।

কবি রবীন্দ্রনাথ ভগবানের অতুল ঐশ্বর্য ও অপার মাহাত্ম্য উপলব্ধি করিতেছেন। রবীন্দ্রনাথের ভগবান তথাকথিত নিরাকার নহেন, আবার সাকারও নহেন। তিনি অরূপ, অপরূপ, এবং এই জন্যই তিনি বহুরূপ, অনন্তরূপ। তাই কবি সর্বত্র প্রত্যক্ষ করেন।

অপরূপে কত রূপ দরশন। ২২ নম্বর গান।

গীতাঞ্জলি পুস্তকে এই গানটির রচনার তারিখ দেওয়া হইয়াছে অগ্রহায়ণ ১২১৪ সাল। কিন্তু ইহা ভুল। ইহার রচনার তারিখ ৭ই ভাদ্র ১৩১৫ সালের পরের কোনও তারিখ হইবে। শারদোৎসব নাটিকার বিবরণ দ্রষ্টব্য।

১৩ নম্বর গান

আমার নয়ন-ভুলান এলে।

এটি শারদোৎসবের গান। শারদোৎসব নাটিকার অনেকগুলি গান এই গীতাঞ্জলি পুস্তকে স্থান পাইয়াছে।

কবির প্রেমাস্পদ পরম সুন্দর অভিসারে বাহির হইয়াছেন, যিনি নয়ন-ভুলানো তাঁহাকে কবি হৃদয় মেলিয়া দেখিতেছেন। এই সুন্দরকে তো কেবল চোখে দেখিলে তাঁহার পূর্ণ পরিচয় লওয়া হইবে না, তাঁহাকে হৃদয় মেলিয়াও

দেখিতে হইবে, সর্বপ্রাণে অনুভব করিতে হইবে, বুঝিতে হইবে তিনি ভূর্ভুবঃস্বর্লোকের সবিতা এবং তিনি আবার অন্তরে ধীশক্তির প্রেরয়িতা—যিনি বাহিরের ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু প্রসব করেন, তিনিই মনের মধ্যে ইন্দ্রিয়বোধও উৎপাদন করেন।

১৬ নম্বর গান

জগৎ জুড়ে উদার সুরে আনন্দ গান বাজে।

কবি আনন্দরূপম্ অমৃতম্ বিশ্বে দেদীপ্যমান দেখিয়া প্রার্থনা করিতেছেন সেই আনন্দ-রূপ তাঁহার জীবনে সুপ্রতিষ্ঠিত হউক। ভূমার আনন্দে ব্যক্তি বিশ্বচরাচরের মধ্যে ছড়াইয়া যায়, প্রেমের মন্দাকিনীধারায় স্বার্থপরতার মলিনতা ধৌত হইয়া যায়।

তুলনীয়—

দাদূ ঘট-মেঁ সুখ আনন্দ হৈ তব সব ঠাহর হোই।
ঘট-মেঁ সুখ আনন্দ বিন সুখী ন দেখ্যা কোই॥
যে সব চরিত তুম্হারে মোহন মোহে সব ব্রহ্মংড খংডা।
মোহে পবন পানী পরমেশ্বর সব মুনি মোহে রবি চংডা॥
সায়র সপ্ত মোহে ধরণীধরা অষ্টকুলা পরবত মেরু মোহে।
তিন লোক মোহে জগজীবন সকল ভবন তেরী সেব সোহে॥
মগন অগোচর অপর অপরংপার জো রহ তেরে চরিত ন জানহিঁ।
রহ সোভা তুম্হকো সোহই সুন্দর বলি বলি জাউ দাদূ ন জানহিঁ॥

হে মোহন, এই যে সব ব্রহ্মাণ্ডখণ্ড, ইহা তোমারই লীলাচরিত, ইহারা সকলে আমাকে মুগ্ধ করে। পবন বায়ু রবি চন্দ্র সবই আমাকে মোহিত করে হে পরমেশ্বর। সপ্ত সাগর অষ্টকুলাচল পর্বত মেরু সবই আমাকে মুগ্ধ করে হে জগজ্জীবন। এই তিন লোক আমাকে মোহিত করে। সকল ভবনে তোমারই সেবা শোভা পাইতেছে। অগম্য অগোচর অপার অসীম যে এই তোমার চরিত তাহা তো আমি জানি না। এই শোভায় তুমি সুশোভিত হে সুন্দর, আমি দাদূ তোমার বাহিরে যাইতেছে, তোমাকে তো আমি কিছুই জানিতে পারিলাম না!

২১ নম্বর ও ১৯ নম্বর গান

আজি ঝড়ের রাতে তোমার অভিসার।

কবির প্রেমাস্পদ তাঁহার জীবনে প্রেমাভিসারে আসিতেছেন রুদ্ররূপে।

২৩ নম্বর গান

তুমি কেমন ক'রে গান করো যে গুণী।

যিনি কবির্মনীষী পরিভূঃ স্বয়ম্ভূঃ তাঁহার কাব্যরচনা এই বিশ্বচরাচর। কবি রবীন্দ্রনাথ সেই বিশ্বকবির বিশ্বসঙ্গীত শুনিয়া অবাক্ হইয়াছেন এবং তিনি সেই বিশ্বসুরের সঙ্গে নিজের সুর মিলাইতে অজস্র গান রচনা করিয়া চলিয়াছেন। তাই কবি পরে বিশ্বসঙ্গীতের সঙ্গে নিজের সুর মিলাইবার কথা অন্য একটি গানে বলিয়াছেন

আজিকে এই সকালবেলাতে
ব'সে আছি আমার প্রাণের সুরটি মেলাতে।

২৪, ২৫, ২৬ নম্বর গান

কবির মনে অনুরাগ জন্মিয়াছে বলিয়াই বিরহাশঙ্কা প্রবল হইয়া উঠিয়াছে। আবার যখন বিরহ আসিয়াছে তখন ধীরতা মধুরতা তন্ময়তা তাহার. চিত্ত পূর্ণ করিয়াছে। জগতের সঙ্গে জগদীশ্বরের মিলনের মধ্যে একটি চিরবিরহ আছে। এই জন্যই মিলন এত সুন্দর মধুর হয়, এবং মিলনের জন্য এত ব্যাকুলতা জাগ্রত হইয়া থাকে। সকল সৌন্দর্যের মধ্যে অনির্বচনীয়কে অনুভব করিবার ব্যগ্রতা এই বিরহ। কবি নিজের বিরহকে বিশ্বে পরিব্যাপ্ত করিয়া দেখিতেছেন। ভক্তের যে বিরহ, সেই বিরহ-ব্যথা ভগবানের মধ্যেও সঞ্চারিত হইতেছে। তাই কবি বলিয়াছেন

তুমি আমায় রাখ্‌বে দূরে,
ডাক্‌বে তারে নানা সুরে,
আপনারি বিরহ তোমার
আমায় নিল কায়া।—গীতিমাল্য।

২৯ নম্বর গান

প্রভু, তোমা লাগি আঁখি জাগে।

কবি প্রিয়তমের জন্য বাসকসজ্জা করিয়া পথ চাহিয়া প্রতীক্ষা করিতেছেন

৩০ নম্বর গান

ধনে জনে আছি জড়ায়ে হায়।

কবি অহং ত্যাগ করিয়া সর্বস্ব ব্রহ্মে সমর্পণ করিতে ব্যগ্র। খণ্ড ছাড়িয়া অখণ্ডকে অবলম্বন করিতে অখণ্ডের মধ্যে খণ্ডকেও পাওয়া হইয়া যাইবে। কবি অনুভব করিতে চাহিতেছেন যে

ঈশা বাস্যম্ ইদং সর্বং যৎকিঞ্চ জগত্যাং জগৎ।
তেন ত্যক্তেন ভুঞ্জীথাঃ মা গৃধঃ কস্যস্বিদ্ ধনম্॥

৩৩ নম্বর গান

দাও হে আমার ভয় ভেঙে দাও।

বরকে বধূর মিনতি—যিনি ছিলেন অদৃষ্টপূর্ব অপরিচিত তিনি হইবেন আজ হৃদয়েশ্বর। তুলনীয় খেয়ার 'বালিকা বধূ' কবিতা।

মানুষ স্বল্পবুদ্ধি। সে নিজের বুদ্ধি প্রয়োগ করিয়া যাহা নির্ণয় করিতে চেষ্টা করে তাহা প্রায়ই ভ্রান্ত হয়। অতএব যিনি সব-কিছুর শেষ পর্যান্ত দেখিতে পান সেই চিন্ময় পরমেশ্বরের বিধানের উপর নির্ভর করিয়া জীবন যাপন করা শ্রেয়। তাই কবি বলিতেছেন

যা বুঝি সব ভুল বুঝি হে,
যা খুঁজি সব ভুল খুঁজি হে।

এমন কথা তিনি আগেও একাধিক বার বলিয়া আসিয়াছেন

যাহা চাই তাহা ভুল ক'রে চাই,
যাহা পাই তাহা চাই না।—উৎসর্গ, পাগল।

খুঁজিতে গিয়া বৃথা খুঁজি,
বুঝিতে গিয়া ভুল বুঝি,
ঘুরিতে গিয়া কাছেরে করি দূর।
—উৎসর্গ, চিঠি।

৩৪ নম্বর গান

আবার এরা ঘিরেছে মোর মন।

এরা অর্থাৎ সামান্য তুচ্ছ ক্ষুদ্র যা কিছু। তাহাদের কবল হইতে উদ্ধার পাইবার উপায় একমাত্র—ভূমাকে নিত্য নিরন্তর নিজের চেতনার মধ্যে জাগ্রৎ করিয়া রাখা।

নিয়ত মোর চেতনা' পরে রাখ
আলোকে ভরা উদার ত্রিভুবন।

৩৫ নম্বর গান

আমার মিলন লাগি' তুমি আস্‌ছ কবে থেকে।

এই জগৎ যেমন বহমান চলমান, এই জগতের স্বামীও তেমনি নিত্য নবনবায়মান। লোক লোকান্তরের ও জন্মজন্মান্তরের মধ্য দিয়া জীব-অভিব্যক্তির যে যাত্রাপথ বাহিয়া আমাদের প্রত্যেকের জীবন পূর্ণ পূর্ণতর হইয়া চলিয়াছে, সেই পথেই—যিনি সকল পথের অবসান, যিনি পরম পরিণাম, তিনি সঙ্গি-রূপে পথিক-রূপে ক্ষণে ক্ষণে দেখা দেন। কবির জীবনে জীবনে লীলা করিবার জন্য তিনি যাত্রা করিয়া বাহির হইয়াছেন। এই জন্যই তো এই পরিচিত জগদ্দৃশ্যের মধ্যে সেই অদৃশ্যের ছায়া পড়ে; এবং সেই মিলনানন্দের পরিচয় পাইয়া কবি বলিয়াছেন

রূপ-সাগরে ডুব দিয়েছি
অরূপ রতন আশা করি।
—৪৮ নম্বর গান।

৩৬ নম্বর গান

এস হে এস সজল ঘন, বাদল বরিষণে।

নববর্ষার আগমনে

ব্যথিয়ে উঠে নীপের বন
পুলক-ভরা ফুলে।
উছলি উঠে কলরোদন
নদীর কূলে কূলে।

এ কী আশ্চর্য বৈপরীত্যের একত্র সমাবেশ। যেখানে ব্যথা সেখানে পুলক, এবং সেখানেই আবার কলরোদন। ইহার কারণ

আনন্দ আজ কিসের ছলে
কাঁদিতে চায় নয়ন-জলে,
বিরহ আজ মধুর হ'য়ে
করেছে প্রাণ ভোর।

—৪৩ নম্বর গান।

৪৫ নম্বর গান

জগতে আনন্দ-যজ্ঞে আমার নিমন্ত্রণ।

জগতের সমস্ত সৌন্দর্য ও আনন্দ প্রত্যেক ব্যক্তির উপভোগের জন্য যজ্ঞেশ্বর আয়োজন করিয়া নিমন্ত্রণ পাঠাইতেছেন।

। জল্‌সা আজ্‌ম্‌ দাবত, তুহি ইক মিহ্‌মান।

—জ্ঞানদাস বঘেলী।

৫৮ নম্বর গান

তুমি এবার আমায় লহ হে নাথ লহ

কবি ভগবানের কাছে প্রার্থনা করিতেছেন যে আমি তো নিজেকে তোমার কাছে সম্প্রদান করিয়া দিতে পারিলাম না, তুমিই এখন আমাকে

করুণা করিয়া গ্রহণ করো। কিন্তু আমার মধ্যে কলুষ ও ফাঁকি আছে বলিয়া আমাকে সেই দোষে পরিত্যাগ করিয়ো না। তুলনীয়—৭৬ নম্বর গান।

৬০ নম্বর গান

এবার নীরব ক'রে দাও হে তোমার মুখর কবিরে।

রবীন্দ্রনাথ কবি হইয়া যেমন কবিত্ব-বাঁশীকে নিজের ফুৎকারে অনুপ্রাণিত করিয়া জগৎ মোহিত করিতেছেন, তেমনি ভগবানের হাতে কবি স্বয়ং যেন একটি বাঁশী, বিশ্বকবির ফুৎকারে এই মানব-কবির হৃদয়-রন্ধ্রে সুরের ধারা নির্গত হইতেছে। কবি মাত্রেই যেন পরমকবির এক একটি জীবন্ত কবিতা।

তুলনীয়—

ধন্য আমি বাঁশীতে তোর
আপন মুখের ফুঁক। —বাউল

৬১ নম্বর গান

বিশ্ব যখন নিদ্রামগন, গগন অন্ধকার।

বিশ্ব যখন মোহসুপ্তিতে নিমগ্ন, তখন কবির সদাজাগ্রত চিত্তে পরমসুন্দরের সাড়া লাগে। কিন্তু তাঁহাকে তো কেবল মাত্র ইন্দ্রিয় দিয়া উপলব্ধি করা যায় না, দীর্ঘ পথ অতিক্রম করিয়া অনন্তের ভিতর দিয়া তাঁহার ক্রমাগত আগমন।

সে যে আসে আসে আসে।—৬৩ নম্বর গান।

৬২ নম্বর গান

কোন্ আলোতে প্রাণের প্রদীপ
জ্বালিয়ে তুমি ধরায় আস।

১৭ পৌষ, ১৩১৬ সালে রচিত হয় এবং ৬ই মাঘ মহর্ষির শ্রাদ্ধবাসরে গীত হয়। ইহা ভক্তকে, সাধককে উদ্দেশ করিয়া লিখিত।

৬৬ নম্বর গান

কবে আমি বাহির হলেম তোমারি গান গেয়ে

মানবের জীবযাত্রা তো অনাদি কালের কাহিনী ॥ মানব ক্রমাগত অগ্রসর হইয়া চলিয়াছে যিনি পূর্ণতম তাঁহারই সহিত মিলনের জন্য—নিজেকে পূর্ণ হইতে পূর্ণতর করিয়া তুলিবার জন্য। যে জীবনে যেখানে,মানব থাকে সেখানেই সে পূর্ণের সহিত মিলনের সাধনাই করে। যিনি নামরূপের অতীত, তাঁহাকে বহু নামে ডাকা এবং বহু রূপে দেখা সম্ভব। তাই কবি সেই অনাম ও অরূপকে বলিয়াছেন 'তোমারেই যেন ভালোবাসিয়াছি শতরূপে শতবার।' কেবল একাকী থাকায় কোনো আনন্দ নাই, এইজন্য ভগবান নিজেকে বহুতে পরিণত করিয়াছেন—প্রেম দেওয়া ও লওয়ার খেলা খেলিবার জন্য, এবং কবিও বুঝিয়াছেন—'আমরা দুজনে ভাসিয়া এসেছি যুগলপ্রেমের স্রোতে'। এবং এই 'যুগলপ্রেমে' মগ্ন জীব 'পুরাতন প্রেমে নিত্য নূতন সাজে' জন্ম জন্মান্তরের ভিতর দিয়া অগ্রসর হইয়া চলিয়াছে।

সমুদ্রের প্রতি, প্রবাসী, সুদূর, ইত্যাদি কবিতা দ্রষ্টব্য।

৬৭ নম্বর গান

তোমার প্রেম যে বইতে পারি এমন সাধ্য নাই।

কারণ, আমি ক্ষুদ্র, আর তুমি বিরাট্‌, তুমি ভূমা।

৭৫ নম্বর গান

বজ্রে তোমার বাজে বাঁশি।

চরম সত্য ও পরম সত্য হইতেছে রুদ্রের প্রসন্ন মুখ। অশান্তিকে অস্বীকার করিয়া যে শান্তি তাহা সত্য নয়। ইহা বুঝিয়াই কবি বজ্রের বাঁশি আর ঝড়ের আনন্দ-বীণার ঝঙ্কার নিজের জীবনে সাধিয়া লইতে চাহিতেছেন। কবি ত্যাগের সাধনাকে ও বেদনা-বরণের সাধনাকে সকল সাধনার চেয়ে বড় করিয়া জানিয়াছেন।

তুলনীয়—৭৮ নম্বর গান।

৮৪ নম্বর গান

কথা ছিল এক তরীতে কেবল তুমি আমি

আধ্যাত্মিক জীবনযাত্রাকে নৌযাত্রার সঙ্গে তুলনা করিয়াছেন অনেক দেশের অনেক কবি—ফরাসী কবি বোদলেয়ার বলিয়াছেন 'হে মৃত্যু! বৃদ্ধ কাপ্তেন! এবার নোঙর তোলো।'

৮৯ নম্বর গান

চাই গো আমি তোমারে চাই,
তোমায় আমি চাই—
এই কথাটি সদাই মনে
বল্‌তে যেন পাই।

মানব ভগবানকে চাহে, কিন্তু সেই বোধ সর্ব্বদা জাগ্রত থাকে না। কবি সচেতন ভাবে সেই সাধনা করিতে চাহিতেছেন। পিতা নোঽসি—তুমি আমাদের পিতা, ইহা তো সত্য, কিন্তু পিতা বোধিঃ—তুমি যে আমাদের পিতা, এই বোধ যদি সচেতন হইয়া মনে না জাগ্রত থাকে তবে তাহা আমার জীবনে সত্য হইয়াও সত্য নয়।

৯৩ নম্বর গান

দেবতা জেনে দূরে রই দাঁড়ায়ে,
আপনি জেনে আদর করিনে।

বৈষ্ণবধর্ম মানবের সমস্ত প্রেম-সম্পর্কের মধ্যে ঈশ্বরকে অনুভব করিতে চেষ্টা করিয়াছে। কিন্তু কেবল মাত্র ঈশ্বরের ঐশ্বর্য দেখিয়া যে সম্ভ্রমের ভাব, তাহাকে বৈষ্ণব সাধকেরা প্রেম-সাধনার প্রথম ও নিম্ন সোপান বলিয়া গণ্য করিয়াছেন। এইজন্য চৈতন্যদেব সনাতন গোস্বামীকে প্রেমতত্ত্ব শিক্ষা দিতে গিয়া বলিয়াছিলেন

ঐশ্বর্যজ্ঞান-প্রধানাতে সঙ্কুচিত প্রীতি॥
কেবল-শুদ্ধপ্রেম-ভক্ত ঐশ্বর্য না জানে।
ঐশ্বর্য দেখিলে নিজ সম্বন্ধ না মানে॥

—চৈতন্যচরিতামৃত, ১৯শ পরিচ্ছেদ। মধ্য, ৮ম দ্রষ্টব্য।

অতএব ভগবানকে পিতা সখা ভাই প্রিয় বলিয়া স্বীকার করিয়া সর্ব সম্পর্কের মাধুর্য অনুভব করিতে হইবে এবং তিনি সর্ব মানবের মধ্যে বিরাজমান ইহাও স্বীকার করিতে হইবে। বিশ্বপ্রেমিক কবি সর্বভূতে সর্বভূতেশ্বরের আবির্ভাব অনুভব করেন—তিনি অনুভব করেন সর্বং খল্বিদং ব্রহ্ম। কবির এই বিশ্বানুভূতি নূতন নহে, অতি শৈশব হইতে তিনি ইহা অনুভব করিয়া প্রকাশ করিয়া আসিয়াছেন—তুলনীয় প্রভাত-উৎসব, স্রোত, এবার ফিরাও মোরে, ইত্যাদি।

নিখিলের সুখ, নিখিলের দুখ, নিখিল প্রাণের প্রীতি।
একটি প্রেমের মাঝারে মিশিছে সকল প্রেমের স্মৃতি॥

—অনন্ত প্রেম।

৯৫ নম্বর গান দ্রষ্টব্য।

১০২ নম্বর গান

হে মোর দেবতা, ভরিয়া এ দেহ প্রাণ

কবি যেমন নিজের সার্থকতা জীবনদেবতার মাঝে পাইয়াছেন, তেমনি ইহাও বুঝিয়াছেন যে জীবনদেবতাও প্রেমিকের মতন কবির গানের পাত্রে আপনার সৃষ্টির আনন্দ-সুধা পান করেন। কবি তাঁহার প্রেমে পরমকবিকে সার্থক করেন, এবং নিজেও সার্থক হন। প্রেমে প্রেমের বিষয় ও প্রেমের আশ্রয় উভয়েই ধন্য হন।

১০৩ নম্বর গান

এই মোর সাধ যেন এ জীবন মাঝে

তুমি বিরাট্, তোমার আকাশ অনন্ত, তোমার আলোকধারা অফুরন্ত, আর আমার চিত্ত ক্ষুদ্র, আমার প্রেম অল্প। আমার ক্ষুদ্র ধারণাশক্তি-দ্বারা তোমার বিরাট্ অনুভবকে আমি যেন কখনো খণ্ডিত না করি, তোমার অসীমতাকে আমি যেন সঙ্কীর্ণতার গণ্ডি টানিয়া প্রতিহত না করি।

১০৪ নম্বর গান

একলা আমি বাহির হলেম তোমার অভিসারে।

আমি একাকী ভগবানের প্রেমাভিসারে যাত্রা করিয়া বাহির হইয়াছি, কিন্তু সঙ্গে সঙ্গে চলিয়াছে আমার আমিত্ব, অহঙ্কার, ছোট-আমি। প্রেমাভিসারে যে চলে, সে কি কাহারও সম্মুখে প্রিয়ের সহিত মিলিত হইতে পারে? আমার লজ্জা বোধ হইতেছে, কিন্তু আমার ছোট-আমি তো ছোট লোক, সে ইহাতে লজ্জা অনুভব করে না, সঙ্গও ছাড়ে না, সে আমাদের মিলনে কেবল বাধা হইয়াই থাকে।

তুলনীয়—

পীতম বুলাওত অনহর-কী পার-সে,
কৌন বেশরম আজ তের সাথ জাঈ।—কবীর।

প্রিয়তম ডাকিতেছেন অন্ধকারের পার হইতে, এমন কে নির্লজ্জ আছে যে এই অভিসারের সঙ্গী হইবে?

ভারততীর্থ

১০৭ নম্বর কবিতা

(রচনার তারিখ ১৮ই আষাঢ়, ১৩১৭)

কবির কাছে তাঁহার স্বদেশ বিশ্বদেবের প্রতিমূর্তি, কাজেই এই স্বদেশ বিশ্বেশ্বরের মন্দির, তীর্থস্থান, বিশ্বমানবের মিলন-ক্ষেত্র, জগন্নাথ-ক্ষেত্র। কেহ বিদেশী বা বিধর্মী বলিয়া কবির কাছে অবহেলিত বা অনাদৃত নহে, তাঁহার কাছে কেহ অন্ত্যজ অস্পৃশ্য ম্লেচ্ছ নহে।

তুলনীয়—

তোমার লাগিয়া কারেও হে প্রভু,
পথ ছেড়ে দিতে বলিব না কভু,
যত প্রেম আছে সব প্রেম মোরে
তোমা পানে র'বে টানিতে।

সকলের প্রেমে র'বে তব প্রেম
আমার হৃদয়খানিতে।
সবার সহিতে তোমার বাঁধন
হেরি যেন সদা—এ মোর সাধন,
সবার সঙ্গে পারি যেন মনে
তব আরাধনা আনিতে।
সবার মিলনে তোমার মিলন
জাগিবে হৃদয়খানিতে॥
—নৈবেদ্য।

নূতন নাটিকা চণ্ডালিকা দ্রষ্টব্য। এবং তুলনীয়—

Better pursue a pilgrimage
Through ancient and through modern times
To many peoples, various climes,
Where I may see saint, savage, sage,
Fuse their respective creeds in one
Before the general Father's throne!
—Robert Browning, *Christmas Eve.*

Passage to India!
Lo, soul, seest thou not God's purpose from the first?
The earth to be spann'd, connected by net-work,
The races, neighbors, to marry and be given in marriage,
The oceans to be cross'd, the distant brought near,
The lands to be welded together.
—Whitman, *Passage to India.*

অপমান

১০৯ নম্বর কবিতা

(রচনার তারিখ ২০ আষাঢ়, ১৩১৭)

জাতিভেদের দ্বারা, স্ত্রীলোকদের প্রতি অবজ্ঞার দ্বারা ভারতবর্ষ বহু বর্ষ ধরিয়া যে পাপ সঞ্চয় করিয়াছে, তাহারই ফলে আজ সে বিশ্বসভায় নিজে অস্পৃশ্য অন্ত্যজ অপাঙ্‌ক্তেয় হইয়া পড়িয়াছে—এই কথা কবি বহু স্থানে বারংবার বলিয়াছেন। মানুষকে অপমান করার পাপে ভারতবর্ষ ভগবানের ন্যায়-বিচারে অপমান-রূপ শাস্তিই প্রতিফল-স্বরূপে প্রাপ্ত হইতেছে। কিন্তু ভগবান্ পতিতপাবন, তিনি কাহাকেও হীন পতিত বলিয়া অবহেলা করেন না।

তুলনীয়—

You cannot do wrong without suffering wrong ;. ..The exclusionist does not see that he shuts out the door of heaven on himself, in striving to shut out others.

—Emerson, *Essay on Compensation.*

জ্ঞানের অগম্য তুমি প্রেমেতে ভিখারী, প্রভু প্রেমের ভিখারী !
সে যে এসেছে এসেছে কাঙালের সভার মাঝে এসেছে এসেছে !
কোথা রইল ছত্র দণ্ড, কোথা সিংহাসন,
কাঙালের সভার মাঝে পেতেছে আসন।
কোথা রইল ছত্র দণ্ড ধুলাতে লুটায়,
পাতকীর চরণ রেণু উড়ে পড়ে গায়।
পতিতের চরণ-রেণু শোভে তোমার গায়।
জ্ঞানের অগম্য, প্রেমে দাসের অনুদাস,
সবার চরণতলে প্রভু তোমার বাস।

—বাউল।

১২০ নম্বর গান

ভজন পূজন সাধন আরাধনা সমস্ত থাক প'ড়ে।

মন্দিরের মধ্যে সমস্ত মানব-সমাজ হইতে বিচ্ছিন্ন হইয়া যে আরাধনা তাহা তো জগন্নাথের আরাধনা নহে, জগতের একটি প্রাণীকে যে ঘৃণা করিয়া দূরে সরাইয়া রাখে, তাহার প্রণাম তো বিশ্বেশ্বরের পায়ে গিয়া পৌঁছায় না, কারণ

যেথায় থাকে সবার অধম দীনের হ'তে দীন
সেইখানে যে চরণ তোমার রাজে—
সবার পিছে, সবার নীচে,
সবহারাদের মাঝে।
যখন তোমায় প্রণাম করি আমি,
প্রণাম আমার কোন্‌খানে যায় থামি,
তোমার চরণ যেথায় নামে অপমানের তলে
সেথায় আমার প্রণাম নামে না যে,
সবার পিছে সবার নীচে'
সবহারাদের মাঝে।

—১০৮ নম্বর গান।

সমস্তকে স্বীকার করিলেই তবে অনন্ত অসীম পরমেশ্বরের সম্যক ও সমগ্র উপলব্ধি হইবে, কিছুকে ত্যাগ করিয়া মুক্তি নাই, স্বয়ং ভগবান বলিয়া ফিরিতেছেন—

জগতে দরিদ্ররূপে ফিরি দয়া তরে।
গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে॥

—চৈতালি।

---

১২১ নম্বর গান

সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর।

ভূমা এক দিকে বিশ্বাতীত, অন্য দিকে বিশ্বময়; এক দিকে নির্গুণ নেতিবাচক, অপর দিকে সগুণ; তিনি এক হইয়াও বহুত্বপূর্ণ জগতের আধার। একই আপনাকে বহুরূপে বিভক্ত করিয়া বহুর মধ্যে অনুস্যূত থাকিয়া বহুকে একসূত্রে ধারণ করিয়া আছেন—সূত্রে মণিগণা ইব। এই অনন্তের সুর সান্তের মধ্যে বাজে বলিয়া আমরা অনুভব করিতে পারি যে আমরা বদ্ধ জীব নই, আমাদেরও মুক্তি আছে, আমরা অমৃতস্য পুত্রাঃ অ-মৃত। এই বৃহত্তর আনন্দের দিকটা যাঁহাদের জীবনে যত বেশি প্রকাশ পাইয়াছে তাঁহার মানবজন্ম তত বেশি সার্থক হইয়াছে। আমাদের কবি ঋষি তাঁহার জীবনে এই সার্থকতা লাভ করিয়াছেন।

১২২ নম্বর গান

তাই তোমার আনন্দ আমার 'পর।

ভাগ্যে জীব নিজেকে ঈশ্বর হইতে স্বতন্ত্র সত্তা মনে করে, তাই তো উভয়ের বিরহ-মিলন এত আনন্দ। নহিলে ঈশ্বরের আপনাতে আপনি থাকাতেই বা কি আনন্দ, আর আমাদেরই বা ব্রহ্মনির্বাণে কি আনন্দ? এইজন্য বৈষ্ণব সাধকেরা বলিয়াছেন

মুক্তি শব্দ কহিতে মনে হয় ঘৃণা ত্রাস।
ভক্তি শব্দ কহিতে মনে হয় উল্লাস॥

—চৈতন্যচরিতামৃত, মধ্যলীলা, ৬ষ্ঠ পরিচ্ছেদ।

১২৬ নম্বর গান

আমার এ গান ছেড়েছে তার সকল অলঙ্কার।

কবি পূর্ব্বের অলঙ্কারবহুল ভাষা ত্যাগ করিয়া এখন সহজ সরল ভাষায় প্রাণের আকৃতি ব্যক্ত করিতেছেন। নৈবেদ্য পর্য্যন্ত কবির ভাষা ছিল অলঙ্কার-ভূয়িষ্ঠা। পদের রচনার প্রসাদগুণই হইয়াছে অলঙ্কার।

১৩১ নম্বর গান

আমার মাঝে তোমার লীলা হবে।

ভগবান্ নিজের সৃষ্টিতে, নিজের সৃষ্ট জীবে নিজেকে উপলব্ধি করেন। কবি যেন পরমচৈতন্যময়ের চেতনায় অনুপ্রাণিত হইতে পারেন, অথবা সেই চৈতন্যই হইয়া উঠিতে পারেন, এই প্রার্থনা নিরন্তর করিয়াছেন। এই ভাবের দ্বারা তাঁহার অনেক শ্রেষ্ঠ কবিতা ও গান অনুপ্রাণিত। কবি মায়ার আবরণ ভেদ করিয়া জ্ঞানের মর্ম্মস্থলে প্রবেশ করিয়াছেন।

১৩৩ নম্বর গান

গান দিয়ে যে তোমায় খুঁজি।

আমাদের কবি কেবল কবি নহেন, তিনি গানের রাজা। তিনি গানের অঞ্জলি দিয়া প্রিয়তমের পূজা করেন। যখন মানুষের ভাব গভীর হয় তখন আর গদ্যে তাহা কুলায় না, তখন সে পদ্যের আশ্রয় লয়; সেই ভাব আরও গাঢ় ও গূঢ় হইলে তখন আর কবিতাতেও কুলায় না, তখন সে গানের সুরের আশ্রয় গ্রহণ করে। তাই কবি অন্যত্র বলিয়াছেন।

মন দিয়ে যে নাগাল নাহি পাই,
গান দিয়ে তাই চরণ ছুঁয়ে যাই,
সুরের ঘোরে আপনাকে যাই ভুলে,
বন্ধু ব'লে ডাকি মোর প্রভুকে।

১৩৪ নম্বর গান

তোমার খোঁজা শেষ হবে না মোর।

কারণ, তুমি অনন্ত, আর আমার জীবনযাত্রাও অনন্ত। আমি অনন্তপথযাত্রী।

১৩৫ নম্বর গান

যেন শেষ গানে মোর সব রাগিণী পূরে।

ফরাসী কবি পাস্কাল তাঁহার মিস্তেয়ার দ্য জেসুস কবিতায় যে ব্যাকুল স্পন্দনের কথা বলিয়াছেন, কবি বিশ্বপ্রাণের সেই স্পন্দন অনুভব করিতে চাহিতেছেন, ইহা কেবল আনন্দের স্পন্দন। বিশ্বপ্রাণের অনুভূতি এবং সেই প্রাণের সঙ্গে যুক্ত হওয়ার অনুভূতি হইতে এই আনন্দ স্বতঃই উৎপন্ন হয়। তুলনীয়—

এ আমার শরীরের শিরায় শিরায়
যে-প্রাণতরঙ্গমালা রাত্রিদিন ধায়,
সেই প্রাণ ছুটিয়াছে বিশ্ব-দিগ্‌বিজয়ে,
সেই প্রাণ অপরূপ ছন্দে তালে লয়ে
নাচিছে ভুবনে ;......
* * *
সেই যুগ-যুগান্তের বিরাট্ স্পন্দন
আমার নাড়ীতে আজি করিছে নর্তন।—নৈবেদ্য।

১৩৮ নম্বর গান

আমার চিত্ত তোমায় নিত্য হবে, সত্য হবে।

সত্য কালত্রয়াবাধিত ভূত-ভবিষ্যৎ বর্তমানে অপরিবর্তিত, আবার সত্য সচল সক্রিয়। এই সত্যে আত্মপ্রতিষ্ঠ হওয়ার সাধনাই সকল মনস্বী করিয়া থাকেন।

১৪২ নম্বর গান

মনকে আমার কায়াকে

কবি নিজের ক্ষুদ্র-আমিকে বিসর্জন দিয়া মায়ার পারে যাইতে চাহিতেছেন। এই যে আমি নিজেকে তাঁহা হইতে পৃথক্ ভাবি ইহাই তো মায়া। ইহা যদি হয়, তবে

তুমি আমার অনুভাবে
কোথাও নাহি বাধা পাবে,
পূর্ণ একা দেবে দেখা।
সরিয়ে দিয়ে মায়াকে,
মনকে, আমার কায়াকে।

১৪৪ নম্বর গান

নামটা যেদিন ঘুচ্‌বে নাথ।

কবি নিজের অহঙ্কারের ক্ষুদ্রতার গণ্ডী হইতে, আপন মন-গড়া সঙ্কীর্ণতা হইতে মুক্তি প্রার্থনা করিতেছেন। উপাধি, খ্যাতি, বংশ-মর্য্যাদা ইত্যাদি সমস্তই মানুষের সঙ্গে মানুষের এবং মানুষের সঙ্গে ভগবানের মিলনের বাধা।

১৪৭ নম্বর গান

জীবনে যত পূজা হলো না সারা।

কবির চক্ষে সকল অসম্পূর্ণতাই পূর্ণতারই অগ্রদূত, বিফলতার সোপান দিয়াই সফলতায় উপনীত হওয়া যায়।

১৫৬ নম্বর গান

শেষের মধ্যে অশেষ আছে।

মৃত্যু যদি সকলের শেষ হয় তবে মৃত্যু ভয়ঙ্কর। কিন্তু আমাদের তো অধিষ্ঠান ভূমার মধ্যে—সেই ভূমা তো সত্য শাশ্বত অমৃত। তাই জীবন-মরণ একই জীবন-প্রবাহের অবস্থান্তর মাত্র, মৃত্যু জীবনের সম্পূর্ণতা-লাভের সোপান

বা যায়। এই সীমাবদ্ধ জীবনে যাহা কিছু অপ্রাপ্ত থাকিয়া যায়, মরণের পরে যে অনন্ত জীবন আসে সেখানে সকল অভাবের সম্পূরণ হয়। জীবনের সকল দ্বন্দ্ব বিরোধ গ্লানি ও অসম্পূর্ণতা মরণের পূতধারায় ধৌত হইয়া যায়—তাহার পরে অনন্ত জীবন, অনন্ত শান্তি, অনন্ত আনন্দ!

তুলনীয়—পূরবী কাব্যে 'শেষ' কবিতা।

দ্রষ্টব্য—কাব্যপরিক্রমা—অজিতকুমার চক্রবর্তী। গীতাঞ্জলির বৈষ্ণবভাব—বঙ্কিমচন্দ্র দাস, সুবর্ণবণিক সমাচার, আষাঢ় ১৩৩৫। গীতাঞ্জলি—নবেন্দু বসু, বিচিত্রা, পৌষ ১৩৩৫।

রাজা

যে রূপক নাট্যের আরম্ভ হইয়াছিল শারদোৎসবে, তাহারই পর্যায়ভুক্ত এই রাজা নাটক। ইহা ১৯১০ সালের পৌষ মাসে প্রকাশিত হয়। ইহা বাংলা ১৩১৭ সাল। ১৩২৬ সালের মাঘ মাসে এই নাটককে অভিনয়যোগ্য সংক্ষিপ্ত ও পরিবর্তিত করিয়া কবি আর-একটি নাটিকা প্রকাশ করেন অরূপ রতন। সেই অরূপ রতন নাটিকার ভূমিকায় কবি স্বয়ং এই নাটকদ্বয়ের মর্মকথা বিবৃত করিয়াছেন—

"সুদর্শনা রাজাকে বাহিরে খুঁজিয়াছিল। যেখানে বস্তুকে চোখে দেখা যায়, হাতে ছোঁওয়া যায়, ভাণ্ডারে সঞ্চয় করা যায়, যেখানে ধন জন খ্যাতি, সেইখানে সে বরমাল্য পাঠাইয়াছিল। বুদ্ধির অভিমানে সে নিশ্চয় স্থির করিয়াছিল যে, বুদ্ধির জোরে সে বাহিরেই জীবনের সার্থকতা লাভ করিবে। তাহার সঙ্গিনী সুরঙ্গমা তাহাকে নিষেধ করিয়াছিল। বলিয়াছিল, অন্তরের নিভৃত কক্ষে যেখানে প্রভু স্বয়ং আসিয়া আহ্বান করেন সেখানে তাঁহাকে চিনিয়া লইলে তবেই বাহিরে সর্বত্র তাঁহাকে চিনিয়া লইতে ভুল হইবে না, নহিলে যাহারা মায়ার দ্বারা চোখ ভোলায় তাহাদিগকে রাজা বলিয়া ভুল হইবে। সুদর্শনা এ কথা মানিল না। সে সুবর্ণের রূপ দেখিয়া তাহার কাছে মনে মনে আত্মসমর্পণ করিল। তখন কেমন করিয়া তাহার চারিদিকে আগুন লাগিল, অন্তরের রাজাকে ছাড়িতেই কেমন করিয়া তাহাকে লইয়া বাহিরের নানা মিথ্যা রাজার দলে লড়াই বাধিয়া গেল,—সেই অগ্নিদাহের ভিতর দিয়া কেমন করিয়া আপন রাজার সহিত তাহার পরিচয় ঘটিল, কেমন করিয়া দুঃখের আঘাতে তাহার অভিমান ক্ষয় হইল এবং অবশেষে কেমন করিয়া হার মানিয়া প্রাসাদ ছাড়িয়া পথে দাঁড়াইয়া তবে সে তাহার সেই প্রভুর সঙ্গ লাভ করিল, যে-প্রভু কোনো বিশেষ রূপে, বিশেষ স্থানে, বিশেষ দ্রব্যে নাই, যে-প্রভু সকল দেশে, সকল কালে, আপন অন্তরের আনন্দরসে যাঁহাকে উপলব্ধি করা যায়,—এ নাটকে তাহাই বর্ণিত হইয়াছে।"

কবি অন্যত্র বলিয়াছেন—

—"রাজা নাটকে সুদর্শনা আপন অরূপ রাজাকে দেখতে চাইলে, রূপের মোহে মুগ্ধ হ'য়ে ভুল রাজার গলায় দিলে মালা, তার পরে সেই ভুলের মধ্য দিয়ে পাপের মধ্য দিয়ে যে-অগ্নিদাহ ঘটালে, যে বিষম যুদ্ধ বাধিয়ে দিলে, অন্তরে বাহিরে যে ঘোর অশান্তি জাগিয়ে তুললে, তাতেই তো তাকে সত্য মিলনে পৌঁছিয়ে দিলে। প্রলয়ের মধ্যে দিয়ে সৃষ্টির পথ। ......আমাদের আত্মা যা সৃষ্টি করছে তাতে পদে পদে ব্যথা। কিন্তু তাকে যদি ব্যথাই বলি তবে শেষ কথা বলা হলো না, সেই ব্যথাতেই সৌন্দর্য, তাতেই আনন্দ।"

—আমার ধর্ম, প্রবাসী, ১৩২৪ পৌষ, ২৯৭ পৃষ্ঠা।

কবি অন্যত্র বলিয়াছেন—

সুদর্শনা অন্ধকার ঘরের রাজাকে প্রথমে চিনিতে পারেন নাই, কিন্তু তাঁহাকে চিনিয়াছিলেন সুরঙ্গমা আর ঠাকুরদাদা। "আপনার অভিজ্ঞতার ভিতরে ভগবানকে না পাইলে কি আর পাওয়া!' পড়িয়া তো আছে শাস্ত্রের রাজপথ। কিন্তু 'অন্ধকারের স্বামী' চাহেন না আমরা সেই মজুর-খাটা, সরকারী পথ ধরিয়া তাঁহার মন্দিরে যাই। শাস্ত্রের আলোকে তিনি বিশেষ করিয়া আমারই নহেন, সেখানে তিনি সরকারী। এই অন্ধকার কক্ষে তিনি আমার চেষ্টার দ্বারা, সাধনার দ্বারা, প্রেম-নিয়ন্ত্রিত সেবার দ্বারা বিশেষ করিয়া ব্যক্তি বিশেষের।.........অন্ধকারের সাধনা যাঁহার সম্পূর্ণ হইয়াছে তিনি রাজাকে সব স্থানেই দেখিয়া থাকেন—ভুল তাঁহার হয় না। ঠাকুরদাদা এই সাধনায় উত্তীর্ণ হইয়াছেন, রাজাকে ভুল করিবার সম্ভাবনা তাঁহার নাই। সুরঙ্গমার পক্ষেও সেই কথা।"

"এই নাটকখানির একদিকে অন্ধকার-গৃহচারিণী রাণী, অন্যদিকে বসন্তের উৎসবে উন্মত্ত বহু জনাকীর্ণা নগরী। কবি নাটকটিকে চিত্তাকর্ষক করিতে একটি নাটকীয় দ্বন্দ্বের dramatic contrast-এর সাহায্য লইয়াছেন। নাটকে এই রকম দৃশ্যগত দ্বন্দ্ব রচনা রবীন্দ্রনাথের একটি বিশেষত্ব। 'ডাকঘরে' দেখিতে পাই পথপার্শ্বে বাতায়নে একাকী রুগ্ণ বালক অমল, সম্মুখের পথে স্ফীতকায় সংসার তাহার মোড়ল দইওয়ালা পাহারাওয়ালা ফকির ও ঠাকুরদার দল লইয়া ছুটিয়াছে। শারদোৎসবে বেতসিনীতীরচারী বালক উপনন্দ ঋণশোধে ব্যস্ত; অন্যত্র ছুটির আনন্দে বালকের দল, ঠাকুরদাদা, লক্ষেশ্বর ও সম্রাট্ বিজয়াদিত্য। রক্তকরবীতেও একই দৃশ্য। রুদ্ধ ধনভাণ্ডারের দেওয়ালের বহু ঊর্ধ্বে ছোট্ট একটি বাতায়নের মতো এই স্বর্ণ-সন্ধানী যক্ষপুরীর বুকের উপরে রঞ্জনের ভালোবাসার কাজল-পরা নন্দিনী। এখানেও সেই একই পালা। অন্ধকার ঘরে সুদর্শনা। এই কক্ষটিতে রাজাকে তাঁহার উপলব্ধি করিতে হইবে প্রথমে; তার পরেই না তাঁহার সাক্ষাৎ ঘটিবে বাহিরের আলোকে।"—রবীন্দ্রনাথের রাজা নাটকের আলোচনা, শান্তি-নিকেতন, ১৩৩২ শ্রাবণ।

রাণী সুদর্শনা ভুল করিয়া সুবর্ণের রূপে ভুলিয়াছিলেন বলিয়া অপমানে অভিমানে রাজাকে ত্যাগ করিয়া পিত্রালয়ে চলিয়া গিয়াছিলেন। তাঁহাকে অধিকার করিবার জন্য সাত রাজায় মারামারি কাড়াকাড়ি পড়িয়া গেল। রাজা ইহাতে খুশী হইলেন। তিনি বুঝিলেন যে এইবার এই আঘাতে সুদর্শনার ভ্রম ঘুচিবে। ছয়টা রাজা অন্ধকারের আসল রাজার কাছে দণ্ড পাইল, কিন্তু পুরস্কার পাইল কাঞ্চীরাজ—যে হারিয়াও হারে নাই, বারে বারে

বীরের মতো রাজাকে আঘাত করিয়াছে। সত্যকে স্বীকার করো, অথবা আঘাত করো—মাঝামাঝি অন্য কোনো পন্থা নাই।

"রাণী ভুল করিয়াছেন—কিন্তু তাঁহার মুক্তির উপায় তাঁহার নিজের মধ্যেই ছিল। সুবর্ণকে তিনি ভালোবাসিয়াছিলেন—সুন্দর বলিয়াই। সুন্দরের প্রতি আসক্তিতেই তাঁহার রক্ষার বীজমন্ত্র। তিনি যখনই জানিতে পারিলেন এ সৌন্দর্য প্রকৃত নহে—ইহার সহিত সত্যের যোগ নাই, তখন তিনি বিস্মিত হইয়া বলিলেন—'ভীরু! ভীরু! অমন মনোমোহন রূপ—তার ভিতরে মানুষ নেই! এমন অপদার্থের জন্যে নিজেকে এত বড় বঞ্চনা করেছি!' কিন্তু বঞ্চিত যাহা হইয়াছে তাহা রাণীর চোখ, হৃদয় নহে।......এতদিনে রাণীর ভুল ভাঙিল, চোখের উপর বিশ্বাস টুটিল, চোখে যাহা সুন্দর লাগে তাহার চেয়ে গভীরতর সৌন্দর্যের জন্য আকাঙ্ক্ষা জাগিল—তাঁহার অন্ধকার ঘরের সাধনা পূর্ণ হইল। এইবার তিনি অন্ধকার ঘরের স্বামীকে আলোকের প্রাসাদে পূজা দিতে পথের ধূলায় বাহির হইলেন।"—রাজা নাটকের আলোচনা।

রাজাকে পাইতে হইলে সকল অহঙ্কার ও অভিমান ত্যাগ করিয়া দীনবেশে পথের ধূলায় নামিতে হইবে—বিলাসে আরামে তাঁহাকে লাভ করা যায় না। তাঁহাকে তপস্যার দ্বারা দুঃখের দ্বারা জয় করিয়া পাইতে হইবে। যিনি "আঁধার ঘরের রাজা" তিনিই যে "দুঃখরাতের রাজা" (খেয়া, আগমন)।

"রবীন্দ্রনাথের অন্যান্য নাটকের মতো এখানিও ভাবপ্রধান নাটক—ঘটনাপ্রধান নহে। প্রধানতঃ ইহার মধ্যে যে সংঘর্ষ তাহা ঘটনাকে আশ্রয় করিয়া নহে—নায়ক-নায়িকার চিন্তাকে আশ্রয় করিয়া। সংস্কৃত ভাষায় নাটককে দৃশ্য-কাব্য বলে। কিন্তু এই জাতীয় নাটকে কাব্যের অনেকটাই অদৃশ্য রহিয়া যায়। সবটা দেখিতে হইলে দৃষ্টির সহিত কল্পনার সাহায্য আবশ্যক। সুতরাং এই শ্রেণীর নাটককে কল্পদৃশ্যকাব্য বলিলে অন্যায় হয় না।"—রাজা নাটকের আলোচনা।

"'রাজা' নাটক রবীন্দ্রনাথের 'গীতাঞ্জলি' ও 'গীতিমাল্যের' মাঝখানে লিখিত; সুতরাং যে অধ্যাত্ম-আকূতি ও আকাঙ্ক্ষা আমরা এই যুগের কাব্যের মধ্যে পাই, 'রাজা'র তাহাই রূপ পাইয়াছে নাটকীয় ভাবে রূপকের মধ্যে, যেমন 'নৈবেদ্য ও গীতাঞ্জলি'র মধ্যে পাইয়াছিলাম 'খেয়া'র রূপক কাব্য। 'রাজা'কে আমরা lyrical drama বলিব, অর্থাৎ ইহার বিষয়টি বাহিরের ঘটনার দ্বারা ভারাক্রান্ত নহে; উহা অন্তরের আশা-আকাঙ্ক্ষার বিচিত্র অনুভূতির রূপ। সেইজন্য আমরা ইহাকে রূপক-নাট্য বলিব না, ইহাকে lyrical নাট্য বলিব।"—কাব্যপরিক্রমা, ২য় সংস্করণ।

রাজা নাটকের নাট্যবস্তুটি একটি বৌদ্ধ গল্প হইতে লওয়া, কিন্তু কবির হাতে পড়িয়া তাহা রূপান্তরিত হইয়া গিয়াছে।

এই 'রাজা' নাটকের পারিপার্শ্বিক দৃশ্যে বসন্ত ঋতুর আবির্ভাবকেই কবি আবাহন করিয়াছেন। শারদোৎসবের ন্যায় ইহাও একখানি ঋতু-উৎসবের নাটক।

দ্রষ্টব্য—*God The Invisible King*—H. G. Wells (1917).

আমার ধর্ম—রবীন্দ্রনাথ ঠাকুর, প্রবাসী ১৩২৪ পৌষ, ২৯৭ পৃষ্ঠা। কাব্যপরিক্রমা—অজিতকুমার চক্রবর্তী, দ্বিতীয় সংস্করণ। রূপকনাট্যের ভূমিকা—নীহাররঞ্জন রায়, ভারতবর্ষ ১৩৩৬ শ্রাবণ। অচলায়তন, অরূপরতন, ফাল্গুনী—সুধাময়ী দেবী, জয়শ্রী, ১৩৩৮ বৈশাখ।

অচলায়তন

ইহা নাটক। ইহা ১৩১৮ সালের আশ্বিন মাসের প্রবাসী পত্রে সমগ্র ছাপা হয়। উৎসর্গের মধ্যে তারিখ ছিল ১৫ই আষাঢ় ১৩১৮। ইহা নাটক-রচনা শেষ হওয়ার তারিখ অনুমান করা যাইতে পারে। শিলাইদহে লেখা। ইহার পরে কবি প্রশান্তচন্দ্র মহলানবিশের কর্নওয়ালিস ষ্ট্রীটের বাড়ীর ছাদে পাঠ করিয়া আমাদের শোনান।

১৩২৪ সালের ফাল্গুন মাসে এই নাটককে সংক্ষিপ্ত করিয়া অভিনয়োপযোগী এক সংস্করণ প্রকাশ করেন, তাহার নাম রাখেন গুরু। প্রথমে যেদিন অচলায়তন নাটক পাঠ করেন, সেদিনই উহার নাম গুরু রাখিবার ইচ্ছা কবি প্রকাশ করিয়াছিলেন, কিন্তু আমরা অচলায়তন নামটিকেই অধিক সমর্থন করাতে তাহাই বহাল থাকিয়াছিল। এখন এই অচলায়তন শব্দটি বাংলা ভাষায় একটি বিশেষ গূঢ়ার্থক মূল্যবান্ শব্দ হইয়া উঠিয়াছে!

এই নাটকের ব্যাখ্যা কবি স্বয়ং এইরূপ দিয়াছেন—

"যে-বোধে আমাদের আত্মা আপনাকে জানে সে-বোধের অভ্যুদয় হয় বিরোধ অতিক্রম ক'রে আমাদের অভ্যাসের এবং আরামের প্রাচীরকে ভেঙে ফেলে। যে-বোধে আমাদের মুক্তি, দুর্গং পথস্ তৎ কবয়ো বদন্তি—দুঃখের দুর্গম পথ দিয়ে সে তার জয়ভেরী বাজিয়ে আসে—আতঙ্কে সে দিগ্‌দিগন্ত কাঁপিয়ে তোলে, তাকে শত্রু ব'লেই মনে করি—তার সঙ্গে লড়াই ক'রে তবে তাকে স্বীকার করতে হয়, কেননা নায়মাত্মা বলহীনেন লভ্যঃ। অচলায়তনে এই কথাটাই আছে।

আমি তো মনে করি আজ য়ুরোপে যে-যুদ্ধ বেধেছে সে ঐ গুরু এসেছেন ব'লে। তাঁকে অনেক দিনের টাকার প্রাচীর, মানের প্রাচীর, অহঙ্কারের প্রাচীর ভাঙ্‌তে হচ্ছে। তিনি আস্‌বেন ব'লে কেউ প্রস্তুত ছিল না, কিন্তু তিনি যে সমারোহ ক'রে আস্‌বেন তার জন্যে আয়োজন অনেক দিন থেকে চল্‌ছিল। য়ুরোপের সুদর্শনা যে মেকি রাজা সুবর্ণের রূপ দেখে তাকেই আপন স্বামী ব'লে ভুল করেছিল—তাই তো হঠাৎ আগুন জ্বল্‌ল, তাই তো সাত রাজার লড়াই বেধে গেল,—তাই তো যে ছিল রাণী তাকে রথ ছেড়ে, আপন সম্পদ ছেড়ে পথের ধূলোর উপর দিয়ে হেঁটে মিলনের পথে অভিসারে যেতে হচ্ছে। এই কথাটাই গীতালির একটি গানে আছে—

এক হাতে ওর কৃপাণ আছে,
আরেক হাতে হার,
ও যে ভেঙেচে তোর দ্বার।"

—আমার ধর্ম, প্রবাসী, ১৩২৪ পৌষ, ২৯৭ পৃষ্ঠা।

জগৎ সচল। এই সচলতার মধ্যে যে বা যাহা অচল হইয়া থাকিতে চায়, তাহাই একদিন অকস্মাৎ গুরুর আগমনে ভাঙিয়া ধূলিসাৎ হয়, এবং তখন অনড়কে বাধ্য হইয়া নড়িতে হয়। আমাদের ভারতবর্ষ একটি প্রকাণ্ড অচলায়তন, একজটা দেবীর কাল্পনিক ভয়ে, হাঁচি টিকটিকি পাঁজি পুঁথি গুরু পুরোহিত শাস্ত্র ইত্যাদি কত কিছুর নিষেধে সে হাজার বৎসর ঘরের দুয়ারই খুলে নাই। তাই মহাগুরু আসিয়াছেন দ্বার ভাঙিয়া মুসলমান আক্রমণের ভিতর দিয়া। তাহাতেও চৈতন্য হয় নাই, তাহার পরে আসিয়াছেন নানা ইউরোপীয় জাতির আক্রমণের ভিতর দিয়া। এখনো কি চৈতন্য হইয়াছে? এই পাষাণপ্রাচীর যে ভাঙিয়াও ভাঙিতে চায় না। তবে 'খাঁচাখানা দুল্‌ছে মৃদু হাওয়ায়'। হয়তো পিঞ্জরের বিহঙ্গ একদিন মুক্ত আকাশপ্রাঙ্গণে ডানা মেলিয়া উড়িবে। তখন সে নিষেধকে নিজে যাচাই করিয়া দেখিয়া মানা বা না-মানা স্থির করিবে।

শারদোৎসবের ন্যায় অচলায়তনে কোনো স্ত্রীলোকের ভূমিকা নাই।

এই নাটকের কথাবস্তুর পরিচয়-প্রসঙ্গে প্রভাতকুমার মুখোপাধ্যায় লিখিয়াছেন—

"উপাখ্যানটির মধ্যে পঞ্চক ও মহাপঞ্চক দুইটি বিরুদ্ধ শক্তি—ইহারা পরস্পরের সহোদর ভ্রাতা, সুতরাং সম্বন্ধ ঘনিষ্ঠ। অথচ একজন বিদ্রোহের প্রতিমূর্তি, অপর জন মূর্তিমান নিষ্ঠা; পঞ্চক যাহা কিছু আচার, যাহা কিছু প্রাচীন প্রথা যাহা কিছু নিষেধ তাহাকেই আঘাত করিবার জন্য উদগ্রভাবে ব্যস্ত। তাহারই জ্যেষ্ঠ মহাপঞ্চক নিষ্ঠায় নিষ্ঠুর, আয়তনের সকল প্রাচীন প্রথায় তাহার অচলা ভক্তি। মোটকথা, নিষ্ঠা ও নিষ্ক্রমণের মধ্যে বিরোধ বাধিয়াছে। কিন্তু কবি এই বিরোধকেই চরম বলিয়া স্বীকার করিলেন না। গুরু আসিলেন, অচলায়তনের প্রাচীর ধ্বংস হইল, বাহিরের আকাশ দৃশ্যমান হইল, বাহিরের বাতাস আয়তনের প্রাঙ্গণে বহিল। অস্পৃশ্য দর্ভক শোণপাংশু সকলে আসিল। মনে হইল পঞ্চকের জয়, বিদ্রোহেরই জয়। কিন্তু মহাপঞ্চকের নিষ্ঠাকে কেহ অশ্রদ্ধা করিতে পারেন না। সেই বিধ্বস্ত আয়তনেই নূতন করিয়া সাধনার আয়োজন হইল, নিষ্ঠার মধ্যেই সত্যের রশ্মি আছে। চঞ্চলতাই জীবনের একমাত্র লক্ষণ নহে, চঞ্চল বিদ্রোহ সমাহিত হইলে সত্যকে অন্তরে পাইবার অবসর হয়।

"রবীন্দ্রনাথের এই সময়ের মনের মধ্যে যে কথাটি বিশেষ ভাবে জাগিতেছিল তাহারই রূপ পাই এই নাটকে। ধর্ম ও সমাজ-বিষয়ে রবীন্দ্রনাথ বিদ্রোহী; তিনি চিরদিনই হিন্দুসমাজের জীর্ণ সংস্কার ও মলিন আচারকে আঘাত করিয়াছেন। কিন্তু সাময়িক হিন্দু-ব্রাহ্ম বিতর্কে তিনি নিজেকে হিন্দু বলিয়া হিন্দুজাতির সংস্কৃতির মূল আদর্শকেই সর্বোচ্চ স্থান দিলেন। তিনি ব্রাহ্ম-বটে, তবে তিনি হিন্দুও। তিনি একাধারে পঞ্চকের বিদ্রোহ ও মহাপঞ্চকের নিষ্ঠা। হিন্দু সমাজের অচলায়তনের প্রাচীর ভাঙিলে যখন সর্ব জাতি সব মানব সেখানে প্রবেশাধিকার লাভ করিবে, সেই দিনই হিন্দু সার্থক। রবীন্দ্রনাথ সেই হিন্দুত্বকে বিশ্বাস করেন যাহা প্রগতিকে স্বীকার করে ও সংস্থিতিকেও ত্যাগ করে না। এই সময়ের এই দ্বন্দ্ব তাঁহার অবচেতন মনে এই নাটকীয় রূপ লইয়াছিল।"

—রবীন্দ্র-জীবনী, ৪৯৬-৪৯৭ পৃষ্ঠা।

দ্রষ্টব্য—অচলায়তন, অরূপ-রতন, ফাল্গুনী—সুধাময়ী দেবী, জয়শ্রী, ১৩৩৮ বৈশাখ। রূপক-নাট্যের ভূমিকা—নীহাররঞ্জন রায়, ভারতবর্ষ, শ্রাবণ ১৩৩৬। গুরু—সন্তোষচন্দ্র মজুমদার সবুজপত্র, ১৩২৫ বৈশাখ, ৩১ পৃষ্ঠা; অচলায়তন—সুরেশচন্দ্র চক্রবর্তী, সবুজপত্র, ১৩২৪ ভাদ্র, ৩০০ পৃষ্ঠা; পঞ্চক—সুরেশচন্দ্র চক্রবর্তী, সবুজপত্র, ১৩২৪ অগ্রহায়ণ, ৪৮২ পৃষ্ঠা।

ডাকঘর

নাটিকা। ১৯১২ সালের মার্চ মাসে, ১৩১৮ সালে প্রকাশিত হয়। ইহা তিন দিনে লেখা, শান্তিনিকেতনে কবির জোড়াসাঁকোর বাড়ীতে ইহার অভিনয় হয়। এই অভিনয় দেখিতে মহাত্মা গান্ধী, লোকমান্য টিলক, মাননীয় মালবীয়জী, খাপাড়দে, লাজপৎ রায় প্রভৃতি বহু দেশ-সেবক সমবেত হইয়াছিলেন। অভিনয় অসাধারণ সুন্দর হইয়াছিল। এই সময়ে কবি 'জনগণমন-অধিনায়ক জয় হে' গানটি রচনা করেন। সেই গান শুনিয়া মালবীয়জী বারংবার বলিয়াছিলেন—ঠিক হ্যায়, ঠিক হ্যায়, হম্‌লোক ছায়াভয়-চকিতমূঢ়। রাজা অচলায়তন যেমন lyrical drama ইহাও তেমনি।

মাধব সংসারী বৈষয়িক লোক। সে ধন সঞ্চয় করিয়াছে। কিন্তু তাহার সম্পত্তি যে ভোগ করিবে তাহার এমন কোনো নিকট আত্মীয় নাই। সে পরের ছেলে অমলকে পোষ্য গ্রহণ করিয়াছে, অমল তাহাকে পিসেমশায় বলে। পরকে আপন করিয়া ধরিয়া রাখিবার জন্য মাধবের সতত চেষ্টা, সে কবিরাজের সঙ্গে পরামর্শ করিয়া অমলকে ঘরে বন্দী করিয়া রাখিয়াছে, বাহিরে যাইতে দেয় না। কিন্তু জগতে সব কিছুই চলিষ্ণু—অমলের জানালার পাশ দিয়া দইওয়ালা যায়, সুধা ফুল তুলিতে যায়, দূরে পাঁচমুড়া পাহাড়ের চূড়া দেখা যায়, রাঙা মাটির পথ নিরুদ্দেশের ইঙ্গিত মেলিয়া দিগন্তে গিয়া মিশিয়াছে। সংসারী বিষয়ী লোক সব ছাড়িয়া নিজের হাতের তৈয়ারী গণ্ডির মধ্যে সব কিছু ভরিয়া ধরিয়া রাখিতে চায়, কিন্তু রাজার ডাকঘর হইতে অহরহ নিরন্তর চিঠি আসিতেছে দূরে চলিবার। যাহার মন আছে, দেখিবার মতন চোখ আছে, সে সেই চিঠি পড়িয়া তাহার মর্ম গ্রহণ করে। অমলের কাছে বিজ্ঞ বিষয়ী ও সংসারী মোড়ল উপহাস করিয়া সাদা কাগজ দিয়া বলে—এই তোমার রাজার চিঠি। কিন্তু সেই সাদা কাগজেই ঠাকুরদাদা রাজার আহ্বান ও নিমন্ত্রণ দেখিতে পান। জগতে যত আলো রং গন্ধ স্পর্শ সুর গান শব্দ ভালোবাসা সবই তো সেই রাজার ডাকঘরের মোহর-মারা চিঠি—সবই তো আমাদের ক্রমাগত ডাক দিতেছে যেখানে আছি সেখান হইতে বাহির হইয়া চলিবার জন্য নূতনকে অচেনাকে অজানাকে বরণ করিয়া লইবার জন্য। বিষয়ী সংসারাসক্ত

মাধব যতই কেন আগ্‌লাইয়া রাখুক না, একদিন রাজার ডাক-হরকরা মৃত্যু-রূপে আসিয়া হাজির হইল, তখন আর অমলকে সে নিজের কাছে কিছুতেই ধরিয়া রাখিতে পারিল না, অতি-সাবধানী কবিরাজের ব্যবস্থা পণ্ড হইল, মোড়লের উপহাস ব্যর্থ হইল। সেই রাজার ডাককে অবহেলা করেন নাই ঠাকুরদাদা। অমল চলিয়া গেল, কিন্তু সে রহিয়া গেল প্রেমের স্মৃতির মধ্যে—সুধা শেষ কথা বলিয়া গেল—"তাকে বোলো যে সুধা তোমাকে ভোলেনি।" প্রেমেই তো সুধা—অ-মৃত—প্রেম কিছু হারায় না, সে কিছু ভোলে না।

এই নাটিকাটিতে "সুদূরের পিয়াসী" রবীন্দ্রনাথের রুদ্ধ জীবন হইতে বাহির হইয়া পড়িবার একটি করুণ ব্যগ্রতা প্রকাশ পাইয়াছে।

দ্রষ্টব্য—ডাকঘর, সন্তোষচন্দ্র মজুমদার, শান্তিনিকেতন, ১৩৩১ ভাদ্র-আশ্বিন।

গীতিমাল্য

১৩১৮ সালের চৈত্র মাস হইতে ১৩২১ সালের আষাঢ় মাস পর্যন্ত সময়ের রচনা গান ও কবিতা একত্র করিয়া এই গীতিমাল্য প্রকাশিত হয়। ইহা ইংরেজী ১৯১৪ সাল। ইহার গান ও কবিতাগুলি শান্তিনিকেতনে, শিলাইদহে, ইংলণ্ডে, জাহাজে ও রামগড় পাহাড়ে লেখা।

প্রেমময়কে কবি ইহার আগে গানের অঞ্জলি দিয়াছেন। কিন্তু দূর হইতে কেবলমাত্র সম্ভ্রমভরে গীতাঞ্জলি দিয়া ভক্ত কবিহৃদয়ের পরিতৃপ্তি হইল না। কবি এবার প্রিয়তমের গলায় পরাইলেন গীতিমাল্য। গীতিমাল্যের ভাববস্তু নূতন নহে, তবে প্রকাশ নূতন। জীবাত্মার তীর্থযাত্রা আরম্ভ হইয়াছিল সোনার তরীতে, পূজা করিল নৈবেদ্যে, পারে পৌছিয়াছিল খেয়াতে, তাহার পরে তীর্থরাজের চরণে সমর্পণ করিল গীতাঞ্জলি, এবং এই বারে তাঁহার কণ্ঠে অর্পণ করিল গীতিমাল্য। গীতাঞ্জলি-যুগের বিরহব্যথা এখনো ঘুচে নাই। তবু যাঁহার বিরহে আমি কাতর তিনি যে আমারই, তিনিও যে আমার মিলন-প্রয়াসী এই বোধের তৃপ্তি গীতিমাল্যে উঁকি মারিয়াছে। ভক্তের পূজা সঙ্গোপনের পূজা—প্রিয়ের কাছে অভিসার তো সঙ্গোপনেরই ব্যাপার—কৌন বে-শরম তের সাথ যাই—এইটি গীতিমাল্যের মূল সুর। কবি এখন বুঝিতে পারিয়াছেন যিনি অন্তরতম তিনি নানা রূপের মধ্য দিয়া অন্তরকে স্পর্শ করিতে প্রয়াসী—বিশ্বপ্রকৃতিও তাঁহারই স্পর্শের অঙ্গ।

দ্রষ্টব্য—কাব্যপরিক্রমা—অজিতকুমার চক্রবর্তী।

আত্মবিক্রয়

৩১ নম্বর

"আমাদের যাহা শ্রেষ্ঠ প্রকাশ তাহা আমরা কাহাকেও কেবল নিজের ইচ্ছা অনুসারে দিতে পারি না; তাহা আমাদের আয়ত্তের অতীত, তাহাতে আমাদের দান-বিক্রয়ের ক্ষমতা নাই। মূল্য লইয়া বিক্রয় করিতে চেষ্টা করিলেই তাহার উপরকার আবরণটি মাত্র পাওয়া যায়, আসল জিনিসটি হাত

হইতে সরিয়া যায়। আমরা দৈবক্রমে প্রকাশিত হই, ইচ্ছা করিলেই বা চেষ্টা করিলেই প্রকাশিত হইতে পারি না। কাহারো কাহারো এমন একটি অকৃত্রিম স্বভাব আছে যে, অন্যের ভিতরকার সত্যটিকে সে অত্যন্ত সহজেই টানিয়া বাহির করিয়া লইতে পারে।"

(ছিন্নপত্র, কলিকাতা ৭ই অক্টোবর ১৮৯৪, ৩০৫ পৃঃ দ্রষ্টব্য)।

কবি নিজেকে সম্প্রদান করিতে চাহিতেছেন—বল লোভ কামনার কাছে নয়,—আনন্দময় সবলতার হাতে, অহেতুকী প্রীতির কাছে। কিন্তু তাঁহাকে আয়ত্ত করিবার জন্য রাজার বল ব্যর্থ হইল, ধনীর লোভ-দেখানো ব্যর্থ হইল, সুন্দরীর রূপের প্রলোভনও ব্যর্থ হইল। অবশেষে তাঁহাকে খেলার সুখে বিনা মূল্যে জয় করিয়া লইল শিশু—অকারণ ও সরল ভালোবাসা কবির মনের উপর জয়ী হইল।

তুলনীয়—

And Jesus called a little child unto him, and set him in the midst of them (his disciples).

And said, Verily I say unto you, except ye be converted, and become as little children, ye shall not enter into the kingdom of heaven.—St. Mathew, 18-2-3.

দ্রষ্টব্য—ছিন্নপত্র, ৩০৪ পৃষ্ঠা।

গীতালি

এই পুস্তকখানিতে ১৩২১ সালের শ্রাবণ মাস হইতে ৩রা কার্তিক পর্যন্ত লেখা কবিতা ও গান স্থান পাইয়াছে। ইহা পুস্তকাকারে ছাপা হইয়া বাহির হয় অগ্রহায়ণ মাসে। ইংরেজি ১৯১৪ সালে।

এই বইখানির সঙ্গে আমার অনেক সুখকর স্মৃতি জড়িত হইয়া আছে। ঐ সালের আশ্বিন মাসে আমি কবির কাছে কিছুদিন যাপন করিবার জন্য পূজার ছুটি উপলক্ষে শান্তিনিকেতনে গিয়াছিলাম। একদিন কবি আমাকে বলিলেন—চারু, আমি যে খাতায় কবিতা লিখ্‌ছি সেই খাতাখানি রথী আর বৌমা আমাকে দিয়েছেন, তাঁরা আমার হস্তাক্ষর রক্ষা কর্‌বেন ব'লে। গানগুলি প্রেসে ছাপতে দিতে হবে, তুমি যদি এগুলি নকল করে প্রেসের কপি তৈরি ক'রে দাও।

আমি ২১এ আশ্বিন পর্যন্ত লেখা সমস্ত গান ও কবিতা নকল করিয়া কবিকে দিলাম। তিনি আমাকে জিজ্ঞাসা করিলেন—এগুলি কেমন হইয়াছে। আমি বলিলাম—একটা গানের অর্থ আমি বুঝিতে পারি নাই। অন্যগুলি ভালই হইয়াছে।

কবি আমার কথা শুনিয়া চটিয়া গেলেন, আমাকে রুষ্ট স্বরে বলিলেন—তুমি কিছু বোঝো না, এ ঠিক হয়েছে।

আমি আমার বুদ্ধির অল্পতা স্বীকার করিয়া লইলাম; এবং কবিকে গম্ভীর দেখিয়া প্রণাম করিয়া বিদায় লইয়া চলিয়া আসিলাম। আমি আহারাদি করিয়া বেণুকুঞ্জে ঘুমাইয়া পড়িয়াছি। রাত্রি তখন এগারোটা বাজিয়া গিয়াছে। হঠাৎ কবির আহ্বানে ঘুম ভাঙিয়া গেল—চারু, তুমি কি ঘুমিয়েছ?

আমি তাড়াতাড়ি উঠিয়া মশারির দড়ি ছিঁড়িয়া ফেলিলাম, এবং মশারি সরাইয়া কবিকে আমার বিছানায় বসাইলাম। তিনি বলিলেন—তুমি ঠিক বলেছ, ঐ কবিতাটার মানে আমিই বুঝতে পারি না। দেখ তো বদ্‌লে এনেছি, এখন হয়েছে কি না?

সেই পরে-লেখা কবিতাটি গীতালির মধ্যে ছাপা হইয়াছে—সেটি ২৩ নম্বরের গান—

যে থাকে থাক না দ্বারে,
যে যাবি যা না পারে।

কিন্তু পূর্বে যে গানটি লিখিয়াছিলেন, তাহাও সুন্দর হইয়াছিল, এখন আমি তাহা বুঝিতেছি। কবি আমাকে যে তিরস্কার করিয়াছিলেন তাহারই ক্ষোভ ভুলাইয়া দিবার জন্য গানটিকে বদল করিয়া আমাকে অত যত্নে সান্ত্বনা দিতে আসিয়াছিলেন। পূর্বে রচিত ও পরিত্যক্ত গানটি নিম্নে উদ্ধার করিয়া রাখিয়া দিলাম—

কেন আর মিথ্যা আশা যারে।
ওরে তোর হাত ধ'রে কেউ যাবে না রে,
এ তোমার রাত্রিশেষের ভোরের পাখী
তোমারেই একলা কেবল গেল' ডাকি',
যা রে তুই বিজন পথে চ'লে যা রে।
ওদের ঐ হৃদয়-কুঁড়ি শিশির-রাতে
ব'সে রয় চোখের জলের অপেক্ষাতে।
মেটাতে পারবে না হে আঁধার নিশা
তোমার এই ফোটা ফুলের আলোর তৃষা,
সে যে তাই চেয়ে আছে পূবের পারে॥

কবির এই গানটিরই রচনার স্থান ও কাল ছিল ১৭ ভাদ্র সকাল, সুরুল; পরে যে গানটি রচনা করিয়া গীতালিতে দেওয়া হইয়াছে তাহার রচনার স্থান শান্তিনিকেতন, এবং কাল আশ্বিন মাসের কোনো তারিখের রাত্রি। অথচ গীতালিতে যে গানটি আছে তাহার নীচে আগে রচিত গানেরই স্থান-কাল নির্দিষ্ট হইয়াছে।

গীতালি উৎসর্গ উপলক্ষ্যে যে আশীর্বাদী কবিতাটি আছে তাহা কবির পুত্রকে ও পুত্রবধূকে উদ্দেশ করিয়া লিখিত; ইহা যে আকারে ছাপা হইয়াছে, তাহা তিন বার পরিবর্তনের পরে। প্রথমে আমি এক রকম নকল করি, পরে নকলের উপর কবি অনেক সংশোধন ও পরিবর্তন করেন, এবং অবশেষে তাহাও বাতিল করিয়া যাহা রচনা করেন তাহার মধ্যে পূর্বের রচনার অল্প কয়েক লাইন মাত্র রক্ষিত হইয়াছে।

ইহার পরে কবির সঙ্গে আমরা বুদ্ধগয়াতে যাই ২৩এ আশ্বিন। কতকগুলি

কবিতা সেখানে এবং বুদ্ধগয়া হইতে 'বরাবর' পাহাড়ে বৌদ্ধ গুহা দেখিতে যাইবার পথে বেলা স্টেশনে ও পাল্কীর মধ্যে রচিত হয়।

গয়া হইতে কবির সহিত আমি এলাহাবাদে গেলাম। সেখানেও কতকগুলি কবিতা রচিত হইয়াছিল। সেই কবিতাগুলিকে যখন ছাপিতে দেওয়া হইল, তখন কবির রচনা এক অভিনব ভিন্ন স্রোতে প্রবাহিত হইতে লাগিল, এবং সেই নূতন রকমে রচনাগুলি পরে 'বলাকা' নামে প্রকাশিত হইয়াছে।

গীতালির প্রথম গানটি একটি গ্রীক ছন্দের অনুকরণে লিখিত।

কবির এত দিনের সব কান্না ব্যথা প্রিয়মিলনের সার্থকতার শ্রীতে মণ্ডিত হইয়া দেখা দিয়াছে গীতালিতে। গীতালিতে এই সার্থকতার স্বস্তির সুরই প্রধান। কবি "নিত্য নূতন সাধনাতে নিত্য নূতন ব্যথা" সহ্য করার ভিতরে সিদ্ধির ও মুক্তির স্বাদও পাইয়াছেন। এখন প্রকৃতি এবং হৃদয় যেন পরস্পরের প্রতিচ্ছবি এবং রসস্বরূপের লীলাক্ষেত্র।

কবি আশীর্বাদ কবিতাটি প্রথমে লিখিয়াছিলেন—

আজ আমি তোমাদের সঁপিলাম তাঁরে—
তোমরা তাঁহারি ধন আলোকে আঁধারে!
জেগেছি অনেক রাত্রি, ভেবেছি অনেক,
ক্ষণেক বা আশা হয়, আশঙ্কা ক্ষণেক।
হৃদয়ের তোলাপাড়া তুফানের ঢেউ—
মনে ভাবি আমি ছাড়া নাই বুঝি কেউ।
এমন করিয়া বলো কাটে কত কাল;
মাঝি যে তাহারি হাতে ছেড়ে দিনু হাল।
আমার প্রদীপখানি অতি ক্ষীণকায়া,
যতটুকু আলো দেয় তার বেশি ছায়া।
এ প্রদীপ আজ আমি ভেঙে দিনু ফেলে;
তাঁর আলো তোমাদের নিক বাহু মেলে।
সুখী হও দুঃখী হও তাহে চিন্তা নাই,
তোমরা তাঁহারি হও, আশীর্বাদ তাই।

পরে বদল করিয়া নিম্নলিখিত লাইনগুলি করিলেন—

সংসারে ক্ষণেক আশা, আশঙ্কা ক্ষণেক।

'এমন করিয়া বলো কাটে কতকাল' লাইনটি কাটিয়া একবার লিখিলেন—

এ তরী আমারি ব'লে মরেছিনু ভেবে।

পুনরায় কাটিয়া করিলেন—

এবং পরের লাইনের 'হাল' কাটিয়া করিলেন 'এবে'।

এ তরী আমারি ব'লে এত মরি ভেবে।

সংসারে ক্ষণেক আশা, আশঙ্কা ক্ষণেক—লাইনের পরে যোগ করিলেন নূতন চারি লাইন—

সত্য ঢাকা পড়ে মোর ভয়ে ভাবনায়,
মিথ্যার মূরতি গড়ি ব্যর্থ বেদনায়।
বিশ্ব আনন্দের সৃষ্টি, আনন্দেই ভরা,
মোর সৃষ্টি মায়া দিয়ে স্বপ্ন দিয়ে গড়া।

এই শেষ লাইনটি লিখিবার আগে লিখিতেছিলেন—'মায়া দিয়ে মোহ' এবং সেই অসমাপ্ত লাইন কাটিয়া শেষ লাইনটি লিখিয়াছিলেন।

কিন্তু পরে যখন বই ছাপা হইল তখন কবি ইহার অনেক পরিবর্তন করিয়াছেন দেখিলাম। কৌতূহলী পাঠক-পাঠিকারা বইয়ের সঙ্গে এই খসড়া পাঠ মিলাইয়া দেখিলে কবি-মনের একটু পরিচয় পাইয়া আনন্দিত হইবেন।

যাত্রাশেষ

১০৭ নম্বর

এই কবিতাটি ১৩২১ সালের কার্তিক মাসের সবুজপত্রের ৪১৯ পৃষ্ঠায় প্রথম প্রকাশিত হয়।

যেমন সন্ধ্যার অন্ধকারের মধ্যে নবপ্রভাতের আলোক প্রচ্ছন্ন হইয়া থাকে, আঁধারের আলোক-ব্যগ্রতা (পূরবী, সমুদ্র), তেমনি মৃত্যুর মাঝে প্রচ্ছন্ন হইয়া থাকে প্রাণ। রাত্রি যদি তাহার গভীর অন্ধকারের মধ্যে দুঃখ শোক মৃত্যুর মধ্যে অমৃতের আস্বাদ পায় বলিয়াই বাঁচিয়া থাকিতে পারে। সেই উদয়াচলের—পরলোকে বা নবজীবনের—পথে আমি তীর্থযাত্রী, আমি একাকী মৃত্যু-সন্ধ্যার অনুগামী হইয়া চলিয়াছি, আমার দিনান্ত অর্থাৎ জীবনাবসান মৃত্যুপারের দিগন্তে লুটাইয়া পড়িতেছে।

সেই নূতন জীবনের আভাসই তারায় তারায় স্পন্দিত। প্রত্যেক প্রকাশের পূর্বাবস্থা ধ্যান সমাধি—বীজকে বৃক্ষরূপে প্রকাশ হওয়ার পূর্বে

ভূগর্ভবাস স্বীকার করিতে হয়; বাক্যে ও কর্মে পরিণত হইবার পূর্বে চিন্তাকে মনের গুহায় অজ্ঞাতবাস করিতে হয়। মরণোত্তর-কালের সুখস্বপ্ন তাই আমার চিত্তকে সাড়া দিতে বলে।

প্রত্যক্ষের পশ্চাতে অপ্রত্যক্ষ, রূপের পশ্চাতে অরূপ, জীবনের পশ্চাতে মৃত্যু। দিবসের আলোক নির্বাণ হইলেই দেখিতে পাই অনির্বাণ তারকার জ্যোতি; জীবনের অবসানেই দেখা দেয় পরলোকের আনন্দ ও সর্বাশ্রয়ের করুণা। অতএব আমি নির্ভয়ে আমার জীবন-সায়াহ্নের সকল সাধনা লইয়া—ম্লান দিবসের শেষের কুসুম চয়ন করিয়া—নবজীবনের কূলে যাত্রা করিয়া চলিয়াছি।

হে আমার জীবনাবসান, আমার সকল ভালোমন্দ তোমার মধ্যে নিহিত রহিল। অন্তর্যামী জীবনদেবতা, তোমার সঙ্গে আমার যে জন্ম-জন্মান্তরের যোগ তাহা আমি স্বীকার করিতেছি। জীবনের অনেক সাধই অপূর্ণ রহিয়া গেল ইহাও স্বীকার করিতেছি।

জীবনের সফলতা বিফলতা সব মিলাইয়াই তো আমার এই আমিত্ব। অতএব কিছুই ফেলিয়া দিবার বা অবহেলা করিবার বস্তু নহে, সমস্ত মিলাইয়াই জীবনবিধাতা জীবনের পূর্ণ পরিণতি ঘটাইতেছেন। জগৎ নশ্বর, প্রত্যক্ষ। কিন্তু যাহা চিরন্তন অপরিণামী তাহা অপ্রত্যক্ষ, অগোচর; তাহা প্রত্যক্ষের ভিতরেই প্রচ্ছন্ন থাকিয়া নানা রূপ-রূপান্তরের মধ্যে প্রত্যক্ষকে ধারণ করিয়া থাকে। ইহাই হইল সৎ—সত্য, ভূমা, ব্রহ্ম। সকল ব্যর্থতা খণ্ডতা চেষ্টা ইচ্ছা মিলিয়াই সম্পূর্ণ সফলতা—'পূর্ণের পদ-পরশ তাদের 'পরে।'

ঋষি-কবির পারগামী দৃষ্টিতে দ্বন্দ্ব বিরোধ অশান্তি বিফলতা প্রভৃতি সকল অসম্পূর্ণতাই একটা পূর্ণতার পূর্বসূচনা। কবি জানেন—'সীমার মাঝে অসীম তুমি বাজাও আপন সুর।' কবি সীমার মধ্যে অসীমতার সুসঙ্গতি দেখিতে পাইয়া আনন্দ-স্বরূপের সাক্ষাৎ লাভ করেন এবং তিনি নির্ভয়ে নিশ্চিন্ত চিত্তে বলিতে পারেন।

> শেষের মধ্যে অশেষ আছে—এই কথাটি মনে
> আজকে আমার গানের শেষে জাগ্‌ছে ক্ষণে ক্ষণে। —গীতাঞ্জলি।

> All we have willed or hoped or dreamed of good, shall exist.
> —Robert Browning, *Abt Vogler.*

ফাল্গুনী

ইহা নাটক। ১৩২২ সালের ফাল্গুন মাসে লেখা, ইংরেজী ১৯১৬ সাল। বৈশাখ মাসে ১৩২৩ সালে শান্তিনিকেতনে প্রথম অভিনয় হয়, জানুয়ারী মাসে পুনরায় কলিকাতায় অভিনয় হয় বাঁকুড়া দুর্ভিক্ষে সাহায্য করিবার জন্য। নাটকের 'ফাল্গুনী' নামেই পরিচয় যে ইহা বসন্তের জয়গান। 'বসন্তের পালা' নামে 'ফাল্গুনী'র প্রবেশক ও ফাল্গুনী নাটক একত্র ১৩২১ সালের চৈত্র মাসের 'সবুজপত্রে' জুড়িয়া প্রকাশিত হয়। ২২ সালের মাঘ সংখ্যায় ইহার অপর প্রবেশক 'বৈরাগ্য সাধন' প্রকাশিত হয়।

ফাল্গুনী নাটকের অন্তর্গত ভাব কবি স্বয়ং ব্যাখ্যা করিয়াছেন—

'জীবনকে সত্য ব'লে জানতে গেলে মৃত্যুর মধ্যে দিয়ে তার পরিচয় চাই। যে মানুষ ভয় পেয়ে মৃত্যুকে এড়িয়ে জীবনকে আঁকড়ে রয়েছে, জীবনের 'পরে তার যথার্থ শ্রদ্ধা নেই ব'লে জীবনকে সে পায়নি। তাই সে জীবনের মধ্যে বাস ক'রেও মৃত্যুর বিভীষিকায় প্রতিদিন মরে। যে লোক নিজে এগিয়ে গিয়ে মৃত্যুকে বন্দী করতে ছুটেছে, সে দেখতে পায়, যাকে সে ধরেছে সে মৃত্যুই নয়,—সে জীবন। যখন সাহস ক'রে তার সামনে দাঁড়াতে পারিনে, তখন পিছন দিকে তার ছায়াটা দেখি। সেইটে দেখে ডরিয়ে ডরিয়ে মরি। নির্ভয়ে যখন তার সামনে গিয়ে দাঁড়াই, তখন দেখি যে সর্দার জীবনের পথে আমাদের এগিয়ে নিয়ে যায়, সেই সর্দার মৃত্যুর তোরণ-দ্বারের মধ্যে আমাদের বহন ক'রে নিয়ে যাচ্ছে। ফাল্গুনীর গোড়াকার কথাটা হচ্ছে এই যে, যুবকেরা বসন্ত-উৎসব করতে বেরিয়েছে। কিন্তু এই উৎসব তো শুধু আমোদ করা নয়, এ তো অনায়াসে হবার জো নেই। জরার অবসাদ, মৃত্যুর ভয় লঙ্ঘন ক'রে তবে সেই নব-জীবনের আনন্দে পৌঁছানো যায়। তাই যুবকেরা বললে,— আনব সেই জরা-বুড়োকে বেঁধে, সেই মৃত্যুকে বন্দী ক'রে। মানুষের ইতিহাসে তো এই লীলা, এই বসন্ত-উৎসব বারে বারে দেখতে পাই। জরা সমাজকে ঘনিয়ে ধরে, প্রথা অচল হ'য়ে বসে, পুরাতনের অত্যাচার নূতন প্রাণকে দলন ক'রে নির্জীব করতে চায়—তখন মানুষ মৃত্যুর মধ্যে ঝাঁপ দিয়ে পড়ে, বিপ্লবের ভিতর দিয়ে নব-বসন্তের উৎসবের আয়োজন করে। সেই আয়োজনই তো য়ুরোপে চলছে। সেখানে নূতন যুগের বসন্তে হোলিখেলা আরম্ভ হয়েছে। মানুষের ইতিহাস আপন চির-নবীন অমর মূর্ত্তি প্রকাশ করবে ব'লে মৃত্যুকে তলব করেছে। মৃত্যুই তার প্রসাধনে নিযুক্ত হয়েছে। তাই ফাল্গুনীতে বাউল বলছে—'যুগে যুগে মানুষ লড়াই করছে, আজ বসন্তের হাওয়ায় তারি ঢেউ! যারা ম'রে অমর, বসন্তের কচি পাতায় তারা পত্র পাঠিয়েছে। দিগ্দিগন্তে তারা রটাচ্ছে—আমরা পথের বিচার করিনি; আমরা পাথেয়ের হিসাব রাখিনি, আমরা ছুটে এসেছি, আমরা ফুটে বেরিয়েছি।

আমরা যদি ভাব্‌তে বস্‌তুম, তা হ'লে বসন্তের দশা কি হতো ?'—বসন্তের কচি পাতার এই যে পত্র, এ কাদের পত্র ? যে-সব পাতা ঝ'রে গিয়েছে—তারাই মৃত্যুর মধ্যে দিয়ে আপন বাণী পাঠিয়েছে। তারা যদি শাখা আঁক্‌ড়ে থাক্‌তে পার্‌ত, তা হ'লে জরাই অমর হতো—তা হ'লে পুরাতন পুঁথির কাগজে সমস্ত অরণ্য হল্‌দে হ'য়ে যেত, সেই শুক্‌নো পাতার সরসর শব্দে আকাশ শিউরে উঠ্‌ত। কিন্তু পুরাতনই মৃত্যুর মধ্য দিয়ে আপন চির-নবীনতা প্রকাশ করে—এই তো বসন্তের উৎসব। তাই বসন্ত বলে, যারা মৃত্যুকে ভয় করে, তারা জীবনকে চেনে না ; তারা জরাকে বরণ ক'রে জীবন্মৃত হয়ে থাকে—প্রাণবান্‌ বিশ্বের সঙ্গে তাদের বিচ্ছেদ ঘটে।

"মানুষ তার জীবনকে সত্য ক'রে বড় ক'রে নূতন ক'রে পেতে চাচ্ছে। তাই মানুষের সভ্যতায় তার যে-জীবনটা বিকশিত হ'য়ে উঠ্‌ছে, সে তো কেবলই মৃত্যুকে ভেদ ক'রে। মানুষ বলেছে—

মর্‌তে মর্‌তে মরণটারে
শেষ ক'রে দে বারে বারে,
তার পরে সেই জীবন এসে
আপন আসন আপনি লবে।

মানুষ জেনেছে—

নয় এ মধুর খেলা—
তোমায় আমায় সারা জীবন
সকাল সন্ধ্যাবেলা।

—গীতিমাল্য।"

দ্রষ্টব্য—অচলায়তন, অরূপ রতন, ফাল্গুনী—সুধাময়ী দেবী, জয়শ্রী, ১৩৩৮ বৈশাখ।

বলাকা

১৩২১ সালের বৈশাখ মাস হইতে ১৩২৩ সালের বৈশাখ পর্যন্ত কবি নানা স্থানে পরিভ্রমণ করিয়া' বেড়াইয়াছিলেন, এবং সেই সময়ের রচিত কবিতাগুলি এই পুস্তকে সন্নিবেশিত হইয়াছে। এই পুস্তক প্রকাশিত হয় ১৯১৬ সালে, বাংলা ১৩২৩ সালের জ্যৈষ্ঠ কি আষাঢ় মাসে।

আমাদের দেশের দার্শনিকদের ধারণা ছিল যে সত্য স্থির—অচল। শঙ্করাচার্য সত্যের লক্ষণ নির্দেশ করিয়াছেন—কালত্রয়াবাধিতং সত্যম্—সত্য ভূত ভবিষ্যৎ বর্তমানে সমভাবে অবস্থিত, সত্য ত্রিকালে অপরিবর্তিত। কিন্তু বর্তমান যুগের দর্শনের বাণী হইতেছে—সত্য গতিতে, সত্য স্থিতিতে নহে। আধুনিক বৈজ্ঞানিক-দার্শনিক বলেন—গতি নাই এমন বস্তু জগতে নাই, যাহাতে গতি নাই, তাহা নিছক কল্পনা মাত্র ; তাহা সত্য নহে। গতির বাণী ইউরোপে বের্গ্‌সঁ প্রথম প্রচার করেন, এ জন্য তাঁহার দর্শনকে গতিবাদ বলা হয়। যাহার জীবনীশক্তি আছে সে আর-সকল জিনিসকে নিজের করিয়া লইয়া তবে নিজেকে প্রকাশ করে ; তাহার অস্তিত্ব সমগ্রের মধ্যে,—খণ্ডভাবে দেখিলে তাহার পরিচয় পাওয়া যায় না। গতি বস্তুর একটা অবস্থা মাত্র নয়—বস্তু ও স্থান-কালের সম্পর্ক মাত্র গতি নয়, গতি এক স্থিতি হইতে অপর স্থিতিতে পরিণতি মাত্র নয়। কাল অবিভাজ্য, অনন্ত-প্রবাহ, কালে ভূত-ভবিষ্যৎ-বর্তমান নাই। স্থানও অনন্ত, কেবল মাত্র বস্তুর সহিত বিশেষ সম্পর্কে কাল ও স্থানকে প্রবিভক্ত মনে হয়।

Space is a plenum, co-extensive, because in the concrete identical, with the totality of all existent and extended bodies. There is no empty space either between bodies or between their parts. The structure of space and the structure of the extended bodies that fill space is one and the same. Similarly time was held to be identical in the concrete with motion and continuous change. There are as many times as there are motions.

আধুনিক দার্শনিক-বৈজ্ঞানিকেরা বলেন যে নিরবচ্ছিন্ন স্থান বা কাল বলিয়া কিছু নাই, কেবল বস্তুর গতিতেই আমাদের মনে স্থান ও কালের জ্ঞান জন্মিয়া থাকে। অতএব একমাত্র গতি সত্য। (দ্রষ্টব্য—The New Cosmogony Journal of Philosophical Studies, July 1929.)

অতএব সত্য অনন্ত প্রবহমান অবিভাজ্য। ইহার গতি রুদ্ধ হইলেই সত্য জীবনহীন হইয়া জড়বস্তুতে পরিণত হয়।

রবীন্দ্রনাথও বলাকা পুস্তকের সমস্ত কবিতার মধ্যেই এই গতি-বাদকে সত্য বলিয়া প্রচার করিয়াছেন। গতি, কেবল গতি, ক্রমাগতই চলা। থামিয়ে গেলেই—

উচ্ছি্রয়া উঠিবে বিশ্ব পুঞ্জ পুঞ্জ বস্তুর পর্বতে।

কিন্তু কবি এইখানেই তাঁহার কথা শেষ করেন নাই। উদ্দেশ্যহীন কেবল গতি আমাদিগকে কোনো গম্যস্থানে লইয়া যায় না, সে গতিতে ক্লান্তি আনে, প্রাণ অতৃপ্তি অনুভব করে। এই জন্যই কবি নবম কবিতাতে—তাজমহলে—গতির মধ্যে আনন্দের রূপ দর্শন করিয়াছেন—

সে স্মৃতি তোমারে ছেড়ে
গেছে বেড়ে
সর্বলোকে।
জীবনের অক্ষয় আলোকে।
অঙ্গ ধরি সে অনঙ্গ স্মৃতি
বিশ্বের প্রীতি মাঝে মিলাইছে সম্রাটের প্রীতি।

এইখানে আমাদের কবি-দার্শনিক বের্গ্‌সঁকে অতিক্রম করিয়া চলিয়া গিয়াছেন। বের্গ্‌সঁর গতি কেবল অফুরন্ত চলা মাত্র; তাহা কোনো লক্ষ্য দ্বারা নির্দিষ্ট নহে, কোনো আনন্দ-দ্বারা অনুপ্রাণিত নহে। এইখানে বের্গ্‌সঁ অপেক্ষা রবীন্দ্রনাথের শ্রেষ্ঠত্ব—কবি কেবল গতিতেই তৃপ্ত থাকিতে পারেন নাই, তিনি আনন্দরসের সন্ধানে যাত্রা করিয়াছেন। বের্গ্‌সঁ জীবনের মধ্যে কেবল গতি দেখিয়াছেন, তিনি অসীমের সহিত জীবনের কোনো যোগ দেখিতে পান নাই; সত্য তাঁহার নিকট ভালোমন্দের অতীত রূপে প্রকাশ পাইয়াছে এই জন্যই তিনি জীবনের উদ্দেশ্য, গতির লক্ষ্য নির্দেশ করিতে পারেন নাই কিন্তু রবীন্দ্রনাথের নিকট কেবল গতিতে মানবের মুক্তি নয়,—

মৃত্যুর অন্তরে পশি; অমৃত না পাই যদি খুঁজে,
সত্য যদি নাহি মেলে দুঃখ সাথে যুঝে (৩৭ নম্বর)।

তবে তো সমস্তই পণ্ড।

আমাদের দেশের আর একজন শক্তিশালী লেখকও গতির মধ্যেই সত্তাকে দেখিয়াছেন—

"এই পরিবর্তনশীল জগতে সত্যোপলব্ধি বলিয়া নিত্য কোনো বস্তু নাই। তাহার জন্ম আছে, মৃত্যু আছে; যুগে যুগে কালে কালে মানবের প্রয়োজনে তাহাকে নূতন হইয়া আসিতে হয়। অতীতের সত্যকে বর্তমানে স্বীকার করিতেই হইবে, এ বিশ্বাস ভ্রান্ত, এ ধারণা কুসংস্কার।

"তোমরা বলো চরম সত্য, পরম সত্য; এই অর্থহীন নিষ্ফল শব্দগুলো তোমাদের কাছে মূল্যমান্।……তোমরা ভাবো মিথ্যাকেই বানাতে হয়, সত্য শাশ্বত সনাতন অপৌরুষেয়! মিছে কথা। মিথ্যার মতোই একে মানবজাতি অহরহ সৃষ্টি ক'রে চলে। শাশ্বত সনাতন —এর জন্ম আছে, মৃত্যু আছে। আমি প্রয়োজনে সত্য সৃষ্টি করি।"

—শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

কিন্তু রবীন্দ্রনাথ সত্যকে গতিতে স্বীকার করিয়াও এক বিশেষ লক্ষ্যে গিয়া উপনীত হইয়াছেন—মানুষ ক্রমাগত নিজেকে উত্তীর্ণ হইয়া অগ্রসর হইয়া চলিবে দেবত্ব লাভ করিবার জন্য—

নিদারুণ দুঃখরাতে
মৃত্যুঘাতে
মানুষ চূর্ণিল যবে নিজ মর্ত্যসীমা,
তখন দিবে না দেখা দেবতার অমর মহিমা? —৩৭ নম্বর।

কিন্তু রবীন্দ্রনাথের এই গতি-বাদ বলাকার যুগে নূতন উপলব্ধি নহে, ইহা তাঁহার আবাল্যের কবিতার মধ্যেই বরাবর ছিল—কবি আকৈশোর অনুভব করিয়া আসিয়াছেন যে কি জড়-বিশ্ব, আর কি প্রাণী-বিশ্ব দুইয়েরই মাঝে এক বিরাম অবিশ্রাম গতিবেগ আছে—'অলক্ষিত চরণের অকারণ অবারণ চলা!'

গতিময় কবিতাগুলিকে একত্র করিয়া মোহিতচন্দ্র সেন 'নিষ্ক্রমণ' নাম দিয়াছিলেন। কবি চিরকাল বলিয়া আসিয়াছেন—আগে চল্ আগে চল্ ভাই! কিন্তু বলাকার যুগে এই গতিবাদ একটি বিশেষ বেগ ও রূপ লাভ করিয়াছে। কবি বলিয়াছেন যে এই গতির মাঝেই বিশ্বের প্রাণশক্তির বিকাশ। গতি স্থগিত হইলেই আবিলতা আবর্জ্জনা জমে ও মৃত্যু উপস্থিত হয়—

যে নদী হারায়ে স্রোত চলিতে না পারে,
সহস্র শৈবালদাম বাঁধে আসি তারে;
যে জাতি জীবনহারা অচল অসাড়,
পদে পদে বাঁধে তারে জীর্ণ লোকাচার।

সর্বজন সর্বক্ষণ চলে যেই পথে,
তৃণগুল্ম সেথা নাহি জন্মে কোনোমতে ;—
যে জাতি চলে না কভু, তারি পথ 'পরে
তন্ত্র-মন্ত্র সংহিতায় চরণ না সরে। —চৈতালি, দুই উপমা

অতএব কবির মত যে গতিস্রোতে গা ভাসাইতে পারিলেই মুক্তি।

এই গতিশীল বিশ্বপ্রকৃতির রূপ বলাকায় ছন্দোলালিত্যে ও শব্দৈশ্বর্যে কাব্যসাহিত্যে এক অপূর্ব সম্পদের সৃষ্টি করিয়াছে। কবির প্রত্যেক কবিতা অদৃশ্য অনন্তের ইঙ্গিতে ভরপূর। মৃত্যু তো কবির কাছে কোনোদিন পরিসমাপ্তি নয় ; আর এই পৃথিবীটুকুই মানব-জীবনের কারাগার নয় ; এ মানব-জীবন—

জীবনের খরস্রোতে ভাসিছে সদাই
ভুবনের ঘাটে ঘাটে।

* * * *

আকাশের প্রতি তারা ডাকিছে তাহারে।
তার নিমন্ত্রণ লোকে লোকে
নব নব পূর্বাচলে আলোকে আলোকে। —সাজাহান।

কবি তাঁহার যৌবনে মানসী পুস্তকে 'নিষ্ফল কামনা, নামে যে কবিতা লিখিয়াছেন, তাহা অসম অমিত্র-ছন্দে লেখা। সেই অসম অমিত্র-ছন্দকে মিত্রাক্ষর করিয়া একটি নূতন রূপ, লালিত্য ও বেগ দান করিয়া কবি এক অপূর্ব নূতন সৃষ্টি করিয়াছেন বলাকার ছন্দ।

এইরূপ বহু দিক্ হইতে বিচার করিলে বলিতে হয় বলাকা রবীন্দ্রনাথের শ্রেষ্ঠ কাব্যসমূহের মধ্যে অন্যতম।

এই বলাকা কাব্যখানি কবি স্বয়ং শান্তিনিকেতনে ব্যাখ্যা করিয়া অধ্যাপনা করিয়াছিলেন ; প্রদ্যোতকুমার সেনগুপ্ত সেই ব্যাখ্যানের নোট লইয়া ১৩২৮-২৯ সালের শান্তিনিকেতন পত্রে প্রকাশ করেন। সেই নোটগুলি এবং আমি কবির কাছে গিয়া ও পত্র লিখিয়া কবির যে-সব অভিমত সংগ্রহ করিয়াছিলাম সেই সব মিলাইয়া এই পুস্তকের কবিতার ব্যাখ্যা লিখিতে যাইতেছি।

দ্রষ্টব্য—বলাকা ও বের্গ্‌সঁ—শিশিরকুমার মৈত্র: বঙ্গবাণী ১৩৩১ বৈশাখ: ২৬৭ পৃষ্ঠা।
কাব্যবিচারে বলাকার স্থান—উমাপদ ভট্টাচার্য, আনন্দবাজার পত্রিকা, বার্ষিক সংখ্যা ফাল্গুন ১৩৩৯।

৮ন

১ নম্বর

রচনার তারিখ ১৫ বৈশাখ, ১৩২১ সাল। ইহা ১৩২১ সালের বৈশাখ মাসের সবুজপত্রে 'সবুজের অভিযান' নামে প্রকাশিত হয়।

যৌবনই চলার বেগে জীবনের পরিচয় প্রকাশ করে। যৌবনই সমস্ত পরখ করিয়া লইতে চায়—শাস্ত্রবাক্যও বিনা-বিচারে মাথা পাতিয়া লইতে চায় না—সে বলে 'যাহা বিশ্বাস্য তাহাই শাস্ত্র, যাহা শাস্ত্র তাহাই বিশ্বাস্য নহে।' যৌবনের মধ্যেই মানব-জীবনের অনন্ত জিজ্ঞাসার পরিচয় পাওয়া যায়। তাহার শক্তির প্রাচুর্য তাহার মনে পথ খুঁজিয়া লইবার প্রেরণা জাগায়, সে বলে—'পথ আমারে পথ দেখাবে,' 'চলার বেগে পায়ের তলায় রাস্তা জেগেছে,' 'জীর্ণ জরা ঝরিয়ে দিয়ে প্রাণ অফুরান ছড়িয়ে দেদার দিবি।'—ফাল্গুনী।

এই জন্যই এই অশান্ত ও অশ্রান্ত যৌবনের প্রতি কবির অপরিসীম শ্রদ্ধা,—কারণ, যৌবনেই মানুষের জীবন বিকাশ লাভ করে। কবি তাঁহার ফাল্গুনী নাটকে ও বহু কবিতায় যৌবনের জয়গান করিয়াছেন। কবির নিজেরও চিরদিন যুবা থাকিবার ইচ্ছা। তিনি ক্ষণিকাতে কবির বয়স কবিতায় তাহা প্রকাশ করিয়াছেন।

কাঁচা—যাহাদের মনে কোনো সংস্কার বদ্ধমূল হইয়া যায় নাই, যাহাদের হওয়া স্থগিত হইয়া যায় নাই।

পাকা—যাহারা সংস্কারে বদ্ধমূল, জড়ভাবাপন্ন, এবং যাহাদের উন্নতি পরিণতি স্থগিত হইয়া গিয়াছে। যে স্থিতিশীল সে কাজের বাহির, সে নূতনের পথে গতির সাধনা করিতে অক্ষম। এ সম্বন্ধে নিম্নোদ্ধৃত উক্তিটি প্রণিধানযোগ্য—

Generally the elderly are conservatives; perhaps because, as some psychologists inform us, we are incapable of absorbing new ideas by twenty-five and the memory effects a charitable compensation, recalling only what was pleasant in the golden days of youth. With eyes fixed on the future, the young find monotony boring, and it is their ardour that forces on social revolutions. Accepting the accomplished fact, their elders give it their blessing and gravely take the credit.

শিকল-দেবী—মানুষের জীবনে সমাজে ও ধর্মে স্তূপাকার আবর্জনার মতো যে-সব প্রাণ-শক্তি-বিরোধী অনাচার ও কুসংস্কার জমা হয় তাহাই মানুষের শৃঙ্খল ও বাধা। ইহাকেই মনস্বী বেকন Idol বা অসত্যের বিগ্রহ বলিয়াছেন। কালাপাহাড় যেমন অসত্য দেবতার চিরশত্রু,

নবীনও তেমনি। কিন্তু নবীনের প্রলয়-লীলার মধ্যে কেবল ধ্বংস নাই,—নব-সৃষ্টির আয়োজনও আছে। নবীনের অভ্যুদয়ে যত-কিছু নিয়মের বন্ধন ছিন্নভিন্ন হইয়া যায় এবং সকল বাধা হইতে মুক্ত হইয়া সে নূতন সৃষ্টির পথ করিয়া দিতে পারে।

ভুলগুলো—ভুল না করিলে কেহ সত্যকে লাভ করিতে পারে না। ভুল করিয়া সংশোধন করিতে করিতে তবে লোকে সত্যের সাক্ষাৎ পায়। অতএব ভুল করিবার সুযোগ পাইলেই মানুষ সত্যকে আবিষ্কার করিতে পারে।

দ্বার বন্ধ ক'রে দিয়ে ভ্রমটারে রুখি।
সত্য বলে আমি তবে কোথা দিয়ে ঢুকি। —কণিকা।

বিবাগী কর অবাধ-পানে—নবীনের নেতৃত্বে গতিকে অবলম্বন করিয়া অজানার সন্ধানে আমাদের যাত্রা করিতে হইবে। যাহা হইয়া গিয়াছে তাহার মূল্য তো জানার সঙ্গে-সঙ্গেই ফুরাইয়া গিয়াছে। অজানাকে জানাই হইবে নবীনের সাধনা। কেবল শাস্ত্র মানিয়া গতানুগতিক ভাবে নির্দ্দিষ্ট চিরাচরিত পথে যাহারা চলে তাহারা পুরাতনেরই পুনরাবৃত্তি করে। নূতনকে পাইতে হইলে নূতন পথেই চলিতে হইবে।

রবীন্দ্রনাথ লিখিয়াছিলেন—"এই প্রকাশের জগৎ এই গৌরাঙ্গী তা'র বিচিত্র রঙের সাজ প'রে অভিসারে চলেছে—ঐ কালের দিকে ঐ অনির্বচনীয় অব্যক্তর দিকে। বাঁধা নিয়মের মধ্যে বাঁধা থাকাতেই তা'র মরণ—সে কুলকেই সর্ব্বস্ব ক'রে চুপ ক'রে ব'সে থাকতে পারে না—সে কুল খুইয়ে বেরিয়ে পড়েছে। এই বেরিয়ে যাওয়া বিপদের যাত্রা; পথে কাঁটা, পথে সাপ, পথে ঝড় বৃষ্টি—সমস্তকে অতিক্রম ক'রে বিপদকে উপেক্ষা ক'রে সে যে চলেছে সে কেবল ঐ অব্যক্ত অসীমের টানে। অব্যক্তের দিকে আরোর দিকে প্রকাশের এই কুল-খোয়ানো অভিসার যাত্রা—প্রলয়ের ভিতর দিয়ে বিপ্লবের কাঁটা-পথে পদে পদে রক্তের চিহ্ন এঁকে।......

মানুষের মধ্যে যে-সব মহাজাতি কুলত্যাগিনী তারাই এগোচ্ছে—ভয়ের ভিতর থেকে অভয়ে, বিপদের ভিতর দিয়ে সম্পদে। যারা সর্বনাশা কালের বাঁশি শুনতে পেলে না তা'রা কেবল পুঁথির নজির জড়ো ক'রে কুল আঁকড়ে ব'সে রইল—তা'রা কেবল শাসন মানতেই আছে। তারা কেন বৃথা আনন্দলোকে জন্মেছে, যেখানে সীমা কাটিয়ে অসীমের সঙ্গে নিত্য-লীলাই হচ্ছে জীবনযাত্রা, যেখানে বিধানকে ভাসিয়ে দিতে থাকাই হচ্ছে বিধি।

—জাপান-যাত্রী।

সবুজ নেশা—নবীন সমস্ত নূতন ও তাজা সৃষ্টির জন্য ব্যগ্র, এই ব্যগ্রতাই তাহার সবুজের নেশা ও ঝড়ের মধ্যে তড়িতের বেগ। নবীন নূতন সৃষ্টির দ্বারা ধরণীকে সুন্দরতর সমৃদ্ধতর করিয়া তুলে—ইহাকেই কবি বলিতেছেন যে তুমি নিজের গলার মালা দিয়া বসন্তকে সুন্দরতর করো ও সুসজ্জিত করো। বসন্তের আগমনে পৃথিবী নবীন শোভায় ভূষিত হয়। নবীনের চেষ্টাতেও নূতনের আবির্ভাব হয় নবীন প্রকৃতির সৌন্দর্য্যকেও সুন্দরতর করিয়া তুলে।

রবীন্দ্রনাথ এই রকম কথা অনেক জায়গায় বলিয়াছেন।

তুলনীয়—

"ভুলে যাই জীবনের ধর্ম তার নূতনত্ব; যা তার অপ্রাণের প্রাচীন আবরণ তাকেই মনে করি চিরকালের। সেই বোঝার ভারে আনে ক্লান্তি, আনে নিশ্চেষ্টতা। তাই মাঝে মাঝে স্মরণ করতে হবে সেই প্রাণের নির্মল নবীন রূপ, যে প্রাণ বারে বারে পুরাতনের মলিনতা বর্জন ক'রে নব জন্মে আপন কক্ষপথ প্রদক্ষিণের নূতন প্রারম্ভে প্রবৃত্ত হয়। জড় বস্তুর কোনো লক্ষ্য নেই। কিন্তু জীবনযাত্রা মানব-জীবনের একটা ব্রত,—নিজেকে সম্পূর্ণ করার ব্রত।......মনুষ্যত্বের ব্রত যদি আমরা গ্রহণ ক'রে থাকি...আনতে হবে মনে নবজীবনের নবপ্রারম্ভতা। সেই নব-প্রারম্ভতার বেগ যদি দুর্বল হয় তা হলেই জয় হয় মৃত্যুর। চিত্ত যখন আপনাকে নূতন ক'রে উপলব্ধি করবার শক্তি হারায় তখনই জরা তাকে অধিকার করে।"

—১লা বৈশাখ, প্রবাসী ১৩৪০ জ্যৈষ্ঠ, ১৬২ পৃষ্ঠা।

দেশী বিদেশী বহু কবিও যৌবনের ও নবীনতার জয় ঘোষণা করিয়াছেন। যথা,

বালপনা গল সেলী বনৈহৌ।—কবীর

আমি আমার তারুণ্যকে ফকীরের মালা করিয়া কণ্ঠে ধারণ করিয়াছি।

Crabbed Age and Youth
Cannot live together:
Youth is full of pleasance,
Age is full of care;
Youth like summer morn,
Age like winter weather.
Youth like summer brave.
Age like winter bare:
Youth is full of sport,
Age's breath is short.
Youth is nimble, Age is lame:
Youth is hot and bold,
Age is weak and cold.
Youth is wild, and Age is tame:
Age, I do abhor thee,
Youth, I do adore thee. —Shakespeare.

If thou regret'st thy youth, why live?
The land of honourable death
Is here:——up to the field and give
Away thy breath!
Seek out——less often sought than found
——A soldier's grave, for thee the best;
Then look around, and choose thy ground,
And take thy rest. —Byron.

The end of life is not comfort, but divine being.

—A. E. (George Russel), also Emile Verhaeren of Belgium.

The whole secret of remaining young is to keep an enthusiasm burning within, by keeping a harmony in the soul.

—Amiel's Journal, The Secret of Perpetual Youth.

জীবনে বিপদ্ বরণ করিয়া জীবনকে জয়ী করিবার কথাও অনেক কবি বলিয়া গিয়াছেন ও বলিতেছেন—

Be thou, Spirit fierce,
My spirit! Be thou me, impetuous one,
Drive my dead thoughts over the universe,
Like withered leaves, to quicken new birth;
* * * *
Be my lips to unawakened earth
The trumpet of a prophecy! O Wind,
If winter comes, can Spring be far behind!

—Shelley, *Ode to the West Wind.*

Then, welcome each rebuff
That turns earth's smoothness rough,
Each sting that bids nor sit nor stand but go!
Be our joys three-parts pain!
Strive, and hold cheap the strain;
Learn, nor account the pang; dare, never grudge the throe!

—Robert Browning, *Rabbi Ben Ezra.*

Knowing the possible, see thou try beyond it
Into impossible things, unlikely ends;
And thou shalt find thy knowledgeable desire
Grow large as all the regions of thy soul.

—Lascelles Abercrombie, *The sale of St. Thomas.*

Never was mine that easy faithless hope
Which makes all life one flowery slope
To heaven! Mine be the vast assaults of doom.
Trumpets, defeats, red anguish, age-long strife,
Ten million deaths, ten million gates to life,
The insurgent heart that bursts the tomb.

—Alfred Noyes, *The Mystic.*

দ্রষ্টব্য :— Sir Arthur Quiller-Couch—*Studies in Literature.* সেখানে তিনি Meredith সম্বন্ধে বলিতে গিয়া বলিতেছেন —"No poet, no thinker, growing old, had ever a more fearless trust in youth; none has ever had a truer sense of our duty to it:

'Keep the young generations in hail,
And bequeath them no tumbled house.'

২ নম্বর

এবার যে ঐ এল সর্বনেশে গো !

১৩২৯ সালের শ্রাবণ মাসের সবুজপত্রে এই কবিতাটি 'সর্বনেশে' শিরোনামায় প্রকাশিত হয়। নবীনকে কবি বলিতেছেন সর্বনেশে কারণ সে পুরাতনের প্রতি মমতা দেখায় না, সে পুরাতনকে ধ্বংস করিয়া লোপ করিয়া দিতে চায়। কিন্তু সর্বনেশেকে ভয় করিবার কোনো কারণও নাই ; সর্বনেশে গতিই বন্ধন হইতে মুক্তি দিতে সমর্থ।

দ্রষ্টব্য—১ নম্বরের ব্যাখ্যা।

৩ নম্বর

আমরা চলি সমুখ পানে

আমরা পশ্চাতের দিকে দৃক্‌পাত না করিয়া অনবরত সম্মুখের দিকে ধাবিত হইব, এবং সম্মুখে চলিতে পারাতেই মুক্ত—সম্মুখধাবনে আমরা মৃত্যুকে উত্তীর্ণ হইয়া অমৃতে গিয়া পৌঁছিব।

শঙ্খ

এই কবিতাটি প্রথমে ১৩২১ সালের সবুজপত্রের আষাঢ় সংখ্যায় প্রকাশিত হয়। শঙ্খ মঙ্গলকর্মের সময়ে বাজানো হয়, যুদ্ধে যোদ্ধাদের উদ্বোধিত করিবার জন্য বাজানো হইত। এই শঙ্খ হইতেছে বিধাতার আহ্বান—ইহার ধ্বনি যুদ্ধের আহ্বান ঘোষণা করে—সেই যুদ্ধ অকল্যাণের সঙ্গে, পাপের সঙ্গে, অন্যায়ের সঙ্গে। উদাসীনভাবে এই শঙ্খকে মাটিতে পড়িয়া থাকিতে দিতে নাই। সময় আসিলেই দুঃখ-স্বীকারের আদেশ বহন করিতে হইবে ও প্রচার করিতে হইবে। শঙ্খের শব্দে সকল মানুষকে উদ্বুদ্ধ করিয়া অসত্যের সঙ্গে

যুদ্ধের জন্য মিলিত হইতে হইবে এবং নব যুগকে মঙ্গল সহ আহ্বান করিয়া আনিতে হইবে—এই কথাই পাঞ্চজন্য শঙ্খে সতত ধ্বনিত ও উদ্‌ঘোষিত হইতেছে। গতির বাণীই অভয়শঙ্খ ঘোষণা করে। তাহার ধ্বনি কানে গেলে বিরাম-বিশ্রাম ঘুচিয়া যায়, একটা গতির উন্মাদনায় চিত্ত চঞ্চল হইয়া উঠে। এই শঙ্খ অশান্তি মহারাজের জয় ও 'আগমন' ঘোষণা করে।

চলেছিলাম পূজার ঘরে ইত্যাদি—আমার জীবন-সন্ধ্যায় মনে হইয়াছিল যে শান্ত হইয়া নিরুপদ্রবে পূজা-অর্চনা করিয়া বাকী দিন কয়টা কাটাইয়া দিব।

রক্তজবা ও রজনীগন্ধা—যখন জীবনসন্ধ্যায় শান্তির স্নিগ্ধ রজনীগন্ধা চয়ন করিবার জন্য উদ্‌যোগ করিতেছিলাম তখন সংগ্রামের উপযোগী রক্তজবার মালা গাঁথিবার তাগাদা ও আদেশ আসিয়া উপস্থিত।

ডাকুল বুঝি নীরব তব শঙ্খ—ক্ষুদ্রতার গণ্ডী উত্তীর্ণ হইয়া বিরাট্ বিশ্বযজ্ঞে যোগ দিবার আহ্বান বুঝি আসিল।

যৌবনেরি পরশমণি—সকল জড়তাকে দূর করিয়া ফেলিবার যে শক্তি যৌবনে আছে তাহাই আমার মনে সঞ্চার করিয়া দাও। দুগ্ধ মন্থন করিলে যেমন নবনীত উৎপন্ন হয়, তেমনি জীবন-সংঘাতের ভিতর হইতে মঙ্গল আহরণ করিবার জন্য নবীনদিগকে সকল প্রকার গণ্ডী ছাড়িয়া বাহির হইতে হইবে। সঙ্কীর্ণ পরিবেষ্টন হইতে তাহাদিগকে মুক্তি পাইতে হইবে ও অপরদের মুক্তি দিতে হইবে।

অন্ধ—জীবনের উদ্দেশ্য-সম্বন্ধে উদাসীন।

আতঙ্ক—অভ্যস্ত পুরাতন বর্জন করিয়া নূতনের দিকে অভিসারের মধ্যে যে সাহস ও ভয় আছে তাহাই তাহাদিগকে প্রোৎসাহিত করিয়া লইয়া যাইবে।

আরাম চেয়ে পেলেম শুধু লজ্জা—তুলনীয় খেয়া পুস্তকের 'দান' কবিতা।

ব্যাঘাত আসুক নব নব—শান্তি হয় বন্ধন, যদি তাহাকে অশান্তির ভিতর হইতে লাভ করা না যায়। রুদ্রের রৌদ্র মূর্তিকে বাদ দিয়া তাঁহার যে প্রসন্নতা, অশান্তিকে অস্বীকার করিয়া যে শান্তি, তাহা তো জড়ত্বের নামান্তর, তাহা স্বপ্ন, তাহা সত্য নহে।

He (Saint John) said, I am the voice of one crying in the wilderness, Make straight the way of the Lord.

The Bible, St. John, I. 23.

পাড়ি

৫ নম্বর

এই কবিতাটি-সম্বন্ধে স্বয়ং কবি বলিয়াছিলেন—

"এই কবিতা যুদ্ধ আরম্ভ হবার পরে লেখা।......যে সময়ে যুদ্ধ সুরু হয়েছিল তার চিন্তা আমার মনে কাজ করছিল। তাকে আমার চিত্ত এই

ভাবে দেখেছে—যুদ্ধের সমুদ্র পার হ'য়ে নাবিক আস্‌ছেন, ঝড়ে তাঁর নৌকার পাল তুলে দিয়ে। তিনি প্রমত্ত সাগর বেয়ে এই দুর্দিনে কেন আস্‌ছেন? কোন্ বড় সম্পদ্ নিয়ে এবং কার জন্য তিনি আস্‌ছেন? এই কবিতায় দুটি প্রশ্নের কথা আমি বলেছি। নাবিক যে সম্পদ্ নিয়ে আসছেন তা কি এবং নাবিক কোন্ ঘাটে উত্তীর্ণ হবেন? যুদ্ধের সাগর যিনি পার হ'য়ে আস্‌ছেন তিনি কোন্ দেশে কার হাতে তাঁর সম্পদ্‌কে দান করবেন?"

১ম শ্লোক—যখন চারিদিকে গভীর রাত্রি, সাগর মত্ত, ঝড় বহিতেছে, এমন দুর্দিনে নাবিকের কি ভাবনা ছিল যে এমন সময়ে তিনি কূল ছাড়িলেন? কি সঙ্কল্প তাঁহার মনে ছিল যাহার জন্য পরম দুর্দিনে নিয়মের দ্বারা সংযত লোকসমাজের কূলকে ত্যাগ করিয়া তিনি মত্ত সাগর পাড়ি দিতে বাহির হইয়া পড়িয়াছেন?

২য় শ্লোকে এই প্রশ্নের উত্তরের আভাস আছে। সেই আভাসটা এই যে—কোনো একটি গৌরবহীনা পূজারিণী এক জায়গায় অজানা অঙ্গনে পূজার দীপ জ্বালাইয়া পথ চাহিয়া বসিয়া আছে, যুদ্ধের সাগর পার হইয়া নাবিক সেই পূজা গ্রহণ করিবার জন্য এই প্রচণ্ড ঝড়ে নৌকা ছাড়িয়াছেন। যে অঙ্গনে কাহারো দৃষ্টি পড়ে না, সেখানে তাঁহার অভ্যর্থনার আয়োজন হইয়াছে। কিন্তু তাঁহাকে আসিতে হইলে যুদ্ধের ভিতর দিয়া আসিতে হইবে।

ঝড়ের মধ্যে এই বিরাগীর, ঘরছাড়ার এ কী সন্ধান? কত না জানি মণিমাণিক্যের বোঝা লইয়া তিনি নৌকা বাহিয়া আসিতেছেন! বুঝি কোনো বড় রাজধানীতে তিনি ধনসম্পদ্ লইয়া উত্তীর্ণ হইবেন। কিন্তু নাবিকের হাতে যে দেখি একটি মাত্র রজনীগন্ধার মঞ্জরী। তিনি যাঁহাকে খুঁজিতেছেন তাঁহাকে তো তবে মণিমাণিক্য দিবেন না। তিনি অজ্ঞাত অঙ্গনে এক বিরহিণী অগৌরবার কাছে সেই মঞ্জরী লইয়া আসিতেছেন। এরই জন্য এত কাণ্ড? হাঁ, এই টুকুরই জন্য নাবিকের নিষ্ক্রমণ।

যে রজনীগন্ধার সৌরভ অন্ধকারে বিস্তৃত হয়, তা সেই অচেনা অঙ্গনের উপযুক্ত। দিনের বেলা সেই সৌরভ সঙ্গোপনে থাকে, কিন্তু রাত্রির অন্ধকারে তাহার সৌন্দর্যের প্রকাশ। সেই সৌরভময় ফুল লইয়া নাবিক বাহির হইয়াছেন। নূতন প্রভাত আসন্ন, সেই নব-প্রভাতের উপহার লইয়া নবীন যিনি তিনি আসিতেছেন। যে তপস্বিনী পথের পাশে নূতন প্রভাতে তাঁহাকে অভ্যর্থনা করিতে অপেক্ষা করিতেছে তাহাকে সমাদরের মালা পরাইয়া দিয়ে।

তিনি বাহির হইয়াছেন। সে রাজপথের পাশে রহিয়াছে; তাহার লোককে দেখাইবার মতো ঘর-দুয়ার নাই—তাহারই জন্য নাবিক অসময়ে সকলের অগোচরে বাহির হইয়াছেন। সেই তপস্বিনীর রুক্ষ অলক উড়িতেছে, পলক সিক্ত হইয়াছে, তার ঘরের ভিত ভাঙিয়া গিয়াছে, সেই ভিতের ভিতর দিয়া বাতাস হাঁকিয়া চলিয়াছে। বর্ষার বাতাসে তাহার প্রদীপ কম্পিত হইতেছে—ঘরের মধ্যে ছায়া ছড়াইয়া দিয়া তাহার দৈন্য-দশার মধ্যে ভয়ে ভয়ে সে রাত কাটাইতেছে, তাহার আশঙ্কা হইতেছে যে বর্ষার বাতাসে তাহার কম্পমান দীপশিখা কখন নিবিয়া যাইবে। সে এক প্রান্তে বসিয়া আছে তাহার নাম কেহ জানে না। কিন্তু তাহারই কাছে নাবিক আসিতেছেন।

আমার উৎকণ্ঠিত নাবিক আজকের দিনেই যে বাহির হইয়াছেন তাহা নয়! কত শতাব্দী হইল তাঁহার যাত্রা সুরু হইয়াছে, কত দিন হইতে কত কাল-সমুদ্র পার হইয়া তিনি আসিতেছেন। এখনও রাত্রির অবসান হয় নাই, প্রভাত হইতে বিলম্ব আছে। যখন তিনি আসিবেন তখন কোনো সমারোহ হইবে না, তাঁহার আগমন কেহ জানিতেই পারিবে না। তিনি আসিলে অন্ধকার কাটিয়া গিয়া আলোকে ঘর ভরিয়া যাইবে। নূতন সম্পদ্ কিছু পাওয়া যাইবে না, কেবল দৈন্য ঘুচিয়া যাইবে। তপস্বিনী যে দারিদ্র্য বহন করিয়াছিল তাহা ধন্য হইয়া উঠিবে, শূন্য পাত্র পূর্ণ হইয়া যাইবে। তাহার মনে অনেক দিন ধরিয়া সন্দেহ জাগিয়াছিল, সে ভাবিয়াছিল যে তাহার প্রদীপ জ্বালাইয়া প্রতীক্ষা করা ব্যর্থ হইল বুঝি, কিন্তু তাহার সেই সংশয় ঘুচিয়া যাইবে। তখন তর্কের উত্তর ভাষায় মিলিবে না, সে প্রশ্নের মীমাংসা নীরবে হইয়া যাইবে।

ইতিহাসের বড় বড় বিপ্লবের ভিতর দিয়া ইতিহাস-বিধাতা সাগর পার হইয়া পুরস্কারের বরমাল্য লইয়া আসিতেছেন। সেই মাল্য কে পাইবে? আজ যাহারা বলিষ্ঠ শক্তিবান্ ধনী, তাহাদের জন্য তিনি আসিতেছেন না। তাহারা যে ঐশ্বর্য্যের জন্য লালায়িত; কিন্তু তিনি তো ধনরত্নের বোঝা লইয়া আসিতেছেন না। তিনি প্রেমের শান্তি বহন করিয়া, সৌন্দর্যের মালা হাতে করিয়া আসিতেছেন। আজ তো শক্তিমানেরা সেই মাল্যের জন্য অপেক্ষা করিয়া বসিয়া নাই, তাহারা যে রাজশক্তি চাহিয়াছে। কিন্তু যে অচেনা তপস্বিনী আপন অঙ্গনে বসিয়া পূজা করিতেছে, আমার নাবিক রজনীগন্ধার

মালা তাহারই জন্য লইয়া আসিতেছেন। সে ভয়ে ভয়ে রাত কাটাইতেছে, মনে করিতেছে তাহার অজ্ঞাত অঙ্গনে পথিকের পদচিহ্ন বুঝি পড়িল না। সে যখন মাল্যোপহার পাইয়া ধন্যা হইয়া যাইবে তখন সে বলিবে—তোমার হাতের প্রেমের মালা চাহিয়াছিলাম, ইহার বেশি কিছু আমি আকাঙ্ক্ষা করি নাই। ধনধান্যে আমার স্পৃহা ছিল না। এই রিক্ততার সাধনা যে করিয়াছে, এই কথা যে বলিতে পারিয়াছে, সে দুর্বল অপরিচিত দরিদ্র হোক, নাবিক সেই অকিঞ্চনের গলায় মালা পরাইয়া দিবেন। ইহারই জন্য এত কাণ্ড, এত যুগযুগান্তরের অভিসার! হাঁ ইহারই জন্য। সকল ইতিহাসের অন্তর্নিহিত বাণী এইই।

"গত মহাযুদ্ধে এক দল লোক অপেক্ষা ক'রে বসেছিল যে যুদ্ধাবসানে তারা শক্তির অধিকারী হবে। কিন্তু আরেক দল লোক পৃথিবীতে প্রেমের রাজ্য চেয়েছিল; তারা অখ্যাতনামা তপস্বী। পৃথিবীর এই বিষম কাণ্ডকারখানার মধ্যে তারা সমস্ত ইতিহাসের গভীর ও চরম সার্থকতাকে উপলব্ধি করেছে, বিশ্বাস করেছে। বিশ্বে যারা পরাজিত অপমানিত, তারা মনুষ্যত্বের চরম দানের পথ চেয়েই আপনাকে সান্ত্বনা দিতে পারে। সমস্ত জগতের ইতিহাসের গতি তাদের মঙ্গলের আদর্শের বিপরীত পথে চলেছে, কিন্তু তবুও যদি তারা প্রদীপ না নেবায়, তপস্যায় যদি ক্লান্ত না হয়, অপেক্ষা যদি ক'রে থাকে, তবে তখন সেই নাবিক এসে তাদের ঘাটে তরী লাগাবেন আর তাদের শূন্যতাকে পূর্ণ ক'রে দেবেন।"

শান্তিনিকেতন, আষাঢ় ১৩২৯, আচার্য রবীন্দ্রনাথের অধ্যাপনা
প্রদ্যোতকুমার সেন কর্তৃক অনুলিখিত।

কোনো বিশেষ যুদ্ধ বা ব্যাপারের সঙ্গে যুক্ত না করিয়া সহজ সাধারণ ভাবে এই কবিতার অর্থ গ্রহণ করা যাইতে পারে।—

গতি অনন্তের প্রতীক। গতির আহ্বানবাণী ঝড়ের ও উত্তাল ঢেউয়ের ভিতর দিয়া আমাদের কাছে আসিয়া পৌছায়। গতির নিমন্ত্রণ আমাদের নিকট উপস্থিত হইয়া আমাদিগকে অজানা কূলের দিকে ভাসাইয়া লইয়া যায়।

এই যে অহরহ নূতনের আমন্ত্রণ আসিতেছে, তাহাকে কে স্বীকার করিয়া অকূলে ভাসিবে তাহা এখন কাহারও জানা নাই। যে এখন অখ্যাত অজ্ঞাত হইয়া আছে, সেই হয়তো উহাকে স্বীকার করিবে এবং তাহার দ্বারা বিখ্যাত ও গৌরবান্বিত হইয়া উঠিবে।

এই যে আহ্বান আসিতেছে তাহার অনুসরণ করিলে ধনসম্পত্তি আর রহিবে

না। কেবল আত্মপ্রসাদ মাত্র ইহার পুরস্কার—ইহাই তাহার প্রিয়ের হাতের রজনীগন্ধার মঞ্জরী।

যাহার জন্য অকস্মাৎ এই নাবিক যাত্রা করিয়া বাহির হইয়াছেন সে তো অতি অখ্যাত, কেহই তাহাকে এখনও চিনে না, সে পথপ্রান্তবাসী। কিন্তু তাহাকেই বিখ্যাত করিয়া তুলিবার জন্য নাবিকের এই অভিযান ও অভিসার।

এই নেয়ের আহ্বান তাহাকে যে বরণ করিয়া লইবে, তাহার সকল দৈন্য ধ্বস্ত হইয়া যাইবে, এবং তাহার আত্ম-অবিশ্বাস চিরকালের জন্য ঘুচিয়া যাইবে।

ছবি

৬ নম্বর

এই কবিতাটি ১৩২১ সালের অগ্রহায়ণ মাসের সবুজপত্রে প্রকাশিত হয়।

ছবি-সম্বন্ধে রবীন্দ্রনাথ নিজে কি বোঝেন তাহা তিনি এক প্রসঙ্গে ব্যক্ত করিয়াছেন। তাহা জানিলে, এই কবিতা বোঝা সহজ হইবে বলিয়া তাহা অগ্রে উদ্ধৃত করিতেছি।

"ছবি বল্‌তে আমি কি বুঝি সেই কথাটাই খোলসা ক'রে বল্‌তে চাই।"

"মোহের কুয়াশায়, অভ্যাসের আবরণে সমস্ত মন দিয়ে জগৎটাকে 'আছে' বলে অভ্যর্থনা ক'রে নেবার আমরা না পাই অবকাশ, না পাই শক্তি। সেই জন্য জীবনের অধিকাংশ সময়ই আমরা নিখিলকে পাশ কাটিয়েই চলেছি। সত্তার বিশুদ্ধ আনন্দ থেকে বঞ্চিত হ'য়েই মারা গেলুম।"

"ছবি, পাশ কাটিয়ে যেতে, আমাদের নিষেধ করে। যদি সে জোর গলায় বল্‌তে পারে 'চেয়ে দেখ', তা হ'লেই মন স্বপ্ন থেকে সত্যের মধ্যে জেগে ওঠে। কেন-না যা আছে তাই সৎ, যেখানেই সমস্ত মন দিয়ে তাকে অনুভব করি সেখানেই সত্যের স্পর্শ পাই।"

"কেউ না ভেবে বসেন, যা চোখে ধরা পড়ে তাই সত্য। সত্যের ব্যাপ্তি অতীতে ভবিষ্যতে, দৃষ্ট অদৃষ্টে, বাহিরে অন্তরে। আর্টিসট্ সত্যের সেই পূর্ণতা যে পরিমাণে সাম্‌নে ধর্‌তে পারে, 'আছে' ব'লে মনের সায় সেই পরিমাণে প্রবল, সেই পরিমাণে স্থায়ী হয়, তাতে আমাদের ঔৎসুক্য সেই পরিমাণে অক্লান্ত, আনন্দ সেই পরিমাণে গভীর হ'য়ে ওঠে।

"আসল কথা, সত্যকে উপলব্ধির পূর্ণতার সঙ্গে সঙ্গে একটা অনুভূতি আছে, সেই অনুভূতিকেই আমরা সুন্দরের অনুভূতি বলি। গোলাপ-ফুলকে সুন্দর বলি এই জন্যেই যে,

গোলাপ ফুলের দিকে আমার মন যেমন ক'রে চেয়ে দেখে, ইটের ঢেলার দিকে তেমন ক'রে চায় না। গোলাপ-ফুল আমার কাছে তার ছন্দে রূপে সহজেই সত্তা-রহস্যের কী একটা নিবিড় পরিচয় দেয়। সে কোনো বাধা দেয় না। প্রতিদিন হাজার জিনিষকে যা না বলি, তাকে তাই বলি—বলি, তুমি আছ।

"একদিন আমার মালী ফুলদানী থেকে বাসি ফুল ফেলে দেবার জন্যে যখন হাত বাড়ালো, বৈষ্ণবী তখন ব্যথিত হ'য়ে ব'লে উঠল—লিখ্‌তে পড়্‌তেই তোমার সমস্ত মন লেগে আছে, তুমি তো দেখ্‌তে পাও না। তখনি চম্‌কে উঠে আমার মনে প'ড়ে গেল—হাঁ, তাই তো বটে। ঐ 'বাসি' বলে একটা অভ্যস্ত কথার আড়ালে ফুলের সত্যকে আমি আর সম্পূর্ণ দেখ্‌তে পাইনে। যে আছে সেও আমার কাছে নেই,—নিতান্তই অকারণে, সত্য থেকে, সুতরাং আনন্দ থেকে, বঞ্চিত হলুম। বৈষ্ণবী সেই বাসি ফুলগুলিকে অঞ্চলের মধ্যে সংগ্রহ ক'রে নিয়ে চ'লে গেল।

"আর্টিসট্ তেমনি ক'রে আমাদের চমক লাগিয়ে দিক। তার ছবি বিশ্বের দিকে অঙ্গুলি নির্দেশ ক'রে বলুক, 'ঐ দেখ আছে'। সুন্দর ব'লেই আছে তা নয়, আছে ব'লেই সুন্দর।

"সত্তাকে সকলের চেয়ে অব্যবহিত ও সুস্পষ্ট ক'রে অনুভব করি আমার নিজের মধ্যে 'আমি' এই ধ্বনিটি নিয়তই আমার মধ্যে বাজ্‌ছে। তেমনি স্পষ্ট ক'রে যেখানেই আমরা বল্‌তে পারি 'আছে', সেখানেই তার সঙ্গে কেবল আমার ব্যবহারের অগভীর মিল নয়, আত্মার গভীরতম মিল হয়। আছি-অনুভূতিতে আমার যে-আনন্দ, তাঁর মানে এ নয় যে, আমি মাসে হাজার টাকা রোজগার করি বা হাজার লোকে আমাকে বাহবা দেয়। তার মানে হচ্ছে এই যে, আমি যে সত্য এটা আমার কাছে নিঃসংশয়, তর্ক-করা সিদ্ধান্তের দ্বারা নয়, নির্বিচার একান্ত উপলব্ধির দ্বারা। বিশ্বে যেখানেই তেমনি একান্ত ভাবে 'আছে' এই উপলব্ধি করি, সেখানে আমার সত্তার আনন্দ বিস্তীর্ণ হয়। সত্যের ঐক্যকে সেখানে ব্যাপক ক'রে জানি।"—রবীন্দ্রনাথ, প্রবাসী, ১৩৩৩ ফাল্গুন, ৬২১ পৃষ্ঠা।

বের্গ্‌সঁর প্রধান কথা এই যে—গতির ভিতরেই সত্যকে খুঁজিতে হইবে, নিস্তব্ধতার মধ্যে সত্য নাই। তাই তিনি বলিয়াছেন যে—intellectual concept-এর মধ্যে সত্যকে পাওয়া অসম্ভব। রবীন্দ্রনাথও দেখাইয়াছেন যে—এক দিকে আছে সত্য, অপর দিকে আছে কেবল ছবি—একটা intellectual concept মাত্র, যেমন রাক্ষস যক্ষ কিন্নর, dragon unicorn ইত্যাদি। কিন্তু সেই ছবি সত্য হইয়া উঠে যখন তাহার সঙ্গে আমার জীবনের অনুভূতির মিলন ও সংযোগ ঘটে, তখন সে আর ছবি থাকে না।

এই জন্য একজন বিখ্যাত ইংরেজ লেখক লিখিয়াছেন—

The drama of lines and curves presented by the humblest design on bowl or mat partakes indeed of the strange immortality of the youths and maidens on the Grecian Urn, to whom Keats says:

'Fond lover, never, never canst thou kiss,
Though winning near the goal. Yet do not grieve;
She cannot fade; though thou hast not thy bliss,
For ever wilt thou love, and she be fair.'

—Vernon Lee, *The Beautiful.*

১ম স্ট্যাঞ্জা

"ঐ যে আকাশের নক্ষত্র ছায়াপথে একত্র নীড় রচনা ক'রে রয়েছে, ঐ যে গ্রহ উপগ্রহ সূর্য চন্দ্র অন্ধকারের মধ্য দিয়ে আলো হাতে তীর্থযাত্রায় চলেছে, তুমি কি তাদের মতো সত্য নও? আজ কি তুমি কেবল চিত্র-রূপে রয়েছ? ছবি দেখে এই প্রশ্ন কবির অন্তরে উদিত হলো।" এই ছবি খুব সম্ভব কবির পত্নীর। তিনি যখন বুদ্ধগয়া হইতে এলাহাবাদে যান, তখন সেখানে তাঁহার ভাগিনেয় সত্যপ্রকাশ গঙ্গোপাধ্যায়ের জামাতা প্যারীলাল বন্দ্যোপাধ্যায়ের বাড়ীতে গিয়াছিলেন; সেইখানে বোধ হয় কবি নিজের পত্নীর প্রতিকৃতি দেখিয়া এই কবিতা রচনা করিয়াছিলেন।

২য় স্ট্যাঞ্জা

"জগতের যা-কিছু সবই চলার পথে রয়েছে। তুমি কি কেবল চিরচঞ্চলের মাঝখানে শান্ত নির্বিকার হ'য়ে থাকবে? জগৎ-যাত্রার পথে যে-সব পথিক বেরিয়েছে তাদের সঙ্গে কি তোমার যোগ নেই? তুমি সকল পথিকের মাঝখানেই আছ অথচ তাদের থেকে দূরে আছ; তারা চঞ্চলতায় গতি পেয়েছে, তুমি স্তব্ধতায় বন্ধ।

"এই যে ধরণীর ধূলি, এ অতি তুচ্ছ, কিন্তু এও ধরণীর বস্ত্রাঞ্চল-রূপে বাতাসে উড়ছে। এই ধূলিরও কত বিকার, কত পরিবর্তন, কত গতির লীলা। বৈশাখে ফুল ফোটে না, শুকিয়ে ঝ'রে যায়, যখন ধরণী বিধবার মতো তার আভরণ ত্যাগ করে, তখন সেই তপস্বিনীকে এই ধূলি গৈরিক বস্ত্র পরিয়ে দেয়। আবার যখন বসন্তের মিলন-উষা আসে, তখন সে ধরণীর গায়ে পত্রলেখা এঁকে দেয়। এই যে তৃণ বিশ্বের পায়ের তলায় আছে, এরা অস্থির, এরাও অঙ্কুরিত বর্দ্ধিত আন্দোলিত হচ্ছে, উজ্জ্বল হচ্ছে ও ম্লান হচ্ছে। এদের মধ্যে নানা বিকাশ ও পরিবর্তন আছে ব'লেই এরা সত্য। তুমিই কেবল ছবি, বরাবর এক ভাবে স্তব্ধ বদ্ধ স্থির হ'য়ে আছ।

৩য় স্ট্যাঞ্জা

"আজ তুমি ছবিতে আবদ্ধ আছ বটে, কিন্তু তুমিও তো একদিন পথে চলতে। নিঃশ্বাসে তোমার বক্ষ দুলে উঠ্‌ত। তোমার প্রাণ তোমার চলায় ফেরায় সুখে দুঃখে নব নূতন নূতন ছন্দ রচনা করেছে। বিশ্বের ছন্দে প্রাণের ছন্দ তাল রক্ষা করে [illegible] সে আজ কতদিনের কথা! তখন আমার বিশ্বের জগৎ অর্থাৎ ব্যক্তিগত ভাবে

যে জগৎ বিশেষ ভাবে আমারই, তাতে তুমি কত গভীররূপে সত্য ছিলে। এই জগতের সুন্দর জিনিস যা-কিছু আমি ভালোবেসেছি তার মধ্যে তোমার নিজের নামটি তুমি যেন লিখে দিয়েছিলে, সুন্দর প্রিয় সামগ্রীকে তুমিই তোমার ভালবাসা দিয়ে মাধুর্যমণ্ডিত করেছিলে। তুমি নিখিলকে রসময় ক'রে তুলেছিলে—তোমার মাধুর্যের তুলিতে বিশ্ব সুন্দর মধু হ'য়ে প্রকাশ পেয়েছিল। আনন্দময় বার্তাকে তুমি মুর্তিমতি বাণীরূপে আমার কাছে বহন ক'রে এনেছিলে।

৪র্থ স্ট্যাঞ্জা

"আমরা দুজনে এক সঙ্গে যাত্রা ক'রে চলেছিলাম। হঠাৎ অনন্ত-রাত্রি অর্থাৎ মৃত্যু তোমাকে অন্তরালে নিয়ে গেল। আমি চল্‌তে লাগ্‌লাম, তুমি নিশ্চল হ'যে গেলে। দিন ও রাত্রি আমার সুখদুঃখ বহন ক'রে নিয়ে চল্‌ল, আমার চলা আর থাম্‌ল না। আকাশের সাগরে আলো-অন্ধকারের জোয়ার ভাঁটার পালা চলেছে। আমি পথ দিয়ে যাত্রা করেছি, সেই পথের দুধারে ফুলের দল চলেছে—কদম্ব-শিউলি নাগকেশর-করবী, নানা ঋতুতে এদের উৎসবের যাত্রা। আমার দুরন্ত জীবন-নির্ঝর মৃত্যুর মধ্য দিয়ে ছুটেছে, -অর্থাৎ প্রতিমুহূর্ত ধ্বংস হ'তে হ'তেই তারা প্রাণের পথ কেটে দিচ্ছে। তাই মৃত্যুই কিঙ্কিণী বাজিয়ে জীবনকে শব্দিত করছে, নানা দিকে প্রসারিত ও প্রবাহিত ক'রে দিচ্ছে। আজ জানি না পরক্ষণে কি ঘটবে, তথাপি অজানা তার বাঁশি বাজিয়ে আমাকে দূর থেকে দূরে ডেকে চলেছে, আমাকে ঘরছাড়া ক'রে নিয়ে চলেছে। আমি প্রতিদিনের চলাকে ভালোবাসি বলেই জীবনকে ভালোবাসি। অজানার সুর শুনে চলা আমার ভালো লাগে। তুমি আমার সঙ্গে চলেছিল, হঠাৎ এক সময়ে একেবারে পথ থেকে নেমে গেলে। আমরা ক্রমাগত চলেছি,—আর তুমি হঠাৎ এক জায়গায় দাঁড়ালে, সেখানেই স্তম্ভিত হ'য়ে ছবি হ'য়ে রইলে।

৫ম স্ট্যাঞ্জা

"আমার হঠাৎ মনে হলো, এ কী প্রলাপ বকছি! তুমি কি কেবল ছবি? না, না, তুমি তো শুধু ছবি নও! কে বলে তুমি কেবল রেখার বন্ধনে বদ্ধ হয়ে রয়েছ? তোমার মধ্যে যে সৃষ্টির আনন্দ প্রকাশিত হয়েছিল ও মূর্তি গ্রহণ করেছিল, তা যদি এখনও না থাকত তবে এই নদীর আনন্দবেগ থাক্‌ত না। তোমার আনন্দ যে-বাণীকে বহন ক'রে এনেছিল তা তো থামেনি। বিশ্বের যে-অন্তরের বার্তাকে তুমি এনেছিলে, তা চিরকাল ধ'রে নব নব রূপে আপনাকে প্রকাশ করছে। তা যদি না হতো, তবে মেঘের এই স্বর্ণচিহ্ন থাক্‌ত না। তোমার চিক্কণ কেশের যে ছায়া, তা বিশ্বের নানা রূপের মধ্যে রয়েছে। তা যদি বিশ্ব থেকে মিলিয়ে যেত তবে সৃষ্টির আনন্দের মধ্যেই ক্ষতি ঘটত, সেই সঙ্গে মাধবী-বনের মর্মরায়মাণ ছায়া লুপ্ত হ'য়ে স্বপ্নপ্রায় হ'য়ে যেত।

"তুমি আমার সাম্‌নে নেই, কিন্তু জীবনের মূলে আমার সঙ্গে সম্মিলিত হ'য়ে আছ, তুমি আর পৃথক্ হ'য়ে থাক্‌লে না। তোমাকে আমি যে ভুলেছিলুম, সে ভুল বাইরের। তুমি আমার

জীবনের চৈতন্যলোক থেকে মগ্নচৈতন্যের জীবনে চ'লে গেছ। আমি ভুলে গিয়েছিলাম যে তুমি আমার অন্তরের গভীর দেশে গেছ। আকাশের তারা রাত্রিকে বেষ্টন ক'রে আছে, আমরা কত সময়েই তাদের কথা সচেতনভাবে ভাবি না, কিন্তু রাত্রির অন্ধকারে চলার মধ্যে তাদের দিকে চেয়ে না দেখ্‌লেও তাদের সঙ্গীতে ও আবন্দে আমাদের মন অলক্ষ্যে পূর্ণ হ'য়ে যায়। তেমনি পথে চল্‌তে চল্‌তে ভাব্‌ছি যে ফুলকে ভুলেছি, কারণ সচেতনভাবে তাকে চোখে দেখ্‌ছি না। কিন্তু আমার যাত্রাপথে সেই ফুল প্রাণের নিঃশ্বাস-বায়ুকে সুমধুর কর্‌ছে, ভুলের শূন্যতাকে পূর্ণ করছে। আমি ভুলি বটে, তবুও ভুলি না।

"আমাদের চেতনা প্রতিদিন যাহা কিছু আনিতেছে ফেলিতেছে সেই সমস্ত ক্রমে সংস্কার স্মৃতি অভ্যাস আকারে একটি বৃহৎ গোপন আধারে অচেতনভাবে সঞ্চিত হইয়া উঠিতেছে। তাহাই আমাদের জীবনের ও চরিত্রের ভিত্তি। সম্পূর্ণ তলাইয়া তাহার সমস্ত স্তরপর্য্যায় কেহ আবিষ্কার করিতে পারে না। উপর হইতে যতটা দৃশ্যমান হইয়া উঠে, অথবা আকস্মিক ভূমিকম্পের বেগে যে নিগূঢ় অংশ উর্দ্ধে উৎক্ষিপ্ত হয়, তাহাই আমরা দেখিতে পাই।"—পঞ্চভূত, অখণ্ডতা।

"আমি তোমাকে বিশেষভাবে মানস-চক্ষে দেখ্‌ছি না ব'লে যে ভুলে রয়েছি তা নয়। বিস্মৃতির কেন্দ্রস্থলে ব'সে তুমি আমার রক্তেতে দোল দিয়েছ। তুমি চোখের বাইরে নেই, ভিতরে সঞ্চিত হ'য়ে আছ। সেই জন্যই আজকের বসুন্ধরার শ্যামলতার মধ্যে তোমার শ্যামলতা, আকাশের নীলিমার মধ্যে তোমার নীলিমা দেখ্‌ছি। তুমি যে আনন্দ দিয়েছ, বিশ্বের আনন্দের মধ্যে তা মিলিয়ে আছে।

"আমি যখন গান গাই, তখন কেউ জানে না যে তোমার সুর তার ভিতরে ধ্বনিত হ'য়ে উঠ্‌ছে। তুমি কবির বাহিরে ছিলে, কিন্তু অন্তরের যে-কবি সঙ্গীত-কাব্য রচনা করছে, তার প্রেরণা-রূপে তুমি আজ মর্মস্থলে রয়েছ—তুমি আজ কবিচিত্তবিহারিণী। তুমি কবির অন্তরে কবি হয়ে রইলে, আর বাইরের নিখিলে ব্যাপ্ত হয়ে থাকলে। অতএব তুমি শুধু ছবি মাত্র নও।

"তোমাকে একদিন সকালে অর্থাৎ সচেতন অবস্থায় লাভ করেছিলুম, তার পরে রাত্রি এলো মৃত্যুরূপে, তুমি অন্তরালে চ'লে গেলে। রাত্রিতে তোমাকে হারিয়ে ফেলে, রজনীর অন্ধকারে অর্থাৎ মগ্নচৈতন্যে ও সুপ্তচৈতন্যের মধ্যেই গভীরভাবে তোমাকে আবার ফিরে পেলাম।"—শান্তিনিকেতন, চৈত্র ১৩২৯।

তুলনীয়—পূরবী কাব্যে 'পূরবী,' 'কৃতজ্ঞ' কবিতা।

শাজাহান

৭ নম্বর

কবিতাটি প্রথমে ১৩২১ সালের সবুজপত্রের অগ্রহায়ণ মাসের সংখ্যায় "[illegible]" নামে প্রকাশিত হয়।

এই কবিতাটি বলাকার সকল কবিতার মধ্যে সমধিক প্রসিদ্ধ। ইহার ভাষার কারুকার্য, গভীর ভাবব্যঞ্জনা ও মনোহারিণী কল্পনার প্রসার ইহাকে মনোরম করিয়াছে। ইহার কবিত্বময় ঐশ্বর্য অতুল্য।

এই কবিতাতে কবি বলিতে চাহিতেছেন যে রাশি রাশি বস্তুস্তূপে সত্যকে খুঁজিয়া পাওয়া যায় না; কিন্তু অন্তর-বেদনার মধ্যে সত্য নিহিত আছে। ভারতসম্রাট্ শাজাহান রাজশক্তি ধন মান তুচ্ছ জ্ঞান করিয়া অন্তরের বেদনাকে চিরন্তন করিবার মানসে তাজমহল নির্মাণ করেন।

কিন্তু স্মৃতির চিরন্তনত্ব কেবল স্মৃতিতে পর্যবসিত নয়; স্মৃতির সঙ্গে যে প্রীতি জড়িত হইয়া থাকে, সেই প্রীতিতেই স্মৃতিতেই চিরন্তনত্ব প্রতিষ্ঠিত।

আবার, কি জড়বিশ্ব, কি প্রাণীবিশ্ব, দুইয়েরই মধ্যে আমরা দেখিতে পাই এক অবিরাম অবিশ্রাম গতি। এই গতির মধ্যেই বিশ্বের প্রাণশক্তির বিকাশ। এই গতি যেখানে থামিয়া যায় সেখানেই যত আবিলতা, যত আবর্জনা জমিয়া উঠে—সেখানেই নিদারুণ মৃত্যুর আবির্ভাব হয়। এই গতিস্রোতেই মুক্তির পথ।

সেই জন্য ব্যথিত বিরহী যদিও বলিতে চায়—'ভুলি নাই, ভুলি নাই, ভুলি নাই প্রিয়া'।—তথাপি সে ভুলে, ভুলিতে বাধ্য হয়; কারণ, বিচ্ছেদের বেদনাটুকু ক্ষণিক এবং বিস্মৃতিই চিরস্থায়ী। অথচ অন্য দিকে এই বেদনাটুকুই বাস্তবিক সত্য, বিস্মৃতি সত্য নয়।

"মৃত্যু যেন তীর থেকে প্রবাহে ভেসে যাওয়া—যারা তীরে দাঁড়িয়ে থাকে তারা আবার চোখ মুছে ফিরে যায়, যে ভেসে গেল সে অদৃশ্য হ'য়ে গেল। জানি, এই গভীর বেদনাটুকু যারা রইল এবং যে গেল উভয়েই ভুলে যাবে; হয়তো এতক্ষণে অনেকটা লুপ্ত হ'য়ে গিয়েছে। বেদনাটুকু ক্ষণিক, এবং বিস্মৃতিই চিরস্থায়ী; কিন্তু ভেবে দেখ্‌তে গেলে এই বেদনাটুকুই বাস্তবিক সত্যি,—বিস্মৃতি সত্য নয়। এক-একটা বিচ্ছেদ এবং এক-একটা মৃত্যুর সময় মানুষ সহসা জান্‌তে পারে এই ব্যথাটা কী ভয়ঙ্কর সত্য! জান্‌তে পারে যে, মানুষ কেবল ভ্রমক্রমেই নিশ্চিন্ত থাকে। কেউ থাকে না—এবং সেইটে মনে করলে মানুষ আরো ব্যাকুল হ'য়ে ওঠে—কেবল যে থাকব না তা নয়, কারো মনেও থাকব না।"

—ছিন্নপত্র, (সাজাদপুর, ৪ঠা জুলাই ১৮৯১) ৮৮ পৃষ্ঠা।

শাজাহানের হৃদয়-বেদনা অপরূপ তাজমহলের চেয়েও অধিক সত্য; তাই স্মৃতিমন্দিরে সত্য বন্দী হইয়া নাই। চিত্ত-বেদনা এক আধারেই নিজেকে চিরদিন বন্দী করিয়া ও বদ্ধ করিয়া রাখে না, ক্রমাগতই সে [illegible]

আধারান্তরে চলিয়া যায়। বেদনার এই আকার পাওয়ার পিপাসা অনন্ত—কোনও সসীম আধারে তাহার এই পিপাসা মিটে না, অসীমকে না পাইলে তাহার আর তৃপ্তি নাই।

যদি তাজমহলের ন্যায় মানবের শ্রেষ্ঠ কীর্তিতেও জীবনকে ধরিয়া রাখা না যায়, তাহা হইলে জীবনের সত্যকে কিরূপে ব্যক্ত করা যাইতে পারে? বের্গ্সঁ বলিয়াছেন যে—জীবনের স্বরূপ হইতেছে অনন্ত প্রবাহ। রবীন্দ্রনাথও বলিয়াছেন—জীবনের প্রকাশ হইতেছে 'বিরাট্ নদী'।

আবার, মানব তাহার কীর্তির চেয়ে মহৎ। অতএব শাজাহানকে যদি মানবাত্মার বৃহৎ ভূমিকার মধ্যে দেখা যায় তাহা হইলে দেখিতে পাই সম্রাটের সিংহাসনটুকুতে তাঁহার আত্মপ্রকাশের পরিধি নিঃশেষ হয় না—উহার মধ্যে তাঁহাকে কুলায় না বলিয়াই এত বড় সীমাকেও ভাঙিয়া তাঁহাকে চলিয়া যাইতে হইল—পৃথিবীতে এমন বিরাট্ কিছুই নাই যাহার মধ্যে চিরকালের মতো তাঁহাকে ধরিয়া রাখিলে তাঁহাকে খর্ব করা হইত না; আত্মাকে মৃত্যু লইয়া চলে কেবলই সীমা ভাঙিয়া ভাঙিয়া। তাজমহলের সঙ্গে শাজাহানের যে সম্পর্ক তাহা কখনই চিরকালের নহে,—তাঁহার সঙ্গে তাঁহার সাম্রাজ্যের সম্বন্ধও সেই রকম। সেই সম্বন্ধ জীর্ণ পত্রের মতো খসিয়া পড়িয়াছে,—তাহাতে চিরসত্যরূপী শাজাহানের লেশ মাত্র ক্ষতি হয় নাই।

শাজাহান অর্থাৎ কীর্তিমান মানুষ বা জীবন, যে, কিছুতেই আবদ্ধ হইয়া থাকে না, সে কিছুতেই বন্দী হয় না বলিয়াই তাহার কীর্তি বিলাপ করিয়া বলে—

স্মৃতিভারে আমি প'ড়ে আছি,
ভারমুক্ত সে এখানে নাই।

যে চলিয়া যায় সেই হইতেছে সে, তাহার স্মৃতি-বন্ধন নাই; আর যে অংশ কাঁদিতেছে সেই তো ভার বওয়া পদার্থ। "আমি—আমার" করিয়া যেটা কান্নাকাটি করে সেই সাধারণ পদার্থটা "আমি"। আমার বিরহ, আমার স্মৃতি, আমার তাজমহল, যে মানুষটা বলে, তাহারই প্রতীক ঐ গোরস্থানে;—আর মুক্ত হইয়াছে যে, সে লোকলোকান্তরের যাত্রী—তাহাকে কোনো একখানে ধরে না, না তাজমহলে, না ভারত-সাম্রাজ্যে, না শাজাহান-নামরূপধারী বিরাট ইতিহাসের ক্ষণকালীন অস্তিত্বে।

মানুষ যে অতি প্রিয় জনকেও চিরকাল মনে করিয়া রাখিতে পারে না, এ কথা কবি আগেও বলিয়াছেন—এমন গভীরভাবে নয়, একটু রঙ্গ করিয়া—ক্ষণিকার মধ্যে 'অনবসর' কবিতায়।

এই কবিতাটি এবং ৯ নম্বর কবিতাটি তাজমহলের চমৎকার প্রশস্তি। এই তাজমহলের প্রথম প্রশস্তি রচনা করেন স্বয়ং সম্রাট্ শাজাহান। তিনি তাজমহলকে বলিয়াছেন—

জগৎসার! চমৎকার! প্রিয়ার শেষ শেষ!
অমল ভায় কবর ছায় তনুর তার তেজ!
* * *
কুসুম-ঠাম খেয়ান ধাম অমল মন্দির,—
ইহার পর ধাতার বর সদাই রয় স্থির।

—মণিমঞ্জুষা, সত্যেন্দ্রনাথ দত্ত প্রণীত, ১২৭ পৃষ্ঠা।

তাহার পরে কত কত লেখক তাজমহলের প্রশস্তি রচনা করিয়াছেন তাহার আর ইয়ত্তা নাই। ইহাদের মধ্যে স্যার এডুইন্ আর্নলড, দ্বিজেন্দ্রলাল রায়, সত্যেন্দ্রনাথ দত্ত প্রভৃতির নাম করা যাইতে পারে।

সম্রাটের অনিমেষ ভালোবাসা সম্রাজ্ঞীর প্রতি।

—দ্বিজেন্দ্রলাল রায়, মন্দ্র।

স্মৃতি-মন্দিরেই যে স্মৃতি চিরস্থায়ী হইয়া থাকে না, সে কথা দ্বিজেন্দ্রলালও বলিয়াছেন—

কিন্তু যবে ধূলিলীন হইবে তুমিও,
কে রাখিবে তব স্মৃতি? হে সমাধি! চিরস্মরণীয়।

সত্যেন্দ্র দত্ত তাজমহলকে বলিয়াছেন—

প্রেমের দেউল তুমি মরণ-বেলায়,
শিরোমণি তুমি ধরণীর! —অভ্র-আবীর।

Not architecture as all others are,
But the proud passion of an Emperor's love
Wrought into living stone, which gleams and soars
With body of beauty, shrining soul and thought;

—Sir Edwin Arnold.

৯ নম্বর কবিতায় কবি রবীন্দ্রনাথ বলিয়াছেন যে তাজমহল কেবল যে শাজাহানের প্রিয়া-বিরহের বেদনা বহন করিতেছে তাহা নহে—

যেথা যার রয়েছে প্রেয়সী—
রাজার প্রাসাদ হ'তে দীনের কুটীরে—
তোমার প্রেমের স্মৃতি সবারে করিল মহীয়সী।

* * *

আজ সর্ব-মানবের অনন্ত বেদনা
এ পাষাণ-সুন্দরীরে
আলিঙ্গনে ঘিরে'
রাত্রিদিন করিছে সাধনা।

চঞ্চলা

৮ নম্বর

এই কবিতাটি ১৩২১ সালের অগ্রহায়ণ মাসের সবুজপত্রে প্রকাশিত হইয়াছিল। কবি তখন এলাহাবাদে ছিলেন। অন্ধকার রাত্রিতে কবি ছাদের উপর বসিয়া ছিলেন। আকাশের দিকে চাহিয়া অগণ্য নক্ষত্র দেখিতে দেখিতে কবির মনে এই ভাবোদ্রেক হইল যেন বিশ্বব্রহ্মাণ্ডব্যাপী এক বিপুল সৃজনী-শক্তির স্রোত বহিয়া চলিয়া যাইতেছে; তাহারই ঘূর্ণাবর্তে কত শত সৌরমণ্ডল ঘুরিয়া ঘুরিয়া বুদ্বুদের মতো শেষ হইয়া যাইতেছে। ঐ মহাব্যোমের বিরাট্ সীমাহীন অন্ধকারের মাঝে কত কত আলোকের ছটা বিচ্ছুরিত হইয়া উঠিয়া আবার নিঃশেষে বিলীন হইয়া যাইতেছে তাহার কোনো ইয়ত্তা নাই। ইহাকেই কবি বিরাট্ নদী-রূপে অনুভব করিয়াছেন। জীবন-রাজ্যেও ঐ একটি বাণী, 'অলক্ষিত চরণের অকারণ অবারণ চলা'।

এই কবিতাটি বুঝিতে হইলে ফরাসী দার্শনিক বের্গ্সঁ জগৎ সম্বন্ধে যে নূতন মতবাদ প্রচার করিয়াছেন তাহা জানিলে ভালো হয়। বের্গ্সঁ বলেন—জগতের মধ্যে, আমাদের মধ্যে, সদাসর্বদাই পরিবর্তন চলিতেছে, এবং দুইটি পরিবর্তনের মাঝামাঝি অবস্থাটিও কেবলই পরিবর্তন মাত্র। এমন কোনো অনুভূতি চিন্তা বা স্পৃহা নাই প্রতিমুহূর্তেই যাহার পরিবর্তন হয় না।

"We change without ceasing, and the state itself is nothing but change. There is no feeling, no idea, no volition, which is not undergoing change at every moment: if a mental state ceased to vary, its duration would cease to flow."

অতএব পরিবর্তন ছাড়া জগতে আর কিছুই নাই। অপরিবর্তনশীল কোন সত্তা স্বীকার করিতে পারা যায় না, আবার কোনো বস্তুর পরিবর্তন হয় এমন কথাও বলা চলে না, কারণ পরিবর্তন স্বীকার করিলে প্রকারান্তরে ইহাই বলা হয় যে সেই বস্তুটির একটি অপরিবর্তিত অবস্থা ছিল যাহার পরিবর্তন হইয়াছে। আমরা যতদূরেই দেখি না কেন কেবল চিরপরিবর্তনই আমাদের চোখে পড়ে। জগতে পরিবর্তনের যে স্রোত বহিয়া চলিয়াছে তাহার মধ্যে কিছুই স্থির থাকে না। সমস্ত কিছুরই রূপান্তর ঘটিতেছে এবং ঘটিবেই। বের্গ্‌সঁ ইহার নাম দিয়াছেন 'Becoming' অর্থাৎ 'হওয়া'। যদি বস্তু ও বস্তুর গুণাবলীকে তিল তিল করিয়া বিশ্লেষণ করিয়া দেখা যায়, তাহা হইলে দেখা যায় যে এক গতি ছাড়া আমরা আর কিছুই পাই না। এই গতিকে কেহ বলেন কম্পন, কেহ বলেন ইথারের ঢেউ, কেহ বা বলেন নেগেটিভ ইলেক্‌ট্রন। একটি নদীর ধারার সঙ্গে এই পরিদৃশ্যমান জগতের তুলনা করা যাইতে পারে। এই যে অনাদি অনন্ত স্রোত, এই যে জীবনধারা, এই চরম ও পরম শক্তি চলন্তী শাশ্বতী। কিন্তু এই শক্তির গতি যে অবাধ, বাধাবন্ধহীন, তাহা নহে। চলিতে চলিতে হঠাৎ বাধা পাইয়া প্রতিহত হইয়া এই শক্তি ফিরিয়া দাঁড়ায়। চৈতন্যশক্তির এই যে প্রতিঘাত, এই বিপরীত গতি, বের্গ্‌সঁর মতে ইহারই নাম বস্তু। জীবনধারা যেন একটি উৎস, তাহার ধারা কেবলই উপরে উঠিতে চায়। যে জলকণাগুলি উপরে উঠিয়া আবার পড়িয়া যায়, সেগুলিই বস্তুরূপে প্রতিভাত হয়। অতএব বস্তুও গতিরই একটি অবস্থা মাত্র, বুদ্ধির দ্বারা আমরা নিরবচ্ছিন্ন গতিধারাকে খণ্ড খণ্ড করিয়া বস্তু-রূপে দেখি। কিন্তু বাস্তবিক কালের কোনো বিভাগ নাই, অতীত বর্তমান ভবিষ্যৎ বলিয়া কালের কোনও বিভাগ করাই সম্ভব নহে। বের্গসঁ বলেন, "অতীতের অবিরত প্রবাহ নিরবচ্ছেদে ভবিষ্যতের গর্ভে প্রবেশ করিতেছে, বর্তমান সেই অতীত ও ভবিষ্যতের মধ্যে একটি হাইফেন্ মাত্র, বর্তমান বলিয়া কিছুই নাই, কারণ যে মুহূর্তকে আমরা বর্তমান বলি তৎক্ষণাৎ তাহা অতীত হইয়া যাইতেছে, এবং ভবিষ্যৎ আসিয়া সেই বর্তমান নামক কালবিন্দুর স্থান অধিকার করিতেছে।"

ঠিক এই কথাই কবি রবীন্দ্রনাথ কবিত্বময় ভাষায় বর্ণনা করিয়াছেন। তিনি এই কবিতায় বলিয়াছেন—

কালের কোন মুহূর্তই স্থির হইয়া নাই—তাহাদের ভিতর দিয়া

পরিবর্তনের প্রবাহ অদৃশ্য বেগে নিরন্তর চলিয়াছে; সেই প্রবাহ-বেগে সবই ভাসিয়া চলিতেছে। বিশ্বের প্রবাহ কালকে অবলম্বন করিয়া চলিয়াছে; কিন্তু কাল বিরাট্। ভরা নদীর স্রোত লক্ষ্য-গোচর হয় না, তাহার বেগ বুঝা যায় তাহার উপরে প্লবমান ফেনপুঞ্জের গতি দেখিয়া। কালপ্রবাহেরও খর-গতি-বেগ বুঝিতে পারা যায় তাহার উপরে প্লবমান তারকাপুঞ্জের গতি দেখিয়া। কালের বেগে বিশ্বব্রহ্মাণ্ড কায়াহীনতা হইতে কায়া পরিগ্রহ করিতেছে। জলের বেগে ফেনার উৎপত্তি হয়, তেমনি কালের বস্তুহীন বেগে সমস্ত বিশ্বব্রহ্মাণ্ড সৃষ্টি হইয়া উঠিতেছে—কায়াহীন স্বপ্নের বেগে যেমন বস্তু জাগিয়া উঠে তেমনি। গাছের মধ্যে যে বেগ তাহা বীজ হইতে অঙ্কুরে, অঙ্কুর হইতে কাণ্ডে, কাণ্ড হইতে পাতায়, পত্র হইতে ফুলে, ফুল হইতে ফলে, ক্রমাগত রূপ হইতে রূপান্তরিত হইয়া চলে। চলাটাই সর্ব্বত্র রূপ হইয়া উঠে। চলাটাই রূপ-রূপান্তরের মধ্য দিয়া, পরিবর্তন-পরম্পরার মধ্য দিয়া ভাসিয়া চলিতেছে। সেই চলা ভৈরবী বৈরাগিণী অনন্তপথযাত্রিণী; তাহার পথের দুই ধারে সৃষ্টি ও ধ্বংস, জন্ম ও মৃত্যু; কিন্তু কাহারও দিকে তাহার দৃক্‌পাত নাই। বস্তুর প্রবাহ যখন চলে তখন তাহা দেশে কালে বিভক্ত হইয়া চলে। জল যখন চলে তখন তাহা বহু দেশের স্রোতস্বিনী; কিন্তু বাধা পাইলে তাহা হয় একটি স্থানের প্লাবন। চলার দ্বারা সমস্ত কিছুর ভার-সামঞ্জস্য হয়; এবং চলা স্থগিত হইলেই সেই সামঞ্জস্য ভঙ্গ হয় ও তখন বস্তু ভার হইয়া উঠে। যখন কোনো ভারী বাঁকে করিয়া ভার বহন করে, তখন যতক্ষণ সে চলে ততক্ষণ তাহার চলার দোলা লাগিয়া তালে তালে তাহার কাঁধের বাঁকও দুলিতে দুলিতে চলিতে থাকে, তাই তাহার কাঁধের ভার বহন করা সাধ্য হয়; কিন্তু যখন সে চলা থামাইয়া স্থির হয়, তখন তাহার কাঁধের ভার দুর্বহ বোঝা হইয়া তাহাকে পীড়া দেয়।

গতি প্রবাহ কোনো রকমে প্রতিহত হইলেই তৎক্ষণাৎ বস্তুস্তূপ জড়ো হইয়া উঠে। বের্গ্‌সঁও ঠিক এই কথাই বলিয়াছেন। স্থিতিতে বস্তুর স্তূপ জমা হইয়া উঠিলে তাহার রূপের বৈচিত্র্য ফুটিবার অবকাশ লুপ্ত হইয়া যায়। বস্তুর আত্মদানে, তাহার নিজেকে নিঃশেষ করিয়া বিলাইয়া দেওয়াতে জন্মাইতেছে প্রাণ, আর তাহার সঞ্চয়ে জাগিতেছে মৃত্যু। আধুনিক বিজ্ঞানও প্রমাণ করিয়াছে যে বস্তু হইতেছে তাপ চাপ পরমাণু-সংস্থান প্রভৃতির বিচিত্র রূপান্তর মাত্র—অণু পরমাণু তো গতিরই সমষ্টি মাত্র—ইলেক্‌ট্রন প্রোটন ধারণাতীত গতিশীল। তাই একটি বস্তু তাপ ও পরমাণু-সংস্থানের তারতম্যে

বিভিন্ন আকার ধারণ করিতে পারে—একই বস্তু হাইড্রোজেন-অক্সিজেনের সমবায়ে উৎপন্ন যে জল, সেটি কখনো তরল হইয়া নদীতে প্রবাহিত হইতেছে, কখনো বাষ্প মেঘ হইয়া আকাশে উড়িতেছে, কখনো প্রতপ্ত তাপ হইয়া এঞ্জিনে গতি সঞ্চার করিতেছে, আবার কখনো বা জমাট কঠিন হইয়া তুষার-পর্বতে পরিণত হইতেছে এবং আপনার আকার-সংঘাতে টাইটানিক জাহাজ চূর্ণ করিয়া ফেলিতেছে! নদীর জলে যখন ডুব দেওয়া যায়, তখন মাথার উপর দিয়া কত জলরাশি প্রবাহিত হইয়া যায়, তাহার ভার বোধ করা যায় না। কারণ, সেই অগাধ জলরাশি সচল বহমান। কিন্তু এক কলসী জল তুলিয়া মাথায় চাপাইলে তাহা দুর্বহ বোধ হয়, কারণ সেটা স্থির। বস্তু যখন চলে তখন তাহার ভার ভার থাকে না, বস্তু-প্রবাহ থামিলেই তাহা ভার হইয়া পড়ে।

কবি চঞ্চলা কাল-নদীকে অথবা ভবনদীকে দুই রূপে দেখিয়াছেন—ভৈরবী-বৈরাগিণী, এবং নটী চঞ্চলা অপ্‌সরী। গ্রহ-নক্ষত্রের ঘূর্ণনের মহাছন্দে যেন ছন্দিত হইয়া উঠিয়াছে কবির ভাবোচ্ছ্বাস।

আধুনিক বিজ্ঞানের মতে বস্তু কেবল গতির বাধা মাত্র—বেগ যখন কোনো অবস্থায় স্থিরতা লাভ করে তখন সেই বাধার ফলে বস্তুতে পরিণত হয়। গতিবেগ বাধা পাইলে চলন্ত ট্রেনের কলিশনের মতন উচ্ছ্রিত হইয়া উঁচু দেয়াল হইয়া উঠে।

বৈরাগিণী কোথাও সংসক্ত হইয়া না থাকিয়া ক্রমাগত যে নিরুদ্দেশ যাত্রা করিয়া চলিয়াছে তাহাতেই জগৎ-সঙ্গীতের অনাহত সুর উৎপন্ন হইতেছে।

অসীম যে দূর, তাহার প্রেম সর্ব্বনাশা, সমস্ত সঞ্চয় ও বর্ত্তমানতাকে বিনাশ করিতে করিতে তাহার যাত্রা। সেই অভিসারিকার চলার দোলা লাগিয়া দোলার বেগে তাহার বক্ষের হার ছিন্ন হইয়া যায়, এবং তাহা হইতে অমনি নক্ষত্রের মণি উৎপন্ন হইয়া চারিদিকে ছড়াইয়া ছড়াইয়া পড়ে। এই চলার বেগে তাহার কানে বিদ্যুতের দুল দুলিতে থাকে—যেমন ভাগবতে অভিসারিকা গোপিকাদের কানের দুল দুলিয়া দুলিয়া আগে বাড়িয়া বাড়িয়া কোন্ দিকে কৃষ্ণ আছেন তাহা নির্দেশ করিয়া দেখাইয়া দিয়াছিল, তেমনি এই অভিসারিকার সমস্ত কিছু চলার বেগে তাহাকে নির্দেশ করিয়া দিতেছে। সেই অভিসারিকার অঞ্চল হইতেছে তৃণ-পল্লব ফুল-ফল—তাহাও চলার বেগে চলিতেছে চলিতেছে। বিশ্বের মধ্যে এবং মানুষের জীবনে সমাজে ইতিহাসের সমস্ত সৃষ্টির মধ্যে চলার যে লীলা হইতেছে, তাহার অপরূপতা প্রত্যক্ষ করিয়া

কবি যেন আনন্দে নৃত্য করিতেছেন—তাঁহার কবিতার ছন্দে সেই নৃত্যের দোলা লাগিয়াছে।

মহাকাল নৃত্যগতিশীল, তাই যে-মুহূর্তকে যেই বলি 'তুমি আছ' অমনি সেটা 'নাই' হইয়া যায়। এই জন্য বের্গ্‌সঁ বলিয়াছেন যে বর্তমান বলিয়া কিছু নাই, যে মুহূর্তে যাহাকে বর্তমান বলি সেই মুহূর্তেই তাহা অতীত হইয়া যায়—অতএব কালের মধ্যে আছে কেবল অতীত ও ভবিষ্যৎ—আর তাহাদের মধ্যে হাইফেন্ হইয়া আছে পরিস্থিতিহীন বিন্দুমাত্র বর্তমান। যাহা থাকিয়াও নাই, যাহা এক মুহূর্তে থাকিয়া সেই মুহূর্তেই নাই হইয়া যায়, তাহা রিক্ত, তাহাতে কোনো আবর্জনা কলুষ লাগিতে পায় না, তাই তাহা পবিত্র। ক্রমাগত এই থাকা ও না-থাকার দ্বন্দ্বের মধ্য দিয়া কালের যাত্রা—তাহারই চরণস্পর্শে ধূলি তাহার মলিনতা ভোলে, এবং মৃত্যু প্রাণে পর্যবসিত হইয়া চলে। এই মহাকাল যদি স্থগিত হইয়া যায়, তবে সমস্ত বিশ্ব জড় হইয়া যাইবে, আকারহীন chaos হইয়া পড়িবে। যাহা অপরিবর্তিত তাহা জড় জীবনহীন। নটীর নৃত্যের ছন্দে মৃত্যু জীবন হইয়া উঠিতেছে, সৃজন-প্রলয়ের চিহ্নশূন্য নির্মল আকাশে নিখিল বিশ্ব বিকশিত হইয়া উঠিতেছে।

যে চঞ্চলা গ্রহ-নক্ষত্রে সর্বত্র নৃত্য করিতেছে, সে-ই প্রাণীর জীবনের মাঝেও নৃত্য করিতেছে—প্রাণ মানেই 'অলক্ষিত চরণের অকারণ আবরণ চলা।' সমুদ্রের তরঙ্গে যে চলা দোলা, তাহাও সেই ভৈরবিণী বৈরাগিণী নটীরই চলা। সেই চলার বেগে প্রাণ যেন ঝরণা-ধারার মতন যুগে যুগে রূপ হইতে রূপান্তর পরিগ্রহ করিয়া চলিয়া আসিতেছে—জন্মজন্মান্তরের রূপ ঘুচাইয়া ঘুচাইয়া এবং ইহজন্মের ও আবাল্যের রূপ-রূপান্তরের মধ্য দিয়া প্রাণের যাত্রা।

কবি সেই কালস্রোতে ভাসিয়া এই জন্মে মহাকবি হইয়া প্রকাশ পাইয়াছেন। কিন্তু এই প্রাণ-প্রবাহকে অক্ষুণ্ণ রাখিতে হইলে এ জীবন-কূলের সমস্ত সঞ্চয় ধন মান যশ ত্যাগ করিয়া অনাসক্ত হইয়া চলিতে হইবে; নদীর কূল যেমন নদীর ধারাকে প্রবাহিত করিবার জন্যই আবশ্যক, তাহাকে বন্ধ করিবার জন্য নয়, তেমনি মানবের জীবনের সমস্ত উপার্জন তাহাকে অগ্রসর করিয়া অসীমের অনন্তের পানে লইয়া যাইবার কাজে যদি না লাগে তবে তাহা বন্ধন হইয়া উঠিবে। কবি ক্রমাগত অতল আঁধারের ভিতর দিয়া অকূল আলোকে যাত্রা করিতে বলিতেছেন। জীবনের ধর্মই হইতেছে অপ্রকাশ হইতে প্রকাশে ও প্রকাশ হইতে অপ্রকাশে যাতায়াত।

তুলনীয়—

And see the spangly gloom froth up and boil.

—Keats, *The Pot of Basil*, xli.

Yet all experience is an arch wherethro'
Gleams that untravell'd world, whose margin fades
For ever and for ever when I move.

—Tennyson. *Ulysses.*

দ্রষ্টব্য—বার্গসোঁ—বিনয়েন্দ্রনারায়ণ সিংহ, উত্তরা ১৩৪০ অগ্রহায়ণ, ৪০৫ পৃষ্ঠা।

১০ নম্বর

১৩২১ সালের মাঘ মাসের সবুজপত্রের ৬৬২ পৃষ্ঠায় "উপহার" শিরোনামে প্রথম প্রকাশিত হয়।

মানুষ সচেতন ভাবে পুণ্যলোভে ভগবান্‌কে যাহা সম্প্রদান করে তাহা অতি শীঘ্র নষ্ট হইয়া যায়। কিন্তু মানুষের সমগ্র চরিত্র ও জীবন যদি পুণ্যময় হইয়া উঠে, যদি তাহার জীবনযাত্রাই ভগবানের নির্দেশানুরূপ হয়, তবে তাহার জীবনের প্রত্যেক কর্মে প্রত্যেক চিন্তায় প্রত্যেক ইচ্ছায় ভগবানের আনন্দ ও তৃপ্তি হইবার কথা পুণ্যলোভে যদি দান করি অথচ আমার স্বভাব যদি দয়ালু না হয়, পুণ্যলোভে যদি পূজা করি অথচ আমার মনে যদি পূজার ভাব স্থায়ী হইয়া না থাকে, তবে সেই-সব অনুষ্ঠান পণ্ডশ্রম মাত্র। আর যদি মহানির্বাণ-তন্ত্রের আদর্শ—যৎ যৎ কর্ম প্রকুর্বীত তৎ ব্রহ্মণি সমর্পয়েৎ, যদি গীতার অনুশাসন—

যৎ করোষি যদ্ অশ্নাসি যজ্ জুহোষি দদাসি যৎ।
যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদ্ অর্পণম্॥"

জীবনে সত্য করিয়া তুলিতে পারা যায়, তাহা হইলে ভগবান্ স্বয়ং প্রসাদ বিতরণ করেন আনন্দে আমার জীবনের সমস্ত কিছুকে গ্রহণ করিয়া।

রবীন্দ্রনাথের মতে ধর্ম বিশেষ কোনো অনুষ্ঠানের বিষয় নয়, ইহা বাহিরের কাহারও নির্দেশের মুখাপেক্ষী নয়—গুরু মোল্লা বেদ কোরান যে-রকম বলিবে কেবল সেইটুকু পালন করাতেই ধর্ম পর্যবসিত নয়। ইহা যদি প্রতি মুহূর্তে মানবের জীবনে প্রকাশ পায়, যদি ইহা জীবনেরই অপরিহার্য অঙ্গ

হইয়া উঠে তবেই তাহা প্রকৃত ধর্মপদবাচ্য ও পরমেশ্বরের প্রীতিতে গ্রহণীয় হয়। এ সম্বন্ধে কবি বহু পূর্বেই লিখিয়াছেন—

"আমরা বাইরের শাস্ত্র থেকে যে ধর্ম পাই সে কখনোই আমার ধর্ম হয়ে ওঠে না। তার সঙ্গে কেবলমাত্র একটা অভ্যাসের যোগ জন্মে। ধর্মকে নিজের মধ্যে উদ্ভূত করে তোলাই মানুষের চিরজীবনের সাধনা। চরম বেদনায় তাকে জন্মদান করতে হয়, নাড়ীর শোণিত দিয়ে তাকে প্রাণদান করতে হয়, তার পরে জীবনে সুখ পাই আর না পাই আনন্দে চরিতার্থ হয়ে মরতে পারি। যা মুখে বলছি, যা লোকের মুখে শুনে প্রত্যহ আবৃত্তি করছি, তা যে আমাদের পক্ষে কতই মিথ্যা তা আমরা বুঝতেই পারিনে। এদিকে আমাদের জীবন ভিতরে ভিতরে নিজের সত্যের মন্দির প্রতিদিন একটি একটি ইট গড়ে তুলছে।"

—ছিন্নপত্র (কুষ্টিয়া, ৫ই অক্টোবর ১৮৯৫) ৩৪৩ পৃঃ

বিচার

১১ নম্বর

এই কবিতাটি প্রথমে ১৩২১ সালের সবুজপত্রের মাঘ মাসে প্রকাশিত হয়।

১ম স্ট্যাঞ্জা

রিপু উদ্দাম হইয়া উঠিলে পূর্ণকে আচ্ছন্ন ও ম্লান করে। পূর্ণের সৌন্দর্য উপলব্ধি না করিয়া যাহারা তাঁহাকে খণ্ডিত করিয়া প্রচ্ছন্ন করে, তাহারা তাঁহাকে অপমান করে। কবি এই অপমানের বিচার প্রার্থনা করিতেছেন সেই পূর্ণাৎ পূর্ণের কাছে।

কিন্তু বিচার তো প্রার্থনা করিবার আগেই আরম্ভ হইয়া গিয়াছে। বিচার তো নিরন্তর চলিতেছে। কলুষিতকে ক্রমাগত বিচার করিতেছে যাহা পবিত্র, যাহা সুন্দর—যে নিজেই অসুন্দর সে কখনো কলুষিতের বিচার করিতে পারে না। কলুষিতের বিচার চলে তাহার বিপরীত সুন্দরের দ্বারা —মাতালকে বিচার করিতেছে শান্ত সপ্তর্ষি নিরবচ্ছিন্ন ও অকুণ্ঠিত শুচিতার এবং সৌন্দর্যের আদর্শ মানদণ্ডে—সৌন্দর্য নিজেই কদর্যের বিরুদ্ধে অভিযোগ ও বিচার। নৈতিক ধিক্কারই নীতিভ্রংশের চরম বিচার। যখন বিধাতা অনাচারী পাপীদেরও জন্য তাঁহার বিচারশালায় সুরভি পুষ্প পবিত্র সমীরণ ও বিহঙ্গকূজন আয়োজন করিয়া রাখেন, তখন সেই পাপীরা এই করুণার প্রভাবে সেই সুন্দরকে আর অস্বীকার করিতে পারে না।

২য় স্ট্যাঞ্জা

যেখানে ন্যায্য অধিকার সত্য স্বত্ব নাই সেখানে নিজের লোভকে প্রবল করিয়া তোলা চুরি—সেই চুরি যেখানেই করা হোক তাহা সুন্দরের ভাণ্ডারেই করা হইয়া থাকে; এবং সেই অনাচারের ফলে যিনি প্রেমে সব দিতে প্রস্তুত তাঁহাকে অপমান করা হয়, তখন প্রেমই আহত হয়, কারণ প্রেমের প্রতি অত্যাচার প্রেমেরই ব্যভিচার। কবি অপমানের শাস্তি প্রার্থনা করিতেছেন প্রেমিকের কাছে।

কিন্তু তাঁহার শাস্তি তো না চাহিতেই চলিতেছে—অনাচারীর পাপের জন্য যখন তাহার জননীর অশ্রু ঝরে, সতী স্ত্রী স্বামীর অনাচারের লজ্জায় কুণ্ঠিত হইয়া বিনিদ্র হইয়া সমস্ত রাত্রি প্রতীক্ষা করিয়া থাকে তাহার সৎপথে প্রত্যাবর্তনের জন্য, পাপীর অনাচারে যখন তাহার বন্ধুর হৃদয়ে ব্যথা লাগে, তখনই তো তাহার শাস্তি ও বিচার চলিতে থাকে।

৩য় স্ট্যাঞ্জা

যে যেখানেই চুরি করুক না কেন, পরস্বাপহরণ মাত্রই পরমেশ্বরের ভাণ্ডারে চুরি; কারণ,—

> ঈশা বাস্যম্ ইদং সর্ব্বং যৎ কিঞ্চ জগত্যাং জগৎ।
> তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্য স্বিদ্ ধনম্।

এই অপরাধের গুরুত্ব এত অধিক যে কবি তাহার জন্য কোনো শাস্তি বা বিচার প্রার্থনা করিতে সাহস করিলেন না, তিনি সেই দুর্বৃত্তের জন্য মার্জনা প্রার্থনা করিলেন—তাহার এই অপরাধ রুদ্র দয়া করিয়া মুছিয়া ফেলুন, রুদ্রের দণ্ড ভোগ করিতে হইলে সে তো একেবারে পিষ্ট বিনিষ্ট হইয়া যাইবে।

কিন্তু রুদ্রের কাছে তো প্রশ্রয় নাই, যেখানে সংশোধনের কোনো পথ না থাকে সেখানে তিনি ধ্বংস করিয়া তাহার সংশোধন করেন। সুন্দর যেমন অসুন্দরের বিচারক, এবং প্রেম যেমন অপ্রেমের বিচারক, তেমনি চোরকে বিচার করে তাহার পুঞ্জীভূত পাপ। নৈতিক সামঞ্জস্য নষ্ট হইলে রুদ্র জাগ্রত হইয়া ন্যায়দণ্ড ধারণ করেন। মানুষ অপরের সহিত সম্পর্কে সত্য ও ন্যায়পরায়ণ হইয়া থাকিবে ইহাই হইল বিধাতার বিধান। সেই বিধান না মানিয়া যে সেই সামাজিক সামঞ্জস্য নষ্ট করিয়া জগতে বিশৃঙ্খলা আনয়ন করে, রুদ্র তাহার বিচার করেন—এ বিচার লোকনিন্দায়, নৈতিক ধিক্‌কারে, তাহার অধঃপতনে।

রুদ্র সমস্ত আবর্জনা মার্জনা করেন, অপসারিত করেন, তিনি তাহা উপেক্ষা করেন না, ক্ষমা করেন না। মার্জনা মানেই ধ্বংস। পুরাতন অপসারিত না হইলে নূতনের সৃজন হয় না, এবং নূতনের সৃজনেই রুদ্রের মার্জনা প্রকাশ পায়।

নির্দয় গতির মধ্যে কবি যেমন আনন্দ দর্শন করেন, নির্মম রুদ্রের ভিতরও তেমনি তিনি মার্জনা করুণা লক্ষ্য করেন।

তুলনীয়—

Throw away thy rod,
Throw away thy wrath;
O my God,
Take the gentle path!
* * *
Then let wrath remove;
Love will do the deed;
For with love
Stony hearts will bleed.
—Herbert (17th cent.), *Discipline*.

প্রতীক্ষা

১২ নম্বর

ভগবানের কাছে অজস্র দান পাই আমরা। তাঁহার দয়ার দান আমরা আমাদের বন্ধনে পরিণত করি, নিজেদের আসক্তির দ্বারা; তাঁহার দানের অনেক অমর্যাদাও করি আমরা। কিন্তু যখন মানুষ ভগবানের দানের সম্বন্ধে সচেতন হয়, তখন সেই অজস্র বিপুল ঋণের বোঝা তাহার কাছে দুর্বহ হইয়া উঠে। ভগবানের কাছে অযাচিত দান এত পাওয়া যায় যে সেই প্রশ্রয়ে আমাদের চাওয়াও ক্রমাগত বাড়িয়া চলে, চাওয়ার ও ভিক্ষুকপনার আর অন্ত থাকে না। এই ভিক্ষুক-জীবনে ক্লান্ত হইয়া কবি নিজেকে ভগবানের হাতে সমর্পণ করিতে চাহিতেছেন—আমি তোমাকে এইবার দিব এবং আমার সর্বস্ব দিয়া তোমার ঋণ কথঞ্চিৎ পরিমাণেও যদি পারি শোধ করিব। আকাশ যেমন সমস্ত কিছুকে ধারণ করিয়া থাকিয়াও নির্লিপ্ত নির্মল শূন্য রিক্ত, তেমনি আমি তোমার হাতে নিজেকে দিয়া তোমার অজস্র দান পাইয়াও ভারমুক্ত হইয়া

থাকিব—যাহা আমি তোমার হাত হইতে বরমাল্য-রূপে পাইয়াছি, তাহাই তোমাকে ফিরাইয়া দিয়া তোমাকে জীবনে বরণ করিয়া লইব, আমাদের মালা-বদল হইয়া যাইবে।

১৩ নম্বর

পৌষ মাস যেন তপস্বী—সে সর্বরিক্ত হইয়া পূর্ণতার সাধনা করে। সেই পৌষ মাসের তপোবনে হঠাৎ বসন্ত-কালের মাতাল বাতাস কেমন করিয়া প্রবেশ করিল—শীতের দিনে বসন্তের হাওয়া বহিয়া গেল। ইহাতে কবির মনে হইল যেন বার্ধক্যের দিনে মনের মধ্যে যৌবনের স্মৃতির উদয় হইয়াছে। শীতের অন্তরে যেমন অমর হইয়া বসন্ত লুকাইয়া থাকে, তেমনি বার্ধক্যের জরার অন্তরালে যৌবন-স্মৃতি অমর হইয়া থাকে, এবং তাহা এক একটা সামান্য উপলক্ষ্যে জাগ্রত হইয়া উঠে। এই বার্ধক্যে যে জীর্ণতা তাহারও পরপারে আবার এক নবযৌবন অপেক্ষা করিয়া আছে, জন্ম-জন্মান্তরের যৌবনের মালা আমারই গলায় দুলিয়াছে ও দুলিবে।

তুলনীয়—পূরবী কাব্যে— যৌবন-বেদন-বেদনা রসে উচ্ছল আমার দিনগুলি।

২১ নম্বর

এই কবিতাটি যদিও ৮ই মাঘ ১৩২১ সালে লেখা হইয়াছিল, তথাপি ইহার রচনা হইয়াছিল ২৯এ পৌষ কবির মনে। কবি এলাহাবাদ হইতে কলিকাতায় ফিরিতেছিলেন, সঙ্গে ছিলাম আমি। ২৯এ পৌষ রেল-গাড়িতে তিনি ২০ নম্বরের কবিতাটি রচনা করেন। রেল-গাড়িতে আসিতে আসিতে কবি দেখিলেন যে রেল-লাইনের দুই ধারে বুনো গাছে অসংখ্য ফুল ফুটিয়া উঠিয়াছে। সেই ফুলের সমারোহ দেখিয়া কবি আমাকে বলিলেন—দেখ, কবে বসন্ত আসিবে তাহার খবর লইয়া এই-সব বসন্তের দূত আসিয়া হাজির হইয়াছে। ইহারা দু দিন বাদেই ঝরিয়া মরিয়া যাইবে, ইহাদের সঙ্গে বসন্তের সাক্ষাৎ ঘটিবে না। কিন্তু ইহারা যে বসন্তের আগমনী তাহাদের রূপে গন্ধে মধুতে গাহিয়া যাইতে পারিল এই আনন্দেই তাহারা অকাল

মরণ বরণ করিয়া লইতেছে হাসিমুখেই। ইহাদের সম্বর্ধনা করিয়া আমার কবিতা লিখিতে ইচ্ছা হইতেছে।

আমি কবিকে বলিলাম—বেশ তো লিখুন না।

কবি হাসিয়া বলিলেন—তুমি তো বলিলে, লিখুন না। কিন্তু আমি লিখি কেমন করিয়া। আমাদের দেশের বুনো ফুলের, পাখীর গাছের—কি কোনো নাম আছে? ইংলণ্ডের লোক অতি সামান্য বুনো ঘাসের ফুলেরও নাম রাখিয়া ফুলের সম্মান রাখিয়াছে, তাহারা প্রকৃতির দানের সমাদর করিয়াছে; আর আমাদের বৈরাগ্যের দেশে সব কিছুতেই উদাসীনতা, যদি বা কোনোটা ফুল সাহিত্যে স্থান পাইয়াছে, তাহার পরিচয় অভিধানে কেবলমাত্র 'পুষ্প বিং' ছাড়া আর কিছু নয়। ইহাদের কোন্ নামে আমি পরিচয় দিব আমার কবিতায়?

আমি বলিলাম—আপনি ইহাদের নাম রাখুন, এবং সেই নামেই ইহাদের পরিচয় অমর হইয়া থাকিবে।

কবি হাসিয়া বলিলেন—কিন্তু সে নাম কে বুঝিবে। আমার পণ্ডশ্রম হইবে।

কবি কলিকাতায় ফিরিয়া সেই বসন্তের অগ্রদূত ফুলেদের সম্বর্ধনা করিয়া কবিতা লিখিলেন এবং আমাকে ডাকিয়া পাঠাইয়া শুনাইলেন। আমি হাসিয়া বলিলাম—যত সব বুনো অনামা ফুল আপনার কবিতায় হইয়া গেল পাগল চাঁপা আর উন্মত্ত বকুল।

কবি হাসিয়া বলিলেন---কী আর করি বলো। লোকের চেনা নামেই সেই অচেনাদের চেনালাম।

৩৪ নম্বর

১ম স্ট্যাঞ্জা

"আমি আজি আমার মনের জানালার দিকে আপনাকে স্থাপন করলুম—আমার মনকে বাইরের দিকে মেলে ধরলুম। তোমার চিত্ত যেখানে কাজ করছে সেখানে দৃষ্টি প্রসারিত করবার জন্যে তাকে যেন খুললুম। আমি নিজে কি ভাব্‌ছি, আমার নিজের কি সুখ দুঃখ আছে, তার দিকে আমি আজ আর তাকালুম না, এবং তখন অনুভব করতে পারলুম যে বিশ্বে তুমি

আপন মনে কাজ করছ। যখন নিষ্ক্রিয় থাকি তখনই তো তোমার ডাক শুনতে পাই।

"আমি বাইরের দিকে তাকিয়ে কি দেখলুম? আমি আজ আমার হৃদয়ের ডাককে বাইরে দেখলুম। আমি যখন অন্তরে নিবিষ্ট হ'য়ে থাকি তখন অনুভব করতে পারি যে তুমি আমায় ডাকছ। তখন আমার মধ্যে তোমার যে ডাক রয়েছে তা এসে পৌঁছায়, তোমার-আমার মধ্যে যোগাযোগকে জানতে পারি—বিশ্বের মধ্যে তোমার কর্মচেষ্টাকে আমি অনুভব করতে পারি। আজ আমি দেখলুম ফুলের মধ্যে পাতার মধ্যে তোমার ডাক রয়েছে। মনের জানালা খুলে দেখি যে তোমার ঐ অন্তরের বাণী চৈত্র মাসের সমস্ত পত্র-পুষ্পের মধ্যে বাইরে ছড়িয়ে আছে। তাই আজ আমার আর কোনো কর্ম নেই, তোমার ডাক শুনে আমি কেবল বাইরের দিকে তাকিয়ে রয়েছি। অন্তরের ধ্যানের দ্বারা বাইরের ইন্দ্রিয়ানুভবের দরজা বন্ধ ক'রে যে ডাক মনের মধ্যে শুনতে চেষ্টা করি, আজ সেই তোমার আহ্বান-বাণী যেন পাতায়-পাতায় ফুলে-ফুলে চারিদিকে দেখলুম। আজ তাই কেবল চেয়ে আছি—আমার সব কর্ম ঘুচে গেছে।"

২য় স্ট্যাঞ্জা

"আমি আমার নিজের সুরে যে গান গাই তা আবরণের মতো। কারণ, আমি গাইবার সময়ে তোমার বিশ্বরাগিণীকে আচ্ছন্ন ক'রে ফেলি। আজ আমার নিজের সুরের সেই পর্দা তোমার গানের দিকে উঠে গেল, তোমার সঙ্গীত আমার কাছে প্রকাশিত হলো। আমার নিজের গান যখন বন্ধ হয়েছে তখন আমি অনুভব করছি—এই সকলের আলোই আমার নিজের গানের মতো। আজ আর আমার গানের দরকার নেই, কারণ, প্রভাত-আকাশ আমারই গান প্রকাশ করছে, কিন্তু সে গানের সুরটা তোমার। তাই আমার নিজের সুরের প্রয়োজন রইল না। আমারই সঙ্গীত সকালের আলো আর আকাশকে পূর্ণ ক'রে প্রকাশ পাচ্ছে।

"আজ আমার মনে হলো আমারই প্রাণ তোমারই বিশ্বে তান তুলেছে তোমার বিশ্বের সৌন্দর্যের আকাশের গানের কোনো মানে থাকে না, যদি না আমার মন তাতে সাড়া দেয়। আমার মনের আনন্দের সঙ্গে তাদের যোগ আছে। বিশ্বের যা কিছু মধুর ও সুন্দর তা আমারই চিত্তে ধ্বনিত

ও প্রতিফলিত হচ্ছে ব'লেই তা মধুর ও সুন্দর। যে-জগৎ আমার চেতনার মধ্যে সাড়া না পায় তা বোবা জগৎ। তাই আমার গানের সুরগুলিকে আজ তোমার জগৎ থেকে ফিরে শিখে নিতে হবে। আমি আমার নিজের সুর ভুলে গিয়ে নিজের গানকে তোমার সুরে ধ্বনিত দেখ্‌ছি,—আর সে সুর তোমার কাছে শিখে নিচ্ছি।

"বিশ্বে যা রমণীয়, যা মধুর দেখ্‌ছি—যার থেকে রস উপভোগ করছি—তারা চিত্তের বাইরে কোনো বিচ্ছিন্ন সুন্দর বস্তু নয়। আমার মনের মধ্যে যে স্বাভাবিক শক্তি আছে তাই এ-সবকে সুন্দর করছে। বিশ্বের গাছ-পালা দেখে যে ভালো লাগ্‌ছে সেই ভালো লাগাটাই হচ্ছে তার সৌন্দর্য।

"ফুলের মধ্যে আমারই গান আছে, কিন্তু সে গান কার সুরে বাজ্‌ছে? সে তো আমার নিজের সুরের সা রে গা মা নয়,—তা যে স্বতন্ত্র একটি সুরে পূর্ণ হ'য়ে উঠ্‌ছে। বিশ্বের সৌন্দর্যে আমার যে আনন্দসম্ভোগ, তার মধ্যে আমি আমার মনের গান পাচ্ছি, সে গান আমার নিজের বাঁধা সারেগামা সুর নয়—তা তোমার নিজেরই সুর। তাকেই আমি শিখে নিচ্ছি। আমি আনন্দিত না হলে আমার নিজের গান হ'তেই পার্‌ত না।

"আমি যখন নিষ্ক্রিয় থাকি তখনই বাইরের দিকে তাকিয়ে তোমার সুর শুনি; ফুলে পাতায় আমার নামে তোমার ডাককে দেখ্‌তে পাই। আজ তাই গাইতে চেষ্টা করছি না—আমার খুশী মনকে বিশ্বে মেলে দিয়েছি। আজ ফুলগুলি যে সঙ্গীতের মতো জেগে উঠেছে, এতে আমার হাত আছে—আমার চিত্তই তাদের মাধুর্য দান করেছে—অথচ সেই সুর আমার নিজের নয়—সে গান ফুলেরই সুরে রচিত। আমার হৃদয়কে মেলে দিয়ে আমার গানকে তোমার সুরে শুন্‌তে পাবার সৌভাগ্য লাভ করছি।"

৩৫ নম্বর

"এই যে সকালে আকাশটি শিশিরে চকমক করছে, ঝাউগাছগুলি রৌদ্রে ঝলমল করছে—এরা বাইরের জিনিস হ'লে আজ কি অন্তরের এত কাছে আস্‌তে পার্‌ত? এই ঝাউ আর আকাশ এমন নিবিড় ভাবে আমার হৃদয়কে পূর্ণ করেছে যে আমি অনুভব করছি যে এরা যেন মনের ব্যাপারেরই অংশ—যেন এরা বস্তুজগতের ব্যাপার নয়। কারণ, এরা যদি কেবল বস্তুপিণ্ড দিয়েই

গড়া হ'ত তবে এমন ক'রে আমার মনের মধ্যে স্থান পেতে পারত না,—বাইরেই থেকে যেত, তাদের সঙ্গে আমার অসীম ব্যবধান থেকে যেত।

"আজ ঝাউগাছের ঝালর আর শিশির-ছলছল আকাশ এমন নিবিড় ভাবে আমার মনকে পূর্ণ করেছে যে আমার মনে হচ্ছে এরা যেন আমার হৃদয়ে পদ্মের মতো ফুটে উঠেছে। বাইরের বিশ্ব যেন আমার মনেরই সামগ্রী, যেন অকূল মানস-সরোবরে পদ্মের মতো ফুটে রয়েছে। আজ আমি এই ধূলোবালির মধ্যে বস্তুবিশ্বেই কেবল স্থান পাইনি। আমি আজ জানতে পারলুম যে এই বিশ্বটি একটি বাণী, আর তার মধ্যে আমি একটি বাণী, বিশ্বটি একটি গান, আর আমি তার মধ্যে একটি গান; এই বিশ্বের মহাপ্রাণের একটি প্রকাশ আমি, অন্ধকারের বুক-ফাটা তারার মতো। আজ যেন আমার অস্থিচর্ম নেই আজ যেন আমি অন্ধকারের হৃদয় বিদীর্ণ ক'রে উত্থিত অগ্নিশিখার মতো উজ্জ্বল আলোক। আজ বিশ্ব আমার খুব কাছে এসে দাঁড়িয়েছে।"

৩৬ নম্বর

১৩২২ সালের কার্তিক মাসের সবুজপত্রের ৪১৮ পৃষ্ঠায় "বলাকা" শিরোনামে প্রথম প্রকাশিত হয়।

এই কবিতাটি কাশ্মীর শ্রীনগরে লেখা। কবি সন্ধ্যাবেলা বজরার ছাদে বসিয়াছিলেন। সেই সময়ে এক ঝাঁক বলাকা তাঁহার মাথার উপর দিয়া উড়িয়া গেল। তাহা দেখিয়া সঙ্গে সঙ্গে কবি-চিত্তে যে ভাবতরঙ্গ খেলিয়া গেল তাহাই এই কবিতায় প্রকাশ পাইয়াছে। এই কবিতার বিষয় ও নাম হইতে সমগ্র বইয়েরই নাম হইয়াছে বলাকা। যাযাবর পাখীর ঝাঁক অনন্ত আকাশপথে উড়িয়া যাইবার সময়ে কবিকে স্মরণ করাইয়া দিয়া গেল যে জগতের সমস্ত কিছুই যাযাবর, গমিষ্ণু, প্রাণ হইতে জড়পদার্থ পর্যন্ত। যে গতিবেগ কবি আবাল্য অন্তরে অন্তরে অনুভব করিয়া নানা কবিতায় নানা সময়ে প্রকাশ করিয়া আসিয়াছেন, সেই গতির বাণীই শুনাইয়া গেল বলাকার নিরুদ্দেশ যাত্রা—এবং সেই জন্য এই কবিতাটি হইয়াছে নিখিল জগতের তীর্থযাত্রার জয়গান। কবি এই দেশ ও কালের বাহিরে, লোক-লোকান্তরে ও কাল-কালান্তরে নিজেকে প্রসারিত করিয়া বিশ্বজগতে যে চিরন্তন গতিক্রিয়া আছে

তাহাই অনুভব করিতেছেন—তাঁহার মন সেই বিবাগী হংসবলাকার যাত্রা দেখিয়া প্রাচীন ঋষির মতনই উদাত্ত স্বরে বলিয়া উঠিয়াছে—'শোনো বিশ্বজন, শোনো অমৃতের পুত্রগণ, হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোনোখানে সকলের যাত্রা করিয়া চলিতে হইবে। কাহারও কোথাও স্থির হইয়া স্থগিত হইয়া গণ্ডীবদ্ধ হইয়া সঙ্কীর্ণ-সীমায় বন্দী হইয়া থাকিবার হুকুম নাই।'

যাযাবর পাখীরা যেমন নিজের বহুযত্নে গড়া পরিচিত ও আরামের বাসা ফেলিয়া অজ্ঞাত দেশে নিরুদ্দেশ যাত্রা করে, নিখিল-প্রাণ তেমনি অনুভব করে—

সব ঠাঁই মোর ঘর আছে, আমি
সেই ঘর মরি খুঁজিয়া। —প্রবাসী

অতএব এখানে থামিলে চলিবে না—'আগে চল্ আগে চল্ ভাই।'

অন্ধকার নামিয়া আসিতেই ঝিলম নদীর বাঁকা জলধারা ঢাকা পড়িয়া গেল, তাহা দেখিয়া কবির মনে হইল যেন কেহ একখানি বাঁকা তলোয়ার কালো খাপের মধ্যে ভরিয়া রাখিল। এই রকম উপমা এক ইংরেজ কবির কবিতাতে দেখা যায়, সেই কবি পাহাড়ের চূড়াকে খাপ খোলা তলোয়ারের সহিত তুলনা করিয়াছেন—

I'm homesick for my hills again.
My hills again !
To see above the Severn plain,
Unscabbarded against the sky
The blue high blade of Costwald lie ;
* * * *
—F. W. Harvey (born 1888).

এবং বিদ্যাপতি বলিয়াছেন—

রঅনি ছোটি হো দিবস বাঢ়।
জান কামদেব করবাল কাঢ়॥

শীতের অবসানে বসন্তের আগমনের সূচনা করিয়া ক্রমশ রজনী ছোট ও দিবস বড় হইতেছে, যেন কামদেব কালো খাপের ভিতর হইতে চক্‌চকে তলোয়ার আকর্ষণ করিয়া বাহির করিতেছেন।

দিনের আলোতে যখন ভাঁটা লাগিল, তখন রাত্রি কালীর জোয়ার লইয়া উপস্থিত হইল—সেই জোয়ারের বন্যায় তারা ফুলের মতন ভাসিয়া আসিতে

লাগিল। সেই আচ্ছন্ন অন্ধকার যেন সৃষ্টির অব্যক্ত গুম্‌রানো শব্দপুঞ্জের জমাট রূপ—সমস্ত প্রকৃতি যেন কথা কহিতে চাহিতেছে, কিন্তু স্বপ্নে যেমন কেবল অব্যক্ত একটা শব্দ হয়, তেমনি যেন অব্যক্ত এক বাণী অন্ধকার ভরিয়া রহিয়াছে বলিয়া কবির মনে হইতে লাগিল।

সহসা বিদ্যুৎ-ছটার ন্যায় হংসবলাকার পাখার শব্দ নিস্তব্ধ অন্ধকারের ভিতর দিয়া আকাশের বুকে রেখা টানিয়া চলিয়া গেল। ঝড়ের মধ্যে যে গতির উন্মাদনা, সেই উন্মাদনার বশেই যেন বলাকা পক্ষবিস্তার করিয়া ছুটিয়া চলিয়াছে। স্তব্ধতা যেন তপস্যা করিতেছিল মৌনী হইয়া, শব্দময়ী অপ্সরা সেই পক্ষধ্বনি তাহার মৌনতা স্তব্ধতা ভঙ্গ করিয়া দিয়া গেল এবং সেই আঘটন ঘটিতে দেখিয়া দেওদার-বন শিহরিয়া ভাবিতে লাগিল—এ কী! এ কী! এ কী গো!

সেই পাখার শব্দে নিশ্চলের অন্তরে চলার আকাঙ্ক্ষা জাগিয়া উঠিল। কবি নিশ্চলেরও অন্তরে অন্তরে চির-চঞ্চলের আবেগ অনুভব করিতেছেন। বৈশাখের মেঘ যেমন কালবৈশাখী ঝড়ের তাড়নায় আকাশের এক প্রান্ত হইতে অপর প্রান্তে ছুটিয়া চলে, তেমনি বাধাবন্ধহারা হইয়া ছুটিয়া যাইতে, চাহে পর্বত—পর্বত অচল বলিয়া অভিহিত হইলেও তাহা বাস্তবিক অচল নহে, পর্বত অতি ধীরে হইলেও মানবের অগোচরে অগ্রসর হইয়া চলে, তাহারও বৃদ্ধি আছে, ক্ষয় আছে, কত কত শিলা নির্ঝরে নদীতে খসিয়া পড়িয়া প্রবাহিত হইয়া দূর-দূরান্তে চলিয়াছে, শিলা ঘৃষ্ট হইয়া হইয়া পলিমাটিরূপে সমুদ্রে উপনীত হইতেছে, সুতরাং পর্বতও চলিতেছে। গাছও চলিতেছে—ফলের মধ্যে সুস্বাদ ও সুরস সঞ্চার করিয়া প্রাণীদের প্রলুব্ধ করিতেছে, তাহাদের বীজ দেশ-দেশান্তরে ছড়াইয়া ফেলিতে, শালগাছের বীজের গায়ে পাখা গজায় দূরে উড়িয়া পড়িবার জন্য, কার্পাস ও শিমুল গাছের বীজের গায়ে তূলা জন্মায় বীজগুলিকে নানা স্থানে উড়াইয়া দিবার জন্য—এমনি করিয়া এক দেশের গাছ অন্য দেশে ক্রমাগত যাত্রা করিয়া চলিয়াছে। সমস্ত বিশ্ব-চরাচর যেন সন্ধ্যার অন্ধকারে কবিকে কবির কথার প্রতিধ্বনি করিয়া বলিতেছে—

> আমি চঞ্চল হে,
> আমি সুদূরের পিয়াসী! —সুদূর।

সেই হংসবলাকার পাখার বাণী নিখিলের প্রাণে প্রতিধ্বনিত হইতে লাগিল—'হেথা নয়, হেথা নয়, আর কোন্‌খানে।'

স্তব্ধতার আবরণ মায়াজালের মতন স্তব্ধতার অন্তর্নিহিত গতির আবেগকে কবির অগোচর করিয়া রাখিয়াছিল, সেই পাখা-বিবাগী পাখীরা যেন সেই আবরণ উদ্‌ঘাটন করিয়া দিয়া গেল। তখন কবি দেখিতে পাইলেন—মাটির উপরে তৃণদল বর্ধিত হইতেছে, বিস্তৃত হইতেছে, ইহা যেন তাহাদের উড়িয়া চলিবারই প্রয়াস। মাটির নীচে কত কোটি কোটি লক্ষ লক্ষ বীজ তাহাদের অঙ্কুর উদ্‌গত করিয়া তুলিবার প্রয়াস পাইতেছে, তাহাও যেন তাহাদের ডানা মেলিয়া উড়িয়া চলিবার প্রয়াস। পর্বত চলিয়াছে, অরণ্য দ্বীপ হইতে দ্বীপান্তরে যাত্রা করিয়া চলিয়াছে, নক্ষত্রপুঞ্জও আবর্তিত হইতে হইতে কোন্ অজানা হইতে অজানার দিকে গড়াইয়া চলিয়াছে—সেই অজানাকে না জানিতে পারার বিরহ-বেদনায় সমস্ত আকাশ ক্রন্দসী হইয়া উঠিয়াছে, নক্ষত্রগুলি যেন সেই কালো-মেয়ের কপোলে আলোকময় অশ্রুবিন্দু ঝরিয়া পড়িয়াছে। তুলনীয়—

> ······শুনিলাম নক্ষত্রের রন্ধ্রে রন্ধ্রে বাজে
> আকাশের বিপুল ক্রন্দন,······ —পূরবী, সমুদ্র।

মানুষের সমস্ত আকাঙ্ক্ষা কামনা ভাবনা লোকালয়ের তীরে তীরে এক শতাব্দী হইতে অন্য শতাব্দীতে, এক যুগ হইতে অন্য যুগে দলে দলে ঘুরিয়া বেড়াইতেছে। সমস্ত বিশ্বশক্তি ও বিশ্বচেষ্টা যেন আকুল স্বরে চীৎকার করিয়া বলিতেছে—এখানে থামিলে চলিবে না—চলো, চলো, চলো—চরৈবেতি! চরৈবেতি!

এই নিরন্তর চলিবার আহ্বান আমাদের ভারতবর্ষে বহু প্রাচীন যুগে ধ্বনিত হইয়াছিল, আবার এই নবীন যুগে স্থবির জাতিকে চলার বাণী শুনাইলেন ঋষি রবীন্দ্রনাথ। প্রাচীন ঋষিরা বলিয়াছিলেন—

> নানা শ্রান্তায় শ্রীর্ অস্তীতি রোহিত শুশ্রুম।
> পাপোনৃষদ্‌বরোজনঃ ইন্দ্র ইচ্চরতঃ সখা॥
> —চরৈবেতি, চরৈবেতি!

হে রোহিত, চিরকালই শুনিয়া আসিতেছি যে-ব্যক্তি চলিতে চলিতে শ্রান্ত হইয়াছে তাহার আর শ্রীর ইয়ত্তা থাকে না। শ্রেষ্ঠ জনও যদি শুইয়া পড়িয়া থাকে তবে সে তুচ্ছ হইয়া যায়। যে চলিতেছে স্বয়ং দেবতা তাহার সখা হইয়া তাহার সঙ্গে সঙ্গে থাকেন। অতএব হে রোহিত, বাহির হও, বাহির হও, চলিতে থাকো।

পুষ্পিণ্যৌ চরতো জঙ্ঘে ভূষ্ণুর্‌ আত্মা ফলগ্রহিঃ।
শেরেঽস্য সর্বে পাপ্মানঃ শ্রমেণ প্রপথে হতাঃ॥ —চরৈবেতি, চরৈবেতি।

যে বিচরণ করে তাহার প্রতিপদক্ষেপে পুষ্প প্রস্ফুটিত হওয়ায় তাহার পথ সুষমাময় হইয়া উঠে, তাহার আত্মা নিত্য বৃহৎ হইতে থাকে এবং সে নিত্যই বৃহত্ত্বের ফললাভ করে। যে পথ সম্মুখে নিত্য উন্মুক্ত তাহাতে যে বিচরণ করে, তাহার সকল পাপ শ্রমের দ্বারা হতবীর্য হইয়া মরিয়া মরিয়া তাহার পথের উপর শুইয়া পড়ে। অতএব চলো, চলো।

চরন্‌ বৈ মধু বিন্দতি চরন্‌ স্বাদুম্‌ উদুম্বরম্‌।
সূর্যস্য পশ্য শ্রেমাণং যো ন তন্দ্রয়তে চরন॥ --চরৈবেতি, চরৈবেতি।

যে চলিতে থাকে সে মধু লাভ করে, যে চলে সেই অমৃতময় স্বাদু ফল লাভ করে। ঐ দেখ সূর্যের কী দীপ্ত মহিমা—সে যে চলিতে চলিতে কখনো তন্দ্রাবিষ্ট হয় না। অতএব চলো, চলো!

Not there, not there, my child! —Mrs Hemans.

You road, I enter upon and look around,
I believe you are not all that is here,
I believe that much unseen is also here.
Allons! whoever you are, come, travel with me!
Travelling with me you find what never tires.
*   *   *   *   *
Allons! we must not stop here,
*   *   *   *   *
Allons! the road is before us!
—Walt Whitman, *The Song of the Open Road.*

৩৭ নম্বর

এই কবিতাটি ইউরোপের মহাযুদ্ধ স্মরণ করিয়া লেখা বলিয়া মনে হয়। যখন মরণে মরণে আলিঙ্গন লাগিয়াছে, মৃত্যুর গর্জ্জন শোনা যাইতেছে, তখন কবি অনুভব করিতেছেন যে এই প্রলয়-তাণ্ডবের ভিতর দিয়া রুদ্র নূতনকে সৃষ্টি করিবার আয়োজন করিতেছেন—মিথ্যা অন্যায় পাপের দ্বারা যখন সত্য আচ্ছন্ন হইয়া গিয়াছে, তখন সেই সত্যকে গ্লানি-নির্মুক্ত করিবার জন্য এই আয়োজন। এই বিক্ষোভের ভিতর হইতেই নবযুগের উষার

অভ্যুদয় হইবে—অতএব কাহারও নিশ্চেষ্ট হইয়া থাকিলে চলিবে না, সকলকে চেষ্টা করিয়া অগ্রসর হইয়া নূতনকে সত্যকে ন্যায়কে আবাহন করিয়া লইতে হইবে। এই যে বিশ্বজোড়া সংঘাত জাগিয়াছে, এই যে রুদ্রের রোষ প্রদীপ্ত হইয়া উঠিয়াছে, এ কাহার দোষে হইয়াছে তাহা নির্ণয় করিবার আবশ্যক নাই। বিশ্বে যদি কোথাও একটু পাপ অন্যায় অসত্য প্রবল লইয়া উঠে তাহার জন্য বিশ্ববাসী সকল নরনারী দায়ী, এবং তাহার ফলভাগীও হইতে হয় সকলকে—

এ আমার এ তোমার পাপ।

যে পাপের ভার এতদিন নানা স্থানে নানা জনে জমাইয়া তুলিতেছিল, তাহারই আঘাতে রুদ্র আজ জাগ্রত হইয়াছেন—দেবতার ও মানবতার অপমান তিনি সহ্য করিতে পারিতেছেন না। এই মৃত্যুর সন্মুখে দাঁড়াইয়া আমাদের সকলকে বলিতে হইবে—

তোরে নাহি করি ভয়,
এ সংসারে প্রতিদিন তোরে করিয়াছি জয়।
তোর চেয়ে আমি সত্য—এ বিশ্বাসে প্রাণ দিব, দেখ!
শান্তি সত্য, শিব সত্য, সত্য সেই চিরন্তন এক!

এই মৃত্যুর অন্তরে প্রবেশ করিয়া অমৃত আহরণ করিতে হইবে, এই মিথ্যার বাধা ভেদ করিয়া সত্যকে আবিষ্কার করিতে হইবে, এই পাপের পঙ্কে নামিয়া পুণ্যপঙ্কজ উদ্ধার করিতে হইবে। এই যে কত দেশের কত বীরহৃদয় শোণিত দিয়া পাপ অন্যায় ক্ষালন করিতে চাহিতেছে, এই যে কত মাতার ও স্ত্রীর অশ্রু ঝরিতেছে, ইহাতে কি পাপ দূর হইয়া পৃথিবীতে নূতন স্বর্গরাজ্য প্রতিষ্ঠিত হইবে না? এই যে এত দুঃখ ও আত্মবলিদান, ইহার জন্য তো বিশ্বেশ্বর বিশ্ববাসীর নিকট ঋণী হইতেছেন, তাঁহাকে তো পুণ্য প্রতিষ্ঠা করিয়া এই ঋণ শোধ করিতে হইবে। রাত্রি যেমন তপস্যা করিয়া দিবসকে ডাকিয়া আনে, তেমনি এই পাপের প্রায়শ্চিত্ত দ্বারা পুণ্যকে আহ্বান করিয়া আনিতে হইবে। মানুষ যখন মৃত্যুকে বরণ করিয়া মানবতার ক্ষুদ্রতার উর্ধ্বে উঠিতেছে তখন তো সেই মানবতার মধ্যে দেবত্বের অমর মহিমা বাধ্য হইয়া ফুটিয়া উঠিবে, সে বিষয়ে কোনো সংশয় কবির মনে নাই।

৩৮ নম্বর

কবিতাটি শিলাইদহে লেখা। ১৩২২ সালের অগ্রহায়ণ মাসের সবুজপত্রে "নূতন বসন" শিরোনামে ইহা প্রথম প্রকাশিত হয়।

কবি কাহারও নিকট হইতে একখানি নূতন বসন উপহার পাইয়াছিলেন। সেই নূতন বস্ত্র পরিধান করিয়া কবির মনে হইল—আমার সর্বদেহে আমার অন্তরে আমার চিন্তায় ভাবনায় আমার প্রেমে নূতনত্বের আকাঙ্ক্ষার তো অন্ত নাই, সেই নূতনত্বের আকাঙ্ক্ষা যেন আজ নূতন বস্ত্ররূপে আমার সর্বাঙ্গ পরিবেষ্টন করিয়া ধরিয়াছে। গান যেমন বাঁধা সুর অতিক্রম করিয়া নূতন নূতন তানের উচ্ছ্বাসে আত্মপ্রকাশ করিতে থাকে, তেমনি আমার দেহ নূতন কাপড় পাইয়া প্রতিদিনের বাঁধা গণ্ডীকে উত্তীর্ণ হইয়া গেল।

যিনি চিরনূতন, তাঁহার কাছে আমার ক্ষণে ক্ষণে নূতন হইয়া উপস্থিত হইতে ইচ্ছা হয়। তাই আজ এই নূতন বসন পরিধান করিয়া আপনাকে যেন এই প্রথম তাঁহার হাতে সমর্পণ করিলাম বলিয়া মনে হইতেছে।

আমার হৃদয়ের প্রেমের রং অফুরন্ত—তবু তাহার তৃপ্তি নাই, সে আরো আরো আরো চায়। সেই রঙের নেশাতেই তো নানা রঙের বসন পরিয়া যিনি সকল রঙের রঙ্গী তাঁহার সঙ্গে মিলন ঘটাইয়া তুলিতে চাই।

নীল রং অনন্তের অকূলের বর্ণ—তাই আকাশ নীল, সমুদ্র নীল, আমাদের ভগবান নীলমণি। আজ আমি সেই নীলবর্ণের বসন পরিধান করিয়া অনন্তের অনন্ততাকে আমার বসনের বর্ণে প্রতিফলিত দেখিতেছি। নদীর এ পার সবুজ, কিন্তু যে পার অজানা অচেনা সেই দূরের পারে নীলের পাড়—

দূরাদ্ অয়শ্চক্রনিভস্য তন্বী
আভাতি বেলা লবণাম্বুরাশেঃ!

আজ এই নীল বসন গায়ে দিয়া আমার দেহে মনে দূরের ডাক লাগিয়াছে—যাহা আয়ত্ত তাহা ত্যাগ করিয়া অনায়ত্তকে ধরিতে যাত্রা করিতে হইবে, যেমন করিয়া দিশাহারা হইয়া ছুটিয়া চলে বৃষ্টিভরা ঈশান কোণের নব মেঘ। যে দিক্ হইতে মনোহরণ কালের বাঁশী বাজিতেছে সেই দিকে কূল ছাড়িয়া নিরুদ্দেশ-যাত্রার জন্য মন ব্যাকুল হইয়া উঠিয়াছে।

৩৯ নম্বর

মহাকবি শেক্‌স্‌পীয়ারের মৃত্যুর তিন শত বৎসর পরের স্মৃতিবার্ষিক উপলক্ষ্যে লিখিত এই কবিতাটি। ১৩২২ সালের পৌষ মাসের সবুজপত্রের ৬০৫ পৃষ্ঠায় 'শেক্‌স্‌পিয়র' শিরোনামে ইহা প্রকাশিত হইয়াছিল।

৪০ নম্বর

মানুষের অভিজ্ঞতার ধারা তাহার সমস্ত ইন্দ্রিয়ানুভূতির ভিতরে ও চেতনার ভিতরে সঞ্চিত হইয়া থাকে; মানুষ পুরুষানুক্রমে জন্ম-জন্মান্তরের যে-সব অভিজ্ঞতা লাভ করিয়া জীবনযাত্রা নির্বাহ করিয়া চলিয়াছে, তাহারই পুঞ্জীভূত ফল তাহার বর্তমানের বোধ ও অনুভবটুকু। মানুষ যাহা অনুভব করে, তাহার অন্তরালে তাহার অবচেতনার মধ্যে কত কিছু জমা হইয়া রহিয়া যায় যাহার সম্পূর্ণ সন্ধান জানা যায় না। এই অনুভবের মধ্যে তাহার কত লক্ষ পূর্বপুরুষের এবং কত লক্ষ বৎসরের সঞ্চয় আছে কে তাহার ইয়ত্তা করিতে পারে?

৪১ নম্বর

মানুষ সমস্ত জীবন ভরিয়া এবং জন্ম-জন্মান্তরে পুরুষানুক্রমে যাহা অনুভব করে, তাহাই তাহার বর্তমান অনুভবে রূপ পায়, এবং সেই বহুযুগসঞ্চিত আনন্দ তাহার মুহূর্তের অনুভূতির মধ্যে জাগিয়া উঠে। তাই সামান্যে তাহার এত আনন্দ, তুচ্ছ বস্তুতে এত সৌন্দর্য সে অনুভব করে। কবি এই আনন্দ-বেদনা প্রকাশ করিবার সহজ বাণী অন্বেষণ করিয়া ব্যাকুল হইয়াছেন, কেমন করিয়া এই মুহূর্তের মধ্যে অনন্তের আবির্ভাবকে তিনি ব্যক্ত করিতে পারিবেন।

৪৩ নম্বর

ভগবান্ মানুষের হৃদয়-দ্বারে বারে বারে নানা ছুতায় আসিয়া উপস্থিত হন— সকল সৌন্দর্যের মধ্য দিয়া তিনি আমাদের প্রাণ স্পর্শ করিতে চাহেন, সকল প্রেমের মধ্যে তাঁহারই প্রকাশ, প্রশংসা যশ নিন্দা দুঃখ সুখ সকলেরই মধ্য দিয়া তাঁহার আগমন আমাদের হৃদয়-দ্বারে। কিন্তু আমরা এমনি মূঢ় যে সংসারের

সঙ্কীর্ণতার মধ্যে আপনাকে বদ্ধ করিয়া তাঁহার আগমনকে উপেক্ষা করি। তার পরে যখন সব কর্মাবসানে রজনীর অন্ধকারে একা বসিয়া নিজেকে একাকী বোধ হয়, তখন মনে পড়ে তিনি কত মাধুর্যের মধ্য দিয়া কত রূপ-রসের মধ্য দিয়া আমাদের কাছে আসিয়া ব্যর্থ হইয়া ফিরিয়া গিয়াছেন, আমরা তাঁহার অভ্যর্থনা করি নাই। কিন্তু সেই ফিরিয়া যাওয়া তো নিরবচ্ছিন্ন ব্যর্থতা নহে, সেই ফিরাইয়া দেওয়াই আমাদের মনে পড়াইয়া দিবে যে আমাদের কাছে তিনি অভিসারে আসিয়াছিলেন, এবং তিনি ফিরিয়া গেলেও আবার আসেন।

৪৫ নম্বর

দুঃখ আসিয়া থাকে, আসিয়াছে, তাহাতে ভাবনা কি? এই জগতের তো সবই নশ্বর, সুখ যদি ভাঙিয়া গিয়া থাকে, তবে দুঃখই কি চিরস্থায়ী হইবে? সমস্তই কেবল মরিয়া মরিয়া চলিয়াছে—শৈশব মরিয়া কৈশোর, কৈশোর মরিয়া যৌবন, আবার যৌবন মরিয়া বার্ধক্য আসে,—এই এক দেহেই কতবার মৃত্যু ঘটে। এই জীবনে কত সুখ আসিয়াছে, গিয়াছে; কত দুঃখ আসিয়াছে, তাহাও গিয়াছে। তবে এই দুঃখই কি বক্ষে চাপিয়া বিরাজ করিবে? মানুষের সুখ দুঃখ ভয় ভাবনা সমস্ত মিলাইয়া নিরাকারই তো আকার গ্রহণ করিতে করিতে চলিতেছেন। অতএব হে জীবনপথের পথিক, হে অনন্ত তীর্থযাত্রী, চলার আনন্দে গান গাহিয়া চলো, পথের ক্লেশ স্বীকার না করিলে পথের প্রান্তে গম্য স্থানে উপনীত হইবে কেমন করিয়া? এই জীবনের অবসানও নূতন জীবনের দিকে যাত্রা, সেখানেও আবার নূতন সুখ নূতন প্রেম প্রতীক্ষা করিতেছে। অতএব ভয়-ভাবনা কিসের? আমি কবি হইয়া জন্মিয়াছিলাম। সেই আনন্দ আমার পরজন্মের সমস্ত আনন্দে সঞ্চারিত হইয়া যাইবে। যে জীবনদেবতা এই জন্মে আনন্দ লাভ করিলেন, তিনিই তো জন্মান্তরের সাথী হইয়া থাকিবেন। সে তো অধর—তাই

> তারে নিয়ে হ'ল না ঘর বাঁধা,
> পথে পথেই নিত্য তারে সাধা
> এমনি ক'রে আসা-যাওয়ার ডোরে
> প্রেমেরি জাল বোনো—

চিরকাল চলিতে থাকিবে।

৪৬ নম্বর

এই কবিতাটি প্রথমে ১৩২৩ সালের বৈশাখ মাসের সবুজপত্রের প্রথম পৃষ্ঠায় "নববর্ষের আশীর্ব্বাদ" শিরোনামে প্রকাশিত হয়।

কবি পুরাতনকে কখনো আমল দিতে চাহেন নাই। যৌবনে যখন 'কড়ি ও কোমল' রচনা করেন, তখনই তিনি বলিয়াছিলেন—'হেথা হ'তে যাও পুরাতন, হেথায় নূতন খেলা আরম্ভ হয়েছে।' সর্প যেমন তাহার জীর্ণ নির্মোক মোচন করিয়া নব কলেবর ধারণ করে, তেমনি মানুষকে সমস্ত জীর্ণতা পরিহার করিয়া দুঃখের তপস্যা করিয়া অমর হইতে হইবে। কাল যেমন ক্রমাগত বর্তমান হইয়া চলিয়াছে, তেমনি মানবকেও অনন্ত যাত্রাপথে চলিতে হইবে—পথের ধূলা গায়ে যদি লাগে, পথের কাঁটা পায়ে যদি বিঁধে, পথের সর্প যদি ফণা তুলিয়া পথরোধ করে, তবু চলিতে হইবে। যে তীর্থযাত্রী তাহার জন্য আরাম নহে, সে তো ঘরের মমতায় বদ্ধ হইয়া থাকিলে তাহার তীর্থে পৌঁছানোই হইবে না। এই দুঃখ সহ্য করিয়া চলিতে পারার মধ্যেই তীর্থের মাহাত্ম্য, পুণ্যের আগ্রহ প্রকাশ পায়; এই দুঃখই তীর্থরাজের সুফল সম্প্রদান। দুঃখ বিরোধ বিপদ্ মৃত্যুর বেশেই অসীমের আবির্ভাব হয় মানবজীবনে। সেই সমস্তকে স্বীকার করিয়া যাত্রা করিয়া চলিতে হইবে নূতনের অভিসারে। যাহা কিছু কুসংস্কার আছে তাহা ত্যাগ করিয়া, যাহা কিছু আসক্তি আছে তাহা পরিহার করিয়া সেই অচেনা কাণ্ডারীকে অবলম্বন করিতে হইবে। তাহা হইলে পুরাতনের মোহ দূর হইয়া নূতনের আলোক উদ্ভাসিত হইয়া উঠিবে, যাত্রীর জীবন ধন্য হইবে।

১৪ নম্বর

মাধবীলতায় ফুল ফুটিয়াছে। তাহা দেখিয়া কবি ভাবিতেছেন—

"এই আনন্দ-ছবি যুগযুগান্তর প্রচ্ছন্ন ছিল, আজ তা বিকাশিত হল। যে সত্য অপ্রকাশিত ছিল, আজ তা রূপ ধ'রে ফুটে উঠেছে। বহিঃপ্রকৃতিতে এই মাধবীর বিকাশ যেমন সত্য যেমনি আজ আমার মনে যে আনন্দ জাগ্রত হ'ল, সেও তেমনি সত্য। একটি আমার বাহিরে এবং অন্যটি আমার অন্তরে; তাই বলে তা'রা পরস্পরের তুলনায় কেউবা বেশি কেউবা কম-সত্য নয়

মানুষের যে আনন্দধারা আমি কবিতায় প্রকাশ করলাম তা তো একান্ত ভাবে আমারই কল্পনা থেকে উদ্ভূত নয়। রূপদক্ষ শিল্পী কাব্যে ও চিত্রে যে সৌন্দর্যকে রূপদান করে, যে

আনন্দকে ফুটিয়ে তোলে, তা তো সেই রসমাধুর্য যা মানুষের কত প্রেমে অলক্ষিত হয়ে কাজ করছিল।—মানুষের সেই অব্যক্ত উদ্যম কবি বা শিল্পীর রচনায় রচিত হয়ে উঠে। এই রচিত হয়ে ওঠবার তপস্যা গূঢ়ভাবে সকল মানুষের মনের ভিতরে আছে। সকল মানুষেরই মন আপনার বিচিত্র ভাবোদ্যমকে প্রকাশ করবার ইচ্ছা করছে। সেই সকলের ইচ্ছা ক্ষণে ক্ষণে স্থানে স্থানে রূপ লাভ ক'রে সফল হয়ে উঠছে। আমাদের মনে যে-সকল ইচ্ছার উদ্যম, আনন্দের উদ্যম, অন্তর্গূঢ় হয়ে আন্দোলিত হচ্ছে, তা'রাই হচ্ছে মানুষের সকল সৃষ্টির মূল-শক্তি। তা'রাই চিত্রীর তুলিকায়, কবির লেখনীতে, মূর্তিকারের ক্ষোদনীযন্ত্রে প্রকাশিত হতে থাকে।

অনেক সময়ে 'বসন্ত-কাননে একটু হাসি' আমাদের মনে যে আনন্দ জাগিয়ে দিয়ে যায়, মনে হয়, হয়তো এ কোনো দিন বাহিরে কিছুতে বিকশিত হয়ে উঠবে না। কিন্তু মনে আশা আছে যে তা ব্যর্থ হয়ে যায় না। লোহিতসাগর দিয়ে যেতে যেতে আমি একবার আশ্চর্য সূর্যাস্ত দেখেছিলুম। তখন মনে হয়েছিল যে এই অপূর্ব বর্ণচ্ছটার সমাবেশকে তো ধ'রে রাখতে পারলুম না, ভাবলুম যে বাইরের প্রকৃতির রূপের উচ্ছ্বাস আমার মনে ছায়া দিয়ে চলে গেল, সে ছায়াও তো মিলিয়ে যাবে। কিন্তু এই যে অমৃতমুহূর্তে সৌন্দর্যে ডুব দিলুম, এর শেষ পরিণতি অপ্রকাশের বেদনার মধ্যে নয়—এই অনুভূতি আমার অন্তরলোকে আপন জায়গা ক'রে নিলে। সেই আমার অন্তরলোক সকল মানুষের অন্তরলোকের সামিল; সেইখানে এই-সমস্ত ব্যক্তিগত অনুভূতির প্রকাশ ও লয় আকাশে মেঘের প্রকাশ ও লয়, অরণ্যে মাধবীর বিকাশ ও ঝ'রে পড়ার মতোই সৃষ্টিলীলার আন্দোলন হচ্ছে বাহির থেকে অন্তরে, আবার অন্তর থেকে বাহিরে। আজ আমার চিত্তে যে আনন্দ দেখা দিয়েছে সে যদিও আমার চিত্তের মধ্যেই আছে, তবু তার মধ্যে একটি বেরিয়ে আসবার প্রয়াস আছে। তাই সে ধাক্কা দিচ্ছে রুদ্ধদ্বারে। সমস্ত মানুষের মন জুড়ে এই ধাক্কাটি নিরন্তর চলছে। সেই ধাক্কাটি হচ্ছে বেরিয়ে আসবার ইচ্ছা। ইচ্ছা নানা উপলক্ষ্যে জাগ্রত হচ্ছে ব'লেই মানবসমাজে সৃষ্টির কাজ চলছে। এর প্রেরণা, ক্ষুধাতৃষ্ণার মতো আবশ্যকের প্রেরণা নয়, কেবলমাত্র প্রকাশের প্রেরণা। অতএব লোহিতসমুদ্রে আকাশের যে বর্ণভঙ্গিমা আমার মনের মধ্যে একদিন আনন্দের ঢেউ হয়ে উঠেছিল, সেই ঢেউ নিশ্চয় আমার রচনার সাধনায় বারবার ঠেলা দিয়েছে। আজ বসন্তে বাইরে যে মাধবীমঞ্জরী আমার অন্তরে আনন্দরূপ নিয়েছে সে আমার মনের সাধারণ প্রকাশ চেষ্টার মধ্যে একটি শক্তিরূপে রয়ে গেল—আমার নানা গানের নানা সুরে তার দোলা লাগবে—আমি কি তা জানতে পারব?"

বিশ্বপ্রকৃতির শক্তি যেমন ফুল হইয়া বিকশিত হয়, অন্তর-প্রকৃতির শক্তিও তেমনি আনন্দসৃষ্টির রূপ ধরিয়া প্রকাশ পায়।

১৬ নম্বর

১৩২২ সালের ফাল্গুন মাসের সবুজপত্রের ৬৮৭ পৃষ্ঠায় ইহা "রূপ" শিরোনামে প্রথম প্রকাশিত হয়।

গতি যে কেবল গতিতে পর্যবসিত থাকিতে চায় না, তাহার লক্ষ্য যে সকল সময়েই অব্যক্ত হইতে ব্যক্ত হওয়া, নিরাকার হইতে সাকার হওয়া, এই পরম সত্যটি এই কবিতার প্রতিপাদ্য। এই কবিতাটিতে একটি গভীর দার্শনিক তত্ত্ব নিহিত আছে।

গতিতে বস্তুর রূপ ফুটিয়া উঠে, আর স্থিতিতে বস্তুর স্তূপ জমা হইয়া একাকার হইয়া যায়। 'চঞ্চলা' কবিতার ব্যাখ্যা দ্রষ্টব্য।

"চারিদিকে বিশ্বের বস্তুরাশি যেন হাহা ক'রে হেসে উঠেছে। ধূলোতে বালিতে তাদের করতালি হচ্ছে, তারা উন্মত্তভাবে নৃত্য করছে। বস্তুর সংঘাতে বস্তুর যে-লীলা হচ্ছে, যেন তারই কোলাহল শোনা যাচ্ছে। চারিদিকে রূপের মত্ততা। রূপ বস্তুর আকারে গতি পেয়েছে, তার সঙ্গীত শোনা যাচ্ছে।

চারিদিকে বস্তু-পুঞ্জ সত্তা ধারণ ক'রে প্রকাশের মত্ততায় মেতে উঠেছে। তাই দেখে আমার মন তাদের খেলার সাথী হতে চায়। বস্তুর দল আমার ভাবনা-কামনাকে বলছে, 'আমাদের খেলার সঙ্গী হও—লক্ষ্যগোচর হও, ধূলাবালির মধ্যে রূপ ধারণ করো।'

মানুষের যে অব্যক্ত স্বপ্নের দল তারা যেন কুল পেলে বেঁচে যায়। তারা অপ্রকাশকে পেরিয়ে বস্তুর ডাঙায় সৃষ্টির সঙ্গে মিলতে চায়। তারা যেন মজ্জমান প্রাণীর মতো অতলের নীচ থেকে ইটকাঠের মুষ্টি দিয়ে ধরণী আঁকড়ে ডাঙায় উঠতে চায়।

এমনি ক'রে মানুষের চিত্তের চিন্তাগুলি বাইরে কঠিন আকার ধারণ করছে। মানুষের শহরগুলি আর কিছু নয়, তারা মানুষের সেই ভাবনা ও কামনারই ব্যক্ত প্রকাশ। কোনো শহর কেবল কতকগুলি বাড়ীর সমষ্টি নয়। মানুষের যে-স্পর্শাতীত প্ল্যান, চেষ্টা ও আকাঙ্ক্ষা রূপ-জগতে সুস্পষ্ট হতে চাচ্ছে, তারই যেন লোহা-লক্কড়ের ভিতর দিয়ে এই শহরে স্পর্শগোচর হয়েছে। দিল্লীনগরীতে কত সম্রাট্ এসেছে. আবার তারা চ'লে গেছে, ম'রে গেছে। কিন্তু দিল্লীতে তাদের ভাবনা, ইচ্ছা, প্রতাপ কালে কালে স্তরে স্তরে জ'লে উঠে ইটকাঠের মধ্যে আপনাকে প্রকাশ ক'রে এই মহানগরী তৈরী ক'রে গেছে। চিত্তের বেদনাকে বাদ দিলে বস্তুগুলি কেবল মাত্র খোলস হয়ে দাঁড়ায়; চিত্তের যে কঠিন চেষ্টা নিজেকে রূপ দিবার প্রয়াস পেয়েছে, সেই চেষ্টাতেই নগর নগরী হয়েছে।

যে-সকল চেষ্টা রূপ ধারণ করতে পারল, তাদের তো আজ দেখছি, কিন্তু যেগুলি এখনো ব্যক্ত হয়নি, তারাও যে র'য়ে গেছে। অতীতের পূর্বপিতামহদের কামনা, ধ্যান-তপস্যা কি লুপ্ত হয়ে গেছে? না, তারা যে শূন্যে শূন্যে কানাকানি ক'রে ফিরছে, তারা বলছে, 'আমাদের বাণী পেলে আপনাদের প্রকাশ করি। আমাদের কোনো আধার নেই, তোমাদের বাণী সেই আধার

দেবে। আমরা যে অন্তরের কথা বল্‌তে চাই, শ্রুত হতে চাই।' লোকালয়ের তীরে তীরে এমনি কত অশ্রুত বাণী ঘুরে বেড়াচ্ছে। তাদের হাতে আলো নেই। কিন্তু অতীতের সেই অব্যক্ত ইচ্ছা-চেষ্টা বর্তমান কালের আলোর তীর্থে, প্রকাশের ঘাটে উত্তীর্ণ হ'তে চাচ্ছে। তারা সব পুরাকালের আলোকহীন যাত্রী। প্রকাশের ঘাটে উঠ্‌তে পারলে তারা বাঁচে।

তারা চিন্তা-গুহা ছেড়ে ছুটেছে। তারা রূপ পাবার আশায় অন্ধ-মরু পাড়ি দিয়ে চলেছে। তারা আকাশের তৃষ্ণায় কাতর হয়ে নিরাকারকে আঘাত করেছে। তারা কতদিন ধ'রে অব্যক্ত মরু পার হবার জন্য যাত্রা করেছে—বল্‌ছে 'কোথায় গেলে আকার পাই? তারা প্রকাশ হবার জন্য কবির সাহায্য প্রার্থনা কর্‌ছে।

(৪র্থ শ্লোক)

আমার ভিতরে যে আকাঙ্ক্ষাগুলি জাগে, আমরা সবাই তাকে রূপ দিতে পারলাম না। কিন্তু তারা বেরিয়ে পড়েছে। কোন্ পারে কোন্ তপস্যায় গিয়ে তাদের গতি শেষ হবে। তারা সব পাড়ি দিয়েছে। কে জানে কোন্ ঘাটে উঠ্‌বে? কিন্তু তারা জানে যে, একদিন তারা নূতন আলোতে বিকশিত হবে। কত যুগ-যুগান্তর থেকে মানুষের মনে প্রেমের জন্য শান্তির জন্য যে-সকল আকুল তৃষ্ণা জেগেছিল, তারা যুগে যুগে মানব সমাজের নানা সংঘাতের মধ্যে দিয়ে কোনো না কোনো ব্যবস্থায় প্রকাশ পেয়েছে। পুরাযুগের মানুষদের চিরবাঞ্ছিত আকাঙ্ক্ষার দল একযুগের পাড়ি শেষ করে নবযুগে রূপের বন্দরে এসে ঠেক্‌ল। আজকের দিনে যে সকল ব্যক্তিবিশেষ প্রচ্ছন্নতার ভিতরে থেকে কত গভীর আকাঙ্ক্ষা নিয়ে তপস্যা করছে, তাদের অপূর্ণ কামনাগুলি পাড়ি দিয়ে বসেছে—হয়তো তারা কোনো ভাবী কালে অপূর্ব-আলোতে প্রকাশিত হয়ে উঠ্‌বে। কিন্তু কত পুরাতন, দূরবর্তী অতীতের ইতিহাসে এদের জন্ম হয়েছিল, তখন তো কেউ জান্‌তে পারবে না। আজ তারা বাসাছাড়া পাখীর দলের মতো মানস লোকের নীড় ত্যাগ ক'রে ডানা মেলেছে। তারা যেদিন বাসায় পেঁছবে, সেদিন কোন্ নীড় ত্যাগ ক'রে তারা এসেছে তা কেউ জান্‌বে না।

আমার ভাবনা কামনা নিয়ে কোন্ এক কবি যে কবিতা লিখ্‌বে, কোন্ এক চিত্রকর যে ছবি আঁকবে, কোন্ এক রাজপুরীতে যে হর্ম্য তৈরী হবে, আজ দেশে তাদের কোনো চিহ্ন নেই। আজ সেইসব অরচিত যজ্ঞভূমির উদ্দেশ্যে বর্তমানের মানুষ ভাবী কালের দিকে মুখ করে তীর্থ-যাত্রীর মতো চলেছে। হয়তো কোন্ ভাবী ভীষণ সংগ্রামের রণশৃঙ্গের ফুৎকারে আজকের দিনে আরব্ধ তপস্যার আহ্বান রয়েছে। ফরাসীবিপ্লবে মানুষের যুগ-সঞ্চিত ইচ্ছা ও বেদনার আহ্বান ছিল। তাই তারা ডাক শুন্‌তে পেয়ে সংগ্রাম-স্থলে এসে পেঁছেছিল। যে ইচ্ছা আজ ফলপ্রাপ্ত করতে পারল না, ভাবী কালের কোন্ ভীষণ সংগ্রামে তাদের ডাক রয়েছে।"

জগতে অসংখ্য অশ্রুত বাণী অতৃপ্ত বাসনা ব্যক্ত হইয়া আকার পাইবার জন্য ছট্‌ফট্ করিয়া ঘুরিয়া বেড়াইতেছে; বর্তমানের নিষ্ফলতা ও অপ্রকাশ ভাবী কালে সফলতা ও প্রকাশ পাইবার জন্য ব্যাকুল; অমূর্ত নিরাকার

চিত্তবেদনাগুলি আধারের অন্বেষণে অস্থির। এইজন্য ইহারা সব গতি। এই বেদনাগুলি সত্য বলিয়া গতিও সত্য। কিন্তু এই বেদনা যেমন কেবলমাত্র বেদনাতেই পর্যবসিত থাকিতে চায় না, গতিও তেমনি চিরকাল কেবল গতি হইয়াই থাকিতে চায় না। এইজন্য আমাদের ভাষায় সুব্যবস্থার নাম গতি; আর দুর্ব্যবস্থার নাম দুর্গতি। চিত্তের বেদনা এক আধারেই নিজেকে চিরদিন বন্ধ রাখে না, ক্রমাগতই সে আধার হইতে আধারে গতিশীল। এজন্য তাজমহল সম্বন্ধে কবি বলিয়াছেন,—'তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ।' বের্গ্‌সঁ আধার স্বীকার করেন না; গতি চিরকালই গতি, গতিই কাল। নগর প্রভৃতি স্থিতিশীল জিনিস কল্পনা মাত্র, বুদ্ধির সৃষ্টি; সত্যের হিসাবে ইহার মূল্য শূন্য।

১৭ নম্বর

(১ম শ্লোক)

"যতক্ষণ বিশ্বকে ভালো বাসি নি ততক্ষণ আমার জীবনে তার দান কিছু কম পড়েছিল। তখন তার আলোতে সব সম্পদ পূর্ণ হয় নি। কারণ যখন আলোর মধ্যে আনন্দকে দেখি তখনই আমার কাছে তার সার্থকতা আছে। কেবল এই ব্যাপারটি যখন আমার কাছে সপ্রমাণ হল তখনও তার আসল তাৎপর্য (significance) আমার কাছে সুস্পষ্ট হয় নি। কিন্তু যখন ভুবনের দিকে চেয়ে থেকে আনন্দের উদ্বোধন হল, তখন যে আলো আমার মনের সঙ্গে মিলন সম্পাদন কর্‌ল তার সত্য আমার কাছে প্রচ্ছন্ন রইল না। আমি যতক্ষণ ভুবনকে ভালো বাসি নি ততক্ষণ সমস্ত আকাশ দীপ হাতে চেয়ে ছিল—আমার আনন্দের দ্বারা তার আলোর সত্য পূর্ণতা লাভ কর্‌বে বলে। আকাশ সূর্যচন্দ্র তারার বাতি জ্বালিয়ে অপেক্ষা ক'রে আছে—কখন্ আমি প্রেমের আনন্দ-দৃষ্টি দিয়ে তার সত্যকে উপলব্ধি করব। সেই বহুবৎসর ধ'রে দীপ জ্বালিয়ে এই আনন্দের অপেক্ষা ক'রে আছে, কখন্ আমার জীবন তারার পূর্ণ সত্যকে পাবে।

(২য় শ্লোক)

"যেদিন প্রেম গান গেয়ে এল—তোমার সঙ্গে আমার মিলন হল, সেদিন কি যেন কানাকানি হল। ভুবনের সঙ্গে আমার পরিণয় হল, সে বল্‌লে—

আমি তোমায় বরণ কর্‌লুম। আমার প্রেম বিশ্বের গলায় আপন মালা পরিয়ে দিয়ে হেসে দাঁড়াল। সে তার দিকে হেসে চাইল—তারপর একটা কিছু দিল : যা গোপন বস্তু কিন্তু যা চিরদিনের জিনিস, সে তাকে সেই আনন্দসম্পদ্‌ দিয়ে গেল যা তার তারার আলোয় চিরদিনের মতো গাঁথা হয়ে রইল। এই সম্পদ্‌ উপহার পাবে ব'লেই ভুবন তারার দীপ জ্বালিয়ে অর্ঘ্য সাজিয়ে পথ চেয়ে ব'সে ছিল—কবে আমার প্রেমের সঙ্গে তার শুভদৃষ্টি হবে, সে এসে ভুবনের গলায় মালা পরিয়ে দেবে। তারার আলোর মধ্যে এই প্রতীক্ষা ছিল। সেদিন প্রেম এল, সেদিন সে এমন কিছু দিয়ে গেল যা ধ্রুব-তারায় ধ্রুব হয়ে রইল, যা ভুবনকে পরিপূর্ণতা দান কর্‌ল।

১৮ নম্বর

(১ম শ্লোক)

"আমি যতক্ষণ স্থির হয়ে আছি ততক্ষণ বস্তুসমূহ ভার-স্বরূপ হয়ে থাকে। তখন জীবনের বোঝা, সঞ্চয়, ধন,—আমার পক্ষে দুর্বহ হয়। যখন আমার চলা বন্ধ হয়ে যায়, তখন ধনজন যা কিছু জম্‌তে থাকে তা কিছুই চলে না ; তারা আমাকে ঘিরে ফেলে। সেই সঞ্চয়কে বাঁচিয়ে রাখ্‌বার জন্য আমি জেগে আছি। বইয়ের পোকা যেমন তার পাতার মধ্যে ব'সে ব'সে তাদের কাটে আর খায়, তেমনি আমি এই জায়গায় ব'সে ব'সে কেবল খাচ্ছি আর জমাচ্ছি। আমার চোখে ঘুম নেই—মনের মাথায় বোঝা ভারী হয়ে উঠেছে। দুঃখ নূতন সতর্ক বুদ্ধির ভারে, সংশয়ের শীতে জীবনের চুল পেকে গেল, সে বুড়ো হয়ে যাচ্ছে।

(২য় শ্লোক)

"আমি যেই চল্‌তে সুরু কর্‌লেম, অমনি মন তার মাথায় পিঠে যে বোঝা চারিদিক্‌ থেকে এঁটে দিয়েছিল, চলার সঙ্গে সঙ্গে বিশ্বের সঙ্গে সংঘাতের দ্বারা তার আবরণ ছিন্ন হয়ে গেল, ব্যথার সঞ্চয়ের ক্ষয় হল। চলার সংঘর্ষে আনন্দের আবেগে যে আবরণ জড়িয়ে ধরেছিল তা ক্ষয় হতে থাকে। মন মতামতের (opininion-এর) দুর্গে বদ্ধ হয়ে বাঁধা আইডিয়ার মধ্যে থাক্‌লে সে

বৃদ্ধ হয়ে ওঠে। যা চলে না, স্থির হয়ে জম্‌তে থাকে তা মলিনতার আবর্জনা। মন যতই নূতন পরিবর্তনের মধ্যে চল্‌ছে ততই সে নব নব সম্পদে ভূষিত হচ্ছে। সনাতনের অচলতার দ্বারা মন নবীভূত (purified) হতে পারে না। চলার স্নানেই সকল বস্তু ধৌত নির্মল হয়ে যাচ্ছে। জরা জীবনকে যে পঙ্কিলতায় আচ্ছন্ন ক'রে রাখে, জীবনের চলার প্রাণশক্তি (vigour) সেই সঞ্চিত স্তূপকে ফেলে এগিয়ে চলে। 'স্থবিরতা কেবলই' পুরাতনকে আঁকড়ায় সে বোঝা ফেলে দিয়ে হাল্‌কা হতে চায় না। তাই সে মলিন স্তূপের দ্বারা জড়িত হয়ে থাকে। এর থেকে বাঁচ্‌বার উপায় হচ্ছে মনকে নিত্যনবীন পথে চালনা করা। চলার আনন্দরস পান ক'রে মনের যৌবন বিকশিত হয়।

(৩য় শ্লোক)

"আমি থাম্‌ব না। আমি বল্‌ব না যে, 'আমার চলা সারা হয়ে গেল,—সুতরাং এখন আমি যা সঞ্চয় করেছি তাই দিয়ে-থুয়ে আমি গৃহস্থ হ'য়ে বস্‌লাম।'—আমি যাত্রী, আমি সম্মুখপানে চল্‌ব। কে পিছন থেকে ডাক্‌ছে, আমি তার কথা শুন্‌ব না। আমি আর সঞ্চয়—স্থবিরতা—মৃত্যুর গোপন প্রেমে ঘরের কোনে লুকাব না। আমি ঘর-ছাড়া হয়ে পথের পথিক হব। আমি চিরযৌবনকে মালা পরাব। ঐ যে চিরযৌবন চলেছে পথিকের বেশে, তাকে আমি আমার যা-কিছু নিজের রচনা, সৃষ্টি, নিজের যে-সব দেবার জিনিস সমস্তই দেব। যে বার্ধক্য সঞ্চয়ের দুর্গে সতর্ক বুদ্ধির দেওয়ালে বন্ধ হয়ে ব'সে আছে, তার আয়োজনকে আজ দূরে ফেলে দিয়ে আমি হাল্‌কা হয়ে চল্‌ব।

(৪র্থ শ্লোক)

"হে আমার মন, অনন্ত গগন যাত্রার আনন্দগানে পূর্ণ হয়ে গেছে। যে রথ তোমায় নিয়ে চলেছে, বিশ্বকবি তার মধ্যে ব'সে আছেন। গ্রহতারা রবি যাত্রার গান গাইতে গাইতে চলেছে। মন বিশ্বব্রহ্মাণ্ডের চলার আনন্দে পূর্ণ হয়ে গেছে।

১৯ নম্বর

(১ম শ্লোক)

"আমি জগৎকে ভালো বেসেছি ব'লে এতে আমার আনন্দ আছে। আমি জীবন দিয়ে এই বিশ্বকে ঘিরে ঘিরে বেষ্টন ক'রে রেখেছি। আমি বিশ্বের প্রভাত-সন্ধ্যায়, আলো-অন্ধকারকে আমার চেতনা দিয়ে পূর্ণ করেছি—তারা আমার চৈতন্যের ধারার উপর দিয়ে ভেসে গেছে। আমি অনুভব করেছি যে জীবন ভুবনের সঙ্গে মিলে গেছে, এরা তফাৎ নয়। আমি জীবনকে আলাদা ভালোবাসি না ব'লে আমার কাছে জগতের আলোকে ভালোবাসা মানেই আমার প্রাণকে ভালোবাসা। আমার জীবনকে কখনো জগৎ-ছাড়া দেখি না, তাই আমার ভয় হয় না পাছে জগতের সঙ্গে আমার বিচ্ছেদ হয়। আমি যদি জগৎ থেকে দূরে কারারুদ্ধ হয়ে থাক্‌তুম, তবে এই অনুভূতি হয় তো থাক্‌ত না। কিন্তু আমি জগতে বাস কর্‌ছি ব'লে আমার কাছে জীবন ও ভুবনের ভালোবাসা এক হ'য়ে আছে, তাদের বিচ্ছিন্ন করা যায় না। জগৎ ও আমার চৈতন্য এক হয়ে গেছে ব'লে, চৈতন্য থেকে বিরহিত জগৎটা আমার কাছে একটা abstraction। জীবন ও ভুবন যখন মিলিত হচ্ছে, তখনই উভয়ে সার্থকতা ও পূর্ণতা লাভ কর্‌ছে।

(২য় শ্লোক)

"এও যেমন একটা সত্য ; তেমনি এই বস্তুবিশ্বে একদিন আমাকে মর্‌তে হবে এই ব্যাপারটাও তেমন সত্য। এমন একদিন আস্‌বে যখন আমার যে বাণী ফুলের মতো ফোটে, তা বাতাসের স্পর্শে ফুটে উঠ্‌বে না। আমার চোখ প্রতিদিন আলো আহরণ কর্‌ছে, কিন্তু সেই দিন আমার চোখের সঙ্গে আলোর সম্বন্ধ বিচ্ছিন্ন হয়ে যাবে। এখন আমার হৃদয় অরুণোদয়ের আহ্বানে ছুট্‌ছে, সে দিন তা ছুট্‌বে না। একদিন রজনী কানে কানে তার রহস্যবার্তা বল্‌বে না—সঙ্গে সঙ্গে দৃষ্টিশক্তির কাজ ফুরিয়ে যাবে। তাই পার্থিব জীবনের যে এমনি ক'রে অবসান হবে এ সত্যও অস্বীকার করা যায় না।

(৩য় শ্লোক)

"জগৎ জীবনকে এমন একান্ত ক'রে চাচ্ছে। আলো-অন্ধকারের মধ্যে প্রেমের সম্বন্ধের মধ্যে সে কত ক'রে জগৎকে চাচ্ছে এবং উভয়ের মিলনের

দ্বারা এই চাওয়ার সার্থকতা হচ্ছে। এ সত্য। তেমনি একদিন এই জগতের সঙ্গে বিচ্ছেদ হবে, আমাকে মরতে হবে, সেও সত্য। তবে কি ক'রে এই contradiction হতে পারে, এই দুই সত্যের মধ্যে কি মিল নেই? যদি মিল না থাকে, তবে জগৎকে যে চাইলুম, সে যে আমাকে ভোলালে, তা যে একটা মস্ত প্রবঞ্চনায় গিয়ে ঠেক্‌ল। বিশ্বের সঙ্গে জীবনের যে আনন্দ-সম্বন্ধ স্থাপিত হল তা যদি একদিন মিথ্যা হয়ে যায়, যদি এমন ক'রে সব ছাড়্‌তে হয়, তবে তো কোনো মানে থাকে না।

"অথচ কোনো ক্রূরতা তো বিশ্বে বলীরেখা আঁকে নি। যদি বিশ্ব এতদিন এত বড় প্রবঞ্চনাকে বহন ক'রে এসে থাকে, যদি মৃত্যুর নিরর্থকতায় সব সম্বন্ধ বিচ্ছিন্ন হয়ে যায়,—তবে তার কোনো চিহ্ন এই পৃথিবীতে কেন দেখ্‌ছি না? তা হ'লে তো বিশ্বের প্রকাশের মধ্যে কোনো সৌন্দর্য থাকত না। পুষ্পকে কীট কাট্‌লে তা যেমন শুকিয়ে যায়, তেমনি যদি একটি মৃত্যুও সত্য হত তবে সব মৃত্যু বিশ্বে তার দংশনের ছিন্ন ফুটো রেখে দিয়ে যেত। তবে মৃত্যুকীট অনায়াসে পৃথিবীকে শুকিয়ে কালো ক'রে দিত। অথচ কেন এই পৃথিবী সদ্য ফোটা ফুলের মতো আমার সাম্‌নে রয়েছে? এই সৌন্দর্যের emphasis-এর মানেই হচ্ছে যে মৃত্যুই সর্বগ্রাসী abyss নয়, মৃত্যুই চরম সত্য নয়। কারণ যদি তাই হত, তবে তার প্রত্যেক দংশন ভুবনকে ছিদ্রে আচ্ছন্ন ক'রে কালো ক'রে শুকিয়ে ফেল্‌ত।"

[আলোচনা]

(১)

'এমন একান্ত ক'রে চাওয়া'—এমন ক'রে যে জগৎকে চাচ্ছি আর এমন ক'রে যে জগৎকে ছেড়ে চ'লে যাচ্ছি, এই দুটোই যদি সমান সত্য হয়েও দুটো contradictory হয় তবে জগতে এই ভয়ানক অসামঞ্জস্যের ভার এই প্রবঞ্চনা থেকে যেত, তার সৌন্দর্যের মধ্যে ক্রূরতার চিহ্ন দেখ্‌তাম। কিন্তু তা তো কোথাও দেখি না। তবে এই দুই সত্যের মিল কোথায়?

এর উত্তর এই কবিতায় নেই,—কিন্তু সেটাকে এম্‌নি ভাবে বলা যেতে পারে।—মৃত্যুর ভিতর দিয়ে না গেলে সীমার পুনরুজ্জীবন (renewal) হয় না। ['ফাল্গুনী'তে আমি এই কথাই বলেছি। 'ফাল্গুনী' 'বলাকা'র সমসাময়িক।] সীমাকে পদে পদে মরতে হয়, পুনঃপুনঃ প্রাণসঞ্চার না হলে

সে যে জীবন্মৃত হয়ে রইল। রূপ (form) যদি স্থবির হয়—fluid জীবন যদি অসীমের মধ্যে ব্যক্ত না হয়, তবেই তো অচলরূপে তার সমাধি হল। মৃত্যু রূপকে ক্ষণে ক্ষণে মুক্তি দেয়। যদি তার জীবন এক জায়গায় থেমে রইল তবে তো তার প্রসারণশীলতা (elasticity) রইল না। ইতিহাসে তাই দেখ্‌তে পাই মানুষ যখন প্রথার গণ্ডীতে বদ্ধ হয়ে থাকার দরুন তার মনের প্রসারণশীলতা চ'লে গেল, তখন আবার একটা নবযুগ তার বাণীকে বহন ক'রে এনে সেই বন্ধন ছিন্ন ক'রে দিল। অসীমের প্রকাশ (manifestation) সীমাতে হতে বাধ্য হয়। কিন্তু সেই প্রকাশের মধ্যেই সীমার চরম অবসান নয়—মৃত্যু তার বিশিষ্ট রূপকে ভেঙে দিয়ে তাকে নব নব আকারে পুনরুজ্জীবিত করে। আনন্দ হচ্ছে জীবনের positive দিক্, তার negative দিকটার কাজ হচ্ছে সীমার বেড়াকে ভেঙে দিয়ে তার প্রবাহকে পুনঃপ্রবর্তিত করা।

এই নিরবচ্ছিন্নতার সঙ্গে সঙ্গে আমাদের স্মৃতির বোঝাকে যে বইতে হবে, তা নয়। মানুষের জীবনের শৈশবকাল থেকে একটা ঐক্যধারা প্রবাহিত হয়ে এসেছে—বিস্মৃতির সিংহদ্বার দিয়ে সেই ধারাকে আস্‌তে হয়েছে। আমাদের সচেতন জীবনের মধ্যেও কত বিস্মৃতির ফাঁক আছে কিন্তু তার মধ্যেও একটি অবিচ্ছিন্ন প্রবাহ রয়েছে। যে সত্য আমার দেহে আবদ্ধ হয়ে প্রকাশিত হচ্ছে, তা আজ আমার চেতনার আলোয় বিশ্বে ব্যাপ্ত হয়ে রয়েছে। কিন্তু এই আলোরও মেয়াদ (term) আছে, এই বেড়ারও অবসান আছে।

এক এক সময়ে ঠেলা আসে। তখন তার ধাক্কায় সব বিদীর্ণ হয়ে যায়। গর্ভের মধ্যে ভ্রূণের অবস্থানও ঠিক এই রকমের। সে যতক্ষণ পরিণতি লাভ করেছে, ততক্ষণ তার বৃদ্ধি সেই সীমাবদ্ধ জায়গাতেই আছে। কিন্তু এই পরিণতির শেষ হলেই তাকে বৃহত্তর মুক্তির ক্ষেত্রে যেতে হবে। ব্যক্তিগত জীবনেরও এমনি ক'রে adjustment হয়, তার পরিণতির দ্বারকে ভাঙ্‌তে হয়—বিশালতর মুক্তিক্ষেত্রের জন্য।

এটা কোনো দার্শনিক speculation-এর কথা নয়, এ হচ্ছে poetry-র কথা,—সত্যের positive দিক্ হচ্ছে আনন্দ। কিন্তু তার negative দিকও আছে। যদি সেটাকেই বড় ক'রে দেখ্‌তুম তবে পদে পদে মৃত্যুর পদচিহ্ন চোখে পড়্‌ত। কিন্তু দেখ্‌তে পাচ্ছি জরারই ছায়ার ভিতর দিয়ে, মৃত্যুর সিংহদ্বার দিয়ে, সে চলেছে। যা দেখা যাচ্ছে তা হচ্ছে সত্যের positive দিক্‌টা। তবে এদুটো দিকের মধ্যে সামঞ্জস্য কোথায়? যখন সীমার রূপের

ভিতর দিয়ে প্রকাশ করা ছাড়া অসীমের অন্য গতি নেই, তখন তাকে কারাগারকে ভেঙে ফেলেই বার বার শাশ্বত স্বরূপকে দেখাতে হবে।

(২)

ষ্টপ্‌ফোর্ড ব্রুকের সঙ্গে আমার বিলাতে এ বিষয়ে কথা হয়েছিল। তাঁরও এই মত। আমাদের জীবনের ব্যক্তিগত অভিজ্ঞতার একটা চক্র (cycle) আছে, সেটাকে যখন সম্পূর্ণ করব তখন স্মৃতির দ্বারা পূর্ণতা লাভ করবে। এখন আমার মনে নেই আমার পূর্বেকার জীবনে কি হয়েছিল, এখন আমার সাম্‌নের দিকেই গতি। একটা অধ্যায় যখন পূর্ণ হবে, তখন পিছন ও সাম্‌নের সঙ্গে আমার যোগ হবে।

'জীবনদেবতা'র group-এর কবিতাগুলিতেও এই ব্যাপারটি ঘটেছে। আমার প্রথম কবিতাগুলিতে আমি নিজেই জানি না কি বল্‌তে চেয়েছি। 'কে সে, জানি নাই তারে'—এই ভাবের মধ্যে দিয়ে grope কর্‌তে কর্‌তে অজ্ঞাতভাবে আমার কবিতার ভিতর দিয়ে একটা অভিজ্ঞতাকে পেলুম। আমার চক্র সম্পূর্ণ হল, আমার অনুভূতির রেখাটি আবর্তন করে এসে আরেক বিন্দুতে মিল্‌ল,—ঐক্যটি পরিস্ফুট হল, আমি বুঝতে পার্‌লুম।

তেমনি করে জীবনের এক একটা চক্ররেখা (cycle) আছে। যখন তা সম্পূর্ণ হবে তখন অনুভূতির ভিতর দিয়ে মর্মগত (significant) সত্যটিকে বুঝ্‌তে পারা যাবে। নভেল যখন সবটা শেষ করি তখনই সব অধ্যায়ের সমষ্টিগত উপাখ্যানধারাটি পূর্ণ হয়। পিছনে যা ফেলে চল্‌লুম, তা দেখ্‌বার সময় নেই—আমাকে সাম্‌নে চল্‌তে হচ্ছে। চলা যখন শেষ হয়ে চক্র পূর্ণ হল তখন সম্মুখ-পশ্চাৎ মিলিত হল, আমায় স্মৃতিগুলি ঐক্যধারায় পূর্ণতা প্রাপ্ত হল।

তর্কের দ্বারা এই সত্যের প্রমাণ হয় না, এ ব্যাপার আমাদের instinct-এর। যে পাখীর ছানা (chick) ডিমের খোলসের মধ্যে আছে, তার কাছে প্রমাণ নেই যে বাইরে একটা জগৎ আছে। তার আবেষ্টনটি বাইরের জগতের সম্পূর্ণ উল্টা। কিন্তু এই বাইরের জগতের প্রমাণ আছে তার instinctএ—তারই প্রেরণায় সে ক্রমাগত খোলসে ঘা দিচ্ছে। তার ভিতরে তাগিদ (impulse) আছে, তার বিশ্বাস তাকে ব'লে দিচ্ছে,—'এখানে স্থিতি, এখানে গতি নয়, কৃত্রিম আশ্রয়কে ভেঙ্গে ফেল।' অথচ খোলাসের গণ্ডীর মধ্যে এই মুক্ত জগতের কোনো প্রমাণ নেই।

মানুষের অভিজ্ঞতাও তেমনি আমরা দেখ্‌তে পাই। সব ধর্মের systemএ একটা অকৃতজ্ঞতার ভাব আছে; তা কেবল বল্‌ছে যে এই যে যা দেখ্‌ছ তা শেষ কথা (absolute) নয়। ধর্মতন্ত্র বল্‌ছে যে বিরুদ্ধে যেতে হবে। তাদের মধ্যে এই বিশ্বাস বর্তমান আছে যে, যা দেখেছি তার চেয়ে যা অগোচর অপ্রত্যক্ষ তা ঢের বেশী মূল্যবান্‌। সেই প্রেরণা, বিদ্রোহ আমাদের instinctএ আছে। 'যাবজ্জীবেৎ সুখং জীবেৎ, ঋণং কৃত্বা ঘৃতং পিবেৎ' এ তো ঠিক কথাই—বিষয়ী লোকেরা এই কথা বল্‌ছে। কিন্তু মানুষ কিছুতেই মনে কর্‌তে পার্‌ছে না যে এতেই সব শেষ। সে তর্ক করুক আর যাই করুক, তার instinct তার দেওয়ালে এই ধাক্কা মার্‌তে ত্রুটি কর্‌ছে না; যা প্রত্যক্ষ-গোচর তাকে সে আঘাত কর্‌ছে, ঠোকর মার্‌ছে।

সব মনুষ্যত্বের বিশ্বমানবের ইতিহাসে এই প্রেরণা (urging) চ'লে আস্‌ছে। যা প্রত্যক্ষ স্বাভাবিক, যাকে তর্কের দ্বারা বোঝান যায়—তাকে মানুষ অবিশ্বাস ক'রে এসেছে। বর্বরদের তো এ বিদ্রোহের ভাব নেই, কারণ তাদের জ্ঞানানুশীলন (culture) নেই। যখন আমার বুদ্ধি আমাকে স্থির রাখ্‌তে পার্‌ল না, এগিয়ে নিয়ে গেল, তখন সত্যকে পেলুম। যে সত্য আমার গণ্ডীকে অতিক্রম করে বর্তমান আছে, তাকে তখন আমি লাভ কর্‌লুম। মানুষ যেন জ্ঞান-জগতে ক্ষুদ্র গণ্ডীর মধ্যে আবদ্ধ না হয়ে বেরিয়ে পড়ে। তেমনি আমার অধ্যাত্মজগতের যে আবেষ্টন আছে, তার মধ্যেকার সত্যকে নেবার জন্য আমার personalityতে 'ভূমৈব সুখম' এই বিশ্বাসের প্রেরণা রয়েছে। আমরা জীবনের সীমাবদ্ধ অভিজ্ঞতাকে মেনে নিচ্ছি না, তাই ক্রমাগত আবেষ্টনে ঠোকর দিচ্ছি। এই বিশ্বাসের দ্বারা যারা অনুপ্রাণিত, 'অমৃতাস্তে ভবন্তি', তারাই অমৃতকে লাভ করে।

প্রত্যেক formএর মধ্যে দুটো জিনিস রয়েছে—খানিকটা তার প্রকাশিত আর বাকিটা তার আচ্ছন্ন। যা আচ্ছন্ন রয়েছে, একটা বিরুদ্ধ শক্তি তাকে ঘা না দিলে তার পূর্ণ বিকাশ হয় না। মৃত্যু প্রকাশের প্রবাহকে ক্রমাগত মুক্তিদান ক'রে চলেছে। মৃত্যুতে formএর কোনো বিনাশ হয় না, তার renewal বা নূতন নূতন প্রকাশ হয়।

তুমি যখন আমায় সমাদর ক'রে পাশে ডেকেছিলে, তখন ভয় হয়েছিল পাছে তোমার সেই আদর থেকে আমি একটুও বঞ্চিত হই, পাছে অসতর্ক হয়ে আমার কিছু নষ্ট হয়—কোথাও সম্মানের কোনো হানি হয়। তখন

আপন ইচ্ছা-মতো যে নিজের রাস্তায় চল্‌ব তার উপায় ছিল না—যে পথে চল্‌লে আপনাকে সহজে প্রকাশ করতে পারি সে-পথে চল্‌তে দ্বিধা হয়েছে। আমি চল্‌তে গিয়ে ভাব্‌তে ভাব্‌তে গেছি, পাছে এদিক্ ওদিক্ এক পা নাড়্‌তে গিয়ে তোমাকে অসন্তুষ্ট করি। তুমি যখন আমায় সম্মান দিলে তখন এই বিপদ্ হল,—আমি যে আমার মতে সহজ-পথে চল্‌ব তা' হল না, আপনাকে সহজে বহন ক'রে নেবার ব্যাঘাত ঘট্‌ল। পাছে আমি কোনো সময়ে তোমার সম্মান হারাই, পাছে কোথাও গেলে ক্ষতি হয়—এই আশঙ্কা আমি দূর করতে পারি নি।

আজ আমি মুক্তি পেয়েছি। তোমার সম্মানের বাঁধনে বাঁধা ছিলাম, আজ মুক্তি বেজে উঠেছে—অনাদরের কঠিন আঘাতে তার সঙ্গীত ধ্বনিত হয়েছে। অপমানের ঢাক ঢোল বেজে উঠ্‌ল—আমি সম্মানের বন্ধন থেকে মুক্ত হলাম। আজ আমার ছুটি—যে-খোঁটা আমার মনকে বেঁধেছিল, তা' আজ ভেঙে গেল, হাত-পায়ের বেড়ি খ'সে গেল। যা দেবো আর নেবো দক্ষিণে বামে তার পথ খোলসা হল। যখন সম্মানের বেষ্টনে বদ্ধ হয়ে পা ফেল্‌ছিলুম তখন আমার ভাবনা ছিল, কি দেবো আর নেবো। কিন্তু এবার দেবার নেবার পথ খোলসা।

আমার এক সময় ছিল যখন আমাকে কেউ জান্‌ত না। আমি বিশ্বে অনায়াসে বিহার করেছি, স্বচ্ছন্দে আকাশ-পৃথিবীতে উপরে উঠেছি, নীচে নেমেছি, কে কি বল্‌বে, কাড়্‌বে তা' ভাবি নি। সে-সময়ে আমার সম্মানের অধিকার ছিল না। আজ আবার আকাশ-পাতাল আমায় খুব ক'রে ডাক দিল, আজ আমি অনাদৃতের দলে। যে লাঞ্ছিত, তার ভাবনা নেই—সমস্ত জগতে সে ঝাঁপ দিয়ে পড়্‌লে কে তাকে থামায়? এই যে আমি ঘরের মধ্যে সম্মানের বেষ্টনে ছিলাম, আজ তা ঘুচে গেল। আমি আমার আশ্রয়কে হারালাম। আজ আমায় ঘরছাড়া বাতাস মাতাল ক'রে দিল, আর আমার ভয় নেই। যখন রাত্রে কোনো তারা খ'সে পড়ে, তখন সেই তারার একসময়ে তারকাসমাজে যে সম্মানের আসন ছিল তাকে সে হারিয়ে বসে, "কুছ্ পরোয়া নেই" ব'লে আকাশে ঝাঁপ দেয়। তেমনি আমি আজ মরণটানে ছুটে চলেছি, বল্‌ছি "ভয় নেই, সব বাঁধন ছিঁড়ল।"

(৪র্থ শ্লোক)

আমি কাল-বৈশাখীর বাঁধন-ছিন্ন মেঘ। এবার ঝড় আমাকে তাড়া দিল, অপমানের ঝড় অচলা স্থিতি থেকে আমাকে পথে বা'র করে দিয়েছে। সন্ধ্যারবির সোনার কিরণ আমাকে সম্মানের মুকুট পরিয়ে দিয়েছিল। যখন কালবৈশাখী তাড়া দিল, তখন আমি স্বর্ণ কিরীট অস্তপারে ফেলে দিয়ে ঝড়ের মেঘ হয়ে বজ্রমাণিকে ভূষিত হয়ে বেরিয়ে পড়্লাম। আমি সেই বাঁধন-হারা বৈশাখের মেঘ—একা একা আপন তেজে ঘুরে বেড়াব। বাইরের সম্মান আমাকে আলোকিত করেছিল, কিন্তু এখন আমার ভিতরে বজ্রমাণিকের তেজ আছে, সেই তেজ আমাকে গৌরবান্বিত করেছে,—বাইরের অস্তরবির কিরণ নয়। যে-সম্মান আমাকে বাইরে টেনেছিল, আমি তাকে ফেলে দিয়ে আপন অন্তরের মহিমায় একলা পথে বার হয়েছি।

আমি অসম্মানের মধ্যে মুক্তি পেলাম। সকলের চেয়ে চরম সমাদর যা' তা' বাইরে নেই, তা' অন্তরে। যখন বাইরের খ্যাতির ঘটা ঘুচে যায়, তখনই একমাত্র তোমারই আদর অন্তরে পেয়ে থাকি। সেটাই সমাদরের শেষ, তাতেই মুক্তি হয়। যা' অপরের অপেক্ষা রাখে তা' আমার পক্ষে বন্ধন। লোকের কথার উপর, স্তুতিবাদের তারতম্যের উপর তাব নিয়ত পরিবর্তন হয়। কিন্তু তোমার আলো যখন অন্তরে আসে, তখন আপন যথার্থ স্বরূপকে জানি; তোমার চরম সমাদরে আমার বন্ধন মোচন হয়।

গর্ভে যখন সন্তান থাকে তখন সে মাকে দেখে না। মা যখন তাকে মাটীর উপর দূর ক'রে দিল, তখন যেন সে সমাদরের বেষ্টন থেকে অসম্মানের ধরণীতে বিচ্যুত হল। কিন্তু তখনই শিশু মাকে দেখ্‌তে পেল। যখন সে আরামে পরিবেষ্টিত হয়েছিল, তখন সে মাকে জানে নি, দেখে নি। তুমি যখন আদরের মধ্যে সম্মানের দ্বারা আমাকে বেষ্টিত কর—তার হাজার নাড়ীর বাঁধনে যখন আমাকে জড়িত কর, তখন তোমাকে আমি জান্‌তে পারি না, সেই আশ্রয়কেই জানি। কিন্তু তখন তুমি সম্মানের আচ্ছাদন থেকে আমাকে দূরে ফেল, তখন সেই বিচ্ছেদের আঘাতে আমার চৈতন্য হয়, আমি তোমার সেই আবেষ্টন থেকে মুক্ত হ'য়ে তোমার মুখ দেখ্‌তে পাই। যখন সম্মান থেকে মুক্ত হ'য়ে তোমার থেকে স্বতন্ত্র হ'য়ে তোমার সামনে এসে দাঁড়াই, তখনই তোমাকে দেখ্‌তে পাই।"—শান্তিনিকেতন, ১৩৩০ আষাঢ়।

দুই নারী

এই কবিতাটি ১৩২১ সালের সবুজপত্রের ফাল্গুন মাসে "দুই নারী" শিরোনামে প্রকাশিত হইয়াছিল।

সৃজনের প্রথম ক্ষণে দুইভাবের নারী অতল অব্যক্ত থেকে ব্যক্ত হয়েছিল। একজন সুন্দরী। তিনি উর্বশী, বিশ্বের কামনা-রাজ্যে আধিপত্য করেন। আরেকজন লক্ষ্মী, তিনি কল্যাণী। একজন স্বর্গের অপ্সরী, আর অন্যটি স্বর্গের ঈশ্বরী। একজন হরণ করেন, আরেকজন পূরণ করেন।

একজন তপস্যাকে ভঙ্গ ক'রে দেন। সেই ভাঙনে, যে-আলোড়ন জেগে উঠ্‌ছে সে যেন তাঁর উচ্চহাস্য। তিনি সুরাপাত্র নিয়ে দুই হাতে বসন্তের পুষ্পিত প্রলাপের মাদকতাকে আকাশে-বাতাসে বিকীর্ণ করে দিয়ে যান।

তাঁর আগমনে বিশ্ব যেন বসন্তের কিংশুকে গোলাপে ফেটে পড়তে চায়। সমস্তই যেন বাইরের দিকে বিদীর্ণ হয়ে যায়। কিন্তু যখন হেমন্ত কাল আসে তখন অন্য মূর্তি দেখি। তখন দেখি, তা ফল ফলিয়েছে, আপনাকে পূর্ণতার ভিতরে সম্বৃত করেছে; তখন বসন্তের আত্মবিস্মৃত অসংযম অন্তরে পরিপাক পেয়ে সফলতায় পরিণত হয়েছে। এক নারী সেই বসন্তের আবেগে বাইরের তাপে আন্দোলিত করে দিলেন, অন্য জন তাকে শিশিরস্নাত ক'রে অন্তরের মাধুর্যে ফলবান্ ক'রে তুল্‌লেন।

হেমন্তকালে যখন ফসল ফল্‌ল, তখন তার মধ্যে চঞ্চলতা রইল না, সমস্ত স্তব্ধ হল, তার মধ্যে দক্ষিণ-বাতাসের মাতামাতি থেমে গেল। হেমন্ত সেই আপনার শান্ত সফলতাটিকে বিশ্বের আশীর্বাদের দিকে ঊর্ধ্বে তুলে ধরে।

পুষ্পের মধ্যে প্রাণের প্রকাশের অধৈর্য আছে। কিন্তু তার এই জীবনের আবেগ তাকে একটি পরিণামের দিকে নিয়ে যাচ্ছে—তাকে মৃত্যুর সীমায় গিয়ে পৌঁছিতে হয়—তবেই সে চরম সার্থকতা লাভ করে, ফলে পরিপক্ব হয়। জীবন যদি আপনারই সীমা-রেখার মধ্যে পর্যাপ্ত হত, তবে মৃত্যু হঠাৎ এসে তাকে ভয়ানক বিচ্ছেদে নিয়ে যেত এবং মৃত্যু তার একান্ত বিরুদ্ধ হত। কিন্তু মৃত্যুকে যখন কল্যাণের দিক্ দিয়ে দেখ্‌ব, তখন বুঝ্‌ব যে জীবন তার সীমাকে উত্তীর্ণ ক'রে অমৃতের মধ্যেই প্রবেশ কর্‌ছে।

সীমার মধ্যে এই অনন্তের আভাস, সাহিত্য ও শিল্পের সৃষ্টির মধ্যে অনির্বচনীয়ের প্রকাশের মত। শিল্পীর রচনার মধ্যে যে সংযমের ব্যঞ্জনা

আছে তার দ্বারা মনে হয় যে সবটা যেন বলা হল না। কিন্তু সেই বল্‌তে গিয়ে থেমে যাওয়ার মধ্যে প্রকাশের অসম্পূর্ণতা বা অপরিস্ফুটতা নেই ; কারণ সেই কবিতা বা চিত্র বলাকে অতিক্রম করে, যা অনির্বচনীয় তাকেই ব্যক্ত করে এবং এই সংযমের সঙ্গে তার বাণীর পূর্ণতার বিরোধ নেই। জীবনের নিত্য আন্দোলনের মধ্যে তখনই অসমাপ্তিকে দেখি, যখন মনে হয় যে মৃত্যু তাকে ভয়ানক নিরর্থকতায় নিয়ে যাচ্চে। যখন মৃত্যুর মধ্যে জীবনের একান্ত বিচ্ছেদ দেখি তখনই কাড়াকাড়ি, তখনি বিরোধ ঘোচে না। কিন্তু যখন কল্যাণকে লাভ করি তখন মৃত্যুর ভিতর দিয়ে জীবনের পরমার্থতা ও অসীমতা আমাদের নিকট সুস্পষ্ট হয়।

আমাদের জীবনের এই ব্যঞ্জনারই প্রতীক আমরা প্রকৃতির মধ্যে পাই। গঙ্গা যেখানে সমুদ্রে মিলিত হচ্ছে সেখানে সে আপন চরম অর্থকে লাভ করছে। একজায়গায় এসে নিরর্থকতার মরুভূমিতে তো সে ঠেকে যায় নি—তাহলে হয় তো মৃত্যু তার কাছে ভয়াবহ হত। কিন্তু সে যখন সমুদ্রে বিশ্রাম পেল, তখনই তার পূর্ণতার উপলব্ধি হল। তাই তার শেষটা ভয়ানক পরিণাম ব'লে বোধ হয় না। সেই গঙ্গাসাগরের সঙ্গমস্থলই অনন্তের পূজামন্দির। কল্যাণী যিনি, তিনি উদ্ধত বাসনাকে সেই পবিত্র সঙ্গমতীর্থে অনন্তের পূজামন্দিরে ফিরিয়ে আনেন। একজন সমস্তকে বিক্ষিপ্ত করে দেন, অন্যজন তাদের সেখানে ফিরিয়ে আনেন, যেখানে শান্তির পূর্ণতা সেখানে লক্ষ্মীর স্থিতি।

উর্বশী আর লক্ষ্মী, এরা মানুষের দুটি প্রবর্তনার প্রেরণার প্রতিরূপ। সর্বভূতের মূলে এই দুই প্রবর্তনা আছে। একটি শক্তি, সে ভিতরে যা-কিছু প্রচ্ছন্ন আছে তাকে উদ্‌ঘাটিত করে, এবং আরেকটি শক্তি, সে অন্তর্নিহিত পরিপক্বতার মধ্যে সফলতার পর্যাপ্তিতে নিয়ে যায়—তার প্রকাশের পূর্ণতা অন্তরের দিকে।

ভাঙা-চোরা যখন চল্‌তে থাকে, জীবনে যখন অভিজ্ঞতার ভূমিকম্প হতে থাকে, তখন তার মধ্যে যথেষ্ট বেদনা আছে। সেই উদ্দাম শক্তিকে অবজ্ঞা করা যায় না। কিন্তু কেবল যদি এই চঞ্চলতাতেই তার সমাধি হত, তবে দুর্গতির আর অন্ত থাকত না। তাই দেখ্‌তে পাই এর মধ্যে লক্ষ্মীর হাত আছে, তিনি বাঁধন-ছাড়া-তানকে শমের দিকে ফিরিয়ে এনে ছন্দ করেন। যে প্রলয়ঙ্করী শক্তি সমস্তকে বিক্ষিপ্ত করে, যদি সেই শক্তিই একান্ত হয়, তবেই সর্বনাশ ঘটে। কিন্তু সে ত একা নয়, গতি প্রবর্তিত করবার জন্যে সে আছে ;

গতি নিয়ন্ত্রিত করবার জন্যে আরেক শক্তি আছে তাকেই বলি কল্যাণী। এই নিয়ন্ত্রিত গতি নিয়েই ত বিশ্বের সৃষ্টি-সঙ্গীত।

কালিদাসের "কুমারসম্ভব" আর "শকুন্তলার" মধ্যে এই দুই শক্তির কথা আছে। শিবের তপস্যা যখন ভাঙ্‌ল তখন অনর্থপাত হল, আগুন জ্বলে উঠ্‌ল। সেই অগ্নি আবার নিব্‌ল কিসে? গৌরীর তপস্যা দ্বারা!

'শকুন্তলার' প্রথমাংশে ঠিক এই ভাবে ট্রাজেডিকে দেখান হয়েছে: প্রবৃত্তি শকুন্তলাকে উদ্দাম করেছিল। কিন্তু পরে আবার যখন তপস্যার দ্বারা শকুন্তলা কল্যাণী হয়ে, জননী হয়ে শান্তচিত্ত হলেন, তখন তাঁর ইষ্টলাভ হল।

কালিদাসের এই দুটি কাব্যে মানুষের দুই রকমের প্রবর্তনার কথা উজ্জ্বল ভাবে চিত্রিত করা হয়েছে। গৌরী আর শকুন্তলা নারী ছিলেন এটাই কাব্যের আসল কথা নয়—কিন্তু এঁদের উপলক্ষ্য ক'রে শক্তির দ্বিবিধ মূর্তি ফুটে উঠেছে। সেটাই কালিদাসের আসল দেখাবার জিনিস। গৌরী অনেক দিন শান্তভাবে শিবের সেবা ক'রে আস্‌ছিলেন। কিন্তু যে ধাক্কায় তিনি শিবের জন্যে তপস্যায় প্রবৃত্ত হলেন, সেই ধাক্কা এল যার থেকে, তাকে আমরা কল্যাণী বলিনে। তবু সে না হলে শিবকে জাগাবারও উপায় থাকে না। শিব যখন আপনার মধ্যে আপনি নিবিষ্ট, তখন তাঁর থাকা না-থাকা সমান। যে-শক্তি চঞ্চল করে, তাকে বর্জন ক'রে যে শান্তি, সে শান্তি মৃত্যু;—তাকে সংযত ক'রে যে শান্তি তাতেই সৃষ্টি; অতএব তাকে বাদ দেওয়া চলে না।

শকুন্তলা সংসারে অনভিজ্ঞ তার সরলতার মধ্যে যে-শান্তি সে যেন অফলা গাছের ফুলের মতো। ভরতকে যে চাই। সেই চাওয়ার মূল ধাক্কাটা শকুন্তলাকে যে দিলে সে তাকে দুঃখেই দিলে। কিন্তু এই দুঃখের ভিতর দিয়ে যখন সে জীবন পরিণতির মধ্যে এসে পৌঁছল তখনি সে সত্যের চক্রপথ প্রদক্ষিণ সাঙ্গ করলে। এই প্রদক্ষিণযাত্রার প্রথম বিপক্ষ বেদনা, শেষ পরিসমাপ্তিতে শান্তি।

গ্যেটে যে চার লাইনে শকুন্তলার সমালোচনা করেছেন, আমার মনে হয় সেটা তিনি খুব ভেবে-চিন্তেই লিখেছিলেন। একথা আমি আগেও বলেছি। তিনি যে বলেছেন যে কালিদাস ফুলকে ও ফলকে, স্বর্গকে ও মর্ত্যকে একত্রিত করেছেন। এর মধ্যে গভীর অর্থ আছে। এটা নিতান্ত কবিত্বের উক্তি নয়। কুঁড়ি থেকে ফোটা ফাউষ্ট্ প্রথমে নির্জনে বাস করছিলেন—জীবন থেকে বিচ্ছিন্ন হ'য়ে বইয়ের পাতার মধ্যে নিবিষ্ট ছিলেন। সেই কুঁড়ির মধ্যে পাপের

আঘাত ছিল না। তিনি বল্লেন যে এখানেই যদি সব শেষ হল তবে এই দুর্গতির যথার্থ পরিসমাপ্তি হল না ;—এবার হাওয়ায় আছাড় খেয়ে সেই ফিরে পাবার পথকে পেতে হবে। সে যদি বোঁটা থেকে বিচ্ছিন্ন হয়ে ঝ'রে পড়্‌ত, তবে তো তাতে ফল ধর্‌ত না, তবে তো সে ফিরে পাবার পথ পেত না। শকুন্তলার জীবনের অভিজ্ঞতা ছিল না, জগতের ভাল-মন্দের বিষয়ে সে সম্পূর্ণ অজ্ঞ ছিল। সে তপোবনে সখীদের সঙ্গে সঙ্গে সরল মনে আলবালে জল-সেচনে ও হরিণশিশু প্রতিপালনে নিরত ছিল। সেই অবস্থায় সে বাইরে থেকে কঠোর আঘাত না পেলে তার জীবনের বিকাশ হত না। যেখানে জীবনের পতন, দুঃখ সেখানে শেষ হ'য়ে গেল। কিন্তু কালিদাস তাকে তো শেষ কর্‌তে দেন নি। তিনি Problem of Evil নিয়ে পড়েছেন। তিনি দেখিয়েছেন যে জগতে কিছুই স্থির হয়ে নেই, তাই কুঁড়ির থেকে ফুল, তার থেকে ফল হচ্ছে, কোনো জায়গায় ছেদ নেই।

কোনো আধুনিক শিল্পী কালিদাসের মতো 'শকুন্তলার' দ্বিতীয় অংশটা লিখ্‌তেন না। ট্রাজেডি দিয়েই শেষ কর্‌তেন। কিন্তু আসলে অস্তিত্বের পরম সত্য ট্রাজেডি নয়। তাকে কক্ষচ্যুত, তার গতিবেগ বিক্ষিপ্ত ক'রে, না আত্মবিকাশের পথে তাকে নিয়ত উৎসাহিত ক'রে? সেই আত্মবিকাশের লক্ষ্যস্থানে শান্তং শিবং অদ্বৈতং আছেন ব'লেই আঘাত-সংঘাতের বেগ একান্ত হ'য়ে বিশ্বকে নষ্ট করে না। গাছ থেকে ফল ভ্রষ্ট হ'য়ে পড়ে। সেটা একান্তভাবেই ক্ষতি হ'ত, যদি কোথাও ফলের প্রত্যাশার কোনো সার্থকতাই না থাকত।

দেবাসুরের যখন সমুদ্রমন্থন হল, তখন সেখানে গরল পান কর্‌বার দেবতা ছিলেন। তাই সে গরল অমৃতকে অভিভূত কর্‌তে পারেনি।

আধুনিক পাশ্চাত্য সমালোচকেরা কালিদাসের এই বইকে নীতি-উপদেশ-মূলক (didactic) বল্‌বে। কিন্তু যা ধর্মনীতির দিক্ দিয়ে ভালো সেও কল্যাণ নীতির দিক্ দিয়ে ভালো হবে না এমন তো কোনো কথা নেই। শিবের সতী সৌন্দর্যেরও সতী। উমা যখন বসন্তপুষ্পাভরণে সেজে এসেছিলেন, তখন তাঁর সেই সৌন্দর্যমদে বিশ্ব মত্ত হ'য়ে উঠেছিল। উমা যখন তাপসিনী সেজে আভরণ পরিত্যাগ কর্‌লেন, তখন তাঁর সেই সৌন্দর্যসুধায় দেবতা পরিতৃপ্ত হলেন। দেখ্‌তে পাই আধুনিক য়ুরোপীয় সাহিত্য সত্যের কল্যাণমূর্তিকে যত্নপূর্বক পরিহার কর্‌তে চায়, পাছে পাঠকেরা বলে বসে এ মূর্তি সত্য নয়। পাঠকদের চেয়ে বড় হ'য়ে উঠে কল্যাণকে সত্য এবং সুন্দর বল্‌বার সাহস তার নেই।

সত্যকে বিরূপ ক'রে দেখিয়ে তবে সে প্রমাণ করতে চায় যে, সত্যের সে খোসামুদি করে না। সত্যের সুন্দররূপ প্রকাশ করাকে তারা ইস্কুল-মাষ্টারী ব'লে ঘৃণা করে। একথা ভুলে যায়—নীতি-বিদ্যালয়ের ইস্কুলমাষ্টার কল্যাণকে সত্য এবং সুন্দর থেকে বিচ্ছিন্ন ক'রে তাকে একটা অবিচ্ছিন্ন পদার্থে পরিণত করে তুলেছে—কবি যদি সেই বিচ্ছেদ ঘুচিয়ে সত্যের পূর্ণতা দেখাতে পারে তা হ'লেই কবির উপযুক্ত কাজ হয়।

মানুষ যে স্বর্গকে খোঁজে, তাকে সে পৃথিবীর বাইরে মনে করে। তাই সেই স্বর্গে পৌঁছবার জন্য সে সমস্ত ত্যাগ করে, সংসার ভাসিয়ে দেয়। যে-স্বর্গকে মানুষ সংসার থেকে বিচ্ছিন্ন ক'রে জানে, তা অস্পষ্ট, অব্যক্ত, সৃষ্টিছাড়া।

আমি অনেকদিন পর্য্যন্ত সেই সৃষ্টিছাড়া স্বর্গে অব্যক্তের ভিতরে শূন্যে শূন্যে ঘুরেছিলুম। সেই স্বর্গ যা অস্ফুট ছিল,—যার অবস্থা প্রকাশের পূর্ব্বকার অবস্থা, তার থেকে যেই আমি মাটিতে জন্মালুম, পরম সৌভাগ্যে এই ধূলো-মাটির মানুষ হয়ে পৃথিবীতে এলুম, অমনি সুস্পষ্ট রূপলোকে স্থান পেলুম।

আমার এই জন্মলাভ যেন অনেক দিনকার সাধনার ফলে। এই স্বর্গের ধারণা যেন কেবল একটা ইচ্ছারূপে ছিল, তা প্রথমে রূপ ধরে নি।

অনেক দিন পর্য্যন্ত যেন সৃষ্টিনাট্যের নেপথ্যগত একটি ইচ্ছা স্বর্গের মধ্যেই ঘুরছিলুম। ভাবুকের মনের মধ্যে যখন কোনো একটা ভাব থাকে, তখন সে একটি বৃহৎ অপ্রকাশের আকাশে বিকীর্ণ হয়ে থাকে। কিন্তু যেই সে-ভাব একটু রূপ গ্রহণ করল, অমনি অনেকখানি ভাবের নীহারিকা ব্যক্ত আকার ধারণ করল, অতখানি ব্যাপক অস্ফুটতা যেন সার্থক হয়ে গেল। যে-স্বর্গ অব্যক্ত তা অনন্ত অসীম হতে পারে, কিন্তু ক্ষুদ্র পরিমাণে রূপ দান ক'রেও অনন্ত ইচ্ছা চরিতার্থতা লাভ করে। তাই আমার পক্ষে মানুষ হয়ে জন্মানো কত বড় কথা। এই যে আমি আপনাকে নানাভাবে প্রকাশ করছি, তার মধ্যে যেন অব্যক্ত অসীমের সৌভাগ্য বহন করছি। এই যে আমি ধূলোমাটির মানুষ হয়েছি, এই হওয়ার মধ্যেই কত যুগের পুণ্য। আমার দেহে স্বর্গ তাই কৃতার্থ।

সেই স্বর্গ আমাকে আশ্রয় ক'রে খেলা করতে পারল। আমাকে নিয়ে যে-জন্মমৃত্যুর ঢেউ উঠল তার সংঘাতের দোলে সে আপনাকে দোলাতে পারল। স্বর্গ আমার মধ্যে নিত্যনবীন আনন্দচ্ছটায় লীলায়িত হচ্ছে, আমার ভালোবাসা বিচ্ছেদ-মিলন, লাভ ক্ষতি এই সমস্তকে আপন খেয়ালে ভেঙ্গে-চুরে নানা রঙে বিচ্ছুরিত করছে।

স্বর্গ নীরব ছিল, তার মুখে বাণী ছিল না। আমি যেই গান গাইলুম অমনি সেই স্বর্গ বেজে উঠ্‌ল। সে আমার প্রাণের গানে আপনাকে খুঁজে পেল। আমার মধ্যে অব্যক্ত আপনার যে লক্ষ্যকে খুঁজ্‌ছে, তাকে আমার প্রাণের গতির মধ্যে অভিব্যক্তির মধ্যে লাভ করেছে। তাই অসীম আকাশ আজ আমার মধ্যে নিবিষ্ট, তাই আমার সুখদুঃখের ঢেউয়ের মধ্যেই বিশ্বব্যাপী আনন্দ সংহত।

আজকে দিগঙ্গনার অঙ্গনে যে শঙ্খধ্বনি উঠেছে সে তো আমার প্রাণেরই ক্ষেত্রে, আমারই মধ্যে। সাগর তার বিজয়ডঙ্কা বাজাচ্ছে—সে তো বাজ্‌ছে আমারই-চিত্তকূলে। আমি প্রাণ পেয়েছি, চেতনা পেয়েছি, এই জন্যই তো অঙ্গনে অঙ্গনে শব্দলোকের শঙ্খ বেজে উঠ্‌ল,—নইলে বাজ্‌বে কোথায়? তাই তো ফুল ফুটেছে। পুরাঙ্গনারা যেমন অতিথিকে অভ্যর্থনা কর্‌তে উলুধ্বনি কর্‌তে কর্‌তে ছুটে আসে, তেমনি আমি আসাতে ফুলের ঝরণা-ধারার মধ্যে হুলস্থুল বেধে গেছে; অনন্ত স্বর্গ মাটির মায়ের কোলে আমার মধ্যে জন্মেছে,—বাতাসে এই বার্তা চারিদিকে প্রচারিত হল।

এ পর্য্যন্ত এই শ্লোকগুলির মানে যা বল্‌লাম তাতে একে একরকম ব্যাখ্যামাত্র করা হল। কিন্তু কবিতা তো তত্ত্ব নয়, তা রস। কবি যে-আনন্দের কথাটা এই কবিতায় বল্‌তে চাচ্ছে সে হচ্ছে প্রকাশের আনন্দ।

সন্তান যখন বাপমার কোলে জন্মাল, তখন বিপুল আনন্দে ঘর ভরে উঠ্‌ল,—এ যেমন আমাদের মানবগৃহে, তেমনি অসীমের ক্ষেত্রেও; রূপ যখনই বাস্তব হয়ে উঠ্‌ল তখনও এই ব্যাপারটি ঘট্‌ছে। বাস্তব হচ্ছে কোন্‌খানে? আমারই চৈতন্যের আলোকিত ক্ষেত্রে। এই জন্যে আমার চোখে যে মুহূর্তে দৃষ্টি জাগ্‌ল অমনি যেন সোনার কাঠির স্পর্শে একটা সম্পূর্ণ বিশ্ব উঠ্‌ল জেগে। যেই আমার কানের দ্বারে চৈতন্য এসে দাঁড়াল, অমনি শব্দের জগতে এ কী কোলাহল! এই যে আমার চিত্তের প্রাঙ্গণে প্রকাশের মহামহোৎসব উঠেছে, কবি তারই বিচিত্র বিপুল আনন্দের কথা এই কবিতায় বলেছে। এর তত্ত্ব কত লোকে কত রকম ক'রে বুঝ্‌বে বোঝাবে; কিন্তু এর রসটুকুই কাব্যে প্রকাশ করা চলে।

যা স্পষ্ট নয়, ব্যক্ত নয়, সেই ঠিকানাহীন দেশকে আমি 'স্বর্গ' নাম দিচ্ছি।

পুণ্য সঞ্চয় কর্‌লেই স্বর্গপ্রাপ্তি ঘটে এই কথাই চল্‌তি কথা; কিন্তু আমি বল্‌ছি যে আমি স্বর্গ থেকেই পুণ্যের জোরে মর্ত্যে নেমে এসেছি। আমি যখন

গণ্ডীবদ্ধ প্রকাশের মধ্যে পরিস্ফুট হলাম, তখনই আমার সকল অপূর্ণতা সত্ত্বেও মর্ত্যের মধ্যে স্বর্গ ধন্য হল।

এই স্বর্গমর্ত্যের ভাবটা বহুপূর্বে আমার বাল্যকাল থেকেই আমাকে অনুসরণ করেছিল।

অল্পবয়সে "প্রকৃতির প্রতিশোধ"-এ এই আইডিয়ার ব্যাকুলতাকে আমি এক রকম ক'রে প্রকাশ কর্‌বার চেষ্টা করেছি। সন্ন্যাসী বল্‌লে "যে ভববন্ধন-সীমার শৃঙ্খলে আমাকে বেঁধে রাখে, আমি তাকে ছিন্ন ক'রে অসীম প্রাণকে পাবার জন্য তপস্যা করব।" সে লোকালয়কে তুচ্ছ মায়া, অন্ধতার গহ্বর ব'লে সমস্ত ত্যাগ ক'রে দূরে চ'লে গেল। আকাশের রস-বর্ণ-গন্ধচ্ছটা সব তার চৈতন্যের থেকে অপসারিত হল; সে আপনাকে আপনার মধ্যে প্রতিসংহার ক'রে অসীমকে পাবার জন্য পণ কর্‌ল। তারপর কোথা থেকে একটি ছোট মেয়ে দেখা দিল; সে নিরাশ্রয় ছিল, সন্ন্যাসী তাকে গুহায় নিয়ে এল। মেয়েটি তাকে ধীরে ধীরে স্নেহের বন্ধনে বাঁধ্‌ল। তখন সন্ন্যাসীর মনে ধিক্কার হল। সে ভাব্‌তে লাগ্‌ল যে, এই তো প্রকৃতি মায়াবিনী দূতী হয়ে এমনি ক'রে মেয়েটিকে পাঠিয়েছে। সে সন্ন্যাসীকে অসীম থেকে বিচ্ছিন্ন করে সীমার মধ্যে আবদ্ধ কর্‌তে চায়। এই সংগ্রাম যখন চল্‌ছে, তখন একদিন সে ক্রোধের বশে মেয়েটিকে ত্যাগ কর্‌ল। মেয়েটি যাকে নিতান্তভাবে আশ্রয়স্থল ব'লে জেনেছে তার সেই অবলম্বন চ'লে যাওয়াতে সে ছিন্ন লতার মতো লুটিয়ে পড়্‌ল। সন্ন্যাসী যতদূরে স'রে যেতে লাগ্‌ল, ততই মেয়েটির ক্রন্দন তার হৃদয়ে এসে ধ্বনিত হতে লাগ্‌ল। শেষে মেয়েটি যে বাস্তব, মায়া নয়—তা, সে হৃদয়ের বেদনার আঘাতে বুঝ্‌তে পার্‌ল। মনের এই অবস্থায় সে দূরে দাঁড়িয়ে লোকালয়ের দৃশ্য দেখ্‌তে লাগ্‌ল,—তার মাধুর্য্যে, মানুষের স্নেহপ্রীতিসম্বন্ধের সরসতায় তার মন ভ'রে উঠ্‌ল। সে বল্‌লে,—"ফেলে দিলুম আমার দণ্ড কমণ্ডলু—দূর হয়ে যাক্ এসব আয়োজন। সীমাকে বর্জন ক'রে তো আমি কোনো সত্যই পাই নি। একটি ছোট মেয়েকে স্নেহ কর্‌তে পেরেছিলুম ব'লেই তো সেই রসের মধ্যে অসীমকে পেয়েছি—তার বাইরে তো সেই অনন্তস্বরূপের প্রকাশ নেই!" —এই ভাবটাই আমার নাটিকাটির মূল সুর।

'প্রকৃতির প্রতিশোধে'র প্রতিপাদ্য বিষয়টা বাল্যকালে আমার নানা কবিতায় ব্যক্ত হয়েছে। সীমার সঙ্গে যোগেই অসীমের অসীমত্ব, একথা ঈশোপনিষদে বলা হয়েছে। 'অবিদ্যা' বা সীমার বোধকেই একান্ত ব'লে

জানার মধ্যে অন্ধ তামসিকতা আছে; আবার অসীমের বোধকেই একান্ত ক'রে দেখার মধ্যেও ততোধিক তামসিকতা আছে; কিন্তু যখন বিদ্যা অবিদ্যাকে মিলিয়ে দেখ্‌ব তখনই সত্যকে জান্‌ব।

সীমাকে নিন্দা করা গায়ের জোরের কথা। ঐকান্তিক (absolute) সীমা ব'লে কিছু নেই। সব সীমার মধ্যেই অনন্তের আবির্ভাবকে মান্‌তে হবে। 'প্রকৃতির প্রতিশোধে'র সন্ন্যাসী সীমাকে 'না' করে দেওয়ায় যে মুক্তি, তার মধ্যে দিয়েই সার্থকতাকে চেয়েছিল; কিন্তু এ নিয়ে যায় অন্ধকারে।

তেমনি আবার সীমা-জগৎকে অসীম থেকে বিযুক্ত ক'রে দিয়ে তার মধ্যে বদ্ধ হলে সেও ব্যর্থতা। কাব্যে শব্দকে বাদ দিয়ে যে রসিক রসকে পেতে চায়, সে কিছুই পায় না। আবার রসকে বাদ দিয়ে যে পণ্ডিত শব্দকে পেয়ে বসে তার পণ্ডতারও সীমা নেই।

৩০ নম্বর

(১ম শ্লোক)

যে-দেহভেলা অবলম্বন করে এতদিন জীবনস্রোতে ভেসে বেড়াচ্ছিলুম, সেই ভেলাকে এবার ভাসিয়ে দাও। তাকে ফেলে দাও, সে চলে যাক্। তার সঙ্গে আমার আর কোন যোগ নেই, এবার তার কাজ ফুরালো। অমুক ঘাটে পৌঁছব কি না, আমার কি হবে, আলো-অন্ধকারের মধ্যে দিয়ে কোন্ পথ বেয়ে যাবে?—এ-সব প্রশ্ন নাই কর্‌লুম, এর উত্তর নাই বা জান্‌লুম!

(২য় শ্লোক)

না-জানার দিকে যাত্রা করাই তো আমার আনন্দ। অজানাই আমাকে এখানে এনেছিলেন—তিনিই আমাকে আমার এই জন্মগ্রহণের দ্বারা জানা-শোনার বন্ধনে বেঁধেছিলেন, আবার তিনিই তো সব গ্রন্থি খুলে সব চুকিয়ে দেবেন। আবার ঠিক সব খাপ খেয়ে যাবে, কোনোখানে অসামঞ্জস্য থাক্‌বে না। জানা এসে ব'সে ব'সে সব বাঁধে। তাই আমরা এখানে এসে সব ঘরকন্না গুছিয়ে নিই, নানা পরিচয়ের মধ্যে খুব ক'সে সব জেনে নিই, 'এ আমার অমুক, সে আমার অমুক।' এইসব জানাজানির ভিতরে বন্দী হই। এমন সময়ে হঠাৎ অজানা থামকা এসে ধাঁধা লাগিয়ে দিয়ে জানার বাঁধন সব ছিঁড়ে দেয়।

(৩য় শ্লোক)

এই ভেলার যে হালের মাঝি সে তো অজানা। সেই অপরিচিতই আমার কর্ণধার। সে আমাকে এগিয়ে নিয়ে যাচ্ছে। অজানাই আমার জানার বন্ধন কেবলি ছিন্ন ক'রে ক'রে আমাকে মুক্তি দেয়। সে থেকে থেকে ব্যর বার মুক্তি দিতে দিতে আমাকে নিয়ে যাবে, তার সঙ্গে আমার এই সম্বন্ধ। তাই ত আমার সাম্‌নের দিকে যে অজানা আছে, তাকে আমি ভয় কর্‌তে চাইনে। —আমি জানি সেই আমার হালের মাঝি, সে আমার এই জীবনেও আমাকে এগিয়ে নিয়ে চলেছে। মৃত্যু হঠাৎ এসে আমাকে চমক লাগিয়ে দেয়। আকস্মিক ঘটনা আমাকে ত্রস্ত করে।—এমনি ক'রে নিদ'য় যিনি, তিনি আমাকে ভালোবাসেন ব'লে অপূর্ব্বের অপরিচিতের অভিজ্ঞতার মধ্যে দিয়ে আমাকে নিয়ে গিয়ে আমার ভয় ভাঙ্গিয়ে দেন।

(৪র্থ শ্লোক)

তুমি ভাব্‌ছ যে, যে দিন চলে গেছে তাকেই ভালো জানি, অতএব তারই পুনরাবৃত্তি হোক, তাকেই বারে বারে ফ্রিরে পাই। কিন্তু তুমি যে-কূল ছেড়েছ, সে কূলে আর কিছুতেই ফিরে যাবে না। তোমার কি পিছনের পরেই একমাত্র নির্ভর? ঐ পিছনই কেবল বিশ্বাসযোগ্য? যা অতীত তাই কেবল তোমার প্রধান সম্পদ্, এম্‌নি কি তুমি ভাগ্যহারা? কেন তুমি বল্‌তে পারলে না সাম্‌নের পরে তোমার বিশ্বাস আছে, সেখানে তোমার ভয় নেই? পিছন তোমাকে কিছুতে বেঁধে রাখ্‌বে না, এতেই তোমার আনন্দ হোক্!

(৫ম শ্লোক)

ঘণ্টা বেজেছে, সভা যে ভেঙ্গে গেল,—নৌকো ছাড়্‌তে হবে, জোয়ার উঠেছে। তিনিই অজানা যাঁর সঙ্গে দেখা হবে ব'লে মনে করি, কিন্তু যাঁর মুখ দেখা আমার হয় না। তাঁকে জানি না ব'লে একটু ভয় হয় বই কি, একটু বুক দুলে ওঠে, মনে হয় কি জানি কেমন ক'রে অজানা আমার কাছে দেখা দেবে। এই শ্যামল পৃথিবী তার সূর্য্যালোক নিয়ে এবারকার মতো দেখা দিল আবার অজানা কেমন করে দেখা দেবে কে বল্‌তে পারে? এই পৃথিবীতে জন্মমুহূর্ত্ত থেকে সূর্য্যালোকে লোকালয়ের নানা দৃশ্য, নানা ঘটনা, নানা অবস্থার মধ্যে অজানাকে ক্রমশঃই জানার ভিতর দিয়ে স্পর্শ কর্‌তে কর্‌তে চলেছি

অজানাকে কেবলি জানা, না-পাওয়াকে কেবলি পেতে থাকাকেই তো জীবন বলে। এই জীবনকে তো ভালোবেসেছি, অর্থাৎ সেই অজানাকে লেগেছে ভালো। সমুদ্রের এ পারে তাকে ভালো লেগেছিল, সমুদ্রের ওপারেও তাকে ভালো লাগ্‌বে।

২৮ নম্বর

(১ম শ্লোক)

তুমি মানুষ ছাড়া আর-সব জীবকে যেটুকু দিয়েছ সে সেইটুকুই প্রকাশ করে। পাখীকে সুর দিয়েছ, সে সেই বাঁধাসুরের দানটি বারবার ফিরিয়ে দেয়, তার বেশী সে দেয় না। আমাকে তুমি যে-সুর দিয়েছ, সে সুর তোমার, কিন্তু আমি তার বেশী তোমায় ফিরিয়ে দিই—আমি যে-গান গাই, সে গান আমার।

(২য় শ্লোক)

তুমি বাতাসকে ধ'রে রাখোনি। তার কোনো বাঁধন নেই, সে অনায়াসে তোমার সেবা ক'রে, বিশ্বকে বেষ্টন ক'রে কাজ করে। আমাকে তুমি যত বোঝা দিয়েছ তাকে আমার ব'য়ে ব'য়ে বেড়াতে হয়। আমার সেই বন্ধন থেকে মুক্তিকে আপনিই উদ্ভাবন কর্‌তে হবে। আমি একে একে নানা বন্ধনদশার পাশমোচনের মধ্য দিয়ে মৃত্যুর থেকে মৃত্যুতে আপনাকে রিক্তহস্ত ক'রে ব'য়ে নিয়ে যাব। আমি তোমার সেবার জন্য স্বাধীনতা অর্জন কর্‌ব। এই হাতদুটিকে মুক্ত করে তোমার কাজের জন্য নিযুক্ত কর্‌ব, বল্‌ব,—তোমার আদেশে তোমারই কাজে এখন থেকে প্রবৃত্ত হলুম। তুমি আমাকে বন্ধন দিলে, কিন্তু আমাকে ভিতর থেকে মুক্তিতে বিলীন হতে হবে,—আমার কাছে তোমার দাবী বেশী।

(৩য় শ্লোক)

তুমি পূর্ণিমার হাসি ঢেলে দিয়ে—ধরণীকে হাস্যময় সৌন্দর্য দান করেছ। ধরণীর অন্তস্তলে যে-রস নিহিত আছে, সে ফিরে সেই রসকে ঢেলে দিচ্ছে। কিন্তু আমায় তুমি দুঃখ দিয়েছ, তার ভার আমায় বইতে হচ্ছে। সমস্ত

জীবনের এই দুঃখকে অশ্রুজলে ধুয়ে ধুয়ে তাকে আনন্দ ক'রে তুলে আমাকে তোমার হাতে ফিরিয়ে দিতে হবে—তোমার কাছে নিবেদন কর্‌তে হবে। আমি দিনশেষে মিলনক্ষণে সকল দুঃখকে আনন্দময় ক'রে তোমার কাছে নিয়ে যাব—আমার উপর এই ভার রয়েছে।

(৪র্থ শ্লোক)

তুমি তোমার এই ধরণী মাটি দিয়ে তৈরী করেছ, এই ধরণী আলো-অন্ধকারে সুখ-দুঃখে মিলিত হয়ে রয়েছে। আমায় তুমি এই পৃথিবীতে পাঠিয়েছ, কিন্তু কিছু সম্বল সঙ্গে দিলে না,—একেবারে হাত শূন্য ক'রে দিয়েছ, আর আড়ালে থেকে তুমি আমায় দেখে হাস্‌ছ। তুমি আমাকে এমনি অবস্থায় মাটিতে রেখে দিয়ে বল্‌ল, "তোমার উপর ভার হচ্ছে এখানে স্বর্গ রচনা কর্‌বার। তুমি অন্ধকার থেকে আলো উদ্ভিন্ন ক'রে, মৃত্যু থেকে অমৃতকে বহন ক'রে এনে তোমার আপনার জীবন দিয়ে এই মর্ত্যলোকে স্বর্গ গ'ড়ে তুল্‌বে, তোমার উপর এই ভার রইল।"

(৫ম শ্লোক)

প্রকৃতিতে সব জীবকে তুমি তোমার দানের দ্বারা ভূষিত কর্‌লে এবং যাদের যা দিয়েছ তারা সেই সম্পদ্‌কেই প্রকাশ কর্‌ছে। কেবল আমার কাছে তোমার দাবী রয়েছে, আমার কাছে তোমার আকাঙ্ক্ষার অন্ত নেই। তাই আমি নিজের প্রেম দিয়ে যে-অর্ঘ্য রচনা করে দিচ্ছি, সেই রত্নের দান তুমি তোমার সিংহাসন থেকে নেমে এসে বক্ষে তুলে নাও। তুমি আমাকে যা দিয়েছ তার পরিমাণ অল্প। কিন্তু আমি যে দান তোমাকে ফিরিয়ে দিচ্ছি তা অনেক বেশী।

তুমি আমাকে অল্প দিয়ে তোমার জীবলোকে ছোট নগণ্য প্রাণী ক'রে দাওনি। কারণ, আমার প্রতি তোমার যে-দাবীর জোর আছে তাতে আমার যা শ্রেষ্ঠ ধন তা আমার জীবন থেকে উৎসারিত হয়। আমি কেবল স্বর নিয়ে জন্মগ্রহণ করেছি। কিন্তু তোমার দাবী আছে ব'লে তা সঙ্গীত হয়ে প্রকাশিত হয়। তুমি আমাকে বন্ধন দিয়েছ, কিন্তু বলেছ যে এই বন্ধনকে ছিন্ন ক'রে ফেল্‌তে হবে। তুমি চাও যে আমি মুক্তি লাভ করি। তোমার দাবী আছে ব'লেই মানুষকে দুঃখের উপর জয়যুক্ত হয়ে সেই

দুঃখকে আনন্দধারায় ধৌত করে পূর্ণ ক'রে তুল্‌তে হয়,—মানুষের জীবনের গতি তাই মুক্তির দিকে ধাবিত হয়। কিসে তার দুঃখমোচন হয়, সেই সন্ধানে সে প্রবৃত্ত হয়। তুমি পৃথিবীকে আপনি রচনা করলে, কিন্তু স্বর্গ রচনা করবার ভার দিলে মানুষের উপর। পৃথিবীতে মানুষের যে সূচনা হল তাকে তো জ্যোতির্ময় বলা যায় না। কিন্তু মানুষকে সেই শূন্যতা থেকে এই মর্ত্যধামেই অপূর্ব আলোকে উদ্ভাসিত স্বর্গ রচনা ক'রে তুল্‌তে হবে। তাই মানুষ স্থির হয়ে বসে নেই—তার বিরাম নেই, শান্তি নেই। তার সঙ্গে তোমার এই যে কঠিন সম্বন্ধ স্থাপিত হয়েছে তারই তাগিদে সে আপনার অন্তর্নিহিত সম্পদ্‌কে ক্রমাগত ব্যক্ত করে। তাই তোমার জন্য তার যে প্রেমের অর্ঘ্য রচিত হয়, তাকে তুমি বহুমূল্য রত্নের মতো আদরের সঙ্গে বক্ষে তুলে নাও।

মানুষ তার ইতিহাসে যে মূলধন নিয়ে যাত্রা আরম্ভ করে, তার মধ্যেই তো সে থেমে থাকে না। সাহিত্য-রাজনীতি-ধর্ম-কর্মতে সে ক্রমাগত উদ্ভিন্ন হ'য়ে উঠ্‌ছে। মৌমাছিরা যখন চাক বাঁধ্‌তে সুরু করে, তখন যার যে পরিমিত সামর্থ্যটুকু আছে সে সেই অনুসারে একই বাঁধাপথে কর্ত্তব স্থির ক'রে নিয়ে কাজে লেগে যায়। কিন্তু মানুষ তো সঙ্কীর্ণ পথে চলে না; তার যে কোথাও দাঁড়াবার জো নেই। তার হাতে যে উপকরণ আছে তাকে বিশালতর ক'রে তুল্‌তে হয়। সে আপনাকে আরো বিকশিত কর্‌বে, সে আরো এগিয়ে চল্‌বে। ইতিহাসে তার এই আহ্বান রয়েছে।

মানুষের বর্তমান ইতিহাসেও এই বাণী রয়েছে। সে অতীত মানবদের কাছ থেকে যা পেয়েছে তাতেই আবদ্ধ হয়ে থাকলে চল্‌বে না—যা পেয়েছে তার চেয়ে ঢের বেশী সম্পদ্‌ দিয়ে তার সাজি ভর্‌তে হবে। মানুষের এই গৌরব আছে। সে পৃথিবীকে সুন্দর ক'রে তুল্‌ল, বল্‌ল—এই মাটির ধরা আমাকে যা দিয়েছে, আমি তার চেয়ে আরো বেশী একে দিয়েছি।

"দুঃখখানি দিলে মোর তপ্তভালে"—যেখানে অপূর্ণতা সেখানেই শক্তির খর্বতা, সেখানেই দুঃখ। যখন মানুষের বাইরের অবস্থার সঙ্গে অসামঞ্জস্য ঘটে, সে জীবনের পূর্ণ সামঞ্জস্যকে পায় না, তখন তার জীবন-বীণা ঠিক সুরে বাজে না। এই যে দুঃখের বাধা মানুষের পথ রোধ করে, এরই ভিতর থেকে তাকে পথ কেটে বার হতে হবে। সে শক্তি খাটিয়ে মহত্বকে বাধামুক্ত ক'রে প্রকাশ করবে, সকল আন্তরিক দৈন্য অপসারিত ক'রে জীবনকে প্রতিষ্ঠিত করবে—এই তার সাধনা। তার এই গোড়াকার দৈন্যই যদি চরম হত, তবে সে

একরকম ক'রে বোঝাপড়া ক'রে নিতে পার্ত। কিন্তু তার অন্তরে ধর্মবুদ্ধি বা আর কোনো অনুভূতির চেতনা আছে যা তাকে ক্রমাগত মহত্ত্বের পথে, সম্মুখ পানে চালিত কর্ছে।

২৯ নম্বর

এই কবিতা আগের কবিতার আনুষঙ্গিক। এমন যেন কেউ মনে না করেন যে এতে আমি সৃষ্টির আরম্ভের কোনো বিশেষ সময়কার কথা বলেছি; এতে কোনো সৃষ্টিতত্ত্ব নেই। এখানে 'আমি' মানে ব্যক্তি বিশেষ নয়, 'আমি' মানে হচ্ছে যে—আমি ব্যক্তজগতের প্রতিনিধিস্বরূপ। বিশেষ সময়ে আমি সৃষ্টি হই নি; এমন কোনো এক সময় ছিল যখন আবীঃ যিনি, তাঁর প্রকাশ ছিল না—তা বিশ্বাস করা যায় না।

(১ম শ্লোক)

তুমি যে কোনো সময়ে অব্যক্ত ছিলে তা নয়, কিন্তু যদি কল্পনা করা যায় যে আমি কোথাও নেই, তবে সেই অবস্থায় কি রকম হবে এখানে তাই আমি বলেছি। আমি যখন নেই, তখন তুমি আপনাকে দেখ্‌তে পাও নি। সে অবস্থায় কারো জন্যে তোমার পথচাওয়া ছিল না। এই যে সুখ-দুঃখের ভিতর দিয়ে আজ ধীরে ধীরে আমার বিকাশ হচ্ছে, এই যে আমার এই চলার জন্য তোমার অপেক্ষা আছে, এই যে তুমি আমার জন্য প্রতীক্ষা ক'রে থাকো, তখন এসব কিছুই ছিল না। যখন আমার অস্তিত্ব ছিল না ব'লে আমি কল্পনা কর্ছি, তখন এই যে দু'পারের আকাঙ্ক্ষার আবেগের হাওয়া আজ বইছে, সেদিন তা ছিল না। আজ আমার থেকে তোমার কাছে, আর তোমার থেকে আমার কাছে কিছু কিছু aspiration, আকাঙ্ক্ষা আস্‌ছে যাচ্ছে—আমাদের উভয়ের মধ্যে দেওয়া-নেওয়ার আসা-যাওয়ার হাওয়া বইছে। কিন্তু সেদিন তা ছিল না—এপারের সঙ্গে ওপারের কোনো যোগাযোগ ছিল না।

(২য় শ্লোক)

আমার মধ্যেই তোমার সুপ্তির থেকে জাগরণ হল। আমার মধ্যেই বিশ্বের প্রকাশ হল—বিশ্ব যেন ঘুম থেকে উঠ্‌ল। আলোর যে ফুল

ফুটল, তা আমার জন্যই বিকশিত হল, নইলে তার দরকার ছিল না। আমাকে তুমি এখানে নিয়ে এসে কত রূপে যে ফোটাচ্ছ তার ঠিক নেই। তুমি কত রূপের দোলায় আমাকে দোলালে ("আমাকে" অর্থাৎ আমার নিয়ে যে বিশ্ব, যে দৃশ্য, সেই সকলকে)।

তুমি যেন আমাকে বিক্ষিপ্ত ক'রে দিলে। আমাকে এমনি করে ছড়িয়ে দিলে ব'লেই তোমার কোল ভ'রে উঠ্‌ল। তুমি আমাকে ফিরে ফিরে নব নব রূপান্তরে নূতন ক'রে ক'রে পাচ্ছ।

(৩য় শ্লোক)

আমাকে এই নানা ভাবে পাওয়াতেই তোমার আনন্দ। আমি এলাম অমনি সব শব্দিত হয়ে উঠ্‌ল—নইলে তার আগে সব স্তব্ধ ছিল। আমার মধ্যেই তোমার দুঃখ, আমি এসেছি ব'লেই তোমাকে দুঃখ দিলাম। আমি এলাম ব'লে যে আনন্দের উদ্বোধন হল, তার মধ্যে তেজ থাক্‌ত না, যদি দুঃখ তাকে না জ্বালাত—আমার দুঃখের ভিতর দিয়েই সেই আনন্দশিখা জ্ব'লে উঠ্‌ছে? জীবনমরণের এই যে আন্দোলন এ আমায় নিয়েই হয়েছে। আমি এলাম ব'লেই তুমি এলে। আমার স্পর্শে তুমি আপনাকে স্পর্শ কর্‌লে, আমায় পেয়ে তোমার বক্ষ ভরে উঠল।

(৪র্থ শ্লোক)

আমার কত অভাব ত্রুটি অসম্পূর্ণতা আছে, তাই আমার চোখে লজ্জা, মুখে আবরণ; আমি সেই আবরণের ভিতর দিয়ে তোমায় দেখ্‌তে পাই না। তাই আমার চোখ দিয়ে জল পড়ে, পদে পদে বাধা আছে ব'লে জীবনে তোমার সঙ্গে মুখোমুখি হল না। কিন্তু আমি জানি যে আমি এমনি ভাবে আচ্ছন্ন আছি ব'লে তুমি অপেক্ষা ক'রে আছ—কবে এই আবরণ উদ্‌ঘাটিত হবে। এই আবরণ একদিন খ'সে প'ড়ে যাবে না তা নয়—কারণ তোমার আমাকে দেখ্‌বার জন্য কৌতুকের অন্ত নেই। তুমি ক্রমশঃ আমার মধ্যে তোমার দৃষ্টি পেতে চাও। আমাকে দেখ্‌বে ব'লেই তুমি এত আলো জ্বালিয়েছ, তুমি আমার আত্মার সঙ্গে পরিচিত হবে বলেই তোমার এই সূর্যতারার আলো জ্বল্‌ছে।

[আলোচনা]

(১)

"আমি এলেম, এল তোমার দুঃখ"—বিশ্বের দুঃখ তো আমার সীমার মধ্যেই আছে। তোমার প্রকাশে যদি দুঃখ এসে থাকে, তবে সে তো আমিই বয়ে এনেছি। তোমার আপনার মধ্যে দুঃখ নেই, আমিই তাকে এনেছি। কিন্তু তাতেই তো সব শেষ হয়ে যায় নি। আমার এই দুঃখের ভিতর দিয়েই তোমার আনন্দের উপলব্ধি হচ্ছে। অদ্বৈতের মধ্যে যেটা দ্বৈত সেটাই বড় কথা। শুধু monism তো negative। সীমা সম্পর্কিত দুঃখের বিচিত্র লীলার ভিতরে যে আনন্দ সেটাই সত্যিকারের জিনিস।

এই কবিতায় "আমি" মানে হচ্ছে সৃষ্ট জগৎ।

(২)

আমাদের দেহ হচ্ছে অসীমের প্রতিরূপ। সূর্যের আলো, প্রাণ, বাতাস, জল, আমার দেহ—এরা সব আকস্মিক জিনিস নয়, এদের মধ্যে নিশ্চয়ই অসীমের background আছে। আমার মন যদি একটা isolated fact হয়, তবে আমি কিছুই জান্‌তে পারব না। কিন্তু আসলে আমার মনের একটা বাস্তবতার background আছে ব'লেই আমি বুদ্ধির ও চৈতন্যের জগৎকে পাচ্ছি।

বিজ্ঞান এ পর্যন্ত ব'লে এসেছে যে প্রাণ ও অপ্রাণের মধ্যে ছেদ আছে। প্রাণবান্ জিনিস প্রাণেই নিঃসৃত হচ্ছে, কম্পিত হচ্ছে। বিজ্ঞান একে Radio-activity-র গতিশীলতা বলেছে। কিন্তু জগতের প্রাণের এই গতিবেগ অসীমেরই গতিশীলতার একটা প্রকাশ। বিজ্ঞানবাদ অনুসারে অণু-পরমাণু কিছুই স্তব্ধ হয়ে নেই, তারা নিজের বেগে চলেছে—nucleus-এর চারিদিকে electron-গুলি সৌরজগতের আবর্তনের মতো ঘুরছে, কিন্তু এদেরও অসীমের background আছে। আমরা কি বলতে চাই যে, এই যে আমরা আপনাকে জান্‌ছি, আমাদের মনের সঙ্গে বিশ্বনিয়মের চিরন্তন যোগ রয়েছে, এটা কেবল একটা আকস্মিক যোগ, আর দেহমনের উপর যে personality আছে, তার কি infinite background নেই? এ হতেই পারে না। "অন্নং ব্রহ্ম"—আধিভৌতিক জগতেও অসীম আছেন, তার আনন্দের মধ্যেই তাঁর personality-র বিকাশ। অন্য এক অর্থে,

impersonal। আপনাতে আপনার উপলব্ধি ও ঐক্যবোধের মধ্যে যে আনন্দ আছে তাকেই personality-র বোধ বলা যায়। আমার personality তখনই দুঃখ পায় যখন বাইরে কিংবা অন্তরে এই ঐক্যের বিচ্যুতি ঘটে।

শৈশব থেকে এ পর্য্যন্ত যে একটা ঐক্যধারার মধ্য দিয়ে আমি এসেছি—যার মধ্যে আমার আনন্দ আছে, সেই ঐক্যের ভাবটিকেই আমি personality বলেছি। অসীমের personality ও আমার ঐক্যবোধের মধ্যে harmony আছে। যখন অসীমস্বরূপ দ্বৈতের মধ্যে ঐক্যকে নিবিড়ভাবে অনুভব করেন, তখনই তাঁর মধ্যে আনন্দ ও প্রেম জাগে। বন্ধুদের আত্মার প্রেমের মধ্যে এক জায়গায় বিচ্ছেদ আছে। কিন্তু তার মধ্যেও একটা ঐক্যসূত্র আছে। বিশ্বের মূলেও এই ব্যাপারটি আছে। আমি আর এক 'আমি'র প্রতিরূপ। আমার অন্তরের উপলব্ধিতে জীবলোকের নাট্যলীলা (drama of existence) আছে। আমার থাকার মধ্যে বিশ্বের মূলের এই থাকা আছে। আমি মানে একমাত্র 'আমি' নয়, আমার ভোগ করা, দেখা, জানার উপর যে আমিত্ব আছে তাই। আমি এসেছি ব'লেই দুঃখ আছে, আনন্দ আছে। আমি এসেছি ব'লেই এপার থেকে ওপারের চিরন্তন যোগাযোগ চলেছে।

৩১ নম্বর

তোমার নিজের বিশ্বে তোমার অধিকারের কোনো খর্ব্বতা, কোনো বাধা নেই। তোমার মধ্যে কোনো অভাব নেই, তুমি পূর্ণ। অভাব যদি না থাকে তবে তো ঐশ্বর্য থাকার কোনো মানেই থাকে না। কেননা অভাবের অভাবকে তো ঐশ্বর্য বলে না, অভাবের পূর্ণতাকেই বলে ঐশ্বর্য। চাওয়া ব'লে তোমার কিছু নেই। সুতরাং পাওয়া ব'লে তোমার কিছু থাক্‌তে পারে না। তা হলে তোমার ঐশ্বর্য, তোমার আনন্দ থাকে কই ?

তোমার নিজের কোনো প্রয়োজন নেই ব'লেই আমার মধ্যে দিয়ে প্রয়োজন সৃষ্টি করেছ। তোমার বিশ্বকে তুমি আমার ভিতর দিয়ে ফিরে পাচ্ছ, যেন হারানো ধনকে নতুন ক'রে লাভ করছ। তোমার যে সম্পদ

তোমার ভাণ্ডারে সম্পূর্ণ হয়েই আছে, সে তো তোমার পক্ষে অতীত; তাকেই তুমি নিয়ত আমার মধ্যে দিয়ে বর্তমান এবং ভবিষ্যতের অভিমুখে বহমান করে দিচ্ছ।

প্রতিদিনের জাগরণ দিয়ে আমি প্রতিদিন সোনার সূর্যোদয় কিনে থাকি। আমাকে যদি না কিন্‌তে হত তাহলে এ সূর্যোদয়ে কোথাও কোনো আনন্দ থাক্‌ত না, এ সূর্যোদয়ে প্রভাতী গান জাগ্‌ত না। প্রতিদিন এ'কে নূতন ক'রে পাই ব'লেই তো এ'তে আনন্দের মূল্য লাগে। এ'কে যাঁর পেতেই হয় না, তাঁর কাছে এর আনন্দ কোথায়? তাই ত আমার পাওয়ার ভিতর দিয়েই তোমার প্রভাতের আনন্দ তোমাকে স্পর্শ করে।

তোমার হাতে রসের পরশ-পাথরখানি আছে। কিন্তু তোমার মধ্যে যদি রস সম্পূর্ণ হয়েই থাকে, তাহলে সেই পরশ-পাথরখানিকে তুমি চিন্‌বে কি ক'রে? ক্ষণে ক্ষণে তুমি তাকে যাচাই কর্‌বে ব'লেই তো আমি আছি। তোমার প্রেমের স্পর্শমণি লেগে আমার চিত্ত সোনা হয়ে ওঠে; সেই সোনাই তোমার যথার্থ সম্পদ্; আমার অভাব, আমার অপূর্ণতা, আমার বাধার ভিতর দিয়েই তুমি তাকে লাভ কর। তোমার পরিপূর্ণতা যখন আমার শূন্যকে পূর্ণ করে, তখন তুমি আপন পূর্ণতার স্বরূপটিকে নতুন নতুন ক'রে দেখ্‌তে পাও,—তোমার প্রেম আমার প্রেমের ভিতর দিয়ে প্রতিফলিত হয়ে তোমার কাছে পৌঁছয়—তোমার কাছে তোমার প্রেমের পরিচয় আমারই মধ্যে।

৩২ নম্বর

আজ এই দিনের শেষে এই যে সন্ধ্যা আপন কালো কেশে সূর্যাস্তের মাণিক পরেছিল, তাকে আমি গেঁথে নিয়েছি। তাকে বিনাসূতার এই কবিতার গেঁথে নিয়ে চলার হার ক'রে নিলুম। এই মাত্র, এই ক্ষণে ঐ ঘুমিয়ে-পড়া চক্রবাকের নিদ্রার দ্বারা নীরব নির্জন পদ্মার তীরে সন্ধ্যা যেন তার নির্মাল্য নিয়ে পূজার নিবেদিত সোনার ফুলের মালা নিয়ে সমস্ত আকাশ পার হয়ে আমার মাথায় ছুঁইয়ে দেবে ব'লে এসেছিল! প্রকৃতি সন্ধ্যাকুসুমের এই মালা পূজার অর্ঘ্যরূপে নিবেদন করেছিল। সেই মালা সে আমার মাথায়

ঠেকিয়ে গেল, আমি তা অন্তরে অনুভব কর্‌লুম। ঐ যে সন্ধ্যা আস্তে আস্তে অন্ধকার আকাশে নীহারিকাকে স্রোতে ভাসিয়ে দিল, ঐ যে আকাশে ছায়াপথে তারার দল ক্রমে ক্রমে স'রে যাচ্ছে, তা চোখের সাম্‌নে পদ্মার তরঙ্গহীন স্রোতের প্রতিবিম্বের মধ্যে দেখ্‌ছি, যেন সন্ধ্যা সেই তারার দলকে ভাসিয়ে দিয়েছে। ঐ যে সন্ধ্যা সোনার চেলি রাত্রের আঙিনায় অন্ধকারে বিছিয়ে দিয়েছে, সে যেন নিদ্রায় অলস দেহ নিয়ে সেই চেলি মেলে দিয়েছে। আর ঐ যে রাত্রির কালোঘোড়ার রথে চ'ড়ে সন্ধ্যা সপ্তর্ষির ছায়াপথে আগুনের ধূলো উড়িয়ে দিয়ে বিদায় নিল—এই তো সব চোখ মেলে দেখ্‌লুম! সমস্ত বিশ্বব্রহ্মাণ্ডের মধ্যে এই সন্ধ্যা এসেছিল, এত বড় কাণ্ড, এত ঘটা, কেবল একজন কবির জন্যই হল। তার কাছে এসে সন্ধ্যা তার করুণ স্পর্শ রেখে গেল। অনন্তকালের মধ্যে এমন অনুপম সন্ধ্যা একজন কবির কাছে দেখা দিল,—এত আয়োজন, এই আশ্চর্য ব্যাপার তাকে স্পর্শ করে চ'লে গেল। এমনি ক'রে তুমি এক নিমিষের পত্রপুটে অনন্তকালের ধনকে ভ'রে দাও—এমন যে অমৃত তা ক্ষণকালের ভিতরে সার্থক করে তোল—এই তো তোমার লীলা।

৩৩ নম্বর

এই যে আমি চলেছি, জীবনের পথে নানা অভিজ্ঞতার ভিতরে আমার যে বিকাশ হচ্ছে, বিশ্বে এটা একটা সার্থক ব্যাপার। আমি আমার চলার সঙ্গে সঙ্গে আমার চৈতন্যে বিশ্বকে বহন ক'রে নিচ্ছি। আমি চিত্তের আবরণ উদ্‌ঘাটিত ক'রে পূর্ণতার দিকে অগ্রসর হব, এর জন্যে বিশ্বে অপেক্ষা আছে। বিশ্ব আমার ক্রমিক বিকাশের দিকে চেয়ে আছে। আমার চিত্ত যতটুকু পরিণামে গিয়ে ঠেক্‌ছে তারই জন্য বিশ্ব প্রতীক্ষা ক'রে আছে।

আমার মধ্যে যে শক্তি যে আকাঙ্ক্ষা আমাকে চালাচ্ছে, তা বহির্জগৎ থেকে বিচ্ছিন্ন নয়, বিশ্বের মধ্যেও এই অগ্রসর হবার, পরিব্যাপ্ত হবার আকাঙ্ক্ষা আছে—তা কেবল আমারই একলার সামগ্রী নয়। তাই আমার আকাঙ্ক্ষার পরিতৃপ্তিতে বিশ্বে আনন্দ আছে। যদি আমার চলা এমন বিচ্ছিন্ন সত্য হত, তবে বিশ্বে এমন গতিবেগ থাকৃত না, বিশ্ব মুশ্‌ড়ে যেত। কিন্তু আসলে একটি বৃহৎ ক্ষেত্রে আমার আকাঙ্ক্ষার স্থান আছে। এই অনুভব ক'রে এই কবিতা লেখা।

(১ম শ্লোক)

আমার মধ্যে কি একান্ত নিঃসঙ্গতা আছে, চিত্ত ছাড়া বাইরে কি আমার কোনো সার্থকতা নেই? হাঁ, আছে। আমার দোসর আছেন, তাঁর আকাঙ্ক্ষার সঙ্গে আমার আকাঙ্ক্ষার সুর মিল্‌ছে। অসীমের পথে আমার চলার শব্দ তাঁর কানে ঠেক্‌ছে। এই বিশ্বের যে রূপরসগন্ধ আমার চিত্তে আঘাত কর্‌ছে, তাদের অন্তর্নিহিত বিশ্বের আনন্দ আমাকে নিয়েই পূর্ণতা লাভ কর্‌ছে। আমার বিকাশের সঙ্গে সঙ্গে এই আনন্দের বিকাশ হচ্ছে। যখন আমার চিত্ত সঙ্কুচিত হয় না, আপনাকে উদ্‌ঘাটিত করে, তখনই এই সূর্য চন্দ্র তারা পূর্ণ আলো দেয়, সেই শুভক্ষণে বিশ্বের সৌন্দর্য সুন্দরতম হয়ে প্রকাশিত হয়। আমি পায়ে পায়ে এগোচ্ছি, আর বিশ্বজগৎ প্রতি পদক্ষেপে পুলকিত হয়ে উঠ্‌ছে। আমি যে চলেছি এর শব্দ কেউ শুন্‌ছে বা শুন্‌ছে না, তা আমি জানি না; কিন্তু আমার চলার ধ্বনি এক জায়গায় গিয়ে পৌঁচচ্ছে। আমি জানি যে আমার এই যে আলো-অন্ধকার সুখ-দুঃখের ভিতর দিয়ে যাত্রা, এর পদশব্দ একজন শুন্‌তে পাচ্ছেন।

(২য় শ্লোক)

এই যে জন্ম থেকে জন্মে নব নব জীবনের মধ্যে দিয়ে আমার পদ্মটির এক একটি দল উদ্‌ঘাটিত হচ্ছে, এ তো তোমারই চিত্ত-সরোবরের মধ্যে। তোমার মানস-সরোবরে আমি পদ্মটির মতো বিকশিত হয়ে উঠ্‌ছি—নব নব জীবনে তার দলগুলি খুলে যাচ্ছে। এই ব্যাপার দেখ্‌বার জন্য সকল গ্রহতারা চারিদিকে ভিড় ক'রে রয়েছে, এদের কৌতূহলের অন্ত নেই। তারা সব আমারই জন্য আলো দান ক'রে একদৃষ্টে চেয়ে আছে।

তোমার যে জগৎকে সৃষ্টি করেছ, তা যেন অন্ধকারের বৃন্তের উপর তোমার আলোর মঞ্জরী,—যেন তাতে একসঙ্গে অনেক ফুল ধ'রে রয়েছে। সেই মঞ্জরী তোমার দক্ষিণ হস্ত পূর্ণ ক'রে রয়েছে; কিন্তু তোমার স্বর্গ তো অমন ক'রে চোখের সামনে প্রকাশিত হয় না, সে লাজুক, সে আমার মধ্যে লুকিয়ে আছে। তারার বিচিত্র প্রকাশের মতো একটি গুচ্ছে সে ফুটে ওঠে নি, সে যেন পাতার অন্তরালে লুকিয়ে-রাখা ফুলের মতো। কিন্তু তোমার এই গোপন স্বর্গটি যেখানে, সেখানেই তোমার সঙ্গে আমার পূর্ণ মিলন। তোমার লাজুক স্বর্গ প্রেমের নব নব বিকাশের ভিতরে একটি একটি দল মেলে দিচ্ছে, মঞ্জরীর মতো

তার একেবারে পূর্ণবিকাশ হয় না। আমার অন্তরের ভিতরে তোমার সেই স্বর্গ, আমার প্রেমের বিকাশের সঙ্গে সঙ্গে তার পাপড়িগুলি খুলে দিচ্ছে। সেই গোপন উদ্‌ঘাটনের দিকে তোমার দৃষ্টি, তাতেই তোমার আনন্দ।

৪৫ নম্বর

(১ম শ্লোক)

কে বলেছে, যৌবন, তুমি সুখের খাঁচাতে ছোলা জল খেয়ে বাস কর্‌বে। কে বলেছে তুমি বাঁধা নিয়মে আহার কর্‌বে আর ঝিমুবে আর তোমার খাঁচার চারিদিকে কাপড় দিয়ে ঢাকা থাক্‌বে? আরে বাপু, তুমি কাঁটাগাছের উপরে চ'ড়ে ফিঙের মত পুচ্ছ নাচাও না কেন? খাঁচার মধ্যে ব'সে ব'সে তোমার বাঁধা খোরাকী খেয়ে কাজ কি?

তুমি পথহীন সাগরপারের পথিক, তোমার ডানা চঞ্চল, অক্লান্ত। তোমাকে আজ অজানা বাসা সন্ধান ক'রে নিতে হবে,—জানার বাসা থেকে বেরিয়ে পড়্‌তে হবে। ঝড়ে যে বজ্র আছে, তার মধ্যে দুঃখ-বেদনা থাকুক না কেন, তাকেই তুমি ঝড় থেকে ছিন্ন করে নিয়ে আস্‌তে পার—আরামের জিনিসকে তুমি চাও না—এই তোমার দাবী।

(২য় শ্লোক)

যৌবন, তুমি কি আয়ুকে চাও? তুমি কি নিরাপদের চণ্ডীমণ্ডপে গম্ভীর হয়ে ব'সে থাক্‌বে, এই কি তোমার আকাঙ্ক্ষা? তুমি কি আয়ুর কাঙাল হয়ে থাক্‌তে চাও? না, তুমি যাকে সন্ধান কর্‌ছ, সে যে মরণ। তুমি তো আয়ুর স্পৃহা রাখো না, তুমি যে অমৃতরস পান কর্‌তে চাও। মৃত্যুর ভিতর দিয়েই সেই সুধাকে আহরণ কর্‌বে। মৃত্যুই সেই অমৃতের পাত্রকে বহন কর্‌ছে। তুমি জীবনের যে সার্থকতাকে চাও। তোমার সেই প্রিয়া মরণ-ঘোমটার ভিতরে অবগুণ্ঠিতা, সে মানিনী। তাকে পাবার সফলতাতেই তোমার পরিতৃপ্তি। তার আবরণকে উদ্‌ঘাটিত ক'রে তুমি তাকে দেখ।

(৩য় শ্লোক)

কোন্ তান তুমি সাধ্‌তে চাও? শাস্ত্রকারের পোকাকাটা শুক্‌নো তুলট কাগজের পুঁথির মধ্যে কি তোমার বাণী আছে? তোমার বাণী যে দক্ষিণ-

হাওয়ার বীণায় আছে। তার সুরে যে অরণ্য জেগে ওঠে। সেই বাণীকে কি তুমি প্রাচীন শাস্ত্রগ্রন্থ থেকে বার ক'র্‌বে? যে বাণী শুনে অরণ্যে নব-কিশলয়ের উদ্গম হয়, সেই বাণীই তোমার। তুমি তো পুঁথির পাতার মধ্যে খড়খড় সর্‌সর্‌ কর্‌ছ না; তুমি ঝড়ের ঝঙ্কার শুনে বেরিয়ে পড়। তোমার বাণী ঢেউয়ে তার বিজয়ডঙ্কা বাজায়।

(৪র্থ শ্লোক)

এই যে একটুখানি প্রাণের গণ্ডীর মধ্যে কোনো রকমে বেঁচে আছ, তোমায় এই মায়া কাটিয়ে উঠ্‌তে হবে। তুমি যে চিরকালের,—যতদিন মানুষ বাঁচ্‌বে ততদিন, তোমার বিজয়ডঙ্কা বাজ্‌বে। সূর্যের আলোক যেমন কুয়াশাকে ছিন্ন ক'রে ফেলে, তেমনি তোমার যে দীপ্তিশিখা তা বয়সের এই কুহেলিকাকে ছিন্ন ক'রে কেটে ফেল্‌বে। যেমনতর কুঁড়ির বাইরে যে পত্রপুট, তা' সেই খড়্‌খড়ে পাতা কেটে ফেলে ভিতরের ফুলটিকে উদ্ভিন্ন করে, তেমনি বয়সরূপ কুঁড়ির বাইরের যে আবরণ সেটা হয় জীর্ণতা, তার বক্ষ দুফাঁক ক'রে তোমার অমর স্বরূপটি—যা ঝর্‌বে না মর্‌বে না—তোমার সেই চিরনবীন প্রকাশটি, জরা বিদীর্ণ ক'রে ফুটে উঠুক।

(৫ম শ্লোক)

তুমি কি ভোগের গ্লানিতে জড়িত হয়ে ধূলিতে আসক্ত হয়ে থাক্‌বে? তুমি কি ভোগের আবর্জনার বোঝার গ্লানির ভারে লুণ্ঠিত হয়ে থাক্‌বে? তোমার যে পবিত্র আলোর উজ্জ্বলতা আছে, মাথায় সোনার মুকুট আছে। যে কবি তোমার কবিতা রচনা করে, সে হচ্ছে অগ্নি—তার ঊর্ধ্ব-শিখা উজ্জ্বলভাবে জ্বল্‌তে থাকে। আগুন তোমার কবি, সে তোমার জয়গান করে। সূর্য তোমার মধ্যে আপন প্রতিবিম্ব দেখে। তুমি কি আত্মসুখে ভুলে ধুলায় প'ড়ে থাক্‌বে? সূর্য যে তোমার মাথার উপর উঠ্‌বে, তাকে কি সোজা হয়ে দাঁড়িয়ে অভিবাদন করবে না?

দ্রষ্টব্য :—জাপান-যাত্রী। নবীন, সুদূর, বলাকা প্রভৃতির ব্যাখ্যা।

পলাতকা

পলাতকার কতকগুলি কবিতা ১৩২৫ সালের সবুজপত্রে প্রকাশিত হইয়াছিল।

১৯১৮ সালের অক্টোবর মাসে এই বই প্রকাশিত হয়। কবি রবীন্দ্রনাথ যখন অসম ছন্দে বলাকার কবিতা রচনা করিতেছিলেন, সেই সময়েই সঙ্গে সঙ্গে অসম ছন্দে পদ্যে গল্প রচনা করিতেছিলেন এবং ছন্দময় গদ্যেও গল্প রচনা করিতেছিলেন। পদ্যে রচিত গল্পসমষ্টি হইল পলাতকা, এবং ছন্দময় গদ্যে রচিত গল্পসমষ্টি হইল লিপিকা। লিপিকা গদ্যে রচিত হইলেও তাহা কবিতা শ্রেণীতে গণ্য হইবার যোগ্য, তাহার গল্পগুলির মধ্যে আখ্যায়িকা অপেক্ষা সূক্ষ্ম ভাব ও রসের প্রাধান্যই পরিলক্ষিত হয়। এই দুই পুস্তকের মধ্যে কবি কত গভীর কথা কত সহজভাবে বলিয়াছেন, তাহা বই দুখানি পাঠ করিলে সহজেই অনুভব করা যায়। পলাতকার প্রত্যেক গাথার মধ্যে কবির তীক্ষ্ণ অন্তর্দৃষ্টি, সূক্ষ্ম মনস্তত্ত্ব-বিশ্লেষণ, সমবেদনা, সামান্যের মধ্যেও অসামান্যতার আবিষ্কার, অত্যুচ্চ কবিত্বের সহিত গ্রথিত হইয়া আশ্চর্য রকমের সহজ ভাষায় প্রকাশ পাইয়াছে। কড়ি ও কোমল হইতে ছোট কবিতায় ছোটগল্প বলিবার যে শক্তি কবি দেখাইয়াছিলেন, এবং যাহা কথা ও কাহিনীর মধ্যে পরিণতি লাভ করে—তাহারই পূর্ণ পরিণতি হইয়াছে এই গল্পগুলিতে। কবিতা ও কাহিনী যে একসঙ্গে গাঁথা যাইতে পারে, তাহার পরিচয় দিলেন কবি এই পুস্তকে।

কবির জ্যেষ্ঠা কন্যা বেলা দেবী এই সময়ে অত্যন্ত পীড়িত হইয়াছিলেন। তাঁহার মৃত্যু অবধারিত। সেই বিদায়োন্মুখী কন্যার রোগশয্যার পার্শ্বে বসিয়া কবির মনে হইয়াছিল যে, জগতের সব কিছুই পলাতকা। কাহাকেও এখানে ধরিয়া রাখা যায় না। সেই ভাব মনে লইয়া কবি যতগুলি গল্প লিখিয়াছেন তাহার অধিকাংশের নায়িকাই হইতেছে স্ত্রীলোক। প্রায় সব গল্পগুলির প্রতিপাদ্য হইয়াছে বিচ্ছেদ ও বিদায়, এবং মৃত্যু।

এই কাহিনীগুলিতে বিশ্বপ্রকৃতির সহিত মানবপ্রকৃতির একটি ঘনিষ্ঠ যোগ কবি স্থাপন করিয়া দিয়াছেন, এবং বৈষয়িক জগতের অন্তরালে যে এক

অনির্বচনীয় ভাব-জগৎ আছে তাহার যবনিকা উদ্‌ঘাটন করিয়া দিয়াছেন। প্রত্যেক কাহিনীর উপযুক্ত পারিপার্শ্বিকতা ও আবেষ্টন সৃষ্টি করিয়া কবি এক একটি মায়াকুহক রচনা করিয়াছেন, যাহাতে সমস্ত কাহিনীটি সত্য হইয়া দরদে ব্যথায় মমতায় ভরিয়া উঠিয়াছে। ভগবানের বরে অভিজাতবংশীয় কবিকে কখনো অভাবে দারিদ্র্যে কষ্ট পাইতে হয় নাই, ভাগ্যলক্ষ্মী তাঁহার প্রতি সুপ্রসন্ন হাস্যেই চিরকাল তাকাইয়া আসিয়াছেন। তথাপি কবি তাঁহার অসাধারণ সহমর্মিতার বশে হতভাগ্যদের প্রতি অনুকম্পা অনুভব করিয়াছেন।

কিন্তু কবি তো জানেন যে 'শেষ নাহি যে শেষ কথা কে বল্‌বে?' এবং 'শেষের মধ্যেই অশেষ আছে।' আমরা যাহাকে শেষ বলি, যাহাকে মৃত্যু বলি, তাহা তো অসমাপ্ত অবস্থানের একদেশের অসম্যক্ দর্শন। তাই তিনি শেষ কবিতায় সমস্ত কিছুকে 'শেষ প্রতিষ্ঠা' দিয়াছেন—মানুষের কাছে যাহা আসা-যাওয়া তাহা আধখানা অবস্থা প্রকাশ করে। সম্পূর্ণতার মধ্যে তো কেহ আসেও না, যায়ও না। সব-কিছুই সেখানে 'আছে' হইয়া আছে। তাই কবি বলিয়াছেন—

আমি চাই সেইখানে মিলাইতে প্রাণ
যে সমুদ্রে আছে নাই পূর্ণ হ'য়ে রয়েছে সমান।

প্রথম কবিতাটির নাম পলাতকা। প্রকৃতির ডাকে পোষা হরিণ নিশ্চিত আশ্রয় ও অযত্নসুলভ খাদ্য-পানীয় ছাড়িয়া অনিশ্চিতের ও নিরুদ্দেশের সন্ধানে প্রতিপালকের বাড়ী ছাড়িয়া বনে চলিয়া গেল। এই কাহিনীটির মধ্যে সমস্ত বইটির তত্ত্ব নিহিত আছে—হরিণ যেন বলিয়া গেল—

বিশ্বজগৎ আমারে মাগিলে কে মোর আত্মপর।

মুক্তি

এই গল্প-কবিতাটি প্রথমে ১৩২৫ সালের সবুজ পত্রের বৈশাখ-সংখ্যায় প্রকাশিত হয়।

রমণীদিগকে সমস্ত বৃহৎ কর্মক্ষেত্র হইতে দূরে সরাইয়া কেবলমাত্র গৃহ-কর্মের ক্ষুদ্র আবেষ্টনীর মধ্যে আবদ্ধ রাখার এবং বিশেষ করিয়া তাহাদের প্রতি নির্মম ব্যবহার করার প্রতিবাদ এই কবিতাটি।

অন্তঃপুরিকা মরণান্তক রোগে আক্রান্ত হইয়া বলিতেছে—এই বিশ্বজগৎ তাহার ছয় ঋতুর সুধাপাত্র হাতে করিয়া বাইশ বছর ধরিয়া এই নিরানন্দ গৃহকোণের নাগপাশ ছেদন করিতে বারংবার ডাকিয়া বলিয়া গিয়াছে; কিন্তু অন্তঃপুরের অন্ধকার কারাগারে ও রান্নাঘরের ধূমাচ্ছন্ন বন্দীশালায় সেই বাণী পৌঁছিতে পারে নাই। আজ আসন্ন মৃত্যুকে শিয়রে করিয়া জানালার ফাঁকে বিশ্বপ্রকৃতির সহিত মুখোমুখী করিয়া বসিয়াছি। তাই আজ তাহার বাণী আমার প্রাণে প্রবেশ করিতে অবকাশ পাইয়াছে, আমি এখন বুঝিতে পারিতেছি যে আমি সামান্যা নই,—আমি নারী, আমি মহীয়সী, আমি ভূমার অংশ এবং অল্পে সুখ নাই। বিশ্বপ্রকৃতির সমস্ত সৌন্দর্যসম্ভার, সে তো আমারই জন্য এত কাল অপেক্ষা করিয়া থাকিয়াছে। আমি যদি তাহার দিকে না চাহিতাম, তাহা হইলে সে তো থাকিয়াও নাই, আমার কাছে তো সে নাস্তি হইয়া যাইত।

মরণ আমার অনন্ত সম্ভাবনার ভিখারী—সে আমার সমস্তই গ্রহণ করিবে, আমার সকল সম্ভাবনা তাহার কাছে সমাদৃত হইবে। অবশেষে মরণের মধ্যে আমি যে স্বাধীনতার ও মুক্তির স্বাদ পাইব তাহা তো জীবনে আমি কোনো দিন পাই নাই। মরণ তো কেবল আমার প্রভু নয়, সে আমার স্বামীও ছিল; সে যে আমার কাছে আমার মাধুর্য আমার স্বামীর মতন হুকুম করিয়া আদায় করে না; সে ভিক্ষা করে, প্রার্থনা করে।

ফাঁকি

শ্বশুরবাড়ীতে গুরুজনের কাছে লজ্জায় বিনুর সঙ্গে তাহার স্বামীর মিলন ছিল বাধাগ্রস্ত, ছাড়াছাড়া। সে যখন রোগে পড়িয়া হাওয়া-বদলের জন্য প্রথম শ্বশুরবাড়ী ছাড়িল, তখন সকল বাধা অপসৃত হওয়াতে তাহাদের মিলন হইল অব্যাহত। সেই আনন্দে তাহার জীবনের প্রতিমুহূর্ত হইয়া উঠিল পরিপূর্ণ—বিনুর মনে হইতে লাগিল, তাহাদের বিবাহের পরে এই যেন তাহাদের প্রথম মিলনের আনন্দযাত্রা—হানিমুন। সে মরিবার সময়ে স্বামীকে বলিয়া গেল—

> এ জীবনের যা কিছু আর ভুলি,
> শেষ দুটি মাস অনন্তকাল মাথায় রবে মম
> বৈকুণ্ঠেতে নারায়ণীর সিঁথের পরে নিত্য-সিঁদুর সম।

এ দুটি মাস সুধায় দিলে ভ'রে,—
বিদায় নিলেম সেই কথাটি স্মরণ ক'রে।

কিন্তু বিনুর স্বামী তো বিনুকে এক জায়গায় ফাঁকি দিয়াছিল। বিনু রেলের কুলির বৌ রুক্মিণীকে পঁচিশ টাকা দিতে অনুরোধ করিয়াছিল। সে অনুরোধ তো রক্ষা করা হয় নাই! অথচ বিনু জানিয়া গেল যে, তাহার স্বামী তাহাকে আনন্দ দিবার জন্য কোনো ত্রুটি কোথাও রাখে নাই। সেইজন্য বিনুর স্বামীর মনে হইতে লাগিল যে, সে তাহার স্ত্রীর পরিপূর্ণ বিশ্বাসের ও প্রেমের প্রতিদান সম্পূর্ণ করিতে পারে নাই। এবং সেই রুক্মিণীকে আর কোথাও খুঁজিয়াও পাওয়া গেল না। প্রতিবিধান করিবার সুযোগ চিরতরেই হারাইয়া গেল। তাই বিনুর স্বামী আক্ষেপ করিয়া বলিল—

রয়ে গেলাম দায়ী,
মিথ্যা আমার হলো চিরস্থায়ী।

নিষ্কৃতি

এই কবিতা-কাহিনীটি ১৩২৫ সালের জ্যৈষ্ঠ মাসের প্রবাসীতে বাহির হইয়াছিল। তখন ইহার যে নাম ছিল তাহাতে এই কবিতার ভাবটি সুস্পষ্ট প্রকাশিত হইয়াছিল। ইহার নাম ছিল—'যেনাস্যাঃ পিতরো যাতাঃ।' এই মেয়েটির পিতৃপিতামহ যে পথে গিয়াছেন—বিপত্নীক হইয়া আবার বিবাহ করিতে তাহারা যেমন দ্বিধা করে নাই—সেও তেমনি তাহার পিতৃপিতামহের দৃষ্টান্ত অনুসরণ করিল—বিধবা হইয়া বৈধব্যের তপস্যায় সেই কেবল শুষ্ক হইয়া সমস্ত প্রেম হইতে বঞ্চিত হইয়া থাকিবে, আর পুরুষেরা যথেচ্ছাচার করিবে, এই বি-সম ব্যবস্থার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করিয়া, সেও তাহার প্রেমাকাঙ্ক্ষী পুলিন ডাক্তারকে বিবাহ করিয়াছিল। এই কবিতাটির মধ্যে করুণ ও হাস্যরস গলাগলি করিয়া চলিয়াছে বলিয়া এটি পরম উপভোগ্য

হারিয়ে যাওয়া

বিশ্বপ্রকৃতির মধ্যে সত্য হইতেছে নিত্য পদার্থ। তাহাকে বৈদিক ঋষিরা বলিয়াছেন ওঙ্কার। বিশ্বপ্রকৃতি সেই সত্যকে আগ্‌লাইয়া চলিয়াছেন, যেন

তাহা কিছুতে আচ্ছন্ন না হয়। সেই সত্য যখন আচ্ছন্ন হয় তখন বিশ্বপ্রকৃতির অস্তিত্বই লোপ পাইতে বসে। সত্য অব্যাহত না থাকিলে লোকের জীবন-যাত্রা অচল হয়, সমাজ-ব্যবস্থা লণ্ডভণ্ড হয়, সকলের পীড়া উপস্থিত হয়। তাই উপনিষদের ঋষিরা এই প্রার্থনা করিয়াছিলেন—

> হিরণ্ময়েন পাত্রেণ সত্যস্যাপিহিতং মুখম্।
> তৎ ত্বং পুষন্ অপাবৃণু সত্যধর্মায় দৃষ্টয়ে॥ —ঈশোপনিষৎ :১৫

মানুষও নিজের খেয়ালটিকে প্রদীপের মতো জ্বালাইয়া সমস্ত ঝড়-ঝাপ্‌টা হইতে বাঁচাইয়া চলিতে চায় :—কিন্তু সেই খেয়াল সম্পন্ন করিতে না পারিলে, সে মনে করে তাহার সর্ব্বনাশ হইয়া গিয়াছে। যে ব্যক্তি যশোলিপ্সু সে যদি যশের একটু হানি দেখে, তবে সে মনে করে সর্ব্বনাশ। তেমনি ধন-লিপ্সু, রাজ্যলিপ্সু, এমন কি নিজের প্রিয়জনের প্রতি অধিক মমতাসম্পন্ন লোক, নিজের আসক্তির বস্তুর একটু ক্ষতি সহ্য করিতে পারে না ; মনে করে সে ক্ষতিতে তাহার সর্বনাশ হইয়াছে। সে মনে রাখে না যে তাহার সেই ক্ষতিগ্রস্ত বস্তু ছাড়াও আরো অনেক কিছু আছে।

এই কবিতাটি সম্বন্ধে কবি স্বয়ং আমাকে যে ব্যাখ্যা লিখিয়া পাঠাইয়া-ছিলেন তাহা এই—"বামী যেমন দীপ-হাতে একটা অন্ধকার ঘূর্ণীসিঁড়ি বেয়ে চল্‌ছে, সমস্ত নক্ষত্রলোককে আমি সেই দীপ-হাতে ছোট মেয়েটির মতোই দেখ্‌ছি। চল্‌তে চল্‌তে হঠাৎ যদি তার আলো নিবে যায়—তা হ'লে সে আপনাকে আর দেখ্‌তে পাবে না—অসীম অন্ধকারের মধ্যে একটা কান্না উঠ্‌বে—আমি হারিয়ে গিয়েছি।"

অর্থাৎ কবি বলিতে চাহিতেছেন যে, যে-আলোক বামীর কাছে তাহার পরিবেষ্টন সামগ্রীকে প্রকাশ করিতেছিল, তাহার নির্বাণ হওয়াতে সেই-সমস্ত পারিপার্শ্বিক সামগ্রী অন্ধকারে লুপ্ত হইয়া গেল, এবং যে পারিপার্শ্বিকতার দ্বারা বামী আপনার অস্তিত্ব সম্বন্ধে সচেতন ছিল, সেই পারিপার্শ্বিকতার লোপ হওয়াতে বামীর মনে হইল সে নাই। তেমনি বিশ্বপ্রকৃতি মেয়েটিও অন্ধকার রাত্রির নীলাম্বরীর আঁচলের আড়ালে গ্রহনক্ষত্রের দীপশিখাগুলিকে আগ্‌লাইয়া বাঁচাইয়া চলিতেছে, গ্রহনক্ষত্রগুলিই যেন বিশ্বপ্রকৃতির অস্তিত্ব সুপ্রকাশ করিতেছে, যদি কোনো দিন কোনো দুর্বিপাকে সেই আলোক নির্বাণ পায়, তবে প্রকৃতিই হারাইয়া যাইবে।

শিশু ভোলানাথ

শিশু ভোলানাথ ১৯২২ সালে প্রকাশিত হয়। রবীন্দ্রনাথ যখনই কোনো বিক্ষোভ, কোনো দুঃখ অনুভব করিয়াছেন, তখনই শিশুর সরল সব-ভোলা স্বভাবের মধ্যে নিজেকে প্রত্যাবর্তন করাইয়া সান্ত্বনা দিতে চাহিয়াছেন—মনের সমস্ত গ্লানি ভুলিতে চাহিয়াছেন। শিশু যেমন স্বভাব-নির্মল, তাহার গায়ের ধূলা-বালি যেমন তাহার মনে কোনো মালিন্য সঞ্চার করিতে পারে না, তাহার মনের সকল ক্ষোভ দুঃখ শিশু যেমন অনায়াসে অতি সত্বর ভুলিয়া সুস্থ হইয়া উঠিতে পারে, সে যেন হাঁসের মতন জলে থাকিয়াও গায়ে জলের লেশ লাগিতে দেয় না, কবিও তেমনি সমস্ত বিক্ষোভের দুঃখের মধ্যে থাকিয়াও দুঃখাতীত ক্ষোভাতীত নির্মুক্ত অনাবিল হইয়া যাইতে চাহেন। এইজন্য কবি আযৌবন বারংবার এই শিশুলীলার মধ্যে ফিরিয়া গিয়া শিশু হইয়া নির্মল আনন্দ অনুভব করিয়াছেন। এই ভাব হইতেই কবি সুরেন্দ্রনাথ মজুমদার তাঁহার মহিলা কাব্যে মাতাকে সম্বোধন করিয়া পুনরায় শিশু হইবার প্রার্থনা জানাইয়াছিলেন—

> "তুমি গড়েছিলে যাহা
> আর আমি নই তাহা,
> হে জননী করো পুন বালক আমায়।"

এই শিশু ভোলানাথ বইখানি রচনার ইতিহাস সম্বন্ধে স্বয়ং কবি বলিয়াছেন—

"আমেরিকার বস্তুগ্রাস থেকে বেরিয়ে এসেই শিশু ভোলানাথ লিখ্‌তে বসেছিলুম।····· প্রবীণের কেল্লার মধ্যে আট্‌কা প'ড়ে সেদিন আমি······আবিষ্কার করেছিলুম, অন্তরের মধ্যে যে শিশু আছে তারই খেলার ক্ষেত্র লোক-লোকান্তরে বিস্তৃত। এইজন্যে কল্পনায় সেই শিশুলীলার মধ্যে ডুব দিলুম, সেই শিশুলীলার তরঙ্গে সাঁতার কাট্‌লুম, মনটাকে স্নিগ্ধ করবার জন্যে, নির্মল করবার জন্যে, মুক্ত করবার্ জন্যে।"—পশ্চিম-যাত্রীর ডায়ারী।

ভোলানাথ সেই, যে কিছু সঞ্চয় করে না, যাহার কিছুতে মমতা নাই, যে সব-কিছু ধ্বংস করে, যে সব-কিছু ভুলিয়া যায়।

আমাদের দেশে বিশ্বেশ্বরকে বলা হইয়াছে—ভোলানাথ, ভোলা মহেশ্বর শিব ভোলানাথ, তাঁহার খেলনা চন্দ্র সূর্য জীবন মরণ কীর্তি। শিশুর খেলনার মতন তাঁহার নিত্য নূতন উদ্‌ভাবন ও নিত্য নূতন ধ্বংস।

সৃষ্টি যদি ধ্বংস হইতে ধ্বংসান্তরে না যায়, তবে তো বস্তুর মুক্তি হয় না, সৃষ্টির গতি থাকে না, নূতন সৃষ্টি সম্ভব হয় না। নূতন সৃষ্টি না হইলে খেলার ধারা রক্ষা হয় না। খেলনার শৃঙ্খল ভাঙিয়াই ভোলানাথের খেলা চলিয়াছে। বিশ্বেশ্বর ভোলানাথ, কারণ তিনি কিছুই চিরন্তন করিয়া রাখেন না।

সৃষ্টিকর্তা সৃষ্টি ভাঙিতে ভাঙিতে চলেন নূতন সৃষ্টি করিয়া ; তাই তাঁহার সৃষ্টি বন্ধন হয় না। কিন্তু বয়স্ক মানুষ নিজেদের সৃষ্টিকে সঞ্চয় করে, তাই তাহাদের বন্ধন করিয়া তুলে।

শিশু ভোলানাথ—ভোলানাথ শিবেরই চেলা। সে বাহিরে বিত্তহীন, কিন্তু অন্তরে সে অমিতবিত্ত ; চিত্ত তাহার বিত্তশালী, অন্তরে তাহার অনন্ত ঐশ্বর্য্য। তাই সে এক খেলার অভাব নূতন খেলা দিয়া পূরণ করিয়া লইতে পারে। শিশুর কোনো লক্ষ নাই, উদ্দেশ্য নাই বলিয়া সে পথেই আনন্দ পায় ; সে বলিতে পারে 'আমার পথ চলাতেই আনন্দ।' শিশু বর্তমানে আবদ্ধ ; তাহার অতীত নাই, ভবিষ্যৎ নাই। শিশুর নূতন সৃষ্টিতে আনন্দ ; কারণ তাহার সৃষ্টি করা ছাড়া আর কোনো সৃষ্টিছাড়া উদ্দেশ্য নাই। অন্য লোকে পথকে লক্ষ্যের উপলক্ষ্য মনে করিয়া দুঃখ পায়। পরমেশ্বর যেমন সৃষ্টির লীলায় শূন্য আকাশকে পূর্ণ করেন, শিশুও তেমনি পথকে মুক্তির আনন্দে পূর্ণ করে। অহেতুক লীলায় শিশু ভোলানাথের সঙ্গে ভোলা মহেশ্বরের যোগ আছে।

"সৃষ্টির মূলে এই লীলা—নিরন্তর এই রূপের প্রকাশ। সেই প্রকাশের অহেতুক আনন্দে যখন যোগ দিতে পারি, তখন সৃষ্টির মূল আনন্দে গিয়ে পৌঁছয়। সেই মূল আনন্দ আপনাতে আপনি পর্য্যাপ্ত, কারো কাছে তার জবাবদিহি নেই।"

"ছোট ছেলে ধূলোমাটি কাঠিকুটো নিয়ে সারাবেলা ব'সে ব'সে একটা কিছু গড়্‌ছে। বৈজ্ঞানিকের মোটা কৈফিয়ৎ হচ্ছে এই যে, গড়্‌বার শক্তি তার জীবন-যাত্রার সহায়, সেই শক্তির চালনা চাই। এ কৈফিয়ৎ স্বীকার ক'রে নিলুম ; তবুও কথাটার মূলের দিকে অনেকখানি বাকি থাকে। গোড়াকার কথা হচ্ছে এই যে, তার সৃষ্টিকর্তা মন বলে 'হোক'। সেই বাণীকে বহন ক'রে ধূলোমাটি কুটোকাঠি সকলেই ব'লে ওঠে—'এই দেখ হয়েছে'॥ এই হওয়ার অনেকখানিই আছে শিশুর কল্পনায়। সাম্‌নে যখন তার একটা ঢিবি, তখন কল্পনা চল্‌ছে—'এই তো আমার রূপকথার রাজপুত্রের কেল্লা!' তার ঐ ধূলার স্তূপের ইসারায় ভিতর দিয়ে শিশু সেই কেল্লার সত্তা মনে স্পষ্ট অনুভব করছে। এই অনুভূতিতেই তার আনন্দ। গড়্‌বার শক্তিকে প্রকাশ করছি ব'লে আনন্দ নয়, কেননা সে শক্তি এ ক্ষেত্রে বিশেষ প্রকাশ পাচ্ছে না ; একটি রূপ-বিশেষকে চিত্তে স্পষ্ট দেখ্‌তে পাচ্ছি ব'লে আনন্দ। সেই রূপটাকে শেষ লক্ষ্য ক'রে দেখাই হচ্ছে সৃষ্টিকে দেখা, তার আনন্দই সৃষ্টির মূল আনন্দ।"—পশ্চিমযাত্রীর ডায়ারী।

আমাদের শাস্ত্রেও বিশ্বেশ্বরের সৃষ্টিকে শিশুর খেলার সঙ্গে তুলনা করা হইয়াছে।

"বালকে যেমন খেলার ছলে ভাঙে-গড়ে, কোনো উদ্দেশ্য তাহার খেলার পিছনে থাকে না, সেইরূপ সেই বিশ্বকর্মাও এই বিশ্বটাকে লইয়া ভাঙিতেছেন ও গড়িতেছেন, নিজের কোনো প্রয়োজন বা উদ্দেশ্য লইয়া কিছু করিতেছেন না। কারণ, তিনি তো নিত্যপূর্ণ আপ্তকাম।"— বিষ্ণুপুরাণ ১।২।১৮।

ক্রীড়তো বালকস্যেব চেষ্টাস্ তস্য নিশাময়—গরুড়পুরাণ ১।৪।৫।

কবি তাঁহার পূরবী কাব্যেও বিশ্বনাথকে শিশুর সহিত তুলনা করিয়াছেন—

এ কি সেই নিত্য শিশু, কিছু নাহি চাহে,—
নিজের খেলেনা-চূর্ণ
ভাসাইছে অসম্পূর্ণ
খেলার প্রবাহে? —পূরবী, পদধ্বনি।

শুধু শিশু বোঝে মোরে, আমারে যে জানে ছুটি ব'লে,
ঘর ছেড়ে আসি তাই চ'লে।
নিষেধ বা অনুমতি মোর মাঝে না দেয় পাহারা,
আবশ্যকে নাহি রচে বিবিধের বস্তুময় কারা,
বিধাতার মতো শিশু লীলা দিয়ে শূন্য দেয় ভ'রে,
শিশু বোঝে মোরে। —পূরবী, পথ।

রবীন্দ্রনাথ শিশুকে ভালোবাসিয়াছেন। সেই ভালোবাসার ফল হইতেছে শান্তিনিকেতনে ব্রহ্মচর্যাশ্রম প্রতিষ্ঠা এবং তাহাদের সঙ্গে খেলা করিবার জন্য নানা নাটক গান প্রভৃতি রচনা। রবীন্দ্রনাথ শিশুকে তাঁহার অতি নিকট প্রিয়তম আত্মীয়-স্বজনের দৃষ্টিতে দেখিয়াছেন—যেমন করিয়া দেখিয়াছিলেন ভিক্তর হ্যুগো। কবি শিশুকে শিশুর নিজের দৃষ্টিতে দেখিয়াছেন, কবি যেন স্বয়ং শিশু হইয়া গিয়াছেন; আবার ওয়ার্ডসওয়ার্থ ও টেনিসনের ন্যায় দার্শনিক কবির দৃষ্টিতেও দেখিয়াছেন। রবীন্দ্রনাথ শিশুর ও শৈশবের অনুরাগী কবি।

শিশু ভোলানাথ বই শিশু বইখানিরই জের বা তাহার পরিপূরক। শিশুর মন বুঝিতে হইলে ও তাহার মন পাইতে হইলে, শিশু না হইলে চলে না। কবির অন্তরে যে চির-শিশু রহিয়াছে তাহারই প্রাণের কথা কৌতুকে রঙ্গে রসে মাধুর্যে অপূর্ব সুন্দর ভাবে ফুটিয়া উঠিয়াছে এই দুইখানি পুস্তকের বাণীতে

যে বিচিত্র হৃদয়বৃত্তি শিশুর মধ্যে আছে অস্ফুট ভাবে, তাহাকেই কবি বিশ্লেষণ করিয়া প্রকাশ করিয়াছেন এই দুই বইয়ের ভিতরে। শিশুর মনস্তত্ত্ব সুখ দুঃখ এমন প্রাণ দিয়া অনুভব ও প্রকাশ করিতে পৃথিবীর আর কোনো কবি পারেন নাই।

মুক্তধারা

এই নাটকখানি ১৩২৯ সালের বৈশাখ মাসের প্রবাসীতে প্রকাশিত হয়। এবং পুস্তকাকারেও প্রকাশিত হয় ঐ মাসেই। বইখানি লেখার তারিখ হইতেছে ১৩২৮ সালের পৌষ-সংক্রান্তি। লেখা হইয়াছিল শান্তিনিকেতনে।

এই বইখানির বিস্তৃত সমালোচনা বাহির হইয়াছিল ১৩২৯ সালের আষাঢ় মাসের প্রবাসীতে, সমালোচনা লিখিয়াছিলেন প্রশান্তচন্দ্র মহলানবীশ।

উত্তরকূটের মহারাজা যন্ত্ররাজ-বিভূতিকে দিয়া শিবতরাই রাজ্যের মুক্তধারা যন্ত্র দ্বারা রুদ্ধ করিয়াছেন। শিবতরাইয়ের প্রজাদের অন্নচলাচলের পথ বন্ধ করিয়া তাহাদিগকে বশ মানাইবার এই কৌশল। যুবরাজ অভিজিৎ ঠিক রাজার পুত্র নন। রাজা মুক্তধারার ঝরণাতলায় তাঁহাকে কুড়াইয়া পুত্রবৎ পালন করিয়াছেন। তাঁহার শরীরে রাজচক্রবর্তীর লক্ষণ আছে জ্যোতিষীরা বলিয়াছে। যুবরাজ অভিজিৎকে রাজা শিবতরাই শাসন করিবার ভার দিয়া পাঠাইলেন। অভিজিৎ সেখানে গিয়াই প্রজাদের সমস্ত অসুবিধা মোচন করিবার প্রযত্নে নিজেকে নিযুক্ত করিলেন। তিনি নন্দীসঙ্কটের গড় ভাঙিয়া দিলেন। উত্তরকূটের স্বার্থে আঘাত লাগিল, উত্তরকূটের অধিবাসীরা বিরক্ত হইয়া উঠিল। কাজেই অভিজিৎকে শিবতরাই ছাড়িয়া চলিয়া আসিতে হইল। কিন্তু যুবরাজ অভিজিৎ গৌরীশিখরের দিকে চাহিয়া প্রায়ই ভাবিতেন—'যে-সব পথ এখনো কাটা হয়নি, ঐ দুর্গম পাহাড়ের উপর দিয়ে সেই ভাবী কালের পথ দেখ্‌তে পাচ্ছি—দূরকে নিকট কর্‌বার পথ।' তিনি প্রায়ই বলেন—'আমি পৃথিবীতে এসেছি পথ কাট্‌বার জন্যে, এই খবর আমার কাছে এসে পৌঁছেছে।' কারণ, তিনি জানিয়াছিলেন যে কোন ঘরছাড়া মা তাঁহাকে পথের ধারে মুক্তধারার পাশে জন্ম দিয়া তাঁহাকে বিশ্ববাসী করিয়া দিয়াছেন, তিনি কোনো বিশেষ দেশের বা বিশেষ জাতির লোক নহেন।

অভিজিৎ দেখিলেন যে যন্ত্ররাজ-বিভূতি বাঁধ বাঁধিয়া মুক্তধারা বন্ধ করিয়াছেন, শিবতরাইয়ে দুর্ভিক্ষ দেখা দিয়াছে। ইহাতে উত্তরকূটের অধিবাসীদের আনন্দের উৎসব হইতেছে। কিন্তু এই বাঁধ বাঁধিবার জন্য কত মজুরকে জোর করিয়া ধরিয়া কাজে লাগানো হইয়াছিল। তাহাদের অনেকে

ফিরে নাই। এই উৎসবের মধ্যে সেই-সব সন্তানহারা মায়ের কান্না শোনা যাইতেছে। অম্বা কাঁদিয়া বেড়াইতেছে—সুমন, আমার সুমন……। পাগলা বটুক সকলকে সাবধান করিয়া হাঁকিতেছে—সাবধান বাবা, সাবধান, যেও না ও পথে……বলি দেবে, নরবলি……।

অভিজিৎ মনে করিতে লাগিলেন—রাজ্যলোভে স্বার্থলোলুপতায় মানুষ মানুষকে দলন করিয়া দানব হইয়া উঠে; 'হঠাৎ যেন চমক ভেঙ্গে বুঝ্‌তে পারলুম উত্তরকূটের সিংহাসনই আমার জীবনস্রোতের বাঁধ।' তিনি পথে বাহির হইয়া পড়িলেন সেই-সব বাধা দূর করিয়া দিবার জন্য।

যুবরাজ রাজাজ্ঞায় বন্দী হইলেন। বন্দীশালায় আগুন লাগিল। খুড়া-মহারাজ যুবরাজকে উদ্ধার করিয়া নিজের রাজ্যে মোহনগড়ে লইয়া যাইতে চাহিলেন। কিন্তু যুবরাজ সেই স্নেহের বন্ধনও অস্বীকার করিলেন।

যুবরাজ কারাগারে নাই শুনিয়া উত্তরকূটবাসীরা উন্মত্ত হইয়া তাঁহাকে খুঁজিতে বাহির হইয়াছে। হঠাৎ অমাবস্যা রাত্রির অন্ধকারে তাহারা শুনিল দূরে মুক্তধারার বাঁধ ভাঙার শব্দ। রুদ্ধ জলোচ্ছ্বাস গর্জন করিয়া ছুটিয়াছে।

কুমার সঞ্জয় আসিয়া সংবাদ দিলেন যে যুবরাজ অভিজিৎ মুক্তধারাকে মুক্ত করিয়া দিয়াছেন। কিন্তু যন্ত্ররাজ-বিভূতির যন্ত্রকে তিনি আঘাত করিয়া ভগ্ন করিয়াছেন বলিয়া যন্ত্রও তাঁহাকে প্রত্যাঘাত করিয়াছে। যুবরাজ স্রোতে পড়িয়া গিয়াছেন এবং মুক্তধারা যুবরাজের আহত দেহকে কোলে তুলিয়া দূরে দূরান্তরে কোথায় লইয়া গিয়াছে।

এই অভিজিৎ হইতেছেন সকল স্বার্থমুক্ত সঙ্কীর্ণতামুক্ত মানবাত্মার প্রতিনিধি—যে মানবাত্মা সকল বাধা অতিক্রম করিয়া দূরের আহ্বানে চলিতে চায়। যেখানে স্বকৃত বা পরকৃত বন্ধন, তাহাকে আঘাত করিয়া মুক্ত করাই হইতেছে তাহার জীবনের সাধনা ও সার্থকতা। লোভের দ্বারা কল্যাণ যখন বন্ধন লাভ করে, তখনই পাপ প্রবল হইয়া উঠে; এবং সেই পাপক্ষালন করিতে মহাপ্রাণকে বলি দিতে হয়। যেখানে পাপ সেখানে অশান্তি; সেখানে অবিশ্বাস, সেখানে উৎপীড়ন। একের পাপে অপরে পীড়া ভোগ করে; রাজার স্বার্থের জন্য অম্বার ছেলে সুমন মরে; বটুক দুটি নাতি হারাইয়া পাগল হইয়া পথে পথে রুদ্রকে জাগাইয়া ফিরে এবং পিতার লোভের শাস্তি গ্রহণ করেন পুত্র অভিজিৎ। যিনি সকল-কিছুকে জয় করিয়া মুক্ত তিনিই অভিজিৎ। জগতে তো এইরূপই যুগে যুগে হইয়াছে—জগতের দুঃখ পাপ একজন মহাপ্রাণকে

ব্যাকুল করিয়া তোলে—ইহারই জন্য বুদ্ধদেব রাজপুত্র হইয়া সন্ন্যাসী, যীশুখৃষ্ট ক্রুশে বিদ্ধ হইয়া প্রাণ হারাইলেন, মহম্মদ মরুভূমিতে পলাতক হইলেন। যে রুদ্রের আহ্বান শুনিয়াছে, সে হইয়াছে অভি—ভৈরব তাহাকে পথ দেখাইয়া আত্মদানের দিকে লইয়া চলেন।

মুক্তধারার মধ্যে রবীন্দ্রনাথের আবাল্যের বাণী নিহিত আছে—সকল বাধা ও গণ্ডী ভাঙিয়া মুক্তধারায় নিজেকে ভাসাইয়া দিতে হইবে, তবেই মনুষ্যত্বের সম্মান সংরক্ষিত হইবে।

এই নাটকের খুড়ামহারাজের মধ্যে বৌঠাকুরাণীর হাট উপন্যাসের অথবা 'প্রায়শ্চিত্ত' বা 'পরিত্রাণ' নাটকের রাজা বসন্ত রায়ের একটু আদল দেখিতে পাওয়া যায়। ইহারও মধ্যে সেই ধনঞ্জয় বৈরাগী আছেন—যিনি সত্য কথা স্পষ্ট করিয়া বলিতে রাজাকেও ভয় করেন না, এবং অম্লান বদনে সমস্ত শাস্তি অন্যায় হইলেও অপ্রতিবাদে বহন করেন। ইনি ন্যায় ও সত্যের এবং সহ্য ও ক্ষমার আধার।

এই নাটকে এই রকম মানব-জীবনের শ্রেষ্ঠ তত্ত্ব ছাড়া কবিত্ব আছে প্রচুর—অভিজিতের কথায়, ধনঞ্জয়ের গানে, ভৈরবপন্থীদের গানে। এই নাটকে পরাধীন জাতির উপর বিজেতাদের যে নির্দয় ব্যবহারের চিত্র দেওয়া হইয়াছে, এবং তাহা সত্ত্বেও যখন স্কুলের গুরুমহাশয়েরা ছাত্রদের বিজেতার জয়গান মুখস্থ করাইতেছে দেখি, তখন সমস্ত বিজিত জাতির দুর্গতির লজ্জা ও মনস্তাপ যেন ভাষা পাইয়াছে মনে হয়। এবং এই-সমস্তের প্রতিবাদ হইতেছেন যুবরাজ অভিজিৎ। অভিজিৎ যেন একটি মানুষ নহেন, তিনি যেন মূর্তিমান্ মহামনের মনস্তত্ত্ব।

দ্রষ্টব্য—মুক্তধারা—অবনীনাথ রায়, বিচিত্রা ১৩৪১ জ্যৈষ্ঠ।

প্রবাহিণী

প্রবাহিণী পুস্তকে প্রায় সমস্তই গান। নানা সময়ের খণ্ড রচনা একত্র করিয়া বই প্রকাশিত হয় ১৩৩২ সালে। রবীন্দ্রনাথ গানের রাজা, এ পর্যন্ত বোধ হয় তিনি আড়াই হাজার গান রচনা করিয়াছেন। সেই-সমস্ত গানের পরিচয় দেওয়া দুরূহ কর্ম। অতএব এই বইয়ের মাধুর্যের সন্ধানের ভার পাঠকদের উপর দিয়াই আমি নিরস্ত হইতে বাধ্য হইলাম। প্রবাহিণী বিচিত্র রসের ও ভাবের লিরিক ও গানের প্রবাহিণী।

চিরন্তন

এই গানটি "চির-আমি" শিরোনামে ১৩২৪ সালের বৈশাখ মাসের প্রবাসীতে প্রকাশিত হইয়াছিল।

অমর কবি বলিতেছেন যে যখন তিনি এই রবীন্দ্রনাথ নামক বিশেষ ব্যক্তি-রূপে এই জগতে বিদ্যমান থাকিবেন না, তখনও তিনি এখানে সকল শোভা মাধুর্য প্রেম ও লীলার মধ্যে বিদ্যমান থাকিবেন ভাব-রূপে; যখন বিশ্ববাসী তাঁহার নামও ভুলিয়া যাইবে, যখন তাঁহার তানপুরার উপর অবহেলার ও বিস্মৃতির ধূলা জমিবে, কেহ আর তাঁহার কাব্য আলোচনা করিবে না, ফুলের বাগান কাঁটায় ঘাসে আচ্ছন্ন হইয়া যাইবে, তখনও তিনি যাহা আজ দিয়া গেলেন তাহারই প্রভাব সকলের অজ্ঞাতসারে কাজ করিতে থাকিবে। তিনি বিশ্ববাসীকে যে ভাব-সম্পদ দিয়া যাইতেছেন, যে ভাষা ও ছন্দ দিতেছেন, যে প্রকাশ-ভঙ্গিমা শিখাইয়া যাইতেছেন, তাহা তো তাহাদের কাছে থাকিয়াই গেল। যদিও বা তাহারা স্বয়ং কবিকে ভুলে তথাপি তাঁহার দানের ফল তো তাহারা পুরুষানুক্রমে নিজেদের অজ্ঞাতসারেও ভোগ করিতে থাকিবে। অতএব কবি চিরকাল থাকিবেন, তিনি চিরন্তন, তিনি অমর।

পূরবী

১৯২২ বা ১৩২৮ সালে শিশু ভোলানাথ প্রকাশ করার পরে কবি ১৩৩০ সাল পর্যন্ত অনেক দিন কোনো কবিতা লিখেন নাই; কেবল গান বা নাটক লিখিতেছিলেন। আমরা মনে করিতেছিলাম কবির কবিত্বের উৎস বুঝি শুষ্ক হইয়া গিয়াছে, সেখান হইতে রসের অলকনন্দা-ধারা বুঝি আর বিশ্ববাসীকে বিমোহিত করিতে প্রবাহিত হইবে না।

১৩৩০ সালের মাঘ মাসের শেষের দিকে এক দিন কবির এক চিঠি পাইলাম—"চারু, খাতায় কতকগুলো কবিতা জমেছে। লুঠেরারা নজর দিতে আরম্ভ করেছে। লুঠ হ'য়ে যাবার আগে তুমি যদি একদিন আস তা হ'লে তোমাকে শোনাতে পারি।"

আমি উৎফুল্ল হইয়া কবি-সন্দর্শনে যাত্রা করিলাম। প্রাতঃকাল। কবির জোড়াসাঁকোর বাড়ীর তিন-তলায় কবি ছিলেন। আমার সেখানেই ডাক পড়িল। কবি একখানি খাতা হইতে কবিতা পড়িতে আরম্ভ করিলেন। যখন শুনিলাম—

'যৌবন-বেদনা-রসে উচ্ছল আমার দিনগুলি!'

'মাঘের বুকে সকৌতুকে কে আজি এলো তাহা
বুঝিতে পারো তুমি?'

'দুয়ার-বাহিরে যেমনি চাহি রে
মনে হলো যেন চিনি,—
কবে, নিরুপমা, ওগো প্রিয়তমা,
ছিলে লীলা-সঙ্গিনী!'

তখন আমার আনন্দ ও বিস্ময়ের অবধি রহিল না। আমি কবিকে বলিলাম—এই-সব কবিতা যেন আপনার যৌবনের কবিতার মতন হয়েছে। সেই সোনার তরী, চিত্রার যুগের কবিতার কথা মনে পড়্ছে।

ইহাতে কবি সন্তুষ্ট হইয়া হাসিয়া রঙ্গভরা স্বরে বলিলেন—তবে যে বড় তোমরা বলো যে আমি আর কবিতা লিখ্‌তে পারিনে।

ইহার পরে কবি আমাকে বলিলেন—নাও, বেছে নাও, এর মধ্যে তুমি কোন্‌টা নেবে? বেশি লোভ কর্‌লে চল্‌বে না, অনেক দাবী মেটাতে হবে আমাকে। তুমি একটা বেছে নাও—একটা।

আমি উপরের তিনটি কবিতাই পছন্দ করিলাম সব চেয়ে। তখন কবি আবার হাসিয়া বলিলেন—এহ বাহ্য, আগে কহ আর।

আমি তখন বলিলাম—ইহাদের মধ্যে বাছাই করিয়া লওয়া কঠিন। তবে প্রথম দুটির মধ্যে যেটি হয় আপনি দিন—ওদের মধ্যে তারতম্য করা আমার পক্ষে কঠিন।

তখন কবি বলিলেন—তুমি অত্যন্ত চালাক। তবে তুমি দুটোই নাও। অন্যের ভাগে না হয় কিছু কম পড়্‌বে।

আমি সেই কবিতা দুটি লইয়া আসিলাম। তখন প্রবাসীর ফাল্গুন মাসের সংখ্যা ছাপা হইয়া গিয়াছে, কাগজ বাহির হইবে। আমি ১৩৩০ সালের ফাল্গুন মাসের প্রবাসীর ক্রোড়পত্র করিয়া আলাদা ছাপিয়া প্রথম উল্লিখিত কবিতাটি প্রকাশ করিলাম। পরের মাসে চৈত্র সংখ্যা প্রবাসীতে 'মাঘের বুকে সকৌতুকে' কবিতাটি প্রকাশ করিয়াছিলাম।

ইহার পরে কবি চীন জাপান দক্ষিণ-আমেরিকা ইউরোপ প্রভৃতি নানা স্থানে ভ্রমণ করিতে যান। কবিতাগুলি কোনো পুস্তকাকারে প্রকাশিত হয় নাই বলিয়াই তাহাদের টানে অনেক অন্য কবিতাও লেখা হইতে লাগিল। পরিশেষে দেশে ফিরিয়া ১৩৩২ সালের শ্রাবণ মাসে পুস্তক প্রকাশ করিলেন।

কবি মনে করিয়াছিলেন বঙ্গভারতীকে এই তাঁহার শেষ অর্ঘ্য নিবেদন—তাঁহার জীবনের বিদায়ের পূর্বক্ষণে পূরবীর তান। ইহার মধ্যে অনেকগুলি কবিতাতে এই বিদায়-রাগিণী বাজিয়াছে—পূরবী, যাত্রা, পদধ্বনি, শেষ, অবসান, মৃত্যুর আহ্বান, সমাপন, শেষ বসন্ত, বৈতরণী, কঙ্কাল, ইত্যাদি। এই বইয়ের একটি বিভাগের নাম পূরবী, অন্য একটির নাম পথিক।

কিন্তু কবি জীবনসন্ধ্যায় সারা জীবনের লাভ-লোক্‌সান স্মরণ করিয়া দেখিয়াছেন। সেই স্মৃতির স্রোতে ভাসিয়া উঠিয়াছে কবির কৈশোর এবং যৌবন। পঁচিশে বৈশাখ, তপোভঙ্গ, আগমনী, লীলাসঙ্গিনী, কৃতজ্ঞ, ভাবী কাল, কিশোর প্রেম, প্রভাতী, তৃতীয়া, বিরহিণী, বদল প্রভৃতি কবিতার মধ্যে কবির কৈশোর, যৌবন ও বার্ধক্যের আনন্দ ফুটিয়াছে।

কবি রবীন্দ্রনাথ চিরযুবা। তিনি পূরবীর করুণ সুর ধরিবার চেষ্টা করিলে কি হইবে, তাঁর মন তো আনন্দ-নিকেতন—সেই পূরবীর সুরের সঙ্গে বিভাসের মিশ্রণ ঘটিয়া গিয়াছে। কবি ফাল্গুনী নাটকে বলিয়াছিলেন—

"মোদের পাক্‌বে না চুল গো!" তাহার আগে ক্ষণিকাতে যদিও তিনি বলিয়াছিলেন—

পাড়ার যত ছেলে এবং বুড়ো
সবার আমি একবয়সী যে!—

তথাপি তাঁহার মনের বয়সটা একটু বেশি যৌবন-ঘেঁষা। তাই যৌবনের বিজয়-ঘোষণা কবির বৃদ্ধবয়সের রচনাতেও আমরা দেখিতে পাই—বলাকা কাব্যে তিনি যৌবন ও নবীনকে অভিনন্দিত করিয়াছেন। কিন্তু এই পূরবীতে কবি যেন যৌবনের সীমা পার হইয়া আসিয়া পিছন ফিরিয়া তাকাইয়া গত যৌবনের স্তুতিবাদ করিতেছেন। তাই ইহার কবিতায় যৌবনোল্লাসের মধ্যে একটু করুণ সুর মিশিয়া রহিয়াছে। কবি জীবন-সায়াহ্নে পূরবীর সুর ধরিয়া যখন বলিলেন—

বাজে পূরবীর ছন্দে রবির
শেষ রাগিণীর বীণ।—লীলা-সঙ্গিনী।

এবং তিনি ক্রমে বৈতরণী-তীরে আসিয়া উপনীত হইলেন, তখন সেই বৈতরণী-নদীর তরঙ্গ-ভঙ্গের চাঞ্চল্য নিজের চিত্তে অনুভব করিয়া কবি তাঁহার জীবন-দেবতাকে বলিয়াছেন—

সন্ধ্যাবেলায় এ কোন্ খেলায় কর্‌লে নিমন্ত্রণ,
ওগো খেলার সাথী?
হঠাৎ কেন চম্‌কে তোলে শূন্য এ প্রাঙ্গণ
রঙীন শিখার বাতি? —খেলা।

কবি তখন মনে প্রাণে অনুভব করিতে লাগিলেন—

যৌবন-বেদনা-রসে উচ্ছল আমার দিনগুলি। —তপোভঙ্গ—

কবি চিরকালই অনাসক্ত অনন্তপথযাত্রী পথিক। তিনি আকৈশোর যে-সব রচনা করিয়াছেন তাহাতে কেবল এই কথাই বলিয়াছেন যে সীমা অতিক্রম করিয়া অসীমের দিকে অগ্রসর হইয়া চলিতে হইবে। এই জীবন-সায়াহ্নে যখন কবি জীবন-সীমার একেবারে প্রান্তে আসিয়া পৌঁছিয়াছেন মনে করিতেছে, তখন তাঁহার মনে সমস্ত ছাড়িয়া অনন্তের মধ্যে ঝাঁপ দিয়া পড়িবার প্রতীক্ষাই প্রবল হইয়া উঠিয়াছে,—তখন কবি অনুভব করিতেছেন—

পারের ঘাটা পাঠালো তরী ছায়ার পাল তুলে
আজি আমার প্রাণের উপকূলে। —অবসান।

তাঁহার সৃষ্টিকর্তা তাঁহাকে—

ডাকিছেন সর্বহারা মিলনের প্রলয়-তিমিরে। —সৃষ্টিকর্তা।

সর্বহারার উপকূলে আসিয়া কবির মন বৈরাগ্যের গেরুয়া রঙে রঙীন হইয়া উঠিয়াছে। কিন্তু আমাদের কবি তো আগেই জোর করিয়া বলিয়া আসিয়াছেন—

বৈরাগ্য-সাধনে মুক্তি সে আমার নয়। --মুক্তি।

কবি এক দিকে অনাসক্ত সন্ন্যাসী, আবার অন্য দিকে সর্বানুভূতির আনন্দ-পিয়াসী—তাই তিনি তাঁহার জীবনদেবতার কাছে প্রার্থনা করিয়াছেন যে—

যুক্ত করো হে সবার সঙ্গে, মুক্ত করো হে বন্ধ।

একদিকে তিনি সকল সীমা লঙ্ঘন করিয়া, সকল গণ্ডী অতিক্রম করিয়া চলিয়াছেন; আবার অন্যদিকে জীবনের সকল অনুভবের আনন্দ সম্ভোগ করিতেও তাঁহার কম আগ্রহ নহে—রবীন্দ্রনাথের কবিচিত্ত জীবনের বিচিত্র রস ও আনন্দের আস্বাদনে সর্বদাই উন্মুখ। কবির কাছে এই জীবনও মিথ্যা নহে, আবার এই জীবনই সর্বস্ব নহে। তিনি মানুষের মধ্যে বাঁচিয়া থাকিয়া প্রেম সম্ভোগ করিতে চাহেন; বিশ্বপ্রকৃতির শোভার মধ্যে ডুবিয়া তাহার সৌন্দর্য উপলব্ধি করিতে চাহেন। পরিপূর্ণ প্রেম ও সৌন্দর্যানুভূতি রবীন্দ্রনাথের কবিজীবনের এক অপূর্ব সম্পদ। তাই কবি জীবনের প্রান্তে উপনীত হইয়া আবার নিজের জীবনের মধ্যে ফিরিয়া আসিতে চাহিলেন। স্থান ও কালের বাধা অতিক্রম করিয়া, কবিচিত্ত নিজের কৈশোর-স্মৃতির মধ্যে প্রত্যাবর্তন করিয়াছে। অতীতের সৌন্দর্যে ও রসে ভরা দিনগুলিকে ফিরিয়া পাইবার ইচ্ছা যখনই মনের মধ্যে জাগিয়াছে, তখনই তাহার সঙ্গে সঙ্গে বিদায়ের সম্ভাবনাও কবিকে উন্মনা করিয়াছে। সেইজন্য পূরবীর কবিতাগুলির মধ্যে শরতের মেঘ ও রৌদ্রের খেলার মতন হাসি ও অশ্রু একসঙ্গে মিশিয়া গিয়াছে।

তাই কবি বলিয়াছেন—

এই ভালো আজ এ সঙ্গমে কান্না-হাসির গঙ্গা যমুনায়
ঢেউ খেয়েছি, ডুব দিয়েছি, ঘট ভরেছি, নিয়েছি বিদায়!

—পূরবী।

অশ্রু-হাসির যুগল ধারা
ছুটে আমার ডাইনে বামে।
অচল গানের সাগর-মাঝে
চপল গানের যাত্রা থামে।
—পূরবী প্রবাহিণী।

যে জীবনদেবতা কবির আশৈশবের দোসর হইয়া তাঁহার সঙ্গে সঙ্গে নানা অভিজ্ঞতার ভিতর দিয়া কবিকে এই বৃদ্ধ বয়সে আনিয়া উপনীত করিয়াছেন, তিনি কবিকে তাঁহার শৈশবের দিকে ফিরিয়া তাকাইতে ডাক দিলেন—

'দোসর আমার, দোসর ওগো, কোথা থেকে
কোন্ শিশুকাল হতে আমায় গেলে ডেকে।' দোসর

কবির সেই "লীলাসঙ্গিনী" আজ তাঁহার দ্বারে "শেষ পূজারিণী"-রূপে আবির্ভূতা হইয়া কবির মনোহরণ করিতেছেন—কবিকে আবার যৌবনে ফিরাইয়া লইয়া আসিয়াছেন। "মাঘের বুকে সকৌতুকে কে আজি এল" —কবি বলিয়া উঠিলেন।

কবির এই দ্বিতীয় যৌবন প্রথম যৌবন অপেক্ষা মহত্তর ও মহিমময়; তাঁহার এই দ্বিজত্ব শরতের পরিণতি এবং বসন্তের প্রাচুর্য ও সৌন্দর্য দ্বারা মণ্ডিত। গ্যেটে যেমন শকুন্তলা নাটককে উদ্দেশ্য করিয়া বলিয়াছিলেন—

"কেহ যদি তরুণ বৎসরের ফুল ও পরিণত বৎসরের ফল, কেহ যদি মর্ত্য ও স্বর্গ একত্র দেখিতে চায়, তবে শকুন্তলায় তাহা পাইবে।"

তেমনি আমরাও কবির এই পূরবী কাব্যে বসন্ত-মুকুল, গ্রীষ্মের ফল, ও মানস-রসায়ন সৌন্দর্যসম্ভার একত্র দেখিতে পাই। পূরবীর মধ্যে চিরতরুণ চিত্তের তারুণ্য ও রসানুভূতি এবং ভাবুক বৃদ্ধ দার্শনিকের পরিণত বয়সের অভিজ্ঞতাসম্ভূত প্রজ্ঞা একত্র সম্মিলিত হইয়াছে; এই-সব কবিতার মধ্যে প্রজ্ঞা ভাব-চাঞ্চল্যকে নিয়মিত করিয়াছে। অনুভূতি ও প্রজ্ঞার মিলনে যে-সব কবিতার জন্ম হয়, সেই-সব কবিতাই কালের ভাণ্ডারে স্থায়ী হয়। কবি বার্ন্‌স্ কর্তৃক লিখিত Auld Lang Syne, Highland Mary প্রভৃতি কবিতাগুলি অনুভূতির দিক্ হইতে সুন্দর হইলেও, শেলী বা ব্রাউনিং প্রভৃতির কবিতার ন্যায় গভীর চিন্তাঘন নয় বলিয়া অক্ষয় নয়। অনুভূতি ও প্রজ্ঞার মিলনে যে-সব কবিতার জন্ম হয়, সেগুলিকে বুঝিতে হইলে অনুভূতি ও প্রজ্ঞা দিয়াই বুঝিতে হয়। এই সম্পদ্ খুব বেশী লোকের থাকে না।

কাজেই এইরকম কবিতার বই দুই-দশ-জন রসিক ভাবুক প্রাজ্ঞ ছাড়া সাধারণের প্রিয় হইয়া উঠিতে পারে না—সাধারণের কাছে এই রকম কবিতা কঠিন দুর্বোধ্য বলিয়া মনে হয়; তাহাতে রসের অল্পতা হইয়াছে বলিয়া সন্দেহ জন্মে। গভীর বিষয় বুঝিতে হইলে সময় ও সাধনার আবশ্যক করে।

কবি রবীন্দ্রনাথের বিশেষত্বকে অজিতকুমার চক্রবর্তী এক কথায় বলিয়াছেন—'সর্বানুভূতি'। কাজী আব্দুল ওদুদ বলিয়াছেন দুই কথায়—'অতি-তীক্ষ্ণ অনুভূতি আর সন্ধানপরতা। কবি স্বয়ং বলিয়াছেন—তাঁহার গানের মাত্র একটি পালা, সেটি হইতেছে—সীমার মধ্যে অসীমের, অংশের মধ্যে সম্পূর্ণের অনুসন্ধান ও অনুভব। ইহা ছাড়াও রবীন্দ্রনাথের কাব্যের আর একটি বিশেষত্ব আমি নির্দেশ করিতে চাই, তাহা তাঁহার মনের এক দুর্নিবার গতিবেগ—'হেথা নয়, হেথা নয়, অন্য কোনো খানে!' এই চলার বেগে কবি যেন মহোরগের ন্যায় জীবনের পর্যায়ে পর্যায়ে খোলস বদল করিয়া চলিয়াছেন; বিচিত্র ধরণের বা স্টাইলের কবিতা তিনি পরে পরে লিখিয়া আসিয়াছেন। একখানি বইয়ের বন্ধনে কতকগুলি কবিতা আবদ্ধ হইলেই, কবির নবনবোন্মেষশালিনী প্রতিভা সেই গণ্ডী উত্তীর্ণ হইয়া, সেই মাড়ানো পথ ছাড়িয়া আবার নূতন পথে নূতন রূপের সন্ধানে বহির্গত হইয়াছে। এই হিসাবে রবীন্দ্রনাথের সমগ্র কবিজীবন বিশ্বমানবের কাছে সংস্কার-মুক্তির এক অমূল্য উপহার। এইজন্য তিনি নৈবেদ্য হইতে প্রবাহিণী পর্যন্ত প্রবাহিত অধ্যাত্ম-সাধনার মধ্যেও গণ্ডীবদ্ধ হইয়া থাকিতে পারেন নাই। সেই একের আরাধনার একতারা বাজাইতে বাজাইতে কবিচিত্ত থাকিয়া থাকিয়া বিচিত্রতার সন্ধানে ছুটিয়া বাহির হইয়াছে; সে একতারা ফেলিয়া নানান্-তারা বীণাযন্ত্র তুলিয়া লইয়াছে। কারণ, কবি অনুভব করিয়াছেন—যিনি এক, তিনিই আবার রূপং রূপং প্রতিরূপং বভূব—অরূপ, তিনিই বহুরূপ ও অপরূপ।

কবির এই যে চলা তাহা সব কিছুকে ডিঙাইয়া উড়িয়া চলা নহে,—ইহা পা দিয়া পথ মাড়াইয়া মাড়াইয়া মাটিকে স্পর্শ করিয়া অনুভব করিয়া চলা—কিন্তু ছুটিয়া চলা। 'যেমন চলার অঙ্গ পা তোলা পা ফেলা', তেমনি কবি তাঁহার জীবনপথের প্রত্যেক বস্তুকে একবার অবলম্বন করিয়া পরক্ষণেই তাহাকে পরিত্যাগ করিয়া অগ্রসর হইয়া চলিয়াছেন। কবির এ চলা যেন রস-সমুদ্রে সর্বাঙ্গ ডুবাইয়া সাঁতার কাটিয়া চলা। যাহার কিছু নাই সে ত্যাগ করিবে কি?—"শূন্য ঘড়া উপুড় করাকে তো ত্যাগ বলে না। ঝরণার স্বরূপটাই

হচ্ছে নিয়ত ত্যাগ, সেটা সম্ভব হয়েছে নিয়ত গ্রহণে।” তাই কবি বলিয়াছেন—

আমি যে সব নিতে চাই রে,
আপনাকে তাই মেল্‌ব যে বাইরে।

এই পুস্তকের কবিতাগুলি যেমন পূরবী ও বিভাস রাগিণীর মিশ্রণে এবং গভীর ভাব ও লীলার মিশ্রণে অপূর্ব সুন্দর হইয়াছে, তেমনি ইহার কবিতার ভাবানুযায়ী নব নব ছন্দ এবং কুশলী কবির শব্দযোজনার নিপুণতায় ইহা অপূর্ব সৃষ্টি হইয়াছে।

দ্রষ্টব্য—পূরবী সমালোচনা—নীহাররঞ্জন রায়, প্রবাসী, ১৩৩২ চৈত্র, ৭৯৭ পৃষ্ঠা। রবীন্দ্রনাথের কবিতায় নূতন সাড়া—ভবানীচরণ ভট্টাচার্য্য, ভারতী, ১৩৩৩ জ্যৈষ্ঠ, ১৩৫ পৃষ্ঠা। পূরবীর দুইটি কবিতা—অমৃতলাল গুপ্ত, দীপিকা, ১৩৩৩ বৈশাখ-জ্যৈষ্ঠ, ৩ পৃষ্ঠা। রবীন্দ্র-প্রতিভার উৎস—নীহাররঞ্জন রায়, ভারতবর্ষ, ১৩৩৬ কার্ত্তিক।

তপোভঙ্গ

এই কবিতাটি চিরযুবা কবির সদানন্দ প্রাণশক্তির উচ্ছল প্রকাশ। মহাকাল সন্ন্যাসী, সর্বরিক্ত ভোলানাথ। কিন্তু সেই কালের অধীশ্বর তো সকল কালের সংবাদ জানেন, তিনি কি কবির যৌবন-কালের খবরটি ভুলিয়া বসিয়া আছেন? বসন্তের অবসানে কিংশুক-মঞ্জরী ঝরিয়া গিয়াছে, তাহারই সঙ্গে ‘শূন্যের অকূলে তা’রা অযত্নে গেল কি সব ভাসি?’ হাওয়ার খেলায় মেঘের মতন সেই যৌবন-স্মৃতি কি—‘গেল বিস্মৃতির ঘাটে?’ কিন্তু ভোলানাথ কি ভুলিয়াছেন যে একদিন কবির সেই যৌবন-দিনগুলি তাঁহার রুদ্র-রূপকে কী শোভায় সৌন্দর্যে সাজাইয়া তাঁহার ভিক্ষাপাত্র ভরিয়া দিয়াছিল? সেদিন তো সন্ন্যাসীর সব তপস্যা ভুলাইয়া দিয়া কবি তাঁহাকে আনন্দময় করিয়া তুলিয়াছিলেন, এবং সেই ক্ষেপার আনন্দ-নৃত্যের তালে তালে কবি কত ছন্দ কত সঙ্গীত রচনা করিয়াছেন—সর্বহারাকে তিনি নিত্য-নূতনের লীলায় মগ্ন করিয়া মত্ত করিয়া তুলিয়াছিলেন। সেদিনকার আনন্দ-রসের পানপাত্র কি মহাকালের তাণ্ডবে আজ চূর্ণবিচূর্ণ হইয়া গেছে?

কবি অনুভব করিতেছেন যে, সেই সুধাপাত্র নিঃস্ব হইয়া রিক্ত হইয়া যায় নাই, তাহা সন্ন্যাসীর জটার অন্তরালে গোপন করা আছে মাত্র। কালের

রাখাল মহাকাল তাঁহার শিঙা বাজাইয়া সমস্ত আনন্দকে তাঁহার মধ্যে সংহরণ করিয়া রাখিয়াছেন, আবার অবকাশ পাইলে তাহাদিগকে ছাড়িয়া দিবেন বলিয়াই।

বিদ্রোহী নবীন বীর, স্থবিরের শাসন-নাশন,
বারে বারে দেখা দিবে ; আমি রচি তারি সিংহাসন,
তারি সম্ভাষণ।

কবি তো সন্ন্যাসীর তপস্যাকে অধিক দিন সহ্য করিতে পারেন না, তাঁহার কাজই যে রিক্তকে সৌন্দর্যে ভূষিত করিয়া তোলা, বিনাশের মধ্যে সৃষ্টির আবাহন করা দুঃখিতকে সুখে আনন্দে বিহ্বল করিয়া তোলা। তাই কবি বলিতেছেন—

তপোভঙ্গ-দূত আমি মহেন্দ্রের, হে রুদ্র সন্ন্যাসী,
স্বর্গের চক্রান্ত আমি। আমি কবি যুগে যুগে আসি
তব তপোবনে।
দুর্জয়ের জয়মালা
পূর্ণ করে মোর ডালা,
উদ্দামের উতরোল বাজে মোর ছন্দের ক্রন্দনে।
ব্যথার প্রলাপে মোর গোলাপে গোলাপে জাগে বাণী,
কিশলয়ে কিশলয়ে কৌতূহল-কোলাহল আনি'
মোর গান গানি'।

কবি মহাকালকে তাঁহার বার্ধক্যের আর সন্ন্যাসের ছদ্মবেশ ছাড়াইয়া নব-বরবেশে সাজাইয়া দিতেছেন, কবির ইন্দ্রজালে রুদ্রের

অস্থি-মালা গেছে খুলে
মাধবী-বল্লরী-মূলে ;
ভালে মাখা পুষ্পরেণু, চিতাভস্ম কোথা গেছে মুছি'।

কবি সন্ন্যাসীর সব চালাকি ধরিয়া ফেলিয়াছেন—তিনি যে এতদিন সন্ন্যাসের ভান করিয়াছিলেন, সে কেবল প্রিয়ার মনে বিরহ জাগাইয়া মিলনকে নিবিড় ও মধুর করিয়া তুলিবার জন্য। সেই মিলন তো কবি ঘটাইয়া দিলেন—সন্ন্যাসীকে সুন্দর সাজাইয়া। তাহাতে সুখী হইয়া—

কৌতুকে হাসেন উমা কটাক্ষে লক্ষিয়া কবি পানে ;
সে হাস্যে মন্দ্রিল বাঁশী সুন্দরের জয়ধ্বনি-গানে
কবির পরাণে।

বৃদ্ধ কবি এইরূপে নিত্য-নূতনের চিরযৌবনের অধিকার মহাকালের দরবারে কায়েমী করিয়া লইলেন—তাহাতে দেবী উমার সমর্থন আছে, মহাকালেরও যে বিশেষ কোনো আপত্তি আছে তেমন ভাব তো তিনি দেখান নাই।

দ্রষ্টব্য—Western Influence on Bengali Literature—Priyaranjan Sen, P 362.

ভাঙা মন্দির

মন্দির পরিত্যক্ত ও জীর্ণ ভগ্ন হইয়া পড়িয়া আছে। সেখানে আর পূজারী তীর্থযাত্রী কেহ আসে না। নাই বা আসিল মানুষ—বিশ্বেশ্বরের বন্দন ও পূজা এখনো করিতেছে বিশ্বপ্রকৃতি—বনফুল ফুটিয়া দেবতার অর্ঘ্য রচনা করিতেছে, বাতাসের নিঃস্বনে তাঁহার বন্দনা সমীরিত হইতেছে, পাখীরা ভজন গাহিতেছে। দেব-বিগ্রহ চূর্ণ হইয়াছে বলিয়াই তো সীমার বাঁধন কাটাইয়া ভুবনসুন্দর এই মন্দিরে আবির্ভূত হইয়াছেন।

আগমনী

মাঘ মাস। দারুণ শীত। সব শুষ্ক, পুষ্প ঝরিয়া গিয়াছে। সেই শীতের জড়তার মাঝে অকস্মাৎ কোথা হইতে বসন্তের পাগল হাওয়া বহিয়া গেল, আর অমনি গাছে গাছে নবীন কিশলয় উদ্‌গত হইল, ফুল মঞ্জরিত হইয়া উঠিল, দোয়েল শামা কোকিল কপোত মুহুর্মুহু ডাকিয়া নবীনতার আনন্দের আগমন-বার্তা ঘোষণা করিতে লাগিল। কবি ইহা দেখিয়া নিজের জরাজীর্ণ বার্ধক্য ভুলিয়া যৌবনের আনন্দে উল্লাস অনুভব করিতেছেন। তাঁহার হৃৎকমলে সেই শোভা সুষমা ও মধুসঞ্চয়। কত অব্যক্ত ভাবমঞ্জরী তাঁহার চিত্তকাননে ফুটিয়া ফুটিয়া সৌরভে শোভায় ভরিয়া উঠিয়াছে—কবি অনুভব করিতেছেন—

বনের তলে নবীন এলো, মনের তলে তোর!

আজ যখন বিদায়বেলায় পূরবী-রাগিণীর গেরুয়া সুর গাহিতে গাহিতে রবি পশ্চিম-গগনে হেলিয়া পড়িয়াছেন, তখন এই নব-বসন্তের শুভাগমনে তাঁহার চিত্তাকাশ বিচিত্র-বর্ণ-সুষমায় রঙীন হইয়া উঠিয়াছে। এবং—

বিদায় নিয়ে যাবার আগে
পড়ুক টান ভিতর বাগে,
বাহিরে পাস ছুটি।
প্রেমের ডোরে বাঁধুক তোরে, বাঁধন যাক টুটি'।

লীলাসঙ্গিনী

যে বিশ্ব-রূপ, যে ভুবন-সুন্দর, যে অখিলরসামৃতমূর্তি কবিকে আবাল্য কাজ ভুলাইয়া বিশ্বশোভায় মাতাইয়া তুলিয়া খেলা করিয়াছেন, যে জীবনদেবতা কবিকে বিচিত্র অভিজ্ঞতার ভিতর দিয়া এতদূর দীর্ঘজীবনের প্রান্তে লইয়া আসিয়াছেন, তিনিই আজ অকস্মাৎ কবিকে বৃদ্ধবয়সে নানা সৌন্দর্যসম্ভারের ভিতর দিয়া স্পর্শ করিয়া 'কাজের কক্ষ-কোণে' আসিয়া খেলায় যোগ দিতে ডাকিতেছেন। সেই নিরুপমা প্রিয়তমা লীলাসঙ্গিনী তাঁহার খেলার সহচর কবিকে ছাড়িয়া তো বিশ্বলীলা জমাইতে পারিতেছেন না। কাজ করিবার যোগ্য কেজো লোক তো জগতে ঢের আছে, কিন্তু সুন্দরের সহিত খেলা করিবার লোক তো কবি ছাড়া আর কেহ নাই। তাই কবি সেই 'চিনি চিনি করি চিনিতে না পারি' গোছের লীলাসঙ্গিনীকে জিজ্ঞাসা করিতেছেন—

নিয়ে যাবে মোরে নীলাম্বরের তলে
ঘর-ছাড়া যত দিশা-হারাদের দলে,
অযাত্রা-পথে যাত্রী যাহারা চলে
নিষ্ফল আয়োজনে।
কাজ ভোলাবারে ফেরো বারে বারে
কাজের কক্ষ-কোণে!

কবিকে আবার মানস-প্রতিমাগুলিকে কল্পনা-পটে নেশার বরণে রং করিয়া তুলিতে হইবে রসের তুলি বুলাইয়া। কিন্তু সেই মোহিনী নিষ্ঠুরা বার বার কবিকে অসময়েই ডাক দেন, তিনি 'আবার আহ্বান' করিয়াছেন, কিন্তু—

দেখো না কি হায়, বেলা চ'লে যায়—
সারা হ'য়ে এলো দিন।
বাজে পূরবীর ছন্দে রবির
শেষ রাগিণীর বীণ।

কবি এবার শেষ খেলা খেলিয়া লইবেন মৃত্যুর অজ্ঞাততার মধ্যে; পৃথিবীতে পার্থিব শোভার মধ্যে যাঁহার সঙ্গে দেখাসাক্ষাৎ পরিচয় হইয়াছিল, সেই লীলাসঙ্গিনীর সহিতই লোকলোকান্তরে অন্য কোন অচেনা স্থানে পুনঃপরিচয় হইবে। কবির তো 'নিশীথ-অন্ধকারে অমাবস্যার পারে' যাইতে ভয় বা দ্বিধা নাই, তাঁহার লীলাসঙ্গিনী গোপন-রঙ্গিণী রস-তরঙ্গিণী যে তাঁহার আজীবনের চেনা, এবং তিনি যে কবির প্রিয়, প্রিয়তমা নিরুপমা।

লীলাসঙ্গিনী জীবনদেবতার অনুভূতিকে জীবনে ফিরিয়া পাওয়ার কথা পূরবীর অনেক কবিতাতেই আছে। যিনি নানা অবকাশে ও নানা উপলক্ষ্যে জীবন স্পর্শ করিয়া কবিচিত্ত সৌন্দর্যে ও আনন্দে পূর্ণ করিয়া তোলেন, তাঁহাকে কবি অনেক দিন যেন হারাইয়া ভুলিয়া ছিলেন। আজ জীবনসন্ধ্যায় সেই হারানিধি আপনি তাঁহার জীবন-নিকুঞ্জের দ্বারে আসিয়া কবির দৃষ্টিপথে পড়িবার জন্য প্রতীক্ষা করিয়া আছেন; তাঁহাকে দেখিতে পাওয়ার আনন্দে কবিচিত্ত উল্লাসে উদ্বেলিত হইয়া উঠিয়াছে।

বেঠিক পথের পথিক

যিনি অনন্ত-রসময় তিনি তো অচিন্ত্যতত্ত্ব, তিনি তো কোনো সীমার মধ্যে আবদ্ধ নহেন। তাই তিনি বেঠিক পথের পথিক, তিনি অচিন। কিন্তু তিনি তো অবাঙ্‌মনসোগোচরঃ নহেন, তাঁহার সত্তা তো আমরা নানা ইন্দ্রিয়ানুভূতির মধ্য দিয়া, ভাবনা-মননের মধ্য দিয়া, রসাস্বাদনের মধ্য দিয়া উপলব্ধি করিয়া থাকি। সেই উপলব্ধিকে প্রকাশ করিবার মতন বচন আমরা পাই না, সেই অ-ধরকে ধরিয়া রাখিবার মতন কোনো বন্ধন আমাদের আয়ত্তে নাই; তথাপি তাঁহাকে চিনি না এমন কথাও আমরা বলিতে পারি না, আবার চিনি এমন কথাও বলা যায় না। যেখানে যত কিছু সুন্দর আছে, আনন্দ আছে, দুঃখ আছে, প্রিয় আছে, মিলন আছে, বিরহ আছে, সকলের ভিতর দিয়া তো তাঁহারই স্পর্শ আমরা পাইয়া থাকি। তাই কবি বলিতেছেন যে—

প্রিয়ার হিয়ার ছায়ার মিলায়
অচিন সেজন যে।
ছুঁই কি না ছুঁই বুঝি না কিছুই
মন কেমন করে।
চরণে তাহার পরাণ বুলাই,
অরূপ দোলায় রূপেরে দুলাই;
আঁখির দেখায় আঁচল ঠেকায়
অ-ধরা স্বপন যে।
চেনা অচেনায় মিলন ঘটায়
মনের মতন রে!

বকুল-বনের পাখী

বকুল-বনের পাখীর সহিত কবি নিজের সাদৃশ্য অনুভব করিতেছেন—পাখীর মতন কবিও 'অসীম-নীলিমা-তিয়াষী'। পাখীর মতনই কবিকেও চাঁপার গন্ধ বাতাসের প্রাণ-কাড়া স্পর্শ বারংবার সহজ রসের ঝরণা-ধারার ধারে সহজ সুখের ভরে গান ভাসাইতে ডাক দেয়, 'শ্যামলা ধরার নাড়ীতে যে গান বাজে' কবির অধীর মনের মাঝে সেই তাল বাজে। সেই বালক তো কবির মনের গহনে হারাইয়া গিয়াছে, কবি এখন বৃদ্ধ হইয়াছেন। কিন্তু সেই বালকের অভাব কি কোথাও কেহ অনুভব করিতেছে না? কবি সেই বাল্য-লীলার অবসান হইয়াছে স্বীকার করেন না। কবি তাঁহার শেষের গানে বকুল-বনের পাখীর গানের রাখী-বন্ধন করিয়া পারঘাটে খেয়াল-খেয়ায় পার হইবেন; সুরের সুরার সাকী পাখী হইবে তাঁহার শেষ সাথী। তিনি কীর্তি খ্যাতি কর্ম সব তুচ্ছ করিয়া মুক্ত হইয়া গানের পাখায় উধাও হইয়া অনন্ত আকাশে উড়িয়া যাইবেন, তাঁহার অবসর যেন সহজ ও সুন্দর হয়—

ফুলের মতন সাঁঝে পড়ি যেন ঝ'রে
তারার মতন যাই যেন রাত-ভোরে,
হাওয়ার মতন বনের গন্ধ হ'য়ে
চ'লে যাই গান হাঁকি'।

সাবিত্রী

ঋগ্‌বেদ ১।১১৫ সূক্তে বলা হইয়াছে যে—সূর্য আত্মা জগতস্‌ তস্থুশ্‌ চ—সূর্য সমস্ত জঙ্গম ও স্থাবর পদার্থের আত্মা। তিনিই আবার বিশ্বচক্ষু—জাতবেদা—সূর্য উদিত হইলেই সমস্ত পদার্থকে দেখিতে পাওয়া যায়, জানিতে পারা যায়।—ঋগ্‌বেদ ১৫০।

সবিতা হইতেই বিশ্বসংসারের সৃষ্টি হইয়াছে ও হইতেছে; তাঁহার কিরণেই বিশ্বসংসার বর্ণ-রূপ-রস-গন্ধে সুন্দর হইয়া আছে। বিশ্বসংসার হইতে তিল তিল করিয়া আহৃত যে সৌন্দর্য কবি-চিত্তে পুনর্বার তিলোত্তমা-রূপে ঘনীভূত হয়, সেই মূর্তিও তো প্রকৃত প্রস্তাবে সবিতারই। সেইজন্য ঋগ্‌বেদে ৩।৬২।১০ সবিতাকে একাধারে জগৎ-প্রকাশক ও মানবের বুদ্ধির প্রেরক বলা হইয়াছে—

তৎসবিতুর্‌ বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি।
ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ॥

সূর্যই সমস্ত জ্ঞানের আকর—সমস্ত ইন্দ্রিয়-ক্রিয়ার মূলে সবিতারই প্রভাব বিদ্যমান।

কবি সবিতার মধ্যে একটি সত্তার বা শক্তির সন্ধান পাইয়াছেন, এবং তাহাকেই তিনি বলিয়াছেন 'সাবিত্রী'। এই কবিতাটি ঠিক সূর্যবন্দনা নয়। সূর্যের সঙ্গে কবি আপন জীবনের একটা যোগ অনুভব করিতেছেন। তাই সূর্যের দেবত্ব তাঁহার বন্দনীয় নয়, সূর্যকে তিনি বন্ধু-রূপে নিজেরই প্রতিরূপ বলিয়া সম্বোধন করিতেছেন। এই সম্বন্ধে কবি স্বয়ং বলিয়াছেন—

"সূর্যের আলোর ধারা তো আমাদের নাড়ীতে নাড়ীতে বইছে। আমাদের প্রাণমন, আমাদের রূপ-রস, সবই তো উৎস-রূপে রয়েছে ঐ মহাজ্যোতিষ্কের মধ্যে। সৌর-জগতের সমস্ত ভাবী কাল একদিন তো পরিকীর্ণ হ'য়েছিল ওরি বহ্নিবাষ্পের মধ্যে। আমার দেহের কোষে কোষে ঐ তেজই তো শরীরী; আমার ভাবনায় তরঙ্গে তরঙ্গে ঐ আলোই তো প্রবহমাণ। বাহিরে ঐ আলোরই বর্ণচ্ছটায় মেঘে মেঘে পত্রে পুষ্পে পৃথিবীর রূপ বিচিত্র; অন্তরে ঐ তেজই মানস-ভাব ধারণ ক'রে আমাদের চিন্তায় ভাবনায় বেদনায় রাগে অনুরাগে রঞ্জিত। সেই এক জ্যোতিরই এত রং, এত রূপ, এত ভাব, এত রস। ঐ যে-জ্যোতি আঙুরের গুচ্ছে গুচ্ছে এক এক চুমুক মদ হ'য়ে সঞ্চিত, সেই জ্যোতিই তো আমার গানে গানে সুর হ'য়ে পুঞ্জিত হলো। এখনি আমার চিত্ত হ'তে এই যে চিন্তা ভাষার ধারায় প্রবাহিত হ'য়ে চলেছে, সে কি সেই জ্যোতিরই একটি চঞ্চল চিন্ময় স্বরূপ নয়, যে জ্যোতি বনস্পতির শাখায় শাখায় স্তব্ধ ওঙ্কার-ধ্বনির মতো সংহত হ'য়ে আছে!

"হে সূর্য, তোমারই তেজের উৎসের কাছে পৃথিবীর অন্তর্গূঢ় প্রার্থনা ঘাস হ'য়ে গাছ হ'য়ে আকাশে উঠ্‌ছে, বল্‌ছে—জয় হোক! বল্‌ছে—অপাবৃণু, ঢাকা খুলে দাও! এই ঢাকা-খোলাই তার প্রাণের লীলা, এই ঢাকা-খোলাই তার ফুল-ফলের বিকাশ! অপাবৃণু, এই প্রার্থনারই নির্ঝর-ধারা আদিম জীবাণু থেকে যাত্রা ক'রে আজ মানুষের মধ্যে এসে উপস্থিত; প্রাণের ঘাট পেরিয়ে চিত্তের ঘাটে পাড়ি দিয়ে চল্‌ল। আমি তোমার দিকে বাহু তুলে বল্‌ছি—হে পূষণ্, হে পরিপূর্ণ, অপাবৃণু,—তোমার হিরন্ময় পাত্রের আবরণ খোলো, আমার মধ্যে যে গুহাতীত সত্য, তোমার মধ্যে তার অবারিত জ্যোতিঃস্বরূপ দেখে নিই। আমার পরিচয় আলোকে আলোকে উদ্‌ঘাটিত হোক।" —যাত্রী, ২১ পৃষ্ঠা।

"আমাদের ঋষি প্রার্থনা করেছেন—তমসো মা জ্যোতির্ গময়—অন্ধকার থেকে আলোতে নিয়ে যাও। চৈতন্যের পরিপূর্ণতাকে তাঁরা জ্যোতি বলেছেন। তাঁদের ধ্যানমন্ত্রে সূর্যকে তাঁরা বলেছেন—ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ—আমাদের চিত্তে তিনি ধীশক্তির ধারাগুলি প্রেরণ করেছেন।

"ঈশোপনিষদে বলেছেন—হে পূষণ্, তোমার ঢাকা খুলে ফেলো, সত্যের মুখ দেখি,—আমার মধ্যে যিনি, সেই পুরুষ তোমার মধ্যে।

"এই বাদ্‌লার অন্ধকারে আজ আমার মধ্যে যে-ছায়াচ্ছন্ন বিষাদ, সে ঐ ব্যাকুলতারই একটি রূপ। সেও বল্‌ছে,—হে পূষণ্ তোমার ঐ ঢাকা খুলে ফেলো, তোমার জ্যোতির মধ্যে আমার আত্মাকে উজ্জ্বল দেখি, অবসাদ দূর হোক। আমার চিত্তের বাঁশীতে তোমার আলোকের নিঃশ্বাস পূর্ণ করো,—সমস্ত আকাশ আনন্দের গানে জাগ্রৎ হ'য়ে উঠুক। আমার প্রাণ যে তোমার আলোকেরই একটি প্রকাশ, আমার দেহও তাই। আমার চিত্তকে তোমার জ্যোতিরঙ্গুলি যখনই স্পর্শ করে, তখনি তো ভূর্ভুবঃস্বঃ দীপ্যমান হ'য়ে ওঠে। মেঘে মেঘে তোমার যেমন নানা রং, আমার ভাবনায় ভাবনায় তোমার তেজ তেমনি সুখদুঃখের কত রং লাগিয়ে দিচ্ছে। একই জ্যোতি বাইরের পুষ্প-পল্লবের বর্ণে-গন্ধে এবং অন্তরের রাগে-অনুরাগে বিচিত্র হ'য়ে ঠিক্‌রে পড়্‌ছে। প্রভাতে সন্ধ্যায় তোমার গান দিকে-দিগন্তে বেজে ওঠে। তেমনি তোমারই গান আমার কবির চিত্ত গলিয়ে দিয়ে ভাষার স্রোতে ছন্দের নাচে ব'য়ে চল্‌ল। এক জ্যোতির এত রং, এত রূপ, এত ভাব, এত রস! অন্ধকারের সঙ্গে নিত্য ঘাতে-প্রতিঘাতে তার এত নৃত্য, এত গান, তার এত ভাঙা, এত গড়া,—তারি সারথ্যে যুগ-যুগান্তরের এমন রথ-যাত্রা! তোমার তেজের উৎসের কাছে পৃথিবীর অন্তর্গূঢ় প্রার্থনাই তো গাছ হ'য়ে ঘাস হ'য়ে আকাশে উঠ্‌ছে, বল্‌ছে—অপাবৃণু, ঢাকা খুলে দাও। এই ঢাকা খোলাই তার প্রাণের লীলা, এই ঢাকা খোলা থেকেই তার ফুল ফল। এই প্রার্থনাই আদিম জীবাণুর মধ্যে দিয়ে আজ মানুষের মধ্যে এসে উপস্থিত। মানুষের প্রাণের ঘাট পেরিয়ে মানুষের চিত্তের ঘাটে পাড়ি দিয়ে চল্‌ল। মানুষের ইতিহাস বল্‌ছে—অপাবৃণু,—ঢাকা খোলো। জীব বল্‌ছে—আমার মধ্যে যে সত্য আছে তার জ্যোতির্ময় পূর্ণ স্বরূপ দেখি। হে পূষণ্, হে পরিপূর্ণ, তোমার হিরন্ময় পাত্রের মুখের আবরণ ঘুচুক, তার অন্তরের রহস্য প্রকাশিত হোক—সেই রহস্য আমার মধ্যে তোমার মধ্যে একই।" —যাত্রী, ১২৬-১৩৮ পৃষ্ঠা।

এই কবিতাটি কবির চিলি-যাত্রার সময়ে আন্দেস-মারু জাহাজে মেঘলা দিনে লেখা। কবি জ্যোতিঃস্বরূপ সত্যের প্রকাশয়িত্রী সাবিত্রীকে সমস্ত অন্ধকার দূর করিয়া জ্যোতির কনকপদ্মের মর্মকোষে সৃষ্টির যে উদ্বোধিনী বাণী নিহিত আছে, তাহাকে প্রমুক্ত করিয়া দিতে অনুরোধ করিতেছেন। বিশ্বপ্রকৃতি কবিচিত্তের খাদ্য জোগাইয়াছে নানা রূপে রসে গন্ধে শব্দে স্পর্শে। কিন্তু বিশ্বপ্রকৃতির এই সৌন্দর্য ও মাধুর্য কবির কাছে ফুটিতে পারিত না, যদি তাঁহার চোখে সূর্যের আলোর স্পর্শ না লাগিত। সূর্যের চুম্বনে যেমন শস্য উদ্গত না হইয়া পারে না, তেমনি কবির চিত্তবৃত্তিকেও উদ্বুদ্ধ করিতেছে সূর্য। আলোক যেন কবিচিত্ত ও বিশ্বপ্রকৃতির মধ্যে সংযোগসূত্র।

আলোকের স্পর্শে কবিচিত্ত সৌন্দর্য-সম্ভোগের আনন্দে, প্রকাশের আগ্রহে ভরিয়া উঠিয়াছে; কবির মনে ভাবোন্মেষের আবেগ, সৃজনাবেগের অশান্তি, প্রকাশের জ্বালা জাগিয়া উঠিয়াছে। এই বেদনা হইতেছে অসীম বিশ্বের সহিত নিজের সম্বন্ধ-নির্ণয়ের প্রয়াস, এবং সেই চরম সত্যের সন্ধান না পাওয়া পর্যন্ত আকুলতার অনুভূতি।

অলৌকিক আনন্দের ভার
বিধাতা যাহারে দেয়, তার বক্ষে বেদনা অপার,
তার নিত্য জাগরণ; অগ্নিসম দেবতার দান
ঊর্ধ্বশিখা জ্বালি' চিত্তে অহোরাত্র দগ্ধ করে প্রাণ।

—কল্পনা, ভাষা ও ছন্দ।

ইহা হইতেছে The divine discontent of the Poet.

সূর্য যেমন জগৎ-সবিতা, কবিও তেমনি বিচিত্র ভাবস্রষ্টা। সূর্য যেন আদি কবি, মানব-কবি যেন সেই আদি-কবির বন্ধু শিষ্য। কবি এই সত্য উপলব্ধি করিতেছেন যে, কবির সকল গানের মূল কারণ হইতেছে আলোক। সুরজ্ঞ যেমন বাঁশী হইতে অপরূপ রাগিণী তুলে, আলোক তেমনি কবির চিত্তবীণায় প্রতিদিন বিচিত্র ঝঙ্কার তুলিতেছে, এবং সেইজন্যই কবি চারিদিকে সৌন্দর্যের উপলব্ধি করিয়া পুলকিত হইয়া উঠিতেছেন।

কবি অনুভব করিতেছেন যে তাঁহার প্রাণ সূর্যসম্ভব,—

এ প্রাণ তোমারি এক ছিন্ন তান, সুরের তরণী।

তুলনীয়—

বাজাও আমারে বাজাও।
বাজালে যে-সুরে প্রভাত-আলোরে,
সেই সুরে মোরে বাজাও।

—গীতিমাল্য।

Make me thy lyre, even as the forest is

—Shelley, *Ode to West Wind.*

Man is a beautiful hymn of God.

—Anatole France, *Thais.*

যে প্রাণ সূর্য হইতে উৎপন্ন হইয়া পৃথিবীতে আসিয়া বন্দী হইয়াছে, সেই প্রাণ আশ্বিনের রৌদ্রে শেফালির শিশির-চ্ছুরিত উৎসুক আলোকে বিস্ফুরিত হয়। সূর্যেরই আলোকে পৃথিবীপৃষ্ঠে প্রাণশক্তির উৎসব লাগিয়া যায়, কবিচিত্তও সেই উৎসবে মাতিয়া উঠে।

সূর্যের দীপ্তি যেন সূর্যের দূতী; তাহা ভুবন-অঙ্গনে বিচিত্র বর্ণসুষমার রূপকল্পনার আল্‌পনা আঁকিয়া তুলে। সেই-সব অপূর্ব রূপচ্ছবি ক্ষণস্থায়ী, ছায়া আসিয়া আলোকের ছবি মুছিয়া দেয়, আলোক আসিয়া ছায়ার ছবি মুছে। সেই-সব খেলা দেখিয়া কবির চিত্তেও নানা রূপের রসের আনন্দের খেলা চলিতে থাকে। নিসর্গের এই আলো-ছায়ার লীলা কবি নিজের অন্তরেও অনুভব করেন; আলো যেমন ধরার বুকে ছবি আঁকিতেছে, কবি-হৃদয়েও তেমনি হাসি-কান্না ভাবনা-বেদনা জাগাইয়া তুলিতেছে; কিন্তু সেগুলি আলো-ছায়ার খেলার মতন ক্ষণস্থায়ী হোক কবির এই কামনা,—উহারা ক্ষণিকের খেলা করিয়া বিস্মরণের ছায়ায় মিলাইয়া যাক; উহারা যেন মনের উপর ভার হইয়া বসিয়া না থাকে।

কবি বিশ্বের বিশেষ বিশেষ ঋতু ও অবস্থার উপলক্ষে জাগ্রৎ সৌন্দর্যের ও ভাবের আবেষ্টনে বন্দী হইয়া থাকিতে চাহেন না; কারণ, তাহাতে চিত্ত অভিভূত ও অগভীর হইয়া পড়ে, sentiment শেষে sentimentality-তে পরিণত হয়। সমুদ্রের বেলাভূমিতে যত তরঙ্গের চঞ্চলতা, গভীর সমুদ্রে তত নয়।

এই কবিতাটি শরৎকালে লেখা, ২৬এ সেপ্টেম্বর, ১০ই আশ্বিন, সমুদ্রবক্ষে জাহাজে। যেই রবির অভ্যুদয় হইল অমনি—

আলোতে শিশিরে বিশ্ব দিকে দিকে অশ্রুতে হাসিতে
চঞ্চল উতলা

হইয়া উঠিল, "হাসিকান্না হীরা-পান্না দোলে ভালে!"—রাজা। সেই সৌন্দর্যের আহ্বানে কবির সঙ্গীত অনন্ত পথের পথিক। কবি অনুভব করিতেছেন—আমার চলা ক্রমাগত, এবং চলার বেগে নব নব পর্যায়ের সৃষ্টি হইবে। তাই কবির চিত্ত পৃথিবীর হাসি-কান্নার শৃঙ্খলে বন্দী থাকিতে চাহিতেছে না; আলোকের আহ্বানে সে উড়িয়া যাইতেছে সেই জ্যোতির পদ্মকোষে—যেখানে জগতের সমস্ত আলোক জন্মলাভ করিতেছে।

কবি ছড়াইয়া-পড়া আলোকে তৃপ্ত নহেন; তাই তিনি তাঁহার সুরকে অভিসারে পাঠাইয়া দিতেছেন আলোকের দেবতার কাছে—তাঁহার নিজের সত্য স্বরূপ জানিতে,—তাঁহারই মাঝে কবি নিজের জীবনের সার্থকতা খুঁজিয়া পাইবেন, অগ্নি উৎস-ধারায় ধৌত হইয়া কবিচিত্তের সকল গ্লানিমা দূর হইবে। আলোকের স্পর্শে সত্যের উপলব্ধিতে যখন কবিচিত্ত শান্ত সমাহিত হইবে, তখন—

> সীমন্তে গোধূলি-লগ্নে দিয়ো এঁকে সন্ধ্যার সিন্দূর,
> প্রদোষের তারা দিয়ে লিখো রেখা আলোক-বিন্দুর
> তার স্নিগ্ধ ভালে।

ইহাই হইবে কবির চরম পুরস্কার। কারণ, কবির গান তখন সুন্দর হইয়া দেখা দিবে, সত্যই তো সুন্দর এবং সুন্দরই সত্য।

> Beauty is truth, truth beauty.
> —Keats, *Ode on a Grecian Urn.*
>
> A thing of beauty is a joy for ever!
> —Keats, *Endymion.*
>
> Light! More Light!—Goethe.
>
> The light is in the soul,
> She all in every part.
> —Milton, *Samson Agonistes.*

বৈদিক ঋষিরা প্রকৃতির বস্তুময় প্রকাশের মধ্যে চৈতন্যের সন্ধান পাইয়াছিলেন। সেই ভাবের প্রেরণাই কবি রবীন্দ্রনাথের এই সাবিত্রী কবিতাটিকে প্রাণবন্ত করিয়াছে। কিন্তু সবিতার যে সত্তাটি কবির মানস-চক্ষে উদিত হইয়াছে, তাহা মার্তণ্ড নহে, রুদ্রও নহে, তাহা আদিত্যের সংহার-মূর্ত্তি নহে, ভয়ঙ্কর আবির্ভাব নহে,—তাহা আলোকদীপ্ত তেজোময়, জগতের সকল ভাব রস রূপ গন্ধ শব্দ স্পর্শের মূল উৎস, তাহা জ্যোতিঃস্বরূপ।

আহ্বান

রবীন্দ্রনাথ কবি ও কর্মী একাধারে। তাই তাঁহার স্বপ্নলোক কখনো তাঁহাকে ধরিয়া রাখিতে পারে না, জীবনের উদ্দাম ঘাত-প্রতিঘাত, বিভিন্নমুখ স্বার্থের প্রবল ও উন্মত্ত সংঘাত কবির মনকে আকুল উতলা করিয়া তুলে। তখন আমরা রবীন্দ্রনাথকে কর্মি-রূপে পাই। মহামানবের ডাকে রবীন্দ্রনাথ কবি-কল্পলোক ছাড়িয়া বাস্তব জীবনের বিশৃঙ্খলার মধ্যে নামিয়া আসেন; ব্যথিত মানবের বেদনায় ব্যথা অনুভব করেন; এবং বিশ্বের কল্যাণ-বিধানের চেষ্টা করেন। তাঁহার অন্তরের মানবতা কবি-ভাবের উপরে প্রভাব বিস্তার করে; বিশ্ব-প্রেমিকের কাছে আর্টিস্ট্ পরাভব স্বীকার করেন। কবির জীবনে বারংবার এইরূপ ঘটিতে দেখা গিয়াছে,—স্বদেশী-প্রচেষ্টায় যোগদান, ব্রহ্মচর্যাশ্রম-প্রতিষ্ঠা, বিশ্বভারতী-স্থাপন, মহাত্মা গান্ধীর প্রায়োপবেশনের সময়ে দেশের জন্য ব্যস্ততা, ইত্যাদি। কিন্তু লোকহিতকর কর্মানুষ্ঠানের অপেক্ষা আর্টের স্থান অনেক উচ্চে; হিত-সাধন সাময়িক, আর্ট চিরন্তন—যে অভাব বা দুর্গতি মানুষের উপস্থিত হইয়াছে, তাহা নিরাকরণ করিতে পারিলেই হিতসাধকের কাজ সমাপ্ত হইয়া গেল; কিন্তু আর্ট হইতেছে A thing of beauty is a joy for ever (Keats); সেই জন্য এই-সকল কাজের মধ্যে রবীন্দ্রনাথ বারংবার এক ফিরিয়া যাওয়ার ডাক শুনিতে পাইয়াছেন, তাহা সেই চিরন্তনেরই ডাক। তাই কবি যেমন বাঁশী বাজাইতে বাজাইতে বলিয়া উঠেন 'এবার ফিরাও মোরে!' অথবা বলিয়া উঠেন 'আবার আহ্বান!' 'তোমার শঙ্খ ধূলায় প'ড়ে কেমন ক'রে সইব!', তেমনি আবার অন্য দিকের ডাকেও বলিয়া উঠেন—'সময় হয়েছে নিকট, এখন বাঁধন ছিঁড়িতে হবে।' যে বাণী বিশ্বজনকে শুনাইবার জন্য তিনি ধরাতলে অবতীর্ণ হইয়াছেন সেই একমাত্র অদ্বিতীয় বাণীর প্রচারই তাঁহার কাজ; তাঁহার মিশন; অন্য সমস্তই শুধু ক্ষণিকের, চিরন্তনের সঙ্গে তাহাদের কোনও সম্বন্ধ নাই। এখানে কবি যাহার আহ্বান শুনিয়াছেন তাহা তাঁহার চিরন্তন-শক্তিরই নব-রূপ!

আহ্বান কবিতাটির মধ্যে একটি বিষাদের ভাব আছে, যাহার জন্ম সৃষ্টির চাঞ্চল্য বা আকুলতার (unrest) মধ্যে। এই চাঞ্চল্য হইতেছে প্রকাশের ব্যথা। কবির মন এক এক পর্যায় হইতে অপর পর্যায়ে উত্তীর্ণ

হইয়া নূতন নূতন সৃষ্টি করিয়া আসিয়াছে; এখন কবির মনে আর-একটা নূতন-সৃজনকারী যুগ আসিয়া আবির্ভূত হইয়াছে; কিন্তু কবিচিত্ত নিজেকে প্রকাশ করিতে পারিতেছে না; সেই চাঞ্চল্য শুধু ঘূর্ণীরই সৃষ্টি করিতেছে, তাঁহার মনের সমস্ত ভাব-সম্ভার কেবল কুণ্ডলী পাকাইয়া উঠিতেছে, কোনো বিশেষ আকার ধারণ করিতেছে না। কবি যখন চিত্তের ভাবৈশ্বর্য-নীহারিকাকে সুস্পষ্ট করিয়া তুলিতে পারিবেন, তখন তাঁহার এই ব্যাকুলতা শান্ত হইয়া যাইবে; এবং সাহিত্য-সৌরজগতে এক নূতন জ্যোতিষ্কের আবির্ভাব হইবে, যাহার ভাস্বর জ্যোতি দেখিয়া বিশ্বমানব মুগ্ধ হইবে, কত পথিক প্রাণ-পথের নির্দেশ পাইবে। এই সৃষ্টির ব্যথা ও আকুলতা প্রত্যেক নূতন ভাবসৃষ্টির পূর্বে কবি-চিত্তকে বিমথিত করিয়াছে—তুলনীয়ঃ জীবনদেবতা ভাবের ও নৈবেদ্য-গীতাঞ্জলি ভাবের কবিতাবলী। কবি ব্যথিত স্বরে বলিয়াছেন—'যখন তুমি বাঁধ্‌ছিলে তার সে কী বিষম ব্যথা।' সন্তানের জন্মের পূর্বে মায়ের মনে যেমন একটা চঞ্চলতা ব্যাকুলতা কষ্টকর অনুভূতি জন্মে, এও তেমনি,—কবিতাগুলি কবির মানস-সন্তান বৈ তো আর কিছু নয়! তুলনীয় ও দ্রষ্টব্য—অশেষ।

কবির যিনি জীবনদেবতা, অন্তর্যামিনী, প্রতিভা, লীলাসঙ্গিনী, দোসর—তিনি যেমন কবিকে ডাক দিয়া বাঁধা গণ্ডী হইতে বাহিরে লইয়া যান, কবিও তেমনি তাঁহাকে খুঁজিয়া ফিরেন,—উভয়ের মিলনের আগ্রহে থাকিয়া থাকিয়া উভয়ের সাক্ষাৎ ঘটিয়া যায়। সেই কবি-প্রতিভার দ্বারাই কবির পরিচয়; মানুষ রবীন্দ্রনাথ অপেক্ষা কবি রবীন্দ্রনাথের একটি বিশেষ পরিচয় আছে; সেই কবিত্বের অনুপ্রেরয়িত্রীর দ্বারাই কবি নিজেকে কবি বলিয়া জানেন এবং বিশ্বের কাছেও তাঁহার পরিচয় দেওয়া ঘটে। যাহা কিছু নূতন অনুপ্রেরণা তাহাকেই কবি তাঁহার প্রণয়াভিসারিকা-রূপে দেখিতেছেন।

মানুষ রবীন্দ্রনাথ তো সাধারণ সহস্রের একজন মাত্র—তেমন ধনিপুত্র সুপুরুষ তো আরো অনেকে আছেন। সেই রূপে তাঁহার কোনো বিশেষত্ব নাই। কিন্তু যেই সেই মানুষ রবীন্দ্রনাথকে কবিত্বশক্তি স্পর্শ করে, যেই তাঁহার কবিপ্রতিভার অনুপ্রেরণা অপূর্ব সৃষ্টিতে প্রবৃত্ত করে, অমনি তিনি সহস্র সহস্র জনসাধারণ হইতে স্বতন্ত্র পৃথক্ হইয়া যান—তিনি রাম শ্যাম যদু হরি হারী ডিক টম আবদুল গফুর প্রভৃতি হইতে পৃথক হইয়া কবিগোষ্ঠীতে

স্থান লাভ করেন, এবং সেখানেও একজন শ্রেষ্ঠ কবি বলিয়া সম্মানের সিংহাসন অধিকার করিয়া মহিমমণ্ডিত হইয়া বসেন।

কবি নিজের কবিত্বশক্তির সম্বন্ধে সজাগ হইয়া উঠিতেই তাঁহার আত্মোপলব্ধি হয়, কবি অনুভব করেন,—'আছি, আমি আছি!' এবং সেই 'আমি আছি'-বোধ জাগ্রৎ হইয়া উঠিয়া কবির জীবনের প্রতি মুহূর্ত অমরত্বের আনন্দে মণ্ডিত করিয়া দেয়। কবিপ্রতিভা যেই কবিকে নিজের বলিয়া গ্রহণ করে, অমনি অব্যক্ত ব্যক্তি সুপরিব্যক্ত হইয়া উঠেন, অখ্যাত ব্যক্তির খ্যাতিতে জগৎ প্লাবিত হইয়া যায়।

নিখিলের সুপ্তির দুয়ারে আসিয়া যখন উষা তাহার উদ্বোধিনী বীণায় আলোকরশ্মির হাজার তার বাজাইয়া তুলে, এবং আলোকের বর্ণে বর্ণে অমরাবতীর গান রচনা করে, তখন যেমন বিশ্বপ্রাণের মধ্যে প্রকাশব্যগ্রতা ও চাঞ্চল্য জাগ্রৎ হইয়া উঠে, সামান্য ধূলাও তখন শ্যামল সরসতায় ঢাকিয়া যায়, তেমনি এই কবি-প্রতিভাও 'আকাশভ্রষ্ট প্রবাসী আলোক, দেবতার দূতী,' তাহা স্বর্গের আকৃতি মর্ত্যের গৃহের প্রান্তে বহিয়া আনে, এবং যাহা ছিল নশ্বর মরণধর্ম্মী তাহাকে অমর করিয়া তুলে। রবীন্দ্রনাথ যদি হাজার হাজার জমিদারের মতন কেবল জমিদার-মাত্রই হইতেন, তবে অন্যান্য জমিদারদের নাম যেমন কেহ জানে না, মনে করিয়া রাখে নাই, তাঁহারও সেই দশা হইত; কিন্তু যেই তাঁহাকে তাঁহার প্রতিভা কবি করিয়া তুলি[illegible] [illegible]নি তিনি অমর হইয়া গেলেন, মরণধর্ম্মী মানব হইয়া গেলেন অমর কবি!

সেই কল্যাণী দেবদূতীর আশীর্বাদ নামিয়া আসিল,—

> তাই তো কবির চিত্তে কল্পলোকে টুটিল অর্গল
> বেদনার বেগে;
> মানস-তরঙ্গ-তলে বাণীর সঙ্গীত-শতদল
> নেচে ওঠে জেগে।

যাহা কিছু কবির মনে অনুভব জাগায় তাহাই তো তাঁহার বেদনা। সেই বেদনা হইতেই তো কবির সৃষ্টি। যিনি ছিলেন অখ্যাত অজ্ঞাত সামান্য একজন লোক, তিনি সেই অজানার আবরণ উন্মোচন করিয়া দীর্ণ করিয়া বাহির হইয়া আসিলেন কবি হইয়া—

> অনুভূতির তিমির-মাঝ দীর্ণ করে তেজস্বী তাপস।

সেই কবি তেজস্বী, তাপস, বীর ; অসত্যকে তিনি হনন করেন, মুক্তির মন্ত্রে তিনি বজ্রকে বশ করেন—কঠিন তাঁহার সাধনা।

কবির সেই অনুপ্রেরণা, প্রতিভা, লীলাসঙ্গিনী, দোসর, কত বার কবির প্রাণ অভিসারিকা-বেশে আসিয়া উপনীত হইয়াছিল ; আজ আবার কবি তাহার জন্য প্রতীক্ষা করিতেছেন—তাঁহার চিত্তপ্রদীপ নির্বাপিত হইয়া গিয়াছে, তাঁহার হৃদয়-বীণা নীরব হইয়াছে, সেই অভিসারিকা আসিয়া এই দীপের মুখে শিখা জ্বালাইয়া তুলিবে, এই বীণার তারে ঝঙ্কার তুলিবে। কবি চিরন্তনী কবিত্ব-শক্তির জন্য ব্যাকুল হইয়া প্রতীক্ষা করিতেছেন। কবিতার সকল উপকরণ প্রস্তুত, সেই অভিসারিকা আসিলেই তাহাকে প্রকাশের সার্থকতা দান করিতে পারিবে।

নূতন ভাব ও নূতন সৃষ্টি-নৈপুণ্য-প্রকাশের ব্যথা ও বেদনা ব্যগ্রতা বুকে লইয়া কবি বিনিদ্র অতন্দ্র হইয়া প্রতীক্ষা করিতেছেন,—কবে তাঁহার কাছে তাঁহার কাব্যলক্ষ্মীর চরম আহ্বান আসিয়া উপস্থিত হইবে—সর্বোত্তম অত্যুৎকৃষ্ট শ্রেষ্ঠতম অপূর্ব কাব্য-সৃষ্টির আহ্বান—*the best creative call in the poet's mind*—কবে আসিয়া উপস্থিত হইবে। কবি তো জানেন যে 'শেষ নাহি যে শেষ কথা কে বল্‌বে ?' 'শেষের মধ্যে অশেষ আছে' ; তাই তাঁহার শেষ গান চরম ও পরম সৌন্দর্যে ভূষিত করিয়া পূর্ণ তানে গাওয়া হয় নাই। তাঁহার মন One Word More বলিবার প্রতীক্ষায় তাঁহার অনুপ্রেরণার দিকেই তাকাইয়া আছে—কোথায় সেই সর্বশ্রেষ্ঠ অনুপ্রেরণা যাহা কবিকে শেষবারে পরিপূর্ণতা চরমোৎকর্ষ দান করিয়া যাইবে। কবির যে সমস্ত ক্ষণ নিষ্ফল বন্ধ্য অনুর্বর—uninspired moments—তাহারই প্রান্তে কোথায় সেই অভিসারিকা বিলম্ব করিতেছে ?

অপ্রকাশের অন্ধকার কালো চক্ষের মধ্যে মহেন্দ্রের বজ্র হইতে বিদ্যুতের আলো প্রকাশিত হইয়া উঠুক। কবির চিত্ত কবিত্ব-সুধা বর্ষণের জন্য কাঙাল হইয়া উঠিয়াছে, তাহাতে প্রকাশের ব্যগ্রতা সঞ্চারিত হোক। কবির যে দান-শক্তি অপ্রকাশের কারাগারে অবরুদ্ধ হইয়া আছে, তাহাকে মুক্তি দান করুক সেই অভিসারিকা। কবি তাঁহার সর্বশক্তি প্রয়োগ করিয়া, তাঁহার যাহা দিবার তাহা দান করিয়া রিক্ত হইতে পারিলে পরিত্রাণ পাইয়া বাঁচেন। নূতন সৃজনীশক্তি কবিকে সার্থক করিয়া তুলুক।

কবির জীবন-সায়াহ্নে কবিকে দিয়া শ্রেষ্ঠতম সৃষ্টি করাইয়া কবি-প্রতিভা

যদি বিদায় লয়, তাহাতে কবির কোনো ক্ষতি নাই, জগতেরও কোনো ক্ষতি নাই। তখন আর দিবার কিছু থাকিবে না বলিয়া বিধবার মতন শুভ্রবেশ ধারণ করিয়া বিরহ-শান্ত সুগম্ভীর ভাবে শূন্যতার মধ্যে দেখা দিবে। জীবনের শেষ মুহূর্তে যাহা সৃষ্টি করা হইবে তাহা কবির শেষ লাভ, এবং কবির জীবন-পরমায়ু আরো দীর্ঘতর হইলে কবি হয়তো আরো অনেক কিছু নূতন ও উত্তম সৃষ্টি করিতে পারিতেন; কিন্তু জীবন শেষ হইয়া যাওয়াতে তাহা পারিলেন না বলিয়া যাহা তাঁহার সর্বশেষ ক্ষতি হইল, সেই সমস্তই শেষ চরিতার্থতায় আনন্দময় হইয়া উঠিবে—জীবনদেবতার অরূপ-সুন্দর আবির্ভাবে কবির দুঃখ-সুখ স্বচ্ছ আনন্দে পূর্ণ হইয়া উঠিবে।

কবি তো জীবন-পথের পান্থ। তিনি তাঁহার যাত্রা-সহচরী লীলাসঙ্গিনী-দোসরকে সন্ধান করিতেছেন জীবন-পথের প্রান্তে উপনীত হইয়া। কিন্তু সেই যাত্রা-সহচরীর স্বর্ণরথ কোন্ সিন্ধুপারে যে চলিয়া গিয়াছে, তাহার তো কোনো উদ্দেশ কবি পাইতেছেন না—তিনি তাঁহার শেষজীবনে মনের মধ্যে কবিত্বের অনুপ্রেরণা অনুভব করিতেছেন না।

কবি তাঁহার অন্তরের গহন-বাসিনী নব-মানসীকে শেষ-পূজারিণী নামে অভিহিত করিতেছেন—সেই যে কবি-প্রতিভার অনুপ্রেরণা তাহা তো নূতন নূতন কবিতা গান সৃষ্টি করিয়া কবিকে সম্মানিত সংবর্ধিত করে—সেই পূজারিণী কবির চিত্তকাননে গানের ফুল ফুটাইয়া, তাহাতে অর্ঘ্য রচনা করিয়া কবিকে পূজা করে—মানুষ রবীন্দ্রনাথকে নহে, রবীন্দ্রনাথের অন্তরের চিরদিনের কবিকে। যিনি ছিলেন কবির জীবনদেবতা, অন্তর্যামিনী, নিষ্ঠুরা স্বামিনী, তিনি এখন হইয়াছেন শেষ-পূজারিণী—তিনি এই শেষবার কবির চিত্তকাননের পুষ্প চয়ন করিয়া কবিকে শেষ পূজা করিয়া লইবেন, কবির এই শেষ অনুপ্রেরণায় কবিকে বরণ করিয়া লইবেন।

যেদিন কবি শেষ গান রচনা করিবেন তাহার পরে যদি আর একদিনও জীবিত থাকেন তবে সেই দিনেও তো কোনো নূতন সৃষ্টি করিতে পারিবার সম্ভাবনা থাকিয়া যাইতেছে, এমন কি মরণের মুহূর্তেও তো কোনো নূতন সৃষ্টি সম্ভব হইতে পারে। অতএব কবি যাহাকে শেষ রচনা বলিতেছেন তাহা বাস্তবিক শেষ নহে, অশেষের মধ্যে এক স্থানে স্থগিত হইয়া থামা মাত্র। সেই জন্য কবি বলিতেছেন যে তাঁহার শেষ-পূজারিণীর—

অসমাপ্ত পরিচয়, অসম্পূর্ণ নৈবেদ্যের থালি
নিতে হলো তুলে।

কিন্তু কবির প্রেয়সী লীলাসঙ্গিনী যাত্রা-সহচরী মরণের কূলে—ঠিক মরণ-মুহূর্তে—কবিকে দিয়া কিছু রচনা করাইয়া লইবার—কবিকে কবি বলিয়া বরণ করিয়া লইবার কোন আয়োজন কি করিয়া রাখেন নাই? আর, মরণের পরে মরণোত্তর কালে অন্য কোনো লোকে কবি যখন পুনর্জন্ম লাভ করিবেন, তখন কি সেখানে সেই নব-জীবনে তিনি আবার নূতন কবিতা রচনায় প্রবৃত্ত হইবেন? পূরবীর রাগিণী কি প্রভাতী ভৈরবীতে পরিণত হইয়া সেই জন্মের নীরবতার বক্ষে নব ছন্দের ফোয়ারা ছুটাইয়া দিবে?

১১ই জ্যৈষ্ঠ ১২৯৭, ২৪এ মে ১৮৯৯ সালে রবীন্দ্রনাথ প্রমথনাথ চৌধুরীকে এক পত্র লেখেন। সেই পত্রে তিনি তাঁহার কাব্যজীবনের একটা বিশ্লেষণ দিয়াছিলেন। তাহা হইতে 'শেষ পূজারিণী'র ভাবটি পরিষ্কার বুঝা যাইবে।

"আজকাল যে-সকল কবিতা লিখ্‌ছি, তা 'ছবি ও গান' থেকে এত তফাৎ যে আমি ভাবি আমার লেখার আর কোথাও পরিণতি হচ্ছে না, ক্রমাগতই পরিবর্তন চলেছে। আমি বেশ অনুভব করতে পারছি, আমি যেন আর-একটা পরিবর্তনের সন্ধিস্থলে আসন্ন অবস্থায় দাঁড়িয়ে আছি। এরকম আর কতকাল চল্‌বে তাই ভাবি। অবশেষে একটা জায়গা তো পাব, যেটা বিশেষরূপে আমারই জায়গা। অবিশ্রাম পরিবর্তন দেখ্‌লে ভয় হয় যে, এতকাল ধ'রে এতগুলো যে লিখ্‌লুম সেগুলো কিছুই হয় তো টিক্‌বে না—আমার নিজের যেটা চরম অভিব্যক্তি সেটা যতক্ষণ না আসে, ততক্ষণ এগুলো কেবল ভাবে আছে। বাস্তবিক, কোন্‌টা সত্যি কোন্‌টা মিথ্যে, কবে যে ধরা পড়বে তার ঠিক নেই। কিন্তু আমি দেখেছি, যদিও এক এক সময়ে সন্দেহের অন্ধকারে মন আচ্ছন্ন হ'য়ে যায়, এবং আমার পুরাতন সমস্ত লেখার উপরেই অবিশ্বাস জন্মে, তবু মোটের উপর মন থেকে এই আত্মবিশ্বাসটুকু যায় না যে, যদি যথেষ্টকাল বেঁচে থাকি, তা হ'লে এমন একটা দৃঢ় প্রতিষ্ঠাভূমিতে গিয়ে পৌঁছব, সেখান থেকে কেউ আমাকে স্থানচ্যুত করতে পারবে না।"

—সবুজপত্র, ১৩২৪; পৃষ্ঠা ৩৪৬-৪৭।

এই যে ক্রমাগত পরিবর্তনের মধ্যে দিয়া কবির শ্রেষ্ঠ এবং দৃঢ় প্রতিষ্ঠা-ভূমিতে যিনি কবিকে উত্তীর্ণ করিয়া আনেন, তিনিই কবির শেষ-পূজারিণী। সেই সর্বশ্রেষ্ঠ সৃষ্টি যে কবি করে কখন করিবেন তাহার তো নিশ্চয়তা নাই, তাহা মৃত্যুর মুহূর্তেও হইতে পারে। কাজেই সেই কবির অন্তর্যামী জীবন-দেবতা যিনি কবির লীলাসঙ্গিনী ও দোসর, তিনিই কবির শেষ-পূজারিণী।

লিপি

এই কবিতাটির আবির্ভাব সম্বন্ধে কবি স্বয়ং তাঁহার যাত্রী পুস্তকে পশ্চিম-যাত্রীর ডায়ারীর মধ্যে লিখিয়াছেন—

"৩ অক্টোবর, ১৯২৪। হারনা মারু জাহাজ। এখনো সূর্যও ওঠেনি। আলোকের অবতরণিকা পূর্ব আকাশে।......সূর্যোদয়ের এই আগমনীর মধ্যে ম'জে গিয়ে আমার মুখে হঠাৎ ছন্দে-গাঁথা এই কথাটা আপনি ভেসে উঠ্‌ল—

হে ধরণী, কেন প্রতিদিন
তৃপ্তিহীন
একই লিপি পড়ো বারে বার ?

"বুঝ্‌তে পার্‌লুম, আমার কোনো একটি আগন্তুক কবিতা মনের মধ্যে এসে পৌঁছবার আগেই তার ধুয়োটা এসে পৌঁছেছে।......

"সমুদ্রের দূর তীরে যে-ধরণী আপনার নানা-রঙা আঁচলখানি বিছিয়ে দিয়ে পুবের দিকে মুখ ক'রে একলা ব'সে আছে, ছবির মতো দেখ্‌তে পেলুম তার কোলের উপর একখানি চিঠি পড়্‌ল খ'সে কোন্ উপরের থেকে। সেই চিঠিখানি বুকের কাছে তুলে ধ'রে সে একমনে পড়্‌তে ব'সে গেল......।

"আমার কবিতার ধুয়ো বল্‌ছে, প্রতিদিন সেই একই চিঠি। সেই একখানির বেশি আর দরকার নেই সেই ওর যথেষ্ট। সে এত বড়, তাই সে এত সরল। সেই খানিতেই সব আকাশ এমন সহজে ভ'রে গেছে।

"ধরণী পাঠ করছে কত যুগ থেকে। সেই পাঠ-করাটা আমি মনে মনে চেয়ে দেখ্‌ছি। সুরলোকের বাণী পৃথিবীর বুকের ভিতর দিয়ে, কণ্ঠের ভিতর দিয়ে, রূপে রূপে বিচিত্র হ'য়ে উঠ্‌ল। বনে বনে হলো গাছ, ফুলে ফুলে হলো গন্ধ, প্রাণে প্রাণে হলো নিঃশ্বসিত। সেই সুন্দর, সেই ভীষণ; সেই হাসির ঝিলিকে ঝিকিমিকি, সেই কান্নার কাঁপনে ছলছল।

"এই চিঠি-পড়াটাই সৃষ্টির স্রোত,—যে দিচ্ছে আর যে পাচ্ছে, সেই দুজনের কথা এতে মিলেছে, সেই মিলনেই রূপের ঢেউ।......এতেই দুলে উঠ্‌ল সৃষ্টিতরঙ্গ, বিচলিত হলো ঋতু-পর্যায়,......যাকে চোখে দেখা যায় না, সেই উত্তাপ কখন মাটির আড়ালে চ'লে যায়; মনে ভাবি একেবারেই গেল বুঝি। কিছুকাল যায়, একদিন দেখি মাটির পর্দা ফাঁক ক'রে দিয়ে একটি অঙ্কুর উপরের দিকে কোন্-এক আর-জন্মের চেনা-মুখ খুঁজ্‌ছে। যে উত্তাপটা ফেরার হয়েছে ব'লে সেদিন রব উঠ্‌ল, সে তো মাটির তলায় অন্ধকারে সেঁধিয়ে কোন্ ঘুমিয়ে পড়া বীজের দরজায় ব'সে ব'সে ঘা দিচ্ছিল। এমনি ক'রেই কত অদৃশ্য ইসারায় উত্তাপ এক হৃদয়ের থেকে আর-এক হৃদয়ের ফাঁকে ফাঁকে কোন্ চোর-কোঠায় গিয়ে ঢোকে; সেখানে কার সঙ্গে কি কানাকানি করে জানিনে; তার পরে কিছুদিন বাদে একটি নবীন বাণী পর্দার বাইরে এসে বলে এসেছি।"

"……কালিদাস যে মেঘদূত কাব্য লিখেছেন সেটাও বিশ্বের কথা। নইলে তার এক প্রান্তে নির্বাসিত যক্ষ রামগিরিতে, আর-একপ্রান্তে বিরহিণী কেন অলকাপুরীতে? স্বর্গ মর্ত্যের এই বিরহই তো সকল সৃষ্টিতে। এই মন্দাক্রান্তা ছন্দেই তো বিশ্বের গান বেজে উঠ্ছে। বিচ্ছেদের ফাঁকের ভিতর দিয়ে অণু-পরমাণু নিত্যই যে-অদৃশ্য চিঠি চালাচালি করে, সেই চিঠিই সৃষ্টির বাণী। স্ত্রী-পুরুষের মাঝখানেও, চোখে-চোখেই হোক, কানে-কানেই হোক, মনে মনেই হোক, আর কাগজে-পত্রেই হোক, যে-চিঠি চলে, সেও ঐ বিশ্ব-চিঠিরই একটি বিশেষ রূপ।"

হে ধরণী, তুমি সমস্ত কিছু ধারণ করিবার জন্য প্রভাতের মর্মবাণীতে ভরা একই লিপি প্রতিদিন পাঠ করো কত সুরে—আলোকই তো নানা রূপ রস শব্দ গন্ধ স্পর্শ হইয়া উঠিতেছে।

বহু যুগ পূর্ব্বে নীহারিকার অস্পষ্টতা হইতে তোমার উদ্ভব হইয়াছে, অমর জ্যোতির মূর্তি সূর্য তোমার চক্ষের সম্মুখে প্রতিভাত হইল, তোমার বক্ষে তৃণরোমাঞ্চ হইল, পরম বিস্ময়ে পর্ব্বতের সু-উচ্চ চূড়ায় প্রভাতের প্রথম আলোক-সম্পাত হইল এবং তুমি তাহাকে বরণ করিয়া লইলে। আলোকের তাপে বায়ু সমীরিত হয়, বাতাসের প্রেরণায় সমুদ্র চঞ্চল হয় এবং বন মুখর হইয়া সন্‌সন্ শব্দ করিতে থাকে। একই আলোক বিশ্ব-চরাচরে জাগরণ আনিয়া দেয়।

আলোকের সেই প্রথম দর্শনের বিস্ময় ধরণীর এখনো কাটে নাই—ধরণীর ধূলি তৃণ-রূপ কণ্ঠস্বর তুলিয়া সেই আলোকেরই জয় ঘোষণা করে। সে বিস্ময় 'পুষ্প পর্ণে গন্ধে বর্ণে ফেটে ফেটে পড়ে।' আলোকই প্রাণের আকর। সেই প্রাণপ্রবাহে ক্রমাগত সৃজন ও প্রলয় খেলা করিয়া চলিয়াছে, রূপ হইতে রূপান্তর পরিগ্রহ হইতেছে মৃত্যু ধ্বংস প্রলয়; সেই বিস্ময় নূতনের সহিত মিলনের সুখের মধ্যে এবং পরিচিতের সঙ্গে বিচ্ছেদের দুঃখের মধ্যে এক আলোকেরই জয়গান করিতেছে।

ধরণী ও সূর্যের মাঝখানে 'আকাশ অনন্ত ব্যবধান'। এই ব্যবধান আছে বলিয়াই তো পরস্পরের মধ্যে এত মিলন-ব্যগ্রতা এত দেওয়া-নেওয়া। বিরহ আছে বলিয়াই তো লিপি লিখিতে হয়; মিলন থাকিলে তো পত্র-প্রেরণের আবশ্যকই থাকে না। নীল আকাশখানি যেন নীল কাগজ, এবং তাহাতে অগ্নির অক্ষরে তারকা দিয়া লেখা অমরাবতীর বার্ত্তা। (তুলনীয় জ্ঞানদাস বধৌলীর কবিতা, উৎসর্গের চিঠি কবিতার ব্যাখ্যা দ্রষ্টব্য।) বিরহিণী ধরণী সেই লিপিখানি বক্ষে ধারণ করে এবং তাহাকে শ্যামলতায় ভূষিত করে—

আলোকই ধরণীর বক্ষে উদ্‌ভিদ্ হইয়া উদয় হয়। সেই আলোক-লিপির বাক্যগুলিই ধরণী পুষ্পদলে রাখিয়া দেয়, পুষ্পের বুকের মধ্যে মধুবিন্দু করিয়া তুলে, পদ্মের রেণুর মাঝে গন্ধে পরিণত করে। প্রেম ও কবিত্বের সঙ্গে গোপনতার ও মৌনতার ঘনিষ্ঠ সম্বন্ধ—রূপদর্শনমুগ্ধা তরুণীর চোখের গোপন অন্ধকারে তাহার প্রিয়ের রূপচ্ছবিকে ধরণীই লুক্কায়িত করিয়া রাখে—আলোকই তো তাহার প্রিয়জনের রূপ হইয়া ফুটিয়া উঠে। সেই আলোক-লিপির বাণীই সিন্ধুর কল্লোলের কারণ, পল্লব-মর্মরের কারণ, এবং নির্ঝরের নিরন্তর ক্ষরণের কারণ।

সেই বিরহিণী ধরণী আলোক-লিপির যে উত্তর সৃষ্টির প্রথম হইতে লিখিতেছে, তাহা আর আজ পর্যন্ত শেষ হইল না,—কত কত রকমের উদ্‌ভিদের উদ্‌ভব হইল, বিলয় হইল, কত কত জীবের উৎপত্তি ও বিনাশ হইল, যুগে যুগে নব নব সৃষ্টির আর অন্ত নাই। ধরণী আলোকের উত্তরে যাহা এক যুগে সৃষ্টি করে, তাহা অন্য যুগে ধ্বংস করিয়া আবার নূতন সৃষ্টিতে মনোনিবেশ করে। যাহা তৈয়ারি করিতেছে তাহা যথেষ্ট উৎকৃষ্ট হইতেছে না মনে করিয়া ধরণী 'আত্মবিদ্রোহের অসন্তোষে' পুনঃপুনঃ সৃষ্টি এবং ধ্বংস—ধ্বংস এবং সৃষ্টি করিতেছে।

আলোক-লিপির ফলে ধরণী-বক্ষে যত শোভা আনন্দ প্রেম প্রকাশিত হইয়াছে ও হইতেছে, তাহাই কবি ও শিল্পীদের অন্তরে প্রবর্তনা জোগাইয়াছে—তাহারা যেন ধরণীর অন্তরের কথা অনুমানে বুঝিয়া তাহার হইয়া আলোক-লিপির জবাব লিখিতে চাহিতেছে। যেন একটি অল্পশিক্ষিতা তরুণী তাহার প্রিয়তমের পত্র পাইয়া খুব ভালো করিয়া উত্তর লিখিতে চেষ্টা করিতেছে; কিন্তু তাহার হাতের লেখা খারাপ হইতেছে, বর্ণাশুদ্ধি ঘটিতেছে, কথা তেমন কবিত্বময় হইতেছে না, এবং সে নিজের অক্ষমতায় অসন্তুষ্ট হইয়া পুনঃপুনঃ সেই লেখা চিঠি ছিঁড়িয়া ফেলিয়া, আবার নূতন করিয়া চিঠি লিখিতে প্রবৃত্ত হইতেছে, এবং সেই-সব ছেঁড়া-চিঠির টুক্‌রা ধরণীর স্তরে স্তরে ফসিল হইয়া জমিয়া উঠিতেছে। সেই অক্ষমা তরুণীর আগ্রহ দেখিয়া কবি ও শিল্পীরা দয়ার্দ্র হইয়া তরুণীর জবানী একখানি ভালো চিঠি লিখিয়া দিতে প্রয়াস পাইতেছে; কিন্তু তাহাও তাহাদের অথবা ধরণীর মনঃপূত হইতেছে না, কাজেই নব নব কবি ও শিল্পীর চেষ্টার আর বিরাম নাই। কবির চিত্ত যেন বাঁশী; নানা ভাবের প্রকাশ তাহার সুর; ধরণীর অব্যক্ত আকুতিই যেন কবি-চিত্তে সুর

হইয়া বাজিতেছে। ধরণীর এই প্রিয়তমের লিপির উত্তর দিবার আকুতিই কবির কাব্য-প্রতিভাকে অনুপ্রাণিত করিয়া তুলুক, কবিকে নূতন সৃষ্টির অনুপ্রেরণা জোগাক। ধরণীর সকল ঋতুর সকল সৌন্দর্যসম্ভার কবির ছন্দের দোলায় চাপিয়া বিরহিণী ধরণীর প্রিয়মিলন-দৌত্য যাত্রা করুক!

ধরণী বসুধা হইলেও মর্ত্য, অসম্পূর্ণ, নশ্বর; আর স্বর্গ শাশ্বত সম্পূর্ণ। যাহা অসম্পূর্ণ তাহার অন্তরে নিরন্তর ক্ষুধা জাগিয়া থাকে সম্পূর্ণ হইয়া উঠিবার। সেই যে উগ্র আকাঙ্ক্ষা আরো ভালো হইয়া উঠিবার, অনায়ত্তকে লাভ করিবার, গণ্ডীকে উত্তীর্ণ হইয়া অগ্রসর হইয়া অজানা রাজ্যে প্রবেশ করিবার, লব্ধ বিষয়ে অসন্তোষ প্রকাশ করিবার, তাহাই কবির চিত্তে সংক্রামিত হইয়া কবির বাণীকে জ্বালাময়ী করিয়া তুলুক।

বাতাস

এই কবিতাটি ১৩৩১ সালের চৈত্র-সংখ্যার বঙ্গবাণীতে ১৩৩ পৃষ্ঠায় প্রথম প্রকাশিত হয়।

বাতাস গোলাপকে, পাখীকে, অরণ্যকে বলিতেছে আমি তোমাদের কাছে তাঁহারই বাণী বহন করিয়া আনি যাঁহাকে তোমরা সকলে না বুঝিয়া খুঁজিতেছ—যিনি জগৎপ্রাণ, যিনি অনন্ত, যিনি অজানা, আমি সেই সীমাহীনের বাণী; আমি তাঁহার পূর্ণতার সুখ, অজানার আভাস তোমাদের বুকের কাছে পৌঁছাইয়া দিই।

পদধ্বনি

কবিকে যেমন তাঁহার জীবনদেবতা তাঁহার আরাম বিশ্রাম ছাড়াইয়া সন্ধ্যাকালে 'আবার আহ্বান' করিয়াছিলেন, তাঁহার শঙ্খ ধূলায় পড়িয়া থাকিতে দেখিয়া কবিকে অসময়ে আরাম বিশ্রাম ত্যাগ করিতে হইয়াছিল, এবারও তেমনি কবি অনুভব করিতেছেন যে, তাঁহার জীবনদেবতার পদধ্বনি তাঁহার মনের দ্বারে বাজিতেছে, এবং তাঁহাকে জিজ্ঞাসা করিতেছেন—

ভাঙিয়া স্বপ্নের ঘোর,
ছিঁড়ি মোর
শয্যার বন্ধন-মোহ, এ রাত্রি-বেলায়
মোরে কি করিবে সঙ্গী প্রলয়ের ভাসমান-খেলায় ?

কবি পূর্বেও বলিয়াছেন—

হবে হবে হবে জয়, হে দেবী করিনে ভয়,
হব আমি জয়ী। —অশেষ।

তেমনি এবারও বলিতেছেন—

ভয় নাই, ভয় নাই,
এ খেলা খেলেছি বারংবার
জীবনে আমার।

দোসর

কবির যিনি দোসর লীলাসঙ্গিনী যাত্রা-সহচরী জীবনদেবতা, তিনি কবির একক জীবনের চিরসঙ্গী; তিনি কবির সহিত কত ভাষায় কত ছলে কথা কহেন; তিনি তো ভুবনলক্ষ্মী হইয়া সকল বিশ্বশোভার ভিতর দিয়া কবিকে তাঁহার দিকে আহ্বান করেন। আজ জীবন-সায়াহ্নে কবি সেই দোসরকে সুস্পষ্ট মিলনে নিকটে দেখিতে চাহিতেছেন। যিনি এক অদ্বিতীয়, সেই একের সহিত একাকী কবির মিলন পূর্ণ হোক, কবির হৃদয়ের ভক্তি ও আত্মসমর্পণ তাঁহার দোসর নিজের হাতে তুলিয়া লউন—

দোসর ওগো, দোসর আমার, দাওনা দেখা
সময় হলে একার সাথে মিলুক একা।
নিবিড় নীরব অন্ধকারে রাতের বেলায়
অনেক দিনের দূরের ডাকা পূর্ণ করো কাছের খেলায়।
তোমার আমার নতুন পালা হোক না এবার
হাতে হাতে দেবার নেবার।

এই কবিতাটির সঙ্গে বলাকার 'ছবি' কবিতার ভাব-সাদৃশ্য আছে। কবি যে প্রথমা প্রিয়াকে একদিন ভালোবাসিয়া বিশ্বকে মধুর দেখিয়াছিলেন,

কত কবিতার প্রেরণা অনুভব করিয়াছিলেন, সেই প্রিয়াকে যদি ভুলিয়াই থাকেন, তবু তাঁহার জীবনে সেই প্রিয়ার আবির্ভাব তো ব্যর্থ হয় নাই, বরং কবিকে সেই আবির্ভাবই কবি করিয়া তুলিয়াছে। এই জন্য কবি ভুলিয়া-যাওয়া প্রেয়সীর কাছে কৃতজ্ঞ।

মৃত্যুর আহ্বান

১৯১২ সালে কবি যখন অসুস্থ শরীর লইয়া ইংলণ্ডে যাত্রা করিতেছিলেন তখন আমি অত্যন্ত আশঙ্কা প্রকাশ করিয়াছিলাম। তাহাতে কবি আমাকে সান্ত্বনা দিবার জন্য বলিয়াছিলেন—তোমার এতে আপত্তি কি? জানো তো রবি পশ্চিমেই অস্ত যায়। আর আমাদের দেশের চিরকালের ব্যবস্থাই এই যে, মৃত্যুর সময়ে কাহাকেও ঘরে পূরিয়া রাখা হয় না; তাহাকে মুক্ত প্রাঙ্গণে আকাশের তলে বাহির করিয়া রাখা হয়। যখন মানুষের জন্ম হয়, তখন সে আসে গৃহের কোলে গৃহের অতিথি হইয়া; আর যখন মৃত্যু আসে তখন সে অনন্তের যাত্রী। মৃত্যুর সময়ে ঘরের মধ্যে বন্দী হইয়া থাকিলে, ঘরের বস্তুর মমতা যাত্রায় বিঘ্ন ঘটায়—এই আমার ঘর, আমার বিছানা, আমার বাক্‌স, আমার আত্মীয়, আমার আমার আমার, চারিদিকে কেবল আমার। তখন মনে হয় যেন মৃত্যু আমাকে আমার সমস্ত বন্ধন হইতে জোর করিয়া ছিনাইয়া লইয়া যাইতেছে, ইহাতে আমার পরাভব ঘটিতেছে মৃত্যুর কাছে, আর যখন মরণোন্মুখ ব্যক্তি বাহিরে চলিয়া যায়, তখন তাহার মনে হয় সে মৃত্যুকে আগ বাড়াইয়া সাদরে অভ্যর্থনা করিয়া ডাকিয়া লইতে প্রস্তুত হইয়া যাত্রা করিয়াছে; সেখানে তাহার জয়, মৃত্যুর পরাভব।

এই ভাবটি এই কবিতার মধ্যে পরিব্যক্ত হইয়াছে। তাই কবি বলিয়াছেন—

মৃত্যু তোর হোক দূরে নিশীথে নির্জনে।

কারণ,—

মৃত্যু সে যে পথিকেরে ডাক।

দান

এই কবিতাটির সহিত খেয়ার শুভক্ষণ ও ত্যাগ কবিতার ভাব-সাদৃশ্য আছে। কাহাকেও কিছু দান করিতে হইলে কর্মফলের কোনো আশা না রাখিয়াই দান করা উচিত। ভগবানকেও আমাদের ভক্তি নিবেদন করিতে হইবে মনের মধ্যে বণিকবৃত্তি পোষণ করিয়া নহে, কোনো লাভের প্রত্যাশা রাখিয়া নহে। অহৈতুকী ভক্তি দান করিতে হইবে এবং তিনি তাহা গ্রহণ করিলেন কি না তাহার জন্য কোনো ভাবনা রাখিলে চলিবে না। প্রিয়জনকে দিবার মতন মূল্যবান্ সামগ্রী জগতে কি বা আছে; কাজেই কেবল গ্রহণ করার মূল্যই দানকে মূল্যবান্ করিয়া তোলে। শ্রীকৃষ্ণ বিদুরের খুদ খাইয়াছিলেন, দ্রৌপদীর শাক-কণিকা খাইয়াছিলেন, সুদামার খুদ সাদরে গ্রহণ করিয়াছিলেন; তাই সেই সমাদরে ঐ সামান্য বস্তু মহামূল্য হইয়া উঠিয়াছিল যাহারা তাহা দিয়াছিল তাহাদের নিকটে।

তুলনীয়—

বঁধুর কাছে আসার বেলায়
গানটি শুধু নিলেম গলায়,
তারি গলার মাল্য ক'রে
করব মূল্যবান্।

গীতমাল্য, ৬১ নম্বর।— গীতবিতান, ৪৩৯ পৃষ্ঠা।

প্রভাত

এই কবিতাটিতে মনোহর কবিত্ব প্রকাশিত হইয়াছে। প্রভাতের স্বর্ণসুধা-ঢালা বুকে কবি অবকাশ যাপন করিতেছেন; তাঁহার চারিদিকে পুষ্পের ফোয়ারা, তৃণের লহরী, সৌরভের স্রোত বহিয়া যাইতেছে, এবং সেই 'জন্ম-মৃত্যু-তরঙ্গিত রূপের প্রবাহ' কবির বক্ষস্থল স্পন্দিত করিতেছে—বিশ্বনিখিলের সম্মিলিত আনন্দস্বর যেন কবি নিজের প্রাণের মধ্যে শুনিতেছেন, এবং

এই স্বচ্ছ উদার গগন
বাজায় অদৃশ্য শঙ্খ শব্দহীন সুর।
আমার নয়ন মনে ঢেলে দেয় সুনীল সুদূর।

কবির সেই চিরপ্রিয় সুদূরের অনুভব তাঁহার নয়নে মনে তিনি প্রভাত-আলোকে পাইতেছেন।

অন্তর্হিতা

এই কবিতাটির সঙ্গে খেয়ার আগমন কবিতার নিকট ভাব-সাদৃশ্য রহিয়াছে। কবি বার বার বলিয়াছেন—

হৃদয়-দুয়ার বন্ধ দেখিয়া ফিরিয়া যেয়ো না প্রভু।

তবু তো অনেক সময়ে তাঁহার জীবনদেবতা হতাশ হইয়া ফিরিয়া গিয়াছেন। সারারাত্রি সেই অভিসারিকা বন্ধ দ্বারের বাহিরে অপেক্ষা করিয়া চলিয়া গিয়াছেন

ভোরের তারা পূব-গগনে যখন হলো গত
বিদায়-রাতির একটি ফোঁটা চোখের জলের মতো

যখন সেই অভিসারিকা অন্তর্হিতা হইয়া চলিয়া গিয়াছে, তখন কবি অসময়ে সঙ্কল্প করিতেছেন—

আজ হতে মোর ঘরের দুয়ার
রাখ্‌ব খুলে রাতে।
প্রদীপখানি রইবে জ্বালা
বাহির জানালাতে।

তুলনীয়—

Three wives sat up in the lighthouse tower,
And they trimmed the lamps as the sun went down.
—Kingsley, *Three Fishers.*

প্রভাতী

চপল ভ্রমর কবির কাব্য-শতদলের মধুপ, দরদী সমঝ্‌দার। স্রষ্টার সৃষ্টি তখনই সার্থক হয়, যখন তিনি একজন রসজ্ঞ মরমী সমঝ্‌দার পান। কবি ও শিল্পী চাহেন রসজ্ঞের রসানুভব ও সমাদর।

কবির কাব্য-শতদল ভ্রমরকে আহ্বান করিতেছে, প্রভাত শীঘ্রই সন্ধ্যার অন্ধকারে আবৃত হইয়া যাইবে, তাহার আগে সময় থাকিতে থাকিতে শতদলের মর্মকোষের মধুসঞ্চয় সার্থক করিতে হইবে

শতদল প্রস্ফুটিত হইবার আগে তাহাকে কিছুদিন কোরক অবস্থায় অপ্রকাশের দুঃখ সহ্য করিতে হয়। আজ তাহার সেই গোপনে কাঁদার সময় উত্তীর্ণ হইয়া গিয়াছে, নিখিল ভুবন প্রকাশের আনন্দে মাতোয়ারা হইয়াছে।

গগন যেন একটি নীল পদ্ম, শতদল পদ্ম; তাহার আহ্বানে সোনার ভ্রমর সূর্য তাহার বুকে আসিয়া জুটিয়াছে। গগনের মতন কবির চিত্ত-শতদলও প্রভাত-আলোকে বিকশিত হইয়া উঠিয়াছে, সেও তার রূপ রস গন্ধ লইয়া রসজ্ঞ সমঝ্‌দারের প্রতীক্ষায় আছে।

চিত্তে কোনো ভাব সঞ্চিত হইলে, তাহা প্রকাশের জন্য ব্যগ্রতা জন্মে। কবির চিত্ত জাগ্রৎ হইয়াছে। কবি তাঁহার কাব্যের মর্মজ্ঞকে ডাকিয়া বলিতে-ছেন—তুমি এস, এবং আসিয়া সেই ভাব-সম্পদের রসাস্বাদ করো, তুমি না আসিলে আমার সকল আয়োজন ব্যর্থ হইবে।

অনুকূল অকৃপণ মাহেন্দ্রক্ষণ আসিয়াছে, তুমি এখন কৃপণ হইয়া দূরে থাকিয়ো না। আমার মন বিলাইয়া দিবার জন্য আমি প্রস্তুত হইয়া আছি, আমার মনের সমস্ত মাধুরী আমি উজাড় করিয়া তোমাকে বিলাইয়া দিব, তুমি আসিয়া গ্রহণ করিলেই হয়।

তুলনীয়—চিত্রা।

এই কবিতাটির ছন্দের মধ্যে কবি-চিত্তের আনন্দ-আহ্বান যেন আন্দোলিত হইয়া উঠিয়াছে।

তৃতীয়া ও বিরহিণী

কবি তাঁহার পৌত্রীকে সম্বোধন করিয়া এই দুইটি স্নেহসিক্ত রঙ্গভরা কবিতা লিখিয়াছেন।

কঙ্কাল

কবি একটা পশুর কঙ্কাল দেখিয়া মনে করিতেছেন যে, পশুর মৃত্যুর সঙ্গে সঙ্গে সব ফুরাইয়া যায়। কিন্তু মানুষের, বিশেষ করিয়া কবির, জীবন তো মৃত্যুর দ্বারা নিঃশেষ হয় না—তিনি যাহা ভাবেন, জানেন, অনুভব করেন; তাহা তো কেবলমাত্র নশ্বর দেহের সঙ্গেই বিনষ্ট হইবার সামগ্রী নহে—তাহা তো দুর্লভ চিরন্তন সামগ্রী, তাহা অপার্থিব—

যা পেয়েছি, যা করেছি দান,
মর্ত্যে তার কোথা পরিমাণ ?
আমার মনের নৃত্য কত বার জীবন-মৃত্যুরে
লঙ্ঘিয়া চলিয়া গেছে চির-সুন্দরের সুর-পুরে।

কবি যে রূপের পদ্মে অরূপ মধু পান করিয়া অমর হইয়াছেন, কাজেই তাঁহার দৃঢ় ধারণা—

নহি আমি বিধির বৃহৎ পরিহাস,
অসীম ঐশ্বর্য দিয়ে রচিত মহৎ সর্বনাশ।

বিধাতা যে কবিকে এত মানসিক ঐশ্বর্য দিয়া সৃষ্টি করিয়াছেন, তাহা তো কেবল দেহের সঙ্গে বিনষ্ট হইয়া যাইবার জন্য নহে।

অন্ধকার

আর কোনো কবি অন্ধকারের ঐশ্বর্যের এমন সন্ধান পাইয়াছেন কি না সন্দেহ। কবি তাঁহার নব-গীতিকা পুস্তকের একটি গানে বলিয়াছেন—

অন্ধকারের বুকের কাছে
নিত্য-আলোর আসন আছে,
সেথায় তোমার দুয়ারখানি খোলো !

গীতালিতে বলিয়াছেন—

অন্ধকারের উৎস হ'তে উৎসারিত আলো,
সেই তো তোমার আলো !

ইহার সহিত তুলনীয় গীতালি পুস্তকের যাত্রাশেষ কবিতা এবং ফাল্গুনী নাটক। ফাল্গুনীর অন্তরের কথা হইতেছে এই—শীত ও বসন্ত যেন অন্ধকার ও আলো,—শীতের শীর্ণতার মধ্যে বসন্তের ঐশ্বর্য ও প্রাচুর্য লুকাইয়া থাকে। অন্ধকারও তেমনি আলোকের সৃষ্টির ব্যথায় চঞ্চল। অন্ধকার যেন গর্ভিণী, আলোকসন্তানকে প্রসব করিবার ব্যথায় সে কম্পিত হইতেছে।

সৃষ্টির পূর্ববর্তী অন্ধকারের মধ্যে এই বিচিত্র আলোকময় অমর জগৎ প্রচ্ছন্ন ছিল, এমন কথা বেদ ও বাইবেল উভয়েই বলেন।

ন রাত্র্যা অহ্ন আসীৎ প্রকেতঃ।
তম আসীৎ তমসা গূঢ়ম্ অগ্রেঽপ্রকেতম্। —ঋগ্বেদ, ১০।১২৯।

প্রথমে রাত্রি ও দিনের প্রভেদ ছিল না। সর্বপ্রথমে অন্ধকারের দ্বারা অন্ধকার আবৃত ছিল।

.. .and darkness was upon the face of the deep ..And God said Let there be light, and there was light. —Bible, Genesis, I. 2. 3.

And the light shineth in darkness ; and the darkness comprehended it not. —Bible, St. John, I. 5.

অন্ধকার হইতেই দিন তাহার শক্তির উৎস সংগ্রহ করিয়া প্রভাতের আলোকে নূতন বেশে দেখা দেয়; সৃষ্টির প্রারম্ভ হইতে এই চিরন্তন রহস্য চলিয়া আসিতেছে। "আঁধারের আলোক-ভাণ্ডার" দিনের খাদ্য জোগাইতে কখনো পরাঙ্মুখ হয় না; কারণ, একের অভাবে অন্যটি অসম্পূর্ণ—ইহারা পরস্পর পরস্পরের পরিপূরক। তুলনীয়—

......শুনিলাম নক্ষত্রের রন্ধ্রে রন্ধ্রে বাজে
আকাশের বিপুল ক্রন্দন; দেখিলাম শূন্য-মাঝে
আঁধারের আলোক-ব্যগ্রতা। —পূরবী, সমুদ্র।

প্রকৃতির এই অন্ধকারের লীলার সঙ্গে কবির প্রত্যক্ষ যোগ আছে। অন্ধকার যেমন দিনকে প্রাণ-শক্তিতে সঞ্জীবিত করে, তেমনি কবিকেও প্রাণ-শক্তিতে উদ্‌বুদ্ধ করিয়া তুলে। তুলনীয়—কল্পনায় রাত্রি।

কবি অন্ধকারকে বলিতেছেন নিগূঢ় সুন্দর অন্ধকার। কবি শেলীও অন্ধকারকে সুন্দর ভীষণ দেখিয়াছেন—

Thou wovest dreams of joy and fear.
Which make thee terrible and dear.
—Shelley, *To Night*.

উদয়াচলের পশ্চাতে এবং অস্তাচলের পশ্চাতে অন্ধকারের অবিচ্ছিন্ন আসন বিছানো রহিয়াছে। সেই অন্ধকারের গর্ভ হইতে প্রভাতালোকের জন্ম হয়, যেন শুভ্র শঙ্খের মঙ্গলধ্বনি জগৎকে জাগ্রৎ করিতে ছুটিয়া চলিয়াছে। সেই আলোক মানুষের জন্ম মাত্র চক্ষে প্রতিভাত হয় এবং তাহার সমস্ত চিন্তা ভাবনা কামনার উপর প্রভা বিস্তার করিয়া তাহার কর্মৈষণা জাগ্রৎ করে।

প্রকাশের পূর্ববর্তী ধ্যানের নিস্তব্ধতা কবির চিত্তকে অশেষের পথে তীর্থযাত্রা করাইয়া লইয়া চলিয়াছে।

কবি সুদীর্ঘ জীবনের অবসানে ক্লান্তি অপনোদনের জন্য সেই অন্ধকারের দ্বারে আসিয়া বিশ্রাম প্রার্থনা করিতেছেন, নব উদ্যমে আবার কর্মে সৃষ্টিতে

প্রবৃত্ত হইতে পারিবেন বলিয়া,—যেমন করিয়া সমস্ত দিনের পরিশ্রমে ক্লান্ত রবি অন্ধকারের মধ্যে প্রবেশ করিয়া তরুণ অরুণ রূপে প্রভাতে পুনঃপ্রকাশিত হয়।

দিনের আলোকের আন্দোলনে চিত্ত চঞ্চল হইয়া থাকে; তখন জীবনের উদ্দেশ্যের উদ্দেশ পাওয়া যায় না। এখন অন্ধকারের গভীরতার মধ্যে ধ্যানে নিমগ্ন হইয়া নিঃশব্দ গূঢ়তার মধ্যে অবগাহন করিয়া, আলোকের প্রকাশ-সম্ভাবনার ন্যায় নিজের সমস্ত সৃষ্টি-সম্ভাবনা কবি জানিয়া লইতে চাহিতেছেন—তিনিও পুনর্বার তারুণ্য লাভ করিয়া নির্মলা প্রশান্তি লাভ করিবেন।

কবি জীবনে অনেক খ্যাতি প্রশংসা পাইয়াছেন; সে-সকল তাঁহার জীবন-শেষে তুচ্ছ বলিয়া বোধ হইতেছে, তাহা অসীম অন্ধকার অনন্তের যোগ্য উপহার নহে।

দিনের আলোকে কাজের ভিড়ে ভালো-মন্দ সত্য-মিথ্যার মাঝে ভেদ রেখা টানা যায় না। বেলা-শেষে কার্য-অন্তে অন্ধকারাচ্ছন্ন মৌন মুহূর্তগুলিতে যখন সকল কাজের স্বরূপ জানা যায়, তখন কবি দেখেন যে, দিবসের চাঞ্চল্যের মধ্যে যাহাকে খাঁটি বলিয়া মনে হইয়াছিল তাহা মেকি মাত্র। কিন্তু তাহাতেও কবি ক্ষুণ্ণ নহেন; কবি অনায়াসে বলিতেছেন—'সে বোঝা ফেলিয়া যাব পিছে।' যশ মান গর্ব ইত্যাদি বহু মিথ্যা সত্যের ছদ্মবেশে কবিকে ভুলাইবার জন্য আসে; কিন্তু অন্ধকারের কষ্টিপাথরে—অনন্ত কালের পরীক্ষায় তাহাদের স্বরূপ ধরা পড়িয়া যায়; তাহারা যে চিরন্তন নহে, তাহারা যে অল্পপ্রাণ, তাহা ধরা পড়িয়া যায়। কিন্তু সেই-সব মেকি জিনিস ছাড়াও কবির এমন কিছু সঞ্চয় আছে যাহা চিরন্তন সত্য অম্লান অমূল্য—তাঁহার যাত্রা-সহচরী কবি-প্রতিভা অকারণে কেবল ভালোবাসার টানে তাঁহার হাতে যে ভালোবাসার দান দিয়াছিল, তাহা তো এই জীবনান্ত-কাল পর্যন্ত অম্লান বিরাজে—সেই কবিত্ব-শক্তি মাধবী-মঞ্জরীর মতো তাঁহার চিত্ত-কুঞ্জে আজও অম্লান বিরাজে—তাহা অতি পুরাতন হইলেও, তাহা যেন সদ্যোজাত তাজা রহিয়াছে,—প্রভাতের শিশিরসিক্ত সরসতা যেন এখনো তাহার গায়ে লাগিয়া রহিয়াছে। কবির ইহজন্মের সেই অকারণে পাওয়া সুন্দর দান চিরন্তন অন্ধকারের থালায় তিনি রাখিয়া যাইবেন, এবং তাহা সমস্ত অক্ষয় নক্ষত্রলোকের মাঝে নক্ষত্রের ন্যায়ই অক্ষয় উজ্জ্বল হইয়া দীপ্যমান থাকিবে।

অন্ধকার পরিবর্তন-রহিত একটানা, তাই সে নিত্য নবীন। অন্ধকারের ন্যায় ধ্যানস্তব্ধতা হইতে কবির সুরের গানের কল্পনার কবিত্বের ফুল আলোকে

প্রকাশের জন্য কবে কোন্ দিন যাত্রা করিয়া বাহির হইয়াছে তাহার তো কোনো নির্ণয় নাই। কবি একদিন জীবনের মধ্যে সচেতন হইয়া দেখিলেন যে, তিনি কবিত্ব-শক্তি লাভ করিয়া কবি হইয়া গিয়াছেন। সেই প্রাণের কবিত্বকে এবং সত্যকে কবি কখনও প্রকাশের মোহে, প্রশংসার লোভে ম্লান হইতে দেন নাই; তিনি সেই অম্লান উপহার আনিয়া চিরন্তনকে সম্প্রদান করিতেছেন।

কবি বলিতেছেন যে অন্ধকারই হইল সমস্ত সৃষ্টির ভাণ্ডার, সকল বস্তুর চরম পরিণতি তাহারই মধ্যে—কবির কবিত্ব-শক্তিরও জন্ম মৌনতার ধ্যানের অন্ধকারে। তুলনীয়—"কল্পনায়" 'রাত্রি' কবিতা। কবির কবিত্বের মধ্যে যে কতখানি অন্ধকার ধ্যান-স্তব্ধতার প্রভাব ও আনন্দ নিহিত রহিয়াছে, তাহা তো কবি এত দিন প্রকাশের আগ্রহে চিন্তা করিয়া দেখেন নাই। কিন্তু কবি আজ উপলব্ধি করিতেছেন যে—অন্ধকার অবসান নহে, তাহা একটা নূতন আরম্ভের সূচনা, এবং সমস্ত আরম্ভের চরম আধার। কবির প্রাণের খাদ্য ও রস জোগায় অন্ধকার তাহার মৌনতায় ডুবাইয়া এবং একাগ্রতা জাগ্রৎ করিয়া। সেই জন্য অন্ধকারের সঙ্গে কবির প্রাণের সম্বন্ধ অতি নিবিড় ও ঘনিষ্ঠ—কবিত্বের সঙ্গে মৌনতার অবিচ্ছেদ্য সম্বন্ধ; কবিত্ব দিনের আলো কাজের ভিড় সহিতে পারে না।

বসন্তের দান

কবির যে-সমস্ত পুরাতন রচনা পূর্বের কোনো বইয়ে স্থান পায় নাই, তাহা এই পুস্তকের পরিশেষে সংগ্রহ করা হইয়াছে, সেই পরিশিষ্ট বিভাগের নাম রাখা হইয়াছে 'সঞ্চিতা'।

বসন্তের দান কবিতাটি রবীন্দ্রনাথ কবি প্রিয়নাথ সেনকে সম্বোধন করিয়া লিখিয়াছিলেন। প্রিয়নাথ সেন "প্রদীপ" পত্রে একটি সনেট লিখিয়াছিলেন তাহার প্রথম লাইন ছিল—

"অচির বসন্ত হায়, এল, গেল চ'লে।"

রবীন্দ্রনাথ সেই প্রথম লাইনটি দিয়া নিজের সনেট আরম্ভ করিয়া কবি-বন্ধুকে প্রশ্ন করিয়াছেন—

"এবার কিছু কি কবি করেছ সঞ্চয়?"

শিবাজী উৎসব

১৩১১ সালের ভাদ্র মাসে ১৯০৪ খৃষ্টাব্দে সখারাম গনেশ দেউস্কর নামক মহারাষ্ট্রী-বাঙালীর উদ্‌যোগে অনুষ্ঠিত শিবাজী-উৎসব-উপলক্ষ্যে রবীন্দ্রনাথ "শিবাজী-উৎসব" কবিতা রচনা করেন এবং তাহা "শিবাজীর দীক্ষা" নামক পুস্তিকায় ও "বঙ্গদর্শনে" ছাপা হয়। এই কবিতায় দেশের বীরকে শ্রদ্ধা নিবেদন করা হইয়াছে।

নমস্কার

"নমস্কার" কবিতাটি অরবিন্দ ঘোষকে উদ্দেশ করিয়া লেখা। দেশের দুর্দিনে প্রেস আইনের কঠোর শাস্তির ভয়ে যখন দেশে অপর সকল লোকের কণ্ঠরোধ হইয়া গিয়াছিল, তখন অরবিন্দ 'বন্দে মাতরম্' পত্রিকা প্রকাশ করিয়া নির্ভীকভাবে দেশের অভাব অভিযোগ মর্মবেদনা ও ন্যায়সঙ্গত দাবী প্রচার করেন এবং প্রবল রাজপুরুষের সকল প্রকার অন্যায়ের তীব্র প্রতিবাদ করেন। ইহাতে অরবিন্দকে অভিযুক্ত হইতে হয়। অরবিন্দের সেই নির্ভীক তেজস্বিতায় মুগ্ধ হইয়া কবি লিখিয়াছিলেন—

অরবিন্দ, রবীন্দ্রের লহ নমস্কার।
হে বন্ধু, হে দেশ-বন্ধু, স্বদেশ-আত্মার
বাণী-মূর্তি তুমি।

এই কবিতাটি ৭ই ভাদ্র ১৩১৪, ২৪ আগস্ট ১৯০৭ তারিখে রচিত হয় ও ১৩১৪ ভাদ্র মাসে "বঙ্গদর্শনে" প্রকাশিত হয়।

নটীর পূজা

ইহা নাটিকা। ১৩৩৩ সালের বৈশাখ মাসের "মাসিক-বসুমতী" পত্রিকায় সম্পূর্ণ একেবারে প্রকাশিত হয়, পরে পুস্তকাকারে প্রকাশিত।

মগধের মহারাজ অজাতশত্রুর সময়ের বৌদ্ধকাহিনী—কিছু কাল্পনিক, কিছু ঐতিহাসিক। মহারাজ বিম্বিসার পিতার বৈদিক ধর্মকে পরিত্যাগ করিয়া বৌদ্ধধর্ম অবলম্বন করেন। মহারাণী লোকেশ্বরীও সেই ধর্ম্মের প্রতি অত্যন্ত ভক্তিমতী হইয়াছিলেন। বৌদ্ধধর্ম্ম মহারাজ বিম্বিসারকে নির্লোভ ক্ষমাশীল বিষয়-বাসনায় উদাসীন করিয়া তুলিয়াছিল। তাই যখন তিনি জানিতে পারিলেন যে, তাঁহার পুত্র অজাতশত্রু পিতার রাজ্যের প্রতি লোলুপ হইয়া উঠিয়াছেন, তখন তিনি স্বেচ্ছায় পুত্রকে রাজ্য ছাড়িয়া দিয়া, রাজপ্রাসাদ ছাড়িয়া অন্যত্র রাজ্যের একান্তে বাস করিতে চলিয়া গিয়াছিলেন। মহারাণী লোকেশ্বরীর পুত্র চিত্র বৌদ্ধধর্ম গ্রহণ করিয়া ভিক্ষু হইয়া রাজগৃহ ত্যাগ করিয়া চলিয়া গিয়াছেন, পিতা-মাতার প্রদত্ত নাম পর্যন্ত ত্যাগ করিয়া কুশলশীল নাম গ্রহণ করিয়াছেন। মহারাণী লোকেশ্বরী রাজকুলবধূ; তাঁহার যে দেবতায় ভক্তি তাহা ঐহিক সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য। পতিপুত্রে বঞ্চিতা হইয়া বুদ্ধদেবের ধর্মের উপর বীতরাগ হইয়া উঠিয়াছেন বাহিরে; কিন্তু মন হইতে বুদ্ধদেবের প্রভাব কিছুতেই বিদূরিত করিতে পারিতেছেন না। তাই তিনি বলিলেন—ভিতরে উপাসিকা আছে, সে ভিতরেই থাক; বাইরে আছে নিষ্ঠুরা, আছে রাজকুলবধূ, তাকে কেউ পরাস্ত করতে পারবে না। লোকেশ্বরী বৌদ্ধধর্মের বিরুদ্ধে বিদ্রোহিণী হইয়া উঠিলেন।

অজাতশত্রু রাজা হইয়া বৌদ্ধধর্মের প্রভাব প্রতিরোধ করিবার জন্য বুদ্ধদেবের প্রতিস্পর্ধী দেবদত্তকে গুরু স্বীকার করিয়া দেবদত্তের কাছে দীক্ষা লইয়াছেন এবং মহারাজ বিম্বিসার রাজোদ্যানের অশোকতরুতলে যে বেদিকায় প্রভু বুদ্ধকে বসাইয়া পূজা করিয়াছিলেন, দেবদত্তের প্ররোচনায় সেই আসন ভগ্ন করিয়াছেন। মহারাণী লোকেশ্বরীও পরমকারুণিক বুদ্ধদেবের নামের বদলে মন্ত্র গ্রহণ করিয়াছেন নমো বজ্রক্রোধডাকিন্যৈ, নমঃ শ্রীবজ্রমহাকালায়, নমঃ পিনাকহস্তায়। কিন্তু তাঁহার মনের মধ্যে থাকিয়া থাকিয়া

ভাসিয়া উঠে—ওঁ নমো বুদ্ধায় গুরবে, নমঃ সঙ্ঘায় মহত্তমায়। মহারাজ অজাতশত্রু কিন্তু বৌদ্ধ ও দেবদত্তের শিষ্যদের উভয় দলকেই সন্তুষ্ট রাখিবার অসাধ্য-সাধনে ব্যস্ত—"উনি রাজ্যেশ্বর, তাই ভয়ে ভয়ে সকল শক্তির সঙ্গেই সন্ধির চেষ্টা। বুদ্ধশিষ্যের সমাদর যখন বেশি হ'য়ে যায়, অমনি উনি দেবদত্ত-শিষ্যদের ডেকে এনে তাদের আরো বেশি সমাদর করেন। ভাগ্যকে দুই দিক্ থেকেই নিরাপদ্ করতে চান।" যেমন চাহেন আমাদের দেশের বর্তমান গভর্ণমেণ্ট্ হিন্দু-মুসলমান উভয় দলকে হাতে রাখিয়া নিজের কার্যোদ্ধার করিতে। কিন্তু মহারাণী লোকেশ্বরী অজাতশত্রুর এই দ্বিধাভরা মিথ্যাচার সহ্য করিতে পারেন না; তিনি বলেন—"আমার ভাগ্য একেবারে নিরাপদ্। আমার কিছুই নেই, তাই মিথ্যাকে সহায় করবার দুর্বলবুদ্ধি ঘুচে গেছে।" ইহা তো প্রভু বুদ্ধদেবেরই মহাধর্মের মূল কথা, লোকেশ্বরীর জীবনে বুদ্ধদেবের শিক্ষার বিজয়ের পরিচায়ক; যাহার কোথাও কিছু আসক্তি নাই সেই তো সত্যকে স্বীকার করিতে পারে।

রাজবাড়ীর মধ্যে যখন এইরূপ দুই বিরুদ্ধ ভাবের দ্বন্দ্ব চলিতেছে, তখন সেখানে আছে এমন একজন যাহার বুদ্ধদেবের প্রতি অবিচলিত ভক্তি—সে রাজবাড়ীর নটী শ্রীমতী। শ্রীমতীর অবিচলিত নিষ্ঠা দেখিয়া রাজার অন্তঃ-পুরিকারা কেহ বা তাহাকে বিদ্রূপ করে, কেহ বা তাহাকে ভয় করে, কেহ বা তাহাকে মনে মনে শ্রদ্ধা করে। আর শ্রীমতীর পার্শ্বে আসিয়া জুটিয়াছে, গ্রাম্য বালিকা মালতী—যাহার ভাই ও প্রেমাস্পদ বাগ্‌দত্ত স্বামী ভিক্ষু হইয়া তাহাকে একাকিনী নিঃস্ব অবস্থায় ফেলিয়া গিয়াছে। সে তথাপি বুদ্ধদেবের প্রতি ও বৌদ্ধধর্মের প্রতি পরম শ্রদ্ধা হৃদয়ে লইয়া শ্রীমতীর কাছে আসিয়াছে, জীবনে সান্ত্বনা পাইবার আশায়, এবং বাহিরে সে দেখাইতেছে যে সে শ্রীমতীর কাছে নাচ শিখিতে আসিয়াছে, ভিক্ষুণী উৎপলপর্ণার কাছে তো সে শ্রীমতীর চরিত্রমাহাত্ম্য শুনিয়াছে।

শ্রীমতীর ধর্মনিষ্ঠা দেখিয়া তাহাকে সব চেয়ে উপহাস করে রাজমহিষী রত্নাবলী। সে বিদ্রূপ করিয়া বলিল—"অপেক্ষা করছি উদ্ধারের। মলিন মনকে নির্মল ক'রে এই শ্রীমতীর শিষ্যা হবার পথে একটু একটু ক'রে এগোচ্ছি।" ইহা শুনিয়া মহারাণী লোকেশ্বরী বলিয়া উঠিলেন—"এই নটীর শিষ্যা! শেষকালে তাই ঘটাবে, সেই ধর্মই এসেছে। পতিতা আসবে পরিত্রাণের উপদেশ নিয়ে।" বাস্তবিক তো সেই ধর্মই আসিয়াছে,—যাহারা

পতিতা তাহারা প্রভু বুদ্ধের পুণ্যপ্রভাবে পরিত্রাণ পাইয়া ধন্য হইয়াছে, তাহারাই তো ভালো করিয়া দিতে পারিবে পরিত্রাণের উপদেশ। বুদ্ধদেবের পুণ্য-প্রভাবে পতিতা অম্বপালী ও নটী শ্রীমতী আজ সাধ্বী হইয়াছেন; নাপিত উপালি, গোয়ালা সুনন্দ, পুক্কস সুনীত আজ সাধু স্থবির হইয়াছেন।

মহারাজ অজাতশত্রু রাজবাড়ীতে বুদ্ধপূজা নিষেধ করিয়া দিয়াছেন। ভিক্ষুণী উৎপলপর্ণা শ্রীমতীর উপর ভার দিয়া গেলেন সেই পূজা করিবার; এবং তিনি নিজে গেলেন নগরে পূজা করিতে। দেবদত্তের শিষ্যেরা উৎপলপর্ণাকে হত্যা করিল। শ্রীমতী রাজান্তঃপুরের রক্ষিণীদের নিষেধ না মানিয়া যে অশোকতরু-মূলে প্রভু বুদ্ধ একদিন বসিয়াছিলেন, তাহার সম্মুখে পূজা করিবার জন্য প্রস্তুত হইল। রাজমহিষী রত্নাবলী নটিকে এবং বুদ্ধদেবকে একসঙ্গে অপমান করিবার জন্য রাজার আজ্ঞা আনাইলেন যে, নটীকে বুদ্ধবেদীর সম্মুখে নৃত্য করিতে হইবে। শ্রীমতী তাহাতেই সম্মত হইল।

এ দিকে দেবদত্তের শিষ্যেরা প্রবল হইয়া উঠিয়া মহারাজ বিম্বিসারকে পথে হত্যা করিয়াছে। মহারাজ অজাতশত্রু পিতৃহত্যার জন্য অনুতপ্ত হইয়াছেন। কিন্তু রাজমহিষী রত্নাবলী তাহাতে বিচলিত নহেন, তিনি বলেন—"মহারাজ বিম্বিসার পিতার বৈদিক ধর্মকে তো বিনাশ করেছেন। সে কি পিতৃহত্যার চেয়ে বেশি নয়? ব্রাহ্মণেরা তো তখন থেকেই বলেছে, যে-যজ্ঞের আগুন উনি নিবিয়েছেন, সেই ক্ষুধিত আগুন একদিন ওঁকে খাবে।" অজাতশত্রু পিতার ও বুদ্ধভক্তের রক্তপাতে শঙ্কিত হইয়াছেন, পাছে বুদ্ধদেব তাঁহাকে অভিশাপ দেন—"মহারাজকে যেন আগুনের জ্বালা ধরিয়ে দিয়েছে। তিনি কোন্ একটা অনুশোচনায় ছট্‌ফট্ ক'রে বেড়াচ্ছেন।' তিনি দেবদত্তের শিষ্যদের আর সাম্‌লাইতে পারিতেছেন না, তিনি বৌদ্ধদের সাহায্য চাহিয়া পাঠাইয়াছেন। সকলে আশঙ্কা করিতেছে যে, মহারাজ বোধ হয় পূজা-বন্ধের আদেশ প্রত্যাহার করিবেন।

কাজেই রত্নাবলীর খুব তাড়াতাড়ি—তিনি শ্রীমতীকে পূজাবেদীর সম্মুখে নাচাইয়া বুদ্ধদেবের অপমান করিয়া ছাড়িবেন—"ও যেখানে পূজারিণী হ'য়ে পূজা কর্‌তে যাচ্ছিল, যেখানেই ওকে নটী হ'য়ে নাচ্‌তে হবে।"

শ্রীমতী নটীর বেশ ও প্রচুর অলঙ্কার পরিধান করিয়া নাচিতে আসিল। রক্ষিণীরা ও কিঙ্করীরা পর্যন্ত তাহাকে ধিক্‌কার দিতে লাগিল। কিন্তু শ্রীমতী শান্ত সমাহিত হইয়া আসিয়া নৃত্য আরম্ভ করিল। নটীর সেই নৃত্য হইয়া

উঠিল নতি, এবং তাহার গান হইয়া উঠিল বন্দনা। নটী নৃত্য করিতে করিতে তাহার সমস্ত বসন ভূষণ খুলিয়া খুলিয়া বেদীমূলে নিক্ষেপ করিতে লাগিল—তাহার নটীবেশের নীচে হইতে বাহির হইল ভিক্ষুণীর কাষায়বস্ত্র। রক্ষিণীরা তাহাকে এই পূজা হইতে নিবৃত্ত হইতে অনেক অনুরোধ করিল। কিন্তু রত্নাবলী রক্ষিণীদিগকে ভর্ৎসনা করিয়া বলিল—"রাজার আদেশ পালন করো।" রক্ষিণী শ্রীমতীকে অস্ত্রাঘাত করিল। শ্রীমতী আহত হইয়া পড়িয়া গেল। রক্ষিণীরা তাহার পায়ের ধূলা লইয়া তাহার কাছে ক্ষমা প্রার্থনা করিতে লাগিল। মহারাণী লোকেশ্বরী শ্রীমতীকে কোলে লইয়া বসিলেন এবং শ্রীমতীর ভিক্ষুণীর বস্ত্র মাথায় ঠেকাইয়া বলিলেন—"নটী, তোর এই ভিক্ষুণীর বস্ত্র আমাকে দিয়ে গেলি!"

এ দিকে মহারাজ অজাতশত্রু অনুতপ্তচিত্তে বুদ্ধদেবের করুণা ও ক্ষমা প্রার্থনা করিবার জন্য ভগবানের পূজা লইয়া কানন-দ্বারে আসিয়া উপস্থিত। কিন্তু তিনি শ্রীমতীর হত্যার সংবাদ শুনিয়া ভয়ে কম্পিত হইয়া উঠিলেন, তিনি ফিরিয়া গেলেন। নটী প্রাণ দিয়া, মান দিয়া ভগবান বুদ্ধদেবের পূজা সমাধা করিয়া গেল। নটীর পূজা জয়যুক্ত হইল।

ঋতু-উৎসব ও ঋতু-রঙ্গ

ঋতু-উৎসব প্রকাশিত হয় ১৩৩৩ সালে। ঋতু-রঙ্গ প্রকাশিত হয় ১৩৩৪ সালের পৌষ মাসের মাসিক-বসুমতী পত্রিকায়। দুইখানিই ষড়্ঋতুর সৌন্দর্যের বন্দনা। সৌন্দর্যলক্ষ্মীর পূজারী কবি ঋতু-পর্যায়ে মনের মধ্যে যে আনন্দ হিল্লোল অনুভব করেন তাহারই উল্লাস এই দুইখানি বই।

ঋতু-উৎসবের মধ্যে আছে—১। শেষ-বর্ষণ, ২। শারদোৎসব, ৩। বসন্ত, ৪। সুন্দর, ৫। ফাল্গুনী। বর্ষার শেষ হইতে বসন্তের শেষ পর্যন্ত পৃথিবীর উপর দিয়া যে সৌন্দর্যের ও আনন্দের প্লাবন বহিয়া যায়, তাহারই পাঁচটি তরঙ্গ এই পুস্তকে ধরা পড়িয়াছে ঐন্দ্রজালিক কবির মায়ায়।

কবির অনেক ঋতু-উৎসব-সম্বন্ধীয় পুস্তকের মধ্যে একজন রাজা থাকেন এবং একজন কবি থাকেন। রাজা হইতেছেন বৈষয়িক, আর কবি হইতেছেন সৌন্দর্যলক্ষ্মীর উপাসক। কবির আনন্দের ছোঁয়াচে রাজা বিষয়কর্ম ভুলিয়া প্রকৃতির সৌন্দর্যপূজায় মাতেন, এমন কি অর্থসচিব পর্যন্ত টাকার থলির ভার ভুলিয়া আনন্দে নৃত্য করেন। ঋতু-উৎসবগুলির অন্তরের কথাই এই। প্রকৃতির সহিত মানব-মনের মিলনেই বিশ্বের আনন্দোৎসব পূর্ণতা লাভ করে।

দ্রষ্টব্য—শারদোৎসব—রবীন্দ্রনাথ ঠাকুর, বিচিত্রা, ১৩৩৬ আশ্বিন। এই পুস্তকে শারদোৎসব-ব্যাখ্যা দ্রষ্টব্য।

রক্তকরবী

নাটক। ১৩৩১ সালের আশ্বিন মাসের প্রবাসীর অতিরিক্তাংশ-রূপে সমগ্র ছাপা হয়। পরে বই আকারে প্রকাশিত হয় ১৩৩৩ সালে।

কবি রবীন্দ্রনাথের বিরুদ্ধে একটি অভিযোগ আছে যে, তাঁহার কবিতা ও নাটক অস্পষ্টতার দোষে দূষিত। সেই অভিযোগ এই নাটকখানির বিরুদ্ধে যত বিঘোষিত হইয়াছিল, এমন আর অন্য কোন নাটকের এবং 'সোনার তরী' ছাড়া অন্য কোন কবিতার বিরুদ্ধে হয় নাই বোধ হয়। কোনো কবির কোনো কাব্য বুঝিতে না পারিলে তাঁহাকে অপরাধী করার পূর্বে নিজের বোধশক্তিটাকে একবার যাচাই করিয়া লওয়া ভালো। বেদান্তদর্শন বা কাণ্ট্-হেগেলের দর্শন অথবা বৈজ্ঞানিক আইন্‌স্টাইনের মতবাদ সাধারণ লোকের জন্য যেমন নয়, কোনো কোনো কবির কাব্যও তেমনি সাধারণের সহজবোধ্য হইতে নাও পারে। এই জন্য দোষারোপকারীদের মনে রাখা উচিত —রসের সন্ধান না পাইয়া খেজুর-গাছের গলায় কলসীটাকে ঝুলিয়া থাকিতে দেখিলে নিরর্থক বলিয়া মনে হওয়া কিছু আশ্চর্য নয়; কিন্তু কলসীটাই তো শেষ অর্থ নয়, তাহার অন্তরে যে রস সঞ্চিত আছে সেইটারই অর্থ যা-কিছু। রস না দেখিয়া লোকে কলসীর মানে খুঁজিয়া পায় না। এই নাটকেরও রসটুকুর সন্ধান পাইলে আর কোনো গোলমাল থাকে না। সেই রস হইতেছে নন্দিনী—তাহার নামেই আছে তাহার আসল পরিচয়।

এই নাটক লইয়া হৈচৈ হইয়াছিল বলিয়া বহু মনস্বী ব্যক্তি ইহার ব্যাখ্যা করিতে প্রবৃত্ত হইয়াছিলেন, এবং স্বয়ং কবিকেই নিজের কাব্য ব্যাখ্যা করিতে একাধিকবার আসরে নামিতে হইয়াছে। কবি রঙ্গ করিয়া বলিয়াছিলেন—

পরজন্ম সত্য হ'লে কি ঘটে মোর সেটা জানি,
আবার মোরে টান্‌বে ধ'রে বাংলা দেশের এ রাজধানী।

* * *

আমার হয়তো করতে হবে আমার লেখা সমালোচন!
আমার লেখার হব আমি দ্বিতীয় এক ধূম্রলোচন। —ক্ষণিকা, কর্মফল।

কিন্তু কবিকে আর পরজন্মের জন্য অপেক্ষা করিয়া থাকিতে হয় নাই; তাঁহাকে ইহজন্মেই সেই দুর্ভোগ ভুগিয়া লইতে হইয়াছে।

এই নাটকের বহু সমালোচনা বিচক্ষণ লোকে করিয়াছেন; সেই জন্য আমি ইহার কিঞ্চিৎ আভাষ মাত্র দিয়া নিরস্ত হইব।

রাজা প্রজাদের শোষণ করিতেছে, তাহার লোভের খোরাক জোগাইবার জন্য খনির কুলীরা সোনা তুলিতেছে। কুলীরা মানুষ হইয়াও কাহারও সঙ্গে যেন তাহাদের মনুষ্যত্বের সম্পর্ক নাই, তাহারা কেবল সোনা তুলিবার যন্ত্র-স্বরূপ, তাহাদের পরিচয় ৪৭ক্, ১৬৯ক মাত্র। ইহার দ্বারা জীবন পীড়িত হইতেছে, যন্ত্রবদ্ধতা (organisation) ও লোভে মনুষ্যত্ব ব্যথিত হইতেছে। জীবনের সম্পূর্ণ প্রকাশ হইতেছে প্রেম, এবং সুন্দর হইতেছে তাহার উপযুক্ত আবেষ্টন। পাথরে বাঁধা পাকা রাস্তার ভিতর দিয়াও ঘাস গজাইয়া উঠে—এইরূপে জীবন নিরন্তর জড়ের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। স্ত্রীলোকই হইতেছে জীবন, শ্রী, প্রেম, কল্যাণ, লক্ষ্মী। যে প্রয়োজন ধন-মান যশ-ক্ষমতার জন্য লোলুপ, সে জীবন শ্রী প্রেম কল্যাণকে পরিত্যাগ করে। কিন্তু নন্দিনী—সেই জীবন-শ্রী প্রেম-কল্যাণময়ী-লক্ষ্মী—লোভীকে লোভ ভোলায়, পণ্ডিতকে তাহার পাণ্ডিত্য ভোলায়। যন্ত্রবদ্ধ ব্যবস্থার দ্বারা যান্ত্রিকতাকে জয় করা যায় না, প্রেমের দ্বারাই প্রয়োজনের আবর্জনা, যান্ত্রিক যন্ত্রণা জয় করিতে হয়। যে নারী সম্পূর্ণতার আদর্শকে পরিব্যক্ত করিতেছে, সে সকলের মধ্যেকার সুপ্ত প্রাণকে জাগ্রত করে, প্রকাশ করে।

উর্বশী যেমন চিরন্তনী নারী, নারীত্ব,—নন্দিনী তেমনি আনন্দ-লহরীর প্রতিমূর্তি, সে প্রাণশক্তির প্রাচুর্য। সে কিশোরকে মুগ্ধ করে, পণ্ডিতকে ভুলায়, সকলকে চঞ্চল করে। রাজা যেমন করিয়া সোনা সংগ্রহ করিয়াছে, শক্তি লাভ করিয়াছে, তেমনি করিয়া সে নন্দিনীকেও পাইতে চায়—সে জানে কেবল মাত্র কাড়িয়া লওয়ার পাওয়া, হাতে স্পর্শ-দ্বারা অনুভবনীয়, tangible—কিছু পাওয়া। কিন্তু নন্দিনীকে সে কিছুতেই তেমন করিয়া পাইতেছে না। ইহাতে রাজার মনের ভিতেও নাড়া লাগিয়াছে। মোড়লকেও নন্দিনী বিচলিত করিয়াছে, কিন্তু মোড়লের প্রেম উৎপথগামী (perverse)—সে যাহাকে ভালোবাসে তাহার বিরুদ্ধতা করে, সেই বিরোধিতার মধ্য দিয়াই তাহার ভালো-লাগা প্রকাশ পায়। নন্দিনী কেনারামকেও প্রেম দিয়া কিনিয়াছে—কেনারামও বিচলিত হইয়াছে। যে নন্দিনী রাজার দরজায় ধাক্কা লাগাইতেছে, সেই সকলের হৃদয়ের দ্বারে ধাক্কা দিতেছে। অবশেষে জীবন হইতেছে জয়ী মৃত্যুর মধ্যে নিজের চরম ও পরম বলিদানের দ্বারা।

জীবনের শ্রেষ্ঠ অভিব্যক্তি ও প্রকাশ হইতেছে প্রেম, জীবনের শ্রেষ্ঠ অনুষঙ্গী হইতেছে প্রেম—জীবনের সঙ্গে প্রেমের পরিপূর্ণ সুসঙ্গতি। হিংসায় ও লোভে প্রেম ও জীবন বিচ্ছিন্ন হইয়া যায়, সুসঙ্গতি নষ্ট হয়,—রঞ্জন ও নন্দিনীর মধ্যে বিচ্ছেদ ঘটে। জীবন তাই নিরন্তর প্রেমকে সন্ধান করিয়া ফিরে এবং যন্ত্র চায় প্রেমকে বিনাশ করিতে।

বিসর্জন নাটকে যেমন দেখানো হইয়াছে প্রথা প্রেমকে বিনাশ করিতে উদ্যত হইয়াছিল বলিয়া প্রেম প্রথার বিরুদ্ধে বিদ্রোহী হইয়া দাঁড়াইল (প্রেমরূপিণী অপর্ণা যেমন জয়সিংহকে মন্দির ছাড়িয়া চলিয়া যাইতে প্ররোচনা দিয়া ডাক দিয়াছিল), তেমনি নন্দিনীও জালের পিছনে আবছায়া রাজাকে ডাক দিয়া বলিয়াছিল—বাহিরে চলিয়া আইস বদ্ধতার মধ্য হইতে।

রক্তকরবীর আরম্ভ লোককে আনন্দে ভুলাইয়া। যেমন কোন গাছ যদি বদ্ধ অবস্থায় থাকে, তবে যেদিকে ফাঁক পায় সেদিকে আলোকের জন্য ঝুঁকিয়া পড়ে, তেমনি লোকেরা নিজেদের নানা রকম বদ্ধতার মধ্যে আবদ্ধ ছিল, নন্দিনীকে দেখিয়াই সকলে বাঁচিবার জন্য তাহার দিকে ঝুঁকিয়া পড়িল। নন্দিনী যে ক্রমাগত ডাকিতেছে—এস; এস আমার দিকে, আমি তোমাদের মুক্তি দিব। এই যে ডাক, ইহা তো প্রাণের ও প্রেমের ডাক। কারাগার ভাঙ্গিল কি না তাহা বড় লক্ষ্য নয়, লক্ষ্য এই যে জীবন ও শ্রী অপরকে ডাক দিয়াছে বন্ধ হইতে বিমুক্ত হইয়া যাইতে।

চতুরঙ্গের দামিনীও ক্রমাগত এই কথা বলিয়াছে—সেও এই রকম প্রাণের ও প্রেমের প্রতিমূর্তি। গুরুর কাছে সবাই লুটাইতেছে, কিন্তু সেই গুরুকে অবজ্ঞা ও অগ্রাহ্য করিতেছে দামিনী। Concrete প্রাণ ও শ্রী তাহার দাবী লইয়া শচীশ বা বিশ্রীকে চাহিতেছে। বাধা দিতে দিতে একদিন বাধা ভাঙিয়া গেল।

কবির কথা সন্ন্যাসীর কথার একেবারে উল্টা। সন্ন্যাসী বলেন—কামিনী কাঞ্চন ত্যাগ করো। আর কবি বলেন—কামিনী না হইলে তোমাদের ভাবময়তা (abstraction)—রূপ-মোহের তম হইতে কে বাঁচাইবে? কাঞ্চন ত্যাজ্য, কারণ তাহা মানুষের সৃষ্টি, তাহা বন্ধন; কিন্তু কামিনী অত্যাজ্য, কারণ সে ভগবানের সৃষ্টি, সে কেবল ভাব হইতে, অবাস্তবতা হইতে মুক্তি দেয়। কাঞ্চন মানুষের নিজের হাতের গড়া শিকল; কিন্তু কামিনী—ভগবানের দেওয়া মুক্তির দূতী—প্রাণে প্রেমে রসে বিচিত্র।

রক্তকরবী রূপক-নাট্য বা সমস্যামূলক নাট্য নহে, ইহা গীতিনাট্য—Dramatic Lyric। ইহাতে সামাজিক সমস্যার উপরে সৌন্দর্যলক্ষ্মীর অধিষ্ঠান হইয়াছে—যেমন পটের উপরে চিত্র তাহাতে চিত্রটাই প্রধান হয়, পট নয়।

দ্রষ্টব্য—যাত্রী—রবীন্দ্রনাথ ঠাকুর, ২৭-৩১ পৃষ্ঠা। রক্তকরবী—রবীন্দ্রনাথ ঠাকুর, প্রবাসী, ১৩৩২ বৈশাখ, ২২ পৃষ্ঠা। রক্তকরবীর মর্মকথা—ভোলানাথ সেনগুপ্ত। রক্তকরবীর তিনজন—অন্নদাশঙ্কর রায়, বিচিত্রা, ১৩৩৪ ভাদ্র, ৩৪৯ পৃষ্ঠা। রক্তকরবী—নবেন্দু বসু, বিচিত্রা, ১৩৩৫ আষাঢ়, ১১১ পৃষ্ঠা। রক্তকরবী—মানসী ও মর্মবাণী, ১৩৩১ চৈত্র, ১৯৭ পৃষ্ঠা। রক্তকরবী—শিশিরকুমার মৈত্র, উত্তরা, ১৩৩৫ অগ্রহায়ণ, ১৭১ পৃষ্ঠা। রক্তকরবী—ক্ষেত্রলাল সাহা, ভারতবর্ষ, ১৩৩৩ শ্রাবণ, ভাদ্র, ১৩৩৫ আশ্বিন, অগ্রহায়ণ।

Red Oleanders—Jaygopal Banerjee, Calcutta Review, 1925 October, November ; 1920 February.

লেখন

বই লেখা সমাপ্ত হয় ২৫এ কার্ত্তিক, ১৩৩৩ সালে—৭ই নভেম্বর ১৯২৬। বইখানি মাত্র ৩৩ পৃষ্ঠার। সমস্ত কবিতা কবির নিজের হাতের লেখায় অস্‌ট্রিয়ার বুডাপেস্ট ছাপা। ইহাতে কবির নিজের হাতে লেখা ছোট ছোট কতকগুলি কবিতা আছে; এই কবিতাগুলি কণিকা জাতীয়। এই লেখন-গুলির রচনা আরম্ভ হয় চীনে জাপানে—পাখায়, কাগজে, রুমালে কবিকে কিছু লিখিয়া দিবার জন্য লোকের অনুরোধ হইতে ইহাদের উৎপত্তি। তাহার পরে দেশে ফিরিয়াও লোকের হস্তাক্ষর সংগ্রহের খাতায় কবিকে এই রকম লেখা অনেক লিখিতে হইয়াছে। এমনি করিয়া অনেক টুক্‌রা লেখা জমিয়া উঠে। এই কবিতাগুলির মধ্যে কণিকার কবিতার চেয়ে কবিত্ব আছে বেশি এবং তত্ত্ব আছে কম। এই কবিতাগুলির কবিত্ব ও তত্ত্ব ছাড়াও মূল্য হইতেছে, কবির নিজের হাতের লেখায় তাঁহার ব্যক্তিগত পরিচয়ে। ছাপার অক্ষরে কবিতার যে ব্যক্তিগত সংস্রবটি নষ্ট হইয়া যায়, কবির হাতের লেখায় ছাপা হওয়াতে সেই সংস্রবটি রক্ষিত হইয়াছে—কবির অন্যমনস্কতায় যে-সব ভুলচুক ঘটাতে অথবা মতি-পরিবর্তনে পদ-পরিবর্তন করাতে যে-সব কাটাকুটি কবি করিয়াছেন সেই-সমস্ত সুদ্ধ ছাপা হওয়াতে ইহার মধ্যে কবি-মনের পরিচয় অধিক পাওয়া যায়। কবিতাগুলির ইংরেজী অনুবাদও সঙ্গে সঙ্গে কবির নিজের হস্তাক্ষরে দেওয়া হইয়াছে। এই বই বিদেশে ছাপা হওয়াতে এদেশে দুর্লভ হইয়াছে। কতকগুলি কবিতা কলিকাতায় বই প্রকাশিত হওয়ার আগে ১৩৩৪ সালের ভাদ্র মাসের বিচিত্রা পত্রিকায় ছাপা হইয়াছিল। অতএব এদেশে এই বইয়ের প্রকাশের তারিখ উহার পরে।

এই বইয়ের উৎপত্তি এবং বিষয়বস্তুর পরিচয় কবি স্বয়ং দিয়াছেন ১৩৩৫ সালের কার্তিক মাসের প্রবাসী পত্রের ৩৮-৪০ পৃষ্ঠায়। কবি লিখিয়াছেন—

"যখন চীনে জাপানে গিয়েছিলেম, প্রায় প্রতিদিনই স্বাক্ষর-লিপির দাবী মেটাতে হ'ত। কাগজে, রেশমের কাপড়ে, পাখায় অনেক লিখ্‌তে হয়েছে।......দু-চারটি বাক্যের মধ্যে এক-একটি ভাবকে নিবিষ্ট ক'রে দিয়ে তার যে একটি বাহুল্য-বর্জিত রূপ প্রকাশ পেত, তা আমার কাছে বড় লেখার চেয়ে অনেক সময় আরো বেশি আদর পেয়েছে। আমার নিজের বিশ্বাস বড়

বড় কবিতা পড়া আমাদের অভ্যাস ব'লেই কবিতার আয়তন কম হ'লেই তাকে কবিতা ব'লে উপলব্ধি করতে আমাদের বাধে।······জাপানে ছোট কাব্যের অমর্য্যাদা নেই। ছোটর মধ্যে বড়কে দেখতে পাওয়ার সাধনা তাদের—কেননা তারা জাত্ আর্টিস্ট্—সৌন্দর্য-বস্তুকে তারা গজের মাপে বা সেরের ওজনে হিসাব করবার কথা মনেই করতে পারে না।··· এই-রকম ছোট ছোট লেখায় আমারি কলম যখন রস পেতে লাগল, তখন আমি অনুরোধ-নিরপেক্ষ হ'য়েও খাতা টেনে নিয়ে আপন মনে যা-তা লিখেছি, এবং সেই সঙ্গে পাঠকদের মন ঠাণ্ডা করবার জন্যে বিনয় ক'রে বলেছি—

আমার লিখন ফুটে পথ-ধারে
ক্ষণিক কালের ফুলে,
চলিতে চলিতে দেখে যারা তারে
চলিতে চলিতে ভুলে।

কিন্তু ভেবে দেখতে গেলে এটা ক্ষণিক কালের ফুলের দোষ নয়, চলতে চলতে দেখারই দোষ। যে জিনিসটা বহরে বড় নয়' তাকে আমরা দাঁড়িয়ে দেখিনে—যদি দেখতুম তবে মেঠো ফুল দেখে খুশি হ'লেও লজ্জার কারণ থাকত না। তার চেয়ে কুমড়া-ফুল যে রূপে শ্রেষ্ঠ তা নাও হ'তে পারে।

···ছোট লেখাকে যাঁরা সাহিত্য-হিসাবে অনাদর করেন তাঁরা কবির স্বাক্ষর-হিসাবে হয়তো সেগুলোকে গ্রহণ করতেও পারেন।···· ইংরেজি বাংলা এই ছুটকো লেখাগুলি লিপিবদ্ধ করতে বসলুম।······

কবি এই ক্ষুদ্র কবিতাকণিকাগুলির নাম দিয়াছেন কবিতিকা।

এই রকম কবিতায় ছোটর মধ্যে একটি ভাব সম্পূর্ণ ফুটিয়া উঠে এবং কবি নিজের মনকে সংযত করিয়া তাহাকে বড় করিবার চেষ্টা করিয়া ছোট করেন না বলিয়াই ইহারা প্রশংসার যোগ্য। ইহারা অলুব্ধ কবি-মনের সংযমের ও আর্টিষ্টিক বুদ্ধির পরিচায়ক। এই রকম অনেক লেখাই একেবারে নিরাভরণ বলিয়াই ইহার ভিতরকার সৌন্দর্য ও রস সুপরিস্ফুট হইয়া প্রকাশ পাইবার অবকাশ পায়। কবির নিজের কথাতেই ইহাদের সম্বন্ধে বলিতে পারা যায়—

কুন্দকলি ক্ষুদ্র বলি' নাই দুঃখ, নাই তার লাজ
পূর্ণতা অন্তরে তার অগোচরে করিছে বিরাজ।
বসন্তের বাণীখানি আবরণে পড়িয়াছে বাঁধা,
সুন্দর হাসিয়া বহে প্রকাশের সুন্দর এ বাধা।

মহুয়া

১৩৩৬ সালের আশ্বিন মাসে প্রকাশিত হয়। ইহার উৎপত্তি-সম্বন্ধে শ্রীযুক্ত প্রশান্তকুমার মহলানবিশ পুস্তকের পাঠ-পরিচয় লিখিয়া বলিয়াছেন—

"মহুয়ার অধিকাংশ কবিতা ১৩৩৫ সালের শ্রাবণ হইতে পৌষ মাসের মধ্যে লেখা। সেই সময়ে কথা হয় যে, রবীন্দ্রনাথের কাব্য-গ্রন্থাবলী হইতে প্রেমের কবিতাগুলি সংগ্রহ করিয়া বিবাহ-উপলক্ষে উপহার দেওয়া যায় এইরূপ একখানি বই বাহির করা হইবে, এবং কবি এই বইয়ের উপযোগী কয়েকটি নূতন কবিতা লিখিয়া দিবেন। কিন্তু অল্প কয়েক দিনের মধ্যে কয়েকটির জায়গায় অনেকগুলি নূতন কবিতা লেখা হইয়া গেল; সেই-সব কবিতাই এখন মহুয়া নামে বাহির হইতেছে। ইহার কিছু পূর্বে, ১৩৩৫ সালের আষাঢ় মাসে 'শেষের কবিতা' নামে উপন্যাসের জন্য কয়েকটি কবিতা লেখা হয়। ভাবের মিল হিসাবে সেই কবিতাগুলিও এই সঙ্গে ছাপা হইল।"

এই কবিতাগুলির রচনা-সম্বন্ধে কবি স্বয়ং প্রশান্তবাবুকে যাহা লিখিয়াছিলেন তাহার মধ্যে এই পুস্তকের কিছু পরিচয় পাওয়া যায়।

"লেখার বিষয়টা ছিল সংকল্প করা—প্রধানতঃ প্রজাপতির উদ্দেশ্যে—আর তাঁরই দালালী করেন যে দেবতা তাঁকেও মনে রাখ্‌তে হয়েছিল। অতএব 'মহুয়া'র কবিতাকে ঠিক আমার হালের কবিতা ব'লে শ্রেণীবদ্ধ করা চলে না। ভেবে দেখ্‌তে গেলে এটা কোনো কাল-বিশেষের নয়, এটা আকস্মিক।......

"আমি নিজে মহুয়ার কবিতার মধ্যে দুটো দল দেখ্‌তে পাই। একটি হ'চ্ছে নিছক গীতি-কাব্য, ছন্দ ও ভাষার ভঙ্গীতেই তার লীলা। তাতে প্রণয়ের প্রসাধনকলা মুখ্য। আর একটিতে ভাবের আবেগ প্রধান স্থান নিয়েছে, তাতে প্রণয়ের সাধন-বেগই প্রবল। মহুয়ার 'মায়া' নামক কবিতায় প্রণয়ের এই দুই ধারার পরিচয় দেওয়া হয়েছে। প্রেমের মধ্যে সৃষ্টি-শক্তির ক্রিয়া প্রবল। প্রেম সাধারণ মানুষকে অসাধারণ ক'রে রচনা করে নিজের ভিতরকার বর্ণে রঙে রূপে। তার সঙ্গে যোগ দেয় বাইরের প্রকৃতি থেকে নানা গান গন্ধ, নানা আভাস। এমনি ক'রে অন্তরের বাহিরের মিলনে চিত্তের নিভৃত-লোকে প্রেমের অপরূপ প্রসাধন নির্মিত হ'তে থাকে—সেখানে ভাবে ভঙ্গীতে সাজে সজ্জায় নূতন নূতন প্রকাশের জন্য ব্যাকুলতা, সেখানে অনির্বচনীয়ের নানা ছন্দ, নানা ব্যঞ্জনা। একদিকে এই প্রসাধনের বৈচিত্র্য আর একদিকে এই উপলব্ধির নিবিড়তা ও বিশেষত্ব! মহুয়ার কবিতা চিত্তের এই মায়ালোকের কাব্য; তার কোনো অংশে ছন্দে ভাষায় ভঙ্গীতে এই প্রসাধনের আয়োজন, কোনো অংশে উপলব্ধির প্রকাশ।

"এই সুরের মধ্যে নূতনের বাসন্তিক স্পর্শ নিশ্চয়ই আছে—নইলে লিখ্‌তে আমার উৎসাহ থাকত না।...

"......এই বইয়ের প্রথমে ও সব শেষে যে গুটিকয়েক কবিতা আছে, সেগুলি মহুয়া-পর্যায়ের নয়—সেগুলি ঋতু-উৎসব পর্যায়ের—দোল-পূর্ণিমায় আবৃত্তির জন্যেই এদের রচনা হয়েছিল। কিন্তু নববসন্তের আবির্ভাবই মহুয়া কবিতার উপযুক্ত ভূমিকা ব'লে নকীবের কাজে এদের এই গ্রন্থে আহ্বান করা হয়েছে।

'......কবিতাগুলির সঙ্গে মহুয়া নামের একটুখানি সঙ্গতি আছে—মহুয়া বসন্তেরই অনুচর, আর ওর রসের মধ্যে প্রচ্ছন্ন আছে উন্মাদনা।"

বইয়ের আরম্ভে বসন্তের আগমনী-সম্বন্ধে ৫টি কবিতা, আর বইয়ের শেষে বিদায়-সম্বন্ধে ৪টি কবিতা ১৩৩৩-১৩৩৪ সালের লেখা। ঐ সময়ের আর একটি মাত্র কবিতা 'সাগরিকা' এই বইয়ে স্থান পাইয়াছে। 'শুধায়োনা কবে কোন্ গান' কবিতাটি ১৩৩৫ সালের ভাদ্র অথবা আশ্বিন মাসে লেখা।

আর-একটি কথা উল্লেখযোগ্য—এই পুস্তকের নাম-পত্রখানি কবির স্বহস্ত-অঙ্কিত।

রবীন্দ্রনাথের কাব্যে নর-নারীর যৌবনাবেগে যৌন আকর্ষণের এবং মিথুনতার কবিতা বেশি নাই; যাহা আছে তাহাতেও কবির প্রকৃতিগত সংযম ও দেহাতিরিক্ত মানসিকতা ও আধ্যাত্মিকতা সংমিশ্রিত হইয়া কবিতা-গুলিকে কামনার রাজ্যের বাহিরে লইয়া গিয়াছে। এই মহুয়ার মধ্যে কতকগুলি কবিতা ঐরূপ ধর্মাক্রান্ত হইলেও, ইহাতে এমন কয়েকটি কবিতা আছে, যাহার মধ্যে নর-নারীর মানবীয় ভাব সুপরিস্ফুট হইয়াছে, অথচ কোথাও কবির আচারের ব্যতিক্রম ঘটে নাই। ক্ষণিকার মধ্যে যদিও কবি বলিয়াছিলেন—

> হে নিরুপমা,
> আজিকে আচারে ত্রুটি হ'তে পারে,
> করিও ক্ষমা।— —অবিনয়।

তথাপি কবির আচারের ত্রুটি কোথাও ঘটে নাই—তাঁহার শুচি মন প্রণয়ের কবিতাকেও কামনাবেগে কলুষিত হইতে দেয় নাই। ইহার মধ্যে প্রণয়ের একটি সত্যপ্রতিষ্ঠ বলিষ্ঠ রূপ প্রকাশ পাইয়াছে, এবং রমণী কবির সৃষ্টিতে আর অবলা নহে, সে সবলা হইয়া পুরুষের সহধর্মিণী হইবার যোগ্যতা লাভ করিয়াছে। এই নরনারীর প্রণয়-লীলার মধ্যে কোথাও দীনাত্মার কাতরতা প্রকাশ পায় নাই, কোথাও হীন ভিক্ষাবৃত্তি প্রশ্রয় পায় নাই।

উজ্জীবন

যিনি সন্ন্যাসী তিনি মনোভবকে ভস্ম করিয়া তাহাকে অপমানিত করেন। কবি তাঁহার মোহন মন্ত্র পাঠ করিয়া সেই অতনুকে উজ্জীবিত করিতেছেন। মনসিজ হইতেছে সৃষ্টির প্রেরণা—নর-নারীর প্রেমের মূল। যাহা সৃষ্টিকর্তার অনুশাসনে আবির্ভূত হয়, তাহাকে বিনাশ করিতে চাওয়াতে সৃষ্টিকর্তার সৃষ্টির উদ্দেশ্যই পণ্ড করা হয়। সেই জন্য কবি অতনুকে ভস্ম-অপমানের শয্যা ছাড়িয়া উজ্জীবিত হইতে আহ্বান করিতেছেন—কিন্তু তাহার মধ্যে যাহা স্থূল ও শ্রীহীন তাহাকে সেই ভস্মের অবশেষের মধ্যে পরিহার করিয়া আসিতে অনুরোধ করিতেছেন। বীরের তনুতে এই অতনু যদি তনু লাভ করিতে পারে, তাহা হইলে—

> দুঃখে সুখে বেদনায় বন্ধুর যে-পথ,
> সে দুর্গমে চলুক প্রেমের জয়রথ।

ইহাই হইতেছে সমগ্র কাব্যের অন্তরের বাণী। এই জন্যই বীর প্রেমিক তাহার প্রেমিকাকে বলিতেছে—

> আমরা দুজনা স্বর্গ-খেলনা
> গড়িব না ধরণীতে,
>
> * * *
>
> ভাগ্যের পায়ে দুর্বল প্রাণে
> ভিক্ষা না যেন যাচি।
> কিছু নাই ভয়, জানি নিশ্চয়
> তুমি আছ, আমি আছি। —নির্ভয়।

এবং সবলা নারীকে দিয়াও কবি বলাইয়াছেন নূতনতর বাণী—

> যাব না বাসর-কক্ষে বধূবেশে বাজায়ে কিঙ্কিণী,—
> আমারে প্রেমের বীর্যে করো অশঙ্কিনী!
> বীর-হস্তে বরমাল্য লব একদিন।
>
> বিনম্র দীনতা
> সম্মানের যোগ্য নহে তার,—
> ফেলে দেবো আচ্ছাদন দুর্বল লজ্জার। —সবলা।

বীর প্রেমিক কামনা করেন এই রকম দয়িতা যাহাকে তিনি বলিতে পারিবেন—

সেবা-কক্ষে করি না আহ্বান।
শুনাও তাহারি জয়গান
যে বীর্য বাহিরে ব্যর্থ, যে ঐশ্বর্য ফিরে অবাঞ্ছিত,
চাটুলুব্ধ জনতায় যে তপস্যা নির্মল লাঞ্ছিত। —প্রতীক্ষা।

দম্পতীর জীবন কেবল সুখযাত্রা নহে, তাহাতে পদে পদে বিপদ্ বিঘ্ন আছে এবং তাহাকে উত্তীর্ণ হইয়া জয়ী হইয়া চলাই দাম্পত্য জীবনের চরম কথা। পরস্পরের সাহায্যে সকল সংঘাত হইতে পরস্পরকে বাঁচাইয়া অদৃষ্টের উপর জয়ী হইতে হইবে, মৃত্যুর ভিতর হইতে অমৃত আহরণ করিয়া লইতে হইবে, এই শিক্ষা কবি প্রত্যেক কবিতাতেই দিয়াছেন। দম্পতীর বাসর-ঘর অক্ষয়; মালা-বদলের হার ছিন্ন হইলেও বাসর-ঘরের ক্ষয় নাই, তাহা নব নব দম্পতীর আনন্দ-মিলনের মধ্যে নিত্য বর্তমান। সেই জন্য কবি বাসর-ঘরকে সম্বোধন করিয়া বলিয়াছেন—

হে বাসর ঘর,
বিশ্বে প্রেম মৃত্যুহীন, তুমিও অমর। --বাসর ঘর

পথের বাঁধন ও বিদায়

এই দুইটি কবিতা 'শেষের কবিতা' উপন্যাসের, মহুয়া হইতে গৃহীত। মহুয়ার কবিতাগুলি বিবাহ-ব্যাপার লইয়া লেখা, নর-নারীর প্রেমের নানা অবস্থার বিশ্লেষণ। শেষের কবিতাও তাহাই। অমিত ও লাবণ্য অকস্মাৎ পরিচিত হইয়া দেখিল—উভয়েরই উভয়কে ভালো লাগে। কিন্তু সেই ভালো-লাগা তাহাদের পূর্ব প্রণয়িনী ও প্রণয়ীর দাবীর কাছে পরাজিত হইয়া তাহাদের আর বিবাহ-বন্ধনে আবদ্ধ হইতে দিল না। এই যে জীবন-পথে চলিতে চলিতে এক-একজনকে ভালো লাগে, আবার তাহাকে ছাড়িয়া চলিয়া যাইতে হয় তাহাও জীবনের পাথেয় হইয়া থাকে; এই ক্ষণ-পরিচয়ও জীবনকে গঠন করে, শোভা সৌন্দর্য দান করে, মহিমান্বিত করে। এই ক্ষণিক প্রেমের স্মৃতিকণাগুলি মহামূল্য রত্নকণিকারই তুল্য সমাদরে মনোভাণ্ডারে চিরসঞ্চিত

হইয়া থাকে ; এমন কি স্মৃতিতে না থাকিলেও তাহা মগ্নচেতনার অবগাহন করিয়া জীবনের জন্য অমৃত আহরণ করিতে থাকে। মানুষ মাত্রেই জীবনে একবার একজনকে ভালোবাসে, আবার সেই ভালোবাসা হ্রাস হইয়া আসে, সে আবার অপরের প্রতি অনুরক্ত হয়। কিন্তু সেই যে পূর্ব অনুরাগের মাধুর্য, জীবনের যে-কয়টি মুহূর্তকে সেই প্রেমের অমৃত-স্পর্শ মহিমান্বিত করিয়াছিল, তাহা তো চিরন্তন, তাহা সারা জীবনের সম্পদ্। এই কথাই এই দুইটি কবিতায় বলা হইয়াছে।

তুলনীয়—শাজাহান (বলাকা), অনবসর (ক্ষণিকা)।

নাম্নী

নাম্নী পর্য্যায়ের কবিতাগুলিতে নারীর চরিত্রের বিবিধ দিক ও বিচিত্রতা চিত্রিত হইয়াছে।

সাগরিকা

এই কবিতাটি যবদ্বীপকে সম্বোধন করিয়া লেখা। একটি বিশেষ স্থানকে সুন্দরী রমণী কল্পনা করিয়া তাহার প্রতি এমন মধুর প্রণয়-সম্ভাষণ আর কোনো কবি কোথাও করিয়াছেন কি না জানি না ; এবং যবদ্বীপের সহিত ভারতের যে যোগ কালে কালে নানা রূপে ঘটিয়াছিল তাহার ইতিবৃত্তকে এমন সরস করিয়া প্রকাশ করাও অতুলনীয়।

দ্বীপ সাগর-জলে স্নান করিয়া উঠিয়াছে, তাহার তট-রেখা উপবিষ্টা রমণীর পীতবাসের প্রান্তের মতো গোল হইয়া ছড়াইয়া পড়িয়াছে।

সেই দেশে ভারতের রাজারা প্রথমে দিগ্‌বিজয়ী বেশে গিয়া উপনীত হইয়াছিলেন। কিন্তু সেই রাজারা তাহাকে পদানত করেন নাই ; সেই দেশের যে কৃষ্টি তাহার সহিত ভারতের সংস্কৃতি মিলাইয়া তাঁহারা নব-সভ্যতা গড়িয়া তুলিলেন, সেখানে এক নব-পদ্ধতির নৃত্যছন্দ ও স্থাপত্য-চিত্রাঙ্কন-পদ্ধতি উদ্‌ভাবিত হইল। মনের সংশয় দূর হইল,—ভয়ঙ্কর রুদ্র ধূর্জটির প্রেমের পরিচয় পাওয়াতে পার্বতী যেমন তাঁহার দিকে চাহিয়া প্রসন্ন হাস্য-দ্বারা নিজের

প্রেম প্রকাশ করেন, সেইরূপ এই বিজিত দেশ বিজেতার প্রেমে উৎফুল্ল হইয়া উঠিল, তাঁহার পরাজয়ের গ্লানি দূর হইল।

তাহার পরে কালে কালে ভারত হইতে গুণী জ্ঞানী শিল্পী বণিক্ সেই দেশে গিয়াছেন এবং সেই দেশকে নব নব সম্পদ্ দান করিয়াছেন। কত অন্যদেশযাত্রী নাবিকের তরী ভগ্ন হওয়াতে তাহারা এই উপকূলে আসিয়া উপনীত হইয়াছিল, এবং তাঁহারা এই দেশে ভারতের কর্ষণার নিদর্শন দেখিয়া ভারতের সহিত তাহার যোগের পরিচয় পাইয়াছিল। তাহারা দেখিল—যবদ্বীপের নৃত্য, প্রসাধন করিবার ধরণ, গীত বাদ্য, সাহিত্য, সমস্তই ভারতের দান। সেই দেশের ধর্ম, দেবতা,—তাহাও ভারতের, ভারতের শৈব-ধর্ম সেখানে সুপ্রতিষ্ঠিত। ধূর্জটি পার্বতী এবং শিব-শিবাণীর উল্লেখ করিয়া কবি সে-দেশের ধর্মমতের আভাস দিয়াছেন।

অবশেষে স্বয়ং কবি রবীন্দ্রনাথ ভারতের প্রতিনিধি-রূপে বহু শত বৎসর পরে সে দেশে গিয়া উপস্থিত হইয়াছেন, এবং সে দেশকে সম্বোধন করিয়া বলিতেছেন—আমি ভারতের প্রতিনিধি আসিয়াছি, কিন্তু আমি বিজয়ী রাজা নহি, আমি কোন বিশেষ জ্ঞান বা বিদ্যা বিতরণ করিতেও আসি নাই। আমি কবি, কেবল বীণা আনিয়াছি, তোমায় গান শুনাইয়া আমার প্রীতি নিবেদন করিব। তথাপি আমি সেই পূর্বাগত ভারতবাসীদেরই একজন প্রতিনিধি, আমি সেই পূর্বের যোগসূত্রকেই শুধু আর-একটি গ্রন্থিবন্ধন করিয়া দৃঢ় করিয়া দিতে আসিয়াছি।

এই কবিতাটির সঙ্গে যাত্রী পুস্তকের ২১০ পৃষ্ঠায় 'শ্রীবিজয়-লক্ষ্মী' কবিতাটি পাঠ করিলে উভয়েরই অর্থ সুস্পষ্ট হইতে পারে।

বনবাণী

১৩৩৮ সালের আশ্বিন মাসে প্রকাশিত, ১৯২৬ সালের অক্টোবর মাস।

কবি রবীন্দ্রনাথ স্রষ্টা। তিনি বিশ্বপ্রকৃতিকে তাঁহার কথার ইন্দ্রজালের মোহন মন্ত্র পড়িয়া পুনঃসৃষ্টি করিয়াছেন—যে-প্রকৃতিকে আমরা নিত্য নিরন্তর দেখিতেছি, তাহার সহিত আমাদের নূতন নিবিড় পরিচয় ঘটাইয়া দিয়াছেন যাদুকর কবি—যেমন চেনা মেঘকে নূতন করিয়া গড়িয়াছেন কবি কালিদাস। মরমিয়া কবি তাঁহার অন্তর্গূঢ় সূক্ষ্ম দৃষ্টি লইয়া প্রকৃতির সৌন্দর্যের ও রসের মধ্যে অবগাহন করিয়া তাহার নব নব মাধুর্য আবিষ্কার করিয়াছেন এবং তাহার সহিত আমাদের পরিচয় করাইয়া দিয়াছেন।

আমরা রবীন্দ্রনাথের প্রকৃতি-পরিচয়ের ধারা ঐতিহাসিক কাল-পর্য্যায়ের ক্রমে যদি অনুসরণ করি, তাহা হইতে দেখিতে পাই—প্রথমতঃ কবি প্রকৃতির বৈচিত্র্য ও বিশালতার বাহিরের পরিচয় পাইয়াছিলেন। তাহার পরে অনুভূতি ও অন্তর্দৃষ্টির দ্বারা প্রকৃতির ভাবরাজ্যের ও অন্তর্জগতের সহিত পরিচয় ও আত্মীয়তা লাভ করেন। শেষে এক গভীর আধ্যাত্মিক সত্তার সমন্বয়ের মাঝে কবি বিশ্বপ্রকৃতির এক নবীনতর পরিচয় ও অর্থ পাইয়াছেন। রবীন্দ্রনাথের কাব্য-জীবনের প্রথম ভাগ হইতেই যদিও প্রকৃতির প্রভাব অসাধারণ, তথাপি প্রথম জীবনে তিনি ছিলেন প্রধানতঃ মানবের কবি। মানবীয় সুখ-দুঃখ ও সৌন্দর্য-ঔদার্য যেমন ভাবে তাঁহার কাব্যে বাণী পাইয়াছে, প্রকৃতি সেইরূপ পায় নাই। রবীন্দ্রনাথের কাছে তখন প্রকৃতির সার্থকতা যেন মানবকে পাইয়াই—মানবহীন প্রকৃতি যেন কবির কাছে মাধুর্যহীন ও ব্যর্থ (তুলনীয় : 'পোড়োবাড়ী' কবিতা 'ছবি ও গান' কাব্যে)।

মানবের অনুভূতির মাঝেই প্রকৃতি সার্থক। তাই কবি প্রকৃতির মাঝে মানবীয় অনুভূতির বাঞ্জনা দিয়া প্রকৃতিকে অনুভব করেন। কবি নিজেই বলিয়াছেন—"জীবের মধ্যে অনন্তকে অনুভব করারই অপর নাম ভালবাসা, প্রকৃতির মধ্যে অনুভব করার নাম সৌন্দর্য-সম্ভোগ।"—পঞ্চভূত। তাই সৌন্দর্যবিলাসী কবি মানবকে প্রকৃতির সহিত মিলাইয়া দেখিয়াছেন—তিনি মানবকে প্রকৃতির আখ্যা দিয়া ব্যাখ্যা করিয়াছেন, এবং প্রকৃতিকে ব্যক্তিত্ব দান করিয়া দেখিয়াছেন। মানব-বন্ধু কবি প্রকৃতিকে মানবীয়ভাবে অনুপ্রাণিত

করিয়া বুঝিতে চাহিয়াছেন।—শীতের রৌদ্র কবির কাছে বন্ধুর আলিঙ্গনের মতো, বর্ষার আকাশ সুন্দরীর জলভরা চোখ স্মরণ করাইয়া দেয়, এবং নির্ঝর কেশ এলাইয়া ছোটে ; কবির মানস-সুন্দরী কখনো মানবী, কখনো প্রকৃতিময়ী —'কখনো বা ভাবময়, কখনো মূরতি' এবং 'সহস্রের সুখে রঞ্জিত হইয়া আছে সর্বাঙ্গ তোমার হে বসুধে !'—বসুন্ধরা।

কেবল মাত্র বিশ্বপ্রকৃতির সহিত নব নব রসময় সম্বন্ধ-বন্ধনের মধ্য দিয়া রবীন্দ্রনাথের সৃজনীশক্তির ক্রমবিকাশ অনুসরণ করা যাইতে পারে।

রবীন্দ্রনাথের পূর্বে বঙ্গীয় কবিগণের নিকট বিশ্বপ্রকৃতি ছিল জড়েরই বৈচিত্র্য মাত্র। ঈশ্বর গুপ্তের রচনায় যথেষ্ট প্রকৃতি-বর্ণনা আছে, কিন্তু তাহাতে প্রাণের সাড়া নাই—প্রকৃতির সহিত কবি চিত্তের কোনো আত্মীয়তা দৃষ্ট হয় না—বিশ্বপ্রকৃতি মানুষের ইন্দ্রিয়ের জন্য কি কি উপভোগ্য জোগায় তাহারই তালিকা মাত্র পাওয়া যায়—মাঝে মাঝে সৃষ্টি দেখিয়া স্রষ্টাকে মনে পড়িয়াছে—কিন্তু এই পর্যন্ত। মাইকেলের প্রাণের উপর প্রকৃতি কিছুমাত্র প্রভাব বিস্তার করিতে পারে নাই—চতুর্দশপদী কবিতাবলীর মধ্যে দুই-একটা সনেট ছাড়া তাঁহার স্বতন্ত্র প্রকৃতি-বর্ণনা নাই। হেমচন্দ্রকে ও নবীনচন্দ্রকে বিশ্বপ্রকৃতি ভাবনার সূত্র ধরাইয়া দিয়াছে মাত্র—তাই পদ্মের মৃণাল দেখিয়া হেমচন্দ্রের মনে পড়িয়াছে রাজার ও রাজ্যের উত্থান-পতনের কথা, পদ্মা দেখিয়া নবীনচন্দ্রের মনে হইয়াছে, রাজা রাজবল্লভের কীর্তি-অকীর্তির কথা, মেঘনা দেখিয়া মনে হইয়াছে মানব-জীবনের বাধা-বিঘ্ন ও স্বস্তি-অস্বস্তির কথা,—প্রকৃতির সহিত ইঁহাদের কোনো আত্মীয়তা দৃষ্ট হয় না। বিহারীলালেই আমরা প্রথম মানব-প্রকৃতির সহিত বিশ্ব-প্রকৃতির অন্তরের আদান-প্রদানের পরিচয় পাই—

> ঘুমায় আমার প্রিয়া ছাদের উপরে,
> জ্যোৎস্নার আলোক আসি' ফুটেছে অধরে।
> সাদা সাদা ডোরা ডোরা দীর্ঘ মেঘগুলি
> নীরবে ঘুমায়ে আছে খেলা দেলা ভুলি';
> একাকী জাগিয়া চাঁদ তাহাদের মাঝে,
> বিশ্বের আনন্দ যেন একত্র বিরাজে। —শরৎকাল।

বিহারীলালের শিষ্য রবীন্দ্রনাথই মানুষের সহিত যুগযুগান্ত-বিস্মৃত ঘনিষ্ঠ সম্বন্ধটিকে নানা ভাবে পুনর্বন্ধন করিয়াছেন। বিশ্বপ্রকৃতির বহুমুখ প্রভাবে

রবীন্দ্রচিত্ত গঠিত ; আবার রবীন্দ্রনাথ বিশ্বপ্রকৃতিকে মানসদৃষ্টিতে রাসমণ্ডিত করিয়া নূতন রূপে গড়িয়াছেন। রবীন্দ্র-প্রতিভার ক্রমবিকাশ এই পুনর্গঠনেরই ইতিহাস।

কবি সন্ধ্যা সঙ্গীতের 'হৃদয়ের অরণ্য-আঁধারে' ব্যাকুল হইয়া প্রকৃতির মাধুর্যময় জীবনটিকে খুঁজিতেছেন—মাঝে মাঝে তাহার সন্ধান পাইয়াছেন, আবার হারাইয়াছেন ; তাই সন্ধ্যা-সঙ্গীতে নৈরাশ্য আছে, অতৃপ্তি আছে, সঙ্কোচ আছে, শিশিরোজ্জ্বল প্রভাতের 'সেই হাসিরাশির মাঝারে আমি কেন থাকিতে না পাই ?' বলিয়া খেদ আছে। এখন

গাছ পাতা সরোবর গিরি নদী নিরঝর

সকলের সহিত কবির প্রণয় জন্মিতেছে। কিন্তু—

শুধু মনে জাগে এই ভয়,—
আবার হারাতে পাছে হয় !

কবির এখন—

বসন্তের কুসুমের মেলা, মেঘেদের ছেলেখেলা

সারাদিন দেখিতে ভালো লাগে। প্রথম প্রণয়ের আকুলতার একটা ব্যথা আছে, তাই এই সঙ্গীতগুলির নাম হইয়াছে আরক্তিম সন্ধ্যার সঙ্গীত।

কবির মিলন-ব্যাকুলতা প্রকৃতির অন্তর স্পর্শ করিল,—সেও কবিকে হাতছানি দিয়া তাহার অন্তঃপুরে ডাকিয়া লইল। অমনি 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' হইল, কবির রসপিপাসু চিত্তভ্রমর অন্তর্গুহা হইতে বাহির হইল। তাই প্রভাত-সঙ্গীতে দেখি প্রকৃতির অন্তঃপুরের দিকে কবির যাত্রা—প্রভাত উৎসবের মধ্যে মেঘ বায়ু তাঁহাকে পথ দেখাইতেছে,—মেঘকে কবি আকাশ-পারাবারে লইয়া যাইতে বলিতেছেন, বায়ুকে বলিতেছেন তাঁহাকে দিগ্‌দিগন্তে ছড়াইয়া দিতে, প্রকৃতির মধ্যে নিজেকে পরিব্যাপ্ত করিয়া দিবার আগ্রহে তিনি মরণকে পর্যন্ত আহ্বান করিতেছেন—

অণুমাত্র জীব আমি কণামাত্র ঠাঁই ছেড়ে
যেতে চাই চরাচরময়।

কবির 'সহসা খুলিয়া গেল প্রাণ', আর কবির মনে হইল—

কে যেন মোরে খেতেছে চুমা—
কোলেতে তারি পড়েছি লুটি'।

কবি এখন জগৎ-ফুলের কীট। মরণহীন অনন্ত-জীবন মহাদেশ তাঁহার আবাসস্থল।

ইহার পরে ছবি ও গান। প্রকৃতির অন্তঃপুরে কবি প্রবেশ করিয়াছেন—যেখানে প্রকৃতির

অমিয়-মাধুরী মাখি' চেয়ে আছে দুটি আঁখি। —স্নেহময়ী।

প্রকৃতির মধ্যে মমতার আস্বাদ পাইয়া কবি সেই মমতা আরো নিবিড়-ভাবে পাইতে চাহিতেছেন; তাই কবি স্নেহময়ী পল্লীপ্রকৃতির অঙ্গনে আসিয়াছেন, যেখানে

একটি মেয়ে একেলা
সাঁঝের বেলা
মাঠ দিয়ে চলেছে—
চারিদিকে সোনার ধান ফলেছে। —একাকিনী।

তাহার পরে কবি প্রকৃতির মধ্যে মানবীয় মাধুর্য দেখিতে পাইলেন—

ওই যে তোমার কাছে সকলে দাঁড়ায়ে আছে,
ওরা মোর আপনার লোক,
ওরাও আমারি মতো তোর স্নেহে আছে রত,—
জুঁই চাঁপা বকুল অশোক —স্নেহময়ী।

প্রকৃতির মধ্যে মানবীয় মাধুর্য উপলব্ধি করিয়া কবি মানব-প্রকৃতির প্রতিও লুব্ধ হইলেন—'কড়ি ও কোমল' সুরে তাঁহার চিত্তবীণা বাজিয়া উঠিল—

মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।

কবি বলিয়াছেন—'প্রকৃতি তাহার রূপ রস বর্ণ গন্ধ লইয়া, মানুষ তাহার বুদ্ধি মন স্নেহ প্রেম লইয়া আমাকে মুগ্ধ করিয়াছে;'—জীবনস্মৃতি। প্রকৃতির সহিত কবির তন্মাত্রগত বা ইন্দ্রিয়ানুভাব-গত পরিচয়ের এইখানেই শেষ।

প্রকৃতির সহিত নিবিড় পরিচয় হওয়ার ফলে কবি দেখিলেন—প্রকৃতি কেবল আদরই করে না, শাসনও করে, প্রয়োজন হইলে পীড়নও করে। কবি তাই প্রকৃতিকে 'নিষ্ঠুরা' বলিয়াছেন স্থূল অতি-পরিচয়-গত অভিমানে। প্রকৃতির 'কঠিন নিয়ম'কে তিনি তিরস্কার করিয়াছেন—'আমরা কাঁদিয়া মরি,

এ কেমন রীতি ?' কবি প্রকৃতির মধ্যে দেখিতেছেন—'পাশাপাশি একঠাই দয়া আছে, দয়া নাই।'—'মহাশঙ্কা মহা-আশা একত্র বেঁধেছে বাসা।' 'মানসী'তে কবি প্রকৃতিকে জননী জ্ঞান করিয়াছেন বলিয়াই অভিমানে নিষ্ঠুরা বলিয়াছেন—'জীবন-মধ্যাহ্ন' ও 'অহল্যা' কবিতায় প্রকৃতির মাতৃত্ব ফুটিয়াছে।

সোনার তরীতে কবি প্রকৃতি-মাতার স্নেহের ব্যাথাটুকুও লক্ষ্য করিয়াছেন—সে তো নিষ্ঠুরা নয়, সে 'অক্ষমা', সে 'দরিদ্রা'—মানবের, অনন্ত ক্ষুধা ও অতৃপ্ত বাসনা তৃপ্ত করিতে না পারিয়া সে ব্যথিতা।—সে মৃতবৎসা জননী—'যেতে নাহি দিব' বলিয়া সে সন্তানকে বুকে আঁকড়িয়া ধরে, 'তবু যেতে দিতে হয়, তবু চ'লে যায়।' কঠিন নিয়ম-ধারার জন্য একদিন যাহাকে তিরস্কার করিয়াছিলেন, আজ তাহার ঘনিষ্ঠ পরিচয় পাইয়া বুঝিলেন—কঠিন নিয়ম প্রকৃতির নহে, সে নিয়ম বিশ্বস্রষ্টার ; সেই নিয়মের নাগপাপে বাঁধা পড়িয়া মাও কাঁদিতেছে, ছেলেও কাঁদিতেছে। তাই প্রকৃতির প্রতি দরদে কবির মন ভরিয়া উঠিয়াছে—'সমুদ্রের প্রতি' কবিতায় যেমন জননীত্বের আকুতি ফুটিয়াছে, তেমনি 'বসুন্ধরায়' সন্তানের ব্যাকুলতা ফুটিয়াছে।

কবি ইহার পরে কিছুকাল বিশ্ব-প্রকৃতির দিক্ হইতে মানব-প্রকৃতির দিকে ফিরিয়াছেন ; তাহার পরে পুনরায় প্রকৃতির দিকে যখন ফিরিলেন, তখন প্রকৃতিকে দেখিলেন আর-এক চোখে—তখন প্রকৃতিতে আর মানবিকতা নাই, মানবের আশা আকাঙ্ক্ষা সুখ দুঃখ তখন আর প্রকৃতিতে কবি আরোপ করিলেন না, তখন প্রকৃতিতে কবি দেখিলেন ঐশিকতা—humanity হইতে divinity-তে উপনীত হইলেন। ইন্দ্রিয়গত দৃষ্টি তখন উপসংহৃত হইয়াছে, অতীন্দ্রিয়-দৃষ্টি খুলিয়া গিয়াছে—প্রকৃতির স্থুল যবনিকা তখন স্বচ্ছ সূক্ষ্ম লূতা-জালে পরিণত হইয়াছে। সেই স্বচ্ছতার মধ্য দিয়া কবি দেখিলেন লীলাময়কে। প্রকৃতির বৈচিত্র্য এখন কবির কাছে সেই লীলাময়েরই লীলা মাত্র। নৈবেদ্যেই কবি প্রথমে প্রকৃতির মধ্যে ঐশিকতা-বোধ অনুভব করিলেন, 'খেয়া'তে তাহা স্পষ্টতর হইল। 'প্রশান্ত আনন্দ-ঘন আকাশের তলে' 'মুগ্ধ সম' শিরায় শিরায় আতপ্ত প্রেমাবেশ' লইয়া কবি ঘুরিতেছেন সেই লীলাময়কে লক্ষ্য করিবার জন্য। যে 'অরূপ-রতন' আশা করিয়া কবি 'রূপসাগরে ডুব' দিয়াছিলেন' এখন তাহার সন্ধান পাইয়াছেন।

ইহার পরে ক্রমে গীতাঞ্জলি, গীতিমাল্য ও গীতালিতে কবির রসের কারবার সবই বিশ্বনাথের সঙ্গে অপরোক্ষভাবে ; বিশ্বপ্রকৃতির সহিত সম্বন্ধ এখন গৌণ।

বিশ্বপ্রকৃতি কখনো ভক্ত ও ভগবানের মধ্যে দেয়াসিনী, কখনো দয়িতের সহিত মিলনের দূতী, কখনো অন্তঃপুর-পথ-পরিচারিকা প্রতিহারিণী, কখনো 'কাব্যের উপেক্ষিতা'র মতো বিশ্বনাথের সহচরী। বিশ্বপ্রকৃতি কবির চক্ষে উপেক্ষিতা। প্রকৃতি কখনো ইঙ্গিতে লীলাময়কে দেখিয়াছে, কখনো সে কবিকে আঘাত করিয়া প্রবুদ্ধ করিয়াছে, কখনো কবির পূজার অর্ঘ্যসম্ভার জোগাইয়াছে, পূজার ডালি ভরিয়া দিয়াছে, মালা গাঁথিয়া দিয়াছে, বিশ্বনাথকে বহন করিয়া কখনো বা কবির দুয়ারে আনিয়া হাজির করিয়াছে, কখনো বা গোপন করিয়া রাখিয়া কবির সহিত লুকাচুরি খেলিয়াছে, কখনো ভগবানকে বরণ করিয়া কবি মনোমন্দিরে তুলিয়াছে।

নৈবেদ্যের স্তরে কবি যেমন বিশ্বনাথকে প্রকৃতির অতীত 'মহারাজ' প্রভু বলিয়া কল্পনা করিয়াছিলেন, পরবর্তী স্তরে বিশ্বনাথকে তেমন বিশ্বাতীত রূপে দেখেন নাই। কবি বিশ্বপ্রকৃতির সহিত বিশ্বনাথকে অভিন্নাত্মক রূপে দেখিয়াছেন; এখন লীলাময়ী প্রকৃতির অঙ্গে অঙ্গে বিরাজমান লীলাময়ের মহারাজত্ব ও প্রভুত্ব লোপ পাইয়াছে।

আবার কবির নিজের সঙ্গেও প্রকৃতির অভেদাত্মকতা কল্পনা করাও তাঁহার পক্ষে সম্ভব হইয়াছে: লীলাময়ের সঙ্গে শুধু নিজেরই মধুর সম্পর্ক উপলব্ধি করেন নাই, কবি বিশ্বপ্রকৃতির সঙ্গেও লীলাময়ের সেই প্রকার সম্পর্ক হৃদয়ঙ্গম করিতে পারিয়াছেন। আরও উচ্চ স্তরে কবি কেবল নিজের সঙ্গেই ভগবানের রস-সম্পর্কের কথা নয়, মহামানবের সহিতও ভগবানের ঐ সম্পর্ক যে সহজ ও চিরন্তন তাহাও উপলব্ধি করিয়াছেন। এইখানেই তাঁহার রসবোধের চরম সার্থকতা। এই বিশ্ববোধে কবি মহামানবের সহিত নিজেরও অভিন্নাত্মকতা হৃদয়ঙ্গম করিতেছেন।

কবির ব্যক্তিত্ব ক্রমে আয়ত হইতে আয়ততর হইয়া বিশ্বপ্রকৃতির ও বিশ্বমানবের সহিত অভিন্নতা লাভ করিয়াছে। তাই কবি প্রত্যাশা করেন—তাঁহার পদধ্বনি প্রত্যেক মানবেরই শোনা সম্ভব, তাই কবি ভাবেন তাঁহার মনে যিনি বিরাজ করেন 'যে ছিল মোর মনে মনে, সেই তিনিই 'শ্রাবণ-ঘন-গহন-মোহে সবার দিঠি' এড়াইয়া অভিসারে আসেন।

বলাকায় এই বিশ্ববোধের চরম উৎকর্ষ দেখা যায়। বিশ্বপ্রকৃতির সহিত বিশ্বমানবের সংযোগে বিশ্ব-সংস্থিতির অন্তরে এক প্রবল গতির যোগ হইয়াছে —কবি দেখিতেছেন এক বিরাট্ শোভাযাত্রা অনন্তকাল চলিয়াছে, তাহার

বিরাম নাই, বিশ্রাম নাই—ভগবানের মন্দিরের দিকে নয়, ভগবানকে সঙ্গে সঙ্গে সগৌরবে বহন করিয়া লইয়া।

কবি মনোলোকে বিশ্বপ্রকৃতিকে এইভাবে মানব-মনের মাধুরী মিশাইয়া নূতন করিয়া গড়িয়াছেন।—এইটিই কবির সর্বশ্রেষ্ঠ সৃষ্টি।

বনবাণীতে কবির সহিত বিশ্বপ্রকৃতির—উদ্ভিদ্ ও প্রাণি-জগতের—আত্মীয়তা আরো বিশেষ ঘনিষ্ঠ হইয়া উঠিয়াছে। অন্য কাব্যে প্রকৃতির প্রতি কবির দরদ বিক্ষিপ্ত হইয়া ছড়াইয়া আছে। কিন্তু বনবাণীতে সেই দরদ ও প্রীতি একটি স্পষ্ট রূপ ধারণ করিয়া আমাদের সম্মুখে উপস্থিত হইয়াছে।

এই বইখানি লেখা-সম্বন্ধে কবি কাব্যের ভূমিকায় লিখিয়াছেন—

"আমার ঘরের আশেপাশে যে-সব আমার বোবা বন্ধু আলোর প্রেমে মত্ত হ'য়ে আকাশের দিকে হাত বাড়িয়ে আছে, তাদের ডাক আমার মনের মধ্যে পৌঁছলো। তাদের ভাষা হচ্ছে জীব-জগতের আদি ভাষা, তার ইসারা গিয়ে পৌঁছয় প্রাণের প্রথমতম স্তরে; হাজার হাজার বৎসরের ভুলে যাওয়া ইতিহাসকে নাড়া দেয়, মনের মধ্যে যে-সাড়া ওঠে সেও ঐ গাছের ভাষায়,—তার কোনো স্পষ্ট মানে নেই, অথচ তার মধ্যে বহু যুগ-যুগান্তর গুনগুনিয়ে ওঠে।

"ঐ গাছগুলো বিশ্ববাউলের একতারা, ওদের মজ্জায় মজ্জায় সরল সুরের কাঁপন, ওদের ডালে ডালে পাতায় পাতায় একতালা ছন্দের নাচন। যদি নিস্তব্ধ হ'য়ে প্রাণ দিয়ে শুনি তা হ'লে অন্তরের মধ্যে মুক্তির বাণী এসে লাগে। মুক্তি সেই বিরাট্ প্রাণ-সমুদ্রের কূলে, যে সমুদ্রের উপরের তলায় সুন্দরের লীলা রঙে রঙে তরঙ্গিত, আর গভীরতলে শান্তম্ শিবম্ অদ্বৈতম্। সেই সুন্দরের লীলায় লালসা নেই, আবেশ নেই, জড়তা নেই, কেবল পরমাশক্তির নিঃশেষ আনন্দের আন্দোলন। 'এতস্যৈবানন্দস্য মাত্রাণি' দেখি ফুলে ফলে পল্লবে; তাতেই মুক্তির স্বাদ পাই, বিশ্বব্যাপী প্রাণের সঙ্গে প্রাণের নির্মল অবাধ মিলনের বাণী শুনি।

"বোষ্টমী একদিন জিজ্ঞাসা করেছিল, 'কবে আমাদের মিলন হবে গাছতলায়?' তার মানে গাছের মধ্যে প্রাণের বিশুদ্ধ সুর; সেই সুরটি যদি প্রাণ পেতে নিতে পারি তা হ'লে আমাদের মিলন সঙ্গীতে বদ-সুর লাগে না। বুদ্ধদেব যে-বোধিদ্রুমের তলায় মুক্তিতত্ত্ব পেয়েছিলেন, তাঁর বাণীর সঙ্গে সঙ্গে সেই বোধিদ্রুমের বাণীও শুনি যেন,—দুইয়ে মিশে আছে। আরণ্যক ঋষি শুনতে পেয়েছিলেন গাছের বাণী,—বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেকঃ। শুনেছিলেন 'যদিদং কিঞ্চ সর্বং প্রাণ এজতি নিঃসৃতম্'। তাঁরা গাছে গাছে চির যুগের এই প্রশ্নটি পেয়েছিলেন, 'কেন প্রাণঃ প্রথমঃ প্রৈতি যুক্তঃ'—প্রথম-প্রাণ তার বেগ নিয়ে কোথা থেকে এসেছে এই বিশ্বে? সেই প্রৈতি, সেই বেগ থামতে চায় না, রূপের ঝরণা অহরহ ঝরতে লাগল, তার কত রেখা, কত ভঙ্গী, কত ভাষা, কত বেদনা! সেই প্রথম প্রাণ-প্রৈতির নবনবোন্মেষশালিনী সৃষ্টির চির-প্রবাহকে নিজের মধ্যে গভীর ভাবে বিশুদ্ধ ভাবে অনুভব করার মহামুক্তি আর কোথায় আছে।

"এখানে—ভিয়েনা নগরে—ভোরে উঠে হোটেলের জানালার কাছে বসে কতদিন মনে করেছি শান্তিনিকেতনের প্রান্তরে আমার সেই ঘরের দ্বারে প্রাণের আনন্দ-রূপ আমি দেখ্‌ব আমার সেই লতার শাখায় শাখায়; প্রথম প্রেতির বন্ধ-বিহীন প্রকাশ-রূপ দেখ্‌ব সেই নাগ-কেশরের ফুলে ফুলে। মুক্তির জন্মে প্রতিদিন যখন প্রাণ ব্যথিত ব্যাকুল হ'য়ে ওঠে, তখন সকলের চেয়ে মনে পড়ে আমার দরজার কাছের সেই গাছগুলিকে। তারা ধরণীর ধ্যানমন্ত্রের ধ্বনি। প্রতিদিন অরুণোদয়ে প্রতি নিস্তব্ধ রাত্রে তারার আলোয় তাদের ওঙ্কারের সঙ্গে আমার ধ্যানের সুর মেলাতে চাই। এখানে আমি রাত্রি প্রায় তিনটার সময়—তখন একে রাতের অন্ধকার, তাতে মেঘের আবরণ—অন্তরে অন্তরে একটা অসহ্য চঞ্চলতা অনুভব করি নিজের কাছ থেকেই উদ্দাম বেগে পালিয়ে যাবার জন্মে। পালাব কোথায়! কোলাহল থেকে সঙ্গীতে। এই আমার অন্তর্গূঢ় বেদনার দিনে শান্তিনিকেতনের চিঠি যখন পেলুম, তখন মনে প'ড়ে গেল সেই সঙ্গীত তার সরল বিশুদ্ধ সুরে বাজ্‌ছে আমার উত্তরায়ণের গাছগুলির মধ্যে,—তাদের কাছে চুপ ক'রে বস্‌তে পারলেই সেই সুরের নির্মল ঝরণা আমার অন্তরাত্মাকে প্রতিদিন স্নান করিয়ে দিতে পারবে। এই স্নানের দ্বারা ধৌত হ'য়ে স্নিগ্ধ হ'য়ে তবেই আনন্দলোকে প্রবেশের অধিকার আমরা পাই। পরম সুন্দরের মুক্তরূপ প্রকাশের মধ্যেই পরিত্রাণ, আনন্দময় সুগভীর বৈরাগ্য হচ্ছে সেই সুন্দরের চরম দান।"

বিশ্বপ্রকৃতির প্রতি এবং উদ্ভিদ্ ও প্রাণীর প্রতি কবির প্রীতি এই বনবাণী-কাব্যে নানা ভাবে প্রকাশিত হইয়াছে—এই বিশ্ববোধ ও বিশ্বমৈত্রী ও করুণা ইহার মধ্যে চারিটি বিভাগে বিন্যস্ত হইয়াছে—১। বন-বাণী, ইহাতে আরণ্যক তরুলতা ও পশু-পক্ষীর সম্বন্ধে কবির মমত্ব প্রকাশিত হইয়াছে। ২। নটরাজ-ঋতুরঙ্গশালা—যিনি বিশ্বেশ্বর তিনি নাটের গুরু, তিনি নটরাজ, ঋতুতে ঋতুতে তাঁহার বিবিধ নৃত্যলীলা জগতে প্রদর্শিত হয়, ঋতুগুলিই যেন তাঁহার রঙ্গপীঠ। "নটরাজের তাণ্ডবে তাঁর এক পদক্ষেপের আঘাতে বহিরাকাশে রূপলোক আবর্তিত হ'য়ে প্রকাশ পায়, তাঁর অন্য পদক্ষেপের আঘাতে অন্তরাকাশের রসলোক উন্মথিত হ'তে থাকে। অন্তরে বাহিরে মহাকালের এই বিরাট্ নৃত্যচ্ছন্দে যোগ দিতে পার্‌লে জগতে ও জীবনে অখণ্ড লীলারস উপলব্ধির আনন্দে মন বন্ধনমুক্ত হয়। 'নটরাজ' পালা গানের এই মর্ম।" ৩। বর্ষামঙ্গল ও বৃক্ষরোপণ উৎসব। ৪। নবীন—বসন্তের চিরনবীনতার আবির্ভাবে কবি-মনের আনন্দোৎসব। শান্তিনিকেতনে ঋতুতে ঋতুতে বিশ্ব-প্রকৃতির সহিত ছাত্রদের মনের সংযোগ-সাধনের উদ্দেশ্যে এগুলি লেখা হইয়াছিল। নবীন হইতেছে বসন্ত ঋতুকে আবাহন।

এই সকল বিভাগেই কবি তাঁহার অনন্তকে ও অসীমকে উপলব্ধি এবং

বিশ্বসৌন্দর্যে নিমজ্জন-জনিত আনন্দ প্রকাশ করিয়াছেন—সঙ্গে সঙ্গে করুণা ও বিশ্বমৈত্রীও প্রকাশ পাইয়াছে।

বনবাণীর সকল কবিতারই রচনার উপলক্ষ-সম্বন্ধে একটু করিয়া পরিচয় নিজেই দিয়া রাখিয়াছেন।

পরিশেষ

১৩৩৯ সালের ভাদ্র মাসে প্রকাশিত। কবি অনেক দিন হইতে কেবলই মনে করিয়া আসিতেছেন যে, তাঁহার যাহা দিবার তাহা ফুরাইয়া আসিয়াছে; যে কাব্য তিনি দিতেছেন তাহা তাঁহার শেষ দান, তাঁহার পরমায়ু অবসানের শেষ প্রান্তে আসিয়া ঠেকিয়াছে। তাই কবি 'খেয়া' নাম দিলেন তাঁহার অনেক দিন আগের এক কাব্যের, পরে আর এক কাব্যের নাম দিলেন পূরবী, এবং তাহারও পরে যখন তাঁহাকে দিয়া তাঁহার 'বিচিত্রা' বাণীবন্দনার আয়োজন করাইয়া ছাড়িলেন, তখন কবি সেই বিচিত্রাকে জিজ্ঞাসা করিতেছেন—

> তবুও কেন এনেছ ডালি দিনের অবসানে?
> নিঃশেষিয়া নিবে কি ভরি' নিঃস্ব-করা দানে? —বিচিত্রা।

এবং দিনের অবসানে সজ্জিত এই ডালির নাম কবি রাখিয়াছেন 'পরিশেষ'।

বিচিত্রা তাঁহাকে নানা বৈচিত্র্যের ভিতর দিয়া—সুখ-দুঃখের ভিতর দিয়া এখনও 'পূজার অর্ঘ্য বিরচন' করাইয়া ছাড়িয়াছেন।

তিনি বারংবার মনে করিতেছেন—

> রবি-প্রদক্ষিণ-পথে জন্মদিবসের আবর্তন
> হয়ে আসে সমাপন। —জন্মদিন
> যাত্রা হ'য়ে আসে সারা,—আয়ুর পশ্চিম-পথশেষে
> ঘনায় মৃত্যুর ছায়া এসে। —বর্ষ-শেষ।

কিন্তু কবি তো মৃত্যুঞ্জয়—তাঁহার তো কোথাও সমাপ্তি নাই, তিনি যে মহাপথিক—তাই কবি নিজেকে সম্বোধন করিয়া বলিতেছেন—

> হে মহাপথিক,
> অবারিত তব দশদিক।
> তোমার মন্দির নাই, নাই স্বর্গধাম,
> নাইকো চরম পরিণাম।
> তীর্থ তব পদে পদে;
> চলিয়া তোমার সাথে মুক্তি পাই চলার সম্পদে

চঞ্চলের নৃত্যে আর চঞ্চলের গানে,
চঞ্চলের সর্ব্বভোলা দানে.
আঁধার আলোকে।

কবি মৃত্যুঞ্জয়। রুদ্রের প্রবলতম আঘাত যে মৃত্যু তাহারও সম্মুখে দাঁড়াইয়া কবি সেই দুর্জ্জয় নির্দ্দয়কে বলিতেছেন—

এই মাত্র? আর কিছু নয়?
ভেঙে গেল ভয়।
যখন উদ্যত ছিল তোমার অশনি
তোমারে আমার চেয়ে বড় ব'লে নিয়েছিনু গণি'।

যখন রুদ্রের চরমতম আঘাত বক্ষে আসিয়া বাজে, তখনও মানুষ তাহা সহ্য করিয়া দাঁড়াইয়া থাকিতে পারে, মানুষের সহ্যশক্তি অসীম। অতএব সেই সামান্য মানব ভগবানের অপেক্ষাও এক হিসাবে বড়, ভগবানের শেষ দণ্ড মৃত্যুর অপেক্ষা তো নিশ্চয়ই বড়। তাই কবি সাহস করিয়া বলিতেছেন—

যত বড় হও
তুমি তো মৃত্যুর চেয়ে বড় নও।
আমি মৃত্যু চেয়ে বড়—এই শেষ কথা ব'লে
যাব আমি চ'লে —২

আবার কবি তো প্রাণময়, তিনি প্রাণমন্ত্রের সাধক। যেখানে নবীনতা যেখানে সৌন্দর্য্য প্রাচুর্য আনন্দ সেখানে তো কবির আসন পাতা থাকে। সেই চিরসুন্দর কবির চিরসাথী। উভয়ের চলার একই ছন্দ, উভয়ের চলা একই সঙ্গে।

চিনি নাহি চিনি চির-সঙ্গিনী
চলিলে আমার সঙ্গে।

এবং কবি সেই চির সঙ্গিনীকে বলিতেছেন—

আমার নয়নে তব অঞ্জনে
ফুটেছে বিশ্বচিত্র,
তোমার মন্ত্রে এ বীণাতন্ত্রে
উল্গাথা সুপবিত্র।

কিন্তু সেই

চেনা মুখখানি আর নাহি জানি,
আঁধারে হতেছে গুপ্ত।

কিন্তু কবির সহিত তাহার চির সঙ্গিনীর তো বিচ্ছেদ ঘটিতে পারে না, তাহা হইতে তিনি চির সঙ্গিনী হইবেন কেমন করিয়া। তাই ভরসা লইয়া কবি বলিতেছেন—

মরণ-সভায় তোমায় আমার
গাব আলোকের জয়। -তুমি!

এই পরিপূর্ণ নির্ভরতা ও আশা-আশ্বাসের সহিত কবি বলিয়াছেন—

এই গীতি-পথপ্রান্তে, হে মানব, তোমার মন্দিরে
দিনান্তে এসেছি আমি নিশীথের নৈশব্দের তীরে
আরতির সান্ধ্যক্ষণে; একের চরণে রাখিলাম
বিচিত্রের নর্মবাঁশি,—এই মোর রহিল প্রণাম।

ইহাই হইল পরিশেষ কাব্যের অন্তরের কথা। ইহা ব্যতীত নানা উপলক্ষ্যে লেখা—বিবাহ, নামকরণ, বকসাদুর্গে বন্দীদের সম্বোধন, ইত্যাদি—কতকগুলি কবিতা আছে। কতকগুলি কণিকা জাতীয় কবিতা ও গাথা-জাতীয় কবিতা আছে। তাহার কয়েকটি ছন্দোবদ্ধ গদ্যে লেখা। পরিশেষের পরিশিষ্টে শ্রীবিজয়, সিয়াম, বোরোবুদুর প্রভৃতি দেশ-ভ্রমণ-উপলক্ষে লেখা কবিতা আছে। ইহার দুই-তিনটি কবির 'যাত্রী' নামক পুস্তকেও আছে।

পুনশ্চ

১৩৩৯ সালের আশ্বিন মাসে প্রকাশিত। ছন্দোবদ্ধ গদ্যে লেখা কাব্য। গদ্যে লেখা হইলেও ইহার রচনার মধ্যে একটি ছন্দ আছে, তাল আছে, এবং কবিতার রস আছে। লিপিকার রচনার সহিত ইহাদের অনেক সাদৃশ্য আছে, পার্থক্য এই যে লিপিকায় সমস্ত কথাটি গদ্যের আকারে ছাপা হইয়াছিল, আর ইহাতে ভাবানুযায়ী লাইনগুলিতে ভাঙিয়া সাজাইয়া কবিতার আকার দেওয়া হইয়াছে। এই রচনা-পদ্ধতিও কবির এক নব সৃষ্টি।

কবির জীবনদেবতা কবিকে দিয়া এক এক সময়ে এক এক নূতন সৃষ্টি করাইয়া লইয়াছেন। কবি যতবারই বলিতে চাহিয়াছেন যে, এই আমার শেষ সৃষ্টি, ততবারই তাঁহার জীবনদেবতা তাঁহাকে দিয়া নূতন সৃষ্টি করাইয়া ছাড়িয়াছেন। কবি যেবারে পরিশেষ বলিয়া একেবারে কাজে ইস্তাফা দিয়া খতম করিয়া বসিতে চাহিলেন, সেবারেও তাঁহার আবেদন না-মঞ্জুর হইয়া গেল—কবিকে কাঁচিয়া গণ্ডুষ করিতে হইল—পুনশ্চ তাঁহাকে নবসৃষ্টিতে নিযুক্ত হইতে হইল।

অপূর্ণ যখন চলেছে পূর্ণের দিকে
তার বিচ্ছেদের যাত্রাপথে
আনন্দের নব নব পর্যায়।
পরিপূর্ণ অপেক্ষা করছে স্থির হ'য়ে;
নিত্য পুষ্প, নিত্য চন্দ্রালোক,
নিত্যই সে একা, সেই তো একান্ত বিরহী!
যে অভিসারিকা তারই জয়,
আনন্দে সে চলেছে কাঁটা মাড়িয়ে।

ভুল বলা হ'লো বুঝি।

সেও তো নেই স্থির হ'য়ে,
যে পরিপূর্ণ, সে যে বাজায় বাঁশি, প্রতীক্ষার বাঁশি,—
সুর তার এগিয়ে চলে অন্ধকার পথে।

বাঞ্ছিতের আহ্বান আর অভিসারিকার চলা
পদে পদে মিল্‌ছে একই তালে।
তাই নদী চলেছে যাত্রার ছন্দে,
সমুদ্র দুল্‌ছে আহ্বানের সুরে। —বিচ্ছেদ

এই তো কবি রবীন্দ্রনাথের নিজের জীবনের কথা ও তাঁহার কাব্যে অন্তরের বার্তা।

দ্রষ্টব্য—প্রাচীন সাহিত্য ও লিপিকা পুস্তকে, মেঘদূত প্রবন্ধ, জীবনস্মৃতি, যাত্রী প্রভৃতি পুস্তকে এই পূর্ণ-অপূর্ণের মিল-সাধনার কথা।

কালের যাত্রা

ইহা নাটিকা। ১৩৩৯ সালের ভাদ্র মাসে প্রকাশিত। ইহার মধ্যে দুইটি নাটিকা আছে—১। রথের রশি, ২। কবির দীক্ষা।

১৩৩০ সালের অগ্রহায়ণ মাসের "প্রবাসী"তে কবির একটি নাটক বাহির হইয়াছিল—রথযাত্রা। তাহাকেই একটু বদল করিয়া ও বর্ধিত করিয়া লিখিত হইয়াছে রথের রশি।

মহাকালের রথ অচল হইয়া গিয়াছে। ব্রাহ্মণ-পুরোহিতের মন্ত্রপাঠ, ক্ষত্রিয় রাজা সেনাপতি ও সৈন্যসামন্তদিগের বীরত্বের আস্ফালন, শ্রেষ্ঠী ধনপতির ধনবল কিছুতেই সেই রথকে চালাইতে পারিল না। মেয়েরা কত মানত করিল, কত তুক্‌তাক্ করিল, কত পূজা দিল, কত লোকে কত টানাটানি করিল; কিন্তু রথের চাকা বসিয়া যায় ছাড়া আর চলে না; রথের রশি কেহ চালাইতেই পারে না। এতদিন এই রথ ব্রাহ্মণেরাই চালাইয়া আসিয়াছেন; "তখন যে এঁরা স্বাধীন সাধনার জোরে নিজে চল্‌তেন, চালাতেও পারতেন। এখন এঁরা ধনপতির দ্বারে অচল হ'য়ে বাঁধা, এখন এঁদের হাতে কিছুই চল্‌বে না।"—রথযাত্রা। তাই মন্ত্রী কোনো উপায় না দেখিয়া বলিতেছেন—"দেখ শেঠজী, রথযাত্রাটা আমাদের একটা পরীক্ষা। কাদের শক্তিতে সংসারটা সত্যিই চল্‌ছে মহাকালের রথচক্র ঘোরার দ্বারা সেইটেরই প্রমাণ হ'য়ে থাকে। যখন পুরোহিত ছিলেন নেতা, তখন তাঁরা রশি ধরতে-না-ধর্‌তে রথটা ঘুম-ভাঙা সিংহের মতো ধড়্‌ফড়্ ক'রে ন'ড়ে উঠ্‌ত। এবারে সে কিছুতেই সাড়া দিল না। তার থেকে প্রমাণ হচ্ছে শাস্ত্রই বলো শস্ত্রই বলো সমস্ত অর্থহীন হ'য়ে পড়েছে···।"

তখন শূদ্রের দল হৈ হৈ করিতে করিতে আসিয়া পড়িল—তাহারা রথের রশি টানিয়া মহাকালের রথ চালাইবে। এতদিন তাহারা মহাকালনাথের রথের চাকার তলায় পিষিয়া মরিয়া আসিয়াছে, কিন্তু এবার তাহারা আসিয়াছে মরিতে নয়—মরীয়া হইয়া রথ চালাইতে—তাই তাহাদের দলপতি বলিতেছেন—

এবারে রথের তলাটাতে পড়্‌বার জন্যে মহাকাল আমাদের ডাক দেননি—তিনি ডেকেছেন তাঁর রথের রশিটাকে টান দিতে।"—রথযাত্রা।

"আমরাই তো জোগাচ্ছি অন্ন, তাই খেয়ে তোমরা বেঁচে আছ; আমরাই বুন্‌ছি বস্ত্র, তাতেই তোমাদের লজ্জা রক্ষা!"—রথযাত্রা।

দলপতি তাহার শূদ্র সহচরদের ডাক দিয়া বলিল—"আয় রে ভাই, লাগাই টান, মরি আর বাঁচি।"

মন্ত্রী তাড়াতাড়ি বলিল—"কিন্তু বাবা, সাবধানে রাস্তা বাঁচিয়ে চোলো। বরাবর যে রাস্তায় রথ চলেছে, যেয়ো সেই রাস্তা ধ'রে। পোড়ো না যেন একেবারে আমাদের ঘাড়ের উপর।"—রথের রশি।

মন্ত্রীর বড় ভয়, পাছে রথ বাঁধা পথ ছাড়িয়া কোনো নূতন পথে চলে এবং অবশেষে তাঁহারই মতন অভিজাত ধনীসম্প্রদায়ের কোনো বিপদ ঘটায়, যাঁহারা এতদিন শূদ্রদের দমাইয়া নীচে রাখিয়া মহাকালের প্রসাদ ভোগ করিয়া আসিতেছেন।

শূদ্রদের টানে রথ চলিল, মহাকালের জাত গেল ও তাঁহার গতি হইল, তাঁহার রথ "মান্‌ছে না আমাদের বাপ-দাদার পথ!"

এমন সময়ে কবি আসিয়া উপস্থিত। সকলে কবির কাছে এই আজব ব্যাপারের কারণ জিজ্ঞাসা করিতে লাগিল—"এ কী উল্টোপাল্টা ব্যাপার, কবি? পুরুতের হাতে চল্‌ল না রথ, রাজার হাতে না, মানে বুঝ্‌লে কিছু!"

কবি।—ওদের মাথা ছিল অত্যন্ত উঁচু, মহাকালের রথের চূড়ার দিকেই ছিল ওদের দৃষ্টি—নীচের দিকে নাম্‌ল না চোখ, রথের দড়িটাকেই কর্‌লে তুচ্ছ। মানুষের সঙ্গে মানুষকে বাঁধে যে বাঁধন, তারে ওরা মানে নি।......... পূজো পড়েছে ধূলোয়, ভক্তি করেছে মাটি। রথের দড়ি কি প'ড়ে থাকে বাইরে? সে থাকে মানুষে মানুষে বাঁধা—দেহে দেহে প্রাণে প্রাণে। সেইখানে জমেছে অপরাধ, বাঁধন হয়েছে দুর্বল।......এইবেলা থেকে বাঁধনটাতে দাও মন—রথের দড়িটাকে নাও বুকে তুলে, ধূলোয় ফেলো না;...... আজকের মতো বলো সবাই মিলে, যারা এতদিন ম'রে ছিল, তারা উঠুক বেঁচে, যারা যুগে যুগে ছিল খাটো হ'য়ে, তারা দাঁড়াক এবার মাথা তুলে।

এই শ্রেণীর কবিরাই কালে কালে লোকেদের মহাকালের রথ চালাইবার উপায় নির্দেশ করিয়া দেন—তাঁহারা বলেন তাল রক্ষা করিয়া ছন্দ বাঁচাইয়া চলো, তাহা হইলেই মহাকালের রথ চলার কোনো বিঘ্ন হইবে না। সমাজ-ব্যবস্থায় একপেশে ঝোঁক হইলেই রথের চাকা মাটিতে বসিয়া যায়। ইহাই হইতেছে কবির শিক্ষা। সেই শিক্ষা গ্রহণ করিলেই—জয় মহাকাল-নাথের জয়!

কবির দীক্ষা নামক অংশে দুই জনের কথা আছে—তথাপি উহাকে ঠিক নাটক বলা যায় না, উহার মধ্যে কোনো ঘটনা নাই, কোনো গতি নাই, আছে কেবল একটু তত্ত্ব। কবি শিব-মন্ত্রের উপাসক, তিনি লোককে শিব-মন্ত্রে দীক্ষা দিয়া থাকেন। এই শিব-মন্ত্র হইতেছে ত্যাগের মন্ত্র—কারণ মহাদেব ভিক্ষুক। এই যে ত্যাগ তাহা শূন্য ঘড়াটাকে উপুড় করা নয়, "ত্যাগের রূপ দেখ ঐ ঝরণায়, নিয়ত গ্রহণ করে, তাই নিয়তই করে দান।...... দারিদ্র্যে তাঁরই মহত্ত্ব, মহৎ যিনি ঐশ্বর্য্যে। মহাদেব ভিক্ষা নেন পাবেন ব'লে নয়, আমাদের দানকে করতে চান সার্থক।......কিছু তিনি চান্‌নি কুকুর-বেরালের কাছে। অন্ন চাই ব'লে ডাক দিলেন মানুষের দ্বারে। বেরোলো মানুষ লাঙল কাঁধে। যে-মাটি ফাঁকা ছিল, প্রকাশ পেল তাতে অন্ন। বল্‌লেন চাই কাপড়—হাত পেতেই রইলেন। বেরোলো ফলের থেকে তূলো, তূলোর থেকে সুতো, সুতোর থেকে কাপড়। ভাগ্যে তাঁর ভিক্ষার ঝুলি অসীম তাই মানুষ সন্ধান পায় অসীম সম্পদের। নইলে দিন কাট্‌ত কুকুর-বেরালের মতো। তোমরা কি বলো সব চেয়ে সন্ন্যাসী ঐ কুকুর-বেরাল।... মানুষকে যদি দেউলে করেন তিনি, তবে ভিক্ষু দেবতার ভিক্ষা হবে যে অচল। তাঁর ভিক্ষার ঝুলির টানে মানুষ হয় ধনী, যদি দান কর্‌তেন ঘট্‌ত সর্বনাশ।

"তবে কি য়ুরোপখণ্ডকে বল্‌বে শিবের চেলা?"

"বলতে হয় বৈ কি। নইলে এত উন্নতি কেন? মেনেছে ওরা মহা-ভিক্ষুর দাবী। তাই বের ক'রে আন্‌ছে নব নব সম্পদ্‌, ধনে প্রাণে, জ্ঞানে মানে।"

কবি এই দীক্ষা আমাদের দিতেছেন যে আমাদিগকে অর্জন করিতে হইবে ত্যাগ করিবার জন্য, ত্যাগ করিতে হইবে কল্যাণের জন্য সাত্ত্বিক ভাবে সচেতন ভাবে, তমোভাবে ভুলিয়া গাঁজায় দম লাগাইয়া যে সন্ন্যাস সে সন্ন্যাস নয়, মৃত্যু। "প্রাণের ধনই হলো আনন্দ, যাকে বলি রস। যেখানে রসের দৈন্য, ভরে না সেখানে প্রাণের কমণ্ডলু।" "মানুষের যিনি শিব তিনি বিষ পান করেন বিষকে কাটাবেন ব'লে। ভিক্ষা দাও ভিক্ষা দাও দ্বারে দ্বারে রব উঠ্‌ল তাঁর কণ্ঠে,—সে ভিক্ষা মুষ্টিভিক্ষা নয়, নয় অবজ্ঞার ভিক্ষা। নির্ঝরিণীর স্রোত যখন হয় অলস তখন তার দানে পঙ্ক হয় প্রধান। দুর্বল আত্মার তামসিক দানে দেবতার তৃতীয় নেত্রে আগুন ওঠে জ্বলে।

বিচিত্রিতা

১৩৪০ সালে শ্রাবণ মাসে প্রকাশিত বলিয়া যদিও বইয়ে ছাপা হইয়াছে, কিন্তু বাজারে বাহির হইয়াছে ভাদ্র মাসে।

স্বয়ং কবির এবং অঁপর নানা চিত্রকারের নানা বিষয়ের ও নানা স্টাইলের ছবি লইয়া ছবির একটি এল্‌বামের মতন করা হইয়াছে, এবং প্রত্যেক ছবিকে কবি এক-একটি কবিতা লিখিয়া ব্যাখ্যা করিয়াছেন। ছবির নামও বোধ হয় কবি দিয়াছেন, এবং তাঁহার ব্যাখ্যা যে ছবিকে ছাপাইয়া কবিত্বে বৈজ্ঞানিক তত্ত্বে সামাজিক তত্ত্বে মিশিয়া রসালো ও অপূর্ব সুন্দর হইয়া উঠিয়াছে তাহা বলাই বাহুল্য।

ছবিগুলি বিভিন্ন লোকের অঙ্কিত এবং তাহাদের বিষয়ও বিভিন্ন বলিয়া কবিতাগুলিতেও বিভিন্ন রসের সমাবেশ হইয়াছে। এই জন্য এই পুস্তকের নাম 'বিচিত্রিতা' সুসঙ্গত হইয়াছে।

চণ্ডালিকা

ইহা নাটিকা। ১৩৪০ সালের ভাদ্র মাসে প্রকাশিত। গদ্যে ও গানে লেখা। এই নাটিকার বিষয়-সম্বন্ধে কবি ভূমিকায় পরিচয় দিয়াছেন—

"রাজেন্দ্রলাল মিত্র কর্তৃক সম্পাদিত নেপালী বৌদ্ধ সাহিত্যে শার্দ্দূল-কর্ণাবদানের যে সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হয়েছে, তাই থেকে এই নাটিকার গল্পটি গৃহীত।

গল্পের ঘটনাস্থল শ্রাবস্তী। প্রভু বুদ্ধ তখন অনাথপিণ্ডদের উদ্যানে প্রবাস যাপন করছেন। তাঁর প্রিয় শিষ্য আনন্দ একদিন এক গৃহস্থের বাড়ীতে আহার শেষ ক'রে বিহারে ফের্‌বার সময় তৃষ্ণা বোধ কর্‌লেন। দেখ্‌তে পেলেন এক চণ্ডালের কন্যা, নাম প্রকৃতি, কূয়ো থেকে জল তুল্‌ছে। তার কাছ থেকে জল চাইলেন, সে দিল। তাঁর রূপ দেখে মেয়েটি মুগ্ধ হলো। তাঁকে পাবার অন্য কোনো উপায় না দেখে মায়ের কাছে সাহায্য চাইলে। মা তার যাদুবিদ্যা জান্‌ত। মা আঙিনায় গোবর লেপে একটি বেদী প্রস্তুত ক'রে সেখানে আগুন জ্বাল্‌ল এবং মন্ত্রোচ্চারণ কর্‌তে কর্‌তে একে একে ১০৮টি অর্ক ফুল সেই আগুনে ফেল্‌লে। আনন্দ এই যাদুর শক্তি রোধ কর্‌তে পার্‌লেন না। রাত্রে তার বাড়ীতে এসে উপস্থিত। তিনি বেদীর উপর আসন গ্রহণ কর্‌লে প্রকৃতি তাঁর জন্য বিছানা পাত্‌তে লাগ্‌ল। আনন্দের মনে তখন পরিতাপ উপস্থিত হলো। পরিত্রাণের জন্য ভগবানের কাছে প্রার্থনা জানিয়ে কাঁদ্‌তে লাগ্‌লেন। ভগবান্‌ বুদ্ধ তাঁর অলৌকিক শক্তিতে শিষ্যের অবস্থা জেনে একটি বৌদ্ধমন্ত্র আবৃত্তি কর্‌লেন। সেই মন্ত্রের জোরে চণ্ডালীর বশীকরণবিদ্যা দুর্বল হ'য়ে গেল এবং আনন্দ মঠে ফিরে এলেন।"

কবির লেখনীর যাদুতে এই আখ্যায়িকা তাঁহার নাটকে কিছু বদ্‌লাইয়া গিয়াছে। এখানে অলৌকিকতা বিশেষ কিছু রাখা হয় নাই, যাহা আছে তাহা রূপক বা symbol। চণ্ডালী প্রকৃতি আনন্দকে দেখিয়া মুগ্ধ হইয়াছে। সে তাহার মাকে বলিল—"আমি চাই তাঁকে। তিনি আচম্‌কা এসে আমাকে জানিয়ে গেলেন, আমার সেবাও চল্‌বে বিধাতার সংসারে, এত বড় আশ্চর্য কথা।" সে তাহার মাকে অনুরোধ করিল মন্ত্র পড়িয়া সে টানিয়া আমুক

আনন্দকে তাহাদের বাড়ীর দ্বারে। প্রকৃতির মা মন্ত্র পড়িয়া তুকতাক করিতে লাগিল। কিন্তু প্রকৃতি কল্পনায় দেখিতে লাগিল যিনি শুদ্ধচরিত্র অপাপবিদ্ধ সাধু সন্ন্যাসী তিনি সেই মন্ত্রের মোহে কামার্ত হইয়া চণ্ডালের দ্বারে অভিসারে আসিতেছেন; তাঁহার চরিত্রের শুভ্রতা কলঙ্কিত হইয়া গিয়াছে, তাঁহার গতি হইয়াছে কুণ্ঠিত, পদক্ষেপ লজ্জিত. বক্ষে হয় ভয়, চক্ষে বুভুক্ষা। যেমন কবির 'উদ্ধার' নামক ছোট গল্পে গৌরী বাতায়ন হইতে গুরুদেবকে চোরের মতো পুষ্করিণীতটে শিষ্যবধূর কাছে অভিসারে আসিতে দেখিয়া বজ্রচকিতের ন্যায় দৃষ্টি অবনত করিয়াছিল, এই চণ্ডালকন্যা প্রকৃতিও তেমনি নিজের ধ্যাননেত্রে তাহার প্রিয়তমের পতনের ছবি দেখিয়া আর্তনাদ করিয়া উঠিল—"ওরে ও রাক্ষুসী, কী কর্‌লি, কী কর্‌লি, তুই মর্‌লিনী কেন? কী দেখ্‌লাম। ওগো কোথায় সেই দীপ্ত উজ্জ্বল, সেই শুভ্র নির্মল, সেই সুন্দর স্বর্গের আলো। কী ম্লান, কি ক্লান্ত, আত্মপরাজয়ের কী প্রকাণ্ড বোঝা নিয়ে এলো আমার দ্বারে। মাথা হেঁট করে এলো। যাক্‌, যাক, এ-সব যাক্‌—ওরে তুই চণ্ডালিনী না হোস যদি, অপমান করিসনে বীরের—জয় হোক তাঁর জয় হোক।"

এমন সময়ে আনন্দ আসিয়া সেইখানে উপস্থিত হইয়া বুদ্ধবন্দনা পাঠ করিতে লাগিলেন। প্রকৃতির মা মরিয়া গেল—অর্থাৎ প্রকৃতির মনের সেই পাপ মারজয়ী মহাসন্ন্যাসী বুদ্ধদেবের পুণ্যপ্রভাবে মরিয়া গেল—চণ্ডালিনীও পুণ্যপ্রভাবে পবিত্র হইয়া গেল। জয় হইল পুণ্যের, জয় হইল সংযমের, জয় হইল করুণার, জয় হইল ক্ষমার, জয় হইল আচণ্ডালে প্রীতির ও সাম্যবোধের।

এইরূপ একটি কাহিনী অবলম্বন করিয়া সতীশচন্দ্র রায় ১৩১০ সালের বঙ্গদর্শনে "চণ্ডালী" নামে একটি দীর্ঘ কবিতা লিখিয়াছিলেন।

তাসের দেশ

১৩৪০ সালের ভাদ্র মাসের শেষে প্রকাশিত নাটিকা, রূপক। রবীন্দ্রনাথের পুরাতন ছোট গল্পের মধ্যে একটি গল্প আছে, তাহার নাম 'একটা আষাঢ়ে গল্প'। সেই গল্পটিকে অবলম্বন করিয়া এই নাটিকাটি রচিত হইয়াছে—পুরাতনের ইহা নূতন রূপ, গানে কথায় রসে তত্ত্বে একেবারে ভোল ফিরিয়া গিয়াছে।

রাজপুত্র লক্ষ্মীকে ছাড়িয়া অলক্ষ্মীর আশ্রয় গ্রহণ করিতে চাহেন, কারণ "ভীরু করেছে ঐ লক্ষ্মী। সাহস আছে লক্ষ্মীছাড়ার। যার বিপদ নেই, তার ভরসা নেই।" তিনি কূল ছাড়িয়া অকূলে ভাসিতে চাহেন নবীনার সন্ধানে, রূপকথার দেশের সন্ধানে। তিনি মায়ের কাছে বিদায় চাহিলেন। রাজমাতা বলিলেন—"আমি ভয় ক'রে অকল্যাণ করব না। ললাটে দেব শ্বেতচন্দনের তিলক, শ্বেত উষ্ণীষে পরাব শ্বেতকরবীর গুচ্ছ।"

রাজপুত্রের সঙ্গী হলো সদাগরের পুত্র। নবীনার বাণিজ্য-যাত্রায় তাহাদের তরী ভগ্ন হইল, তাহারা শেষে উপনীত হইল এক দ্বীপে। সেটা তাসের দেশ। সেখানকার লোকেরা সব কাগজের, পেটেপিঠে চেপ্‌টা, তাহারা চৌকা-চৌকা চালে চলে, সবই সেখানে নিয়মে বাঁধা, তাহারা উঠে বসে চলে ফিরে প্রথা ও দস্তুর অনুসারে, কেহ হাসে না, হাসা সেখানে নিয়ম নয় বলিয়াই। তাহাদের মধ্যে পদমর্যাদা ধরা-বাঁধা, সব থাক-বাঁধা, তাহারা চতুর্বর্ণে বিভক্ত। কে যে কবে কেন ঐ রকম ব্যবস্থা করিয়া দিয়াছে তাহার কোনো নির্ণয় নাই, তথাপি সেই মান্ধাতার আমলের নিয়মের ব্যতিক্রম করিতে কেহ সাহস করে না, বর্ণাশ্রম ধর্ম সেখানে কায়েমী। সমাজে কাহার কি মূল্য ও কোথায় কাহার পরে কাহার স্থান তাহা স্থির করা আছে, তাহার প্রতিবাদ করিতে কেহ সাহস করে না, প্রতিবাদ বা বদল যে করা যায় এমন কথাও কেহ ভাবে না, সেখানে সকলেরই গায়ে ফোঁটা কাটিয়া তাহাদের মূল্য নির্ধারণ করিয়া রাখা হইয়াছে—দুরির চেয়ে তিরি বড়, তিরির চেয়ে চৌকা, এবং তাহার পরে পঞ্জা ছক্কা ক্রমে দহলা পর্যন্ত, তাহার উপরে গোলাম, বিবি, সাহেব; কিন্তু সকলের বড় হইল টেক্কা—তাহার মাত্র একটি ফোঁটা মূল্য হইলে কি হয়, তাহার পদমর্যাদা সকলের চেয়ে বেশি ইহা

সকলেই মানিয়া লইয়াছে, এমন কি নহলা দহলা পর্যন্ত এক দিনও আপত্তি উত্থাপন করে না যে, মাত্র একটি ফোঁটার জোরে টেক্কা কেমন করিয়া তাহাদের অতগুলি ফোঁটাকে পরাস্ত করিতেছে। কারণ, সেটা নিয়মের দেশ। এই সেখানকার মান্ধাতার আমলের নিয়ম, বাপ-পিতামহ মানিয়া আসিয়াছে; কিন্তু কে যে সেই নিয়ম করিয়াছে, তাহা কেহ নাই বা জানিল, এবং তাহাতে কোনো বিচার ও ন্যায়সঙ্গতি নাই বা থাকিল। সেখানকার সকলেই সনাতনপন্থী। যাহার হাতের পাঁচ সেই তাহাদের ভাঁজিয়া যথারীতি বিতরণ করে; তাহাদের নিজেদের কোনো মতামত নাই।

এই তাসের দেশে এমন দুইজন লোক আসিয়া উপস্থিত হইয়াছে, যাহাদের একজন রাজপুত্র ও একজন সদাগরের পুত্র—একজনের দেশে দেশে দিগ্‌বিজয় করিয়া বেড়ানো বৃত্তি, একজনের বন্দরে বন্দরে অচেনা নবীনাকে সন্ধান করিয়া ফেরাই ব্যবসায়। তাহারা ঘরের বাঁধা-বরাদ্দ ছাড়িয়া অনিশ্চিতের পশ্চাতে ধাবিত হইয়াছে, তাহারা বাধা ভাঙিয়া সমস্ত কিছু নিজেরা যাচাই করিয়া দেখিয়া লইতে, বিচার করিতে অকূলে ভাসিয়া বিশ্বে বাহির হইয়া পড়িয়াছে। তাহারা হাসে, তাহারা গান গায়, তাহারা নিয়ম ভঙ্গ করে। তাসেরা প্রথম প্রথম চমকাইয়া উঠিল, কেলেঙ্কারি ব্যাপারে ভয় পাইল; কিন্তু তাহাদের গায়ের হাওয়া লাগিয়া তাসের দেশে বিপ্লব উপস্থিত হইল; তাসের দেশে নিজেদের ইচ্ছা বলিয়া একটা সর্বনেশে বস্তু দেখা দিল। তাসের দেশের খবরের কাগজের সম্পাদক চঞ্চল হইয়া তাসের দেশের কৃষ্টি রক্ষা করিবার জন্য খুব ওজস্বী ভাষায় সম্পাদকীয় স্তম্ভ পূর্ণ করিতে লাগিল। অবশেষে দেশের সকলে আইন অমান্য করিতে ছুটিল। দেশে আর বাধ্যতামূলক আইন রাখা চলিল না। বিদেশীরা তাসের দেশে আনিল মুক্তির গান, অশান্তির চঞ্চলতা, নিয়মের অবাধ্যতা।

তাসের দেশের মেয়েদের ঊর্মিলা নদী ডাক দিয়া বলে তাহাদের কুঞ্চিত কেশদাম বাতাসে উড়াইয়া নাচিয়া চলিতে; ফুল অনুনয় করে তাহাদের অলকে দুলিয়া ভূষণ হইবার জন্য; পাখীরা গান গাহিয়া নিকুঞ্জ-কাননে প্রেমের প্রলোভন শুনায়। সকল দিকে জাগিয়া উঠিল ইচ্ছা, চারিদিকে শোনা গেল নিয়মের গণ্ডী ভাঙার ডাক। ভীরু হইল সাহসী; সকলে স্বাধীন ইচ্ছায় প্রাণশক্তিতে প্রবল হইয়া সনাতনী জুলুম ও অত্যাচারের বিরোধী হইয়া উঠিল।

এই তাসের দেশ যে আমাদেরই সনাতনপন্থী দেশ তাহা না বলিয়া দিলেও কাহারও বুঝিতে কষ্ট হইবে না। কত বার কত রাজপুত্র ও সদাগরের পুত্র আমাদের এই নির্জীব তাসের দেশে আসিয়া আমাদের কানে মন্ত্র দিয়াছেন—"ভাঙ্‌তে হবে এখানে এই অলসতার বেড়া, এই নির্জীবের গণ্ডী, ঠেলে ফেল্‌তে হবে এই-সব নিরর্থকের আবর্জনা। ছিঁড়ে ফেলো আবরণ, টুক্‌রো টুক্‌রো ক'রে ছিঁড়ে ফেলো। মুক্ত হও, শুদ্ধ হও, পূর্ণ হও।" কিন্তু সেই অমৃতময়ী বাণী তো আমাদের রুদ্ধ প্রাণের দরজায় মাথা কুটিয়া অপমানিত হইয়া ব্যর্থ হইয়াছে। আমাদের কবি তাঁহার তূর্যকণ্ঠে এই বাণী পুনঃপুনঃ উদ্‌ঘোষিত করিতেছেন। আমাদের তাসের দেশে কি প্রাণের সাড়া জাগিবে না!

দ্রষ্টব্য—তাসের দেশ—কৃপালনী, Visva-Bharati News. Oct. and Nov., 1933.

উপসংহার

দুরূহ ব্রত উদ্‌যাপন করিলাম। মহাকবি রবীন্দ্রনাথের কাব্যতীর্থে পরিক্রমণ সমাপ্ত করিলাম। তীর্থরাজের প্রসাদ ও সুফল আমার ভাগ্যে জুটিল কি না তাহা জানি না—তবে পরম শ্রদ্ধার সহিত গুরুপরিশ্রম স্বীকার করিয়া দীর্ঘ দশ বৎসরের নিরন্তর চেষ্টায় এই দুষ্কর তীর্থভ্রমণ যে সমাপ্ত করিতে পারিয়াছি ইহারই আনন্দ ও আত্মপ্রসাদ আমার পুরস্কার। আর একটি কথাও মনে জাগিতেছে—এই তীর্থপথে যাঁহারা পথিকৃৎ তাঁহাদিগকে সসম্মানে ও কৃতজ্ঞচিত্তে প্রণতি জানাইয়া বলিতেছি যে, এই সুদুর্গম তীর্থে আমি যতদূর পর্যটন করিয়াছি, কেহই এতদূর পরিভ্রমণ করিবার আয়াস স্বীকার করেন নাই। আমি এই পথের শেষ পর্যন্ত একবার দেখিয়া আসিলাম এবং এমন অনেক নূতন তীর্থ আবিষ্কার করিলাম, যাহা আমার পূর্বে অন্য কেহ লক্ষ্য করেন নাই।

কবিসার্বভৌম রবীন্দ্রনাথ অতি বাল্যকাল হইতেই বাগ্‌দেবীর আরাধনা করিতে আরম্ভ করিয়াছেন। তাঁহার লেখনীর উৎস-মুখ হইতে উৎসারিত অসংখ্য কবিতা ও গান অপূর্ব ভাব-সম্পদে সমৃদ্ধ হইয়া আমাদিগকে ও বিশ্ববাসীকে নব নব আনন্দরস পরিবেশন করিয়াছে। রবীন্দ্রনাথের কাব্য এবং কবিতার আলোচনা আমি এই রবিরশ্মির আলোকে আনিয়া ধরিয়াছি। আমার মন-প্রিজ্‌ম যে সকল রশ্মির যথাযথ বিশ্লেষণ করিতে পারিয়াছে তাহা জোর করিয়া বলিতে পারি না। কাব্য-বিশ্লেষণ ঠিক নির্দিষ্ট বিজ্ঞান নহে, তাহার সম্বন্ধে কেহই শেষ কথা বলিতে পারে না। মানুষের মনের গঠন-অনুসারে একটি কবিতারই বহু অর্থ আবিষ্কার করা যাইতে পারে। ইহার উদাহরণ কবি নিজেই দিয়াছেন তাঁহার 'পঞ্চভূত' পুস্তকে কাব্যের তাৎপর্য নামক আলোচনায়।

কবি পুনঃপুনঃ বলিয়াছেন—

> কবি আপনার গানে যত কথা কহে,
> নানা জনে লয় তার নানা অর্থ টানি';
> তোমা পানে ধায় তার শেষ অর্থখানি। —গীতাঞ্জলি।

কে কেমন বোঝে অর্থ তাহার,
কেহ এক বলে, কেহ বলে আর,
আমারে শুধায় বৃথা বারবার,
দেখে তুমি হাসো বুঝি। —চিত্রা, অন্তর্যামী।

কত জন মোরে ডাকিয়া কয়েছে--
'যা গাহিছ তার অর্থ রয়েছে কিছু কি ?'
তখন কী কই, নাহি আসে বাণী,
আমি শুধু বলি, 'অর্থ কী জানি !'
তারা হেসে যায়, তুমি হাসো ব'সে।

ল'য়ে নাম ল'য়ে জাতি বিদ্বানের মতামাতি,
ও সকল আনিস্‌নে কানে।
আইনের লৌহ ছাঁচে কবিতা কভু না বাঁচে,
প্রাণ শুধু পায় তাহা প্রাণে।
হাসিমুখে স্নেহভরে সঁপিলাম তোর করে,
বুঝিয়া পড়িবি অনুরাগে।
কে বোঝে, কে নাই বোঝে, ভাবুক তা নাহি খোঁজে
ভালো যার লাগে তার লাগে॥

—বিসর্জন নাটকের উৎসর্গ।

আমার এ সব জিনিস বাঁশির মতো—বুঝ্‌বার জন্যে নয়, বাজ্‌বার জন্যে।
—ফাল্গুনী।

রবীন্দ্রনাথ মিস্টিক কবি। বিশ্বপ্রকৃতি মহামানব যুগধর্ম ইত্যাদি সৃষ্টির মধ্যে যতপ্রকারের রূপবৈচিত্র্য আছে তাহার সঙ্গে সাধারণ মানুষের যে সম্বন্ধ, সে সম্বন্ধ কবির নয়। কবি তাহাদের সঙ্গে সব নব রস-সম্বন্ধ সৃষ্টি করেন। কবি সাধক দ্রষ্টা যুগে যুগে স্রষ্টার সঙ্গে যে গভীর রস-সম্বন্ধ সৃষ্টি করেন, লোকে তাহাকেই রস-ধর্ম বলিয়া মানিয়া লয়। সাধক কবিরা যে ভগবানের সহিত অন্তরঙ্গ রস-সম্বন্ধের কথা বলিয়াছেন, তাহাই মহামানবের জীবনধর্ম হইয়া উঠিয়াছে। রসময়ের সহিত এই রস-সম্বন্ধ-বন্ধনের নামই মিস্টিসিজ্‌ম্‌। কিন্তু ভক্ত প্রেমিক রবীন্দ্রনাথ যখনই প্রেমে আত্মহারা হইতে চাহিয়াছেন, তখনই শিল্পী রবীন্দ্রনাথ বিচারের বল্গার দ্বারা সেই আবেগকে শাসন করিয়াছেন। রবীন্দ্রনাথের মিস্টিসিজ্‌ম্‌কে সেইজন্য সম্যক্‌দর্শন বলা যাইতে পারে।

তিনি যাহা দেখেন বা অনুভব করেন, তাহা ঠিক বিচার করিয়া প্রকাশ করেন না, অতীন্দ্রিয় একটি অনুভবকে প্রকাশ করেন। তাহার দ্বারাই সত্যের ও সৌন্দর্যের গভীর রূপ প্রকাশ করা সম্ভব। কিন্তু সেই অনুভবের অন্তরালে কবির মগ্নচেতনার মধ্যে একটি বিচারবুদ্ধি প্রচ্ছন্ন থাকিয়া তাঁহাকে কেবলমাত্র ভাব-বিলাসিতা হইতে রক্ষা করিয়াছে। সেই জন্য রবীন্দ্রনাথের কাব্য বোধ্য-অবোধ্যের সীমানায় দাঁড়াইয়া পাঠককে ও সমালোচককে বোঝা-না-বোঝার দোটানায় ফেলিয়া রঙ্গ করিয়াছে।

রবীন্দ্রনাথের কবিতার ব্যাখ্যা বহু লোকে বহু বিভিন্ন ভাবে করিয়াছেন। আমি তাঁহাদেরই পদাঙ্ক অনুসরণ করিয়া সকলের উক্তির সার সংগ্রহ করিয়াছি, এবং অনেক স্থলে কবির নিজের অভিমতের দ্বারা যাচাই করিয়া বিশেষ শ্রদ্ধা ও বিনয়ের সহিত আমার বক্তব্য বলিতে চেষ্টা করিয়াছি। আমি অবশেষে এই বলিয়া সহৃদয় পাঠক-পাঠিকাদের নিকটে ক্ষমা চাহিয়া বিদায় লইতে চাই—

বুঝেছি কি বুঝি নাই বা সে তর্কে কাজ নাই,
ভালো আমার লেগেছে যে রইল সেই কথাই। -প্রবাহিণী।

পরিশিষ্ট

[টীকা-টিপ্পনী ও সমালোচনা-সংগ্রহ]

উৎসর্গ—হিমাদ্রি

কী জানি কি বাণী—অজ্ঞাত কোন বার্ত্তা, মেসেজ্। তুলনীয়—তপোমূর্ত্তি কবিতার ৫-৭ লাইন।

দুঃসাধ্য……শেষপ্রান্তে—দুঃখসাধ্য তোমার উচ্ছ্বাস আপনার সাধ্যের শেষ সীমায়, যতদূর গলা চড়াইতে পারা যায় তত দূরে।

অগ্নিতাপ বেগে—ভূগর্ভের তাপের বেগে। টেনিসন প্রভৃতি কবিরাও এমনই বহু বৈজ্ঞানিক তত্ত্বকে কবিতায় প্রকাশ করিয়াছেন।

নিরুদ্দেশ চেষ্টা—অনির্দ্দিষ্ট সাধনা—কী চাই তাহার ধারণা অস্পষ্ট, অথচ চেষ্টা চলিয়াছে ক্রমাগত।

পেয়েছ আপন সীমা—তুমি তোমার শেষ সীমায় পৌঁছিয়া সীমাবদ্ধ হইয়া গিয়াছ।

সীমা-বিহীনের—আকাশের।

খেয়া—শেষ খেয়া

শেষ খেয়া—ভগবানের অন্তিম কৃপা। কর্ম্মক্লান্ত জীবনের শেষ দিনের চিন্তায় কবি ভগবানের নিকটে তাঁহার করুণা প্রার্থনা করিতেছেন।

দিনের শেষে—জীবনের গণা দিন যখন ফুরাইয়া আসিয়াছে।

ঘুমের দেশ—পরলোক, সেখানে সর্ব্ব সংক্ষোভ বিরত হইয়া পরমা শান্তি বিরাজ করে।

ঘোমটা-পরা—অস্পষ্ট, দৃশ্য-অদৃশ্য।

কাজ-ভাঙ্গানো গান—মধুর সঙ্গীত যাহার মোহিনী শক্তিতে জগতের সকল কাজ ভুলাইয়া দেয়; পরলোকের চিন্তা তেমনি সর্ব্ববিস্মরণী। মানব-জীবন কর্ম্ম-শৃঙ্খলে বদ্ধ, মৃত্যু সেই শৃঙ্খল মোচন করে।

চুকিয়ে সুখ—মৃত্যু তো সুখ-দুঃখ দুইয়েরই বিরতি।

ফেরার পথে ফিরেও নাহি চায়—যাহারা যাইতেছে তাহারা যাইতেছেই, আর ফিরিয়া আসে না, অন্তত এই আকারে আর ফিরে না।

ঘর-ছাড়া—এই প্রবাসভূমি পৃথিবী পরিত্যাগ করিয়া যাইতে প্রস্তুত।

সাঁঝের বেলা—জীবন-সায়াহ্নে।

তরী—আমার সহচর সঙ্গী সকলে একে একে আমাকে পরিত্যাগ করিয়া প্রস্থান করিতেছেন।

কেমন ক'রে চিন্‌ব ইত্যাদি—কোন্ সাধনার ফলে তাঁহারা এমন স্বচ্ছল-গতি লাভ করিয়াছেন, তাহাও তো আমার চিন্তার অগোচর।

ছায়ায় যেন ছায়ার মতো—আমার পূর্ব্বজ সাধকদিগের সাধন তত্ত্ব আমি অস্পষ্ট উপলব্ধি করিতেছি।

এমন নেয়ে—তাঁহাদের মধ্যে কাহার সাধন প্রণালী আমার অবলম্বনীয় তাহাই আমি জানিতে চাই।

ঘরেও নহে পারেও নহে—যে ব্যক্তি সাংসারিকতায় বৈষয়িকতায় আসক্তও নহে, আবার একেবারে অনাসক্তও হইতে পারে নাই।

ফুলের বাহার নাইকো যাহার ইত্যাদি—যাহার ইহজীবনে আশা নাই, পরজীবনেরও কোনো সঞ্চয় নাই।

অশ্রু যাহার ফেল্‌তে হাসি পায়—জীবনের বিফলতায় যাহার বিলাপ করিতেও লজ্জা বোধ হয়, কারণ সে তো নিজের অবহেলাতেই সমস্ত নষ্ট পণ্ড করিয়া বসিয়াছে।

দিনের আলো—ইহকাল, ইহকালের আশা ও উৎসাহ।

সাঁঝের আলো—পরকাল, পরকালের সৌন্দর্য্য মাধুর্য।

ঘাটের কিনারায়—জীবনের শেষ প্রান্তে।

বলাকা কাব্যের নামকরণ

বলাকা কাব্যখানি ৪৬-টি পৃথক্ পৃথক্ কবিতার সঞ্চয়ন। ইহাদের মধ্যে কবি মাত্র ৮-টি কবিতার নাম দিয়াছেন, আর বাকীগুলির কোনো নাম দেন নাই। বলাকা নামটি সংস্কৃত সাহিত্যে সুপরিচিত। বলাকা-পংক্তি যখন আকাশে তোরণহীন লম্বিত মালার ন্যায় দুলিতে দুলিতে মানস-সরোবরের দিকে উড়িয়া চলিয়া যায়, তখন তাহাদের প্রত্যেকের পৃথক্ ও স্বতন্ত্র মূর্তি

আমাদের দৃষ্টিতে তেমন সুস্পষ্টভাবে প্রতিভাত হয় না, যেমন প্রতিভাত হয় তাহাদের সম্মিলিত মালিকাবদ্ধ সমগ্র পংক্তির গতিচ্ছন্দ ও গতিভঙ্গিমা। বলাকার কবিতাগুলির প্রত্যেকেরই এক-একটি স্বতন্ত্র তাৎপর্য তো আছেই, কিন্তু তাহা অপেক্ষাও তাহাদের সম্মিলিত সমষ্টিফল হইয়া একটি স্বতন্ত্র বিশেষ তাৎপর্য পরিস্ফুট হইয়া উঠিয়াছে। বলাকার অধিকাংশ কবিতার মধ্য দিয়া এই সমূহাত্মক তাৎপর্যের এক-একটি বিশেষ প্রকার ও বিশেষ ভঙ্গী ফুটিয়া উঠিয়াছে। বোধ হয় কবি সেইজন্যই কবিতাগুলির নাম দিতে দিতে সজাগ হইয়া নাম দেওয়া বন্ধ করিয়া প্রক্রম ভঙ্গ করিয়াছিলেন। নামের মধ্যে যাহা বাঁধা পড়ে, তাহার স্বতন্ত্রতা নামের আবরণের মধ্যেই সীমাবদ্ধ হইয়া যায়। যেখানে প্রত্যেকটি কবিতার মধ্য দিয়া একটি চঞ্চল নৃত্যগতির পাদবিক্ষেপ সূচিত হয়, সেখানে এই পাদবিক্ষেপকে সমস্ত নৃত্যের মধ্যে এক এক করিয়া দেখিলে তাহার সমগ্রতার তাৎপর্য বুঝা যায় না।

দোদুল্যমান মালার ন্যায় বলাকা-পংক্তি যখন আকাশপথে উড়িয়া যায়, তখন প্রত্যেকটি বক বা হংসের যে স্থান-সন্নিবেশের বিচিত্র পরিবর্ত্তন ঘটে, তাহা আমাদের দৃষ্টি তেমন আকর্ষণ করে না। এই স্থানসন্নিবেশের বৈচিত্র্যের ফলে বলাকা-মালাটি যে বিচিত্রভাবে বিচিত্র রূপে আমাদের মন হরণ করে, সেই বর্ণনাই সমগ্র বলাকার বর্ণনা। আকাশে ঘনকৃষ্ণমসীতুল্য মেঘ উঠিয়াছে, ঝড় বহিয়া চলিয়াছে, বলাকার মালাটি মধ্যে মধ্যে ছিঁড়িয়া ছিঁড়িয়া যাইতেছে। বলাকার এই দুর্দম বিপদের মধ্যে, মেঘগর্জনের মধ্যে, বিদ্যুত-ঝলকের মধ্যে কোনো ভয় নাই; তাহাদের মালা যেমন এক একবার ছিঁড়িয়া যাইতেছে, আবার পরক্ষণেই তাহারা তাহা গাঁথিয়া তুলিতেছে। মেঘের সম্মুখে আসিয়া বিপদের সম্মুখীন হইয়া তাহারা যেন নূতন জীবনের সন্ধান পায়। তাহারা মানস-সরোবরের যাত্রী, বিপদের মধ্যে যাত্রা করিয়া চলা তাহাদের অনিবার্য্য। তাই তাহারা বিপদ অগ্রাহ্য করিয়া, বিপদ অতিক্রম করিয়া সুদূর অজানা মানস-সরোবরের দিকে যাত্রা করে; তাই বলাকা কথাটি উচ্চারণ করিলেই আমাদের মনে সর্ববিপজ্জয়ী একটা অজানার উদ্দেশ্যে অন্তহীন অকারণ অবারণ চলা ও গতিচ্ছন্দের কথা মনে পড়ে। বলাকা বইখানিতেও এমনি একটি গতিচ্ছন্দের লীলাভঙ্গী চিত্রিত করিতে কবি চেষ্টা করিয়াছেন। কবি রবীন্দ্রনাথ তাঁহার চিরনবীন অন্তরাত্মাতে যে গতিধর্ম্ম অনুভব করেন, সেই গতিধর্ম্ম নিজের মধ্যে তিনি উপলব্ধি করিয়াছেন। বাহিরের জগতের ও নিজের

সঙ্গে বাহিরের দ্বন্দ্বে তাহার কি ভাব ফুটিয়া উঠে, তাহাও প্রধানতঃ এই কাব্যে প্রকাশ করিতে চাহিয়াছেন। তিনি বিশ্বময় এই অকারণ অবারণ চলার লীলাই প্রত্যক্ষ করিয়াছেন। গহন রাত্রিকালে গভীর অন্ধকারের মধ্য দিয়া মানুষ অজানা সাগরে পাড়ি দেয়, তাহার জীবনীশক্তির প্রবাহ তাহাকে কোন্ সুদূর জগৎ হইতে জগতান্তরে, এক দেহ হইতে দেহান্তরে লইয়া যায়। সেই অন্ধকার রজনীতে রজনীগন্ধার গন্ধের ন্যায় অনন্তের একটি সুগন্ধ মানবের হৃদয়কে আবিষ্ট করিয়া রাখে। যদি এই অনন্তের অভিমুখে যাত্রা, এই গতি, এই অকারণ অবারণ চলা মুহূর্তের জন্য বন্ধ হইত, তবে বিশ্ব মৃত জড়পুঞ্জের সমাবেশে মহাকলুষতার সৃষ্টি করিত। কিন্তু গতিশক্তির নিত্যমন্দাকিনী মৃত্যুস্নানে বিশ্বের জীবনকে নিরন্তর শুচি করিয়া তুলিতেছে। মৃত্যুকে জীবনের মধ্যে স্থান দিয়াছে বলিয়াই মৃত্যুর মধ্যে মৃত্যুকে আমরা পাই না, চিরনবীনতার মধ্যে অমৃতের মধ্যে মৃত্যুর যথার্থ রূপ আমরা প্রত্যক্ষ করি। যেমন বলাকা বলিলেই একটি গতিধর্ম্মের কথা মনে পড়ে, তেমনি এই কাব্যখানির মধ্যেও কবি বিশ্বের অন্তর্নিহিত একটি গতিচ্ছন্দের বর্ণনা করিয়াছেন। এই ছন্দ বিশ্বকে ক্রমাগত "হেথা নয়, হেথা নয়, অন্য কোনো-খানে" এই বাণী দিয়া অবিরাম ছুটিয়া চলিয়াছে। বলাকার মতোই এই কাব্যের কবিতাগুলি এক অজানা রাজ্যের যাত্রী। এইজন্যই কবি এই কাব্যখানির নাম দিয়াছেন 'বলাকা'।

ক। রবীন্দ্রকাব্য-পরিক্রমণ

খৃষ্টীয় ঊনবিংশ শতকের শেষ ভাগে যখন রবীন্দ্রনাথের কবি-খ্যাতি সমস্ত বঙ্গদেশে পরিব্যাপ্ত হইয়া পড়িয়াছিল, তখনও তাঁহার নিন্দা করা ছিল একটা ফ্যাসান। তাঁহার বিরুদ্ধে প্রধান অভিযোগ ছিল যে তিনি সুমিষ্ট সুললিত ভাষার মোহ বিস্তার করিয়া পাঠকের ও শ্রোতার মনোহরণ করেন, কিন্তু তাঁহার কবিতা পাখীর মধুর কাকলীর মতনই অর্থহীন। এই অভিযোগের উত্তর কবি নিজেই তাঁহার পঞ্চভূত নামক পুস্তকে "কাব্যের তাৎপর্য" ও "প্রাঞ্জলতা" নামক প্রবন্ধদ্বয়ের মধ্যে দিয়াছেন—"লেখার দোষ থাকাও যেমন আশ্চর্য নহে,

তেমনি পাঠকের কাব্যবোধশক্তির খর্বতাও নিতান্ত অসম্ভব বলিতে পারি না।” “সাহিত্যের উদ্দেশ্য আনন্দ দান করা। সেই আনন্দটি গ্রহণ করাও নিতান্ত সহজ কাজ নহে—তাহার জন্যও বিবিধ প্রকার শিক্ষা এবং সাহায্যের প্রয়োজন। যদি কেহ অভিমান করিয়া বলেন, যাহা বিনা শিক্ষায় না জানা যায় তাহা বিজ্ঞান নহে, যাহা বিনা চেষ্টায় না বোঝা যায়—তাহা দর্শন নহে, এবং যাহা বিনা সাধনায় আনন্দ দান না করে তাহা সাহিত্য নহে, তবে কেবল খনার বচন, প্রবাদ-বাক্য, এবং পাঁচালি অবলম্বন করিয়া তাঁহাকে অনেক পশ্চাতে পড়িয়া থাকিতে হইবে।”

ইহার পরে কবি যেই ইউরোপের সাহিত্য-রসিক সমাজের বিচারে অগ্রগণ্য কবি বলিয়া বিবেচিত হইলেন, নোবেল পুরস্কার লাভ করিলেন, অমনি হাওয়া বদলাইয়া গেল, কবির সুখ্যাতি করা, তাঁহাকে বিশ্বকবি বলিয়া বরণ করা ও বড়াই করা ফ্যাসান হইয়া উঠিল।

এই দুই অবস্থা কাটাইয়া উঠিয়া রবীন্দ্রকাব্যের প্রকৃত নিরিখ নির্ণয় করার সময় আসিয়াছে। রবীন্দ্রনাথের প্রতিভা যে কিরূপ নবনব-উন্মেষশালিনী, তিনি যে কী সম্পদ্ আমাদের সাহিত্যে দান করিয়াছেন, এবং তাঁহার দানে আমাদের ভাষা ও জীবন যে কী অমূল্য সম্পদে সমৃদ্ধ হইয়া উঠিয়াছে, তাহার একটা সম্পূর্ণ ও সর্বাঙ্গীন পরিচয় লওয়া আবশ্যক হইয়া পড়িয়াছে।

কবি রবীন্দ্রনাথের প্রতিভা-নির্ঝরিণী তাঁহার বাল্যকালেই সমস্ত সঙ্কীর্ণ গতানুগতিক পথ ছাড়িয়া শতমুখে অনন্তের অভিমুখে অভিসারে যাত্রা করিয়া চলিয়াছে। তিনি একাই সাহিত্যের সাত-মহলা ভবনের শত কক্ষের দ্বার সোনার চাবি দিয়া উন্মুক্ত করিয়া দিয়াছেন। কবিতা, গান, নাটক, গল্প, উপন্যাস, প্রহসন, প্রবন্ধ, সমালোচনা, যেদিকেই তিনি তাঁহার প্রভাস্বর প্রতিভাজ্যোতি বিকীর্ণ করিয়াছেন, সেই দিক্‌টিই সমুদ্ভাসিত হইয়া উঠিয়াছে। এমনটি এদেশে আর কাহারও দ্বারা হয় নাই, আর অন্য দেশেও একাধারে এত বিচিত্র শক্তির পরিচয় কোনো কবি বা লেখক দিয়াছেন কি না তাহা আমার জানা নাই।

কবি কবিতাকে নব নব রূপ দান করিয়াছেন—তিনি নিজের সৃষ্টিকে নিজেই অতিক্রম করিয়া নূতন রূপ সৃষ্টি করিয়াছেন। কবি নব নব ছন্দ আবিষ্কার করিয়াছেন, তাঁহার বাগ্‌-বৈভবে ও প্রকাশ-ভঙ্গিমায় কবি-মানসের যে একটি অভিনব রূপ তিনি প্রকাশ করিয়াছেন তাহা অতীব বিস্ময়কর।

রবীন্দ্রনাথ একদিকে সংস্কৃত সাহিত্যের সৌন্দর্যরাশি, অপর দিকে ইউরোপীয় সাহিত্যের ভাবৈশ্বর্য একত্র সমাহৃত করিয়া নিজের প্রতিভার অপূর্ব ছাঁচে ফেলিয়া যে ললিত-ললামশালিনী তিলোত্তমা সৃষ্টি করিয়াছেন, তাহাতে জগৎ মুগ্ধ হইয়াছে, তাই তিনি কবি-সার্বভৌম বা কবি-সম্রাট্ নামে সম্মানিত হইতেছেন।

কবি রবীন্দ্রনাথ তাঁহার জীবনস্মৃতিতে তাঁহার কাব্য-সাধনার একটি মাত্র ধারা বা উদ্দেশ্য নির্দেশ করিয়াছেন—"আমার তো মনে হয়, আমার কাব্য-রচনার এই একটি মাত্র পালা—সে পালার নাম দেওয়া যাইতে পারে—সীমার মধ্যেই অসীমের সহিত মিলন-সাধনের পালা।" বাস্তবিক লক্ষ্য করিয়া দেখিলে এই একটি বিষয়ই কবির সমস্ত কবিতার অন্তর্নিহিত ভাব বলিয়া বুঝিতে পারা যায়। কিন্তু রূপদক্ষ ছন্দের যাদুকর সুললিত প্রকাশ-ভঙ্গিমার ওস্তাদ কবি একই জিনিস বার বার এমনই নূতন ঢঙে সাজাইয়া আমাদের সম্মুখে উপস্থিত করিয়াছেন যে, কবির প্রতারণা আমরা ধরিতেই পারি না, এবং একই ভাবের বহু বিচিত্রতার কৌশলে মুগ্ধ হইয়া বিস্ময়মগ্ন হইয়া থাকি।

রবীন্দ্রনাথ বলিয়াছেন যে "জীবের মধ্যে অনন্তকে অনুভব করারই নাম ভালবাসা; প্রকৃতির মধ্যে অনুভব করার নাম সৌন্দর্যসম্ভোগ।" এই দুই প্রকারের অনুভবই যে তিনি পূর্ণ মাত্রায় করিয়াছেন, তাহার সাক্ষ্য দিতেছে তাঁহার রচিত সাহিত্য, এবং তাঁহার ব্যক্তিগত জীবন।

রবীন্দ্রনাথের ব্যক্তিত্ব পূর্ণ জীবন্ত। জীবনের লক্ষণ হইতেছে নিত্য-নিরন্তর পরিবর্তন। যাহা জড়ধর্মী তাহারই পরিবর্তন থাকে না। তাই ফরাসী দার্শনিক জীবনের সংজ্ঞা নির্দেশ করিয়া বলিয়াছেন—পরিবর্তন, পরিবর্তন, ক্রমাগতই নিরন্তর পরিবর্তনই জীবন এবং তাহাই সত্য। কবির প্রতিভা-নির্ঝরিণীর যেদিন স্বপ্নভঙ্গ হইয়াছিল তাহার পর হইতে আজ পর্যন্ত তিনি 'অকারণ অবারণ চলার' আবেগে নিজে সমস্ত সঙ্কীর্ণতা, সমস্ত বদ্ধ গুহা ও সকল প্রকারের গণ্ডির প্রাকার উল্লঙ্ঘন করিয়া অনন্তের অভিসারে অগ্রসর হইয়া চলিতেছেন, এবং তাঁহার সঙ্গে সঙ্গে সমস্ত মানব-সমাজকে চলিতে আহ্বান করিতেছেন—

আগে চল্ আগে চল্ ভাই।
প'ড়ে থাকা পিছে, ম'রে থাকা মিছে,
বেঁচে ম'রে কিবা ফল ভাই!

বৈদিক যুগে ইতরার পুত্র মহীদাস যেমন তূর্যকণ্ঠে আহ্বান করিয়াছিলেন—চরৈবেতি, চরৈবেতি,—চলো, চলো,—তেমনি রবীন্দ্রনাথও আমাদের সকলকে ক্রমাগত সীমা অতিক্রম করিয়া সকল বাধা উত্তীর্ণ হইয়া সুদূরের পিয়াসী হইয়া অগ্রসর হইতে আহ্বান করিতেছেন।—

প্রতি নিমেষেই যেতেছে সময়,
দিন-ক্ষণ চেয়ে থাকা কিছু নয়।

তাই তিনি পাঁজি-পুঁথি বিধি-নিষেধ অগ্রাহ্য করিয়া "মাতাল হ'য়ে পাতাল পানে ধাওয়া" করিতে বলিতেছেন। কবি নিজেকে যাত্রী বলিয়াছেন—

যাত্রী আমি ওরে।
পার্‌বে না কেউ রাখ্‌তে আমায় ধ'রে।

—গীতাঞ্জলি, ১১৮ নম্বর

কবি পথিক-

পথের নেশা আমায় লেগেছিল,
পথ আমারে দিয়েছিল ডাক।

কবির যাত্রা "নিরুদ্দেশ যাত্রা", মনোহরণ কালোর বাঁশী তাহাকে ঘর ছাড়াইয়া উদাসী করিতে চায়—জাপান-যাত্রী, ৪০-৪১ পৃষ্ঠা। নির্ঝর ও নদী তাঁহার গতি-উন্মুখ চিত্তের প্রতীক, বলাকা তাঁহার সহধর্মী, সেই বলাকার পক্ষধ্বনির মধ্যে কবি এই বাণী ধ্বনিত শুনিয়াছেন—"হেথা নয়, হেথা নয়, অন্য কোনোখানে।"

কবি রবীন্দ্রনাথ গতিধর্মী বলিয়া তিনি যেমন অনন্তের সুদূরের পিয়াসী, তিনি এই চিরজনমের ভিটাতে এ সাত-মহলা ভবনে বসুন্ধরার বুকে প্রবাসী হইয়া থাকিতে চাহেন না, কবি অন্তরের অন্তরে অনুভব করেন যে—"সব ঠাঁই মোর ঘর আছে, আমি সেই ঘর মরি খুঁজিয়া।"

কবির আকাঙ্ক্ষা—"ছোট-বড়-হীন সবার মাঝারে করি চিত্তের স্থাপনা।" —প্রবাসী, উৎসর্গ। জগতে ছোট তুচ্ছ বলিয়া কিছু নাই। সীমাকে লইয়াই অসীম, সীমাকে ছাড়িয়া দিলে অসীম শূন্যতা। তাই তিনি কবি-সাধক দাদূর ন্যায় দেখিয়াছেন যে—

ধূপ আপনারে মিলাইতে চাহে গন্ধে,
গন্ধ সে চাহে ধূপেরে রহিতে জুড়ে।

সুর আপনারে ধরা দিতে চাহে ছন্দে,
ছন্দ ফিরিয়া ছুটে যেতে চায় সুরে।
ভাব পেতে চায় রূপের মাঝারে অঙ্গ,
রূপ পেতে চায় ভাবের মাঝারে ছাড়া
অসীম সে চাহে সীমার নিবিড় সঙ্গ,
সীমা চায় হ'তে অসীমের মাঝে হারা —উৎসর্গ, আবর্তন

ছোটকে এবং তুচ্ছকেও কবি অসামান্য অসীম রহস্যময় বলিয়া জানিয়াছেন বলিয়া তাঁহার সর্বানুভূতি ও একাত্মতা এত প্রবল হইতে পারিয়াছে। তিনি 'বসুন্ধরা'র সর্বদেশে সর্বজীবের জীবন-লীলা উপভোগ করিতে উৎসুক। কবি যে ঘর বাঁধিয়াছেন তাহা 'অবারিত'—

এরে কে বেঁধেছে হাটের মাঝে,
আনাগোনার পথে ?—খেলা, অবারিত

কবির 'পুরাতন ভৃত্য' অতিপ্রশান্ত কৃষ্ণকান্ত, রাজা ও রাণী নাটকের ভৃত্য শঙ্কর, খোকাবাবুর প্রত্যাবর্তন গল্পের ভৃত্য রাইচরণ, কবির নিজের ভৃত্য মোমিন মিঞা (চৈতালি, কর্ম; ছিন্নপত্র ৩৩৮ পৃঃ; সাহিত্যতত্ত্ব, প্রবাসী ১৩৪১ বৈশাখ, ১২ পৃষ্ঠা) পশ্চিমা মজুরের মেয়ে নেড়া-মাথা ভাইয়ের 'দিদি' (চৈতালি), দুই বিঘা জমির উচ্ছিন্ন মালিক উপেন, দেবতার গ্রাস হইতে রাখালকে রক্ষা করিতে প্রয়াসী মৈত্রমহাশয়, একবস্ত্রা অতিদীনা ভিখারিণী রমণীর শ্রেষ্ঠভিক্ষা, সকলেই কবির মনকে স্পর্শ করিয়াছে, কেহই তাঁহার কাছে তুচ্ছ বা পর নহে। এইরূপে কবি তাঁহার গল্পগল্পে, পদ্যগল্পে ও কবিতার মধ্যে কত নগণ্য মানব-হৃদয়ের উপেক্ষিত সুখ-দুঃখ, তুচ্ছ মানবেরও মহত্ত্ব এবং মানব-চিত্তের বিচিত্রতা দেখাইয়াছেন,—তাহার সংখ্যা নির্দেশ করিয়া দেখানো সহজ কাজ নহে। মানব-জীবনের সুখ-দুঃখের মরমী দরদী কবি 'পলাতকা' কাব্যের প্রায় সমস্ত কবিতায় তাঁহার নিপুণ সূক্ষ্ম দৃষ্টির ও অসামান্য সুন্দর সৃষ্টির পরিচয় দিয়া আমাদিগকে মুগ্ধ করিয়াছেন।

কবির সূক্ষ্ম দৃষ্টির আরও পরিচয় পাই কণিকার কবিতা-কণাগুলির মধ্যে। কবি দিব্য দৃষ্টি দিয়া সামান্যের মধ্যেও অপরূপের ও মহৎ সত্যের সাক্ষাৎ পাইয়াছেন। সামান্য ঘটনার মধ্যে যে কী গভীরতা নিহিত থাকে তাহা তিনি 'যেতে নাহি দিব' কবিতাটির মধ্যে বিশেষ ভাবে দেখাইয়াছেন;

কবির দার্শনিক মন আপাত-দৃষ্টির অন্তরালে মহৎ তত্ত্ব সহজেই আবিষ্কার করিতে পারে।

কবির জীবনের উদ্দেশ্য বা মিশন যে কি তাহা তিনি বহু প্রকারে বহু স্থানে প্রকাশ করিয়াছেন। শৈশব-রচনা 'কবিকাহিনীর' মধ্যে কাব্যের নায়ক 'কবি'র চরিত্রে রবীন্দ্রনাথ দেখাইয়াছেন যে শান্তিময় বিশ্ব-প্রেমই মানুষের জীবনের কাম্য বস্তু। তাহার পরে রবীন্দ্রনাথের প্রথম যৌবনের লেখা 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতায় তিনি দেখাইয়াছেন যে মহাসাগরের সহিত মিলিত হইতে পারাতেই জীবন-নদীর সার্থকতা। 'স্রোত' নামক কবিতায় তিনি বলিয়াছেন—

জগৎ-স্রোতে ভেসে চলো যে যেথা আছ ভাই,
চলেছে যেথা রবি-শশী চলো রে সেথা যাই!

* * *

জগৎ পানে যাবিনে রে, আপন পানে যাবি?
সে যে রে মহা মরুভূমি, কি জানি কি যে পাবি।

* * *

জগৎ হ'য়ে রব আমি, একলা রহিব না।
মরিয়া যাব একা হ'লে একটি জলকণা।
আমার নাহি সুখ দুখ, পরের পানে চাই,
যাহার পানে চেয়ে দেখি তাহাই হ'য়ে যাই!

* * *

মায়ের প্রাণে স্নেহ হ'য়ে শিশুর পানে ধাই,
দুখীর সাথে কাঁদি আমি সুখীর সাথে গাই।
সবার সাথে আছি আমি, আমার সাথে নাই।
জগৎ-স্রোতে দিবানিশি ভাসিয়া চ'লে যাই।

'প্রভাত-উৎসব' নামক কবিতায়ও কবি বলিয়াছেন—

জগৎ আসে প্রাণে, জগতে যায় প্রাণ,
জগতে প্রাণে মিলি' গাহিছে একি গান!

* * *

ধূলির ধূলি আমি, রয়েছি ধূলি 'পরে,
জেনেছি ভাই ব'লে জগৎ-চরাচরে।

কবি বিশ্বসোহাগিনী লক্ষ্মীকে অথবা জীবনদেবতাকে আবেদন জানাইয়া বলিয়াছেন—

আমি তব মালঞ্চের হব মালাকর।

'পুরস্কার' কবিতায় তিনি কবির মিশনের সম্বন্ধে বলিয়াছেন—

অন্তর হ'তে আহরি' বচন
আনন্দলোক করি বিরচন,
গীতরসধারা করি সিঞ্চন
সংসার-ধূলিজালে।

না পারে বুঝাতে, আপনি না বুঝে
মানুষ ফিরিছে কথা খুঁজে খুঁজে,
কোকিল যেমন পঞ্চমে কূজে,
মাগিছে তেমনি সুর।
ঘুচাইব কিছু সেই ব্যাকুলতা,
কিছু মিটাইব প্রকাশের ব্যথা,
বিদায়ের আগে দু-চারিটা কথা
রেখে যাব সুমধুর।

ঠিক এই কথাই তিনি কবি-চরিত কবিতার মধ্যেও বলিয়াছেন—

আমি সেই এই মানবের লোকালয়ে
বাজিয়া উঠেছি সুখে-দুখে লাজে ভয়ে,
গরজি' ছুটিয়া ধাই জয় পরাজয়ে
বিপুল ছন্দে উদার মন্দ্রে মাতিয়া।
যে গন্ধ কাঁপে ফুলের বুকের কাছে,
ভোরের আলোকে যে গান ঘুমায়ে আছে,
শারদ-ধান্যে যে আভা আভাসে নাচে
কিরণে কিরণে হসিত হিরণে হরিতে,
সেই গন্ধই গড়েছে আমার কায়া,
সে গান আমাতে রচিছে নূতন মায়া,
সে আভা আমার নয়নে ফেলেছে ছায়া,—
আমার মাঝারে আমারে কে পারে ধরিতে?

তোমাদের চোখে আঁখিজল ঝরে যবে,
আমি তাহাদের গেঁথে দিই গীতরবে,
লাজুক হৃদয় যে-কথাটি নাহি কবে,
সুরের ভিতরে লুকাইয়া কহি তাহারে।

কবি সকলেরই মুখপাত্র। এইজন্য কবির কোনো নির্দিষ্ট বয়স নাই, কবি বলেন—

কেশে আমার পাক ধরেছে বটে,
তাহার পানে নজর এত কেন?
পাড়ার যত ছেলে এবং বুড়ো
সবার আমি এক-বয়সী জেনো।

তাই কবি শিশু ভোলানাথের সহিত অহেতুক আনন্দে ছেলেখেলা করিতেও পারেন, এবং প্রবীণ পাকা যাহারা জগৎ মিথ্যা মনে করিয়া পরকালের ডাক শুনিতেই ব্যস্ত তাহাদের জন্য নৈবেদ্যও সাজাইয়া দেন, খেয়ারও জোগাড় করেন, গীতাঞ্জলি রচনা করেন, গীতিমাল্য গাঁথিয়া তুলেন।

কবির কোনো বয়স নাই বলিয়া তিনি চিরনবীন, চিরযুবা, তিনি সবুজের অভিযানে অশ্লেষাতে যাত্রা ক'রে শুরু পালের 'পরে লাগান ঝড়ো হাওয়া। ফাল্গুনী নাটকের সমস্তটাই তো নবীনতার জয়গান। সেখানে যুবকদল জোর গলায় বলিয়াছে—

আমাদের পাক্‌বে না চুল গো,—মোদের
পাক্‌বে না চুল।

চিরযুবা কবি কর্তব্যে নিরলস, তিনি কেবল লোটাস্-ঈটার নহেন, তিনি কর্মিশ্রেষ্ঠ। তাঁহার কাছে নানা দিক্ হইতে কর্তব্যের আহ্বানের 'আবার আহ্বান' আসে, সে আহ্বান অশেষ। তিনি কর্তব্যের 'শঙ্খ' ধূলায় পড়িয়া থাকিতে দেখিয়া কখনো স্থির থাকিতে পারেন না, আরাম-বিশ্রাম ত্যাগ করিয়া অশেষের আহ্বানে তিনি রজনীগন্ধার মালা ফেলিয়া রক্তজবার মালা গাঁথিতে প্রবৃত্ত হন। 'বর্ষশেষ' তাঁহার কাছে নূতনেরই বার্তা বহন করিয়া আনে, তিনি উচ্চকণ্ঠে ঘোষণা করেন—

চাবো না পশ্চাতে মোরা, মানিব না বন্ধন ক্রন্দন,
হেরিব না দিক্,
গণিব না দিন ক্ষণ, করিব না বিতর্ক বিচার,
উদ্দাম পথিক্।

মুহূর্তে করিব পান মৃত্যুর ফেনিল উন্মত্ততা
উপকণ্ঠ ভরি'—
খিন্ন শীর্ণ জীবনের শত লক্ষ ধিক্কার লাঞ্ছনা
উৎসর্জন করি'।

কবির কাছে দুঃখরাতের রাজা যখন হঠাৎ ঝড়ের সাথে আসিয়া অভ্যর্থনা দাবী করেন, তখন তিনি তাঁহাকে বিমুখ করেন না, তিনি আপনাকে ডাক দিয়া বলেন—

ওরে দুয়ার খুলে দে রে, বাজা শঙ্খ বাজা,
গভীর রাতে এসেছে আজ আঁধার ঘরের রাজা।
বজ্র ডাকে শূন্যতলে,
বিদ্যুতেরি ঝিলিক ঝলে,
ছিন্নশয়ন টেনে এনে আঙিনা তোর সাজা,
ঝড়ের সাথে হঠাৎ এলো দুঃখরাতের রাজা।

—খেয়া, আগমন, ১৩ পৃষ্ঠা

'দুঃসময়' যখন আসে তখনও কবি নির্ভয়, যদি কোনো আশ্রয় নাই থাকে, যদি কোনো আশা নাই থাকে, তথাপি কর্ম হইতে প্রতিনিবৃত্ত হইলে চলিবে না, যাত্রা থামাইলে চলিবে না।—

যদিও সন্ধ্যা আসিছে মন্দ মন্থরে,
সব সঙ্গীত গেছে ইঙ্গিতে থামিয়া,
যদিও সঙ্গী নাহি অনন্ত অম্বরে,
যদিও ক্লান্তি আসছে অঙ্গে নামিয়া,
মহা আশঙ্কা জাগিছে মৌন মন্তরে,
দিগ্‌দিগন্ত অবগুণ্ঠনে ঢাকা,
তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর,
এখনি অন্ধ, বন্ধ করো না পাখা।

—কল্পনা, দুঃসময়

জগন্নাথের বিজয়-রথ যখন বাহির হয়, তখন তাহার রশি টানিবার জন্য সকলের কাছে আহ্বান আসে, সকলে শুনিতে পায় না, শুনিতে পান কবি। তাই তাঁহার আহ্বান-ধ্বনি হইতে শুনি—

উড়িয়ে ধ্বজা অভ্রভেদী রথে
ঐ যে তিনি, ঐ যে বাহির পথে!

আয় রে ছুটে, টান্‌তে হবে রশি,
ঘরের কোণে রইলি কোথায় বসি',
ভিড়ের মধ্যে ঝাঁপিয়ে প'ড়ে গিয়ে
ঠাঁই ক'রে তুই নে রে কোনো মতে। —গীতাঞ্জলি, ১১৯ নম্বর

কবির এই কর্তব্যনিষ্ঠার প্রতি সম্মান ও শ্রদ্ধা প্রকাশ পাইয়াছে কথা-কাব্যের 'পণরক্ষা' ও 'পূজারিণী' নামক দুইটি প্রসিদ্ধ ঐতিহাসিক ব্যাপার লইয়া লিখিত কবিতায়।

চিরযুবা কবি দুঃখকে জয় করিয়া দুঃখের মাহাত্ম্য ঘোষণা করিয়াছেন।—

কিসের তরে অশ্রু ঝরে, কিসের লাগি' দীর্ঘশ্বাস?
হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস।
রিক্ত যারা সর্বহারা, সর্বজয়ী বিশ্বে তারা,
গর্বময়ী ভাগ্যদেবীর নয়কো তারা ক্রীতদাস।
হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস।

তিনি দেবী অলক্ষ্মীকে আহ্বান করিয়া বলিয়াছেন—

যৌবরাজ্যে বসিয়ে দে মা লক্ষ্মীছাড়ার সিংহাসনে।
ভাঙা কুলোয় করুক পাখা তোমার যত ভৃত্যগণে।
দগ্ধভালে প্রলয়শিখা দিক্‌ মা এঁকে তোমার টিকা
পরাও সজ্জা লজ্জাহারা জীর্ণ কন্থা ছিন্নবাস।
হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস।

—কল্পনা, হতভাগ্যের গান

কবি সকলকে 'শুধু অকারণ পুলকে ক্ষণিকের গান' গাহিয়া নদীজলে-পড়া আলোর মতন শিথিল-বাঁধন জীবন যাপন করিতে আহ্বান করিয়া বলিয়াছেন—

ওরে থাক্‌ থাক্‌ কাঁদনি।
দুই হাত দিয়ে ছিঁড়ে ফেলে দে রে
নিজ হাতে বাঁধা বাঁধনি।

—ক্ষণিকা, উদ্বোধন

ভাগ্য যবে কৃপণ হ'য়ে আসে,
বিশ্ব যবে নিঃস্ব তিলে তিলে,
মিষ্ট মুখে ভুবন ভরা হাসি
ওঠে শেষে ওজন-দরে মিলে।—

তখনও কবি আনন্দ করিয়াই বিশ্বকে অবজ্ঞা করিতেই বলিয়াছেন। দেবতা যখন দুঃখমূর্তি ধরিয়া মালার বদলে ভীষণ তরবারি উপহার দিয়া কবিকে সম্মানিত করেন, তখন কবি বলিতে পারেন—

দুখের বেশে এসেছ ব'লে তোমারে নাহি ডরিব হে।
যেথায় ব্যথা সেথায় তোমা নিবিড় ক'রে ধরিব হে।

—খেয়া, দুঃখমূর্তি ও দান

কবি আত্মত্রাণ চাহেন না, তাঁহার প্রার্থনা কেবল এই—

বিপদে মোরে রক্ষা করো, এ নহে মোর প্রার্থনা,
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখ-তাপে ব্যথিত চিতে নাই বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়।

সহায় মোর না যদি জুটে,
নিজের বল না যেন টুটে,
সংসারেতে ঘটিলে ক্ষতি,
লভিলে শুধু বঞ্চনা,
নিজের মনে না যেন মানি ক্ষয়!

—গীতাঞ্জলি, ৪ নম্বর

কবি পরাজয়কেও ভয় করেন না, তিনি মুক্তকণ্ঠে বিধাতাকে বলিতে পারিয়াছেন—

হারের খেলাই খেল্‌ব মোরা,
বসাও যদি হারের দলে।

হেরে তোমায় করব সাধন,
ক্ষতির ক্ষুরে কাট্‌ব বাঁধন,
শেষ দানেতে তোমার কাছে
বিকিয়ে দেবো আপনারে! —খেয়া, হার

কারণ, কবি জানেন যে বিফলতা সফলতারই সোপান-পরম্পরা মাত্র।—

জীবনে যত পূজা হলো না সারা,
জানি হে জানি তাও হয়নি হারা।

এবং—

জীবনের ধন কিছুই যাবে না ফেলা,
ধূলায় তাদের যত হোক অবহেলা,
পূর্ণের পদ-পরশ তাদের 'পরে।

—গীতাঞ্জলি ও গীতালি

কবি দুঃখকে জয় করিয়াছেন বটে, কিন্তু সুখে দুঃখকে একেবারে অস্বীকার করেন না, সুখকে পুষিয়া দুঃখকে ভুলিয়া থাকিতে চাহেন না, আবার দুঃখের মধ্যে সুখকেও বিস্মৃত হন না। Shakespeare যেমন বলিয়াছেন যে—The fire in the flint shows not till it be struck. তেমনি আমাদের কবিও বলিয়াছেন—

আমার এ ধূপ না পোড়ালে
গন্ধ কিছুই নাহি ঢালে,
আমার এ দীপ না জ্বালালে
দেয় না সে তো আলো!
হৃদয়ে মোর তীব্র দাহন জ্বালো!

তাই কবি জানেন যে—

হাসিকান্না হীরাপান্না দোলে ভালে,
কাঁপে ছন্দে ভালোমন্দ তালে তালে,
নাচে জন্ম, নাচে মৃত্যু পাছে পাছে,
তাতা থৈথৈ তাতা থৈথৈ তাতা থৈথৈ। —রাজা

বসন্তে কি শুধু কেবল ফোটা ফুলের মেলা রে।
দেখিস্‌নে কি শুক্‌নো পাতা ঝরাফুলের খেলা রে? —রাজা

"আমাদের ঋতুরাজের যে গায়ের কাপড়খানা আছে, তার একপিঠে নূতন, একপিঠে পুরাতন। যখন উল্টে পরেন, তখন দেখি শুক্‌নো পাতা ঝরা ফুল; আবার যখন পাল্টে নেন, তখন সকাল-বেলার মল্লিকা, সন্ধ্যা-বেলার মালতী,—তখন ফাল্গুনের আম্রমঞ্জরী, চৈত্রের কনকচাঁপা। উনি একই মানুষ নূতন-পুরাতনের মধ্যে লুকোচুরি ক'রে বেড়াচ্ছেন।"

—ঋতু-উৎসব, বসন্ত

আমাদের কবি সত্য শিব সুন্দরের পূজারী। সত্য কঠোরমূর্তি, কড়া মনিব, তাহাকে যে অর্ঘ্য দিতে হয় তাহা দুঃখেরই অর্ঘ্য। এইজন্য তিনি ভগবানের প্রতিনিধি-রূপে 'ন্যায়দণ্ড' ধারণ করিবার যে 'দীক্ষা' প্রার্থনা

করিয়াছেন তাহা বীরের যোগ্য সংগ্রামের দীক্ষা। দেশের জন্যও তিনি যে 'ত্রাণ' প্রার্থনা করিয়াছেন তাহা অশান্তির পরপারে যে শান্তি আছে তাহাই (নৈবেদ্য)। নিরবচ্ছিন্ন শান্তি তো জড়ত্ব, অশান্তির মধ্য দিয়া যে শান্তি উপার্জন করিয়া লইতে হয় তাহাই বীরের কামা। কবি অত্যন্ত সহজ ভাবেই বলিয়াছেন—

মনেরে আজ কহ যে,
ভালো-মন্দ যাহাই আসুক,
সত্যেরে লও সহজে। —কণিকা

সত্যসন্ধ কবি আরও বলিয়াছেন—

আরাম হ'তে ছিন্ন ক'রে
সেই গভীরে লও গো মোরে
অশান্তির অন্তরে যেথায়
শান্তি সুমহান্।

কবি ন্যায়ধর্মের সমর্থক, অন্যায়ের তীব্র প্রতিবাদী, ইহা তিনি তাঁহার জীবনে ও রচনায় দেখাইয়াছেন—'গান্ধারীর আবেদনে' এই ন্যায়নিষ্ঠা সুস্পষ্ট হইয়া প্রকাশ পাইয়াছে।

যিনি শিব, তিনি তো কেবল আরামের দেবতা নহেন, তিনি আবার রুদ্র। এই রুদ্রকে স্বীকার করিয়াই শিবের আরাধনা করিতে হইবে।—'এক হাতে ওর কৃপাণ আছে, আরেক হাতে হার'।—গীতালি।

কবি বীরধর্ম্মী, তাই তিনি সর্বক্ষেত্রে কাপুরুষতাকে, সঙ্কীর্ণতাকে ধিক্কার দিয়াছেন, রুদ্রতা হইতে মুক্ত হইবার জন্য তীব্র আগ্রহ প্রকাশ করিয়াছেন। আমাদের এই নিশ্চেষ্ট জীবনকে কবি ধিক্কার দিয়া বলিয়াছেন—'ইহার চেয়ে হতেম যদি আরব বেদুয়িন!' একদিকে সকল সংস্কার হইতে মুক্তিলাভের জন্য যেমন তাঁহার "দুরন্ত আশা" দেখা যায়, তেমনি আবার কাপুরুষতাকে তিনি বিদ্রূপে বিদ্ধ করিয়াছেন, একদিকে 'হিং টিং ছট্' বলিয়া কুসংস্কারকে ব্যঙ্গ করিয়াছেন, অপর দিকে নিরীহ ধর্ম্মপ্রচারক ক্রিশ্চান পাদ্রীর মাথায় রক্তপাত করিয়া দেওয়ার কাপুরুষতাকে ধিক্কার দিয়াছেন—

তবে রে লাগাও লাটি,
কোমরে কাপড় আঁটি',
হিন্দুধর্ম হউক রক্ষা, খৃষ্টানী হোক মাটি।

* * *

পুলিশ আসিছে গুঁতা উঁচাইয়া, এই বেলা দাও দৌড়।
ধন্য হইল আর্যধর্ম, ধন্য হইল গৌড়। —মানসী, ধর্মপ্রচার

রবীন্দ্রনাথের সব চেয়ে বড় দান আমি মনে করি,—আমাদের বুদ্ধিকে সকল সংস্কার ও বন্ধন হইতে মুক্তি দেওয়া। এই কথা তিনি বিসর্জন নাটকে প্রথাগতপ্রাণ গতানুগতিক রঘুপতির জবানী জয়সিংহকে বলিয়াছেন—"আপন বুদ্ধিরে করিলি সকল হ'তে বড়।" দুঃখ-ভয় ও মৃত্যু-ভয় হইতে আমাদের মনকে মুক্তি দিবার প্রয়াসও কবির মহৎ দান।

কবির দেশানুরাগ আবাল্য যে কিরূপ প্রবল তাহা তাঁহার জীবনস্মৃতি ও সমস্ত কাব্য সাক্ষ্য দিতেছে। কবি কল্পনা-বিলাস ছাড়িয়া কর্মজীবন বরণ করিতে ব্যগ্র হইয়া ব্যাকুল কণ্ঠে বলিয়া উঠিয়াছিলেন—"এবার ফিরাও মোরে"। তাঁহার স্বজাতি-প্রীতি ও মানব-প্রীতি যে কিরূপ প্রবল তাহার সাক্ষী এই কবিতাগুলি—বঙ্গমাতা, স্নেহগ্রাস, ভারততীর্থ, অপমানিত, প্রাচীন ভারত, শিক্ষা, 'কথা' কাব্যের সমস্ত কবিতা, এবং জাতীয় সঙ্গীতগুলি। কবি "দীনের সঙ্গী" হইয়া "ধূলামন্দিরে" দেবতার আরাধনা করিবার জন্য দেশবাসীকে আহ্বান করিয়াছেন—

তিনি গেছেন যেথায় মাটি ভেঙে
করছে চাষা চাষ,
পাথর ভেঙে কাটছে যেথায় পথ,
খাটছে বারো মাস।
রৌদ্র-জলে আছেন সবার সাথে,
ধূলা তাঁহার লেগেছে দুই হাতে,
তাঁরই মতন শুচি বসন ছাড়ি'
আয় রে ধূলার 'পরে। —গীতাঞ্জলি

"বিশ্ব সাথে যোগে যেথায় বিহারো,
সেইখানে যোগ তোমার সাথে আমারো।"

কবি অনুভব করেন যে—

যেথায় থাকে সবার অধম দীনের হ'তে দীন,
সেইখানে যে চরণ তোমার রাজে,
সবার পিছে, সবার নীচে,
সব-হারাদের মাঝে। —গীতাঞ্জলি

কবি দেশের অতি সামান্য লোকের সহিত মিলিত হইয়া তাহাদের আত্মীয় হইতে ইচ্ছা করেন—

ওদের সাথে মেলাও, যারা চরায় তোমার ধেনু। গীতিমাল্য

কবির কাছে এই ধরণী তীর্থদেবতার মন্দির-প্রাঙ্গণ (গীতালি), আবার তাঁহার স্বদেশ মহামানবের সাগর-তীর বলিয়া ভারত-তীর্থ (গীতাঞ্জলি)। কবি তাঁহার স্বদেশকে বিশ্বদেবের প্রতিমূর্তি মনে করেন—

হে বিশ্বদেব, মোর কাছে তুমি
দেখা দিলে আজ কী বেশে ?
দেখিনু তোমারে পূর্ব গগনে,
দেখিনু তোমারে স্বদেশে। —উৎসর্গ

বিশ্বের মধ্যে কবি বিশ্বেশ্বরকে উপলব্ধি করেন বলিয়া বিশ্বপ্রকৃতি তাঁহার কাছে জড় মাত্র নহে। প্রকৃতি তাঁহার কাছে সৌন্দর্যলক্ষ্মী, বিশ্বসোহাগিনী লক্ষ্মী, বিশ্বব্যাপিনী লক্ষ্মী (চিত্রা)—তিনি প্রকৃতিকে সম্বোধন করিয়া বলিয়াছেন যে—

বিশ্বসোহাগিনী লক্ষ্মী, জ্যোতির্ময়ী বালা,
আমি কবি তারি তরে আনিয়াছি মালা !
—চিত্রা, জ্যোৎস্না রাত্রে

প্রকৃতির সঙ্গে মানব-মনের আনন্দের সম্পর্ক রবীন্দ্রনাথই প্রথম বঙ্গসাহিত্যে প্রচার করিয়াছেন। তাঁহার পূর্বগামী কবিরা এতদিন কেবল মাত্র প্রকৃতির বাহ্য দৃশ্য বর্ণনা করিয়া ক্ষান্ত ছিলেন। কিন্তু তিনিই নববর্ষার সমারোহ দেখিয়া বলিতে পারিয়াছেন—

হৃদয় আমার নাচেরে আজিকে,
ময়ূরের মতো নাচে রে।

কবি যখন শৈশবে ভৃত্যরাজকতন্ত্রের শাসনে একটি ঘরের মধ্যে খড়ির গণ্ডিতে বন্দী হইয়া ছিলেন, তখন অতি দুর্লভ বলিয়া প্রকৃতির সহিত ফাঁকে-ফুকোরে যে চোরা-চাহনির বিনিময় হইয়াছিল, সেই গুপ্তপ্রণয় কবি জীবনে ভুলিতে পারেন নাই।

প্রকৃতির দুই রূপ,—রুদ্র আর শান্ত,—দুই রূপই কবিকে মুগ্ধ করিয়াছে। কাল বৈশাখীর ঝড়, সিন্ধুতরঙ্গ, বর্ষশেষের ঝড়, কবিকে যেমন মুগ্ধ করিয়াছে, তেমনি আবার শরৎ, বসন্ত, বর্ষা ঋতুর শান্ত সৌন্দর্যও তাঁহাকে মুগ্ধ করিয়াছে।

তাই কবি বলিয়াছেন—'আমি যে বেসেছি ভালো এই জগতেরে'। মানবের মনে প্রকৃতির সৌন্দর্যসঞ্জাত আনন্দ ও প্রকৃতির সৌন্দর্যের মধ্যে মানবের মনন মিলাইয়া কবি উভয়ের ভেদ-রেখা লুপ্ত করিয়া আনিয়াছেন। কুটীরবাসী পাখী, নীলমণি লতা, আশ্রম-বৃক্ষ, কেহই তাঁহার সমাদর হইতে বঞ্চিত হয় নাই (বনবাণী)। কবির বৃক্ষবন্দনা যেন বৈদিক ঋষির সূক্তের ন্যায় উদাত্ত গম্ভীর মনোহর।—

আজ বরষার রূপ হেরি মানবের মাঝে.
চলেছে গরজি', চলেছে নিবিড় সাজে।
—গীতাঞ্জলি

পূর্বেই কবির মত উদ্ধৃত করিয়া দেখাইয়াছি যে, তিনি বলেন—"জীবের মধ্যে অনন্তকে অনুভব করারই নাম ভালবাসা ; প্রকৃতির মধ্যে অনুভব করারই নাম সৌন্দর্যসম্ভোগ।" এই জন্য কবি নর-নারীর প্রেমকে আধ্যাত্মিক সাধনা মনে করেন, তাহা ইহজীবনের ভোগেই পরিসমাপ্ত বা পর্যবসিত হয় না, তাহা জন্মজন্মান্তরের সাধনার ধন। তাই কবির কাছে নর-নারীর প্রেম নির্মল, প্রশান্ত, বিক্ষোভবিহীন। অনন্ত প্রেম, সুরদাসের প্রার্থনা, প্রেমের অভিষেক, পরিশোধ প্রভৃতি কবিতায় কবির মত পরিব্যক্ত হইয়াছে। দাম্পত্যপ্রেমের আদর্শ যে কি তাহা তিনি দেখাইয়াছেন মহুয়ার 'নির্ভয়' নামক কবিতায়—

আমরা দুজনা স্বর্গ-খেলনা গড়িব না ধরণীতে,
মুগ্ধ ললিত অশ্রু-গলিত গীতে।
পঞ্চশরের বেদনা-মাধুরী দিয়ে
বাসর-রাত্রি রচিব না মোরা, প্রিয়ে।
ভাগ্যের পায়ে দুর্বল প্রাণে ভিক্ষা না যেন যাচি।
কিছু নাই ভয়, জানি নিশ্চয় তুমি আছ, আমি আছি!

কবির কাছে নারীপ্রেমে ইন্দ্রিয়সম্ভোগ একান্ত হইয়া উঠে নাই, 'নিষ্ফল কামনা' কবিতায় (মানসী) কবি বলিয়াছেন—আকাঙ্ক্ষার ধন নহে আত্মা মানবের। অতএব 'নিবাও বাসনা-বহ্নি নয়নের নীরে'।

নর-নারী যখন 'দুঁহু কোরে দুঁহু কাঁদে বিচ্ছেদ ভাবিয়া' এবং 'নিমেষে শতেক যুগ দূর হেন মানে' তখন তাহারা অনেক সময়ে কামনার কলুষে প্রিয়তমকে কলঙ্কিত করে তাই কবি তাহাদিগকে বলিতেছেন—

যে প্রদীপ আলো দেবে তাহে ফেল শ্বাস,
যারে ভালবাস তারে করিছ বিনাশ
—কড়ি ও কোমল, পবিত্র প্রেম

যখন মানব-চিত্ত পূর্ণ মিলনের জন্য ব্যাকুল হইয়া প্রিয়ের মধ্যে আপনাকে ও আপনার মধ্যে প্রিয়কে বিলীন করিয়া দিতে চাহে অথচ পারে না, তখন তাহাদের সেই ব্যর্থতাকে দেখিয়া কবি বলিয়াছেন—

একি দুরাশার স্বপ্ন হায় গো ঈশ্বর,
তোমা ছাড়া এ মিলন আছে কোন্ খানে।
—কড়ি ও কোমল, পূর্ণ মিলন

কবি রবীন্দ্রনাথ নারীকে দুই রূপে দেখিয়াছেন, একটি তাহার ভোগের রূপ, অপরটি তাহার কল্যাণী রূপ। 'রাত্রে ও প্রভাতে' এবং 'দুই নারী' নামক কবিতাদ্বয়ে তাঁহার এই অভিমত পরিব্যক্ত হইয়াছে। নারী একদিকে যেমন রাত্রির নর্মসখী উর্বশী, অপর দিকে সে তেমনি প্রভাতের লক্ষ্মী কল্যাণী। এই কল্যাণী মূর্তিকে বন্দনা করিয়া কবি বলিয়াছেন—

সর্বশেষের গানটি আমার আছে তোমার তরে! —ক্ষণিকা

নারী কবির কাছে অবলা মাত্র নহে, তাহার মধ্যে যে আত্মশক্তির অমিত সম্ভাবনা নিহিত হইয়া আছে, তাহার সম্বন্ধে সে অচেতন বলিয়াই সে অবলা হইয়া অবহেলিত ও নির্যাতিত হয়। তাই তো কবি সাধারণ মেয়েকে সম্বোধন করিয়া দুঃখ করিয়াছেন—

হায় রে সামান্য মেয়ে,
হায় রে বিধাতার শক্তির অপব্যয়!

তাই তিনি সকল নারীকে বিধাতার শক্তির অপব্যয় হইয়া না থাকিয়া 'সবলা' হইতে আহ্বান করিয়াছেন—

নারীকে আপন ভাগ্য জয় করিবার
কেন নাহি দিবে অধিকার,
হে বিধাতা!

*　　*　　*

যাব না বাসর-কক্ষে বধূবেশে বাজায়ে কিঙ্কিণী,
আমারে প্রেমের বীর্যে করো অশঙ্কিনী!
বীর-হস্তে বরমাল্য লব একদিন,

সে লগ্ন কি একান্তে বিলীন
ক্ষীণদীপ্তি গোধূলিতে।
কভু তারে দিব না ভুলিতে
মোর দৃপ্ত কঠিনতা
বিনম্র দীনতা
সম্মানের যোগ্য নহে তার,
ফেলে দেবো আচ্ছাদন দুর্বল লজ্জার।

হে বিধাতা, আমারে রেখো না বাক্যহীনা,
রক্তে মোর জাগে রুদ্রবীণা,
উত্তরিয়া জীবনের সর্বোন্নত মুহূর্তের 'পরে
জীবনের সর্বোত্তম বাণী যেন ঝরে
কণ্ঠ হ'তে
নির্বারিত স্রোতে।
যাহা মোর অনির্বচনীয়
তারে যেন চিত্ত-মাঝে পায় মোর প্রিয়। —মহুয়া, সবলা

সকল নারীর আদর্শরূপে চিত্রাঙ্গদাও এই কথা অর্জুনকে বলিয়াছিলেন—

দেবী নহি, নহি আমি সামান্যা রমণী।
পূজা করি' রাখিবে মাথায় সেও আমি
নই; অবহেলা করি' পুষিয়া রাখিবে
পিছে, সেও আমি নহি। পার্শ্বে যদি রাখো
মোরে সঙ্কটের পথে, দুরূহ চিন্তার
যদি অংশ দাও, যদি অনুমতি করো
কঠিন ব্রতের তব সহায় হইতে,
যদি সুখে দুঃখে মোরে কর সহচরী,
আমার পাইবে তবে পরিচয়। —চিত্রাঙ্গদা, শেষ দৃশ্য

নারীর নারীত্ব যে সর্বাবস্থাতেই অক্ষুন্ন থাকে, তাহা অবস্থা ও সময় বিশেষে সুপ্ত থাকে মাত্র, এই কথা কবি প্রচার করিয়া নারীর মর্যাদা রক্ষা করিয়াছেন। পতিতা নারীর মধ্যেও তাহার হৃদয়ের মাধুর্য ও মাহাত্ম্য দেখিয়া তাহাকে কবি সম্মান দেখাইতে কুণ্ঠিত হন নাই। পতিতা নারীকে দিয়া তিনি বলাইয়াছেন—

নাহিক করম, লজ্জাসরম,
জানিনে জনমে সতীর প্রথা,
তা ব'লে নারীর নারীত্বটুকু
ভুলে যাওয়া সে কি কথার কথা! —কাহিনী, পতিতা

পতিতার হৃদয়-মাহাত্ম্য দেখাইয়া কবি দুটি সনেট লিখিয়াছেন, তাহার একটির নাম 'করুণা' ও অপরটির নাম 'সতী' (চৈতালি)।—

অপরাহ্ণে ধূলিচ্ছন্ন নগরীর পথে
বিষম লোকের ভিড়; কর্মশালা হ'তে
ফিরে চলিয়াছে ঘরে পরিশ্রান্ত জন
বাঁধমুক্ত তটিনীর স্রোতের মতন।
ঊর্ধ্বশ্বাসে রথ-অশ্ব চলিয়াছে ধেয়ে
ক্ষুধা আর সারথীর কশাঘাত পেয়ে।
হেনকালে দোকানীর খেলামুগ্ধ ছেলে
কাটা ঘুড়ি ধরিবারে ছুটে বাহু মেলে।
অকস্মাৎ শকটের তলে গেল পড়ি',
পাষাণ-কঠিন পথ উঠিল শিহরি'!
সহসা উঠিল শূন্যে বিলাপ কাহার!
স্বর্গে যেন দয়াদেবী করে হাহাকার!
ঊর্ধ্বপানে চেয়ে দেখি স্খলিত-বসনা
লুটায়ে লুটায়ে ভূমে কাঁদে বারাঙ্গনা!

পতিতার মনে প্রকৃত প্রেমের স্পর্শে এক নিমেষেই যেমন,—

জননীর স্নেহ, রমণীর দয়া,
কুমারীর নব-নীরব-প্রীতি
আমার হৃদয়-বীণার তন্ত্রে
বাজায়ে তুলিল মিলিত গীতি!

তেমনি সামাজিক বিচারে কলঙ্কিনী নারীও প্রেমের একনিষ্ঠতা ও প্রেমের জন্য দুঃখ-বরণের দ্বারা সতীত্বের মর্যাদা পাইবার যোগ্যা হইয়া উঠে—

সতীলোকে বসি' আছে কত পতিব্রতা
পুরাণে উজ্জ্বল আছে যাহাদের কথা।
আরো আছে শত লক্ষ অজ্ঞাত-নামিনী
খ্যাতিহীনা কীর্তিহীনা কত না কামিনী,—

শুধু প্রীতি ঢালি' দিয়া মুছি' ল'য়ে নাম
চলিয়া এসেছে তারা ছাড়ি' মর্ত্যধাম।
তারি মাঝে বসি' আছে পতিতা রমণী,
মর্ত্যে কলঙ্কিনী, স্বর্গে সতীশিরোমণি! —চৈতালি, সতী

কবি রবীন্দ্রনাথ মানব-প্রকৃতি ও বিশ্ব-প্রকৃতি উভয়ের মধ্যেই অনন্তেরই লীলা প্রত্যক্ষ করিয়াছেন বলিয়া তাঁহার কাছে কিছুই তুচ্ছ নয়, কিছুই ক্ষুদ্র নয়। তিনি বলিয়াছেন—'ছোট-বড়-হীন সবার মাঝারে করি চিত্তের স্থাপনা!' এই চিত্ত-স্থাপনার ফলে তিনি বিশ্বরূপের মধ্যে বিশ্বেশ্বরের লীলা অতি সহজেই অনুভব করিয়াছেন। তাঁহার এই আধ্যাত্মিকতা তাঁহার ব্যক্তিত্বকে পূর্ণতা দান করিয়াছে। নৈবেদ্য, খেয়া, গীতাঞ্জলি, গীতিমাল্য, গীতালি, ব্রহ্ম-সঙ্গীত প্রভৃতির মধ্যে কবির আধ্যাত্মিকতার ক্রম-পরিণতির ও নিবিড়তার পরিচয় পাওয়া যায়। কবির ভগবান কখনো প্রভু, কখনো বন্ধু, কখনো বা প্রিয় বা প্রিয়া, কখনো বা কেবল মাত্র 'তুমি' বা 'তিনি', কখনো বা একেবারে নির্ব্যক্তিক। মধ্যযুগের ভারতীয় সাধক কবীর, দাদূ, নানক, রজ্জবজী, মালিক মহম্মদ জায়সী প্রভৃতি, এবং সূফী সাধকেরা ভগবানকে লইয়া সাম্প্রদায়িকতার টানাটানি ও বিরোধ দেখিয়া ভগবানকে কোনো নামে অভিহিত করেন নাই। যিনি সকল নাম-রূপের অতীত তাঁহাকে কোনো একটি বিশেষ নামে অভিহিত করিলেই তাঁহাকে সাম্প্রদায়িকতার ক্ষুদ্র গণ্ডিতে আবদ্ধ সঙ্কীর্ণ করিয়া ফেলা হয়। এইজন্য আমাদের দেশের বাউল ও ভাটিয়াল গানে ভগবান কখনো দরদী, কখনো সাঁই, কখনো বন্ধু, কখনো বা কেবল মাত্র সর্বনাম অর্থাৎ যাহা সকলেরই নাম। রবীন্দ্রনাথের ভগবান কোনো বিশেষ নামে চিহ্নিত হন নাই বলিয়াই তাঁহার গীতাঞ্জলি প্রভৃতি ভক্তিরসাত্মক কাব্য সর্বধর্মের সাধকদের সমাদরের সামগ্রী হইতে পারিয়াছে। কবির আধ্যাত্মিকতা ও ভক্তি কেবল মাত্র হৃদয়ের আ-বেগ বা e-motion নয়, তাহা যুক্তির ভিত্তির উপরে সুপ্রতিষ্ঠিত, অপ্রমত্ত, বলিষ্ঠ, আত্মনির্ভর। এইজন্য কবি প্রার্থনা করিয়াছেন—

যে ভক্তি তোমারে ল'য়ে ধৈর্য নাহি মানে,
মুহূর্তে বিহ্বল হল নৃত্য-গীত-গানে
ভাবোন্মাদ মত্ততায়, সেই জ্ঞানহারা
উদ্‌ভ্রান্ত উচ্ছল-ফেন ভক্তি-মদধারা
নাহি চাহি নাথ। দাও ভক্তি শান্তি-রস,
স্নিগ্ধ সুধা পূর্ণ করি' মঙ্গল-কলস

সংসার-ভবন-দ্বারে। যে ভক্তি-অমৃত
সমস্ত জীবনে মোর হইবে বিস্তৃত
নিগূঢ় গভীর সর্ব কর্মে দিবে বল,
ব্যর্থ শুভ চেষ্টারেও করিবে সফল
আনন্দে কল্যাণে। সর্বপ্রেমে দিবে তৃপ্তি,
সর্ব দুঃখে দিবে ক্ষেম, সর্ব সুখে দীপ্তি
দাহহীন। সম্বরিয়া ভাব-অশ্রুনীর
চিত্ত রবে পরিপূর্ণ অমত্ত গভীর —নৈবেদ্য, অপ্রমত্ত

অথচ কবির এই আধ্যাত্মিকতা কেবল মাত্র শুষ্ক জ্ঞান ও বুদ্ধির বিচার-বিতর্ক নহে,—এই আধ্যাত্মিকতায় সরস প্রেম-মধুর আত্ম-নিবেদনের ও প্রিয়-মিলন-সঞ্জাত আনন্দের অভাব নাই।

কবি আনন্দময়েরই উপাসক, তাঁহার কাছে—'আনন্দই উপাসনা আনন্দময়ের!'—চৈতালি, 'অভয়'। কবির কাছে 'যারে বলে ভালবাসা তারে বলে পূজা!'—চৈতালি, 'পুণ্যের হিসাব'। কারণ—'আর পাবো কোথা, দেবতারে প্রিয় করি, প্রিয়েরে দেবতা!'—সোনার তরী, 'বৈষ্ণব কবিতা'। কবি জানেন—

নিত্যকাল মহাপ্রেমে বসি' বিশ্বভূপ
তোমা-মাঝে হেরিছেন আত্ম-প্রতিরূপ! —চৈতালি, ধ্যান

কবি শুনিতে পান—'জগৎ জুড়ে উদার সুরে আনন্দ-গান বাজে।' এবং তিনি জানেন—'জগতে আনন্দ-যজ্ঞে আমার নিমন্ত্রণ'। কবি বিশ্ববাসীকে আহ্বান করিয়া বলিয়াছেন—

আনন্দেরি সাগর থেকে এসেছে আজ বান,
দাঁড় ধ'রে আজ বস্‌রে সবাই, টান্‌রে সবাই টান! —গীতাঞ্জলি

কবির দেবতা কখনো রাজার দুলাল হইয়া দ্বারে উপনীত হন, হৃদয়ের মণিহার উপহার পাইবার জন্য, কখনো তিনি বর ও বঁধু-রূপে কবির মনোহরণ করেন। কবি নাম-রূপহীন অপরূপের প্রেমে মগ্ন। কবির এই মিস্‌টিসিজ্‌ম্ সলোমনের সাম, ডেভিডের গীতি, সেণ্ট্ ফ্রান্‌সিস্ অফ অ্যাসিসি, টমাস্ এ কেম্পিস্ প্রভৃতি ও সুফী কবিদের ভক্তির উক্তি স্মরণ করাইয়া দেয়। ভগবানকে বর-রূপে বঁধূ-রূপে বোধ করা বৈষ্ণব-ভাব-সাধনার একটা অঙ্গ। বৃন্দাবনে একমাত্র পুরুষ শ্রীকৃষ্ণ, আর সবাই গোপী। তাই চৈতন্যচরিতামৃত-গ্রন্থের রচয়িতা প্রার্থনা করিয়াছেন—

অন্যের হৃদয় মন, মোর মন বৃন্দাবন,
মনে বনে এক করি' জানি।
তাঁহা তোমার পদদ্বয় করাহ যদি উদয়,
তবে তোমার পূর্ণকৃপা মানি ॥
প্রাণনাথ! শুন মোর সত্য নিবেদন। —চৈ, চ, মধ্য ১৩

ইংরেজ কবিরাও ভগবানকে বর ও বঁধু রূপে অনুভব করিয়াছেন।

What if this Friend happen to be—God.
—Browning, *Fears and Scruples.*

For me the Heavenly Bridegroom waits;
—Tennyson, *St. Augustine's Eve.*

The bridegroom of my soul I seek,
Oh, when will he appear! —Cowper.

কবি রবীন্দ্রনাথের স্বর্গ কোনো বিশেষ সুখময় প্রলোভনময় স্থান মাত্র নহে। কবি কল্পিত স্বর্গ হইতে এই মাটির ধরণীকে অধিক মমতাময়ী পুণ্যময়ী মনে করেন, তাই তিনি স্বর্গ হইতে বিদায় লইয়া চলিয়া আসিবার সময় কিছু-মাত্র বেদনা তো অনুভব করেনই নাই, বরং আনন্দ অনুভব করিয়াছিলেন। এই স্বর্গ ভগবানের রচনা নহে, তিনি ইহা রচনা করিবার ভার সকল মানবের উপরে দিয়া রাখিয়াছেন—

তুমি তো গড়েছ শুধু এ মাটির ধরণী তোমার
মিলাইয়া আলোকে আঁধার!
শূন্য হাতে সেথা মোরে রেখে
হাসিছ আপনি সেই শূন্যের আড়ালে গুপ্ত থেকে।
দিয়েছ আমার 'পরে ভার
তোমার স্বর্গটি রচিবার —বলাকা, ২৮ নম্বর

কবি স্বর্গ-সম্বন্ধে কি মনে করেন তাহা তাঁহার বলাকার একটি কবিতায় সুস্পষ্ট হইয়াছে।

স্বর্গ কোথায় জানিস্ কি তা ভাই!
তার ঠিক-ঠিকানা নাই।
তার আরম্ভ নাই, নাই রে তাহার শেষ
ওরে নাই রে তাহার দেশ,
ওরে নাই রে তাহার দিশা
ওরে নাই রে দিবস, নাই রে তাহার নিশা!

ফিরেছি সেই স্বর্গে শূন্যে শূন্যে
ফাঁকির ফাঁকা মানুষ।
কত যে-যুগযুগান্তরের পুণ্যে
জন্মেছি আজ মাটির 'পরে ধূলা-মাটির মানুষ।
স্বর্গ আজি কৃতার্থ তাই আমার দেহে,
আমার প্রেমে, আমার স্নেহে,
আমার ব্যাকুল বুকে,
আমার লজ্জা, আমার সজ্জা' আমার দুঃখে সুখে!
আমার জন্ম-মৃত্যুরি তরঙ্গে
নিত্য নবীন রঙের ছটায় খেলায় সে যে রঙ্গে।

স্বর্গ আমার জন্ম নিল মাটি মায়ের কোলে!
বাতাসে সেই খবর ছোটে আনন্দ-কল্লোলে।

স্বর্গ যদি এই মাটির ধরণীর বুকে আমার মধ্যে আমার সৃষ্টি হয়, তাহা হইলে এখান হইতে মুক্তি পাইতে কবি চাহেন না। কেবল মাত্র মুক্তি তো অর্থশূন্য, বন্ধন যদি নাই থাকে তবে মুক্তি হইবে কিসের হইতে! বন্ধন স্বীকার করিলেই তো মুক্তি পাওয়া যাইবে। তাই কবি বলিয়াছেন—

বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়।
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ। —নৈবেদ্য, মুক্তি

কবি বলেন—

মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।

তাই ভগবানের কাছে তাঁহার প্রার্থনা উত্থিত হইয়াছে—

যুক্ত করো হে সবার সঙ্গে, মুক্ত করো হে বন্ধ।

কবি সকলের সহিত অনাসক্ত হইয়া যুক্ত থাকিতে চাহেন পদ্মপত্রম্ ইবাম্ভসা।

আনন্দবাদী কবি মৃত্যুভয় জয় করিয়াছেন, তিনি মনে করেন মৃত্যু এই জীবনেরই একটি অবস্থা; ফুলের যেমন পরিণতি ফলে, মানুষের যেমন বাল্য যৌবন বার্ধক্য, তেমনি জীবনের পরিণতি মৃত্যুতে—

ওগো আমার এই জীবনের শেষ পরিপূর্ণতা,
মরণ, আমার মরণ, তুমি কও আমারে কথা। —গীতাঞ্জলি

এইজন্যই কবি কিশোর বয়সেই বলিতে পারিয়াছিলেন—

মরণ রে, তুঁহু মম শ্যাম সমান।
—ভানুসিংহ ঠাকুরের পদাবলী

মৃত্যু কবির কাছে ঝুলন-খেলা, তাহা ইহ-জীবন ও পর-জীবনের মধ্যে দোল খাওয়া। কবীর সাহেব ও সিন্ধী সাধক কবি বেকস্ যেমন বলিয়াছিলেন যে মৃত্যু হইতেছে ঝুলন বা দোলা বা ইহলোকে পরলোকে বল-লোফালুফি খেলা, তেমনি রবীন্দ্রনাথও জানেন যে মরণই জীবনের শেষ নহে, কবি জানেন যে শেষের মধ্যে অশেষ আছে!*

প্রথম-মিলন ভীতি ভেঙেছে বধূর,
তোমার বিরাট্ মূর্তি নিরখি' মধুর।
সর্বত্র বিবাহ বাঁশী উঠিতেছে আজি।
সর্বত্র তোমার ক্রোড় হেরিতেছি আজি।

* কবীর মরণকে ঝুলনের সঙ্গে তুলনা করিয়া বলিয়াছেন—

জনম-মরণ-বীচ দেহ অন্তর নহী—
দাচ্ছ ঔর বাম যুঁ এক এক আহী।
জনম-মরণ জহাঁ তারী পরত হৈ;
হোত আনন্দ তঁহ গগন গাজৈ।
উঠত ঝনকার তহঁ নাদ অনহদ ঘুরৈ,
তিরলোক-মহলকে প্রেম বাজৈ।
চন্দ্র তপন কোটি দীপ বরত হৈ,
তুর বাজে তঁহা সন্ত ঝুলৈ।
প্যার ঝনকার তঁহ নূর বরষত রহৈ,
রস পীবৈঁ তঁহ ভক্ত ভুলৈ॥

সিন্ধুদেশের ভক্ত বেকস্ মাত্র ২২ বৎসর বয়সে অষ্টাদশ শতাব্দীর শেষভাগে মারা যান তিনি মৃত্যুর সময়ে মাতাকে প্রবোধ দিয়া জন্ম ও মৃত্যুকে জগজ্জননী ও পার্থিব জননীর মধ্যে বল-লোফালুফি খেলার সঙ্গে তুলনা করিয়া বলিয়াছিলেন—

উভয় মাতু বীচ খেল চলে—
গেঁদ জ্যু মোকো দেঈ লেঈ।

ইহলোকে যে জীবনদেবতা অন্তর্যামী আমাকে সার্থকতা দান করেন, তিনিই মরণ-সিন্ধুপারে অবগুণ্ঠন মোচন করিয়া দেখা দেন, তখন বিস্ময়-স্তম্ভিত হৃদয়ে মানুষ বলিয়া উঠে—'এখানেও তুমি জীবনদেবতা!'

কবি মৃত্যুকে মাতৃপাণির ন্যায় পরম নির্ভরযোগ্য মনে করিয়াছেন—

সে যে মাতৃপাণি
স্তন হতে স্তনান্তরে লইতেছে টানি'।
* * *
স্তন হতে তুলে নিলে শিশু কাঁদে ডরে,
মুহূর্তে আশ্বাস পায় গিয়ে স্তনান্তরে। —নৈবেদ্য

কবীর যেমন মৃত্যুকে তাঁহার জীবনের বর বলিয়া আনন্দে বরণ করিয়া লইয়াছিলেন, আমাদের কবির কাছেও মৃত্যু সেইরূপ, গৌরীর কাছে ত্রিলোচনের তুল্য।

ভগবান্ তো মানুষের "এই জীবনে ঘটালে মোর জন্ম-জন্মান্তর!" অতএব যে মৃত্যু জন্মান্তরের সূচনা করিতেছে তাহাকে ভয় কি! এইজন্য কবি নিজেকে বলিয়াছেন তিনি মৃত্যুঞ্জয়—

আমি মৃত্যু-চেয়ে বড়—এই শেষ কথা ব'লে
যাব আমি চ'লে।
—পরিশেষ, মৃত্যুঞ্জয়

তেই ত জনম মোকো স্থরু হৈ,
খেলু আজ মোকু দেঈ॥
—শ্রীযুক্ত ক্ষিতিমোহন সেনের সংগ্রহ

ইউরোপীয় লেখকেরাও মৃত্যুকে অমৃতের সেতু বলিয়াছেন—

Our life is a succession of deaths and resurrections;
We die, Christopher, to be born again.
—Romain Rolland.

................and still depart
From death to death thro' life and life and find
Nearer and nearer Him, who wrought
Not matter nor the finite-infinite.
—Robert Browning.

Earth knows no desolation.
She smells regeneration
In the moist breath of decay.
—Meredith.

এবং সর্বশেষে কবি এই বলিয়া মনকে অভয় দিয়াছেন—

নব নব মৃত্যু-পথে
তোমারে পূজিতে যাব জগতে জগতে।

আর—

যাবার দিনে এই কথাটি ব'লে যেন যাই,
যা দেখেছি, যা পেয়েছি, তুলনা তার নাই।

এবং—

অবশেষে বুক ফেটে শুধু বলি আসি'—
হে চিরসুন্দর, আমি তোরে ভালবাসি।

কিন্তু কবি চিরন্তন, তাঁহার তো মৃত্যু বলিয়া কিছু নাই।

এই সকল কারণে কবি রবীন্দ্রনাথ আমাদের সকলের হৃদয়ের কবি, আমাদের মুখপাত্র, আমাদের মনের অস্ফুট কথাগুলিকে তিনি আকার দিয়াছেন, যে কথা আমরা বলিতে চাই অথবা বলিতে জানি না, সেই-সব কথা তিনি আমাদের হইয়া বলিয়া দিয়াছেন, তাই তিনি আমাদের সকলের এত প্রিয় কবি। তিনি দুঃখে সান্ত্বনা-দাতা, আনন্দের সঙ্গী, অবসাদে উৎসাহদাতা, কুসংস্কার হইতে উদ্ধার-কর্তা, বুদ্ধির মুক্তিদাতা। এই কবির আবির্ভাবে বিশ্ববাসী যে কত দিকে কত লাভবান্ হইয়াছে তাহা বলিয়া শেষ করা দুঃসাধ্য।

খ। রবীন্দ্র-কাব্যের একটি প্রধান সুর

কবিগুরু রবীন্দ্রনাথ তাঁর 'জীবন-স্মৃতি'তে লিখেছেন—"ক্ষুদ্রকে লইয়াই বৃহৎ, সীমাকে লইয়াই অসীম, প্রেমকে লইয়াই মুক্তি। প্রেমের আলো যখনি পাই, তখনি যেখানে চোখ মেলি সেখানেই দেখি সীমার মধ্যেও সীমা নাই। প্রকৃতির সৌন্দর্য যে কেবলমাত্র আমারই মনের মরীচিকা নহে, তাহার মধ্যে যে অসীমের আনন্দই প্রকাশ পাইতেছে এবং সেইজন্যই এই সৌন্দর্যের কাছে আমরা আপনাকে ভুলিয়া যাই।......বাহিরের প্রকৃতিতে যেখানে নিয়মের ইন্দ্রজালে অসীম আপনাকে প্রকাশ করিতেছেন, সেখানে সেই নিয়মের বাঁধাবাঁধির মধ্যে আমরা অসীমকে না দেখিতে পারি, কিন্তু সেখানে সৌন্দর্য ও প্রীতির সম্পর্কে হৃদয় একেবারে অব্যবহিতভাবে ক্ষুদ্রের

মধ্যেও সেই ভূমার স্পর্শ লাভ করে, সেই প্রত্যক্ষবোধের কাছে কোনো তর্ক খাটিবে কি করিয়া? এই হৃদয়ের পথ দিয়াই প্রকৃতি সন্ন্যাসীকে আপনার সীমা-সিংহাসনের অধিরাজ অসীমের খাস দরবারে লইয়া গিয়াছিলেন। প্রেমের সেতুতে যখন দুই পক্ষের ভেদ ঘুচিল, গৃহীর সঙ্গে সন্ন্যাসীর যখন মিলন ঘটিল, তখনই সীমায় অসীমে মিলিত হইয়া সীমার মিথ্যা তুচ্ছতা ও অসীমের মিথ্যা শূন্যতা দূর হইয়া গেল। আমার নিজের প্রথম জীবনে আমি যেমন একদিন আমার অন্তরের একটা অনির্দেশ্যতাময় অন্ধকার গুহার মধ্যে প্রবেশ করিয়া বাহিরের সহজ অধিকারটি হারাইয়া বসিয়াছিলাম, অবশেষে সেই বাহির হইতেই একটি মনোহর আলোক হৃদয়ের মধ্যে প্রবেশ করিয়া আমাকে প্রকৃতির সঙ্গে পরিপূর্ণ করিয়া মিলাইয়া দিল। ......আমার সমস্ত কাব্য-রচনার ইহা একটি ভূমিকা। আমার তো মনে হয় আমার কাব্য-রচনার এই একটিমাত্র পালা। সে পালার নাম দেওয়া যাইতে পারে 'সীমার মধ্যেই অসীমের সহিত মিলন সাধনের পালা'।"

রবীন্দ্রনাথ সত্য শিব সুন্দরের উপাসক; প্রকৃতি সৌন্দর্যের অফুরন্ত ভাণ্ডার; তাই তিনি প্রকৃতির রূপ-মুগ্ধ প্রেমিক। প্রত্যেক বড় কবির মধ্যে এইটিই প্রধান লক্ষণ যে, তাঁর বর্ণনীয় বিষয়বস্তুকে ছাড়িয়ে তাঁর ভাব উপচে ছাপিয়ে ওঠে—তাঁর রচনার সীমার মধ্যে তাঁর ভাব বন্ধ থাকতে চায় না; তদতিরিক্ত, সীমার বহির্ভূত একটু কিছু প্রকাশ করবার আকুতি সেই রচনা প্রকাশ করে। রবীন্দ্রনাথের সমস্ত কাব্যের ভিতর দিয়ে একটি আকুলতার সুর ধ্বনিত হ'তে শোনা যায়। সে-সুর হচ্ছে সীমার মধ্যে অসীমের, বিশেষের মধ্যে অবিশেষের, রূপের মধ্যে অরূপের উপলব্ধির জন্য অধীরতার সুর, যে ভাবটিকে তিনি পরবর্তীকালে রচিত একটি কবিতায় প্রকাশ করেছিলেন এবং যে-কবিতাটিকে আমি তাঁর প্রথম প্রকাশিত কাব্য-চয়নিকায় তাঁর সমগ্র কাব্যের মূল সুর-স্বরূপ মুখবন্ধ ও ভূমিকারূপে ছেপেছিলাম—

"ধূপ আপনারে মিলাইতে চাহে গন্ধে,
গন্ধ সে চাহে ধূপেরে রহিতে জুড়ে!
সুর আপনারে ধরা দিতে চাহে ছন্দে
ছন্দ ফিরিয়া ছুটে যেতে চায় সুরে।
ভাব পেতে চায় রূপের মাঝারে অঙ্গ,
রূপ পেতে চায় ভাবের মাঝারে ছাড়া।

অসীম সে চায় সীমার নিবিড় সঙ্গ,
সীমা হ'তে চায় অসীমের মাঝে হারা।
প্রলয়ে সৃজনে না জানি এ কার যুক্তি,
ভাব হ'তে রূপে অবিরাম যাওয়া আসা।
বন্ধ ফিরিছে খুঁজিয়া আপন মুক্তি,
মুক্তি মাগিছে বাঁধনের মাঝে বাসা।"

এই ভাবটিকে রবীন্দ্রনাথের প্রথম ও প্রধান মর্ম-ব্যাখ্যাতা বন্ধুবর অজিত কুমার চক্রবর্তী "ঐকান্তিক ভাব-গতি" নাম দিয়েছিলেন। বাস্তবিক পক্ষে রবীন্দ্রনাথের সমস্ত রচনার মধ্যে এই সীমাকে উত্তীর্ণ হ'য়ে বাধাকে অস্বীকার ক'রে বা বাধাকে কাটিয়ে অগ্রসর হ'য়ে চলবার একটা আগ্রহ ও ব্যগ্র তাগাদা স্পষ্টই অনুভব করা যায়। যা লব্ধ, তাতে সন্তুষ্ট থেকে তৃপ্তি নেই; অনায়ত্তকে আয়ত্ত করতে হবে. অজ্ঞাতকে জান্তে হবে, অদৃষ্টকে দেখে নিতে হবে—এই হচ্ছে রবীন্দ্রনাথের বাণী, এই হচ্ছে তাঁর প্রধান বক্তব্য।

যেখানে গতি আছে, সেখানে ব্যাপ্তিও আছে। তাই রবীন্দ্রনাথের কবিতার আর একটি বিশেষত্ব হচ্ছে সর্বানুভূতি—জল-স্থল-আকাশে, লোক-লোকান্তরে, সর্বদেশকালে ও সর্বমানবসমাজে আপনাকে পরিব্যাপ্ত ক'রে মেলে দিতে তিনি নিরন্তর উৎসুক। যে-কবি দেশ-কালকে অতিক্রম ক'রে শাশ্বত সত্যকে যত বেশী প্রকাশ করতে পারেন, তিনি তত বড় কবি। রবীন্দ্র এই হিসাবে কবীন্দ্র, তিনি শাশ্বত সত্যের একজন শ্রেষ্ঠ পুরোহিত। সামান্য প্রাণ-কম্পের মাঝে, শিশুর হাস্য-কণিকায়, ফুলের হিল্লোলিত রূপ-সুষমায়, নদী-সমুদ্রের তরঙ্গ-ভঙ্গে যে প্রাণ-শক্তি দীপ্যমান হ'য়ে ওঠে, তাকে তিনি নব নব রূপ, নব নব শ্রী ও অভিনব মহিমা দান করেছেন; তুচ্ছতমও তাঁর কাব্যে মর্য্যাদা লাভ করেছে, কারণ তুচ্ছতম ধূলিকণাকেও তিনি অসীম সৃষ্টি-রহস্যের অন্তরঙ্গ ব'লে জেনেছেন। নামগোত্রহীন ফুলের মধ্যে বিশ্ব-সুষমার আভাস পেয়েছেন, সমাজে ছোট-লোক ব'লে গণ্য অতি সাধারণ লোকের ছেলের মধ্যেও তিনি বিশ্বমানবের মহত্ত্ব উপলব্ধি করেছেন।

আমাদের দেশের দার্শনিকদের ধারণা ছিল যে সত্য স্থির। শঙ্করাচার্য সত্যের লক্ষণ নির্দেশ ক'রে গেছেন—"কালত্রয়াবাধিতম্ সত্যম্"—যা ভূত ভবিষ্যৎ ও বর্তমান এই ত্রিকালে সমভাবে অবাধে অবস্থিতি করে, যার কস্মিন্ কালেও কোনো পরিবর্তন হয় না, তাই সত্য। কিন্তু বর্তমান যুগের য়ুরোপীয়

দর্শনের বাণী হচ্ছে যে, সত্য গতিতে, সত্য স্থিতিতে নয়; যার গতি নেই, স্ফূর্তি নেই, তা জড়, তা কখনো সত্য হ'তে পারে না। যার জীবনী-শক্তি আছে সে আর সকল জিনিসকে নিজের ক'রে নিয়ে তবে নিজেকে প্রকাশ করে, তার অস্তিত্ব সমগ্রের মধ্যে; খণ্ডভাবে দেখ্‌লে তার পরিচয় পাওয়া যায় না। কাল অবিভাজ্য, কাল অনন্ত-প্রবাহ, মহাকালের মধ্যে ভূত, ভবিষ্যৎ, বর্তমান নেই; ভূত, ভবিষ্যৎ ও বর্তমান একটি বিশেষ খণ্ডকালের সম্পর্ক, একটি বিশেষ ক্ষণের তুলনায় কবি কালিদাসের কাল তাঁর কাছে ছিল বর্তমান, কিন্তু আমাদের কাছে তা হ'য়ে গেছে ভূত বা অতীত; আবার কবি রবীন্দ্রনাথের কাল আমাদের কাছে বর্তমান, কিন্তু তা "আজি হ'তে শত বর্ষ পরে" "দূর ভাবী শতাব্দীর" লোকেদের কাছে ভূত হ'য়ে যাবে। এই অনন্ত কাল ও দেশ ব্যেপে নিজেকে প্রসারিত ক'রে দেওয়ার 'ইচ্ছাই' রবীন্দ্রকাব্যের একটি প্রধান সুর।

রবীন্দ্রনাথ তাঁর প্রথম যৌবন থেকে পরিণত যৌবন-কাল পর্যন্ত কেবল এই গতির মাহাত্ম্যই প্রচার ক'রে এসেছেন; আমাদের এই নিশ্চল জড়-ভাবাপন্ন পঙ্গু দেশে কিশোর কবি অগ্রগতির জন্য বিশ্ববাসীকে আহ্বান করেছিলেন। আমাদের এই জড়-ধর্মী দেশে আজকাল যে একটু নড়বার লক্ষণ দেখা যাচ্ছে, তার মূলে আমাদের এই কবির উদ্বোধিনী বাণীর অনুপ্রেরণা অনেকখানি রয়েছে।

আমরা দেখ্‌তে পাই, কবি কিশোর বয়সেই গতির মাহাত্ম্য প্রচার করবার জন্য "পথিক"-বেশে যাত্রা করেছেন এবং সকলকে তাঁর যাত্রা-পথের সঙ্গী হবার জন্য আহ্বান ক'রে বলেছেন—

> "ছুটে আয় তবে ছুটে আয় সবে,
> অতি দূর দূর যাব;
> কোথায় যাইবে? — কোথায় যাইব!
> জানি না আমরা কোথায় যাইব;—
> সমুখের পথ যেথা ল'য়ে যায়,—"

শুধু 'অকারণ অবারণ চলার' আবেগ তিনি বরাবর অনুভব করেছেন, তাঁর "চলার বেগে পায়ের তলায় রাস্তা জেগেছে" আকৈশোর। এই গতির আহ্বানেই "নির্ঝরের স্বপ্ন-ভঙ্গ" হয়েছে। আমাদের কবির "প্রভাত-উৎসব" গতিরই উৎসব:···

'জগৎ আসে প্রাণে, জগতে যায় প্রাণ,
জগতে প্রাণে মিলি' গাহিছে এ-কি গান।"

প্রভাত-উৎসবের এই গতি অন্তর থেকে বাহিরে এবং বাহির থেকে অন্তরে, গতির এক অপূর্ব গতায়াত; বিশ্বব্রহ্মাণ্ডকে আপন অন্তরে গ্রহণ ক'রে আপন অন্তরকে বিশ্বব্রহ্মাণ্ডে মেলে দেবার আনন্দ এই কবিতায় প্রকাশ পেয়েছে। কবির অন্তরের গতি-বেগ "স্রোত" হ'য়ে বয়ে চলেছে; এবং কবি সকলকে আহ্বান ক'রে বলেছেন—

"জগৎ-স্রোতে ভেসে চল', যে যেথা আছ ভাই।
চলেছে যেথা রবি-শশী চল' রে সেথা যাই।"

কবির কাছে যাত্রার আহ্বানই "মঙ্গল-গীতি"—

"যাত্রী সবে ছুটিয়াছে শূন্যপথ দিয়া,
উঠেছে সঙ্গীত-কোলাহল,
ওই নিখিলের সাথে কণ্ঠ মিলাইয়া
মা আমরা যাত্রা করি চল্।
যাত্রা করি বৃথা যত অহঙ্কার হ'তে,
যাত্রা করি ছাড়ি' হিংসা দ্বেষ,
যাত্রা করি স্বর্গময়ী করুণার পথে
শিরে ধরি' সত্যের আদেশ।
যাত্রা করি মানবের হৃদয়ের মাঝে
প্রাণে ল'য়ে প্রেমের আলোক,
আয় মাগো যাত্রা করি জগতের কাজে
তুচ্ছ করি' নিজ দুঃখ শোক।"

কবির যৌবন-সুলভ হৃদয়াবেগ যখন তাঁর মনোবীণায় "কড়ি ও কোমল" সুর বাজাচ্ছিল, তখনও সেই সুরের মধ্যে গতির মূর্ছনা ধ্বনিত হয়েছে!—কবি লক্ষ্য করেছেন—

"মানব-হৃদয়ের বাসনা
বিশ্বময় কারে চাহে, করে হায় হায়।"

কবি অনুভব করেছেন—

"লক্ষ হৃদয়ের সাধ শূন্যে উড়ে যায়,
কত দিন হ'তে তারা ধায় কত দিকে।"

সমুদ্রের অস্থিরতা দেখে কবি বলেছেন—

"কিসের অশান্তি এই মহা পারাবারে।
সতত ছিঁড়িতে চাহে কিসের বন্ধন।"

আমাদের কবি সাগর-পারের অপরিচিতা বিদেশিনীর অভিসারে "সোনার তরী"তে বার বার "নিরুদ্দেশ যাত্রা" করেছেন—

"আর কত দূরে নিয়ে যাবে মোরে,
হে সুন্দরী?
বল কোন্ পারে ভিড়িবে তোমার
সোনার তরী।"

কবি শুধু যেতেই চান "অকূল-পাড়ির আনন্দ" অনুভব কর্‌বার জন্য—

"সকাল বেলায় ঘাটে সে দিন
ভাসিয়ে দিলেম নৌকা-খানি,
কোথায় আমার যেতে হবে
সে কথা কি কিছুই জানি।"

"দুলুক তরী ঢেউয়ের 'পরে,
ওরে আমার জাগ্রত প্রাণ।
গাও রে আজি নিশীথ-রাতে
অকূল-পাড়ির আনন্দ গান।
যাক্ না মুছে তটের রেখা,
নাই বা কিছু গেল দেখা,
অতল বারি দিক্ না সাড়া
বাঁধন-হারা হাওয়ার ডাকে
দোসর-ছাড়া একার দেশে
একেবারে এক নিমেষে,
লও রে বুকে দু'হাতে মেলি'
অন্তবিহীন অজানাকে।"

কবির মনোরাজ্যের "বনের পাখী" এসে "খাঁচার পাখী"কে বাহিরে উড়ে যেতে ডাকাডাকি করেছে; "কন্যা মোর চারি বছরের" "যেতে নাহি দিব" ব'লে কাতর নিষেধ কর্‌লেও কবি-চিত্তের যাত্রা স্থগিত হয়নি। কবি-চিত্ত বিশ্ব-ব্রহ্মাণ্ডে দুর্নিবার গতির আবেগ দেখে দুঃখ ও সান্ত্বনা দুই-ই অনুভব করেছে—

"এ অনন্ত চরাচরে স্বর্গ মর্ত্য ছেয়ে
সবচেয়ে পুরাতন কথা, সবচেয়ে
গভীর ক্রন্দন 'যেতে নাহি দিব'। হায়,
তবু যেতে দিতে হয়, তবু চ'লে যায়।"

কবি "মানস সুন্দরী"কে প্রশ্ন জিজ্ঞাসা করেছেন—

"কোন বিশ্ব-পার
আছে তব জন্মভূমি? সঙ্গীত তোমার
কত দূরে নিয়ে যাবে কোন্ লোকে"—

জীবন-মরণের দোলায় কবি "ঝুলন" খেল্‌তে ব্যগ্র; সমগ্র "বসুন্ধরা" কবি-চিত্তের বিহার-ভূমি—

"ইচ্ছা করে আপনার করি
যেখানে যা কিছু আছে...........,"

বিশ্ব-বিমুখ স্বার্থপর ক্ষুদ্রতার বেদনা কবিকণ্ঠে কাতর ক্রন্দন ক'রে বলেছে "এবার ফিরাও মোরে"—

"দুর্দিনের অশ্রু-জল-ধারা
মস্তকে পড়িবে ঝরি' তারি মাঝে যাব অভিসারে
তার কাছে, জীবন-সর্বস্ব-ধন অর্পিয়াছি যারে
জন্ম জন্ম ধরি'। কে সে? জানি না কে। চিনি নাই তারে।
শুধু এইটুকু জানি, তারি লাগি' রাত্রি-অন্ধকারে
চলেছে মানব-যাত্রী যুগ হ'তে যুগান্তর পানে......"

কবি তাঁর "অন্তর্যামী"কে পথিকের চঞ্চল সঙ্গীরূপেই উপলব্ধি কর্‌তে চেয়েছেন—

"আবার তোমারে ধরিবার তরে
ফিরিয়া মরিব বনে প্রান্তরে,

পথ হ'তে পথে, ঘর হ'তে ঘরে,
দুরাশার পাছে পাছে।"

তিনি "অতিথি অজানা'র সঙ্গে 'অচেনা অসীম আঁধারে' যাত্রা কর্‌বার জন্য উৎসুক; দিনশেষে কবির যদি বা কখনও তরণী বাঁধবার প্রলোভন হয়েছে, কিন্তু সেও "বহু দূর দুরাশার প্রবাসে" "আসা-যাওয়া বারবার" করার পর কোনও অজানা বিদেশে অচেনা তরুণীর ভরা ঘটের ছল-ছল আহ্বানে! কিন্তু দিনশেষেও কবির ভাগ্যে বিশ্রাম-লাভ ঘটেনি; যখন

"পৌষ প্রখর শীত-জর্জর ঝিল্লী-মুখর রাতি।"

তখনও এক অবগুণ্ঠিতা তাঁর সুখনিদ্রা ভাঙিয়ে "সিন্ধুপারে" নিয়ে চলেছে—

"অফুরান পথ, অফুরান রাতি, অজানা নূতন ঠাঁই।"

কবির "দুরন্ত আশা" "পোষমানা এ প্রাণ" নিয়ে "বোতাম-আঁটা জামার নীচে শান্তিতে শয়ান" থাক্‌তে পারে না। সন্ধ্যার দুঃসময় এসে উপস্থিত হ'লেও কবি তাঁর চিত্ত-বিহঙ্গকে পাখা বন্ধ কর্‌তে নিষেধ ক'রে বলেছেন—

"যদিও সঙ্গী নাহি অনন্ত অম্বরে

*   *

তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর,
এখনি, অন্ধ বন্ধ ক'রো না পাখা।"

কোথাও যদি কোনও আশ্রয় না থাকে, তবু নভ-অঙ্গন তো আছে, তার মধ্যেই স্বচ্ছন্দ-বিহার কর্‌তে হবে।

"বর্ষ-শেষে"র সঙ্গে-সঙ্গে কবি-চিত্ত বন্ধন-মুক্ত হ'য়ে অনন্তাভিমুখ হ'য়ে উঠেছে—

"চাবো না পশ্চাতে মোরা, মানিব না বন্ধন ক্রন্দন,
হেরিব না দিক্‌
গণিব না দিনক্ষণ, করিব না বিতর্ক বিচার,
উদ্দাম পথিক।

*   *   *

যে-পথে অনন্ত লোক চলিয়াছে ভীষণ নীরবে
সে পথ-প্রান্তের
একপার্শ্বে রাখ মোরে, নিরখিব বিরাট্ স্বরূপ
যুগ-যুগান্তের।"

রুদ্র বৈশাখের "বিষাণ ভয়াল" তাঁকে ডাক দিলে তিনি বলেছেন—

"ছাড় ডাক, হে রুদ্র বৈশাখ,
ভাঙিয়া মধ্যাহ্ন-তন্দ্রা জাগি' উঠি বাহিরিব দ্বারে..."

তিনি অচেনা বহু পথিকের সঙ্গে এক নৌকার "যাত্রী", তিনি গৃহস্থের ঘরে "অতিথি" মাত্র, তিনি "ছুটির" আনন্দে উল্লসিত হ'য়ে সকল বন্ধনের প্রতি "উদাসীন", তিনি "সুদূরের পিয়াসী", তিনি "প্রবাসী"। কবি বলেছেন—

"ম্লান দিবসের শেষের কুসুম তুলে
এ কূল হইতে নব-জীবনের কূলে
চলেছি আমার যাত্রা করিতে সারা।"

কিন্তু কবির এ "যাত্রাশেষ" তো "বিপুল বিরতি" নয়, এ যাওয়া যে দোলার ফিরে আসার বেগ-সঞ্চয়ের জন্য—

"এই মত চলে চিরকাল গো
শুধু যাওয়া শুধু আসা!"

এ "খেয়া-নেয়ে"র এপার-ওপার যাওয়া-আসা।

কবির "পরাণ-সখা বন্ধু", "ঝড়ের রাতে অভিসার" করেন কবির কাছে। কবি জানেন, তাঁর বিধাতা তাঁকে কোন্ আদি-কাল হ'তে জীবনের স্রোতে ভাসিয়ে দিয়েছেন—

"জানি কোন্ আদি কাল হতে
ভাসালে আমারে জীবনের স্রোতে।"

কবি নিজে অনুভব করেন এবং সকলকে অনুভব কর্‌তে বলেন—

"জগতে আনন্দ-যজ্ঞে আমার নিমন্ত্রণ।

সেই আনন্দ-যজ্ঞের নিমন্ত্রণে যাত্রা ক'রে—

"কবে আমি বাহির হ'লেম তোমারি গান গেয়ে
সে তো আজকে নয়, সে আজকে নয়।"

যাত্রার খেয়া-ঘাটে এসে কবির আশঙ্কা 'ঐরে তরী দিল খুলে!' কিন্তু তখনি তিনি মনকে সান্ত্বনা দিয়ে বল্‌ছেন—

"আমার নাইবা হ'ল পারে যাওয়া,
যে হাওয়াতে চলতো তরী
অঙ্গেতে সেই লাগাই হাওয়া।"

কিন্তু তিনি যদি বা যাত্রার উদ্যোগ-পর্ব সমাধা ক'রে প্রস্তুত হ'লেন, কাণ্ডারীর তখনো উদ্দেশ নেই—

"কথা ছিল এক তরীতে কেবল তুমি আমি
যাব অকারণে ভেসে কেবল ভেসে;
ত্রিভুবনে জান্‌বে না কেউ আমরা তীর্থ-গামী
কোথায় যেতেছি কোন্ দেশে সে কোন্ দেশে।'

তখন তিনি কাণ্ডারীকে দেখে বল্‌ছেন—

"ওরে মাঝি, ওরে আমার
মানব-জন্ম-তরীর মাঝি
শুন্‌তে কি পাস্ দূরের থেকে
পারের বাঁশী উঠ্‌ছে বাজি?
কাণ্ডারী গো, যদি এবার পৌঁছে থাক' কূলে,
হাল ছেড়ে দাও, এখন আমার হাত ধ'রে লও তুলে।"

কবি কাণ্ডারীর বিলম্ব দেখে অধীর হ'য়ে উঠেছেন—

"এবার ভাসিয়ে দিতে হবে আমার এই তরী।
তীরে বসে যায় যে বেলা মরি গো মরি!"

কবি সদা-প্রস্তুত কাণ্ডারীকে হঠাৎ দেখ্‌তে পেয়ে আনন্দে ব'লে উঠ্‌লেন—

"নাম-হারা এই নদীর পারে
ছিলে তুমি বনের ধারে
বলেনি কেউ আমাকে!"

কিন্তু তরী যদি নাই মেলে তা হ'লে কি তবে যাওয়া বন্ধ থাক্‌বে?

"যে দিল ঝাঁপ ভব-সাগর মাঝ-খানে
কূলের কথা ভাবে না সে'
চায় না কভু তরীর আশে,
আপন সুখে সাঁতার-কাটা সেই জানে
ভব-সাগর মাঝ-খানে।"

কিন্তু এত দিন নদী-পথে যাত্রার প্রতীক্ষা করার পর কবি দেখ্‌তে পেলেন—

"উড়িয়ে ধ্বজা অভ্র-ভেদী রথে
ঐ যে তিনি, ঐ যে বাহির পথে!"

তখন আনন্দিত কবির উৎফুল্ল কণ্ঠ থেকে উচ্চারিত হয়েছে—

"যাত্রী আমি ওরে,
পার্‌বে না কেউ রাখ্‌তে আমায় ধ'রে।"

কবির "পথ হ'ল সুন্দর"; তিনি যাত্রা কর্‌তে পেয়েই সন্তুষ্ট, তরীতে না হয় তো রথে তাঁর যাত্রা—সে একই কথা, বাহন তুচ্ছ সাধন মাত্র, যাত্রা কর্‌তে পারাটাই হ'ল তাঁর কাছে প্রধান।

কবি নিজেই জানেন যে, গতির মাঝে মাঝে গতি-বিরতিও আছে। "যেমন চলার অঙ্গ পা-তোলা পা-ফেলা"; কিন্তু পা ফেলেই কবির ভয় হয় বুঝিবা গতি স্থগিত হ'য়ে পড়্‌ল—

"ভেবেছিনু মনে যা হবার তারি শেষে
যাত্রা আমার বুঝি থেমে গেছে এসে।

* * *

পুরাতন পথ শেষ হ'য়ে গেল যেথা
সেথায় আমারে আনিলে নূতন দেশে!"

কিন্তু চির-নবীন কবি-চিত্তের যাত্রা তো স্থগিত হবার নয়—

"আমি পথিক, পথ আমারি সাথী।

* * *

বাহির হ'লেম কবে সে নাই মনে।
যাত্রা আমার চলার পাকে
এই পথেরই বাঁকে বাঁকে
নূতন হ'ল প্রতি ক্ষণে ক্ষণে।
যত আশা পথের আশা,
পথে যেতেই ভালবাসা,
পথে চলার নিত্য-রসে
দিনে দিনে জীবন ওঠে মাতি।"

মাঝে মাঝে পথ খুঁজ্‌তে গিয়ে পথ হারায়—

"এখানে তো বাঁধা পথের অন্ত না পাই,
চল্‌তে গেলে পথ ভুলি যে কেবলি তাই।"

এবং "খুঁজিতে গিয়ে কাছেরে করি দূর", চলা আরো বেড়ে যায়—তখন হতাশ হ'য়ে কবি বলেন—

"এম্‌নি ক'রে ঘুরিব দূরে বাহিরে,
আর তো গতি নাহি রে মোর নাহি রে।"

কিন্তু তাতেও লোক্‌সান নেই—

"মিথ্যা আমি কি সন্ধানে যাব' কাহার দ্বার?
পথ আমারে পথ দেখাবে এই জেনেছি সার।"

কবির "চলার বেগে পায়ের তলায় রাস্তা জেগেছে" দেখে কবি পরম আনন্দিত—

"ভাগ্যে আমি পথ হারালেম কাজের পথে!
নইলে অভাবিতের দেখা ঘট্‌তো না কোনো মতে।"

সেই অভাবিতের দেখাটি কি?—

আমার ভাঙা পথের রাঙা ধূলায়
পড়েছে কার পায়ের চিহ্ন?

সেই হারাপথে বিদেশী সাপুড়ের সঙ্গে যাত্রীর সাক্ষাৎ ঘটে—

"কে গো তুমি বিদেশী,
সাপ খেলান বাঁশী তোমার
বাজালো সুর কি দেশী!

লুকিয়ে রবে কে গো মিছে,
ছুটেছে ডাক মাটির নীচে
ফুটায়ে ভুঁই-চাঁপারে।"

কবি সেই বাঁশীর সুর ধ'রে যাত্রা ক'রে চলেছেন নিরুদ্দেশের পানে—

"শুনেছি সেই একটি বাণী—
পথ দেখাবার মন্ত্রখানি
লেখা আছে সকল আকাশ মাঝে গো।
তোমার মাঝে আমার পথ

ভুলিয়ে দাও গো ভুলিয়ে দাও।
বাঁধা পথের বাঁধন হ'তে
টলিয়ে দাও গো টলিয়ে দাও।
পথের শেষে মিল্‌বে বাসা—
সে কভু নয় আমার আশা,
যা পাব' তা পথেই পাব',
দুয়ার আমার খুলিয়ে দাও।"

কবি "সুদূরের পিয়াসী," তাঁর কাছে দূরের ডাক এসে পৌঁচেছে—

"এবার আমায় ডাক্‌লে দূরে
সাগর-পারের গোপনপুরে।"

সেই "সাগর-পারের গোপনপুরে" কবি একা পথিক হ'লেও তাঁর সঙ্গী জুটে —যায়

"যেতে যেতে একলা পথে নিবেছে মোর বাতি।
ঝড় এসেছে ওরে এবার ঝড়কে পেলেম সাথী।"

কবির এই যাত্রা তো আজ্‌কের নয়, তা অনাদি অনন্ত—

"অনেক কালের যাত্রা আমার,
অনেক দূরের পথে,
প্রথম বাহির হয়েছিলেম
প্রথম আলোর রথে।"

তিনি সকল ভার বোঝা ফেলে দিয়ে লঘু হ'য়ে যাত্রা কর্‌তে উৎসুক—

"রিক্ত হাতে চল্‌না রাতে
নিরুদ্দেশের অন্বেষণে।"

কবির "পথ চলাতেই আনন্দ," পথের নেশায় তিনি বিভোর—

"পথের নেশা আমায় লেগেছিল,
পথ আমারে দিয়েছিল ডাক।"

কারণ—

"পান্থ তুমি, পান্থজনের সখা হে,
পথে চলাই সেই তো তোমায় পাওয়া।
যাত্রা-পথের আনন্দ-গান যে গাহে
তারি কণ্ঠে তোমারি গান গাওয়া।"

গতি আমার এসে
ঠেকে যেথায় শেষে
অশেষ সেথা খোলে আপন দ্বার।"

কবি "শিশু-ভোলানাথ"-রূপে বল্‌ছেন—

"সাত সমুদ্র তের নদী
আজ্‌কে হবো পার।"

শিশু-ভোলানাথ বলেছে—

"আজকে আমি কতদূর যে
গিয়েছিলেম চ'লে।
যত' তুমি ভাবতে পারো
তার চেয়ে সে অনেক আরো,
শেষ করতে পারব না তো
তোমায় ব'লে ব'লে।

* * *

অনেক দূর সে, আরো দূর সে,
আরো অনেক দূর।"

'ফাল্গুনী' নাটকটি আগা-গোড়া চলার মহিমা-কীর্তনে ভরা—তার মধ্যে চলার বাঁশী বেজেছে—

"চলি গো, চলি গো, যাই গো চ'লে,
পথের প্রদীপ জ্বলে গো
গগন-তলে।
বাজিয়ে চলি পথের বাঁশী,
ছড়িয়ে চলি চলার হাসি,
রঙীন বসন উড়িয়ে চলি
জলে-স্থলে।
পথিক ভুবন ভালোবাসে
পথিক জনে রে।
এমন সুরে তাই সে ডাকে
ক্ষণে ক্ষণে রে।
চলার পথের আগে আগে
ঋতুর ঋতুর সোহাগ জাগে,
চরণ-ঘায়ে মরণ মরে
পলে পলে।"

চাঞ্চল্য হচ্ছে প্রাণের ধর্ম, শিশু প্রাণের স্ফূর্তিতে সদা-চঞ্চল, যুবা প্রাণের প্রবল আবেগে উদ্দাম। তাই দেখতে পাই যে, আমাদের দেশের স্থবিরদের যিনি গতির মুক্তি-বাণী শুনিয়াছেন তিনি কখনো শিশু আর কখনো যুবা, তিনি স্থবির কখনই না—

"সবার আমি সমান-বয়সী যে,
চুলে আমার যতই ধরুক পাক।

চির-যুবা কবি "শুধু অকারণ পুলকে" মেতে তাঁর যুবক সঙ্গীদের ডেকে বলেছেন—

"অশ্লেষাতে যাত্রা ক'রে সুরু
পাঁজি-পুঁথি করিস্ পরিহাস,
অকারণে অকাজ ল'য়ে ঘাড়ে
অসময়ে অপথ দিয়ে যাস্,
হালের দড়ি নিজের হাতে কেটে
পালের 'পরে লাগাস্ ঝড়ো হাওয়া,
আমিও ভাই তোদের ব্রত লব—
মাতাল হ'য়ে পাতাল পানে ধাওয়া।"

যৌবন তো সুখে-শান্তিতে নিশ্চিন্ত হ'য়ে থাক্‌তে পারে না, অসাধ্য সাধন করাই যৌবনের ধর্ম, এইটেই যৌবনের মহিমা—

"পারবি নাকি যোগ দিতে এই ছন্দে রে,
খ'সে যাবার, ভেসে যাবার
ভাঙ্‌বারই আনন্দে রে।
* * * *
লুটে যাবার, ছুটে যাবার
চল্‌বারই আনন্দে রে।"

কবি সকল "অচলায়তন" ভেঙে ফেলে চলার নিমন্ত্রণ ঘোষণা করেছেন। মহা-পরিব্রাজক কবি তাঁর "যাত্রী" পুস্তকের মধ্যেও এই একই কথা ব'লেছেন। "বলাকা"তে এই মহাবাণীই আগাগোড়া উদ্ঘোষিত ক'রে চ'লেছে—

"হেথা নয়, অন্য কোথা, অন্য কোথা, অন্য কোন্‌খানে।"

কবির গানে যখন জীবন-সন্ধ্যার "পূরবী" রাগিণী বেজে উঠেছে, তখনও তাঁর বিশ্রাম বা বিরতির কথা মনে হয় নি, তখনও কেবলই 'চলো চলো' বাণী ধ্বনিত হয়েছে—

"আশ্বিনের রাত্রি-শেষে ঝরে-পড়া শিউলি ফুলের
আগ্রহে আকুল বনতল ; তা'রা মরণ-কূলের
উৎসবে ছুটেছে দলে দলে ; শুধু বলে 'চলো চলো' ।

* * *

ওরা ডেকে বলে, কবি,
সে তীর্থে কি তুমি সঙ্গে যাবে .. ?"

কবি বলেন,—

"যাত্রী আমি, চলিব রাত্রির নিমন্ত্রণে—।"

'মহুয়া' তার যৌবন-প্রেমের মাদকতা বিলিয়ে—

"যাবার দিকের পথিকের 'পরে
ক্ষণিকের স্নেহ-খানি
শেষ উপহার করুণ অধরে
দিল কানে কানে আনি' !"

তখনও মাদকতা-বিহ্বল কবি নিশ্চল হ'য়ে পড়েন নি, তখনও তিনি যাত্রার জন্য সকলকে আহ্বান ক'রে বলেছেন—

"কালের যাত্রার ধ্বনি শুনিতে কি পাও ?
তারি রথ নিত্যই উধাও......"

কবি রবীন্দ্রনাথ আকৈশোর চলারই মাহাত্ম্য ঘোষণা ক'রে এসেছেন। কবি বলেছেন—

"না চল্‌তে চাওয়া প্রাণের কৃপণতা, সঞ্চয় কম হ'লে খরচ করতে সঙ্কোচ হয়......এই তরুণ একদিন গান গেয়েছিল'—'আমি চঞ্চল হে, আমি সুদূরের পিয়াসী।' —সাগর-পারে যে অপরিচিতা আছে তার অবগুণ্ঠন মোচন করবার জন্যে কি কোনো উৎকণ্ঠা নেই।"

অজানাকে জান্‌বার, অনায়ত্তকে আয়ত্ত কর্‌বার, অদৃষ্টকে দেখ্‌বার যে-আগ্রহ নিয়ে বৈদিক ঋষি আপনাকে মহীপুত্র ব'লে পরিচয় দিয়ে বিশ্ববাসীকে ডাক দিয়ে বলেছিলেন—"চরৈবেতি, চরৈবেতি" ঠিক সেইভাবেই অনুপ্রাণিত হ'য়ে আমাদের কবি সকলকে ডাক দিয়ে পুনঃ পুনঃ বলেছেন—"আগে চল্, আগে চল্, ভাই !"

কবি-চিত্ত সপ্ত-তন্ত্রী বীণার মতো, তাতে কত সুর, কত মূর্ছনাই বেজেছে ; কিন্তু আমার কানে এই গতির বাণীটিই খুব বেশী ক'রে ধরা পড়েছে যিনি অগতির গতি তিনিই এই গতি-শক্তি-হারা দেশে এই তূর্য-কণ্ঠ কবিকে

প্রেরণ করেছিলেন দেশবাসীদের জড়ত্ব থেকে উদ্বোধিত ক'রে তোলবার জন্যে।

রবীন্দ্রনাথের স্বদেশ-প্রেম

রবীন্দ্রনাথ তাঁহার জীবনস্মৃতিতে তাঁহার বাল্যকালের কথা-প্রসঙ্গে লিখিয়াছেন—"......আমাদের পরিবারের হৃদয়ের মধ্যে একটা স্বদেশাভিমান স্থির দীপ্তিতে জাগিতেছিল। স্বদেশের প্রতি পিতৃদেবের যে একটি আন্তরিক শ্রদ্ধা তাঁহার জীবনের সকল প্রকার বিপ্লবের মধ্যেও অক্ষুণ্ণ ছিল, তাহাই আমাদের পরিবারস্থ সকলের মধ্যে একটি প্রবল স্বদেশ-প্রেম সঞ্চার করিয়া রাখিয়াছিল। বস্তুত সে সময়টা স্বদেশ-প্রেমের সময় নয়—তখন শিক্ষিত লোকে দেশের ভাষা এবং দেশের ভাব উভয়কেই দূরে ঠেকাইয়া রাখিয়া ছিলেন। আমাদের বাড়িতে দাদারা চিরকাল মাতৃভাষার চর্চা করিয়া আসিয়াছেন।......

"আমাদের বাড়ির সাহায্যে হিন্দু-মেলা বলিয়া একটি মেলা সৃষ্টি হইয়াছিল।.........ভারতবর্ষকে স্বদেশ বলিয়া ভক্তির সহিত উপলব্ধির চেষ্টা সেই প্রথম হয়। মেজদাদা সেই সময়ে বিখ্যাত জাতীয় সঙ্গীত 'মিলে সব ভারত-সন্তান' রচনা করিয়াছিলেন। এই মেলায় দেশের স্তবগান গীত, দেশানুরাগের কবিতা পঠিত, দেশী শিল্প-ব্যায়াম প্রভৃতি প্রদর্শিত, ও দেশী গুণী লোক পুরস্কৃত হইত।"

এই মেলায় "চৌদ্দ-পনেরো বছর বয়সের বালক কবি" লর্ড লিটনের দিল্লী-দরবার সম্বন্ধে একটী পদ্য রচনা করেন। সেই কাব্যে বয়সের উপযুক্ত উত্তেজনা প্রভূত পরিমাণে" ছিল। কবি সেটা পড়িয়াছিলেন "হিন্দু-মেলায়" গাছের তলায় দাঁড়াইয়া। শ্রোতাদের মধ্যে কবি নবীন সেন মহাশয় উপস্থিত ছিলেন।

কবি আরও লিখিয়াছেন,—"জ্যোতিদাদার উদ্‌যোগে আমাদের একটি সভা হইয়াছিল...ইহা স্বাদেশিকের সভা।......আমার মতো অর্বাচীনও এই সভার সভ্য ছিল.........এই সভায় আমাদের প্রধান কাজ [বীরত্বের] উত্তেজনার আগুন পোহানো।"

".........রবিবারে রবিবারে জ্যোতিদাদা দলবল লইয়া শিকার করিতে

বাহির হইতেন। রবাহূত অনাহূত যাহারা আমাদের দলে আসিয়া জুটিত ……তাহাদের মধ্যে ছুতার কামার প্রভৃতি সকল শ্রেনীরই লোক ছিল।"

"আমাদের দলের মধ্যে একটি মধ্যবিত্ত জমিদার ছিলেন। তিনি নিষ্ঠাবান্ হিন্দু। গঙ্গার ধারে তাঁহার একটি বাগান ছিল। সেখানে গিয়া আমরা সকল সভ্য একদিন জাতিবর্ণ-নির্বিচারে আহার করিলাম।"

"স্বদেশে দিয়াশলাই প্রভৃতির কারখানা স্থাপন করা আমাদের সভার উদ্দেশ্যের মধ্যে একটি ছিল।"

"ছেলে-বেলায় রাজনারায়ণ-বাবুর সঙ্গে যখন আমাদের পরিচয় ছিল, তখন সকল দিক্ হইতে তাঁহাকে বুঝিবার শক্তি আমাদের ছিল না।… …. দেশের উন্নতি-সাধন করিবার জন্য তিনি সর্বদাই কতো রকম সাধ্য ও অসাধ্য প্ল্যান্ করিতেন তাহার আর অন্ত নাই।…… .. এদিকে তিনি মাটির মানুষ, কিন্তু তেজে একেবারে পরিপূর্ণ ছিলেন। দেশের প্রতি তাঁহার যে প্রবল অনুরাগ, সে তাঁহার সেই তেজের জিনিস। দেশের সমস্ত খর্বতা দীনতা অপমানকে তিনি দগ্ধ করিয়া ফেলিতে চাহিতেন। তাঁহার দুই চক্ষু জ্বলিতে থাকিত, তাঁহার হৃদয় দীপ্ত হইয়া উঠিত, উৎসাহের সঙ্গে হাত নাড়িয়া আমাদের সঙ্গে মিলিয়া তিনি [গান] ধরিতেন……

> "এক সূত্রে বাঁধিয়াছি সহস্রটি মন,
> এক কার্যে সঁপিয়াছি সহস্র জীবন।"

অতএব দেখা যাইতেছে যে, রবীন্দ্রনাথ বাল্যকাল হইতে একটি সুসম্পূর্ণ স্বদেশ-প্রেমের আবহাওয়ার মধ্যে বর্দ্ধিত হইয়াছেন এবং সেই ভাবই তাঁহার জীবনে ও চরিত্রে বদ্ধমূল হইয়া ক্রমশঃ বিভিন্নরূপে আত্মপ্রকাশ করিয়াছে। রবীন্দ্রনাথ বাল্যকালে স্বদেশপ্রেম ও স্বদেশসেবার যে স্বপ্ন ও কল্পনার ভিতর দিয়া পরিণত বয়স বুদ্ধি ও বিবেচনায় উপনীত হইয়াছেন তাহার কিঞ্চিৎ পরিচয় "চিরকুমার সভা"য় চন্দ্রবাবুর কল্পনা ও প্রচেষ্টার বর্ণনা উপলক্ষে ঠাট্টার সুরে আমাদের শুনাইয়াছেন। রবীন্দ্রনাথের বয়স যখন ষোলো বৎসর মাত্র, সেই বাল্যকালেই "বাঙ্গালীর আশা ও নৈরাশ্য" নামে একটি প্রবন্ধ প্রথম বৎসরের 'ভারতী' পত্রিকায় প্রকাশ করেন। অল্প বয়সে বিলাতে গিয়াও রবীন্দ্রনাথ স্বদেশের প্রতি শ্রদ্ধা হারান নাই। বিলাতে বরাবর তিনি দেশী কাপড় পরিয়াছেন, এবং তাহার জন্য অনেক বিদ্রূপও সহ্য করিয়াছেন।

রবীন্দ্রনাথ সাহেবিয়ানাকে চিরদিনই ঘৃণা করিয়া আসিয়াছেন। রবীন্দ্রনাথ য়ুরোপ-প্রবাসীর পত্রে ১২৮৬ সালে মাত্র ১৬ বৎসর বয়সে একটি ব্যঙ্গ-সঙ্গীত উদ্ধৃত করিয়াছিলেন—

"মা এবার ম'লে সাহেব হবো ;
রাঙা চুলে হ্যাট বসিয়ে পোড়া নেটিব নাম ঘোচাবো।
শাদা হাতে হাত দিয়ে মা বাগানে বেড়াতে যাবো,
আবার কালো বদন দেখ্‌লে পরে ব্লাকি বলে' মুখ ফেরাবো।"

১৩০২ সালে রচিত চৈতালি নামক পুস্তকে পর-বেশ-পরিহিত ছদ্মবেশী সাহেবদের লক্ষ্য করিয়া লিখিয়াছিলেন—

কে তুমি ফিরিছো পরি' প্রভুদের সাজ !
ছদ্মবেশে বাড়ে না কি চতুর্গুণ লাজ !
পরবস্ত্র অঙ্গে তব হ'য়ে অধিষ্ঠান
তোমারেই করিছে না নিত্য অপমান ?
বলিছে না, ওরে দীন, যত্নে মোরে ধরো,
তোমার চর্মের চেয়ে আমি শ্রেষ্ঠতর ?
চিত্তে যদি নাহি থাকে আপন সম্মান,
পৃষ্ঠে তব কালো বস্ত্র কলঙ্ক-নিশান।
ওই তুচ্ছ টুপিখানা চড়ি' তব শিরে
ধিক্কার দিতেছে নাকি তব স্বজাতিরে ?
বলিতেছে, যে মস্তক আছে মোর পায়,
হীনতা ঘুচেছে তার আমারি কৃপায়।
সর্বাঙ্গে লাঞ্ছনা বহি' এ কি অহঙ্কার !
ওর কাছে জীর্ণ চীর জেনো অলঙ্কার !

য়ুরোপ-যাত্রীর ডায়ারিতে ১৮৯০ সালে জাহাজে চড়িয়া তিনি লিখিয়াছেন—"সামান্য এই কয়েক দিনের ছুটি নিয়ে চ'লেছি, কিন্তু ভারতবর্ষ একান্ত করুণ স্বরে আমাকে আহ্বান করছে, বল্‌ছে—বৎস, কোথায় যাস্! আর যাই করিস্ অবজ্ঞার ভাবে চ'লে যাস্‌নে, আর অবজ্ঞার ভাবে ফিরে আসিস্‌নে।"

পরিণত বয়সেও তিনি স্বদেশবাসীর দ্বারা মাতৃভূমির অপমানে ব্যথিত হইয়া কাতর কণ্ঠে গাহিয়াছেন—

কাহার সুধাময়ী বাণী
মিলায় অনাদর মানি' ?
কাহার ভাষা হায়
ভুলিতে সবে চায় ?
সে যে আমার জননী রে
ক্ষণেক স্নেহকোল ছাড়ি'
চিনিতে আর নাহি পারি !
আপন সন্তান
করিছে অপমান'—
সে যে আমার জননী রে !

কবি বাল্যকাল হইতে বাংলা-দেশকে মায়ের মতন ভালবাসিয়া আসিয়াছেন। বাল্য রচনা "আলোচনা" নামক পুস্তকে লিখিয়াছেন—"এমন মায়ের মতো দেশ আছে? এতো কোলভরা শস্য, এমন শ্যামল পরিপূর্ণ সৌন্দর্য্য, এমন স্নেহধারাশালিনী ভাগীরথী-প্রাণা কোমল-হৃদয়া তরুলতাদের প্রতি এমনতর অনির্বচনীয় করুণাময়ী মাতৃভূমি কোথায়?"

কিছুদিন কবি আপনার ব্যক্তিগত হৃদয়ের সুখদুঃখ ও ভাবপুঞ্জের ভাণ্ডারে আবদ্ধ হইয়া স্বদেশের দিকে ফিরিয়া তাকাইবার অবসর পান নাই; কিন্তু হঠাৎ তাঁহার সংজ্ঞা ফিরিয়া আসে, স্বার্থ বলি দিয়া স্বদেশের সেবায় ও উন্নতিতে নিজেকে নিযুক্ত করিয়া দিবার জন্য তাঁহার মনে "দুরন্ত আশা" জাগ্রৎ হয়; তখন নিজেকে ও "মাথায় ছোটো বহরে বড়ো বাঙালী-সন্তান'দের অকর্মণ্য "অন্নপায়ী বঙ্গবাসী স্তন্যপায়ী জীব" বলিয়া ব্যঙ্গ করিয়া ধিক্কার দিয়া বলিয়াছিলেন—ইহার চেয়ে হতেম যদি আরব বেদুয়িন! বাঙালীর হীনাবস্থা দাস্য ও নিশ্চেষ্টতা কবিচিত্তকে নিপীড়িত করিয়াছে, তাই তিনি কাতর হইয়া স্বদেশবাসীদের বারংবার বিদ্রূপের ব্যথা দিয়া উদ্বোধিত করিতে চেষ্টা করিয়াছেন, কিন্তু তাহাতে নিজেই ব্যথিত হইয়া বলিয়াছেন—

দূর হোক্ এ বিড়ম্বনা বিদ্রূপের ভান।
সবারে চাহে বেদনা দিতে বেদনাভরা প্রাণ!
আমার এই হৃদয়-তলে সরম-তাপ সতত জ্বলে
তাই তো চাহি হাসির ছলে করিতে লাজ দান।

কবি কাতরকণ্ঠে জীবনদেবতাকে বলিয়াছেন—ভাববিলাসিতা ও অকর্মণ্য জড়তা হইতে "এবার ফিরাও মোরে"। স্বদেশের যে-সব লোক নীরবে শত শতাব্দীর অত্যাচারের ভারে পিষিয়া মরিতেছে—

এই সব মূঢ় ম্লান মূক মুখে
দিতে হবে ভাষা, এই সব শ্রান্ত শুষ্ক ভগ্ন বুকে
ধ্বনিয়া তুলিতে হবে আশা ; ডাকিয়া বলিতে হবে—
মুহূর্তে তুলিয়া শির একত্র দাঁড়াও দেখি সবে !
যার ভয়ে ভীত তুমি, সে অন্যায় ভীরু তোমা চেয়ে,
যখনি জাগিবে তুমি তখনি সে পালাইবে ধেয়ে ;···

কিন্তু কবির আদর্শ-স্বদেশ য়ুরোপের বিলাস-বাহুল্যে ও ক্ষমতাদর্পে ভয়ঙ্কর নহে ; সেই স্বদেশের রূপ শান্ত, ত্যাগের মহিমায় উজ্জ্বল, সাম্যের প্রভাবে উদার, সেখানকার স্বাধীনতা অপরের পরাধীনতার বুকের উপর প্রতিষ্ঠিত নহে—সেই স্বদেশের

হেথা মত্ত স্ফীতস্ফূর্ত ক্ষত্রিয়-গরিমা,
হোথা স্তব্ধ মহামৌন ব্রাহ্মণ-মহিমা

পাশাপাশি হাত-ধরা-ধরি করিয়া বিরাজিত !

আবার আমাদের কবি বিশ্বপ্রেমিক। অতি শৈশব হইতে তাঁহার কবিচিত্ত সঙ্কীর্ণ দেশকালের সীমায় আবদ্ধ থাকার দুঃখের ও দীনতার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করিয়া আসিয়াছে। তাই তাঁহার স্বদেশপ্রেম কখনো অত্যুগ্র স্বাদেশিকতায় পরিণত হইতে পারে নাই। আমার দেশের সব ভালো, আমার দেশের ভালো করিতে যদি অপরের মন্দ করিতে হয় তাহাও স্বীকার, এমন উৎকট ভাব সত্যসন্ধ প্রেমিক কবির চিত্তে কখনও স্থান পাইতে পারে না। তাই তাঁহার সেই ছেলেবেলা হইতে দেখা যায় তিনি স্বদেশকে ভালোবাসিয়া বিদেশকে মন্দ-বাসেন নাই ; বিদেশের মোহ ও অনুকরণকে ঘৃণা করিয়াছেন, কিন্তু বিদেশের মহত্ত্ব ও সদ্‌গুণের সমাদর করিয়াছেন, 'য়ুরোপ-যাত্রীর ডায়ারি'তে তিনি লিখিয়াছেন—"কেহ কেহ বলেন য়ুরোপের ভালো য়ুরোপের পক্ষেই ভালো, আমাদের ভালো আমাদেরই ভালো। কিন্তু কোনো প্রকৃত ভালো কখনই পরস্পরের প্রতিযোগী নয়, তারা অনুযোগী। অবস্থা-বশত আমরা কেহ একটাকে কেহ আর-একটাকে প্রাধান্য দিই, কিন্তু মানবের সর্বাঙ্গীণ হিতের প্রতি দৃষ্টি করলে কাউকেই দূর ক'রে দেওয়া যায় না।" সেই

বাল্যকাল হইতে প্রাচ্য ও পাশ্চাত্ত্য সভ্যতার মিলনের কথা তিনি লিখিয়া আসিয়াছেন; বিশ্বভারতীর পূর্বাভাস তিনি বাল্যকালেই দিয়াছেন। ১২৮৬ সালে মাত্র ১৬ বৎসর বয়সে প্রকাশিত "কবিকাহিনী" নামক কাব্যে কবি লিখিয়াছিলেন—

কবে দেব এ রজনী হবে অবসান?
স্নান করি' প্রভাতের শিশির-সলিলে
তরুণ রবির করে হাসিবে পৃথিবী!
অযুত মানবগণ এক কণ্ঠে দেব,
এক গান গাইবেক স্বর্গ পূর্ণ করি'?
নাহিক দরিদ্র ধনী অধিপতি প্রজা;
কেহ কারো কুটীরেতে করিলে গমন
মর্যাদার অপমান করিবে না মনে,
সকলেই সকলের করিতেছে সেবা,
কেহ কারো প্রভু নয়, নহে কারো দাস!
সে দিন আসিবে গিরি এখনই যেনো
দূর ভবিষ্যৎ সেই পেতেছি দেখিতে—
যেই দিন এক প্রেমে হইয়া নিবদ্ধ
মিলিবেক কোটি কোটি মানবহৃদয়!

এই বিশ্বপ্রেমের মহাদর্শ তাঁহার মনে চিরজাগ্রৎ, তাই 'প্রভাত-সঙ্গীতে'র কবিতাবলীর মধ্য দিয়া আধুনিকতম রচনার মধ্যে পর্যন্ত এই সার্বজনীন ও সার্বভৌমিক মহামিলনের আকাঙ্ক্ষা প্রকাশ পাইয়াছে। "নির্ঝরের স্বপ্নভঙ্গ", "প্রভাত-উৎসব", "স্রোত" প্রভৃতি কবিতা এক-রকম বাল্য-রচনা, তখন কবির বয়স মাত্র ২১ বৎসর। সেই-সব কবিতার মধ্যেও "জগৎ প্লাবিয়া বেড়াবো গাহিয়া আকুল পাগল পারা" ও "জগৎ-স্রোতে ভেসে চলো যে যেথা আছো ভাই" প্রভৃতি মহাবাণী প্রচুর দেখিতে পাই।

কবি স্বদেশ-জননীকে বারংবার অনুরোধ করিয়াছেন—তিনি তাঁহার সন্তানদের "স্নেহগ্রাস" হইতে মুক্তি দান করুণ—

অন্ধ মোহবন্ধ তব দাও মুক্ত করি'!
রেখো না বসায়ে দ্বারে জাগ্রৎ প্রহরী
হে জননী, আপনার স্নেহ কারাগারে
সন্তানেরে চিরজন্ম বন্দী রাখিবারে।

* * *

* * *

চলিবে সে এ সংসারে তব পিছু পিছু ?
সে কি শুধু অংশ তব, আর নহে কিছু ?
নিজের সে, বিশ্বের সে, বিশ্ব দেবতার ;
সন্তান নহে গো মাতঃ সম্পত্তি তোমার।

ভারতমাতা স্নেহাধিক্যে বিধি-নিষেধের গণ্ডি দিয়া দিয়া সন্তানদের পঙ্গু করিয়া ফেলিয়াছেন, তাহাতে কবিচিত্ত ব্যথিত হইয়া আর্তনাদ করিয়াছে—

সাত কোটি সন্তানেরে হে মুগ্ধ জননী,
রেখেছো বাঙালী ক'রে, মানুষ করো নি !

কিন্তু একদিকে যেমন বিশ্বপ্রেমের মহান্ আদর্শে কবির কাছে স্বদেশ একান্ত হইয়া উঠিতে পারে নাই, তেমনি আবার বিশ্বপ্রেমের বন্যায় স্বদেশ তাঁহার কাছে ডুবিয়া হারাইয়া যায় নাই। তিনি বারংবার "ভুবন-মনোমোহিনী জনক-জননী-জননী" স্বদেশ-মাতাকে আহ্বান করিয়া বলিয়াছেন—"এবার ফিরাও মোরে !" নববর্ষে তিনি ভারতবর্ষকে সম্বোধন করিয়া বলিয়াছেন—

নব বৎসরে করিলাম পণ
লবো স্বদেশের দীক্ষা,
তব আশ্রমে, তোমার চরণে,
হে ভারত, লবো শিক্ষা !
পরের ভূষণ, পরের বসন,
তেয়াগিবো আজ পরের অশন,
যদি হই দীন, না হইব হীন,
ছাড়িবো পরের ভিক্ষা !

"ভিক্ষায়াং নৈব নৈব চ" এই মহাবাণী তিনি আমাদের দেশে পুনঃ প্রচার করিয়া বারংবার বলিয়াছেন যে স্বদেশের দুঃখ মোচন ভিক্ষার দ্বারা হইবার নয়, নিজের জননীর লজ্জা মোচন করিতে হইবে নিজেদের চেষ্টার দ্বারা, অর্জনের দ্বারা, নিজেদের ত্যাগের দ্বারা।

তোমার যা দৈন্য মাতঃ, তাই ভূষা মোর
কেনো তাহা ভুলি,
পরধনে ধিক্ গর্ব, করি' করজোড়
ভরি ভিক্ষাঝুলি !

পুণ্যহস্তে শাক-অন্ন তুলে দাও পাতে
তাই যেনো রুচে,
মোটা বস্ত্র বুনে দাও যদি নিজ হাতে
তাহে লজ্জা ঘুচে।

স্বদেশের দৈন্যের লজ্জা ঘোচাবার 'পথ ও পাথেয়' কবি নির্দেশ করিয়াছেন—কেবল স্বদেশ স্বদেশ বলিয়া, জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী বলিয়া ভাববিলাসিতা করিলে চলিবে না; কবি স্বদেশবাসীদের ডাক দিয়া বলিতেছেন—

"তাই বারংবার বলিয়াছি এবং বারংবার বলিব শত্রুতাবুদ্ধিকে অহোরাত্র কেবলি বাহিরের দিকে উদ্যত করিয়া রাখিবার জন্য উত্তেজনার অগ্নিতে নিজের সমস্ত সঞ্চিত সম্বলকে আহুতি দিবার চেষ্টা না করিয়া, ঐ পরের দিক হইতে ভ্রূকুটিকুটিল মুখটাকে ফিরাও, আষাঢ়ের দিনে আকাশের মেঘ যেমন করিয়া প্রচুর ধারাবর্ষণে তাপশুষ্ক তৃষাতুর মাটির উপরে নামিয়া আসে, তেমনি করিয়া দেশের সকল জাতির সকল লোকের মাঝখানে নামিয়া এসো, নানা-দিগভিমুখী মঙ্গল-চেষ্টার বৃহৎ জালে স্বদেশকে সর্বপ্রকারে বাঁধিয়া ফেলো; কর্মক্ষেত্রকে সর্বত্র বিস্তৃত করো, এমন উদার করিয়া এতোদূর বিস্তৃত করো যে, দেশের উচ্চ ও নীচ, হিন্দু মুসলমান ও খৃষ্টান, সকলেই যেখানে সমবেত হইয়া হৃদয়ের সহিত হৃদয়, চেষ্টার সহিত চেষ্টা সম্মিলিত করিতে পারে।"

আমরা যদি উচ্চ-নীচের কৃত্রিম ভেদ ও বিরোধ ঘুচাইতে না পারি, তবে—

হে মোর দুর্ভাগা দেশ, যাদের করেছ অপমান,
অপমানে হ'তে হবে তাহাদের সবার সমান!

যতোদিন আমরা দেশের সকল জাতি ও ধর্ম নির্বিশেষে মিলিত হইতে না পারিব, ততোদিন আমাদের দেশকে স্বাধীন করিবার ইচ্ছা দুরাশা ছাড়া আর কিছুই নয়, এ কথা কবি বারংবার বলিয়াছেন—

"একথা বলাই বাহুল্য, যে-দেশে একটি মহাজাতি বাঁধিয়া ওঠে নাই, সে-দেশে স্বাধীনতা হইতেই পারে না। কারণ স্বাধীনতার 'স্ব'-জিনিসটা কোথায়? স্বাধীনতা—কাহার স্বাধীনতা? ভারতবর্ষে বাঙালী যদি স্বাধীন হয়, তবে দাক্ষিণাত্যের নায়র জাতি নিজেকে স্বাধীন বলিয়া গণ্য করিবে না। এবং পশ্চিমের জাঠ যদি স্বাধীনতা লাভ করে, তবে পূর্বপ্রান্তের আসামী তাহার সঙ্গে একই ফল পাইল বলিয়া গৌরব করিবে না। এক বাংলাদেশেই হিন্দুর

সঙ্গে মুসলমান যে নিজের ভাগ্য মিলাইবার জন্য প্রস্তুত, এমন কোনও লক্ষণ দেখা যাইতেছে না।”

এইজন্য কবি মঙ্গল-মহোৎসবের পুরোহিত হইয়া আবাহন-মন্ত্র উদ্গীত করিয়াছেন—

এসো হে আর্য, এসো অনার্য,
হিন্দু মুসলমান ;
এসো এসো আজ তুমি ইংরাজ
এসো এসো খৃষ্টান !
এসো ব্রাহ্মণ, শুচি করি' মন
ধরো হাত সবাকার,
এসো হে পতিত, করো অপনীত
সব অপমানভার !
মার অভিষেকে এসো এসো ত্বরা,
মঙ্গলঘট হয়নি যে ভরা
সবার-পরশে-পবিত্র-করা
তীর্থনীরে,
আজি ভারতের মহামানবের
সাগরতীরে !

'শিবাজী' নামক প্রসিদ্ধ কবিতাতেও কবি এই একই কথা বলিয়াছেন—

সে-দিন শুনি নি কথা—আজ মোরা তোমার আদেশ
শির পাতি' লবো।
কণ্ঠে কণ্ঠে বক্ষে বক্ষে ভারতে মিলিবে সর্বদেশ
ধ্যানমন্ত্রে তব।
ধ্বজা করি' উড়াইব বৈরাগীর উত্তরী'-বসন
দরিদ্রের বল।
'এক ধর্মরাজ্য হবে এ ভারতে' এ মহাবচন
করিব সম্বল॥

কবির উদার হৃদয় স্বদেশকে মহামানবের মিলনভূমি বলিয়া অনুভব করিয়াছে। কবির কাছে ভারতবর্ষ কোনো বিশেষ জাতি বা ধর্মাবলম্বীর দেশ নয়। কবির মতে ভারতবাসী মাত্রই হিন্দু জাতি, ধর্ম তাহার যাহাই হউক। কবি 'পরিচয়' নামক পুস্তকে লিখিয়াছেন—“তবে কি মুসলমান অথবা খৃষ্টান

সম্প্রদায়ে যোগ দিয়াও তুমি হিন্দু থাকিতে পারো? নিশ্চয় পারি। ইহার মধ্যে পারাপারির তর্ক মাত্রই নাই।......ইহা সত্য যে কালীচরণ বাঁড়ুজ্যে মহাশয় হিন্দু-খৃষ্টান ছিলেন, তাঁহার পূর্বে গোপেন্দ্রমোহন ঠাকুর হিন্দু-খৃষ্টান ছিলেন, তাঁহার পূর্বে কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় হিন্দু-খৃষ্টান ছিলেন। অর্থাৎ তাঁহারা জাতিতে হিন্দু, ধর্মে খৃষ্টান। ......বাংলা দেশে হাজার হাজার মুসলমান আছে তাহারা প্রকৃতই হিন্দু-মুসলমান। হিন্দু শব্দ ও মুসলমান শব্দ একই পর্যায়ের পরিচয়কে বুঝায় না। মুসলমান একটি বিশেষ ধর্ম, কিন্তু হিন্দু কোনো বিশেষ ধর্ম নহে। হিন্দু ভারতবর্ষের ইতিহাসের একটি জাতিগত পরিণাম। মত-পরিবর্তন হইলে জাতির পরিবর্তন হয় না।"

রবীন্দ্রনাথ "ভারতবর্ষে ইতিহাসের ধারা" নামক প্রসিদ্ধ প্রবন্ধে জাতীয়ত্বের আদর্শ স্পষ্ট ব্যক্ত করিয়াছেন: "এই কথা উপলব্ধি করিব যে স্বজাতির মধ্য দিয়াই সর্ব জাতিকে ও সর্বজাতির মধ্য দিয়াই স্বজাতিকে সত্য রূপে পাওয়া যায়—এই কথা নিশ্চিতরূপে বুঝিব যে আপনাকে ত্যাগ করিয়া পরকে চাহিতে যাওয়া যেমন নিষ্ফল ভিক্ষুকতা, পরকে ত্যাগ করিয়া আপনাকে কুঞ্চিত করিয়া রাখা তেমনি দারিদ্র্যের চরম দুর্গতি।"

এই তত্ত্বকে 'গোরা' নামক উপন্যাসে গোরার মুখ দিয়া কবি সুস্পষ্ট করিয়াছেন। আমরা দেখি গোরা নিজেকে ভারতবর্ষীয় হিন্দু মনে করিয়া যখন প্রাণপণে আপনার চারিদিকে গোঁড়ামির দেয়াল তুলিয়াছিল, তখনই তাহার নিজের দেওয়া দেয়াল অকস্মাৎ ভূমিসাৎ হইয়া গেল, সে জানিতে পারিল—সে হিন্দু নয়, সে ম্যুটিনির সময়কার কুড়ানো ছেলে, তাহার বাপ একজন আইরিশ্‌মান। এই জানাজানির সঙ্গে সঙ্গে সে ইহাও বুঝিতে পারিল—"ভারতবর্ষের উত্তর থেকে দক্ষিণ পর্যন্ত সমস্ত দেবমন্দিরের দ্বার আজ আমার কাছে রুদ্ধ হ'য়ে গেছে,—আজ সমস্ত দেশের মধ্যে কোনো পঙ্‌ক্তি কোনো জায়গায় আমার আহারের আসন নেই।" ইহাতে গোরা খুশী হইয়াই পরেশ-বাবুকে বলিয়াছে, "আমি দিনরাত্রি যা হ'তে চাচ্ছিলুম অথচ হ'তে পারছিলুম না, আজ আমি তাই হয়েছি। আমি আজ ভারতবর্ষীয়। আমার মধ্যে হিন্দু মুসলমান খৃষ্টান কোনো সমাজের কোনো বিরোধ নেই। আজ এই ভারত-বর্ষের সকলের জাতই আমার জাত, সকলের অন্নই আমার অন্ন; দেখুন, আমি বাংলার অনেক জেলায় ভ্রমণ করেছি, খুব নীচ পল্লীতেও আতিথ্য নিয়েছি কিন্তু কোনো মতেই সকল লোকের পাশে গিয়ে ব'সতে পারি নি—

এতোদিন আমি আমার সঙ্গে-সঙ্গেই একটা অদৃশ্য ব্যবধান নিয়ে ঘুরেছি— কিছুতেই সেটাকে পেরোতে পারি নি। সেজন্যে আমার মনের ভিতর খুব একটা শূন্যতা ছিলো। আজ আমি বেঁচে গেছি পরেশ-বাবু।"

অবশেষে গোরা পরেশবাবুকে কহিল—"আজ সেই দেবতারই মন্ত্র দিন, যিনি হিন্দু মুসলমান খৃষ্টান ব্রাহ্ম সকলেরই—যাঁর মন্দিরের দ্বার কোনো জাতির কাছে, কোনো ব্যক্তির কাছে কোনোদিন অবরুদ্ধ হয় না—যিনি কেবল হিন্দুর দেবতা নন, যিনি ভারতবর্ষের দেবতা।"

কবি ভারতবর্ষকে একটি অখণ্ড সত্তা-রূপে উপলব্ধি করিলেও বঙ্গভূমিকে বিশেষভাবে ভালবাসিয়া বারবার বলিয়াছেন—

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি,
চিরদিন তোমার আকাশ, তোমার বাতাস,
আমার প্রাণে বাজায় বাঁশি।

কবি বার-বারই বলিয়াছেন—

তোমারি ধূলামাটি অঙ্গে মাখি'
ধন্য জীবন মানি।

অথবা—

সার্থক জনম আমার, জন্মেছি এই দেশে;
সার্থক জনম মা গো তোমায় ভালবেসে!

কবির কাছে স্বদেশ-মাতা কেবলমাত্র মৃন্ময়ী নহেন, তিনি চিন্ময়ী—

আজি বাংলাদেশের হৃদয় হ'তে
কখন আপনি
তুমি এই অপরূপ রূপে বাহির
হ'লে জননী!

এই চিন্ময়ী স্বদেশ-জননী বিশ্বমাতারই খণ্ড প্রকাশ রূপে কবির চক্ষে প্রতিভাত—

ও আমার দেশের মাটি,
তোমার 'পরে ঠেকাই মাথা!
তোমাতে বিশ্বময়ীর
তোমাতে বিশ্বমায়ের
আঁচল পাতা।

সেই মাটির দেশই কবির দেহমনে মিলাইয়া আছেন প্রাণ-রূপে ভাব-রূপে—

তুমি মিশেছো মোর দেহের সনে,
তুমি মিলেছো মোর প্রাণে মনে.
তোমার ঐ শ্যামল বরণ কোমল মূর্তি
মর্মে গাঁথা !

তাই কবি ভক্তি-গদ্‌গদ চিত্তে দেশ-মাতাকে প্রণাম করিয়াছেন—"নমো নমো নমঃ সুন্দরি মম জননী বঙ্গভূমি !"

কবির মনে এইরূপ স্বদেশপ্রীতি সার্বজনীন ও সার্বভৌমিক প্রীতির সঙ্গে ওতঃপ্রোত হইয়া মিশিয়া থাকাতে সংকীর্ণ স্বাদেশিকতা কবির কাছে ভয়ঙ্কর—

Nationalism is a great menace. It is the particular thing which for years has been at the bottom of India's troubles.

সংকীর্ণ স্বাদেশিকতার ঊর্ধ্বে ভারতবর্ষকে উঠিতে হইবে, ইহাই তাহার বহুকালের সাধনা ও উত্তরাধিকার—

"She has tried to make an adjustment of races, to acknowledge the real difference between them where these exist, and yet seek for some basis of unity. This basis has come through our saints like Nanak, Kabir, Chaitanya and others, preaching one God to all races of India."

মানুষের সঙ্গে মানুষের মিলনে আনন্দ, বিরোধে দুঃখ। এই বিরোধ দূর করিবার জন্য কালে কালে দেশে দেশে মহাপুরুষেরা চেষ্টা করিয়াছেন। মানুষের বিরোধের কারণ হইতেছে অহঙ্কার এবং স্বার্থপরতা; এই অহং ভাবকে এক প্রেমস্বরূপের বোধের মধ্যে নিমজ্জিত করিয়া সকল বিরোধের সমন্বয় করিতে হইবে; তাহা ছাড়া অন্য গতি নাই—

Each individual has his self-love. Therefore his brute instinct leads him to fight with others in the sole pursuit of his self-interest. But man has also his higher instincts of sympathy and mutual help. The people who are lacking in this higher moral power and who therefore cannot combine in fellowship with one another must perish or live in a state of degradation. Only those people have survived and achieved civilization who have this spirit of co-operation strong in them. So we find that from the beginning of history men had to choose between fighting with one another and combining, between serving their own interest or the common interest of all.

স্বার্থপর স্বজাতি-প্রীতি বা স্বদেশ-প্রীতির পরিণাম বিনাশ—

স্বার্থের সমাপ্তি অপঘাতে………
স্বার্থ যতো পূর্ণ হয়, লোভ-ক্ষুধানল
ততো তার বেড়ে উঠে,—বিশ্ব ধরাতল
আপনার খাদ্য বলি' না করি' বিচার
জঠরে পুরিতে চায়!………
ছুটিয়াছে জাতিপ্রেম মৃত্যুর সন্ধানে
বাহি স্বার্থতরী, গুপ্ত পর্বতের পানে।

স্বার্থ ত্যাগ করিয়া অহঙ্কার বিসর্জন দিয়া পরার্থে আত্মোৎসর্গই যে যথার্থ স্বদেশপ্রীতি একথা তিনি বারংবার বলিয়া 'সফলতার সদুপায়' নির্দেশ করিয়াছেন—"ভাবিয়া দেখো, আমরা যখন ইংরেজকে বলিতেছি—তুমি সাধারণ মনুষ্যস্বভাবের চেয়ে উপরে ওঠো, তুমি স্বজাতির স্বার্থকে ভারতবর্ষের মঙ্গলের কাছে খর্ব করো, তখন ইংরেজ যদি জবাব দেয়, 'আচ্ছা তোমার মুখে ধর্মোপদেশ আমরা পরে শুনবো, আপাতত তোমার প্রতি আমার বক্তব্য এই যে, সাধারণ-মনুষ্য-স্বভাবের নিম্নতম কোঠায় আমি আছি, সেই কোঠায় তুমিও এসো, তাহার উপরে উঠিয়া কাজ নাই—স্বজাতির স্বার্থকে তুমি নিজের স্বার্থ করো, স্বজাতির উন্নতির জন্য তুমি প্রাণ দিতে না পারো, অন্তত আরাম বলো, অর্থ বলো, কিছু একটা দাও। তোমাদের দেশের জন্য আমরাই সমস্ত করিব আর তোমরা কিছুই করিবে না?' একথা বলিলে তাহার কি উত্তর আছে?"

আমাদের জাতীয় জীবনের জড়তার এই লজ্জা-মোচনের উপায়-স্বরূপ কবি কতকগুলি কর্ম নির্দেশ করিয়াছিলেন, তাহার মধ্যে প্রধান হইতেছে 'স্বদেশী সমাজ' প্রতিষ্ঠা। প্রাচীন কালে যে সমাজ-ব্যবস্থা ছিলো, "সেই সমাজ আমাদের এখনো আছে, কিন্তু তাহার ভিতর দিয়া ব্রহ্মাভিমুখী মোক্ষাভিমুখী বেগবতী স্রোতধারা 'যেনাহং নামৃতা স্যাং কিমহং তেন কুর্যাম্' এই গান করিয়া ধাবিত হইতেছে না।—

মালা ছিলো, তার ফুলগুলি গেছে,
রয়েছে ডোর।

"সেইজন্য আমাদের এতোদিনকার সমাজ আমাদিগকে বল দিতেছে না, গৌরব দিতেছে না, আধ্যাত্মিকতার দিকে আমাদিগকে অগ্রসর করিতেছে না,

আমাদিগকে চতুর্দিকে প্রতিহত করিয়া রাখিয়াছে। এই সমাজের মহৎ উদ্দেশ্য যখন আমরা সচেতন ভাবে বুঝিব, ইহাকে সম্পূর্ণ সফল করিবার জন্য যখন সচেষ্ট ভাবে উদ্যত হইব, তখনই মুহূর্তের মধ্যে বৃহৎ হইব, মুক্ত হইব, অমর হইব—জগতের মধ্যে আমাদের প্রতিষ্ঠা হইবে, প্রাচীন ভারতের তপোবনে ঋষিরা যে যজ্ঞ করিয়াছিলেন, তাহা সফল হইবে, এবং পিতামহগণ আমাদের মধ্যে কৃতার্থ হইয়া আমাদিগকে আশীর্বাদ করিবেন।"

রবীন্দ্রনাথ স্বদেশ-সেবার যে-সব উপায় নির্দেশ করিয়াছেন তাহার মধ্যে উত্তেজনা নাই, পরের প্রতি দ্রোহ বা বিদ্বেষ নাই; এজন্য তাঁহার প্রণালী শীঘ্র লোকের মন হরণ করে না। তিনি বহুদিন পূর্বে স্বদেশজননীকে সম্বোধন করিয়া প্রার্থনা করেন—

> নিজহস্তে শাক-অন্ন তুলে দাও পাতে, তাই যেনো রুচে,—
> মোটা বস্ত্র বুনে দাও যদি নিজ হাতে, তাহে লজ্জা ঘুচে।

কিন্তু পরবিদ্বেষের বশে যখন বিলাতী কাপড় পুড়াইয়া ফেলার ধুম লাগিয়াছিল তখন কবি তাহা সমর্থন করিতে পারেন নাই। এই কথা তিনি 'ঘরে বাইরে' উপন্যাসে সন্দীপ ও নিখিলেশ চরিত্রের তারতম্য দ্বারা ও [illegible] প্রবন্ধে বিশদভাবে বুঝাইতে চেষ্টা করিয়াছেন—

Prof. Thompson বলিয়াছেন—

"He (Rabindranath) faces both East and West, filial to both deeply indebted to both . He has been both of his nation, and not of it, his genius has been born of Indian thought, not of poets and philosophers alone, but of the common people, yet it has been fostered by Western thought and by English literature; he has been the mightiest of national voices, yet he has stood aside from his own folk in more than one angry controversy."

কবির কাছে স্বদেশ এত সত্য যে সেখানে কোনো রকমের ভেদ-বিচ্ছেদ তিনি সহ্য করিতে পারেন না। স্বদেশ তো কেবলমাত্র মাটির দেশ নহে, দেশবাসীদের লইয়াই তো দেশ! আমার স্বজাতি ও স্বধর্মী বলিয়া পরিচিত যে লোক অন্যায় উৎপীড়ন ও অত্যাচার করিয়া পরধর্মকে ভয়াবহ প্রতিপন্ন করিতেছে তাহা অপেক্ষা সৎকর্মশীল বিধর্মী যে আমার অধিক আত্মীয় একথা কবি 'গোরা' উপন্যাসে পরেশবাবুর মুখ দিয়া বলাইয়াছেন—"পবিত্রতাকে বাহিরের জিনিস করিয়া তুলিয়া ভারতবর্ষে আমরা এ কী ভয়ঙ্কর অধর্ম

করিতেছি। উৎপাত ডাকিয়া আনিয়া মুসলমানকে যে লোক পীড়ন করিতেছে, তাহারই ঘরে আমার জাত থাকিবে, আর উৎপাত স্বীকার করিয়াও মুসলমানের ছেলেকে যে রক্ষা করিতেছে এবং সমাজের নিন্দাও বহন করিতে প্রস্তুত হইয়াছে তাহারই ঘরে আমার জাত নষ্ট হইবে!”

এই কথা আজকালের হিন্দু-মুসলমানের কৃত্রিম বিরোধের দিনে বিশেষ ভাবে অনুধাবন করার যোগ্য।

রবীন্দ্রনাথ দেশের সঙ্গে সঙ্গে দেশের মানুষ ও ভাষাকে ভালবাসিয়াছেন বলিয়া স্বদেশের সব ভালো ও বিদেশের সব মন্দ এমন কথা কখনো বলিতে পারেন নাই। তিনি স্বদেশের সমস্ত ত্রুটি ও অপূর্ণতা স্পষ্ট ভাষায় নির্মম-ভাবে নির্দেশ করিয়াছেন, কারণ তিনি যে সত্যদ্রষ্টা কবি! সমাজে ধর্মে শিক্ষাব্যবস্থায় সর্বত্র তিনি সংস্কারক দেশবন্ধু। কবি আমাদের 'শিক্ষার হেরফের' ঘুচাইয়া “আমাদের......ভাবের সহিত ভাষা, শিক্ষার সহিত জীবন” সমঞ্জস করিয়া তুলিতে বলিয়াছেন; “ছাত্রদের প্রতি সম্ভাষণ” করিয়া কবি বলিয়াছেন—“ভারতমাতা যে হিমালয়ের দুর্গম চূড়ার উপরে শিলাসনে বসিয়া কেবলই করুণ সুরে বীণা বাজাইতেছেন, একথা ধ্যান করা নেশা মাত্র—কিন্তু ভারতমাতা যে আমাদের পল্লীতেই পঙ্কশেষ পানাপুকুরের ধারে ম্যালেরিয়া-জীর্ণ প্লীহারোগীকে কোলে লইয়া তাহার পথ্যের জন্য আপন শূন্যভাণ্ডারের দিকে হতাশ দৃষ্টিতে চাহিয়া আছেন, ইহা দেখাই যথার্থ দেখা। যে ভারতমাতা ব্যাস-বশিষ্ঠ-বিশ্বামিত্রের তপোবনে শমীবৃক্ষমূলে আলবালে জলসেচন করিয়া বেড়াইতেছেন, তাঁহাকে করজোড়ে প্রণাম করিলেই যথেষ্ট, কিন্তু আমাদের ঘরের পাশে যে জীর্ণচীরধারিণী ভারতমাতা ছেলেটাকে ইংরেজী-বিদ্যালয়ে শিখাইয়া কেরানীগিরির বিড়ম্বনার মধ্যে সুপ্রতিষ্ঠিত করিয়া দিবার জন্য অর্ধাশনে পরের পাকশালে রাঁধিয়া বেড়াইতেছেন, তাঁহাকে তো অমন কেবলমাত্র প্রণাম করিয়া সারা যায় না।” কবি দেশের ছাত্রদের সম্বোধন করিয়া আরো বলিয়াছেন—“আমি জানি, ইতিহাস-বিশ্রুত যে-সকল মহাপুরুষ দেশহিতের জন্য, লোকহিতের জন্য আপনাকে উৎসর্গ করিয়া মৃত্যুকে পরাস্ত, স্বার্থকে লজ্জিত ও দুঃখক্লেশকে অমর মহিমায় সমুজ্জ্বল করিয়া গেছেন, তাঁহাদের দৃষ্টান্ত তোমাদিগকে যখন আহ্বান করে, তখন তাহাকে তোমরা আজ বিজ্ঞ বিষয়ীর মতো বিদ্রূপের সহিত প্রত্যাখ্যাত করিতে চাও না—তোমাদের সেই অনাঘ্রাত পুষ্প, অখণ্ড পুণ্যের ন্যায় নবীন-হৃদয়ের সমস্ত

আশা-আকাঙ্ক্ষাকে আমি আজ তোমাদের দেশের সারস্বতবর্গের নামে আহ্বান করিতেছি—ভোগের পথে নহে, ভিক্ষার পথে নহে,—কর্মের পথে। দেশের কাব্যে, গানে, ছড়ায়, প্রাচীন মন্দিরের ভগ্নাবশেষ কীটদষ্ট পুঁথির জীর্ণপত্রে, গ্রাম্য পার্বণে, ব্রতকথায়, পল্লীর কৃষিকুটীরে প্রত্যক্ষ বস্তুকে স্বাধীন চিন্তা ও গবেষণা দ্বারা জানিবার জন্য, শিক্ষার বিষয়কে কেবল পুঁথির মধ্য হইতে মুখস্থ না করিয়া বিশ্বের মধ্যে তাহাকে সন্ধান করিবার জন্য, তোমাদিগকে আহ্বান করিতেছি; এই আহ্বানে যদি তোমরা সাড়া দাও, তবেই তোমরা যথার্থ বিশ্ব-বিদ্যালয়ের ছাত্র হইতে পারিবে; তবেই তোমরা সাহিত্যকে অনুকরণের বিড়ম্বনা হইতে রক্ষা করিতে পারিবে এবং দেশের চিৎশক্তিকে দুর্ব্বলতার অবসাদ হইতে উদ্ধার করিয়া জগতের জ্ঞানিসভায় স্বদেশকে সমাদৃত করিতে পারিবে।”

ভারতবর্ষীয় সভ্যতার আদর্শ যে দিগ্বিজয় বা সাম্রাজ্য বিস্তার নহে, তাহা যে জ্ঞানবিজ্ঞান ও স্বাধীনতার আদর্শ স্থাপনা করা, তাহা তিনি বার বার বলিয়াছেন। অতি বাল্যকালে ১২৮৫ সালের ভারতীতে “কাল্পনিক ও বাস্তবিক” নামক প্রবন্ধে তিনি আকাঙ্ক্ষা প্রকাশ করিয়াছিলেন যে, ভারতবর্ষে একটি আদর্শ সভ্যতা ও স্বাধীনতা প্রতিষ্ঠিত হইবে, যে সভ্যতা অপরকে অসভ্য রাখিয়া প্রভুত্ব করিতে উৎসুক হইবে না, যে স্বাধীনতা অপরের পরাধীনতার বুকে চাপিয়া বিরাজ করিবে না। কবি লিখিয়াছিলেন—
“মনে হয়, ঐ সভ্যতার উচ্চ শিখরে থাকিয়া যখন পৃথিবীর কোনো অধীনতায়-ক্লিষ্ট অত্যাচারে-নিপীড়িত জাতির কাতর ক্রন্দন শুনিতে পাইব, তখন স্বাধীনতা ও সাম্যের বৈজয়ন্তী উড্ডীন করিয়া তাহাদের অধীনতার শৃঙ্খল ভাঙ্গিয়া দিব। আমরা নিজে শতাব্দী হইতে শতাব্দী পর্যন্ত অধীন ভাবে অন্ধকার-কারাগৃহে অশ্রু মোচন করিয়া আসিয়াছি, আমরা সেই কাতর জাতির মর্মের বেদন যেমন বুঝিব, তেমন কে বুঝিবে? অসভ্যতার অন্ধকারে পৃথিবীর যে-সকল দেশ নিদ্রিত আছে, তাহাদের ঘুম ভাঙাইতে আমরা দেশ-বিদেশে ভ্রমণ করিব। বিজ্ঞান, দর্শন, কাব্য পড়িবার জন্য দেশ-বিদেশের লোক আমাদের ভাষা শিক্ষা করিবে। আমাদের দেশ হইতে জ্ঞান উপার্জন করিতে এই দেশের বিশ্ববিদ্যালয় দেশ-বিদেশের লোকে পূর্ণ হইবে!”

আট-চল্লিশ বৎসর পূর্বে কবি-চিত্ত যে আদর্শ ধারণা করিয়াছিল, তাহাই আজ বিশ্বভারতী রূপে প্রকাশ পাইয়াছে। এই বিশ্বভারতী বিশ্বমানবের

জ্ঞান-সাধনা ও জ্ঞান-বিনিময়ের তীর্থক্ষেত্র। এইজন্য যখন বিদেশী শিক্ষা ও শিক্ষায়তন বর্জন করিবার হুজুগ দেশের বুকে মাতামাতি করিতেছিল তখন রবীন্দ্রনাথ তাহার সমর্থন না করাতে পরম নিন্দাভাজন হইয়াছিলেন। কিন্তু সত্য-সন্ধ কবি কখনো নিন্দা বা গ্লানির ভয়ে নিজের আদর্শ হইতে ভ্রষ্ট হন নাই। আবার এই কবিই স্বদেশের লোককে বিদেশী ধরণের শিক্ষাকে প্রকৃত স্বদেশী ধরণে পরিণত করিতে বলিয়া এবং "শিক্ষার বাহন" মাতৃভাষাই হওয়া উচিত বলাতে দেশের লোকের বিরাগভাজন হইয়াছিলেন। কবি কখনো গতানুগতিক হইয়া সাময়িক উত্তেজনায় মাতিয়া উঠিতে পারেন নাই বলিয়া তাঁহাকে বহুবার লোকগঞ্জনা সহ্য করিতে হইয়াছে। একটু অনুধাবন করিয়া দেখিলেই আমরা বুঝিতে পারিব যে এইখানেই কবির পরম গৌরব ও মহত্ত্ব নিহিত আছে।

পরের পরাধীনতার উপর প্রতিষ্ঠিত স্বাধীনতা ঐ মহৎ নামের যোগ্য নয় এ কথা তিনি রূপকের মধ্য দিয়া 'কাঙালিনী' নামক প্রসিদ্ধ কবিতায় বলিয়াছেন। এ সম্বন্ধে 'জীবন-স্মৃতিতে'ও তিনি লিখিয়াছেন—

> "আনন্দময়ীর আগমনে আনন্দে গিয়েছে দেশ ছেয়ে,
> হেরো ঐ ধনীর দুয়ারে দাঁড়াইয়া কাঙালিনী মেয়ে—

এ তো আমার নিজেরই কথা। যে-সব সমাজে ঐশ্বর্যশালী স্বাধীন জীবনের উৎসব, সেখানে শানাই বাজিয়া উঠিয়াছে, সেখানে আনাগোনা কলরবের অন্ত নাই; আমরা বাহির প্রাঙ্গণে দাঁড়াইয়া লুব্ধ দৃষ্টিতে তাকাইয়া আছি মাত্র—সাজ করিয়া আসিয়া যোগ দিতে পারিলাম কই?"

তাই কবি নিজের প্রিয়তম পিতৃভূমি ভারতের জন্য আদর্শ স্বাধীনতা ভগবানের নিকট প্রার্থনা করিয়াছেন—

> চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা শির,
> জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর
> আপন প্রাঙ্গণ-তলে দিবস-শর্বরী
> বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি',
> যেথা বাক্য হৃদয়ের উৎসমুখ হ'তে
> উচ্ছ্বসিয়া উঠে, যেথা নির্বারিত স্রোতে
> দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
> অজস্র সহস্রবিধ চরিতার্থতায়;

যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোতঃপথ ফেলে নাই গ্রাসি',
পৌরুষেরে করে নি শতধা ; নিত্য যেথা
তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা,—
নিজ হস্তে নির্দয় আঘাত করি পিতঃ
ভারতেরে সেই স্বর্গে কর জাগরিত !

কবির স্বদেশপ্রেম এমনই অসাধারণ, এমনই স্বদেশের সর্বাঙ্গীন উন্নতিকামী। রবীন্দ্রনাথের স্বদেশপ্রেম সম্বন্ধীয় কবিতাবলী সুভাষিত সমুদ্র-বিশেষ। সেই রত্নাকর হইতে কয়েকটি মাত্র মণি উদ্ধার করিয়া আমি আপনাদের নিকটে উপস্থিত করিলাম। কোন্‌টি ছাড়িয়া কোন্‌টি দেখাই এই সমস্যায় পড়িয়া আমি নিপুণ মণিকারের মতন সুবিন্যস্ত মালা গাঁথিয়া এই রত্নাবলী উপস্থিত করিতে পারিলাম না ; ইহার জন্য আমি অত্যন্ত দুঃখিত। উপসংহারে কবি-কণ্ঠের উদাত্ত বাণীর সঙ্গে আমার শ্রদ্ধাকুণ্ঠিত কণ্ঠস্বর মিলাইয়া প্রার্থনা করি—

বাংলার মাটি বাংলার জল,
বাংলার বায়ু বাংলার ফল
পুণ্য হউক পুণ্য হউক
পুণ্য হউক হে ভগবান !
বাংলার ঘর বাংলার হাট,
বাংলার বন বাংলার মাঠ
পূর্ণ হউক পূর্ণ হউক
পূর্ণ হউক হে ভগবান্ !
বাঙালীর পণ বাঙালীর আশা,
বাঙালীর কাজ বাঙালীর ভাষা
সত্য হউক সত্য হউক
সত্য হউক হে ভগবান্ !
বাঙালীর প্রাণ বাঙালীর মন,
বাঙালীর ঘরে যতো ভাই বোন
এক হউক এক হউক
এক হউক হে ভগবান্ !

ঘ। মৃত্যু-সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণা।

রবীন্দ্রনাথ সত্য শিব সুন্দরের পূজারী কবি, "জগতে আনন্দ-যজ্ঞে" তাঁহার নিমন্ত্রণ, সেই যজ্ঞের তিনি প্রধান পুরোহিত। তাই তাঁহার নিকট কোনও ব্যাপারই আনন্দহীন বলিয়া প্রতিভাত হয় না। যে মৃত্যুর ভয়ে জগৎবাসী সন্ত্রস্ত, সেই মৃত্যুকেও তিনি অভয়-মূর্তিতে দেখিয়াছেন, এবং মৃত্যুর বিভীষিকা মোচন করিয়া মৃত্যুকেও সুন্দর করিয়া দেখাইয়াছেন।

কিশোর কবি রাধার বেনামী মৃত্যুকে সম্বোধন করিয়া বলিয়াছেন—

মরণ রে তুঁহু মম শ্যাম সমান।

—ভানুসিংহ ঠাকুরের পদাবলী

কারণ মৃত্যুতে সকল সন্তাপ দূর হইয়া যায়। আর বাস্তবিক মৃত্যু তো কোথাও নাই।—

নাই তোর নাই রে ভাবনা,
এ জগতে কিছুই মরে না।

*　*　*

এই জগতের মাঝে একটি সাগর আছে,
　　নিস্তব্ধ তাহার জলরাশি।
চারি দিক্ হ'তে সেথা অবিরাম অবিশ্রাম
　　জীবনের স্রোত মিশে আসি'।

*　*　*

জগতের মাঝখানে, সেই সাগরের তলে
　　রচিত হতেছে পলে পলে,
　　অনন্ত-জীবন মহাদেশ।

—প্রভাত-সঙ্গীত, অনন্ত জীবন

মহাজীবন হইতে উৎপন্ন ব্যক্তি-জীবন যেন অগ্নিজ্বালা হইতে বিনির্গত বিস্ফুলিঙ্গ, তাহা যাহা হইতে উৎপন্ন হয় তাহাতেই লয় পাইয়া নির্বাণ লাভ করে। আর পার্থিব জীবনই তো এক মাত্র জীবন নহে, আর এই জীবনও তো মরণের সমষ্টি ভিন্ন আর কিছু নহে, প্রতি পলে কত পরিবর্তন ঘটে এই দেহের অন্তরালে, শৈশবের পরে যৌবন ও যৌবনের পরে বার্ধক্য এবং বার্ধক্যের পর দেহান্তর একই মৃত্যুর শৃঙ্খল-পরম্পরা।

যতটুকু বর্তমান তারেই কি বল প্রাণ ?
সে তো শুধু পলক নিমেষ।
অতীতের মৃত ভার পৃষ্ঠেতে রয়েছে তার
কোথাও নাহিক তার শেষ !
যত বর্ষ বেঁচে আছি তত বর্ষ ম'রে গেছি,
মরিতেছি প্রতি পলে পলে,
জীবন্ত মরণ মোরা মরণের ঘরে থাকি,
জানিনে মরণ কারে বলে !

* * *

মৃত্যুরে হেরিয়া কেন কাঁদি।
জীবন তো মৃত্যুর সমাধি !

জীবন-মরণ তো কেবল ইহলোকের ব্যাপার নহে, তাহা লোক-লোকান্তরের একটি সংলগ্ন ঘটনা—

কবে রে আসিবে সেই দিন—
উঠিব সে আকাশের পথে,
আমার মরণ-ডোর দিয়ে
বেঁধে দেবো জগতে জগতে।
আমার মরণ ডোর দিয়ে
গেঁথে দেবো জগতের মালা,
রবি শশী একেকটি ফুল,
চরাচর কুসুমের ডালা।

—প্রভাত-সঙ্গীত

কারণ—

অস্তিত্বের চক্রতলে একবার বাঁধা প'লে
পায় কি নিস্তার ?

এই মরণ-যাত্রায় কাহারও সহিত কাহারও বিচ্ছেদ হয় না, কারণ সকলেই মরণ-যাত্রী, কেহ আগে আর কেহ পিছে চলিতেছে মাত্র, মহাযাত্রা-পথে আবার লোক-লোকান্তরে পরস্পরের সহিত সাক্ষাৎ ঘটিয়া যাওয়া কিছুমাত্র অসম্ভব নহে।

তোরাও আসিবি সবে উঠিবি রে দশ দিকে,
এক সাথে হইবে মিলন,
ডোরে ডোরে লাগিবে বাঁধন।

জীব অণুচৈতন্য, মহাপ্রাণ বিভুচৈতন্য। অণু ক্রমাগত বিভুত্বলাভের সাধনা করিয়া মৃত্যুর পথে অগ্রসর হইয়া চলিয়াছে।

অণুমাত্র জীব আমি কণামাত্র ঠাঁই ছেড়ে
যেতে চাই চরাচরময়।
এ আশা হৃদয়ে জাগে তোমারই আশ্বাস-বলে,
মরণ, তোমার হোক জয়।

—প্রভাত-সঙ্গীত, অনন্ত মরণ

বিশ্বজগৎ নাবিক, আমরা তাহার যাত্রী পথিক, আমরা প্রবাসী, অনন্তের মিলন-প্রয়াসী হইয়া অভিসারে যাত্রা করিয়া চলিয়াছি।

গাও বিশ্ব গাও তুমি
সুদূর অদৃশ্য হ'তে,
গাও তব নাবিকের গান—
শত লক্ষ যাত্রী ল'য়ে
কোথায় যেতেছ তুমি
তাই ভাবি মুদিয়া নয়ান॥
অনন্ত রজনী শুধু ডুবে যাই নিভে যাই,
ম'রে যাই অসীম মধুরে,
বিন্দু হ'তে বিন্দু হ'য়ে মিলায়ে মিশায়ে যাই
অনন্তের সুদূর সুদূরে। —ছবি ও গান, পূর্ণিমায়

আমাদের জীবনের খণ্ডতা কেবল আমাদের পার্থিব জীবনের ব্যবহারিক বোধ মাত্র, কিন্তু আসলে—

আকাশ-মণ্ডপে শুধু ব'সে আছে এক "চির-দিন"।

—কড়ি ও কোমল, চির-দিন

"আমাদের দৃষ্টির ক্ষেত্র সীমাবদ্ধ, তাই আমরা মরণকে ভয় করি। আমরা ভাবি মৃত্যু বুঝি জীবনের শেষ। কিন্তু দেহটাই আমাদের বর্তমানে সমাপ্ত, জীবনটা একটা চঞ্চল অসমাপ্তি তাহার সঙ্গে লাগিয়া আছে, তাহাকে বৃহৎ ভবিষ্যতের দিকে বহন করিয়া লইয়া চলিয়াছে।"

—পঞ্চভূত, মনুষ্য

আমাদের অধিষ্ঠান ভূমার মধ্যে। যাহা ভূমা তাহা সত্য, তাহা অমৃত। তাই আমার মরণ নাই। মৃত্যু বলিয়া প্রতীয়মান অবস্থা জীবনেরই প্রকারান্তর মাত্র; অসম্পূর্ণ জীবনের সম্পূর্ণতা-লাভের সহায় ও উপায় মরণ।

এই সীমাবদ্ধ জীবনে যাহা অপূর্ণ অপ্রাপ্ত থাকে, তাহার সম্পূরণ হয় মরণে। মৃত্যুর পূত-ধারায় ইহ-জীবনের সকল দ্বন্দ্ব বিরোধ গ্লানি ধৌত হইয়া যায়, তাহার পরে অনন্ত জীবন, অনন্ত শান্তি, অনন্ত আনন্দ।

জীবনে যত পূজা হলো না সারা,
জানি হে জানি তাও হয় নি-হারা। —গীতাঞ্জলি

জীব তাহার জীবনের অস্তিত্ব অনুভব করে পরিবর্তন-পরম্পরার ভিতর দিয়া, এবং সেই পরিবর্তনেরই নামান্তর মৃত্যু। মাতৃগর্ভস্থ ভ্রূণ মাতৃগর্ভে বাস করিবার সময়ে মাতাকে চিনে না, কিন্তু মাতৃক্রোড়ে জন্মগ্রহণ করিবামাত্রই মাতাকে আপনার সর্বাপেক্ষা আত্মীয় বলিয়া চিনিয়া লয়; তেমনি আমরা মৃত্যুকে অপরিচয়ের জন্য বৃথা ভয় করি, কিন্তু মৃত্যু জীবের পরমাত্মীয়, সে আত্মার প্রণয়ী। মৃত্যু প্রাণের প্রণয়-লাভের জন্য দিবারাত্র সাধনা করিতেছে, তাহার মন হরণ করিবার জন্য তাহার নিরন্তর অবিশ্রাম আরাধনা চলিতেছে; মৃত্যুর চঞ্চলা প্রেয়সী প্রথমে তাহার কাছে ধরা দিতে চাহে না, কিন্তু অবশেষে তাহাদের মনোমিলন ঘটিয়া যায়।—

চপল চঞ্চল প্রিয়া ধরা নাহি দিতে চায়,
স্থির নাহি থাকে,
মেলি' নানাবর্ণ পাখা উড়ে উড়ে চ'লে যায়
নব নব শাখে।
তুই তবু একমনে মৌনব্রত একাসনে
বসি' নিরলস,
ক্রমে সে পড়িবে ধরা, গীত বদ্ধ হ'য়ে যাবে,
মানিবে সে বশ।

* * *

ওগো মৃত্যু, সেই লগ্নে নির্জন শয়নপ্রান্তে
এস বরবেশে,
আমার পরাণ-বধূ ক্লান্ত হস্ত প্রসারিয়া
বহু ভালোবেসে
ধরিবে তোমার বাহু; তখন তাহারে তুমি
মন্ত্র পড়ি' নিয়ো;
রক্তিম অধর তার নিবিড় চুম্বন-দানে
পাণ্ডু করি' দিয়ো। —সোনার তরী, প্রতীক্ষা

মৃত্যুকে যাহারা ভালো করিয়া চিনিয়া উঠিতে পারে নাই, তাহারা তাহাকে ভীষণ মনে করে ; কিন্তু যাহার সহিত মৃত্যুর মনোমিলন ঘটে, যাহার প্রাণ সে হরণ করে, সে তাহার মনোহারিত্ব বুঝিয়া তাহার মিলনের জন্য সমুৎসুক হইয়াই থাকে—

শুনি' শ্মশানবাসীর কলকল
ওগো মরণ, হে মোর মরণ,
সুখে গৌরীর আঁখি ছলছল
তাঁর কাঁপিছে নিচোলাবরণ।
তাঁর মাতা কাঁদে শিরে হানি কর,
ক্ষেপা বরেরে করিতে বরণ,
তাঁর পিতা মনে মানে পরমাদ,
ওগো মরণ, হে মোর মরণ।

—উৎসর্গ, মরণ

যে মৃত্যু লাভ করিয়াছে সে তো সমাপ্ত হইয়া যায় নাই—

ব্যাপিয়া সমস্ত বিশ্বে দেখ তারে সর্ব দৃশ্যে
বৃহৎ করিয়া।

—চিত্রা, মৃত্যুর পরে

আমার জীবন তো আমার এই দেহটির মধ্যেই পরিসমাপ্ত নহে, তাহা নব নব কলেবরে আমার হইয়া আমাকে আমিত্বের আস্বাদ জানাইতেছে ও জানাইবে। আমার জন্ম হইতে জীবন মৃত্যুর অভিসারে চলিয়াছে, সে কি আজিকার ঘটনা। সে যে—

শত জনমের চির-সফলতা,
আমার প্রেয়সী, আমার দেবতা,
আমার বিশ্বরূপী।

—চিত্রা, অন্তর্যামী

আমার জীবনদেবতা যদি আমার ইহ-জীবনে সম্পূর্ণ সার্থকতার আনন্দ না পাইয়া থাকেন, তবে তাহাতেই বা দুঃখ করিবার বা নিরাশ্বাস হইবার কি আছে—

ভেঙে দাও তবে আজিকার সভা,
আনো নব রূপ, আনো নব শোভা,

নূতন করিয়া লহ আর বার
চির-পুরাতন মোরে,
নূতন বিবাহে বাঁধিবে আমায়
নবীন জীবন-ডোরে। —চিত্রা, জীবনদেবতা

অনন্ত-পথ-যাত্রী মানব তাহার যাত্রা-পথের একটি আতিথ্যস্থান ছাড়িয়া যাইতে কাতর হয়, সঙ্গীদের ছাড়িয়া যাইতেছে মনে করিয়া ভয় পায়, কিন্তু সে তো চির-একাকী,—

তখনো চলেছ একা অনন্ত ভুবনে
কোথা হ'তে কোথা গেছ না রহিবে মনে। —চৈতালী, যাত্রী

এবং নব নব পরিচয়ের ভিতর দিয়া তাহার যাত্রা—

পুরাণো আবাস ছেড়ে যাই যবে,
মনে ভেবে মরি কি জানি কি হবে,
নূতনের মাঝে তুমি পুরাতন,
সে কথা ভুলিয়া যাই।
জীবনে মরণে নিখিল ভুবনে
যখনি যেখানে লবে
চির জনমের পরিচিত ওহে,
তুমিই চিনাবে সবে। —গান

যিনি জীবন মরণের বিধাতা, তিনি প্রাণের সহিত মরণের ঝুলন ও দোল খেলা দেখিতেছেন,—তিনি প্রাণকে দোলা দিয়া মরণে-জীবনে চালাচালি করেন,—

পলকে আলোকে তুলিছ, পলকে
আঁধারে নিতেছ টানি'।
* * * *
ডান হাত হ'তে বাম হাতে লও,
বাম হাত হ'তে ডানে।

তাহাতে—

আছে তো যেমন যা ছিল।
হারায় নি কিছু, ফুরায় নি কিছু,
যে মরিল, যে বা বাঁচিল। —উৎসর্গ, মরণ-দোলা

মৃত্যু পরম কারুণিক, সকলের ভেদ ঘুচাইয়া সমতা-সম্পাদনের সহায়—

ইহ-সংসারে ভিখারীর মতো
বঞ্চিত ছিল যে জন সতত,
করুণ হাতের মরণে তাহারে
বরণ করিয়া নিলে।

* * *

রাজা মহারাজা যেথা ছিল যারা,
নদী গিরি বন রবি শশী তারা,
সকলের সাথে সমান করিয়া,
নিলে তারে এ নিখিলে।

—মোহিত সেন সংস্করণ, মরণ—বরণ

রাজা প্রজা হবে জড়ো,
থাক্‌বে না আর ছোট বড়,
একই স্রোতের মুখে ভাস্‌ব সুখে
বৈতরণীর নদী বেয়ে। —প্রায়শ্চিত্ত

মৃত্যুভীতি নবোঢ়ার প্রণয়ভীতির তুল্য, কিন্তু একবার প্রণয়ীর সহিত পরিচয় হইয়া গেলে আর ভয় থাকে না—

প্রথম-মিলন-ভীতি ভেঙেছে বধূর,
তোমার বিরাট্‌ মূর্ত্তি নিরখি' মধুর।
সর্বত্র বিবাহ-বাঁশি উঠিতেছে বাজি',
সর্বত্র তোমার ক্রোড় হেরিতেছি আজি।

জন্মের পূর্বে এই দেহও সংসার জীবের অজ্ঞাত থাকে, তাহার সঙ্গে পরিচয় হওয়ামাত্র তাহাদের—

নিমেষেই মনে হলো মাতৃবক্ষ সম
নিতান্তই পরিচিত একান্তই মম।

তেমনই "মৃত্যুও অজ্ঞাত মোর!"—

জীবন আমার
এত ভালবাসি ব'লে হয়েছে প্রত্যয়,
মৃত্যুরে এমনি ভালবাসিব নিশ্চয়।
স্তন হতে তুলে নিলে শিশু কাঁদে ডরে,
মুহূর্তে আশ্বাস পায় গিয়ে স্তনান্তরে।

ইহলোক ও পরলোক দুই-ই বিশ্বমাতার অমৃতপূর্ণ স্তন, আর মৃত্যু—

সে যে মাতৃপাণি
স্তন হ'তে স্তনান্তরে লইতেছে টানি'। —সোনার তরী, বন্ধন

নিজের মরণে যেমন ভয় বা দুঃখের কোনও কারণ নাই, প্রিয়জনের মৃত্যুতেও তেমনই কোনও ক্ষোভের কারণ নাই।—আমরা ক্ষোভ করি, যে হেতু—

অল্প লইয়া থাকি, তাই মোর
যাহা যায় তাহা যায়।
কণাটুকু যদি হারায় তা হ'লে
প্রাণ করে হায় হায়।

কিন্তু বাস্তবিক ক্ষোভের কোনো কারণ নাই—

তোমাতে রয়েছে কত শশী ভানু,
কভু না হারায় অণু পরমাণু। —নৈবেদ্য

যখন মৃত্যু আমাকে পরলোকে লইয়া যাইবে, তখন—

একখানি জীবনের প্রদীপ তুলিয়া,
তোমারে হেরিব একা ভুবন ভুলিয়া। —নৈবেদ্য

মৃত্যু তো ইহলোক হইতেও চিরবিদায় বা চিরনির্বাসন নহে। দেহ ও আত্মা দুই-ই তো এখানেই নানা আকারে রহিয়া যায়।—মৃত্যুতে হারাইয়া-যাওয়া খোকা হাওয়ায় জলে, তারার আর চাঁদের আলোয় মায়ের কাছে আসা-যাওয়া করে, সে স্বপ্নের ফাঁকে মায়ের মনের মধ্যে আবির্ভূত হয়। তাই খোকা মাকে সান্ত্বনা দিয়া বলিয়াছে—

মাসী যদি শুধায় তোরে—
খোকা তোমার কোথায় গেল চ'লে।
বলিস্—খোকা সে কি হারায়,
আছে আমার চোখের তারায়,
মিলিয়ে আছে আমার বুকের কোলে। —শিশু, বিদায়

সাজাহানের প্রেয়সী তাজমহলে সমাধিতলে কেবল ছিলেন না, তিনি সাজাহানের নিকট সর্বব্যাপিনী—

যেথা তব বিরহিণী প্রিয়া
রয়েছে মিশিয়া

প্রভাতের অরুণ আভাসে,
ক্লান্ত-সন্ধ্যা দিগন্তের করুণ নিঃশ্বাসে,
পূর্ণিমায় দেহহীন চামেলির লাবণ্য-বিলাসে,
ভাষার অতীত তীরে
কাঙাল নয়ন যেথা দ্বার হ'তে আসে ফিরে ফিরে।—বলাকা, সাজাহান

প্রিয় যখন মৃত্যুতে নয়ন-সম্মুখ হইতে অপসারিত হইয়া যায়, তখনও সে অন্তর্হিত হয় না।—

নয়ন-সমুখে তুমি নাই,
নয়নের মাঝখানে নিয়েছ যে ঠাঁই;
আজি তাই
শ্যামলে শ্যামল তুমি, নীলিমায় নীল।
আমার নিখিল
তোমাতে পেয়েছে তার অন্তরের মিল। —বলাকা, ছবি

উঠিতেছে চরাচরে অনাদি অনন্ত স্বরে
সঙ্গীত উদার।
সে নিত্য গানের সনে মিশাইয়া লহ মনে
জীবন তাহার।
ব্যাপিয়া সমস্ত বিশ্বে দেখ' তারে সর্বদৃশ্যে
বৃহৎ করিয়া;
জীবনের ধূলি ধুয়ে দেখ' তারে দূরে থুয়ে
সম্মুখে ধরিয়া। —চিত্রা, মৃত্যুর পরে

আমি যখন আমার বর্তমান দেহে থাকিব না, তখনও তো পৃথিবীতে সকাল-সন্ধ্যা ঋতু-পর্যায় আসিবে; কালে হয় তো আমার পরিচিতদের মন হইতে আমার স্মৃতি মুছিয়া যাইবে, কিন্তু 'আমি' তো লোপ পাইব না—

তখন—

কে বলে গো সেই প্রভাতে নেই আমি
সকাল বেলায় করবে খেলা এই আমি।
নূতন নামে ডাকবে মোরে,
বাঁধবে নতুন বাহু-ডোরে,
আস্‌ব যাব চিরদিনের সেই আমি। —প্রবাহিণী

বলাকার উড়িয়া চলা দেখিয়া কবির—

মনে আজি পড়ে সেই কথা—
যুগে যুগে এসেছি চলিয়া
স্খলিয়া স্খলিয়া
চুপে চুপে
রূপ হতে রূপে,
প্রাণ হ'তে প্রাণে।

মৃত্যুর প্রেম সর্বনাশা, তাই সে ক্রমাগত প্রাণ হ'তে প্রাণে টানিয়া নব নব সুধাপাত্র আস্বাদন করাইয়া লইয়া চলে,—

সর্বনাশা প্রেম তার, নিত্য তাই তুমি ঘরছাড়া। —বলাকা, নদী

যাঁহার

কালের মন্দিরা যে সদাই বাজে ডাইনে বাঁয়ে দুই হাতে।

সেই মহাকাল প্রত্যেককে

ডাক দিল শোন মরণ-বাঁচন-নাচন-সভার ডঙ্কাতে। —প্রবাহিনী

আমরা সকলেই এখানে প্রবাসী; তাই কবি সুদূরের পিয়াসী হইয়া বলিয়াছেন—

সব ঠাঁই মোর ঘর আছে, আমি
সেই ঘর মরি খুঁজিয়া। —উৎসর্গ, প্রবাসী ও সুদূর

বয়সের জীর্ণ পথশেষে মরণের সিংহদ্বার পার হইয়া নবজীবন ও নবযৌবন-লাভের আহ্বান আমাদের কাছে নিরন্তর আসিতেছে; কিন্তু আমাদের অজানাতে ভয় লাগে; তাই আশ্বাস দিয়া কবি বলিতেছেন—

অচেনাকে ভয় কি আমার ওরে।
অচেনাকেই চিনে চিনে
উঠবে জীবন ভ'রে।
জানি জানি আমার চেনা
কোন কালেই ফুরাবে না,
চিহ্নহারা পথে আমায়
টানবে অচিন ডোরে।

ছিল আমার মা অচেনা
নিল আমায় কোলে।
সকল প্রেমেই অচেনা গো,
তাই তো হৃদয় দোলে। —গীতালি

মৃত্যুর প্রেমাভিসারেই জীবনের মহাযাত্রা—

আমি তো মৃত্যুর গুপ্ত প্রেমে
র'ব না ঘরের কোণে থেমে।
আমি চিরযৌবনেরে পরাইব মালা,
হাতে মোর তারি তো বরণডালা।
ফেলে দিব আর সব ভার,
বার্ধক্যের স্তূপাকার
আয়োজন।
ওরে মন,
যাত্রার আনন্দগানে পূর্ণ আজি অনন্ত গগন।
তোর রথে গান গায় বিশ্বকবি,
গান গায় চন্দ্র তারা রবি। —বলাকা

কবি বলেন—

আমি যে অজানার যাত্রী সেই আমার আনন্দ। —বলাকা

এবং সেই জন্য তিনি নির্ভয়ে বলিতে পারিয়াছেন—

কেন রে এই দুয়ারটুকু পার হ'তে সংশয়?
জয় অজানার জয়। —প্রবাহিণী

সেই অজানা মৃত্যুর ভিতর দিয়া—

চিরকালের ধনটি তোমার ক্ষণকালে লও যে নূতন করি'। —বলাকা

অতএব মৃত্যুর সম্মুখে দাঁড়াইয়া—

বলো অকম্পিত বুকে,—
তোরে নাহি করি ভয়,
এ সংসারে প্রতিদিন তোরে করিয়াছি জয়।
তোর চেয়ে আমি সত্য, এ বিশ্বাসে প্রাণ দিব, দেখ'।
শান্তি সত্য, শিব সত্য, সত্য সেই চিরন্তন এক। —বলাকা

মৃত্যু তো মানবের—

বহু শত জনমের চোখে-চোখে কানে-কানে কথা।

জীবের জীবন লইয়া—

দেহযাত্রা মেঘের খেয়া বাওয়া,
মন তাহাদের ঘূর্ণা-পাকের হাওয়া ;
বেঁকে বেঁকে আকার এঁকে এঁকে
চল্‌ছে নিরাকার। —বলাকা

মহাপ্রাণ বা সমগ্র প্রাণ হইতে যে পাণধারা নিরন্তর প্রবহমান হইতেছে তাহা তো মৃত্যুর দ্বার দিয়াই বহিয়া চলিয়াছে—

মৃত্যুর সিংহদ্বার দিয়েই জন্মের জয়যাত্রা। —নটীর পূজা

সেই প্রাণে মন উঠ্‌বে মেতে
মৃত্যু-মাঝে ঢাকা আছে
যে অন্তহীন প্রাণ। —গান

জগতে কিছুই শেষ হয় না, কারণ শেষ তো অশেষেরই অংশ—

শেষ নাহি যে, শেষ কথা 'ক বল্‌বে।

ফুরায় যা, তা
ফুরায় শুধু চোখে,
অন্ধকারের পেরিয়ে দুয়ার
যায় চ'লে আলোকে।
পুরাতনের হৃদয় টুটে
আপনি নূতন উঠ্‌বে ফুটে,
জীবনে ফুল ফোটা হ'লে
মরণে ফল ফল্‌বে। —গীতাঞ্জলি

শেষের মধ্যে অশেষ আছে,
এই কথাটি, মনে
আজকে আমার গানের শেষে
জাগ্‌ছে ক্ষণে ক্ষণে। —গীতাঞ্জলি

হে অশেষ, তব হাতে শেষ
ধরে কী অপূর্ব বেশ ?
কী মহিমা !
জ্যোতিহীন সীমা
মৃত্যুর অগ্নিতে জ্বলি'
যায় গলি',
গ'ড়ে তোলে অসীমের অলঙ্কার। —পূরবী, শেষ

কবি শরৎঋতু-সম্বন্ধে লিখিয়াছেন—

"আমাদের শরতে বিচ্ছেদ-বেদনার ভিতরেও একটা কথা লাগিয়া আছে যে, বারে বারে নূতন করিয়া ফিরিয়া ফিরিয়া আসিবে বলিয়াই চলিয়া যায়—তাই ধরার আঙিনায় আগমনী-গানের আর অন্ত নাই। যে লইয়া যায় সেই আবার ফিরাইয়া আনে। তাই সকল উৎসবের মধ্যে বড় উৎসব এই হারাইয়া ফিরিয়া পাওয়ার উৎসব।"

কবির ফাল্গুনী নাটকের অন্তরের কথাও এই—

নূতন ক'রে পাবো ব'লে হারাই ক্ষণে ক্ষণ,
ও মোর ভালোবাসার ধন।

কবি বলেন—

মৃত্যু সে যে পথিকেরে ডাকে। —পূরবী, মৃত্যুর আহ্বান

এবং—

অসীম ঐশ্বর্য দিয়ে রচিত মহৎ সর্বনাশ। —পূরবী, কঙ্কাল

"সৃষ্টিকর্তা" যিনি—

তিনি উন্মাদিনী অভিসারিণীরে
ডাকিছেন সর্বহারা মিলনের প্রলয়-তিমিরে। —পূরবী, সৃষ্টিকর্তা

সৃষ্টিকর্তার এই ডাক কেন, না—

জীবন সঁপিয়া, জীবনেশ্বর,
পেতে হবে তব পরিচয়। —পূরবী, সুপ্রভাত

ক্লান্ত হতাশ জনকে কবি বারংবার আশ্বাস দিয়া বলিয়াছেন—

নামিয়ে দে রে প্রাণের বোঝা,
আরেক দেশে চল্ রে সোজা
নতুন ক'রে বাঁধ্‌বি বাসা,
নতুন খেলা খেল্‌বি সে ঠাঁই। —বৌঠাকুরাণীর হাট

ভগবান্ অনন্ত, আর তাঁহার সৃষ্ট জীবনও অনন্ত ও অনাদি—

সকলেরে কাছে ডাকি' আনন্দ-আলয়ে থাকি'
অমৃত করিছ বিতরণ,
পাইয়া অনন্ত প্রাণ জগৎ গাইছে গান
গগনে করিয়া বিচরণ।

* * * *

জাগে নব নব প্রাণ, চিরজীবনের গান
পূরিতেছে অনন্ত গগন।
পূর্ণ লোক-লোকান্তর প্রাণে মগ্ন চরাচর
প্রাণের সাগরে সন্তরণ।
জগতে যে দিকে চাই বিনাশ বিরাম নাই,
অহরহ চলে যাত্রিগণ। —গান

জানি জানি কোন্ আদি কাল হ'তে
ভাসালে আমারে জীবনের স্রোতে।

সেই আদি কাল কি অল্পকাল,—

কবে আমি বাহির হলেম তোমারি গান গেয়ে—
সে তো আজকে নয়, সে আজকে নয়।

মানুষ মৃত্যুকে ভয় করে এই জন্য যে তাহার আহ্বানে সংসার ছাড়িয়া যাইবার সময় আমাদের প্রিয় সামগ্রী পশ্চাতে ফেলিয়া যাইতে হয়। কিন্তু মরণ তো রিক্ত নয়।

কে বলে সব ফেলে যাবি
মরণ হাতে ধরবে যবে!
জীবনে তুই যা নিয়েছিস্,
মরণে সব দিতে হবে!

অতএব মৃত্যু যখন সমারোহ করিয়া প্রিয়সমাগমের জন্য আসে তখন—

রাজার বেশে চল্ রে হেসে
মৃত্যুপারের সে উৎসবে।

বর যে দিন বধূকে বরণ করিয়া লইতে আসিবে, সে দিন তো তাহাকে শূন্য হাতে বিদায় করিলে চলিবে না, তাহাকে প্রণয়ের অপমান হইবে যে।

মরণ যে দিন দিনের শেষে আস্‌বে তোমার দুয়ারে,
সে দিন তুমি কি ধন দিবে উহারে?
ভরা আমার পরাণখানি
সম্মুখে তার দিব আনি',
শূন্য বিদায় করব না তো উহারে,—
মরণ যে দিন আস্‌বে আমার দুয়ারে।

মৃত্যু-বরের জন্য জীবন-বধূ মিলনোৎসুক হইয়া সর্বক্ষণ প্রতীক্ষা করিয়া থাকে—

সারা জনম তোমার লাগি'
প্রতিদিন যে আছি জাগি',

যা পেয়েছি, যা হয়েছি,
যা কিছু মোর আশা,
না জেনে ধায় তোমার পানে
সকল ভালবাসা।
মিলন হবে তোমার সাথে,
একটি শুভ দৃষ্টিপাতে,
জীবন-বধূ হবে তোমার
নিত্য অনুগতা,

*　　*　　*

সে দিন আমার রবে না ঘর,
কেই বা আপন, কেই বা অপর,
বিজন রাতে পতির সাথে
মিল্‌বে পতিব্রতা।
মরণ, আমার মরণ, তুমি
কও আমারে কথা।　　—গীতাঞ্জলি

আমি অনাদি, আমার জন্য অনাদি কাল প্রতীক্ষা করিতেছে, মৃত্যু সেই অনাদি মহাকালেরই মিলনদূত,—সেই জন্য আমার অভিসারও অনাদি অনন্ত,—

তোমার অন্ত নাই গো অন্ত নাই।

তাই

তোমায় খোঁজা শেষ হবে না মোর
যবে আমার জনম হবে ভোর।
চ'লে যাব নবজীবনলোকে,
নূতন দেখা জাগ্‌বে আমার চোখে,
নবীন হ'য়ে নূতন সে আলোকে
পরবো তব নবমিলন ডোর।

মরণযাত্রায় তো মানব একাকী যাত্রী নয়, তাহার সঙ্গে তাহার বিধাতাও যে সহযাত্রী—

যবে মরণ আসে নিশীথ গৃহদ্বারে,
যবে পরিচিতের কোল হ'তে সে কাড়ে,
যেন জানি গো সেই অজানা পারাবারে
এক তরীতে তুমিও ভেসেছ।

—গীতিমাল্য

আমাদের সংসার-বন্ধন ছাড়িয়া যাইতে ক্লেশ বোধ হয়, তাই মৃত্যু সেই বন্ধন মোচন করিয়া আমাদিগকে আমাদের প্রিয়তমের সকাশে লইয়া যায়, কাজেই মৃত্যু ভয়ানক নহে, সে আমাদের আনন্দদূত।—

মৃত্যু লও হে বাঁধন ছিঁড়ে.
তুমি আমার আনন্দ।

আমার জীবনদেবতার সহিত মিলন হইবে বলিয়াই আমার প্রাণবধূ স্বয়ংবরা হইয়া মৃত্যুর পথে অভিসারিকা—

চল্‌ছে ভেসে মিলন-আশা-তরী
অনাদি স্রোত বেয়ে।

* * *

তোমার আমার মিলন হবে ব'লে
যুগে যুগে বিশ্বভুবন-তলে
পরাণ আমার বধূর বেশে চলে
চির স্বয়ম্বরা। —গীতিমাল্য

আমি যে এই অঙ্গ ধারণ করিয়া আমার প্রাণকে আশ্রয় দিয়া প্রকাশ করিয়াছি,

সে যে প্রাণ পেয়েছে পান ক'রে যুগ-যুগান্তরের স্তন্য,
ভুবন কত তীর্থ-জলের ধারায় করেছে তায় ধন্য। —গীতিমাল্য

মৃত্যু যদি না থাকিত তাহা হইলে জীবনই থাকিতে পারিত না, মৃত্যুর দ্বারাই আমরা জীবনের অস্তিত্ব উপলব্ধি করিয়া থাকি—

মরণকে প্রাণ বরণ ক'রে বাঁচে। —গীতালি

এবং প্রত্যেক জীব—

বহিল মরণ-রূপী জীবন-স্রোতে।
সে যে ঐ ভাঙা-গড়ার তালে তালে
নেচে যায় দেশে দেশে কালে কালে॥ —গীতিমাল্য

"সবাই যারে সব দিতেছে," সেই আমাদের প্রিয়তম আমাদের সর্বস্ব হরণ করিবার জন্য

মরণেরি পথ দিয়ে ঐ
আসছে জীবন-মাঝে,
ও যে আসছে বীরের সাজে।

সেই প্রিয়তমকেই বলতে হবে—

মরণ স্নানে ডুবিয়ে শেষে
সাজাও তবে মিলন-বেশে,
সকল বাধা ঘুচিয়ে ফেলে
বাঁধ বাহুর ডোরে। —গীতালি

মরণই আমাদের জীবন-তরণী কাণ্ডারী,—

মরণ বলে, আমি তোমার
জীবন-তরী বাই।

গানের রাজা কবি জীবন-মরণের দেবতার কাছে প্রার্থনা জানাইয়াছেন—

তোমার কাছে এ বর মাগি—
মরণ হ'তে যেন জাগি
গানের সুরে।
যেম্নি নয়ন মেলি, যেন
মাতার স্তন্যসুধা-হেন
নবীন জীবন দেয় গো পূরে
গানের সুরে।

মানুষের জীবন তো অনাদি কাল হইতে অনন্ত কাল ধরিয়া পথিক, কিন্তু সে চির-পুরাতন হইয়াও মৃত্যুর বরে চির-নূতন—

বাহির হলেম কবে সে নাই মনে।
যাত্রা আমার চলার পাকে
এই পথেরই বাঁকে বাঁকে
নূতন হলো প্রতি ক্ষণে ক্ষণে।
কে বলে, "যাও যাও"—আমার
যাওয়া তো নয় যাওয়া
টুটবে আগল বারে বারে
তোমার দ্বারে
লাগ্‌বে আমার ফিরে ফিরে ফিরে-আসার হাওয়া।

* * *

পথিক আমি পথেই বাসা,
আমার যেমন যাওয়া তেমনি আসা।
ভোরের আলোয় আমার তারা
হোক না হারা,
আবার জ্বল্‌বে সাঁজে আঁধার-মাঝে তা'রি নীরব চাওয়া॥

—প্রবাহিণী

কবি একদিন রঙ্গ করিয়া বলিয়াছিলেন যে—

পরজন্ম সত্য হ'লে
কি ঘটে মোর সেটা জানি।
আবার আমার টান্‌বে ধরে
বাংলা দেশের এ রাজধানী। —ক্ষণিকা, কর্মফল

কিন্তু কবি পরজন্মে স্থির বিশ্বাস করেন, তাই তিনি বলিয়াছেন—

আবার যদি ইচ্ছা করো
আবার আসি ফিরে
দুঃখ-সুখের ঢেউ-খেলানো
এই সাগরের তীরে। —গীতালি

কবি লিখিয়াছেন—

জগৎ-রচনাকে যদি কাব্য হিসাবে দেখা যায়, তবে মৃত্যুই তাহার সেই প্রধান রস মৃত্যুই তাহাকে যথার্থ কবিত্ব অর্পণ করিয়াছে। যদি মৃত্যু না থাকিত, জগতের যেখানকার

যাহা তাহা চিরকাল সেইখানেই যদি অবিকৃতভাবে দাঁড়াইয়া থাকিত, তবে জগৎটা চিরস্থায়ী সমাধি-মন্দিরের মতো অত্যন্ত সঙ্কীর্ণ, অত্যন্ত কঠিন, অত্যন্ত বদ্ধ হইয়া রহিত। এই অনন্ত নিশ্চলতার চিরস্থায়ী ভার বহন করা প্রাণীদের পক্ষে বড় দুরূহ হইত। মৃত্যু এই অস্তিত্বের ভীষণ ভারকে সর্বদা লঘু করিয়া রাখিয়াছে এবং জগৎকে বিচরণ করিবার অসীম ক্ষেত্র দিয়াছে। যেদিকে মৃত্যু সেইদিকেই জগতের অসীমতা। সেই অনন্ত রহস্যভূমির দিকেই মানুষের সমস্ত কবিতা, সমস্ত সঙ্গীত, সমস্ত ধর্মতন্ত্র, সমস্ত তৃপ্তিহীন বাসনা সমুদ্রপারগামী পক্ষীর মতো নীড় অন্বেষণে উড়িয়া চলিয়াছে।—একে, যাহা প্রত্যক্ষ, যাহা বর্তমান তাহা আমাদের পক্ষে অত্যন্ত প্রবল—আবার তাহাই যদি চিরস্থায়ী হইত, তবে তাহার একেশ্বর দৌরাত্ম্যের আর শেষ থাকিত না—তবে তাহার উপরে আর আপীল চলিত কোথায়? তবে কে নির্দেশ করিয়া দিত যে ইহার বাহিরেও অসীমতা আছে? অনন্তের ভার এ জগৎ কেমন করিয়া বহন করিত, মৃত্যু যদি সেই অনন্তকে আপনার চিরপ্রবাহে নিত্যকাল ভাসমান করিয়া না রাখিত?

মরিতে না হইলে বাঁচিয়া থাকিবার কোনো মর্যাদাই থাকিত না। এখন জগৎসুদ্ধ লোক যাহাকে অবজ্ঞা করে সেও মৃত্যু আছে বলিয়াই জীবনের গৌরবে গৌরবান্বিত।

জগতের মধ্যে মৃত্যুই কেবল চিরস্থায়ী—সেইজন্য আমাদের সমস্ত চিরস্থায়ী আশা ও বাসনাকে সেই মৃত্যুর মধ্যেই প্রতিষ্ঠিত করিয়াছি। আমাদের স্বর্গ, আমাদের অমরতা, সব সেইখানে। যে-সব জিনিস আমাদের এত প্রিয়, কখনও তাহাদের বিনাশ কল্পনাও করিতে পারি না; সেগুলি মৃত্যুর হস্তে সমর্পণ করিয়া দিয়া জীবনান্তকাল অপেক্ষা করিয়া থাকি। পৃথিবীতে বিচার নাই—সুবিচার মৃত্যুর পরে; পৃথিবীতে প্রাণপণ বাসনা নিষ্ফল হয়,—সফলতা মৃত্যুর কল্পতরুতলে। জগতের আর সকল দিকেই কঠিন স্থূল বস্তুরাশি আমাদের মানস আদর্শকে প্রতিহত করে, আমাদের অমরতা অসীমতাকে অপ্রমাণ করে—জগতের যে সীমায় মৃত্যু, যেখানে সমস্ত বস্তুর অবসান, সেইখানেই আমাদের প্রিয়তম প্রবলতম বাসনার, আমাদের শুচিতম সুন্দরতম কল্পনার কোনো প্রতিবন্ধক নাই। আমাদের শিব শ্মশানবাসী,—আমাদের সর্বোচ্চ মঙ্গলের আদর্শ মৃত্যু-নিকেতনে।

জগতের নশ্বরতাই জগৎকে সুন্দর করিয়াছে। এইজন্য মানুষের দেবলোকেও মৃত্যুর কল্পনা,—সতীর দেহত্যাগ, মদন-ভস্ম ইত্যাদি। —পঞ্চভূত

"জীবনকে সত্য ব'লে জানতে গেলে মৃত্যুর মধ্যে দিয়ে তার পরিচয় চাই। যে মানুষ ভয় পেয়ে মৃত্যুকে এড়িয়ে জীবনকে আঁকড়ে রয়েছে, জীবনের 'পরে তার যথার্থ শ্রদ্ধা নেই ব'লে জীবনকে সে পায় নি। তাই সে জীবনের মধ্যে বাস ক'রেও মৃত্যুর বিভীষিকায় প্রতিদিন মরে। যে লোক নিজে এগিয়ে গিয়ে মৃত্যুকে বন্দী করতে ছুটেছে, সে দেখতে পায়—যাকে সে ধরেছে সে মৃত্যুই নয়,—সে জীবন!"

ফাল্গুনী নাটকের অন্তরের কথা ইহাই।

যুবকদল যখন জগতের সেই যে বিরাট্ বুড়ো অগস্ত্যের মতো পৃথিবীর "যৌবন-সমুদ্র শুষে খেতে চায়" তাহাকে ধরিবার জন্য অভিযান করিয়া বাহির হইয়াছিল, তখন তাহারা বলাবলি করিতেছিল—

বিধাতার বাঁশিতে যখন কোমল ধৈবত লাগে তখনি সকলের দিকে চোখ মেলি। আর দেখি বড় মধুর। যদি সবাই চ'লে চ'লে না যেতো তা হ'লে কি কোন মাধুরী চোখে পড়তো। চলার মধ্যে যদি কেবলই তেজ থাক্‌ত তা হলে যৌবন শুকিয়ে যেত। তা'র মধ্যে কান্না আছে, তাই যৌবনকে সবুজ দেখি। জগৎটা কেবল 'পাবো' 'পাবো' বল্‌ছে না,—সঙ্গে সঙ্গেই বল্‌ছে 'ছাড়বো' 'ছাড়বো'। সৃষ্টির গোধূলি লগ্নে 'পাবো'র সঙ্গে 'ছাড়বো'র বিয়ে হ'য়ে গেছে রে—তাদের মিল ভাঙ্‌লেই সব ভেঙে যাবে। —ফাল্গুনী

প্লাবন ব'য়ে যায় ধরাতে
বরণ-গীতে গন্ধে রে—
ফেলে দেবার ছেড়ে দেবার
মরবারই আনন্দ রে— —গান

বসন্তে কি শুধু কেবল ফোটা-ফুলের মেলা।
দেখিসনে কি শুক্‌নো পাতা ঝরাফুলের খেলা!
যে ঢেউ ওঠে তারি সুরে
বাজে কি গান সাগর জুড়ে।
যে ঢেউ পড়ে তাহারো সুর জাগ্‌ছে সারা বেলা। —অরূপ রতন

মৃত্যু যে অবসান ও শেষ নহে তাহা কবি বারংবার বলিয়াছেন।—

আমাদের মধ্যে একটা মূঢ়তা আছে; আমরা চোখে-দেখা কানে-শোনাকেই সব চেয়ে বেশী বিশ্বাস করি। যা আমাদের ইন্দ্রিয়-বোধের আড়ালে প'ড়ে যায়, মনে করি সে বুঝি একেবারেই গেল। ইন্দ্রিয়ের বাইরে শ্রদ্ধাকে আমরা জাগিয়ে রাখ্‌তে পারিনে। আমার চোখে-দেখা কানে-শোনা দিয়েই তো আমি জগৎকে সৃষ্টি করিনি যে, আমার দেখা-শোনার বাইরে যা পড়্‌বে তাই বিলুপ্ত হ'য়ে যাবে। যাকে চোখে দেখ্‌ছি, যাকে সমস্ত ইন্দ্রিয় দিয়ে জান্‌ছি, সে যাঁর মধ্যে আছে, যখন তাকে চোখে দেখিনে, ইন্দ্রিয় দিয়ে জানিনে, তখনো তারই মধ্যে আছে। আমার জানা আর তাঁর জানা তো ঠিক এক সীমায় সীমাবদ্ধ নয়। আমার যেখানে জানার শেষ, সেখানে তিনি ফুরিয়ে জাননি। আমি যাকে দেখ্‌ছিনে, তিনি তাকে দেখ্‌ছেন—আর তাঁর সেই দেখার নিমেষ পড়্‌ছে না।"

—শান্তিনিকেতন, দ্বাদশ খণ্ড, মাতৃশ্রাদ্ধ

আমি ব'লে যে কাঙালটা সব জিনিসকেই গ্রাসের মধ্যে দিতে চায়, সব জিনিসকেই মুঠোর মধ্যে পেতে চায়, মৃত্যু কেবল তাকেই ফাঁকি দেয়—তখন সে মনের খেদে সমস্ত সংসারকেই ফাঁকি

ব'সে গাল দিতে থাকে—কিন্তু সংসার যেমন তেমনই থেকে যায়, মৃত্যু তার গায়ে আঁচড়টি কাটতে পারে না। অতএব মৃত্যুকে যখন দেখি তখন সর্বত্রই তাকে দেখ্‌তে থাকা মনের একটা বিকার। যেখানে অহং সেইখানেই কেবল মৃত্যুর হাত পড়ে, আর কোথাও না। জগৎ কিছুই হারায় না, যা হারাবার সে কেবল অহং হারায়। —শান্তিনিকেতন, সপ্তম খণ্ড, মৃত্যু ও অমৃত

তাই কবি বলিয়াছেন—

যখন আমার আমি
ফুরায়ে যায় থামি',
তখন আমার তোমাতে প্রকাশ।

এবং—

মৃত্যু আপন পাত্রে ভরি' বহিছে যেই প্রাণ,
সেই তো তোমার প্রাণ, —গীতালি

প্রাণ যে মুক্তধারায় প্রবাহিত হইয়া চলিতে পারিতেছে তাহার কারণ—

নাচে রে নাচে, মরণ নাচে
প্রাণের কাছে, প্রাণের কাছে। —মুক্তধারা

মরণকে যে প্রাণের পরিচয় বলিয়া না জানিতে পারে তাহার প্রাণ হয় ক্ষুদ্র ও সঙ্কীর্ণ।—

মরণকে তুই পর করেছিস্‌, ভাই,
জীবন যে তোর ক্ষুদ্র হলো তাই। —প্রবাহিণী

অতএব—জীবনেশ্বর তো কেবল জীবনেরই দেবতা নন, তিনি মৃত্যুবিধাতা—

তোমার মোহন রূপে
যে রয় ভুলে।
জানি না কি মরণ-নাচে
নাচে গো ঐ চরণ-মূলে। —গীতালি

মৃত্যু হইতেছে জীবনের পরিণতি,—

ওগো আমার এই জীবনের শেষ পরিপূর্ণতা
মরণ, আমার মরণ, তুমি কও আমারে কথা। —গীতাঞ্জলি

জীবনকে তোর ভ'রে নিতে
মরণ-আঘাত খেতেই হবে। —গীতালি

জীবনের ধন কিছুই যাবে না ফেলা
ধূলায় তাদের যত হোক্ অবহেলা,
তাদের পদ-পরশ তাদের 'পরে। —গীতালি

কবি কীট্‌সও বলিয়াছেন যে—

Death is Life's high meed.
Death is the Crown of Life.

পূর্ণাৎপূর্ণ যিনি তাঁহারই মধ্যে তো সকল অংশ নিবিষ্ট ও নিহিত হইয়া রহিয়াছে অতএব কোথাও কোনও ক্ষতি নাই, বিনাশ নাই, বিচ্ছেদ নাই। এই সত্যদৃষ্টি লাভ করিয়া কবি আপন প্রার্থনা ব্যক্ত করিয়াছেন—

আছে দুঃখ, আছে মৃত্যু,
বিরহ-দহন লাগে;
তবুও শান্তি তবু আনন্দ
তবু অনন্ত জাগে।
তবু প্রাণ নিত্যধারা, হাসে সূর্য চন্দ্র তারা,
বসন্ত নিকুঞ্জে আসে বিচিত্র রাগে।
তরঙ্গ মিলায়ে যায়, তরঙ্গ উঠে,
কুসুম ঝরিয়া পড়ে, কুসুম ফুটে,
নাহি ক্ষয় নাহি শেষ, নাহি নাহি দৈন্যলেশ,
সেই পূর্ণতার পায়ে মন স্থান মাগে। —গান

কিন্তু কবি জীবন-মরণ-বিধাতার স্বরূপ অনুভব করিয়া এখন প্রার্থনারও ঊর্ধ্বে উঠিয়াছেন। নিগ্রহানুগ্রহসমর্থকে প্রসন্ন করিবার জন্য প্রার্থনার আবশ্যক হয়। কিন্তু পূর্ণাৎপূর্ণ যিনি তিনি তো কোনোমতেই অংশকে পরিত্যাগ করিতে পারিবেন না। তাহা করিলে তাঁহার পূর্ণতার হানি হইবে, তাই কবি সংশয়াতীত হইয়া, পূর্ণের মধ্যে অংশের নিশ্চয় আশ্রয় জানিয়া, নিশ্চিন্ত হইয়াছেন। তিনি এখন মৃত্যুভয়ের অতীত হইয়া মৃত্যুঞ্জয় হইয়াছেন। যতক্ষণ ভয়ের স্বরূপ জানা না যায়, ততক্ষণই আশঙ্কা থাকে, কিন্তু মৃত্যু আসিয়া উপস্থিত হইলে, মৃত্যুকে আর ভয়ঙ্কর বলিয়া মনে হয় না। বজ্রাঘাত হইবে এই সম্ভাবনাতেই ভয়, কিন্তু বজ্রপাত হইয়া গেলে আর ভয় কিসের? যিনি জীবন-বিধাতা, তিনিই তো স্বয়ং মৃত্যুরূপী; তিনি মৃত্যুর ভয় দেখাইয়া মানবের পরীক্ষা করেন, কিন্তু যে মানব মৃত্যুকে বরণ করিয়া লইতে পারে, তখন সে

বিধাতার মৃত্যুভয়-দেখানোকে জয় করিয়া স্বয়ং বিধাতার উপরও জয়ী হয়। তাই মৃত্যুঞ্জয় কবি কহিয়াছেন—

যখন উদ্যত ছিল তোমার অশনি,
তোমারে আমার চেয়ে বড় ব'লে নিয়েছিনু গণি'।
তোমার আঘাত সাথে নেমে এলে তুমি
যেথা মোর আপনার ভূমি।
ছোট হ'য়ে গেছ আজ।
আমার টুটিল সব লাজ।
যত বড় হও,
তুমি তো মৃত্যুর চেয়ে বড় নও।
আমি তার চেয়ে বড়, এই শেষ কথা ব'লে
যাব আমি চ'লে।

'ঙ'। রবীন্দ্র-পরিচয়

আমি যখন সাবেক হিসাবে স্কুলের পঞ্চম শ্রেণীতে পড়ি, তখন আমার বয়স বড় জোর বারো বৎসর হবে। আমি সেই বয়সে, আর সেই বিদ্যা নিয়ে তখনকার সকল বড় সাহিত্যিকের বই প'ড়ে শেষ করেছিলাম। বঙ্কিমবাবুর সকল উপন্যাস, মাইকেল, হেম, নবীন প্রভৃতি কবির কাব্য, দীনবন্ধু, গিরিশ ঘোষ, রাজকৃষ্ণ রায় প্রভৃতির নাটক আমি পেটুক ছেলের মতনই গিলেছিলাম। বঙ্কিমবাবুর 'সীতারাম' উপন্যাস সদ্যঃ প্রকাশিত হ'লে আমার সেখানি পড়বার আগ্রহ এমন প্রবল হয়েছিল যে দোকানে বই কিন্‌তে যাবার বিলম্ব আমার সয়নি; বঙ্কিমবাবুর বাড়ীর কাছেই আমরা থাক্‌তাম; তাই তাড়াতাড়ি আমি স্বয়ং বঙ্কিমবাবুর কাছে বই কিন্‌তে গিয়ে তাঁর ধমক খেয়ে এসেছিলাম, এবং তিনি যদিও আমাকে বলেছিলেন যে, এ বই তো তোমার মতন ছেলেমানুষের পড়্‌বার নয়, তবু আমি তাঁর বাড়ী থেকে বেরিয়েই দোকান থেকে সেই বই কিনে প'ড়ে তবে নিশ্চিন্ত হ'তে পেরেছিলাম। আমার বই পড়ার জন্য এই রকম লোভ থাকা সত্ত্বেও আমি রবীন্দ্রনাথের কোন বই বা রচনা বি.এ. ক্লাসে পড়ার আগে

পড়িনি, এমন কি রবীন্দ্রনাথ নামে যে একজন কবি আছেন, এ সংবাদও আমার কাছে পৌঁছেনি।

বাংলা ১৩০১ সালের বৈশাখ মাসে, ইংরেজী ১৮৯৪ সালে, বঙ্কিমবাবুর মৃত্যুতে কল্‌কাতার ষ্টার থিয়েটারে একটি শোকসভা হয়। তখন আমি ফার্ষ্ট ক্লাসে পড়ি। বঙ্কিমবাবুর প্রতি গভীর শ্রদ্ধা থাকাতে আমি সেই সভায় উপস্থিত হই, যদিও তখন আমার পায়ের নখে একটা ঘা হ'য়ে আমি এক রকম পঙ্গু হয়েই ছিলাম। সেই সভায় বঙ্কিমবাবুর প্রতিভা সম্বন্ধে প্রবন্ধ পাঠ করেন রবীন্দ্রনাথ, আর সভাপতি ছিলেন গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়। সেই দিন আমি রবীন্দ্রনাথকে প্রথম দেখ্‌লাম, এবং তাঁর মধুর অথচ তীক্ষ্ণ কণ্ঠস্বর শুনে ও সুন্দর চেহারা দেখে একটু আকৃষ্ট হলাম। তাঁর বক্তৃতার পর সমস্ত শ্রোতা এক বাক্যে চীৎকার করতে লাগ্‌লেন—"রবিবাবুর গান, রবিবাবুর গান!" আমি তখন পাড়াগেঁয়ে ছেলে, ঐ চীৎকারের কোনো মর্মই হৃদয়ঙ্গম করতে পার্‌লাম না। শোকসভার গাম্ভীর্যহানির আশঙ্কায় রবীন্দ্রনাথ কিছুতেই গান গাইলেন না। আমিও রবিবাবুর বিশেষ কোনো পরিচয় না পেয়েই বাড়ী ফিরে এলাম।

তার পর দ্বিতীয় দিন রবিবাবুকে দেখ্‌লাম আমি যখন ফার্ষ্ট আর্টস্‌ পড়ি, ১৮৯৬ সালে, ইউনিভারসিটি ইন্‌ষ্টিটিউট্‌ হলে; সকল কলেজের আবৃত্তি-প্রতিযোগিতার সভায় তিনি অন্যতম বিচারক ছিলেন, অপর দুজন বিচারক ছিলেন কবিবর নবীনচন্দ্র সেন ও হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়। সেদিনও সকল শ্রোতা ও দর্শকেরা সভার কার্যশেষে চীৎকার জুড়ে দিলেন, "রবিবাবুর গান, রবিবাবুর গান!" রবিবাবু অনুরোধ অস্বীকার ক'রে লজ্জান্বিত মুখে কেবলই ধীরে ধীরে মাথা নাড়্‌ছেন, আর জনতার চীৎকারও চল্‌ছে। আমি জনতার অভদ্রতা দেখে বিরক্ত হ'য়ে উঠেছিলাম, একজন ভদ্রলোক কিছুতেই গান গাইবেন না, তবু তাঁকে গাইতে পীড়াপীড়ি করা আমার কাছে অত্যন্ত বেয়াদবী ব'লে মনে হলো। আর মনে হলো যে এমনই বা কি গান যে শোনবার জন্য এমন কাঙ্‌লামি করতে হবে। আমি বিরক্ত হ'য়ে সভাত্যাগ ক'রে বেরিয়ে চলে যাচ্ছিলাম, দ্বারের কাছে গিয়ে পৌঁছেছি, হঠাৎ আমার কানে অশ্রুতপূর্ব মধুর কণ্ঠের স্বরমূর্ছনা ভেসে এসে প্রবেশ করল, আমি অকস্মাৎ অপ্রত্যাশিত এক অতীন্দ্রিয় রাজ্যে নীত হ'য়ে চট্‌ ক'রে ফিরে দাঁড়িয়ে দেখ্‌লাম রবিবাবু গান

গাইতে আরম্ভ করেছেন। আমি সভায় সাম্‌নের দিকেই বসেছিলাম, কিন্তু উঠে চ'লে আসার পর আমার সম্মুখে অগ্রসর হবার পথ রুদ্ধ হ'য়ে গিয়েছিল। আমি জনতার ব্যূহ ভেদ ক'রে ভিতরে প্রবেশ করতে না পেরে সেই দ্বারপ্রান্তে দাঁড়িয়েই মন্ত্রমুগ্ধ স্তম্ভিতের মতন গান শুনতে লাগ্‌লাম। সে যেন মনুষ্যকণ্ঠের স্বর নয়, যেমন মধুর তেমনি তীক্ষ্ণ স্পষ্ট, আর গানের ভাষা সুরের সঙ্গে যেন পাল্লা দিয়ে চলেছে। তিনি সেদিন গাইলেন—

আমায় বোলো না গাহিতে বোলো না!
এ কি শুধু হাসি খেলা প্রমোদের মেলা,
শুধু মিছে কথা, ছলনা!
এ যে নয়নের জল, হতাশের শ্বাস,
কলঙ্কের কথা, দরিদ্রের আশ,
এ যে বুককাটা দুখে, গুমরিছে বুকে,
গভীর মরম-বেদনা!
এ কি শুধু হাসি খেলা, প্রমোদের মেলা,
শুধু মিছে কথা ছলনা।
এসেছি কি হেথা যশের কাঙালী,
কথা গেঁথে গেঁথে নিতে করতালি,
মিছে কথা ক'য়ে, মিছে যশ ল'য়ে,
মিছে কাজে নিশি যাপনা।
কে জাগিবে আজ, কে করিবে কাজ,
কে ঘুচাতে চাহে জননীর লাজ,
কাতরে কাঁদিবে মায়ের পায়ে দিবে
সকল প্রাণের কামনা।
এ কি শুধু হাসি খেলা, প্রমোদের মেলা,
শুধু মিছে কথা ছলনা।

তখন আমার নবীন মনে স্বদেশপ্রেমের রঙীন নেশা নূতন লেগেছিল, তাই রবীন্দ্রনাথের এই সঙ্গীত আমাকে একেবারে মোহাবিষ্ট ক'রে ফেল্‌লে।

তার পরে আবার আর একদিন ঐ ইউনিভারসিটি ইন্‌ষ্টিটিউট্ হলে রবীন্দ্রনাথ 'গান্ধারীর আবেদন' নামক নাটিকা পাঠ করেন। তার অল্পদিন আগেই আমার সহপাঠী বন্ধু হেমেন্দ্রপ্রসাদ ঘোষ মহাশয় ঐ হলেই রবিবাবুর কবিতার এক সমালোচনা পাঠ করেন। এই দুই সভাতেই সভাপতি ছিলেন

গুরুদাসবাবু। রবিবাবু তাঁর নবরচিত নাটিকা পাঠ করতে উঠে ভূমিকা স্বরূপ বলতে লাগলেন—"কয়েক বৎসর পূর্বে স্বর্গীয় বঙ্কিমবাবু আমাকে এই হলে কোনো লেখা পড়তে অনুরোধ করেছিলেন। তাঁর সেই অনুরোধ রক্ষা করবার সুযোগ আমার হয়নি। সম্প্রতি আজকার মাননীয় সভাপতি মহাশয় আমাকে এখানে কিছু পাঠ করতে অনুরোধ করেন। আমি মনে করলাম যে এই সুযোগে বঙ্কিমবাবুর অনুরোধের ঋণ পরিশোধ করতে পারব, তাই আমি আমার লেখা পাঠ করতে সম্মত হয়েছিলাম। কিন্তু আজ আমার লেখা এখানে পাঠ করতে আমার স্বভাবতই সঙ্কোচ বোধ হচ্ছে। কারণ, অল্প কয়েক দিন আগে এই হলে, সভাপতির অধীনে হয় তো বা ঠিক এই জায়গায় দাঁড়িয়ে আমার কবিতার বিরুদ্ধ সমালোচনা পাঠ হয়ে গেছে। যিনি সমালোচক, তিনি বয়সে তরুণ। তরুণ বয়স যথার্থ সমালোচনার সময় নয়। তরুণ বয়সে লোকে কবি হতে পারে, কিন্তু সমালোচক হতে হ'লে প্রবীন বয়সের দরকার। কাঁচা বাঁশে বাঁশী হতে পারে বটে, কিন্তু লাঠি হ'তে হ'লে পাকা বাঁশের দরকার। মানুষকে ভাইপো হয়েই জন্মাতে হয়, কিন্তু অনেক লোকে জ্যাঠা হবার পূর্বেই জ্যাঠাইয়া যান। সকল মানুষের মধ্যে সকল গুণ থাকে না, আর তা প্রত্যাশা করাও যায় না। ময়ূরের পুচ্ছ আছে, কিন্তু তার কণ্ঠে কোকিলের সুস্বর নাই, আবার কোকিলের কণ্ঠ আছে, তার ময়ূরের মতন সুন্দর পুচ্ছ নেই। ইক্ষুদণ্ডে আম্রফল ফলে না, আর আম্রশাখায় ইক্ষুরস পাওয়া যায় না। অতএব কবির কাব্যে কি আছে তারই বিচার না ক'রে, কি নাই তাই নিয়ে তাকে দোষারোপ করলে তার প্রতি অবিচার করা হয়। তাই আজ আমি অত্যন্ত সঙ্কোচের সঙ্গে এখানে এসেছি আমার লেখা পাঠ করতে।"

এই ভূমিকা ক'রে তিনি গান্ধারীর আবেদন পাঠ করতে আরম্ভ করলেন। সে কী কণ্ঠস্বর, কী সুন্দর উচ্চারণ, কী কবিত্বমধুর ওজস্বী ভাষা। সমস্ত শ্রোতা স্তব্ধ হ'য়ে শুনতে লাগলেন।

সেই সময় কালীপ্রসন্ন কাব্যবিশারদ হেরম্ব মৈত্র মহাশয়ের পত্নীর অপমানসূচক লেখা প্রকাশ ক'রে অভিযুক্ত হয়েছিলেন। গান্ধারীর উক্তির মধ্যে আমরা রবিবাবুর ধিক্কার অনুমান ক'রে অত্যন্ত আনন্দ অনুভব করেছিলাম, যখন শুনলাম রবিবাবু গান্ধারীর জবানী বলছেন—

পুরুষে পুরুষে দ্বন্দ্ব
স্বার্থ ল'য়ে বাধে অহরহ,—ভালো মন্দ
নাহি বুঝি তার,—দণ্ডনীতি ভেদনীতি
কূটনীতি কত শত,—পুরুষের রীতি
পুরুষেই জানে। বলের বিরোধে বল,
ছলের বিরোধে কত জেগে উঠে ছল,
কৌশলে কৌশল হানে'—মোরা থাকি দূরে
আপনার গৃহ-কর্মে শান্ত অন্তঃপুরে।
যে সেথা টানিয়া আনে বিদ্বেষ-অনল
বাহিরের দ্বন্দ্ব হ'তে,—পুরুষেরে ছাড়ি'
অন্তঃপুরে প্রবেশিয়া নিরুপায় নারী
গৃহধর্মচারিণীর পুণ্যদেহ 'পরে
কলুষ পরুষ স্পর্শে অসম্মানে করে
হস্তক্ষেপ,—পতি সাথে বাধায়ে বিরোধ
যে-নর পত্নীরে হানি লয় তার শোধ,
সে শুধু পাষণ্ড নহে, সে যে কাপুরুষ।

এই নাটিকা পাঠ শেষ হ'লে গুরুদাসবাবু হেমেন্দ্রপ্রসাদবাবুকে দিয়ে রবিবাবুকে ধন্যবাদ দেওয়ালেন। হেমেন্দ্রবাবু প্রথমে কিছুতেই সম্মত হচ্ছিলেন না, শেষে গুরুদাসবাবুর পীড়াপীড়িতে বাধ্য হ'য়ে ধন্যবাদ দিলেন, সে যেন বেহুলার অনুরোধে চাঁদ সদাগরের হাতে মনসাদেবীর পূজা পাওয়া।

যখন রবিবাবু হেমেন্দ্রবাবুকে উদ্দেশ ক'রে কবিত্বরসালো তিরস্কার করছিলেন, তখন সুরেশচন্দ্র সমাজপতি প্রভৃতি হেমেন্দ্রবাবুর কয়েকজন বন্ধু সভাগৃহ ত্যাগ ক'রে চলে গিয়ে নিজেদের বিরক্তি ও প্রতিবাদ প্রকাশ করে-ছিলেন।

ধন্যবাদ প্রভৃতি শেষ হলে, সমস্ত শ্রোতা আবার চীৎকার আরম্ভ করলে—রবিবাবুর গান, রবিবাবুর গান!

আমি এর পূর্বে একদিন রবিবাবুর গানের আস্বাদ পেয়েছি, আজ আর জায়গা ছেড়ে নড়বার নামও করলাম না। অনেক অনুরোধের পর রবিবাবু গাইলেন—

কে এসে যায় ফিরে ফিরে,
আকুল নয়নের নীরে।

কে বৃথা আশাভরে
চাহিছে মুখপানে।
সে যে আমার জননী রে।
কাহার সুধাময়ী বাণী
মিলায় অনাদর মানি।
কাহার ভাষা হায়,
ভুলিতে সবে চায়।
সে যে আমার জননী রে।
ক্ষণেক স্নেহকোল ছাড়ি'
চিনিতে আর নাহি পারি।
আপন সন্তান
করিছে অপমান,—
সে যে আমার জননী রে।
বিরল কুটীরে বিষণ্ণ,
কে ব'সে সাজাইয়া অন্ন।
সে স্নেহ উপহার
রুচে না মুখে আর।
সে যে আমার জননী রে

সেই সভায় অনেক বিলাতফেরত ইঙ্গবঙ্গ—না ইংরেজ না-বাঙালী গোছের বিদেশী পোষাক-পরা ও বিদেশী ভাষায় কথা বলায় চেষ্টিত লোক ছিলেন, তাঁদের অবস্থা দেখে আমরা তখন অত্যন্ত সুখ অনুভব করেছিলাম। আমাদের মনে হচ্ছিল তাঁরা যেন স্বদেশভক্ত কবির তীব্র তিরস্কারে লজ্জিত হ'য়ে নিজেদের গায়ের বিদেশী পোষাক গা থেকে ঝেড়ে ফেল্‌তে পার্‌লে বাঁচেন।

'গান্ধারীর আবেদন' নাটকাটির মধ্যে আমরা সাময়িক ইতিহাসের ছায়াপাত দেখ্‌তে পেয়ে অত্যন্ত আনন্দ অনুভব করেছিলাম; তখন আমাদের মনে হয়েছিল ধৃতরাষ্ট্র হচ্ছেন ব্রিটিশ পার্লামেণ্ট, দুর্যোধন Bureaucracy, গান্ধারী ইংরেজ জাতির ন্যায়নিষ্ঠা (British sense of Justice), ভানুমতী British prestige, পাণ্ডবেরা স্বাধিকারবঞ্চিত ভারতবাসী এবং দ্রৌপদী ধর্মপথে চলার শান্তি ও গৌরব!

এর পরে তখনকার লেফ্‌টেনাণ্ট গভর্নর উড্‌বার্ণ সাহেব একবার ইউনিভার্সিটি ইনষ্টিটিউটের সকল মেম্বরকে তাঁর বেল্‌ভিডিয়র প্রাসাদে নিমন্ত্রণ

করেন। সেই দিন রবিবাবু সুশুভ্র ঢাকাই মস্‌লিনের একটি প্রচুর কুঁচি দেওয়া ঘাঘরার মতন মুসলমানী জোব্বা গায়ে দিয়ে ও পাঞ্জাবী নাগরা জুতা পায়ে দিয়ে গিয়েছিলেন। সেদিন তাঁকে কেমন দেখ্‌তে হয়েছিল তা তাঁরা বুঝ্‌তে পারবেন, যাঁরা বাংলার ইতিহাসে ইংরেজ আমলের পূর্ব্বের নবাবদের ছবি দেখেছেন। সেইদিন হেমেন্দ্রবাবুও গিয়েছিলেন, রবিবাবু তাঁকে কাছে ডেকে আলাপ করেন, এবং যখন ফটো তোলা হয় তখন হেমেন্দ্রবাবু বেছে বেছে রবিবাবুরই পাশে দাঁড়িয়ে ছবি তোলান।

আমি তখনো রবিবাবুর কোনো বই কোনো চোখেও দেখিনি। আমি প্রেসিডেন্সী কলেজে বি. এ. পড়্‌তে ভর্তি হয়েছি, আর থাকি হিন্দু হোষ্টেলে। সেখানে একদল লোক ছিল যারা রবিবাবুর কাব্যকে অস্পষ্ট ও অর্থহীন ব'লে নিন্দা করত, এবং আমিও তাদের সঙ্গে যোগ দিতাম, রবিবাবুর কোনো লেখা না প'ড়েই।

একদিন এক মজ্‌লিশে রবিবাবুর নিন্দা হচ্ছিল। আমি খুব উৎসাহের সঙ্গে তাতে যোগ দিচ্ছিলাম। সেখানে মুখ বুজে বসেছিলেন আমাদের সহপাঠী অধুনা স্বর্গগত নলিনীকান্ত সেন। কিছুক্ষণ পরে আমাদের নিন্দাসভা ভেঙে গেলে নলিনী নিজের ঘরে চ'লে গেল এবং খানিক পরে আমার ঘরে ফিরে এসে আমার বিছানার উপর রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থাবলী ফেলে দিয়ে কোনো কথা না ব'লে ঘর থেকে চ'লে গেল। নলিনী বিনা বাক্যব্যয়ে আমাকে কি বই দিয়ে গেল দেখ্‌বার জন্য কৌতূহলাক্রান্ত হয়ে দেখ্‌লাম রবিবাবুর গ্রন্থাবলী। তার প্রথম পৃষ্ঠা খুলেই পড়্‌লাম—

শুন নলিনী খোলো গো আঁখি,
ঘুম এখনো ভাঙিল না কি।
দেখ তোমারি দুয়ার 'পরে
সখি এসেছে তোমারি রবি।

কয়েক পৃষ্ঠা উল্টেই আবার পড়্‌লাম—

শুনেছি শুনেছি কি নাম তাহার
শুনেছি শুনেছি তাহা।
নলিনী নলিনী নলিনী নলিনী—
কেমন মধুর আহা।

নলিনী নলিনী বাজিছে শ্রবণে
বাজিছে প্রাণের গভীর ধাম,
কভু আনমনে উঠিতেছে মুখে
নলিনী নলিনী নলিনী নাম!

তরুণ বয়সে প্রাণে যে কবিত্ব জাগে, এ আকুতি প্রকাশ করবার জন্ত, বুক মন ভাষা খুঁজে ব্যাকুল হয়, আমার প্রাণে সেই কবিত্ব সেই আকুতি যেন কবির লেখায় ভাষা পেয়ে হাঁপ ছেড়ে বাঁচল। আমার মনে হ'লো আমি যে কথা বলতে চাই অথচ পারি না, সেই কথাই তো এই কবি আমার জবানী ব'লে রেখেছেন। আমার মনের এই কথাটি কবি পরে 'ক্ষণিকা' কাব্যে বলে চুকেছেন—

তোমাদের চোখে আঁখিজল ঝরে যবে,
আমি তাহাদের গেঁথে দিই গীতরবে,
লাজুক হৃদয় যে কথাটি নাহি কবে
সুরের ভিতরে লুকাইয়া কহি তাহারে!

রবীন্দ্রনাথের কবিতা আমার প্রাণমন হরণ করল। আমি আর পরের বই পড়তে পারলাম না। নলিনী সেনকে তার বই ফিরিয়ে দিয়ে তখনই ছুটলাম গুরুদাস চট্টোপাধ্যায় মহাশয়ের বইয়ের দোকানে। একখানি টালী আকারের গ্রন্থাবলী কিনে নিয়ে হোষ্টেলে ফিরলাম এবং সেই দিন থেকে রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থ আমার জীবনের আনন্দ বন্ধু শিক্ষক গুরু সহচর হ'য়ে আছে।

এই সময়ে আমাদের সহপাঠী সুরেশচন্দ্র আইচ আমাদের সঙ্গে ঐ হোষ্টেলে বাস করছিলেন। আমি শুনলাম তিনি রবিবাবুর গান গাইতে পারেন। এর পরে তাঁর সঙ্গে আমার বন্ধুত্ব হ'তে অধিক বিলম্ব হয়নি। কত সন্ধ্যা আমরা ইডেন গার্ডেনে গিয়ে সুরেশের মধুর কণ্ঠের গান শুনে অতিবাহিত করেছি, তার স্মৃতি আজও মনকে হর্ষবিষাদে অভিভূত করে—সুরেশ আজ পরলোকে, সে আমাকে যে অমৃতের আস্বাদ দিয়ে গেছে, তা আমার জীবনকে মাধুর্যে অভিষিক্ত ক'রে রেখেছে।

এই সময়ে বা এর পরে—এখন তা ঠিক মনে নেই, এবং কি উপলক্ষ্যে তাও এখন স্মরণ নেই, কলকাতায় লোকমান্ত টিলক, মহাত্মা গান্ধী, পণ্ডিত মদন-মোহন মালবীয় প্রভৃতি দেশনেতারা সমবেত হয়েছিলেন। তাঁদের জন্ত

এলবার্ট হলে সম্বর্ধনা-সভার আয়োজন করা হয়েছিল। সেই সভায় আর কি কি হয়েছিল এবং কে কি বলেছিলেন তা আজ আর কিছুই মনে নেই ; কেবল মনে আছে রবিবাবু গান গেয়েছিলেন—

জননীর দ্বারে আজি ওই
শুন গো শঙ্খ বাজে !
থেকো না থেকো না ওরে ভাই
মগন মিথ্যা কাজে !

রবীন্দ্রনাথের প্রসিদ্ধ গান—

"অয়ি ভুবনমনোমোহিনী !"

আমি তাঁর কণ্ঠ থেকে ঐ সময়েই ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট্ হলে কোনো উপলক্ষে শুনেছিলাম।

বাংলা ১৩০৮ সালে শ্রীশচন্দ্র মজুমদার ও শৈলেশচন্দ্র মজুমদার ভ্রাতৃদ্বয় মজুমদার লাইব্রেরী প্রতিষ্ঠা করেন ও নবপর্যায় 'বঙ্গদর্শন' প্রকাশের আয়োজন কর্‌তে থাকেন। আমার বই কেনার প্রবল ঝোঁক ছিল। আমি বই কিন্‌তে যাওয়া উপলক্ষ্যে মজুমদার মহাশয়দের সঙ্গে বিশেষ পরিচিত হই। সেই সময়ে শ্রীশবাবুর ভাই-পো প্রবোধবাবু ফরাসী লেখক থিওফিল গ্যতিয়ের লেখা মধুর উপন্যাস মাদ্‌মোয়াজেল্ দ্য মোপ্যাঁ পুস্তকের একটি প্রশংসাসূচক পরিচয় পাঠ করেন ইউনিভার্সিটি ইন্‌ষ্টিটিউট হলে। মিটিং শেষ হ'য়ে গেলে আমি প্রবোধবাবুকে তাঁর লেখার প্রশংসা জানিয়ে ফরাসী বইখানির ইংরেজী তর্জমা আছে কি না জিজ্ঞাসা কর্‌লাম। এই সূত্রে প্রবোধবাবুর সঙ্গে আমার পরিচয় হলো, এবং তিনি আমাকে সন্ধ্যাকালে মজুমদার লাইব্রেরীতে যেতে নিমন্ত্রণ কর্‌লেন এই বলে যে, "সন্ধ্যাবেলা আস্‌বেন না আমাদের ওখানে, অনেকে আসেন, সাহিত্য আলোচনা হয়।"

এর পর থেকে আমি মজুমদার লাইব্রেরীর সান্ধ্য মজ্‌লিশের একজন সদস্য [illegible] হ'য়ে গেলাম। এখানে "উদ্‌ভ্রান্ত-প্রেম"-প্রণেতা চন্দ্রশেখর মুখোপাধ্যায় মহাশয়ের সঙ্গে পরিচয় হবার সৌভাগ্য আমার হয়।

একদিন সন্ধ্যার সময় আমি মজুমদার লাইব্রেরীতে গিয়ে দেখি পাশের ঘরে রবিবাবু ব'সে আছেন। আমি লাইব্রেরী ঘরে বস্‌লাম, এবং রবীন্দ্র-নাথের [illegible] ভাগ্যবান্ লোকদের ঈর্ষার দৃষ্টিতে দেখ্‌তে লাগ্‌লাম। একটু পরেই [illegible] মজুমদার লাইব্রেরী ঘরে এলেন, এবং আল্‌মারী থেকে

রবিবাবুর 'কাহিনী' বইখানি বার ক'রে নিয়ে চ'লে যাচ্ছিলেন। আমি তাঁকে কুণ্ঠার সঙ্গে জিজ্ঞাসা করলাম "সুবোধবাবু, এ বই কি হবে?" তিনি বললেন—"রবিবাবুকে দিয়ে 'পতিতা' কবিতাটা পড়াব।" আমি অত্যন্ত ভয়ে ভয়ে নিতান্ত সঙ্কোচ ও কুণ্ঠার সহিত তাঁকে বললাম—সুবোধবাবু, আমি যাব?" তিনি বললেন—"আসুন না।" আমি কৃতার্থ হ'য়ে সেই ঘরে গেলাম।

অপরিচিত আমাকে যেতে দেখে রবিবাবুর মুখে একটি লাজুক হাসি ফুটে উঠ্ল, এবং তাঁর মুখ অপ্রতিভ হয়ে উঠ্ল। 'পতিতা' কবিতাটি পড়বার কথা আগেই স্থির হ'য়ে ছিল। কিন্তু অপরিচিত আমার সাম্‌নে 'পতিতা' সম্বন্ধে কবিতা পড়্‌তে তাঁর লজ্জা বোধ হচ্ছে ব'লে আমার মনে হলো। তিনি মাথা নত ক'রে নতনেত্রের ঊর্ধ্বদৃষ্টি আমার মুখের দিকে প্রেরণ ক'রে বলতে লাগ্‌লেন—"এ কবিতাটা কি বোঝা যায়?" আমি বললাম, "বোঝা যাবে না কেন? এ কবিতা তো চমৎকার!" তখন বুঝি নি যে রবিবাবু আমার মতের জন্য ঐ কথা বলেন নি, তিনি কবিতা পাঠের ভূমিকা স্বরূপ নিজের কাছেই নিজে ঐ কথা বল্‌তে আরম্ভ করেছেন। তিনি আমার কথা কানে না তুলেই নিজের মনে ব'লে যেতে লাগ্‌লেন—"আমি এই কবিতায় বলতে চেয়েছি—রমণী পুষ্পতুল্য—তাকে ভোগে ও পূজায় নিয়োগ করা যেতে পারে! তাতে যে কদর্যত্য বা মাধুর্য প্রকাশ পায় তা ফুলকে বা রমণীকে স্পর্শ করে না,—রমণী বা ফুল চির-অনাবিল,—তাতে ফুল বা রমণীর কোন ইচ্ছা মানা হয় না ব'লে সে ভোগে বা পূজায় নিয়োজিত হয়, তাতে নিয়োগকর্তার মনের কদর্যতা বা মাধুর্য মাত্র প্রকাশ পায়। যে সহজ-পূজ্য তাকে ভোগের পদবীতে নামিয়ে আনে যে সেও একটা আনন্দ পায় বটে, কিন্তু সে আনন্দ অতি নিকৃষ্ট শ্রেণীর। পতিতা হলেও নারীর স্বাভাবিক পবিত্রতা তার মধ্যে প্রচ্ছন্ন থাকে, অনুকূল অবস্থা পেলে সে পুনর্বার পবিত্রতা লাভ করতে পারে। পাপের অন্যায়ে সে তার আত্মাকে কলুষিত করেছে মাত্র, কিন্তু তার আত্মা একেবারে নষ্ট হয়নি—তার আত্মা বাষ্পাচ্ছন্ন দর্পণের মতো হয়ে আছে। ঋষি কুমারই পতিতার কলুষ-তামস জীবনের মধ্যে প্রেমের জ্যোতি বিকীর্ণ ক'রে প্রকৃত জীবনপথের সন্ধান তাকে দেখিতে দিলেন। ভক্ত যখন জাগায় তখনই তো ভগবান্ জাগেন, তাই তো আমরা বলি জাগ্রৎ ভগবান্। পতিতার নারীত্বের পূজারী কেউ ছিল না, ঋষিকুমার তার প্রথম পূজারী হয়ে তাকে তার

নারীদের সঙ্গে পরিচিত ক'রে দিলেন। সৎগুণ সে পর্যন্ত নিষ্ক্রিয় যে পর্যন্ত না ভাবের ভাবুক এসে তার উপাসনা করছে। শক্তিমানের পূজা না পেলে শক্তি জাগরিত হয় না।"

এই ভূমিকা ক'রে তিনি কবিতাটি পড়তে আরম্ভ করলেন। সে স্বর কানের ভিতর দিয়া আমার মর্মে প্রবেশ করিয়া প্রাণ আকুল করিয়া তুলিল।

পতিতা কবিতাটি পড়া হ'লে সুবোধবাবু অনুরোধ করলেন 'বিসর্জন' নাটকের রঘুপতির উক্তি পাঠ করতে।

এর পূর্ব-রাত্রেই সঙ্গীতসমাজে 'বিসর্জন' নাটক অভিনয় হ'য়ে গেছে বরোদার মহারাজা গায়কোয়াড়ের সম্বর্ধনা উপলক্ষে। রবিবাবু তাতে রঘুপতির ভূমিকা নিয়ে অভিনয় করেছিলেন। তিনি রঘুপতির উক্তি পড়তে অনুরুদ্ধ হ'য়ে বললেন, "নাটকের পাত্র-পাত্রীর কথা কেবল পড়লে তার যথার্থ ভাবটি প্রকাশ করা যায় না। নাটক অভিনয়ে যে অঙ্গভঙ্গী প্রভৃতি থাকে তাতে ভাব প্রকাশে সাহায্য করে। ইংরেজী ড্রামা মানে এক্‌শান, মোশান।"

তার পর তিনি রঘুপতির উক্তি পাঠ করলেন।

পাঠ শেষ হ'লে আমি তাঁকে জিজ্ঞাসা করলাম—"ব্রাহ্মণ" কবিতার মধ্যে যে আছে—

'যৌবনে দারিদ্র্যদুখে
বহুপরিচর্যা করি' পেয়েছিনু তোরে,
জন্মেছিস ভর্তৃহীনা জবালার ক্রোড়ে,
গোত্র তব নাহি জানি তাত!'

এর অর্থ কি? আমার এক বন্ধু এর অর্থ করেন যে অনেক দেবারাধনা যাজন করার পর তোমাকে পেয়েছি। কিন্তু আমি বলি ওর অর্থ বহু ব্যক্তির সঙ্গে ব্যভিচারের মধ্যে তোমার জন্ম, তাই আমি জানি না যে তুমি কার পুত্র। আমাদের মধ্যে কার অর্থ সঙ্গত?"

রবিবাবু অত্যন্ত লজ্জিত হয়ে মাথা নীচু ক'রে মৃদু স্বরে বললেন—"আপনি যে অর্থ করেছেন তাই ওর অর্থ।" অপরিচিত আমার কাছে ঐ কথার আলোচনায় তিনি অত্যন্ত লজ্জা ও সঙ্কোচ বোধ করছেন বুঝতে পেরে আমি আর কোনো কথা বললাম না।

এই আমার রবিবাবুর সঙ্গে প্রথম সাক্ষাৎ আলাপ।

এই সময় মজুমদার লাইব্রেরীর উদ্‌যোগে পক্ষান্তে একটি ক'রে সাহিত্যিক সভা হতো। তাতে গান, আবৃত্তি, প্রবন্ধপাঠ, আলোচনা প্রভৃতি হতো। সেই সভায় রবিবাবু, অক্ষয়কুমার মৈত্রেয়, রজনীকান্ত সেন প্রভৃতি যশস্বী সাহিত্যিকেরা যোগ দিতেন। একদিন রবিবাবু গান গাইতে আরম্ভ ক'রে একটা কলি পুনঃপুনঃ ফিরে ফিরে গাইছেন আর লজ্জিত ভাবে মুচ্‌কি মুচ্‌কি হাস্‌ছেন দেখে আমি বুঝ্‌তে পার্‌লাম যে তিনি গানের পদ ভুলে গেছেন, ও মনে কর্‌বার চেষ্টা করেও মনে কর্‌তে পার্‌ছেন না। তখন আমি উঠে দাঁড়িয়ে গানের পদ চেঁচিয়ে ব'লে দিতে লাগ্‌লাম, ও তিনি গাইতে লাগ্‌লেন। আমি তাঁকে বিপদ্ থেকে উদ্ধার করাতে তিনি আমার দিকে এমন কোমল দৃষ্টিতে একবার চাইলেন যে আমার মন আনন্দে পূর্ণ হ'য়ে গেল। তাঁর সেই দৃষ্টিতে লজ্জা, কৃতজ্ঞতা, ধন্যবাদ, ফুটে উঠেছিল।

এই সময় আমি আমেরিকার কবি অলিভার ওয়েণ্ডেল্ হোল্‌ম্‌স্ সাহেবের একটি কবিতা অনুবাদ করেছিলাম "বৃদ্ধের স্বপ্নদর্শন" নাম দিয়ে। আমি সেই কবিতাটিতে সুকুমার বন্দ্যোপাধ্যায় স্বাক্ষর ক'রে 'বঙ্গদর্শন' সম্পাদকের নামে ডাকে পাঠিয়ে দিয়েছিলাম। সেটি ছাপা হলো দেখে আমার আর আনন্দের সীমা রইল না। রবিবাবুর বিচারে যে কবিতা উত্তীর্ণ হয়ে গেল সে তো দিগ্‌বিজয়ী হ'তে পারে। তখন আমি শৈলেশবাবুকে বল্‌লাম যে সেটি আমারই লেখা, সুকুমার বন্দ্যোপাধ্যায় চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়েরই রূপান্তর মাত্র। রবিবাবু শৈলেশবাবুর কাছে আমার কথা শুনে বলেছিলেন যে আমার আত্মগোপন ক'রে ছদ্মনাম নেবার কোনো আবশ্যক ছিল না।

এই সময়ে আমি লেখ্‌বার চেষ্টা করছিলাম। আমি একটি প্রবন্ধ "দাবার জন্মকথা" লিখে 'বঙ্গদর্শনে' ও "লিখনসৃষ্টির ইতিহাস" লিখে 'ভারতী'তে ভয়ে ভয়ে দিয়েছিলাম। দুটিই আমার স্বনামে ছাপা হলো। শ্রীমতী সরলা দেবী আমাকে নিজে ডেকে আমার সঙ্গে আলাপ কর্‌লেন এবং আমি তাঁকে ভারতী সম্পাদনে সাহায্য কর্‌তে পারি কি না জিজ্ঞাসা কর্‌লেন। আমি তখন বি, এ, পাস ক'রে বেকার ব'সে ছিলাম, কেবল দুপুর বেলা ইম্পিরিয়াল লাইব্রেরীতে পড়্‌তে যাওয়া ছাড়া আমার আর কোনো কাজ ছিল না। আমি সরলা দেবীকে সাহায্য কর্‌তে সম্মত হলাম। আমি শুধু লেখক হওয়ার সুযোগ পেলাম না, বহু বিখ্যাত লেখকদের সঙ্গে পরিচিত হ'তে লাগ্‌লাম এবং বহু লেখকের লেখা আমার হাত দিয়ে মার্জ্জিত হ'য়ে প্রকাশিত হ'তে লাগ্‌ল।

কাশীতে সাহিত্য-পরিষদের শাখা প্রতিষ্ঠিত হবে। সেখানকার সেক্রেটারী আমাকে অনুরোধ করলেন উদ্বোধনের উপযোগী একটি গান লিখে দিতে হবে। আমি কবিতা লিখ্‌বার দুশ্চেষ্টা মাঝে মাঝে করলেও কবিত্বের প্রতি আমার কোনো দিনই শ্রদ্ধা বা বিশ্বাস ছিল না। তখনো রবিবাবুর পরবর্তী কবিদের অভ্যুদয় হয়নি। আমি কাশীর সাহিত্য-পরিষদের সেক্রেটারী মহাশয়কে লিখ্‌লাম যে "আমা হতে এই কার্য হবে না সাধন। তবে আমি রবিবাবুকে দিয়ে অথবা সরলা দেবীকে দিয়ে আপনাদের একটি গান লিখিয়ে দেবো!" সেক্রেটারী মহাশয় অপ্রত্যাশিত ও আশাতীত লাভের সম্ভাবনায় উৎফুল্ল হ'য়ে আমাকে ধন্যবাদ দিয়ে পত্র লিখ্‌লেন। আমিও দুই জনের কাছে গান রচনা ক'রে দেবার অনুরোধ ক'রে পাঠালাম। রবিবাবু ছিলেন তখন শিলাইদহে। তিনি আমাকে পত্র লিখ্‌লেন যে তিনি শীঘ্র কল্‌কাতায় আস্‌ছেন, এবং কোন নির্দিষ্ট তারিখে জোড়াসাঁকোর বাড়ীতে যদি আমি যাই তা হ'লে তার সঙ্গে সাক্ষাৎ হ'তে পারবে।

আমি নির্দিষ্ট দিনে বিকাল বেলা জোড়াসাঁকোর বাড়ীতে গিয়ে দারোয়ানকে দিয়ে আমার নামের কার্ড রবিবাবুর কাছে পাঠিয়ে দিলাম। তিনি তখনই নীচে নেমে এলেন। তাঁর পরণে একটা ঢিলা পাজামা, ঢিলা পাঞ্জাবী গায়ে—আর পাঞ্জাবীর গলার বোতামটি খোলা। পরে লক্ষ্য করেছি তিনি কখনই জামার গলার বোতাম দেন না। তিনি আমাকে জিজ্ঞাসা করলেন—"আপনি আমাকে কি ফরমাস করেছিলেন না?" আমি বললাম—"সরস্বতীবন্দনা সম্বন্ধে একটা গান লিখে দিতে বলেছিলাম।" আমার কথা শুনেই তিনি ব'লে উঠলেন—"ওরে বাস্‌ রে! গান লেখ্‌বার সাধ্য কি আমার আছে আর! গান-টান আর আমার আসে না।—

চলে গেছে মোর বীণাপাণি! (চৈতালি)

আমার একটা পুরাণো গান আছে—

মধুর মধুর ধ্বনি বাজে
হৃদয় কমল বন মাঝে!

সেই গানটা দিয়ে কাজ চালিয়ে নেবেন।"

আমি ব্যর্থমনোরথ হ'য়ে ফিরে এলাম। কবির বীণাপাণি কবিকে ত্যাগ ক'রে গেছেন ব'লে কবি ১৩০২ সালে বিলাপ করেছিলেন। কিন্তু তার পরে হাজার গান রচনা করেছেন আর হাজার খানেক কবিতাও লিখেছেন।

১৩১২ সালে আমি "নৈষ্ঠিক ব্রহ্মচারী" নামে একটি গল্প লিখে প্রকাশ করার জন্ত 'প্রবাসী'তে পাঠিয়ে দিয়েছিলাম। রামানন্দবাবু গল্পটি ফেরৎ দিয়ে অনুরোধ করলেন গল্পটির আয়তন সংক্ষেপ ক'রে দিলে ছাপা হ'তে পারবে। দীনেশবাবু আমাকে তাঁর সঙ্গে পরিচয় অবধি খুব স্নেহের চক্ষে দেখতেন। তাঁকে ঐ গল্পটির কথা বলাতে তিনি বললেন—"তুমি ঐ গল্পটি রবিবাবুর কাছে পাঠিয়ে দাও, আর তাঁকেই বলো সংক্ষেপ ক'রে দিতে।"

দীনেশবাবুর পরামর্শ অনুসারে তাঁর নাম ক'রেই আমার গল্পটি রবিবাবুর কাছে পাঠিয়ে দিলাম। তিনি তখন শিলাইদহে। তিনি আমাকে লিখলেন, তিনি শীঘ্রই কল্‌কাতায় ফিরে আসছেন, তখন তাঁর সঙ্গে জোড়াসাঁকোর বাড়ীতে সাক্ষাৎ করতে গেলে তিনি মোকাবেলায় আমার সঙ্গে আমার গল্প সম্বন্ধে আলোচনা করবেন।

একদিন প্রাতে রবিবাবুর জোড়াসাঁকোর নূতন লাল বাড়ীতে গেলাম। নীচে পূর্বদিকের কোণের ঘরে তিনি বসে ছিলেন, আর সেখানে ছিলেন—শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন, মোহিতচন্দ্র সেন, প্রিয়নাথ সেন প্রভৃতি। আমি নমস্কার ক'রে রবিবাবুর ডান দিকে ফরাসের একপ্রান্তে বসলাম। তখন 'বঙ্গদর্শনে' রবিবাবুর 'চোখের বালি' শেষ হ'য়ে 'নৌকাডুবি' বাহির হচ্ছে। তার সম্বন্ধেই কথা চলছিল। আমি যখন গেলাম, তখন শুনলাম দীনেশবাবু বলছেন—"আপনি তো দুটি মেয়ে এনে উপস্থিত করেছেন। ওদের কার সঙ্গে শেষকালে রমেশের প্রণয় প্রবল হবে? দুজনের মধ্যে রমেশকে ফেলে যে গোলমালের সৃষ্টি করলেন, তা থেকে উদ্ধার পাবেন কেমন ক'রে!"

রবিবাবু হেসে বললেন—"আমি তো তা কিছুই জানি না যে রমেশ কমলা আর হেমনলিনীর মধ্যে পড়ে কি যে করবে। আমি তো কখনো আগে ভেবে চিন্তে কিছু লিখিনা, লিখতে লিখতে যা হ'য়ে দাঁড়ায়। দেখা যাক শেষে কি হয়।"

আমি বললাম—যদি তেমন তেমন কোনো গণ্ডগোল উপস্থিত হয়, তা হ'লে একজনকে মেরে ফেললেই হবে।

এর উত্তরে তিনি আমার দিকে চেয়ে বললেন—এ বয়সে আর আমাকে স্ত্রীহত্যা করতে বলবেন না।

তাঁর এই কথা সকলের মনে লাগল, কারণ এর অল্পদিন আগেই তাঁর স্ত্রীবিয়োগ হয়েছিল।

যতক্ষণ কথাবার্তা চলছিল ততক্ষণ রবিবাবু মাঝে মাঝে আমার দিকে অপাঙ্গদৃষ্টিতে তাকাচ্ছিলেন। আমি বুঝ্‌তে পারছিলাম যে তিনি আমাকে চিন্‌তে পারছেন না, অথচ চিনি চিনি করছেন, এবং আমি কে হ'তে পারি তা মনে মনে মিলিয়ে বেছে বেছে দেখ্‌ছেন। তিনি নিশ্চয় ভাবছিলেন যে এই প্রগল্‌ভ লোকটি কে, যে বিনা পরিচয়ে আমাকে পরামর্শ দিতে সাহস করে। অনেকক্ষণ কথাবার্তা হওয়ার পর কথার মধ্যেই রবিবাবু হঠাৎ আমার দিকে ফিরে জিজ্ঞাসা করলেন—"আপনি কি চারুবাবু?" আমি তাঁর অনুমান মাথা নেড়ে স্বীকার ক'রে নিতেই, তিনি আবার যে কথা চল্‌ছিল তারই আলোচনায় যোগ দিলেন।

যখন সভা ভঙ্গ হলো তখন তিনি আমাকে বল্‌লেন আমি আপনাকে যা বল্‌বার তা শৈলেশকে দিয়ে ব'লে পাঠাব।

এর পর আমি অবস্থাবিপর্যয়ে কয়েক বৎসর কল্‌কাতাছাড়া হ'য়ে ছিলাম। রবিবাবুর সঙ্গে আমার আর দেখা-সাক্ষাৎ ঘটেনি।

ইংরেজী ১৯০৮ সালে আমি এলাহাবাদের ইণ্ডিয়ান প্রেসের তরফ থেকে কল্‌কাতায় ইণ্ডিয়ান পাব্‌লিশিং হাউস নামে একটি পুস্তক প্রকাশের ও বিক্রয়ের দোকান খুলি। আমার উপরে ভার ছিল সকল প্রসিদ্ধ লেখকের বই প্রকাশের অধিকার সংগ্রহ করার। আমি রবিবাবুকে দিয়ে বউনি করব সঙ্কল্প ক'রে রামানন্দবাবুকে সঙ্গে নিয়ে রবিবাবুর কাছে গেলাম। রামানন্দবাবু আমার উদ্দেশ্য ব্যক্ত করলে রবিবাবু বল্‌লেন—"এর জন্য আপনার কোনো সুপারিশ আনবার আবশ্যক ছিল না। কেউ যদি আমার এই সমস্ত কুকর্মের ভার নিয়ে আমাকে নিশ্চিন্ত করেন, সে তো আমার পরম উপকার করা হবে। আপনি যবে বল্‌বেন আমার সব বই আপনার হাতে সঁপে দিয়ে আমি নিশ্চিন্ত হবো।"

এই হলো তাঁর সঙ্গে আমার ঘনিষ্ঠতা হওয়ার সূত্রপাত।

এই সময় সত্যেন্দ্র দত্তের সঙ্গে আমার পরিচয় হয়। তখন তাঁর 'তীর্থ-সলিল' ছাপা চল্‌ছে। তিনি প্রায় রোজই সন্ধ্যাবেলা প্রেস থেকে প্রুফ নিয়ে আমার বাসায় আস্‌তেন আর আমাকে তাঁর কবিতা শোনাতেন। একদিন আমি তাঁর 'বেণু ও বীণা' উৎসর্গ সম্বন্ধে তাঁকে প্রশ্ন করলাম "এ বইটা আপনি কাকে উৎসর্গ করেছেন?"

সত্যেন্দ্র বল্‌লেন—"আপনিই বলুন না।"

আমি দেখলাম সেই উৎসর্গে লেখা আছে—

যিনি জগতের সাহিত্যকে অলঙ্কৃত করিয়াছেন
যিনি স্বদেশের সাহিত্যকে অমর করিয়াছেন
যিনি বর্তমান যুগের সর্বশ্রেষ্ঠ লেখক
সেই অলোকসামান্য শক্তিসম্পন্ন
কবির উদ্দেশে
এই সামান্য কবিতাগুলি সসম্ভ্রমে অর্পিত হইল।

দেখে—আমি বল্‌লাম—"ইনি হয় শেক্‌স্‌পীয়ার, আর নয় রবিবাবু।"

সত্যেন্দ্র উত্তর কর্‌লেন—"স্বদেশের কবি থাক্‌তে আমি বিদেশে যাব কেন?"

আমার আনন্দের অবধি থাক্‌ল না। আমার মনে মনে ধারণা ছিল যে, রবিবাবু জগতের মধ্যে শ্রেষ্ঠ কবি। কিন্তু তখনও আমাদের দেশে তাঁর প্রতিভা সর্বজনসমাদৃত হয়নি, একদল নিন্দক প্রবল হ'য়ে তাঁকে খাটো কর্‌বারই ব্রত গ্রহণ করেছিল। তাই আমার মনের ধারণা লোকের কাছে আমি প্রকাশ ক'রে কখনো বল্‌তে সাহস করিনি। সেদিন সত্যেন্দ্রকে আমারই মতানুকূল পেয়ে আমি আনন্দিত হলাম, আমার পৃষ্ঠপোষক পেয়ে আমার সাহস বাড়লো, আমি মনে জোর পেলাম।

এই সময় রবীন্দ্রনাথ পাকে-চক্রে ঘুরিয়ে ফিরিয়ে আমাকে জানাতে লাগলেন যে আমাকে তিনি তাঁর বিদ্যালয়ে চান। আমাকে একদিন বল্‌লেন—"চারু, তুমি কি আমাকে একজন এমনি লোক দিতে পারো একটু সংস্কৃত জানে, ইংরেজীটার নেহাৎ ভুল করে না, আর আমার লেখাগুলোকে নিতান্ত তুচ্ছ ব'লে অবহেলা করে না।"

বন্ধুবর অজিত চক্রবর্তী আমাকে বল্‌লেন—"গুরুদেব, তোমাকেই চান।"

আমি তখন সদ্য ইণ্ডিয়ান পাব্‌লিশিং হাউস খুলেছি, আমার উপর নির্ভর করে ইণ্ডিয়ান প্রেসের মালিক চিন্তামণিবাবু অনেক টাকা ব্যয় করেছেন, এখন আমার পক্ষে তাঁর কর্ম ত্যাগ ক'রে বোলপুরে চ'লে যাওয়া উচিত হবে না ব'লে আমার মনে হলো। আমি রামানন্দবাবুকে পরামর্শ জিজ্ঞাসা কর্‌লাম; তিনি বল্‌লেন—"না, আপনি এখন যেতে পারেন না।"

আমি বাধ্য হয়ে কবিগুরুর আমন্ত্রণ স্বীকার করতে না পেরে খুবই ক্ষুণ্ণ হলাম। তখন কবিকে বল্‌লাম—"আপনি যদি লোক চান তো আমার চেয়ে বহুগুণে ভালো লোক আপনাকে এনে দিতে পারি।"

তিনি লোক চাওয়াতে আমি বন্ধুবর বিধুশেখর শাস্ত্রী ও ক্ষিতিমোহন সেনকে শান্তিনিকেতনে আসতে প্ররোচিত করি।

আমি একবার শান্তিনিকেতনে গিয়ে ক্ষিতিমোহনের আশ্রয়ে আমার জিনিসপত্র রেখে কবির সঙ্গে সাক্ষাৎ করতে গেলাম। ক্ষিতিমোহন বললেন—"তুমি যাও, আমি একটু পরে যাচ্ছি, তারপর একসঙ্গে বেড়াতে যাব।"

ক্ষিতিমোহনের কাছে আগে গিয়ে পরে তাঁর কাছে এসেছি, এই নিয়ে কবি আমাকে ঠাট্টা ক'রে বললেন—"ক্ষিতিমোহনের মোহ এতক্ষণে কাটল।"

আমি লজ্জিত হয়ে তাঁকে প্রণাম ক'রে তাঁর কাছে বসলাম।

তিনি তখন শান্তিনিকেতনে শালবীথির ধারে মাঠে একখানা তক্তপোষের উপর একলা ব'সে ছিলেন। অল্পক্ষণ পরে ক্ষিতি এসে আমার পাশে ব'সে বললেন—"চারু, চলো বেড়াতে যাই।"

কবি হেসে বললেন—"হাঁ, যখনি চারুচন্দ্র ক্ষিতি আর রবির মাঝখানে পড়েছেন, তখনই জানি যে রবির গ্রহণ লাগবে।"

ক্ষিতিমোহন আমার আশা ত্যাগ করে পলায়ন করতে করতে ব'লে গেলেন—"না না, আমি চারুকে নিয়ে যেতে চাইনে, ও আপনার কাছেই থাক।"

'শারদোৎসব' নাটক সদ্য লেখা হয়েছে, শান্তিনিকেতনে ছাত্রশিক্ষকে মিলে তার অভিনয় করবেন, তার আগে বইখানি শোভন রূপে ছেপে প্রকাশ করবার জন্য আমার ডাক পড়েছে। কবি বই প'ড়ে আমাদের শোনালেন। কথা হলো যে প্রারম্ভে একটি মঙ্গলাচরণ দিতে হবে। কবি অনুরোধ করলেন, শাস্ত্রী মহাশয় একটা সংস্কৃত মঙ্গলাচরণ লিখে বা বেদ থেকে খুঁজে দেবেন। আমি বললাম—"যাঁর লেখা বই সেই কবিই মঙ্গলাচরণ লিখবেন, আর কারো অনধিকার প্রবেশ এখানে খাটবে না।"

কবি হেসে বললেন—"আমার প্রকাশকের তো বড় কড়া শাসন দেখি। তা তোমরা যদি আমাকে এখন ছুটি দাও তাহলে একবার চেষ্টা করে দেখতে পারি যে, আমার প্রকাশকের হুকুম তামিল করতে আমি পারি কি না।"

তিনি নিজের ঘরে চ'লে গেলেন। আধ ঘণ্টা পরে ফিরে এলেন—গান তৈরী ও সুর সংযোজনা সব হয়ে গেছে। সে গানটি শারদোৎসবের প্রথমেই আছে—

তুমি নব নব রূপে এস প্রাণে,
এস গন্ধে বরণে এস গানে।

রবীন্দ্রনাথের নিমন্ত্রণে একবার শিলাইদহে তাঁর কাছে গিয়েছিলাম। তখন তিনি কাছারীর পরপারে চরের গায়ে বজরা বেঁধে বাস করছিলেন। দুখানি বজরা পাশাপাশি বাঁধা, একখানিতে কবি নিজে বাস করেন, আর অন্যখানিতে অজিতকুমার পীড়িত হ'য়ে স্বাস্থ্য সঞ্চয়ের জন্য বাস করছিলেন। আমি অজিতের বজরায় বাসা পেলাম। আমি কবিকে প্রণাম ক'রে স্নান করবার জন্য অপর বজরায় যাব ব'লে উঠলাম। কবির বজরা থেকে অজিতের বজরায় যাবার একটি তক্তা এক বোট থেকে আরেক বোট পর্যন্ত ফেলা ছিল। আমি যখন অপর বজরায় যাবার জন্য উঠলাম, কবি আমাকে বললেন—"চারু দেখো সাবধানে যেয়ো, এখানে জোড়াসাঁকো নেই, এক সাঁকো দিয়েই পার হ'তে হবে।"

সে সময়ে তিনি আমাকে যে যত্ন করেছেন তা আমার জীবনের মহার্ঘ সম্বল। নিজে না খেয়ে আমাকে খাওয়ানো, আমার সুখ-স্বাচ্ছন্দ্য সম্বন্ধে সর্বদা উৎসুক থাকা, অজিতকে ক্রমাগত বলা, দেখো অজিত, তোমার বন্ধুর যেন কোন অসুবিধা না হয়।

পরদিন রাত্রে আমাকে তাঁর বোটে থাকতে অনুরোধ করলেন। এত বড় লোকের অত কাছে থাকতে আমার অত্যন্ত সঙ্কোচ বোধ হ'তে লাগল। আমি বললাম—আমি তো অজিতের সঙ্গেই বেশ আছি, এখানে শুলে আড়ষ্ট হ'য়ে আমারও অসুবিধা হবে, আর আপনারও বিশ্রামের ব্যাঘাত হবে।

কিন্তু কবি কিছুতেই শুনলেন না, অজিতকে বললেন—"অজিত, তোমার বন্ধু তোমাকে ছেড়ে থাকতে চান না। অতএব তুমিও তোমার বাসা বদল ক'রে এই বোটে এসো।"

সন্ধ্যার সময় খুব ঝড়জল আরম্ভ হলো। কবি বললেন—"অজিত অতিথির সম্বর্ধনা করো, গান ধরো।"

কবি গান ধরলেন, অজিত সঙ্গে যোগ দিলেন—

আজি ঝড়ের রাতে তোমার অভিসার
পরাণসখা বন্ধু হে আমার!

তারপর আবার গান ধরলেন—

কোথায় আলো কোথায় ওরে আলো!
বিরহানলে জ্বালো রে তারে জ্বালো!

এই দুটি গানই আমি 'প্রবাসী'র জন্য চেয়ে নিয়ে এসেছিলাম।

এই সময় 'প্রবাসী'তে 'গোরা' বাহির হচ্ছিল। তিনি আমাকে বললেন আরো একদিন থেকে 'গোরা'র কপি সঙ্গে নিয়ে যেতে। আমি তাঁর কাছে থেকে 'গোরা' লেখার পদ্ধতিও দেখ্‌বার সৌভাগ্যলাভ করলাম। ঘাড় কাত ক'রে ঘস্‌ঘস্‌ ক'রে কলম চালিয়ে যাচ্ছেন, আর খানিক লিখে ফিরে প'ড়ে দেখে অপছন্দ অংশ চিত্রবিচিত্র ক'রে কেটে উড়িয়ে দিচ্ছেন। কত সুন্দর সুন্দর রচনাংশ যে কেটে উড়িয়ে দিয়েছেন তা দেখে আমাদের কষ্ট হয়েছে। আমি বল্‌লাম যে, আপনি যা লিখে ফেলেন তাতে আর তো আপনার অধিকার থাকে না, তা বিশ্ববাসীর হ'য়ে যায়, অতএব সব থাক।

কবি হেসে বল্‌লেন—"তুমি বড় কৃপণ। সব রাখ্‌লে কি চলে। সঙ্গে সঙ্গে ধ্বংস না থাক্‌লে কি সৃষ্টি কখনো সুন্দর হ'তে পারে।"

শিলাইদহে থাক্‌বার সময় কবির খুব ঘনিষ্ঠ সংসর্গ লাভ কর্‌বার সৌভাগ্য আমার হয়েছিল। সেই সময় তাঁর উপাসনায় তন্ময়তা আর গভীর ধ্যান দেখে মুগ্ধ হয়েছিলাম। ভোর-রাত্রে একখানি চেয়ার বোটের সামনে পেতে পূর্বদিকে মুখ ক'রে তিনি ধ্যানে বস্‌তেন, আর বেলা হ'লে সূর্যের আলোক প্রতপ্ত হ'য়ে তাঁর মুখের উপর এসে না পড়া পর্যন্ত তাঁর ধ্যানভঙ্গ হতো না। তাঁকে সেই তন্ময় অবস্থায় দেখে আমার মনে হতো 'নৈবেদ্যে'র সেই কবিতাটি যেটি তিনি, তাঁর পিতা মহর্ষিকে লক্ষ্য করে লিখেছিলেন—

ভক্ত করিছে প্রভুর চরণে
জীবন সমর্পণ,
ওরে দীন তুই জোড় কর করি,
কর তাহা দরশন!
মিলনের ধারা পড়িতেছে ঝরি,
বহিয়া যেতেছে অমৃতলহরী,
ভূতলে মাথাটি রাখিয়া, লহ রে
শুভাশিস্‌-বরিষণ!

ভক্ত করিছে প্রভুর চরণে
জীবন সমর্পণ!
ওই যে আলোক পড়েছে তাঁহার
উদার ললাটদেশে,
সেথা হ'তে তারি একটি রশ্মি
পড়ুক মাথায় এসে!

বোলপুরেও আমি তাঁকে এমনি ধ্যানরত অনেকদিন দেখেছি। তখন তিনি 'শান্তিনিকেতন' নামক পুস্তকাবলীতে প্রকাশিত উপদেশাবলী প্রতি সপ্তাহে মন্দিরে বল্‌তেন আর প্রত্যহ প্রত্যূষে মন্দিরের পূর্বদিকের বারান্দায় ব'সে ধ্যানস্থ হতেন, এবং মুখে রোদ এসে না পড়া পর্যন্ত তাঁর ধ্যানভঙ্গ হতো না। 'গীতাঞ্জলি' রচনার সময় আমি লক্ষ্য করেছি তিনি কথা বল্‌তে বল্‌তে হঠাৎ যেন সংসার থেকে নিজেকে বিচ্ছিন্ন ক'রে নিয়ে গভীর ধ্যানে নিমগ্ন হ'য়ে যেতেন।

কোনো এক উৎসব উপলক্ষ্যে আমরা বহু লোকে বোলপুরে গিয়েছিলাম। খুব সম্ভবত 'রাজা' নাটক অভিনয় উপলক্ষ্যে। বসন্ত কাল, জ্যোৎস্না রাত্রি। যত স্ত্রীলোক ও পুরুষ এসেছিলেন তাঁদের প্রায় সকলেই পারুলডাঙ্গা নামক এক রম্য বনে বেড়াতে গিয়াছিলেন। কেবল আমি যাইনি রাত জাগ্‌বার ভয়ে। রাত্রিতে আমার ঘুম ভেঙে গেল গায়ে কিসের স্পর্শ লেগে। জেগে দেখি স্বয়ং কবি এসে আমার গায়ে তাঁর নিজের গায়ের মলিদা চাদর ঢাকা দিয়ে দিচ্ছেন। আমি ধড়মড় ক'রে উঠে বস্‌লাম। কবি আমাকে বল্‌লেন —"তুমি উঠো না, ঘুমোও, তোমার শীত কর্‌ছে, তাই গায়ে ঢাকা দিয়ে দিচ্ছি।"

আমি শুয়ে শুয়ে ভাব্‌তে লাগ্‌লাম আমার সৌভাগ্যের কথা। কোন্ সুকৃতির ফলে আমার মতন গুণহীন এত বড় কবি ঋষির স্নেহভাজন হ'তে পার্‌ল।

ভাব্‌তে ভাব্‌তে ঘুমিয়ে পড়েছি। গভীর রাত্রি। হঠাৎ আমার ঘুম ভেঙে গেল, মনে হলে যেন শান্তিনিকেতনের নীচের তলার সাম্‌নের মাঠ থেকে কার মৃদু মধুর গানের স্বর ভেসে আস্‌ছে। আমি উঠে ছাদে আল্‌সের ধারে গিয়ে দেখ্‌লাম, কবিগুরু জ্যোৎস্নাপ্লাবিত খোলা জায়গায় পায়চারি কর্‌ছেন আর গুন্‌গুন্ ক'রে গান গাইছেন। আমি খালি পায়ে ধীরে ধীরে নীচে নেমে গেলাম। আমি গুরুদেবের কাছে গেলাম, কিন্তু

তিনি আমাকে লক্ষ্য করলেন না, আপন মনে যেমন গান গেয়ে গেয়ে পায়চারি করছিলেন তেমনি পায়চারি করতে করতে গান গাইতে লাগ্‌লেন। গান গাইছিলেন খুব মৃদুস্বরে। আমি পিছনে পিছনে বেড়াতে বেড়াতে গানের কথা ধরবার চেষ্টা করতে লাগ্‌লাম। তিনি গাইছিলেন।

আজ জ্যোৎস্না রাতে সবাই গেছে বনে
বসন্তের এই মাতাল সমীরণে।
যাব না গো যাব না যে,
থাকব প'ড়ে ঘরের মাঝে,
এই নিরালায় রব আপন কোণে।
যাব না এই মাতাল সমীরণে॥
আমার এ ঘর বহু যতন ক'রে
ধুতে হবে মুছতে হবে মোরে।
আমারে যে জাগ্‌তে হবে,
কি জানি সে আস্‌বে কবে—
যদি আমার পড়ে তাহার মনে।
যাব না এই মাতাল সমীরণে॥

এই গানটি পরে 'গীতালি'তে স্থান পেয়েছে, এবং সেখানে তারিখ দেওয়া আছে ২২এ চৈত্র ১৩২১ সাল।

অনেকক্ষণ পরে গান থাম্‌লে তিনি অতি মৃদু স্বরে কথা বল্‌লেন—"চারু এসেছ?"

আমি তাঁকে প্রণাম ক'রে পায়ের ধুলো নিলাম। তিনি তেমনি মৃদু স্বরে বল্‌লেন—"যাও তুমি শোও গে।"

বুঝ্‌লাম তিনি একলা থাক্‌তে চান। আমি চ'লে এলাম। 'গীতালি'র গানগুলি রচনার সময় আমি কবির কাছে ছিলাম। অনেকগুলি গান রচিত হ'লে তিনি আমাকে বল্‌লেন—"চারু, তুমি আমার এই গানগুলি নকল ক'রে দিতে পারো, তা হলে ছাপ্‌তে দিতে পারি। যে খাতায় গান লিখেছি সেটা প্রেসে দেওয়া চল্‌বে না, খাতাখানা রথী চেয়েছে।"

আমি গানগুলি নকল ক'রে দিলাম।

তিনি জিজ্ঞাসা করলেন—"তোমার কেমন লাগ্‌ল?"

আমি বল্‌লাম—একটা গান একটু অস্পষ্ট হয়েছে, মানে ঠিক ধরা যায় না।

কবি চ'টে গেলেন। বিরক্ত স্বরে বললেন—"তুমি কিছু বোঝো না, ও ঠিক আছে।"

আমি অপ্রস্তুত হয়ে বললাম—আমি বুঝতে পারিনি সেই কথাই বল্‌ছিলাম, কবিতার কোনো ত্রুটির কথা আমি বলি নি।

কবি গম্ভীর ও নীরব হ'য়ে রইলেন। আমি প্রণাম ক'রে চলে গেলাম। তখন সন্ধ্যা উত্তীর্ণ হয়ে গিয়েছিল।

আমি খেয়ে-দেয়ে ঘুমিয়ে গেছি। রাত্রে আমার বাসা বেণুকুঞ্জে কবির কণ্ঠস্বর শুনে ঘুম ভেঙে গেল—"চারু, তুমি ঘুমিয়েছ?"

আমি ধড়মড় ক'রে উঠে পড়লাম, এবং মশারির দড়ি ছিঁড়ে ফেলে তাড়াতাড়ি মশারি সরিয়ে কবিগুরুকে বসবার জায়গা ক'রে দিলাম।

তিনি আমাকে বললেন—"চারু, তুমি ঠিকই বলেছ, ঐ গানটার কোনো মানেই হয় না, আমি প'ড়ে দেখি যে আমি নিজেই তার মানে বুঝতে পারি না, কি ভেবে যে লিখেছিলাম তা এখন আর ধরতেই পারি না। সেটাকে বদলে এনেছি, দেখো তো এটার কোনো মানে হয় কি না।"

আগের গানটি কেটে সেই কাগজে সেই গানের পাশে নূতন ক'রে আর একটি গান লিখে এনেছেন, কেবল আমাকে তিরস্কার করায় আমি ক্ষুণ্ণ হয়েছি ভেবে আমাকে সান্ত্বনা দেবার সেটি যে কৌশল মাত্র, তা আমার বুঝতে বাকী রইল না। আমার মনের ক্লেশ দূর করবার জন্য নিজের ত্রুটি স্বীকার ক'রে এত রাত্রি পর্যন্ত জেগে থেকে আবার একটি নূতন গান রচনা করেছেন। ঘড়ির দিকে তাকিয়ে দেখলাম তখন ১১টা বেজে গেছে।

নিম্নে প্রথম লিখিত কবিতাটি তার সংশোধন সমেত দিলাম, এবং তার পরে পরিবর্তিত ও 'গীতালি' পুস্তকে প্রকাশিত কবিতাটিও তার সকল সংশোধন সমেত দিলাম।—

কেন আর মিথ্যা আশা
বারে বারে,
হাত ধরে
ওরে তোর সঙ্গে যে কেউ
যাবে না রে।
এ তোমার রাত্রিশেষের ভোরের পাখী,
তোমারেই একলা কেবল গেল ডাকি,
যারে তুই বিজন পথে চ'লে যা রে

ওদের ঐ কমল-কুঁড়ি শিশির-রাতে
ব'সে রয় চোখের জলের অপেক্ষাতে।
মেটাতে পারবে না যে আঁধার নিশা
তোমার এই ফোটা ফুলের আলোর তৃষা,
সে যে তাই চেয়ে আছে পূবের পারে॥

২

যে থাকে থাক না
ওরা থাকে ঘরের দ্বারে
যে যাবি যা না
যা না তুই আপন পারে।
যদি ঐ ভোরের পাখী
তোরি নাম গায় রে
তোমারেই গেল ডাকি,
একা তুই চ'লে যা রে।
কুঁড়ি চায় আঁধার রাতি
রসে মাতি।
শিশিরের অপেক্ষাতে।
চায় না নিশা
ফোটা ফুল আলোর তৃষায়
প্রাণে তার আলোর তৃষা
কাঁদে সে অমানিশায়
সে কাঁদে সে অন্ধকারে।

'গীতলি'র উৎসর্গের কবিতাটিতেও বহু পরিবর্তন করা হয়েছিল,। কবি এইরূপে বহু কবিতা রচনা করেছেন এবং কোন না কোন কারণে সেগুলিকে প্রকাশ করেন নি। সেগুলিকে প্রকাশ করতে পারলে কবির মনের চিন্তার একটু পরিচয় পাওয়া যেতে পারে। আমার খাতিরে যে কবিতাটিকে একেবারে বর্জন ও লোকলোচন থেকে বিসর্জন করেছেন সেটিও যে একটি উৎকৃষ্ট কবিতা তাতে আর কোনো সন্দেহ নেই।

যখন 'গীতালি'র গান নকল করছিলাম সেই সময় একদিন বন্ধুবর অসিত-কুমার হালদার আমাকে বললেন—"চলো গয়া বেড়িয়ে আসি।" অসিতের প্রস্তাব শুনে রবিবাবুর জামাতা শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গাঙ্গুলী মহাশয়ও

যেতে প্রস্তুত হলেন। শেষে কবিও যাওয়ার ইচ্ছা প্রকাশ করলেন। এবং ক্রমে আমাদের দল বেশ পুষ্ট হ'য়ে উঠ্‌ল। শ্রীমতী হেমলতা দেবী ও মীরা দেবীও চল্‌লেন। যাত্রার সময় রবিবাবু আমাকে বল্‌লেন—"চারু, আমিও তোমাদের সঙ্গে ইণ্টারমিডিয়েট্ ক্লাসে যাব।

আমি অনেক অনুরোধ ক'রে তাঁকে ঐ সঙ্কল্প ত্যাগ করালাম, তাঁকে এই বলে বুঝিয়ে বল্‌লাম—তাতে আপনার তো কষ্ট হবেই, আর আপনার কষ্ট হচ্ছে ভেবে আমাদেরও শান্তি-স্বস্তি কিছু থাক্‌বে না।

গয়ায় তখন প্রভাতকুমার মুখোপাধ্যায় মহাশয়, আর বসন্তকুমার চট্টোপাধ্যায় মহাশয় ছিলেন। তাঁরা সহরে একদিন রবীন্দ্রনাথকে সম্বর্ধনা করলেন। সেই সভায় বসন্তবাবু গান গাইলেন। আর এক ভদ্রলোক হারমোনিয়াম বাজালেন। একটি কচি মেয়ে আবৃত্তি করলে। তার প্রথম লাইনটি মনে আছে—

তবু মরিতে হবে।

সভা থেকে বেরিয়ে বুদ্ধগয়ায় আস্‌বার রাস্তায় গাড়ীতে রবিবাবু আমাকে বল্‌লেন—"দেখেছ চারু, আমার পাপের প্রায়শ্চিত্ত। আমি না হয় গোটা-কতক গান কবিতা লিখে অপরাধ করেছি, তাই বলে আমাকে ধ'রে নিয়ে গিয়ে এ রকম যন্ত্রণা দেওয়া কি ভদ্রতাসঙ্গত! গান হলো, কিন্তু দুজনে প্রাণপণ শক্তিতে পাল্লা দিতে লাগ্‌লেন যে কে-কত বেতালা বাজাতে পারেন আর বেসুরো গাইতে পারেন, গান যায় যদি এপথে, তো বাজনা চলে তার উল্টো পথে। গায়ক বাদকের এমন স্বাতন্ত্র্য রক্ষার চেষ্টা আমি আর কস্মিন্ কালেও দেখেনি। তার পর ঐ একরত্তি কচি মেয়ে তাকে দিয়ে নাকি সুরে আমাকে শুনিয়ে না দিলেও আমার জানা ছিল যে,—তঁবু মঁরিঁতেঁ হঁবেঁ"

রবিবাবু বুদ্ধগয়ায় পাণ্ডার অতিথি হ'য়ে বুদ্ধগয়াতে অবস্থান করছিলেন। তাঁর বাসায় একদিন নন্দলাল ব'লে এক ভদ্রলোক এসে 'বরাবর' পাহাড় দেখে যাবার জন্য অনুরোধ করতে লাগ্‌লেন। তিনি আশ্বাস দিলেন যে তিনি সেখানকার এক জমিদারের প্রধান কর্মচারী, তিনি সেখানে থাকবার তাঁবু যান-বাহন আহারাদির সমস্ত ব্যবস্থা ক'রে দেবেন, কবি শুধু কষ্ট ক'রে গিয়ে দেখে আসবেন বৌদ্ধ আমলের গিরিগুহা।

আমরা সবাই রওনা হলাম। কবির দৌহিত্রের জ্বর হওয়াতে মেয়েরা আসতে পারলেন না, এবং তাঁদের জন্য নগেনবাবুরও আসা হলো না। গয়া

থেকে রেলে বেলা নামক ষ্টেশনে নেমে আমরা এক হাতীতে রওনা হলাম। রবিবাবু পাল্কীতে যাবেন, কিন্তু পাল্কী তখনও আসে নি, নন্দলালবাবু আশ্বাস দিলেন—"আপনারা চ'লে যান, হাতী আস্তে আস্তে যাবে, আর পাল্কী পরে রওনা হলেও আগে চ'লে যাবে।"

আমরা চ'লে গেলাম। নন্দলালবাবু আমাদের সঙ্গে কিঞ্চিৎ ফল দিয়ে-দিলেন পাথেয়, এবং ব'লে দিলেন সেখানে তাঁবু পড়েছে এবং পাচকেরা অন্ন প্রস্তুত ক'রে রেখেছে।

আমরা বরাবর পাহাড়ের নীচে পৌছে দেখি মাঠ ধূ ধূ করছে, কোথাও তাঁবু বা খাদ্যপানীয়ের কোনো আয়োজন নেই। কবির আস্‌তে দেরী হচ্ছে দেখে আমি প্রস্তাব কর্‌লাম আমরা আগে গিয়ে গুহাগুলো দেখে আসি। কবি যে আস্‌বেন তার কোনো লক্ষণ তো দেখা যাচ্ছে না, আর যদি আসেনই তবে তাঁর সঙ্গে আর একবার দেখা যাবে তাতেও কোন ক্ষতি হবে না। আমরা গুহা দেখে নেমে এলাম। তখনো কবির পাত্তা নেই। ক্ষুধায় নাড়ী চোঁ চোঁ করছে। সঙ্গীরা অল্পবয়সী,—তাদের ক্ষুধার তাড়ন বেশী। তারা ফলের খাঞ্চা আক্রমণ কর্‌লে। আমি তাদের মুখ থেকে কেড়ে একটি নাসপাতি ও একটি কলা রক্ষা কর্‌লাম কবির জন্য।

অনেকক্ষণ পরে কবির পাল্কী এলো। কবি এসে যখন শুন্‌লেন মাঠের মাঝখানে একটি গাছ ছাড়া আর কোনো আশ্রয় নেই, এবং বিশুদ্ধ মেঠো বাতাস ছাড়া আর কিছু খাদ্য সংগ্রহের সম্ভাবনা নেই, তখন তিনি বল্‌লেন—"ভাগ্যে মেয়েরা আর শিশুটি আসেনি। আর পাহাড় দেখে দরকার নেই, ফেরো।"

আমি বল্‌লাম—এতদূর যখন এলেন তখন গুহা না দেখেই ফিরে যাবেন?

তিনি পাল্কী থেকে নাম্‌তে কিছুতেই রাজী হলেন না। তখন আমি জোর ক'রে তাঁকে কিছু খাওয়ার জন্য অনুরোধ কর্‌লাম। তিনি কেবল একটি কলা খেলেন। আমি নাসপাতি ছাড়িয়ে দিলাম, কিন্তু তিনি তা গ্রহণ না ক'রে বল্‌লেন—"আমার কি শক্ত জিনিস খাবার জো আছে। তোমরা যদি কিছু খেতে পাও তবে উমাচরণকেও একটু দিও।"

আমি বল্‌লাম—উমাচরণকে খেতে দিয়েছি।

উমাচরণ তাঁর ভৃত্য, বালককাল থেকে তাঁর পত্নীর কাছে আদরে যত্নে কাজ শিখে মানুষ হয়েছে। ভৃত্যের প্রতি কবির সন্তানবাৎসল্য ছিল।

সন্ধ্যাবেলা বেলা ষ্টেসনে ফিরে গেলাম। কবির সমস্ত দিন স্নান হয়নি, আহার হয়নি, রৌদ্রে পথে যাতায়াতে ও মনের বিরক্তিতে তাঁর চেহারা অত্যন্ত ম্লান ও গম্ভীর হ'য়ে উঠেছে। তিনি ষ্টেশনের এক ধার থেকে আর এক ধার পর্যন্ত প্লাট্‌ফর্মের উপর পায়চারি ক'রে বেড়াতে লাগলেন।

আমরা কেউ তাঁর কাছে যেতে সাহস কর্‌ছিলাম না। অনেকক্ষণ পরে আমি আস্তে আস্তে তাঁর পিছনে গিয়ে সঙ্গে সঙ্গে চল্‌তে লাগলাম। তিনি আমাকে নিকটে দেখে বল্‌লেন—"জীবনে দুঃখ পাওয়ার দরকার আছে।"

আমি তাঁর কথা সমর্থন ক'রে কি বল্‌তে গেলাম। তিনি সে কথা গ্রাহ্য না ক'রে দুঃখ সম্বন্ধে দার্শনিক তত্ত্ব অবতারণা ক'রে অনর্গল বলে যেতে লাগ্‌লেন। আমি বুঝ্‌লাম, ঐ যে দার্শনিকতা তা কেবল নিজের বিরক্ত মনকে সান্ত্বনা দেবার ও রুষ্ট মনকে শান্ত করবার উপায় মাত্র, তাঁর ঐ উক্তি স্বগত, আমাকে উপলক্ষ্য ক'রে নিজেকে বলা। অতএব আমি চুপ ক'রে সঙ্গে সঙ্গে চল্‌তে চল্‌তে শুনতে লাগ্‌লাম মাত্র। আমার অত্যন্ত দুঃখ হয় যে ঐ চমৎকার উক্তির একবর্ণও আমার এখন মনে নেই, যদি তা প্রকাশ কর্‌তে পারতাম তবে সেটি তাঁর 'ধর্ম' নামক পুস্তকে যে দুঃখ-সম্বন্ধে প্রবন্ধ আছে তার চেয়েও উৎকৃষ্ট ব'লে গণ্য হ'তো।

আমাদের বরাবর যাত্রার কাহিনী 'মানসী' পত্রিকায় প্রকাশিত হয়েছিল, পুনরুল্লেখ অনাবশ্যক। যা সেখানে নেই তাই আমি বলছি।

কবি অনেকক্ষণ কথা কয়ে ক্লান্ত হ'য়ে স্তব্ধ হলেন।

আমি ওয়েটিং রুম থেকে একখানা চেয়ার প্লাটফর্মের মধ্যখানে পেতে দিয়ে তাঁকে বস্‌তে অনুরোধ কর্‌লাম। তখনো আমাদের ট্রেন আস্‌তে দেরী আছে। অল্পক্ষণ পরে গয়া থেকে একখানা ট্রেন এলো। গেঁয়ো ষ্টেসনের প্লাটফর্মের উপর ঐ অসাধারণ চেহারার ও পোষাকের লোককে স্তব্ধ হ'য়ে ব'সে থাকতে দেখে ট্রেনের সকল গাড়ীর জানালা থেকে মুখ ঝুঁকে পড়্‌ল। ট্রেন চ'লে গেল। কয়েকজন গেঁয়ো লোক সেই ষ্টেসনে নেমে ছিল। তারা বাইরে বেরিয়ে যাবার পথে সৌম্যমূর্তি কবিকে সমাসীন দেখে তাঁর থেকে দূরে অথচ তাঁর সামনে থম্‌কে দাঁড়িয়ে গেল। তাঁদের একজন দেখে দেখে গম্ভীর ভাবে বললে—কোই রৈস (সম্ভ্রান্তব্যক্তি) হৈঁ। দ্বিতীয় ব্যক্তি বল্‌লে—নেই, কোই রাজা হৌইহেঁ।

তৃতীয় ব্যক্তি দুইজনেরই অনুমান না-পছন্দ ক'রে মাথা নেড়ে বল্‌লে—নেহি কোই সাধু হৈঁ জরুর।

আমার মনে হলো ঐ তিনজনেরই অনুমান সত্য—তখন কবির মুখে আভিজাত্যের গাম্ভীর্য, রাজসিক তেজ, আর সাত্ত্বিক ভাবের স্নিগ্ধতা মিলে এক অনির্বচনীয় সৌন্দর্য সৃষ্টি করেছিল। কবির মনে তখন যে সাত্ত্বিক ভাবের কি ঢেউ চলেছিল তার সম্বন্ধে তাঁর 'গীতালি' পুস্তকের শেষের কয়েক পৃষ্ঠা চিরকাল সাক্ষী হ'য়ে থাক্‌বে।

পান্থ তুমি পান্থজনের সখা হে,
পথে চলাই সেই তো তোমার পাওয়া।
যাত্রাপথের আনন্দগান যে গাহে
তারি কণ্ঠে তোমারি গান গাওয়া।
সুখের মাঝে তোমায় দেখেছি,
দুঃখে তোমায় পেয়েছি প্রাণ ভরে।
হারিয়ে তোমায় গোপন রেখেছি,
পেয়ে আবার হারাই মিলন ঘোরে।

বুদ্ধগয়ায় একদিন তিনি সমস্ত দিন অস্নাত অভুক্ত থেকে ঘরে দরজা দিয়ে কেবল গান লিখে লিখে ভগবানের সঙ্গে মিলন অনুভব করেছিলেন। তারও একটু পরিচয় 'গীতালি'র পাতায় লেগে আছে।

তোমার কাছে চাইনে আমি অবসর।
আমি গান শোনাব গানের পর।
বাইরে হোথায় দ্বারের কাছে
কাজের লোক দাঁড়িয়ে আছে,
আশা ছেড়ে যাক্‌না ফিরে
আপন ঘর।
আমি গান শোনাব গানের পর।

গয়া থেকে রবিবাবু এলাহাবাদ গেলেন। আমাকেও সঙ্গে যেতে হলো। আর সবাই শান্তিনিকেতনে ফিরে গেলেন। এই যাত্রায় ১৩২১ সালে এলাহাবাদে 'বলাকা'র জন্ম হয়। যখন তিনি ফিরে কল্‌কাতায় এলেন তখন মাঘ মাস। তিনি আমাকে বল্‌লেন—"দেখ চারু, আস্‌বার সময় রেল লাইনের দুধারে দেখ্‌লাম কত ফুল ফুটে রয়েছে। তারা সব বসন্তের

অপ্রদূত। তাদের ওপর আমার একটা কবিতা লিখ্‌তে ইচ্ছে কর্‌ছে। কিন্তু আমাদের দেশের বুনো ফুলের তো কোন নাম নেই। অভিধানে পণ্ডিত মহাশয়রা পুষ্প বিং বলেই খালাস। তাদের পরিচয় জান্‌বার জন্ম কারো মনে যদি এতটুকু আগ্রহ থাক্‌ত, তা হলে য়ুরোপীয় ফুলের মতন তাদেরও নাম গোত্র সব নির্ণয় হ'য়ে যেত।"

আমি বল্‌লাম—আপনি ওদের নামকরণ ক'রে ওদের জাতকর্ম করে দিন, ওরা ঐ নামেই চিরকাল পরিচিত হবে।

কবি কবিতা লিখ্‌লেন, কিন্তু প্রচলিত ফুলের বেনামীতে।—

ওরে তোদের ত্বরা সহে না আর।
　　এখনো শীত হয়নি অবসান।
পথের ধারে আভাস পেয়ে কার
　　সবাই মিলে গেয়ে উঠিস্‌ গান।
ওরে পাগল চাঁপা, ওরে উন্মত্ত বকুল,
কার তরে সব ছুটে এলি কৌতুকে আকুল।

আমার স্মৃতি থেকে লেখার সময়ের পৌর্বাপর্য সব ঘটনায় রক্ষা ক'রে বল্‌তে পারছি না একটু আধটু উল্টাপাল্টা হ'য়ে যাচ্ছে। পাঁজিপুথি মিলিয়ে দেখে বুনে লিখ্‌লে হয় তো কতকটা পৌর্বাপর্য রক্ষা হ'তে পার্‌ত। কিন্তু আমি তো ইতিহাস লিখ্‌ছি না, আমি লিখ্‌ছি আমার মনে রবীন্দ্রনাথের ছবি। তাই ঘটনার ওলোট পালোটে বিশেষ ক্ষতি হবে না।

একবার এক উৎসব উপলক্ষ্যে আমরা অনেকে শান্তিনিকেতনে গেছি। কবি আমার সঙ্গীদের বল্‌লেন—"দেখো, তোমরা যেখানে থাক্‌বে সেখানে চারুকে আর সত্যেন্দ্রকে নিয়ে যেয়ো না। তোমরা সমস্ত রাত গোলমাল কর্‌বে, ঘুমুবে না। চারু বড় ঘুমকাতুরে আর সত্যেন্দ্রের শরীর ভালো নয়। তোমরা ওদের আমাকে দিয়ে দাও। আমি ওদের খাইয়ে দাইয়ে শুইয়ে রাখবো।"

বন্ধুরা আমাদের আশা ত্যাগ ক'রে তাঁদের বাসায় চ'লে গেলেন। আমরা কবির সঙ্গে আহার ও আলাপ ক'রে শয়ন কর্‌লাম কবিরই শয়ন-কক্ষের পাশের ঘরে, তাঁরই বিছানায় তাঁরই মশারি খাটিয়ে। অল্প দু-একটা কথা বলার পর সত্যেন্দ্র ও আমি নীরব হ'য়ে গেলাম। খানিক পরে সত্যেন্দ্র মৃদুস্বরে আমাকে ডাক্‌লেন—"চারু, ঘুমিয়েছ?"

আমি বল্‌লাম—না।

সত্যেন্দ্র জিজ্ঞাসা কর্‌লেন—"কি ভাবছ?"

আমি পাণ্টে প্রশ্ন কর্‌লাম—তুমি কি ভাব্‌ছ?

সত্যেন্দ্র বল্‌লেন—"আমি ভাব্‌ছি যে আমাদের কি সৌভাগ্য। আমার আনন্দে ঘুম আস্‌ছে না।"

একবার ১৩২২ সালে বা ১৩২১ সালের শেষে 'প্রবাসী'র জন্য একখানি উপন্যাস আবশ্যক হয়। রবিবাবুকে অনুরোধ কর্‌বার জন্য আমি আর সত্যেন্দ্র তাঁর কাছে গেলাম। রবিবাবুকে আমাদের আবেদন জানালে তিনি আমাকে বল্‌লেন—"তুমি নিজে লেখ না।"

আমি বল্‌লাম "আমার প্লট মনে আসে না। প্লট পেলে লিখ্‌তে চেষ্টা ক'রে দেখ্‌তে পারি।"

কবিগুরু বল্‌লেন—তোমরা সব বড় পরে জন্মেছ। বছর কুড়ি আগে যদি জন্মাতে তাহলে তোমাদের আমি দেদার প্লট দিতে পার্‌তাম। তখন আমার মনে হতো আমি দুহাতে প্লট বিলিয়ে হরির লুট দিতে পারি। একটা প্লট আমি নিজে লিখ্‌ব ব'লে ভেবে রেখে ছিলাম, সেইটেই তোমাকে দিই। ধরো একটী শিক্ষিত মেয়ে এক অশিক্ষিত পরিবারের মধ্যে গিয়ে পড়্‌ল। তার আদর্শের সঙ্গে ওদের কি রকম বিরোধ বেধে যাবে তাই দেখাও।......

ঐ প্লটটী আমার 'স্রোতের ফুল' নামক উপন্যাসের ভিত্তি।

এর পরেও আমি তাঁর কাছ থেকে প্লট পেয়েছি। একদিন সন্ধ্যাবেলা সুরেশ বন্দ্যোপাধ্যায় আর আমি কবির সঙ্গে সাক্ষাৎ কর্‌বার জন্য তাঁর জোড়াসাঁকোর বাড়ীতে গিয়েছিলাম। কবি আমাকে জিজ্ঞাসা কর্‌লেন—"চারু কি লিখ্‌ছ?"

আমি তো সর্বদাই কিছু না কিছু লিখি, বেকার বসে কখনো থাকি না। কিন্তু সেসব লেখা কি কবীন্দ্র রবীন্দ্র নাথের কাছে লেখা ব'লে গণ্য হবার যোগ্য। তাই তিনি আমাকে যখনই জিজ্ঞাসা করেন আমি কিছু লিখ্‌ছি কি না, তখনই আমি আমার লেখার বিষয় গোপন ক'রে বলি, না আমি কিছুই লিখ্‌ছি না। আমি কিছুই লিখ্‌চি না শুনে তিনি বল্‌লেন—"দেখ, সরস্বতী স্ত্রীলোক, তাকে বশ করতে হলে কেবল সাধ্যসাধনায় তার মন পাওয়া যাবে না, তার উপরে মাঝে মাঝে কড়া হুকুম করাও দরকার।

জানো তো যে মেয়েরা কড়া স্বামী ঝাল লঙ্কা আর জোঁদা টক পছন্দ করে। তুমি একটু হুকুম ক'রে দেখো, ঠিক বশ মানাতে পারবে।"

আমি বল্লাম—একটা প্লট পেলে লিখ্তে চেষ্টা করতে পারি।

কবি একটু উন্মনা হয়ে বল্লেন—"প্লট! আচ্ছা ধরো……"

তার পর যে গল্পের কাঠামো বল্লেন তাকে আমি "দুই তার" নামক উপন্যাসে রূপ দিতে চেষ্টা করেছি। এর পরে আমার "হেরফের" উপন্যাসের প্লট বোলপুরে পেয়েছিলাম, আর "খোকাব টাটি"র প্লট তিনি আমাকে শিলং পাহাড় থেকে পত্রে লিখে পাঠিয়েছিলেন, যদিও বামযাত্রর চিত্র এঁকে আমি অনেকের বিরাগভাজন হয়েছি।

একবার মাঘোৎসবের দিন আমি তাঁর জোড়াসাঁকোর বাড়ীতে গিয়েছিলাম। আমি যেতেই দারোয়ান আমাকে বল্লে—"বাবুমশায় আপনাকে দেখা করতে বলেছেন।"

বন্ধুরা সব সভায় গেল, আমি কবির সঙ্গে দেখা করতে তাঁর বাড়ীর উপর-তলায় একেবারে পশ্চিমের দিকের ঘরে গেলাম। কি জন্যে আমাকে ডেকেছিলেন তা আমার এখন মনে নেই, কিন্তু সেদিন আমি আর একটি যে দৃশ্য দেখেছি তা আমার মনে মুদ্রিত হ'য়ে আছে।

দারোয়ান এসে খবর দিল একজন লোক বাবুমশায়ের সঙ্গে দেখা করতে চায়।

কবি বল্লেন—"তাকে বলো, এখন তো আমার সময় নেই, উপাসনা আরম্ভ হবার সময় হয়ে এসেছে, আমাকে সভায় যেতে হবে।"

দারোয়ান বল্লে—সেই লোকটিকে এ কথা বলা হয়েছে, কিন্তু তিনি বলছেন তিনি বেশীক্ষণ বিলম্ব করাবেন না, তিনি কেবল মাত্র প্রণাম ক'রেই চলে যাবেন।

কবি তাঁকে আস্তে অনুমতি দিলেন।

যিনি এলেন, দেখ্লাম, তিনি বৃদ্ধ ও অন্ধ, অপর একজন তাঁর হাত ধ'রে নিয়ে আসছে। তিনি এসে জিজ্ঞাসা করলেন—"আমি কি কবি রবীন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের কাছে এসেছি।"

কবি বল্লেন—হাঁ, আমি রবীন্দ্রনাথ।"

বৃদ্ধ ভূমিষ্ঠ হ'য়ে প্রণাম ক'রে বল্লেন—"আমি অন্ধ, আমার এক মেয়ে সম্প্রতি বিধবা হয়েছে। কিন্তু বিধবা হ'য়ে সে কয়েকদিন কান্নাকাটি ক'রে

হঠাৎ চুপ করে গেল। আমার কৌতূহল হলো জান্‌তে যে তার কি হলো যে হঠাৎ কান্না বন্ধ হ'য়ে গেল। তাকে ডেকে আমি জিজ্ঞাসা কর্‌লাম। সে বল্লে—'আমি রবিবাবুর, 'নৈবেদ্য'' বই প'ড়ে তা থেকে পরম সান্ত্বনা পেয়েছি, আর আমার শোক দুঃখ কিছু নেই।' আমি তাকে বল্‌লমে— 'দারুণ শোক তাপ দূর হয়ে যায় এমন যে বই তুমি পেয়েছ, তা আমাকে প'ড়ে শোনাও।' মেয়ে আমাকে সেই বই প'ড়ে প'ড়ে শোনালে। আমি তা শুনে মুগ্ধ হ'য়ে গেছি, আর বড় সান্ত্বনা লাভ করেছি। এই কথাটি ব'লে আপনাকে আমাদের কৃতজ্ঞতা জানিয়ে যাবার জন্য আমি কল্‌কাতায় এসেছি।"

এই কথা ব'লে অন্ধ আবার কবিগুরুকে প্রণাম ক'রে ধীরে ধীরে চ'লে গেলেন। আমি 'নৈবেদ্যে'র ভাব হৃদয়ে ধারণ ক'রে কবির সঙ্গে মাঘোৎসবের উপাসনায় যোগ দিতে গেলাম।

রবীন্দ্রনাথের বিনয় ও ধৈর্য অসাধারণ। কল্‌কাতায় এলে তাঁর কাছে দর্শকের আনাগোনার অন্ত থাকে না। সকাল সাতটা থেকে রাত নটা-দশটা পর্যন্ত লোক আস্‌তে থাকে। যার যখন অবসর ও ইচ্ছা সে তখন আসে, কিন্তু কবির যে বিশ্রাম করার অবসর পাওয়া দরকার, তাঁর যে স্নানাহার আবশ্যক, এ সম্বন্ধে কারুরই হুঁশ থাকে না। আমারও থাক্‌ত না অপরাধ স্বীকার ক'রে রাখি, আমাদের মনে হতো যে আমাদের যখন অবসর আছে তখন তাঁরও আছে। এক একদিন দেখেছি, লোকের পরে লোক আস্‌ছে কবি ঠায় ব'সে আছেন, নড়া নেই চড়া নেই বসার ভঙ্গী পরিবর্তন করা নেই। ভৃত্য এসে দূরে দাঁড়িয়ে স্মরণ করতে দিতে চাইছে যে আহার অপেক্ষা কর্‌ছে, কবি তার দিকে চোখ রাঙিয়ে তাকিয়ে নীরবে তিরস্কার করেছেন আর সে বেচারা মুখ কাচুমাচু ক'রে পলায়ন করেছে। আমি অনেক-সময় আগন্তুকদের কৌশলে বিদায় ক'রে দিয়ে কবিকে উদ্ধার করেছি।

একদিন সন্ধ্যাবেলা আমরা গেছি, লোকের পরে লোক আস্‌ছেন, কেউ নূতন গান শিখে নিচ্ছেন, কেউ তাঁকে দিয়ে কিছু পড়িয়ে শুন্‌ছেন, কেউ নানা বাজে কথা পেড়ে বকর বকর কর্‌ছেন, আর কবি অপরিসীম ধৈর্যের সঙ্গে তাঁদের সকলের মন রক্ষা কর্‌ছেন। রাত্রি আটটা বেজে গেল, আমরা উঠি উঠি কর্‌ছি, এমন সময় এক ভদ্রলোক এলেন। তিনি এসেই জিজ্ঞাসা কর্‌লেন—"আচ্ছা আপনার ফ্রয়েডের স্বপ্নতত্ত্ব সম্বন্ধে মত কি? আমার তো মনে হয়"—চল্‌ল তাঁর অনর্গল বক্তৃতা। কবি তাঁকে বল্‌লেন—"দেখ,

তোমার সঙ্গে বুঝি চারুর পরিচয় নেই, ও সম্পাদক মানুষ, ওর সঙ্গে আলাপ ক'রে রাখ্‌লে তোমার ক্রুডের কিছু হিল্লে লাগ্‌তে পারে।" সে ভদ্রলোক কবির ব্যঙ্গ বুঝতে পার্‌লেন না। তিনি কেবল এক "ও" বলে আবার বক্‌তে লাগ্‌লেন। তাঁর বকুনি আর থামে না দেখে আমি উঠ্‌বার উপক্রম করলাম, তখন প্রায় রাত্রি দশটা। আমাকে চ'লে যেতে উদ্যত দেখে কবি আমাকে বল্‌লেন, "চারু, তুমি চলে যেও না, তোমার সঙ্গে আমার দরকার আছে, তুমি আর একটু বোসো।"

এতক্ষণে সে ভদ্রলোক উঠ্‌লেন। তিনি চ'লে গেলে কবি কুপিত ভাবে আমাকে বল্‌লেন—"চারু, তোমাকে আমি আমার বন্ধু ব'লে জানতাম, কিন্তু সে ভ্রম আজ আমার ঘুচ্‌ল।"

আমি তো অবাক্। ভীত দৃষ্টিতে তাঁর মুখের দিকে চাইতেই তিনি হেসে বল্‌লেন—"তুমি আমাকে ঐ ক্রুডের ভূতের হাতে অসহায় ফেলে রেখে চ'লে যাচ্ছিলে কোন্ আক্কেলে?"

আমি তো এতক্ষণে হাঁফ ছেড়ে হেসে বাঁচ্‌লাম।

সেই ভদ্রলোক এতক্ষণ ফ্রয়েড নামকে ক্রুড্ উচ্চারণ ক'রে ক'রে আমাদের মনের মধ্যে যে হাস্য জমা ক'রে তুলেছিলেন, তা এতক্ষণে মুক্তি পেয়ে গেল।

এর পরে একদিন আমি রাত নটার সময় তাঁর সঙ্গে দেখা করতে গিয়ে দেখ্‌লাম তাঁর ঘরে তখনো অনেক লোক ব'সে রয়েছেন। আমাকে দেখে রথীবাবু আমাকে বাইরে ডেকে বল্‌লেন—"সকাল থেকে বাবা এই ঘরে ব'সে আছেন, তাঁর এখনো স্নানাহারও হয় নি, আপনি যদি পারেন সব লোককে বিদায় কর্‌তে একবার চেষ্টা ক'রে দেখুন।"

আমি তখন নিতান্ত অসভ্যের মতন ঘরের সব লোককে ডেকে ডেকে কবির অবস্থা জ্ঞাপন কর্‌তে লাগ্‌লাম। রূঢ় হবে ব'লে বাড়ীর লোকেরা যে কথা বল্‌তে সঙ্কোচ বোধ করেছিলেন, আমি বাইরের লোক হওয়াতে তা অনায়াসে ব'লে সকলকে বিদায় কর্‌তে লাগলাম। সকলকে বিদায় ক'রে আমি বিদায় নিয়ে ঘর থেকে বেরিয়ে সিঁড়িতে পা দিয়েছি, দেখ্‌লাম আর একজন ভদ্রলোক তখন সিঁড়িতে উঠ্‌ছেন। রাত দশটা হয়েছে, তাঁর ডাক্তারী ব্যবসায়ের বিশ্রামের অবসরে তিনি কবির সঙ্গে সাক্ষাৎ কর্‌তে আস্‌ছেন। আমি তাঁকে সিঁড়িতেই গ্রেপ্তার ক'রে কবির দুরবস্থার সংবাদ দিলাম, কিন্তু তাঁর অনুকম্পা উদ্রেক কর্‌তে পার্‌লাম না। তিনি আমার

ভয়ানক বাচাল ও গল্পে ; তিনি একবার কথা ফেঁদে বস্‌লে কোথায় যে তাঁর কমা সেমিকোলন পড়্‌বে তা কেউ বল্‌তে পারে না, তাঁর কথার তো কোথাও দাঁড়ি ছেদ নেই-ই। তাঁকে নাছোড়বান্দা হ'য়ে ঘরে প্রবেশ কর্‌তে দেখে রথীবাবু যেরকম হতাশ নিরুপায় ভাবে আমার দিকে চাইলেন, তাতে আর আমার চ'লে যাওয়া হলো না, আমি কবিকে উদ্ধার কর্‌বার জন্য আবার ঘরে ফিরে গেলাম, এবং পাঁচ মিনিট পরেই আগন্তুককে স্পষ্ট ব'লে দিলাম যে রাত অনেক হয়েছে, এখন আমাদের চলে যাওয়া নিতান্ত উচিত।

রবীন্দ্রনাথের ধৈর্যের পরিচয় আমি আর একদিন পেয়েছিলাম, তা যথাস্থানে বল্‌তে ভুলে গেছি। ১৩২১ সালে যখন 'গীতালি'র গান রচনা চল্‌ছিল, তখন আমি শান্তিনিকেতনে গিয়ে কিছুদিন ছিলাম তা আগে বলেছি। তার কিছুদিন আগে কবি সুরুলে নূতন বাড়ী কিনেছেন, যেখানে এখন শ্রীনিকেতন প্রতিষ্ঠিত আছে। একদিন কবি বল্‌লেন, "চলো চারু, তোমাকে আমার নূতন বাড়ী দেখিয়ে নিয়ে আসি।" আমরা এক ঘোড়ার গাড়ীতে চ'ড়ে রওনা হলাম। বোলপুর বাজারের কাছে গিয়ে একটা অপরিসর রাস্তার মধ্যে গাড়ীর মোড় ফেরাবার দরকার হলো। কবি গাড়ীর ভিতর থেকে চীৎকার ক'রে কোচম্যান্‌কে বল্‌তে লাগলেন—"ওরে, এখানে মোড় ফেরাতে চেষ্টা করিসনে, করিসনে, গাড়ী উল্‌টে যাবে গাড়ী উল্‌টে যাবে।"

কোচম্যান তাঁর নিষেধ না শুনে গাড়ী ঘোরাতেই লাগ্‌ল। কবি শান্ত ভাবে আমাকে বল্‌লেন যে গাড়ী উল্‌টে যাবে, তুমি ভয় পেয়ো না, গাড়ী থেকে লাফিয়ে নেমে পড়্‌বার চেষ্টা করো না। এই ব'লে তিনি আমার হাতে চেপে ধর্‌লেন পাছে আমি তাঁর নিষেধ না মেনে লাফ দিতে যাই। দেখ্‌তে দেখ্‌তে গাড়ী সত্যিই উল্‌টে গেল। কিন্তু আমাদের কিছুমাত্র আঘাত লাগেনি। আমরা গাড়ীর খোল থেকে গর্তের ভিতর থেকে উপরে ওঠার মতন ক'রে বেরিয়ে এলাম। তার পর হেঁটে শান্তিনিকেতনে ফির্‌লাম, সেদিন আর সুরুলে যাওয়া হলো না।

জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের সংবাদ যেদিন এল, সেদিন কবির বিচলিত ভাব আর অধৈর্য দেখেছি। সমস্ত দিন অনাহার অস্নাত। রুক্ষ শুষ্ক চেহারা, মুখ লাল হ'য়ে উঠেছে, কারো সঙ্গে কোন কথা নেই, কেবল বারান্দার একধার থেকে আরেক ধার পর্যন্ত পায়চারি কর্‌ছেন। কাছে কেউ

যেতে সাহস করছে না, কেবল এণ্ড্রুজ সাহেব একবার তাঁর কাছে গিয়ে কি বললেন, আর কবি উত্তেজিত স্বরে ব'লে উঠলেন—"ও নো নো নো।"

তার পর তাঁর লেখবার টেবিলে ব'সে খস্‌খস্‌ করে লর্ড চেমস্‌ফোর্ডকে পত্র লিখে, নিয়ে এসে এণ্ড্রুজ সাহেবকে দেখতে দিলেন। এণ্ড্রুজ সাহেব সেই চিঠি পড়ে বললেন বড় উগ্র হয়েছে। চিঠিটা আরো মোলায়েম করা দরকার। কবিকে অনেক সাধাসাধি ক'রে সাহেব কিছু পরিবর্তন করতে সম্মত করালেন। কিন্তু যা পরিবর্তন হলো তাও সকলের মনে আতঙ্ক সঞ্চার করতেই লাগল। কবি আর মোলায়েম করতে রাজী হলেন না। সেই চিঠিই বোধ হয় লাট সাহেবের কাছে গিয়েছিল, এবং সমস্ত ভারতবাসীর আহত আত্মসম্মান রক্ষা করেছিল।

রবীন্দ্রনাথের বয়স পঞ্চাশ পূর্তি হ'লে সত্যেন্দ্র প্রস্তাব করেন যে সাহিত্য পরিষৎকে দিয়ে তাঁকে সম্বর্ধনা করাতে হবে। সত্যেন্দ্র আর মণিলাল পরম উৎসাহ সহকারে টাকা সংগ্রহ করতে ও লোকমত গঠন করতে লেগে গেল আমি বরাবর তাদের সহকারী হ'য়ে কাজ করে অনুষ্ঠানটিকে সুসম্পন্ন ক'রে তুলেছিলাম। ভাগ্যে নোবেল প্রাইজ পাওয়ার আগে আমরা তাঁকে দেশের সাহিত্য-পরিষৎকে দিয়ে সম্বর্ধনা করাতে পেরেছিলাম, তাই দেশের ইজ্জৎ রক্ষা হয়েছে, নইলে আমাদের লজ্জা রাখবার আর জায়গা থাকত না।

রবীন্দ্রনাথের বাড়ীতে নিমন্ত্রিত হ'য়ে আহার করবার সৌভাগ্য আমার কয়েকবার হয়েছে। কবির সবই কাব্যময়। আহার-স্থান সজ্জিত করা হয়েছিল যেন এক পরীস্থান রূপে। দুটি নিমন্ত্রণ সভার বর্ণনা দেবার ক্ষীণ চেষ্টা আমি করেছি আমার 'যমুনাপুলিনের ভিখারিণী' আর 'জোড়-বিজোড়' নামক উপন্যাসের মধ্যে।

রবীন্দ্রনাথ এমনি বিনয়ী যে 'প্রবাসী'র জন্য কোনো লেখা আমার হাতে দিয়ে বা চিঠিতে পাঠিয়ে আমাকে বলতেন—দেখো 'প্রবাসীতে চলবে কি না।'

আমি বাংলা বানান সম্বন্ধে অনেক চিন্তা ক'রে বানান সংস্কার করবার চেষ্টা করেছি। আমার সব চেয়ে বড় পুরস্কার যে আমি রবীন্দ্রনাথকে আমার মতাবলম্বী করতে পেরেছিলাম। তিনি আমাকে বলেছিলেন যে তোমার এক 'মতো' ছাড়া সব বানান আমি মেনে নিলাম, তবে যদি সুনীতি চাটুজ্জেও তোমাকে সমর্থন করেন তবে অগত্যা আমাকে সেটাও মেনে নিতে হবে।

একবার রবীন্দ্রনাথ কল্‌কাতা ইউনিভার্সিটিতে তিনটি বক্তৃতা করেন এবং সেগুলি পরে 'বঙ্গবাণী'তে প্রকাশিত হয়। তিনি এই সময় চীনদেশে যাবেন ব'লে বড় ব্যস্ত ছিলেন। তিনি শ্রীমান্ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়কে ব'লে দিলেন যে প্রুফ চারুকে দিয়ে দেখিয়ে নিলে আমি নিশ্চিন্ত হ'য়ে বিদেশে যেতে পার্‌ব। প্রথম—প্রবন্ধের প্রুফ যেদিন আমার কাছে এলো তার পর দিন কবি চীনে যাবেন। আমি রাত্রে তাড়াতাড়ি প্রুফ দেখে সকালেই কবিকে একবার দেখিয়ে নেব ব'লে তাঁর বাড়ীতে গেলাম। প্রুফের মধ্যে 'আকুতি' শব্দটা 'আকৃতি' হয়ে থেকে গিয়েছিল, আমি সংশোধন করিনি। কবি আমাকে বল্‌লেন—"চারু, তোমার দেখা প্রুফে এমন ভুল থেকে গেল কেমন ক'রে!

এই তিরস্কারও আমার কাছে পরম পুরস্কার ব'লে মনে হলো।

চীন থেকে যেদিন ফিরে এলেন, সেদিন আমিও ষ্টিমার-ঘাটে তাঁকে অভ্যর্থনা কর্‌তে গিয়েছিলাম। আমি তখন কঠিন পীড়াগ্রস্ত, একরকম চলচ্ছক্তিহীন। কবিগুরু ডাঙায় নেমেই আমাকে দেখে সস্নেহে আমার পিঠে হাত রেখে আমাকে বল্‌লেন—"চারু, তোমার একি দশা হয়েছে! প্রতিপচ্চন্দ্রমা ইব।" সেই স্নেহ-স্পর্শ আজও আমার অঙ্গের ভূষণ হ'য়ে রয়েছে।

তখন 'পূরবী'তে প্রকাশিত কবিতা লেখার পালা চলেছে। আমাকে কবি পত্র লিখে জানালেন—"চারু, কয়েকটা কবিতা লেখা হয়েছে, খদ্দের অনেক, আগে তোমাকে প'ড়ে শোনাতে চাই, দেখে যেতে পারো যদি কোনোটা তোমাদের 'প্রবাসী'তে চলে।" আমি তাঁর কাছে গেলাম। তিনি আমাকে প'ড়ে শোনালেন অনেকগুলি কবিতা। আমি বল্‌লাম—এ যে দেখি আপনার আবার 'মানসী' 'সোনার তরী'র যুগ ফিরে এসেছে!

কবি হেসে বল্‌লেন—"তবে যে তোমরা বলো আমি আর কবিতা লিখ্‌তে পারি না। তবে ভালো হয়েছে বলে তুমি বেশী লোভ কোরো না, একটা—গোণা একটা—বেছে নাও।"

আমি ছুটি কবিতা বেছে তাঁকে বল্‌লাম—এই ছুটির মধ্যে কোন্‌টি আমি নেবো, তা আর আমি স্থির কর্‌তে পারছি না, আপনিই দিন যেটা হয়।

কবি হেসে বল্‌লেন—"তুমি ভারি চালাক, ছুটো নেবারই ফন্দি। তবে ঐ ছুটোই নাও।"

যখন আমি কবির কবিতা থেকে চয়নিকা প্রথম প্রকাশ করি, তখন কবির সঙ্গে বহু কবিতার অন্তর্নিহিত অর্থ সম্বন্ধে আমার আলোচনা হয়। পরেও ঢাকায় শিক্ষকতা করার উপলক্ষ্যে অনেক কবিতার মর্ম আমি তাঁর কাছ থেকে জেনে নেবার সুযোগ ও সৌভাগ্য লাভ করেছি।

সেই সময় আমি তাঁর সমস্ত গানেরও একটা সংগ্রহ প্রকাশ করি আমি তখন তাঁকে অনুরোধ ক'রে ক'রে বহু গান তাঁর কাছ থেকে শুনেছি। প্রেমের গানও বাদ দিই নি। আমি তাঁকে যেদিন "বিধি ডাগর আঁখি যদি দিয়েছিল, সেকি আমারই পানে ভুলে চাইবে না" গানটী গেয়ে শোনাতে অনুরোধ কর্‌লাম, সেদিন আমাকে তিনি বল্‌লেন—"চারু, তুমি আমার মান মর্যাদা আর কিছু রাখ্‌লে না। তবে দরজা দাও, তোমার কাছে তো খেলো হয়েইছি, আর অপরের কাছে আমাকে খেলো কোরো না।"

কবি যখন কল্‌কাতায় 'ফাল্গুনী' নাটকের অভিনয় করেন, তখন তাঁর হুকুমে আমার মতন মুখচোরা অক্ষমকেও রঙ্গমঞ্চে নাম্‌তে হয়েছিল। শেষ দৃশ্যে যখন কবি-বাউল সকলের সঙ্গে মিলে বসন্তের বন্দনা গান কর্‌ছিলেন তখন আমি তাঁকে দেখার প্রলোভন ত্যাগ কর্‌তে না পেরে পকেট থেকে আমার চশমা বার ক'রে চোখে লাগিয়ে দিয়েছিলাম। কবি নাচ্‌তে নাচ্‌তে আমার কাছে এসেই দিলেন এক ধমক—চশমা খুলে ফেল বল্‌ছি!

ঢাকা ইউনিভারসিটিতে একজন বাংলার উপাধ্যায় চাই জেনে আমি সেই পদের জন্য প্রার্থী হবো স্থির ক'রে রবীন্দ্রনাথের সুপারিশ পাবার জন্য তাঁকে শান্তিনিকেতনে পত্র লিখ্‌লাম। তিনি তখন কল্‌কাতায় এসেছেন, আমি পীড়িত ছিলাম ব'লে খবর পাই নি। দুদিন পরে খবর পেয়ে তাঁর সঙ্গে দেখা কর্‌তে গেলাম। আমি তাঁকে আমার আবশ্যক নিবেদন কর্‌লে তিনি বল্‌লেন—"দেখো দেখি তোমার কাণ্ড, তোমার কি সব অসাময়িক, যদিও তুমি সাময়িক পত্রিকার সম্পাদক? এতদিন তুমি কি কর্‌ছিলে? আজই সকালে আমি একজনকে ঐ কাজের উপযুক্ত ব'লে প্রশংসাপত্র লিখে দিয়েছি, এখন আমি তোমাকে কি ব'লে সুপারিশ করি বলো তো। তুমি আমাকে কী মুস্কিলেই যে ফেল্‌লে তার আর ঠিকানা নেই।"

আমি বল্‌লাম—আপনি আমাকেও একটা যা হয় লিখে দিন। তার পর আমার গুণপনা আর আপনার প্রশংসা আর অপর প্রার্থীর গুণপনা ও আপনার প্রশংসা যাচাই হ'য়ে যার ভাগ্যে হয় জয় জুটে যাবে।

কবি চিন্তিত হ'য়ে গম্ভীর হলেন। আমি বুঝ্‌লাম যে আমার অনুরোধ তাঁকে বিপন্ন করেছে। তখন আমি প্রশংসাপত্র বিনাই বিদায় নেবো ভাব্‌ছি, এমন সময় আমার প্রতিদ্বন্দ্বী ভদ্রলোক সেখানে এসে উপস্থিত হলেন। আমার যাও ক্ষীণ আশা ছিল, তাও আর রইল না, আমার স্থির ধারণা হলো যে আর আমার কোনো প্রশংসাপত্র পাওয়ার পথ খোলা রইল না।

কবি তৎক্ষণাৎ উঠে পড়্‌লেন এবং ঘর থেকে যেতে যেতে ব'লে গেলেন—"চারু, তোমরা বোসো, আমার এক জায়গায় নিমন্ত্রণ আছে, আমাকে কাপড় বদ্‌লে এখনি বেরুতে হবে।"

অল্পক্ষণ পরেই কবি কাপড় বদ্‌লে আলখাল্লা প'রে ফিরে এলেন। সিঁড়ি দিয়ে নীচে নাম্‌তে নাম্‌তে আমার সঙ্গে চোখোচোখি হওয়াতে তিনি চোখের ইসারায় আমাকে তাঁর অনুসরণ ক'রে যেতে বল্‌লেন। আমি উঠে বেরিয়ে পড়লাম, এবং কবির সঙ্গে মোটরে চ'ড়ে রওনা হলাম—কোথায় তা তখনো জানি না। মোটর জোড়াসাঁকো থেকে নিষ্ক্রান্ত হ'য়ে গেলে তিনি শোফারকে আজ্ঞা কর্‌লেন মোটর বিশ্বভারতীর আপিসে নিয়ে যেতে। সেখানে গিয়ে কবি আমার জন্য সুপারিশ ক'রে ভাইস চ্যান্সেলার হার্টগ সাহেবকে এক পত্র লিখে দিলেন, তাতে আমার যে প্রশংসা কর্‌লেন তা আমার স্বপ্নেরও অগোচর ছিল। সেই পত্র আমার হাতে দিয়ে জিজ্ঞাসা কর্‌লেন—"দেখো তো, হবে?"

আমার মন আনন্দে এমন পূর্ণ হ'য়ে গিয়েছিল যে আমি কথা বল্‌তে পার্‌লাম না। তখন কবি আমাকে বল্‌লেন—"দেখ চারু, তোমার জন্যে আজ যা কর্‌লাম তা আমার অতি নিকট কোনো আত্মীয়ের জন্যেও কর্‌তাম না।"

কবীন্দ্রর সেই প্রশংসার জোরেই ঢাকায় আমার চাকুরী হ'য়ে গেল।

কবি-মানুষটীরই পরিচয় বিস্তৃত হ'য়ে পড়্‌ল। কবি-মানসের পরিচয় দেবার আর স্থান নেই। শুধু তাঁর কবিমনের কয়েকটী লক্ষণের উল্লেখ ক'রেই আমার প্রসঙ্গ সমাপ্ত কর্‌ব।

রবির উদয়ে যেমন বিশ্ববাসী নবচেতনা লাভ করে, আমাদের রবির উদয়েও তেমনি আমাদের দেশের এক অপূর্ব চেতনা লাভ হয়েছে। তিনি নরোত্তম, তিনি আমাদের দেশের তথা বিশ্বের শ্রেষ্ঠ মানবের

তিনি সত্য শিব সুন্দরের উপাসক কবি। তিনি ব্যক্তি-জীবনে ও জাতি-জীবনে ক্ষুদ্রতা থেকে মুক্ত হওয়ার বাণী শুনিয়েছেন। তাঁর জীবনদেবতা তাঁকে ক্রমাগত "শঙ্খ" বাজিয়ে "আবার আহ্বান" করেছেন—আগে চল আগে চল! তিনি সুন্দর ভুবনকে ভালোবেসেছেন, মৃত্যু পর্যন্ত তাঁর কাছে শ্যাম সমান—মৃত্যু

সে যে মাতৃপাণি
স্তন হতে স্তনান্তরে লইতেছে টানি।

ইহ পরকালকে সুন্দর আনন্দময় ব'লে যিনি আমাদের আশ্বাস দিয়ে অভয় দিয়ে কেবল মাত্র সত্যের পথে চল্‌তে বলেছেন বন্ধন থেকে মুক্তিতে, মৃত্যু থেকে অমৃতে, তাঁর আশীর্বাদ আমাদের ব্যক্তিগত জীবনে ও জাতীয় জীবনে সত্য হোক্।

স্বয়ং রবীন্দ্রনাথের দ্বারা বিশ্লেষিত বলাকার দুইটি কবিতা

রবীন্দ্রনাথ যদিও তাঁহার নিজের কাব্য বিশ্লেষণ ও সমালোচনায় অনিচ্ছা প্রকাশ করিয়া তাঁহার যৌবনে একবার লিখিয়াছিলেন—

পরজন্ম সত্য হলে
কি ঘটে মোর সেটা জানি।
আবার আমায় টান্‌বে ধরে
বাঙ্‌লা দেশের এ রাজধানী
গদ্য পদ্য লিখ্‌নু কেঁদে
তারাই আমায় আন্‌বে বেঁধে
অনেক লেখার অনেক পাতক
সে মহাপাপ করব মোচন।
আমায় হয়ত কর্‌তে হবে
আমার লেখা সমালোচন। —ক্ষণিকা

কিন্তু পরজন্মের জন্য কবিকে আর অপেক্ষা করিতে হয় নাই। জীবিতকালেই তিনি তাঁহার স্বরচিত বহু গদ্য-পদ্যের সমালোচন ও ব্যাখ্যা-বিশ্লেষণ করিয়া

দিয়াছেন। নীচে বলাকার 'শঙ্খ' 'শাজাহান' নামক বিখ্যাত কবিতা দুটির বিশ্লেষণ কবি যেভাবে করিয়া পাঠাইয়াছিলেন তাহা মুদ্রিত হইল। কবিতা দুটির বিশ্লেষণ দীর্ঘ নয়। কিন্তু স্বল্প-পরিসরের মধ্যে কবিতা দুটির ভাব সুপরিব্যক্ত হইয়াছে।

শঙ্খ—বলাকার শঙ্খ বিধাতার আহ্বান শঙ্খ। এতেই যুদ্ধের নিমন্ত্রণ ঘোষণা করতে হয়—অকল্যাণের সঙ্গে, পাপের সঙ্গে, অন্যায়ের সঙ্গে। সময় এলে উদাসীন ভাবে এ শঙ্খকে মাটিতে পড়ে থাকতে দিতে নেই। দুঃখ-স্বীকারের হুকুম বহন করতে হবে, প্রচার করতে হবে।

শাজাহান—শাজাহানকে যদি মানবাত্মার বৃহৎ ভূমিকার মধ্যে দেখা যায়, তাহলে দেখতে পাই সম্রাটের সিংহাসনটুকুতে তাঁর আত্মপ্রকাশের পরিধি নিঃশেষ হয় না—ওর মধ্যে তাঁকে কুলোয় না বলেই এত বড়ো সীমাকেও ভেঙে তাঁর চলে যেতে হয়—পৃথিবীতে এমন বিরাট কিছুই নেই যার মধ্যে চিরকালের মতো তাঁকে ধরে রাখলে তাঁকে খর্ব করা হয় না। আত্মাকে মৃত্যু নিয়ে চলে কেবলি সীমা ভেঙে ভেঙে। তাজমহলের সঙ্গে শাজাহানের যে সম্বন্ধ সে কখনই চিরকালের নয়—তাঁর সাম্রাজ্যের সম্বন্ধও সেই রকম। সে সম্বন্ধ জীর্ণ পত্রের মতো খসে পড়েছে—তাতে চিরসত্যরূপী শাজহানের লেশমাত্র ক্ষতি হয়নি।

তাজমহলের শেষ দুটি লাইনের সর্বনাম "আমি" ও "সে"—যে চলে যায় সেই হ'চ্ছে 'সে', তার স্মৃতি বন্ধন নেই,—আর যে-অহং কাঁদচে, সেই তো ভার বওয়া পদার্থ। এখানে আমি বলতে কবি নয়—"আমি—আমার ক'রে যেটা কান্নাকাটি করে সেই সাধারণ পদার্থ টা। আমার বিরহ, আমার স্মৃতি, আমার তাজমহল যে মানুষটা বলে, তারই প্রতীক ঐ গোরস্থানে—আর মুক্ত হয়েছে যে, সে লোক-লোকান্তরের যাত্রী—তাকে কোনো একখানে ধরে না,—না তাজমহলে, না ভারত-সাম্রাজ্যে, না শাজাহান নামরূপধারী বিশেষ ইতিহাসের ক্ষণকালীন অস্তিত্বে।

নিদর্শনী